রবীক্র রচনাবলী

अध्यामभा च्या

Af 29 Frues 2018



রবীজ্র-রচনাবলী

PROPOSITION







৫ মারকানাথ ঠাকুর লেন। কলিকাতা

প্রকাশ চৈত্র ১৩৪৯ সংস্করণ চৈত্র ১৩৫০ পুনর্মুদ্রণ আশ্বিন ১৩৬০ ফান্তুন ১৩৭০: ১৮৮৫ শক

মূল্য: কাগজের-মলাট দশ টাকা রেক্সিন-বাঁধাই তেরো টাকা

তি বিশ্বভারতী ১৯৬৪

প্রকাশক শ্রীকানাই সামস্ত বিশ্বভারতী। ৫ দ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মৃদ্রক শ্রীস্র্থনারায়ণ ভট্টাচার্য তাপসী প্রেস। ৩০ বিধান সরণী। কলিকাতা ৬

সূচী

চিত্রসূচী	16)0
কবিতা ও গান	
মভ্যা	٥
বনবাণী	>>>
পরিশেষ	>00
जः (यो क न	२ ४-१
নাটক ও প্রহ্সন	
বসস্থ	৩১৭
রক্তকরবী	9 85
উপন্যাস ও গল্প	
গল্পগুচ্ছ	8 • ७
প্রবন্ধ	
শান্তিনিকেতন ১১-১২	885
গ্রন্থপরিচয়	& \$9
বর্ণাস্থক্রমিক সূচী	(4)

চিত্রসূচী

রবীজ্ঞনাথ কর্তৃক অঙ্কিত মহুয়ার নামপত্র	>
ভধায়ো না কবে কোন্ গান	
কবির হস্তাক্ষরে মুদ্রিত মহুয়ার উৎসর্গপত্র	٠
তেহেরান, ২৫ বৈশাখ ১৩৩৯	
পারস্থে জন্মদিনে	٩
শাস্তিনিকেতন-শালবীথিকায় রবীন্দ্রনাথ	500

কবিতা ও গান

त्त राज्यत्य स्टिक्सार्क स्था । स्यान्त्र भूतार्क राज्य स्थान्त्र भूतार्क भूतार्क स्थान्त्र स्थान्त्र भूतार्क स्थान्त्र स्थान्य स्थान्त्र स्थान्य स्थान्त्र स्थान्य स्थान्त्र स्थान्त्र स्थान्त्र स्थान्त्र स्थान्त्र स्थान्त्र स्यान्त्र स्थान्त्र स्थान्त्र स्थान्त्र स्थान्त्र स्थान्त्र स्थान्य स्थान्त्र स्थान्त्र स्थान्य स्थान्त्र स्थान्य स्थान्त्र स्थान्य

> हम्म भ्रम मुलक जाता हमान ।। हम्म कामक हम्मार आमक हम्मार आमक हम्मार आमक हम्मार आमक हम्मार आमक हम्मार आमक हम्मार

उच्ची वन

ভশ্ব-অপমানশয়া ছাড়ো পুষ্পধন্থ,
কলবহি হতে লহু জলদটি তহু।

যাহা মরণীয় যাক মরে,
জাগো অবিশ্বরণীয় ধ্যানমূতি ধরে।

যাহা রুঢ়, যাহা মূঢ় তব,

যাহা সুল, দগ্ধ হোক, হও নিত্য নব

মৃত্যু হতে জাগো পুষ্পধন্থ,
হে অতম্ব, বীরের তম্বতে লহো তম্ব

মৃত্যুঞ্জয় তব শিরে মৃত্যু দিলা হানি;
অমৃত সে-মৃত্যু হতে দাও তুমি আনি।
সেই দিব্যু দীপ্যমান দাহ
উন্মুক্ত করুক অগ্নি-উৎসের প্রবাহ।
মিলনেরে করুক প্রথর,
বিচ্ছেদেরে করে দিক হুঃসহ স্থন্দর।
মৃত্যু হতে জাগো পুষ্পধন্ম,
হে অতন্ম, বীরের তন্নতে লহো তন্ম।

তৃ:থে স্থথে বেদনায় বন্ধুর যে-পথ
সে তৃর্গমে চলুক প্রেমের জয়রথ।
তিমিরতোরণে রজনীর
মিদ্রিবে সে রথচক্রনির্যোষ গন্তীর।
উল্লজ্যিয়া তুচ্ছ লজ্জা ত্রাস
উচ্চলিবে আত্মহারা উদ্বেল উল্লাস।
মৃত্যু হতে ওঠো পুস্পধন্থ,
হে অতন্থ, বীরের তন্থতে লহো ভন্থ।

[ভাত্র ?] ১৩৩৬ [শান্তিনিকেতন]



পারস্থে জন্মদিনে তেহেরান। ২৫ বৈশাথ ১৩৩৯

गरुश

বোধন

মাঘের স্থ উত্তরায়ণে
পার হয়ে এল চলি,
তার পানে হায় শেষ চাওয়া চায়
করুণ কুন্দকলি।
উত্তর বায় একতারা তার
তীব্র নিথাদে দিল ঝংকার,
শিথিল যা ছিল তারে ঝরাইল—
গেল তারে দলি দলি।

শীভের রথের ঘৃণিধৃলিতে
গোধৃলিরে করে মান'।
তাহারি আড়ালে নবীন কালের
কে আসিছে সে কি জান'।
বনে বনে তাই আখাসবাণী
করে কানাকানি 'কে আসে কী জানি',
বলে মর্মরে 'অতিথির তরে
অর্ঘ্য সাজায়ে আনো'।

নির্মম শীত তারি আয়োজনে এগেছিল বনপারে। মার্জিয়া দিল প্রান্তি ক্লান্তি, মার্জনা নাহি কারে। মান চেতনার আবর্জনায়
পাছের পথে বিশ্ব ঘনায়,
নবধৌবনদৃতরূপী শীত
দূর করি দিল তারে।

ভরা পাত্রটি শৃগ্য করে সে
ভরিতে নৃতন করি।
অপব্যয়ের ভয় নাহি তার
পূর্ণের দান স্মরি।
অলস ভোগের গ্লানি সে ঘূচায়,
যুত্যুর স্নানে কালিমা মৃছায়,
চিরপুরাতনে করে উজ্জ্বল
নৃতন চেতনা ভরি।

নিত্যকালের মায়াবী আসিছে
নব পরিচয় দিতে।
নবীন রূপের অপরূপ জাত্
আনিবে সে ধরণীতে।
লক্ষীর দান নিমেষে উজাড়ি
নির্ভয় মনে দ্রে দেয় পাড়ি,
নব বর সেজে চাহে লক্ষীরে
ফিরে জয় করে নিতে।

বাঁধন ছেঁড়ার সাধন তাহার,
হান্ট তাহার খেলা।
দক্ষার মতো ভেঙেচুরে দেয়
চিরাভ্যাসের মেলা।
ম্ল্যহীনেরে সোনা করিবার
পরশপথির হাতে আছে তার,

তাই তো প্রাচীন সঞ্চিত ধনে উদ্ধত অবহেলা।

বলো 'জয় জয়', বলো 'নাহি ভয়';—
কালের প্রয়াণপথে
আসে নির্দয় নবযৌবন
ভাঙনের মহারথে।
চিরস্তনের চঞ্চলতায়
কাঁপন লাগুক লতায় লতায়,
থরথর করি উঠুক পরান
প্রান্তরে পর্বতে।

বার্তা ব্যাপিল পাতায় পাতায়,—

'করো ত্বরা, করো ত্বরা।

गাজাক পলাশ আরতিপাত্র

রক্তপ্রদীপে ভরা।

गাড়িম্বন প্রচুর পরাগে

হোক প্রগল্ভ রক্তিমরাগে,

মাধবিকা হোক স্থরভিসোহাগে

মধুপের মনোহরা।'

কে বাঁধে শিথিল বীণার তন্ত্র
কঠোর যতন ভরে,—
ঝংকারি উঠে অপরিচিতার
জয়সংগীতম্বরে।
নগ্ন শিম্লে কার ভাণ্ডার
রক্ত ত্রুল দিল উপহার,
দ্বিধা না রহিল বকুলের আর
রিক্ত হ্বার তরে।

দেখিতে দেখিতে কী হতে কী হল

শৃক্ত কে দিল ভরি।
প্রাণবক্সায় উঠিল ফেনায়ে

মাধুরীর মঞ্জরি।
ফাগুনের আলো সোনার কাঠিতে
কী মায়া লাগালো, তাই তো মাটিতে
নবজীবনের বিপুল ব্যথায়
জাগে শ্রামান্ত্রনরী।

দোলপূর্ণিমা [২২ ফাস্কুন] ১০৩৪ [শাস্তিনিকেতন]

বসন্ত

ওগো বদস্ত, হে ভ্বনজয়ী,
বাজে বাণী তব 'মাহৈভ: মাহৈভ:',
বন্দীরা পেল ছাড়া।
দিগন্ত হতে শুনি' তব স্থর
মাটি ভেদ করি উঠে অঙ্কর,
কারাগারে দিল নাড়া
জীবনের রণে নব অভিযানে
ছুটিতে হবে-যে নবীনেরা জানে,
দলে দলে আসে আমের মুকুল
বনে বনে দেয় সাড়া।

কিশলয়দল হল চঞ্চল, উত্তল প্রাণের কলকোলাহল শাখায় শাখায় উঠে মৃক্তির গানে কাঁপে চারিধার, কানা দানবের মানা-দেওয়া ছার আজ গেল সব টুটে।

মরুষাতার পাথেয়-অমৃতে পাত্র ভরিয়া আসে চারিভিতে অগণিত মূল, গুঞ্জনগীতে

জাগে মৌমাছিপাড়া।

ওগো বসন্ত, হে ভ্ৰনজয়ী, তুৰ্গ কোথায়, অস্ত্ৰ বা কই,

কেন স্থকুমার বেশ।

মৃত্যুদমন শৌর্ষ আপন কী মায়ামন্ত্রে করিলে গোপন,

তুণ তব নিঃশেষ।

বর্ম তোমার পল্লবদলে, আগ্নেয়বাণ বনশাখাতলে জলিছে খ্যামল শীতল অনলে

সকল তেজের বাড়া।

জড়দৈত্যের সাথে অনিবার চিরসংগ্রামঘোষণা তোমার

লিখিছ ধৃলির পটে—

মনোহর রঙে লিপি ভূমিতলে যুদ্ধের বাণী বিস্তারি চলে

সিন্ধুর তটে তটে।

হে অজেয়, তব রণভূমি-'পরে স্থন্দর তার উৎসব করে, দক্ষিণবায়ু মর্মর স্বরে

বাজায় কাড়া-নাকাড়া।

দোলপূর্ণিমা [২২ ফান্ধন] ১৩৩৪ [শাস্তিনিকেতন]

বর্যাত্রা

পবন দিগস্তের ত্য়ার নাড়ে
চকিত অরণ্যের স্থপ্তি কাড়ে।
যেন কোন্ তর্দম
বিপুল বিহক্তম
গগনে মৃহর্ম্ছ পক্ষ ঝাড়ে।

পথপাশে মল্লিকা দাঁড়ালো আসি, বাতাসে স্থান্ধের বাজালো বাঁশি। ধরার স্বয়ম্বরে উদার আড়ম্বরে আসে বর অম্বরে ছড়ায়ে হাসি।

অশোক রোমাঞ্চিত মঞ্জরিয়া দিল তার সঞ্চয় অঞ্জলিয়া। মধুকরগুঞ্জিত কিশলয়পুঞ্জিত উঠিল বনাঞ্চল চঞ্চলিয়া।

কিংশুককুষ্মে বসিল সেজে, ধরণীর কি ফিণী উঠিল বেজে। ইন্ধিতে সংগীতে নৃত্যের ভন্গীতে নিখিল তরন্ধিত উৎসবে যে।

দোলপূর্ণিমা [২২ ফাস্কন] ১৩৩৪ [শাস্কিনিকেতন]

মাধবী

বদস্তের জয়রবে

দিগন্ত কাঁপিল যবে

মাধবী করিল তার সজ্জা।

ম্কুলের বন্ধ টুটে
বাহিরে আদিল ছুটে,

ছুটিল সকল তার লজ্জা।

অজানা পান্থের লাগি
নিশি নিশি ছিল জাগি

দিনে দিনে ভরেছিল অর্থ্য

াশনে শিনে ভরে।ছল অথ কাননের একভিত্তে নিভৃত পরানটিতে

রেথেছিল মাধুরীর স্বর্গ।

ফাস্কুন প্রনরথে যথন বনের পথে

জাগাল মর্মর-কলছন্দ,

মাধবী সহসা তার সঁপি দিল উপহার,

রূপ তার, মধু ভার, গন্ধ।

দোলপূর্ণিমা ১৩৩৪ [শান্তিনিকেতন]

বিজয়ী

বিবশ দিন, বিরস কাজ,
কে কোথা ছিম্ন দোঁহে,
সহসা প্রেম আসিলে আজ
কী মহা সমারোহে।
নীরবে রয় অলস মন,
আঁধারময় ভবনকোণ,

ভাঙিলে দ্বার কোন্ সে ক্ষণ অপরাজিত ওহে। সহসা প্রেম আসিলে আজ বিপুল বিজ্ঞাহে।

কানন-'পর ছায়া ব্লায়,
ঘনায় ঘনঘটা।
গলা যেন হেসে হলায়
ধ্র্জটির জটা।
যে যেথা রয় ছাড়িল পথ,
ছুটালে ঐ বিজয়রথ,
আঁথি তোমার তড়িংবং
ঘন ঘুমের মোহে।
সহসা প্রেম আসিলে আজ
বেদনাদান বহে।

বৈশাথ ১৩৩৩ ?

প্রত্যাশা

প্রাঙ্গণে মোর শিরীষশাথায় ফাগুন মাসে
কী উচ্ছাসে
ক্লান্তিবিহীন ফুল-ফোটানোর খেলা।
ক্লান্তবুজন শান্ত বিজন সন্ধ্যাবেলা
প্রত্যহ সেই ফুল্ল শিরীষ প্রশ্ন শুধায় আমায় দেখি,
'এসেছে কি।'

আর বছরেই এমনি দিনেই ফাগুন মাসে
কী উল্লাসে
নাচের মাতন লাগল শিরীষ ডালে,
স্বর্গপ্রের কোন্ নৃপুরের তালে !

প্রত্যহ সেই চঞ্চল প্রাণ শুধিয়েছিল, 'শুনাও দেখি, আদে নি কি।'

আবার কথন্ এমনি দিনেই ফাগুন মাসে
কী বিশ্বাসে
ভালগুলি তার রইবে প্রবণ পেতে
অলথ জনের চরণশব্দে মেতে।
প্রত্যহ তার মর্মরম্বর বলবে আমায় দীর্ঘশ্বাসে,
'সে কি আসে।'

প্রশ্ন জানাই পুষ্পবিভার ফাগুন মাসে
কী আশ্বাসে,
হায় গো আমার ভাগ্যরাতের তারা,
নিমেষগণন হয় না কি মোর সারা।
প্রভাহ বয় প্রাঙ্গণময় বনের বাতাস এলোমেলো,
'সে কি এল।'

২৩ শ্রাবণ ১৩৩¢ চৌরন্ধি [কলিকাতা]

অর্ঘ্য.

ক্ষম্থীর বর্ণে বদন
লই রাঙায়ে
অরুণ আলোর ঝংকার মোর
লাগল গায়ে।
অঞ্চলে মোর কদমফুলের ভাষা
বক্ষে জড়ায় আসর কোন্ আশা,
রুফকলির হেমাঞ্চলির
চঞ্চলতা
কঞ্লিকার স্বর্ণলিখায়
মিলায় কথা।

আজ যেন পায় নয়ন আপন
নতুন জাগা।
আজ আদে দিন প্রথম দেখার
দোলন-লাগা।
এই ভ্বনের একটি অসীম কোণ,
যুগলপ্রাণের গোপন পদ্মাসন,
সেথায় আমায় ডাক দিয়ে যায়
নাই জানা কে,
সাগরপারের পাস্থপাথির
ডানার ডাকে।

চলব ডালায় আলোকমালায়
প্রদীপ জেলে,
ঝিল্লিঝনন অশোকতলায়
চমক মেলে।
আমার প্রকাশ নতুন বচন ধ'রে
আপনাকে আজ নতুন রচন ক'রে,
ফাগুনবনের গুপ্ত ধনের
আভাস-ভরা,
রক্তদীপন প্রাণের আভায়
রঙিন-করা।

চক্ষে আমার জলবে আদিম অগ্নিশিখা, প্রথম ধরায় সেই যে পরায় আলোর টকা। নীরব হাসির সোনার বাঁশির ধ্বনি করবে ঘোষণ প্রেমের উদ্বোধনী, প্রাণদেবতার মন্দিরহার যাক রে খুলে, অঙ্গ আমার অর্ঘ্যের থাল অরূপ ফুলে।

২৬ শ্ৰাৰণ ১৬৬৫ িকলিকাডা ী

ৰৈত

আমি যেন গোধ্লিগগন
ধেয়ানে মগন,
স্তব্ধ হয়ে ধরা-পানে চাই;
কোথা কিছু নাই,
শুধু শৃশু বিরাট প্রান্তরভূমি।
তারি প্রান্তে নিরালা পিয়ালতক ভূমি
বক্ষে মোর বাহু প্রসারিয়া।
স্তব্ধ হিয়া
শ্রামল স্পর্শনে আত্মহারা,
বিশ্বরিল আপনার স্ব্চন্দ্রতারা।

তোমার মঞ্জরি

কভু ফোটে, কভু পড়ে ঝরি;

তোমার পল্লবদল

কভু স্তব্ধ, কভু বা চঞ্চল।

একেলার খেলা তব

আমার একেলা বক্ষে নিতানব।

কিশলয়গুলি

কম্পমান করুণ অঙ্গুলি

চায় সন্ধারক্তরাগ,
আলোর সোহাগ;
চায় নক্ষত্রের কথা,—
চায় বৃঝি মোর নিঃসীমতা।

২৩ শ্রাবণ ১৩৩¢ [কলিকাতা]

সন্ধান

আমার নয়ন তব নয়নের নিবিড় ছায়ায়
মনের কথার কুস্মকোরক থোঁজে।
সেথায় কথন্ অগম গোপন গহন মায়ায়
পথ হারাইল ও-যে।
আত্র দিঠিতে ভধায় সে নীরবেরে,—
নিভৃত বাণীর সন্ধান নাই যে রে;
অজানার মাঝে অব্ঝের মতো ফেরে
অশ্রুধারায় ম'জে।

আমার হৃদয়ে যে-কথা লুকানো, তার আভাষণ
ফেলে কভূ ছায়া তোমার হৃদয়তলে?
ত্রারে এঁকেছি রক্ত রেথায় পদ্ম-আসন,
সে তোমারে কিছু বলে?
তব কুঞ্জের পথ দিয়ে যেতে যেতে
বাতাসে বাতাসে ব্যথা দিই মোর পেতে,
বাঁশি কী আশায় ভাষা দেয় আকাশেতে
সে কি কেহ নাহি বোঝে।

উপহার

মণিমালা হাতে নিম্নে দ্বারে গিমে দ্বারে গিমে এসেছিস্থ ফিরে নতশিরে। ক্ষণতরে বৃঝি বাহিরে ফিরেছি থুঁজি হায় রে রুথাই বাহিরে যা নাই। ভীক মন চেয়েছিল ভুলায়ে জিনিতে, হীরা দিয়ে হৃদয় কিনিতে।

এই পণ মোর,
সমস্ত জীবন-ভোর
দিনে দিনে দিব তার হাতে তুলি
স্বর্গের দাক্ষিণ্য হতে আসিবে যে শ্রেষ্ঠ ক্ষণগুলি;
কণ্ঠহারে
গোঁথে দিব তা'রে
যে তুর্লভ রাত্রি মম
বিকশিবে ইন্দ্রাণীর পারিজ্ঞাতসম
পায়ে দিব তার
যে এক-মৃহুর্ভ আনে প্রাণের অনস্ত উপহার।
২০ শ্রাব্দ ২০০০
[ক্লিকাতা]

শুভযোগ

বে-সন্ধ্যায় প্রসন্ন লগনে পূর্ণচন্দ্রে হেরিল গগনে উৎস্ক ধরণী,

त्रवौत्य-त्रहमावमी

সর্বান্ধ বেষ্টিয়া তার তরক্ষের ধন্য ধন্য ধন্য নি মন্ত্রিয়া উঠিল কুলে কুলে; নদীর গদ্গদ বাণী অশ্রুবেগে উঠে কুলে' ফুলে' কোটালের বানে, কী চেয়েছে কী বলেছে আপনি না জানে; সে-সন্ধ্যায় প্রসন্ন লগনে

যে-বসস্তে উৎকটিত দিনে

সাড়া এল চঞ্চল দক্ষিণে;

পলাশের কুঁড়ি

একরাত্রে বর্ণবহ্নি জালিল সমস্ত বন জুড়ি;

শিমূল পাগল হয়ে মাতে,

অজস্র ঐশ্বর্যভার ভরে তার দরিদ্র শাখাতে,

পাত্র করি পুরা

আকাশে আকাশে ঢালে রক্তফেন স্থরা।

উচ্ছুসিত সে-এক নিমেষে

যা-কিছু বলার ছিল বলেছি নিঃশেষে।

২৪ শ্রাবণ ১৩৩০ চৌরঙ্গি [কলিকাতা]

মায়া

চিত্তকোণে ছন্দে তব বাণীরূপে সংগোপনে আসন লব চুপে চুপে। সেইথানেতেই আমার অভিসার,
যেথায় অন্ধকার
ঘনিয়ে আছে চেতন-বনের
ছায়াতলে,
যেথায় শুধু ক্ষীণ জোনাকির
আলো জলে।

দেখায় নিয়ে যাব আমার
দীপশিখা,
গাঁথব আলো-আঁধার দিয়ে
মরীচিকা।
মাথা থেকে থোঁপার মালা খুলে
পরিয়ে দেব চুলে,—
গন্ধ দিবে সিন্ধুপারের
কুঞ্জবীথির,
আনবে ছবি কোন্ বিদেশের
কী বিশ্বতির।

পরশ মম লাগবে তোমার
কেশে বেশে,
অঙ্গে তোমার রূপ নিয়ে গান
উঠবে ভেসে।
ভৈরবীতে উচ্ছল গান্ধার,
বসস্তবাহার,
পুরবী কি ভীমপলাশি
রক্তে দোলে—
রাগরাগিণী তৃংথে হুথে
সায়-যে গলে।

রবীন্দ্র-রচনাবলী

হাওয়ায় ছায়ায় আলোয় গানে
আমরা দোঁহে
আপন মনে রচব ভূবন
ভাবের মোহে।
রূপের রেখায় মিলবে রসের রেখা,
মায়ার চিত্রলেখা,—
বস্তু হতে সেই মায়া তো
সত্যতর,
তুমি আমায় আপনি র'চে
আপন কর।

২৪ আবণ ১৩৩**৪** [কলিকাতা]

নিঝরিণী

বর্না, তোমার ফটিকজলের
সম্ভ ধারা,
তাহারি মাঝারে দেখে আপনারে
ফ্র্তারা।
তারি একধারে আমার ছায়ারে
আনি মাঝে মাঝে, ত্লায়ো তাহারে,
তারি সাথে ত্মি হাসিয়া মিলায়ো
কলধ্বনি,—
দিয়ো তা'রে বাণী যে-বাণী তোমার
চিরস্কনী।

আমার ছায়াতে ভোমার হাসিতে মিলিত ছবি, তাই নিয়ে আজি পরানে আমার মেতেছে কবি। পদে পদে তব আলোর ঝলকে
ভাষা আনে প্রাণে পলকে পলকে,
মোর বাণীরূপ দেখিলাম আজি
নির্ঝরিণী।
ভোমার প্রবাহে মনেরে জাগায়,
নিজেরে চিনি।

আবাচ় ১৩৩¢ [বাঙ্গালোর]

শুকতারা

স্থনরী তুমি শুকতারা স্থান শৈলশিথরান্তে, শর্বরী যবে হবে সারা দর্শন দিয়ো দিক্ভান্তে।

ধরা যেথা অম্বরে মেশে
আমি আধো-জাগ্রত চন্দ্র,
আধারের বক্ষের 'পরে
আধেক আলোকরেথারদ্র।

আমার আদন রাথে পেতে
নিদ্রাগহন মহাশৃন্ত,
তন্ত্রী বাজাই স্বপনেতে
তন্ত্রা ঈষৎ করি ক্ষা।

মন্দ চরণে চলি পারে,

যাত্রা হয়েছে মোর দাক।

হর থেমে আদে বারে বারে,

ক্লান্ডিতে আমি অবশাক।

স্থন্দরী ওগো শুকতারা, রাত্রি না খেতে এসো তুর্ণ। স্বপ্নে যে-বাণী হল হারা জাগরণে করো তারে পূর্ণ।

নিশীথের তল হতে তুলি
লহো তারে প্রভাতের জন্ম।
আধারে নিজেরে ছিল তুলি,
আলোকে তাহারে করে। ধন্ম।

যেখানে স্থপ্তি হল লীনা, যেথা বিশ্বের মহামন্ত্র, অর্পিন্থ সেথা মোর বীণা অ্বামি আধো-জাগ্রত চক্র।

২৬ জুন ১৯২৮ Ballabrooie বাঙ্গালোর

图有画

আচ্ছাদন হতে

তেকে লহো মোরে তব চক্ষর আলোতে।

অজ্ঞাত ছিলাম এতদিন

পরিচয়হীন,—

সেই অগোচরত্ঃখভার

বহিয়া চলেছি পথে; শুধু আমি অংশ জনতার।

উদ্ধার করিয়া আনো,

আমারে সম্পূর্ণ করি জানো।

যেখা আমি একা

সেখায় নামৃক তব দেখা।

সে-মহানির্জন
যে-গহনে অন্তর্থামী পাতেন আসন,
সেইথানে আনো আলো,
দেখো মোর সব মন্দ ভালো,
যাক লজ্জা ভয়,
আমার সমস্ত হ'ক তব দৃষ্টিময়।

ছায়া আমি স্বা-কাছে, অস্কৃট আমি-যে, তাই আমি নিজে তাহাদের মাঝে নিজেরে খুঁজিয়া পাই না-যে। তারা মোর নাম জানে, নাহি জানে মান, তারা মোর কর্ম জানে, নাহি জানে মর্যগত প্রাণ সত্য যদি হই তোমা-কাছে তবে মোর মূল্য বাঁচে,— তোমার মাঝারে বিধির স্বতন্ত্র সৃষ্টি জানিব আমারে। প্রেম তব ঘোষিবে তথন অসংখ্য যুগের আমি একান্ত সাধন। . তুমি মোরে করো আবিষ্কার, পূর্ণ ফল দেহো মোরে আমার আজন্ম প্রতীক্ষার বহিতেছি অজ্ঞাতির বন্ধন সদাই, মৃক্তি চাই তোমার জানার মাঝে সভ্য তব যেথায় বিরাজে।

২৪ দ্রাবণ ১৬৩৫ [কলিকাতা]

বরণডালা

আজি এ নিরালা কুঞ্জে, আমার

অঙ্গ-মাঝে
বরণের ডালা সেব্জেছে আলোক
মালার লাজে।
নব বসস্তে লতায় লতায়
পাতায় ফুলে
বাণীহিল্লোল উঠে প্রভাতের
স্বর্ণকুলে,
আমার দেহের বাণীতে সে-দোল
উঠিছে তুলে,—
এ বরণ-গান নাহি পেলে মান
মরিব লাজে,
ওহে প্রিয়তম, দেহে মনে মম
ছন্দ বাজে।

অর্থ্য তোমার আনি নি ভরিয়া বাহির হতে, ভেদে আদে পূঞা পূর্ণ প্রাণের আপন স্রোতে। মোর তন্ত্রময় উছলে হৃদয় বাঁধনহারা, অধীরতা তারি মিলনে তোমারি হ'ক না সারা। ঘন যামিনীর আঁধারে ষেমন ঝলিছে তারা, দেহ ঘেরি মম প্রাণের চমক তেমনি রাজে। সচকিত আলো নেচে ওঠে মোর সকল কাজে।

२१ खांदन ३७७६

যুক্তি

ভোরের পাথি নবীন আঁথি হুটি
পুরানো মোর স্বপনডোর
ছি ড়িল কুটিকুটি।
কন্ধ মন গগনে গেল খুলি,
বিজুলি হানি দৈববাণী
বক্ষে উঠে হুলি।
ঘাসের ছোঁওয়া তৃণশয়নছায়ে
মাটির যেন মর্মকথা বুলায়ে দিল গায়ে;
আমের বোল, ঝাউয়ের দোল,
তেউয়ের লুটোপুটি
মিলি সকলে কী কোলাহলে
বক্ষে এল জুটি।

ভোরের পাথি নবীন আঁথি ছটি
গুহাবিহারী ভাবনা যত
নিমেষে নিল লুটি।
কী ইন্সিতে আচম্বিতে
ডাকিল লীলাভরে
ছয়ারখোলা পুরানো খেলাঘরে,
যেখানে ব'লে সবার কাছাকাছি
অন্ধানা ভাবে অব্ঝ গান
একদা গাহিয়াছি।

প্রাণের মাঝে ছুটে-চলার
থেপামি এল ছুটি,
লাভের লোভ, ক্ষতির ক্ষোভ সকলি গেল টুটি।

ভোরের পাথি নবীন আঁথি হটি
ভকতারাকে যেমনি ডাকে
প্রাণে সে উঠে ফুটি।
অরুণরাঙা চেতনা জাগে চিতে—
রুমকোলতা জানায় কথা
রঙিন রাগিণীতে।
মনের 'পরে থেলায় বায়ুবেগে
কত-যে মায়া রঙের ছায়া
থেয়ালে-পাওয়া মেঘে;
বুলায় বুকে ম্যাগ্নোলিয়া
কৌতুহলী মৃঠি,
অতি বিপুল ব্যাকুলতায়
নিথিলে জেগে উঠি।

२१ आवन ३७७६

উদ্ঘাত

অজানা জীবন বাহিম্ন,
রহিম্ন আপন মনে,
গোপন করিতে চাহিম্ন—
ধরা দিম্ন তুনম্বনে।
কী বলিতে পাছে কী বলি
তাই দ্বে ছিম্ন কেবলি,
তুমি কেন এসে সহসা
দেখে গেলে আঁখিকোণে
কী আছে আমার মনে।

গভীর তিমিরগহনে
আছিত্ব নীরব বিরহে,
হাসির তড়িৎ-দহনে
লুকানো সে আর কি রহে।
দিন কেটেছিল বিজনে
ধেয়ানের ছবি স্কলনে,
আনমনে যেই গেয়েছি
শুনে গেছ সেইখনে
কী আছে আমার মনে।

প্রবেশিলে মোর নিভূতে,
দেখে নিলে মোরে কী ভাবে,
যে-দীপ জেলেছি নিশীথে
সে-দীপ কি তুমি নিভাবে।
ছিল ভরি মোর থালিকা,
ছিঁ ড়িব কি সেই মার্লিকা।
শরম দিবে কি তাহারে
অকথিত নিবেদনে
যা আছে আমার মনে।

२१ स्थित ३७७६

অসমাপ্ত

বোলো তারে, বোলো,
এতদিনে তারে দেখা হল।
তথন বর্ষণশেষে
ছুঁ য়েছিল রৌদ্র এদে
উন্মীলিত গুল্মোরের থোলো

त्रवौद्ध-त्रह्मावनौ

বনের মন্দির-মাঝে
তরুর তম্বা বাজে,
অনস্তের উঠে শুবগান,
চক্ষে জল বহে যায়,
নম্র হল বন্দনায়
আমার বিশ্বিত মনপ্রাণ।

দেবতার বর
কত জন্ম কত জন্মান্তর
অব্যক্ত ভাগ্যের রাতে
লিথেছে আকাশ-পাতে
এ-দেখার আশাস-অক্ষর।
অন্তিম্বের পারে পারে
এ-দেখার বারতারে
বহিয়াছি রক্তের প্রবাহে।
দ্র শৃত্যে দৃষ্টি রাখি'
আমার উন্মনা আঁথি
এ-দেখার গৃঢ় গান গাহে।

বোলো আজি তারে,—
'চিনিলাম তোমারে আমারে।

হে অতিথি, চুপে চুপে
বারম্বার ছায়ারূপে
এসেছ কম্পিত মোর দ্বারে।
কত রাত্রে চৈত্রমানে,
প্রচন্ত্র পুম্পের বাসে
কাছে-আসা নিশ্বাস তোমার
স্পন্দিত করেছে জানি
আমার শুঠনখানি,
কাঁদায়েছে সেতারের তার।'

মহ্যা

বোলো তারে আজ,—
'অন্তরে পেয়েছি বড়ো লাজ।
কিছু হয় নাই বলা,
বেধে গিয়েছিল গলা,
ছিল না দিনের যোগ্য দাজ।
আমার বক্ষের কাছে
পুর্ণিমা লুকানো আছে,
দেনি দেখেছ শুধু অমা।
দিনে দিনে অর্ঘ্য মম
পুর্ণ হবে, প্রিয়তম,
আজি মোর দৈশ্য করো ক্ষমা।'

२१ आवन ३७७६

নিবেদন

অজানা খনির নৃতন মণির
গৌথেছি হার,
ক্লান্তিবিহীনা নবীনা বীণায়
বেঁধেছি তার।
বেমন নৃতন বনের তুকুল,
বেমন নৃতন আমের মুকুল,
মাঘের অরুণে খোলে স্বর্গের
নৃতন দার—
তেমনি আমার নবীন রাগের
নবযৌবনে নব সোহাগের
রাগিণী রচিয়া উঠিল নাচিয়া
বীণার তার।

त्रवीत्य-त्रह्मावनी

ষে-বাণী আমার কথনো কারেও

হয় নি বলা
তাই দিয়ে গানে রচিব নৃতন

নৃত্যকলা।
আজি অকারণ ম্থর বাতাদে

য্গাস্তরের হ্বর ভেলে আদে,

মর্মরেরে বনের ঘূচিল

মনের ভার,—

যেমনি ভাঙিল বাণীর বন্ধ
উচ্ছু সি উঠে নৃতন ছন্দ,
হুরের সাহদে আপনি চকিত
বীণার তার।

२१ खार्व ३७७६

অচেনা

রে অচেনা, মোর মৃষ্টি ছাড়াবি কী ক'রে

যতক্ষণ চিনি নাই তোরে ?

কোন অন্ধক্ষণে

বিজ্ঞ ডিড তদ্রাজ্ঞাগরণে

রাত্রি যবে সবে হয় ভোর

মৃথ দেখিলাম তোর।

চক্ষ্ পিরে চক্ষ্ রাখি শুধালেম, 'কোথা সংগোপনে

আছ আত্মবিশ্বতির কোণে ?'

তোর সাথে চেনা
সহজে হবে না,
কানে-কানে মৃত্ কঠে নয়।
করে নেব জয়
সংশয়কুষ্ঠিত তোর বাণী;

দৃপ্ত বলে লব টানি
শঙ্কা হতে, লজ্জা হতে, দ্বিধাদ্দৰ হতে
নিৰ্দয় আলোতে।
জাগিয়া উঠিবি অশ্রধারে,
মৃহুর্তে চিনিবি আপনারে;
ছিন্ন হবে ডোর,
তোমার মৃক্তিতে তবে মৃক্তি হবে মোর।

হে অচেনা,
দিন যায়, সন্ধ্যা হয়, সময় র'বে না ;
মহা আকস্মিক
বাধাবন্ধ ছিন্ন করি দিক্,
তোমারে চেনার অগ্নি দীপ্তশিখা উঠুক উজ্জ্বলি,
দিব তাহে জীবন অগ্নলি।

আবাঢ় ১৩০৫ [বাঙ্গালোর]

অপরাজিত

ফিরাবে তুমি মৃথ,
ভেবেছ মনে আমারে দিবে তৃথ ?
আমি কি করি ভয়।
জীবন দিয়ে তোমারে প্রিয়ে, করিব আমি হ বিশ্ব-ভাঙা যৌবনের ভাষা, অসীম তার আশা, বিপুল তার বল, তোমার আঁথি-বিজুলিঘাতে হবে না নিফল।

বিম্থ মেঘ ফিরিয়া যায় বৈশাথের দিনে, অরণ্যেরে ষেন সে নাহি চিনে, ধরে না কুঁড়ি কানন জুড়ি, ফোটে না বটে ফুল,
মাটির তলে তৃষিত তরুমূল;
ঝিরিয়া পড়ে পাতা,
বনস্পতি তব্ও তৃলি' মাথা
নিঠুর তপে মন্ত্র জপে নীরব অনিমেষে
দহনজয়ী সন্ন্যাসীর বেশে।
দিনের পরে যায় রে দিন, রাতের পরে রাতি,
প্রবণ রহে পাতি।
কঠিনতর যবে সে-পণ দারুণ উপবাসে
এমনকালে হঠাৎ কবে আসে
উদার অক্তপণ
আবাঢ় মাসে সজল শুভখন;
পূর্বগিরি-আড়াল হতে বাড়ায় তার পাণি,
করিয়ো ক্ষমা, করিয়ো ক্ষমা, গুমরি উঠে বাণী,
নিমিয়া পড়ে নিবিড় মেঘরাশি,

ফিরালে মোরে মৃথ!

এ শুধু মোরে ভাগ্য করে ক্ষণিক কৌতুক।
তোমার প্রেমে আমার অধিকার
অতীত যুগ হতে সে জেনো লিখন বিধাতার।
অচল গিরিশিখর-'পরে সাগর করে দাবি,
ঝর্না পড়ে নাবি;
হুদ্র দিক্রেখার পানে চায়,
অকুল অজানায়
শহাভরে তরল শ্বরে কহে,
নহে গো, নহে নহে;
এড়ায়ে যাবে বলি

कछ-ना चाँकिर्विकात शर्थ हरन दम इनइनि ;

অশ্রবারিবক্তা নামে ধরণী যায় ভাসি।

বিপুলতর হয় সে-ধারা, গভীরতর স্থরে,
যতই আদে দ্রে;
উদারহাসি সাগর সহে অবুঝ অবহেলা,—
একদা শেষে পলাতকার খেলা
বক্ষে তার মিলায় কবে, মিলনে হয় সারা—
পূর্ণ হয় নিবেদনের ধারা।

२४ खावन ३७७६

নিৰ্ভয়

আমরা ত্জনা স্বর্গ-থেলনা
গড়িব না ধরণীতে,

মৃশ্ব ললিত অশ্রুগলিত গীতে।
পঞ্চশরের বেদনামাধুরী দিয়ে
বাসররাত্রি রচিব না মোরা প্রিয়ে;
ভাগ্যের পায়ে ত্র্বলপ্রাণে
ভিক্ষা না যেন ধাচি।
কিছু নাই ভয়, জানি নিশ্চয়
তুমি আছ, আমি আছি।

উড়াব উর্ধে প্রেমের নিশান

হর্গম পথ-মাঝে

হর্গম বেগে, হুঃসহতম কাজে।

কক্ষ দিনের হুঃথ পাই তো পাব,

চাই না শান্তি, সান্তনা নাহি চাব।
পাড়ি দিতে নদী হাল ভাঙে যদি,

হিন্ন পালের কাছি,

মৃত্যুর মুথে দাঁড়ায়ে জানিব

তুমি আছ, আমি আছি।

তৃজনের চোথে দেখেছি জগৎ,
দোহারে দেখেছি দোহে,—
মরুপথতাপ তৃজনে নিয়েছি সহে।
ছুটি নি মোহন মরীচিকা-পিছে-পিছে,
ভূলাই নি মন সত্যেরে করি মিছে—
এই গৌরবে চলিব এ ভবে
যতদিন দোহে বাঁচি।
এ-বাণী প্রেয়সী, হোক মহীয়সী—
ভূমি আছ, আমি আছি।

৩১ আবণ ১৩৩৫

পথের বাঁধন

পথ বেঁধে দিল বন্ধনহীন গ্রন্থি,
আমরা ছজন চলতি হাওয়ার পন্থী।
রিঙ্কিন নিমেষ ধুলার ছলাল
পরানে ছড়ায় আবীর গুলাল,
গুড়না ওড়ায় বর্ধার মেঘে
দিগঙ্গনার নৃত্য,
হঠাং-আলোর ঝলকানি লেগে
ঝলমল করে চিত্ত।

নাই আমাদের কনকটাপার কুঞ্জ,
বনবীথিকায় কীর্ণ বকুলপুঞ্জ।
হঠাৎ কথন্ সন্ধ্যাবেলায়
নামহারা ফুল গন্ধ এলায়,
প্রভাতবেলায় হেলাভরে করে
অক্লণকিরণে তুচ্ছ
উদ্ধৃত যত শাখার শিখরে
রভোডেনভুন্ গুচ্ছ।

নাই আমাদের সঞ্চিত ধনরত্ব,
নাই রে ঘরের লালনললিত ষত্ব।
পথপাশে পাথি পুচ্ছ নাচায়,
বন্ধন তারে করি না খাঁচায়,
ভানা-মেলে-দেওয়া মৃক্তিপ্রিয়ের
কুজনে তৃজনে তৃপ্ত।
আমরা চকিত অভাবনীয়ের
কচিৎ কিরণে দীপ্ত।

[আষাঢ় ১৩৩¢ বাঙ্গালোর]

PO

ছিম্ব আমি বিষাদে মগনা
অন্তমনা
তোমার বিচ্ছেদ-অন্ধকারে।
হেনকালে নির্জন কুটিরদ্বারে
অকস্মাৎ
কে করিল করাঘাত,
কহিল গম্ভীর কঠে, অতিথি এসেছি, দ্বার থোলো।

মনে হল ঐ যেন তোমারি স্বর শুনি, ঐ যেন দক্ষিণবায়ু দূরে ফেলি মদির ফাল্গুনী দিগস্তে আসিল পূর্বদ্বারে, পাঠাল নির্ঘোষ তার বজ্ঞধনিমন্ত্রিত মল্লারে। কেঁপেছিল বক্ষতল বিলম্ব করি নি তবু অর্ধ পল।

म्हर्ए म्हिस ज्ञानीति, वित्रहिगी नात्री, ছাড়িম্ ধেয়ান তব তোমারি সম্বানে,
ছুটে গেম্থ ধার-পানে।
শুধালেম, তুমি দৃত কার।
দে কহিল, আমি তো সবার।
কে-ঘরে তোমার শয়া একদিন পেতেছি আদরে
ডাকিলাম তারে সেই ঘরে।
আনিলাম অর্ঘ্যথালি,
দীপ দিম্থ জালি।
দেখিলাম বাঁধা তারি ভালে
ব্য-মালা পরায়েছিম্থ তোমারেই বিদায়ের কালে।

২• অগদ্ট ১৯২৮ [কলিকাতা]

পরিচয়

তথন বর্ষণহীন অপরাহ্নমেঘে
শঙ্কা ছিল জেগে;
ক্ষণে ক্ষণে তীক্ষ ভর্ৎসনায়
বায় হেঁকে যায়;
শৃষ্টে যেন মেঘচ্ছিন্ন রৌত্ররাগে পিঙ্গল জটায়
ত্র্বাসা হানিছে ক্রোধ রক্তচক্ষ্-কটাক্ষচ্ন্ত্রীয়

সে-ত্র্যোগে এনেছিন্ত তোমার বৈকালী,
কদম্বের ডালি।
বাদলের বিষণ্ণ ছায়াতে
গীতহারা প্রাতে
নৈরাশ্রজয়ী সে-ফুল রেখেছিল কাজল প্রহরে
রৌদ্রের স্বপনছবি রোমাঞ্চিত কেশরে কেশরে।

মন্বর মেথেরে ধবে দিগস্তে ধাওয়ায়
পুবন হাওয়ায়,
কাঁদে বন শ্রাবণের রাতে
প্রাবনের ঘাতে,
তথনো নিভীক নীপ গন্ধ দিল পাথির কুলায়ে,
বৃস্ত ছিল্ ক্লান্তিহীন, তথনো সে পড়ে নি ধুলায়।
সেই ফুলে দৃঢ় প্রত্যাশার
দিম্ন উপহার।

সজল সন্ধ্যায় তুমি এনেছিলে সথী,
একটি কেতকী।
তথনো হয় নি দীপ জালা,
ছিলাম নিরালা।
সারিদেওয়া স্থপারির আন্দোলিত সঘন সর্জে জোনাকি ফিরিতেছিল অবিশ্রাস্ত কারে খুঁজে খুঁজে

দাঁড়াইলে হ্য়ারের বাহিরে আসিয়া,
গোপনে হাসিয়া।
শুধালেম আমি কৌতৃহলী
'কী এনেছ' বলি'।
পাতায় পাতায় বাজে ক্ষণে ক্ষণে বারিবিন্দুপাত,
গন্ধঘন প্রদোষের অন্ধকারে বাড়াইন্থ হাত।

ঝংকারি উঠিল মোর অঙ্গ আচন্বিডে কাঁটার সংগীতে চমকিত্ম কী তীত্র হরষে পরুষ পরশে। সহজ-সাধন-লব্ধ নহে সে মুশ্বের নিবেদন, অন্তরে ঐশ্বর্যাশি, আচ্ছাদনে কঠোর বেদন। নিষেধে নিরুদ্ধ যে-সম্মান ভাই তব দান।

২ • অগস্ট ১৯২৮ চৌরজি [কলিকাতা]

দায় মোচন

চিরকাল রবে মোর প্রেমের কাঙাল,—

এ কথা বলিতে চাও বোলো।

এই ক্ষণটুকু হ'ক সেই চিরকাল;

তার পরে যদি তুমি ভোলো

মনে করাব না আমি শপথ তোমার,
আসা যাওয়া হদিকেই থোলা রবে হার,
যাবার সময় হলে যেয়ো সহজেই,

আবার আসিতে হয় এসো।

সংশয় যদি রয় তাহে ক্ষতি নেই,

তৰু ভালোবাসো যদি বেসো।

বন্ধু, তোমার পথ সম্মুখে জানি,
পশ্চাতে আমি আছি বাঁধা
অশ্রনমনে রুথা শিরে কর হানি
যাত্রায় নাহি দিব বাধা।
আমি তব জীবনের লক্ষ্য তো নহি,
ভূলিতে ভূলিতে যাবে হে চিরবিরহী;
তোমার যা দান তাহা রহিবে নবীন
আমার স্মৃতির আঁথিজলে,
আমার যা দান সেও জেনো চিরদিন
রবে তব বিস্মৃতিতলে।

দ্রে চলে খেতে খেতে বিধা করি মনে

যদি কভু চেয়ে দেখ ফিরে

হয়তো দেখিবে আমি শৃক্ত শয়নে

নয়ন সিক্ত আঁখিনীরে।

মার্জনা করো যদি পাব তবে বল,

ককণা করিলে নাহি ঘোচে আঁখিজল,

সত্য যা দিয়েছিলে থাক মোর তাই,

দিবে লাজ তার বেশি দিলে।

হু:খ বাঁচাতে যদি কোনোমতে চাই

হু:খের মূল্য না মিলে।

ত্বল মান করে নিজ অধিকার
বরমাল্যের অপমানে।
যে পারে সহজে নিতে যোগ্য সে তার,
চেয়ে নিতে সে কভু না জানে
প্রেমেরে বাড়াতে গিয়ে মিশাব না ফাঁকি,
সীমারে মানিয়া তার মর্যাদা রাথি,
যা পেয়েছি সেই মোর অক্ষয় ধন,
যা পাই নি বড়ো সেই নয়।
চিত্ত ভরিয়া রবে ক্ষণিক মিলন
চিরবিচ্ছেদ করি জয়।

२७ जनमें ३३२४

সবলা

নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার হে বিধাতা ? নত করি' মাথা পথপ্রাস্তে কেন রব জাগি ক্লাস্তধৈর্ঘ প্রত্যাশার পুরণের লাগি দৈবাগত দিনে। ভুধু শৃত্যে চেয়ে রব ? কেন নিজে নাহি লব চিনে
সার্থকের পথ।
কেন না ছুটাব তেজে সন্ধানের রথ
হুর্ধ অশ্বেরে বাঁধি দৃঢ় বল্গাপাশে।
হুর্জয় আশ্বাদে
হুর্গমের হুর্গ হতে সাধনার ধন
কেন নাহি করি আহরণ
প্রাণ করি' পণ।

যাব না বাসরকক্ষে বধ্বেশে বাজায়ে কিন্ধিনী,

আমারে প্রেমের বীর্ষে করো অশন্ধিনী।

বীরহস্তে বরমাল্য লব একদিন

সে-লগ্ন কি একান্তে বিলীন

ক্ষীণদীপ্তি গোধ্লিতে।

কভু তারে দিব না ভুলিতে

মোর দৃপ্ত কঠিনতা।

বিনম্র দীনতা

সম্মানের যোগ্য নহে তার,—

ফেলে দেবো আচ্ছাদন তুর্বল লজ্জার।

দেখা হবে ক্ষ দিন্ধতীরে;
তরঙ্গর্জনোচ্ছাদ মিলনের বিজয়ধ্বনিরে
দিগস্তের বক্ষে নিক্ষেপিবে।
মাথার গুঠন খুলি কব তারে, মর্ত্যে বা ত্রিদিবে
একমাত্র তুমিই আমার।
সম্দ্র-পাথির পক্ষে সেইক্ষণে উঠিবে হংকার
পশ্চিম পবন হানি
সপ্তর্ষি-আলোকে যবে যাবে তারা পদ্বা অমুমানি।
হে বিধাতা, আমারে রেখো না বাক্যহীনা,
রক্তে মোর জাগে ক্ষ বীণা।

यक्रमा

উত্তরিয়া জীবনের সর্বোক্কত মৃহুর্তের 'পরে জীবনের সর্বোক্তম বাণী যেন ঝরে কণ্ঠ হতে নির্বারিত স্রোতে। যাহা মোর অনির্বচনীয় তারে যেন চিক্ত-মাঝে পায় মোর প্রিয়। সময় ফুরায় যদি, তবে তার পরে শাস্ত হ'ক সে-নির্ঝর নৈঃশব্যের নিস্তক্ক সাগরে।

২৩ অগদ্ট ১৯২৮

প্রতীক্ষা

তোমার প্রত্যাশা লয়ে আছি প্রিয়তমে,
চিত্ত মোর তোমারে প্রণমে।
অন্নি অনাগতা, অন্নি নিত্য প্রত্যাশিতা,
হে সৌভাগ্যদায়িনী দয়িতা।
সেবাকক্ষে করি না আহ্বান;
ভনাও তাহারি জ্য়গান
যে-বীর্য বাহিরে ব্যর্থ, যে-ঐশ্বর্য ফিরে অবাঞ্ছিত,
চাটুলুক্ক জনতায় যে-তপস্থা নির্মম লাঞ্ছিত।

দীর্ঘ এ তুর্গম পথ মধ্যাক্তাপিত,
অনিদ্রায় রজনী যাপিত।
ভঙ্কবাক্যবালুকার ঘূর্ণিপাক-ঝড়ে
পথিক ধূলায় শুয়ে পড়ে।
নাহি চাহি মধুর শুশ্রষা,
হে কল্যাণী, তুমি নিক্ষল্যা,
তোমার প্রবল প্রেম প্রাণভরা স্টের নিশ্বাস,
উদ্দীপ্ত করুক চিত্তে উর্ম্নশিখা বিপুল বিশ্বাস।

ধূসর প্রদোষে আজি অন্তপথ জুড়ে।
নিশাচর মিথা। চলে উড়ে।
আলো-আঁধারের পাকে না মিলে কিনারা,
দীর্ঘ যে দেখায় হ্রস্থ যারা।
যাচে দেশ মোহের দীক্ষারে,
কাঁদে দিক বিধির ধিকারে,
ভাগ্যের ভিক্ষ্ক চাহে কুটিল সিদ্ধির আশীর্বাদ,
ধূলিতে-খুঁটিয়া-তোলা বহুজন-উচ্ছিষ্ট প্রসাদ।

কুৎসায় বিস্তারি দেয় পক্ষে-ক্লিল্ল গ্লানি,
কলহেরে শৌর্য ব'লে জানি,
ভাবি, ছর্যোগের সিন্ধু তরিব হেলায়
বঞ্চনার ভন্মুর ভেলায়।
বাহিরে মৃক্তিরে ব্যর্থ খুঁজি,
অস্তরে বন্ধন করি পুঁজি,
অশক্তি মজ্জায় রক্তে, শক্তি বলি জানি ছলনাকে,
মর্মগত থর্বতায় সর্বকালে থর্ব করি রাথে।

হে বাণীরূপিণী, বাণী জাগাও অভয়,
কুজাটিকা চির সত্য নয়।
চিত্তেরে তুলুক উর্ধে মহত্তের পানে
উদাত্ত তোমার আত্মদানে।
হে নারী, হে আত্মার সন্ধিনী,
অবদাদ হতে লহো জিনি,—
স্পর্ধিত কুশ্রীতা নিত্য যতই করুক সিংহনাদ,
হে সতী স্বন্ধরী, আনো তাহার নিংশক প্রতিবাদ

লগ্ন

প্রথম মিলনদিন, সে কি হবে নিবিড় আঘাঢ়ে, যেদিন গৈরিক বন্ত্র ছাড়ে আসম্বের আশ্বাসে স্থন্দরা वस्क्रा ? প্রাঙ্গণের চারিধার ঢাকিয়া সজল আচ্ছাদনে राषिन रम वरम श्रमांधरन ছায়ার আসন মেলি; পরি লয় নৃতন সবুজরঙা চেলি, চক্ষ্পাতে লাগায় অঞ্জন, বক্ষে করে কদম্বের কেশর রঞ্জন। দিগস্তের অভিষেকে বাতাস অরণ্যে ফিরি নিমন্ত্রণ যায় হেঁকে হেঁকে। যেদিন প্রণয়ী বক্ষতলে মিলনের পাত্রখানি ভরে অকারণ অশ্রজলে, কবির সংগীত বাব্দে গভীর বিরহে,— নহে নহে, সেদিন তে। নহে।

সে কি তবে ফাল্কনের দিনে,
যেদিন বাতাস ফিরে গন্ধ চিনে চিনে
সবিশ্বয়ে বনে বনে,
শুধায় সে মল্লিকারে কাঞ্চন-রন্ধনে,
তুমি কবে এলে।
নাগকেশরের কুঞ্জ কেশর ধুলায় দেয় ফেলে
ত্রশ্বগৌরবে।
কলরবে
অজ্জ্র মিশায় বিহক্ষম
ফুলের বর্ণের রক্ষে ধ্বনির সংগম;

প্রবেণ্যর শাখায় শাখায়
প্রজাপতিসংঘ আনে পাখায় পাখায়
চিত্রলিপি, কুস্থমেরি বিচিত্র অক্ষরে;
ধরণী ঘৌষনগর্বভরে
আকাশেরে নিমন্ত্রণ করে ধবে
উদ্দাম উৎসবে;
কবির বীণার তন্ত্র ঘে-বদস্তে ছিঁড়ে যেতে চাহে
প্রমন্ত উৎসাহে।
আকাশে বাভাসে
বর্ণের গন্ধের উচ্চহাসে
ধর্ম নাহি রহে,—
নহে নহে, সেদিন তো নহে।

যেদিন আশ্বিনে শুভক্ষণে আকাশের সমারোহ ধরণীতে পুর্ণ হয় ধনে। প্রাচুর্যপ্রশান্ত তট পেয়েছে দঙ্গিনী তর্বিশী— তপশ্বিনী সে-যে, তার গন্তীর প্রবাহে— সমুদ্রবন্দনা গান গাহে। মুছিয়াছে নীলাম্বর বাষ্পাদিক্ত চোখ, वसमुक निर्मन जात्नाक। বনলক্ষী শুভব্ৰতা শুত্রের ধেয়ানে তার মেলিয়াছে অমান শুত্রতা আকাশে আকাশে শেফালি মালতী কুন্দে কাশে। অপ্রগশ্ভা ধরিত্রী-সে প্রণামে লুষ্ঠিত, পূজারিনী নিরবগুষ্ঠিত, আলোকের আশীর্বাদে শিশিরের স্থানে দাহহীন শান্তি তার প্রাণে।

দিগস্তের পথ বাহি
শৃন্মে চাহি
রিজ্ঞবিত্ত শুল্ল মেঘ সন্ন্যাসী উদাসী
গৌরীশঙ্করের তীর্থে চলিয়াছে ভাসি।
সেই শ্লিগ্ধন্মণে, সেই কচ্ছ স্ব্ধকরে,
পূর্ণভায় গন্তীর অম্বরে
মৃক্তির শান্তির মাঝখানে
ভাহারে দেখিব যারে চিত্ত চাহে, চক্ষ্ নাহি জানে।

১৯ অগস্ট ১৯২৮

<u>সাগরিকা</u>

সাগরজলে সিনান করি সজল এলোচুলে
বিস্মাছিলে উপল-উপকুলে।
শিথিল পীতবাস
মাটির 'পরে কুটিলরেখা লুটিল চারি পাশ।
নিরাবরণ বক্ষে তব, নিরাভরণ দেহে
চিকন সোনা-লিখন উষা আঁকিয়া দিল স্নেহে।
মকরচুড় মুকুটখানি পরি ললাট-'পরে
ধুকুকবাণ ধরি দখিন করে,
দাঁড়ামু রাজবেশী,—
কৃহিমু, "আমি এসেছি প্রদেশী"।

চমকি ত্রাদে দাঁড়ালে উঠি শিলা-আসন ফেলে,
শুধালে, "কেন এলে"।
কহিম আমি, "রেখো না ভয় মনে,
পূজার ফুল তুলিতে চাহি তোমার ফুলবনে"।
চলিলে সাথে, হাসিলে অমুকুল,
তুলিমু যুথী, তুলিমু জাতী, তুলিমু চাঁপাঞ্ল।

তৃজনে মিলি সাজায়ে ডালি বসিত্ব একাসনে,
নটরাজেরে পুজিত্ব একমনে।
কুহেলি গেল, আকাশে আলো দিল-যে পরকাশি
ধূর্জটির মুখের পানে পার্বতীর হাসি।

সন্ধ্যাতারা উঠিল যবে গিরিশিখর-'পরে, একেলা ছিলে घरत। কটিতে ছিল নীল তুকুল, মালতীমালা মাথে, কাঁকন হুটি ছিল হুখানি হাতে। চলিতে পথে বাজায়ে দিছু বাঁশি, "অতিথি আমি", কহিমু দারে আসি। তরাসভরে চকিতকরে প্রদীপথানি জেলে চাহিলে মুখে, কহিলে, "কেন এলে"। কহিত্ব আমি, "রেখো না ভয় মনে, তমু দেহটি সাজাব তব আমার আভরণে"। চাহিলে হাসিম্থে, অাধোচাঁদের কনকমালা দোলামু তব বু ক মকরচুড় মুকুটখানি কবরী তব ঘিরে পরায়ে দিহু শিরে। षानारा वां ि गां िन मशीमन, তোমার দেহে রতনসাজ করিল ঝলমল। मध्य रल विध्व रल माधवी निनीथिनी, আমার তালে তোমার নাচে মিলিল রিনিঝিনি। পূর্ণ-চাঁদ হাসে আকাশ-কোলে, व्यात्निक-ছाग्रा भिव-भिवानी मांगवक्रत्न (मात्न।

ফুরাল দিন কখন্ নাহি জানি, সন্ধ্যাবেলা ভাসিল জলে আবার তরীখানি। সহসা বায়ু বহিল প্রতিকুলে, প্রলয় এল সাগরতলে দারুণ ঢেউ তুলে। শাধার রাতে ড্বাল মোর রতনভরা তরী।
আবার ভাঙা ভাগ্য নিয়ে দাঁড়াছ দ্বারে এদে
ভ্যাহীন মলিন দীন বেশে।
দেখিছ আমি নটরাজের দেউলদ্বার খুলি
তেমনি করে রয়েছে ভরে ডালিতে ছলগুলি।
হেরিছ রাতে, উতল উৎসবে
তরল কলরবে
আলোর নাচ নাচায় চাঁদ সাগরজলে যবে,
নীরব তব নম্র নত মৃথে
আমারি আঁকা পত্রলেখা, আমারি মালা বুকে।
দেখিছ চুপে-চুপে
আমারি বাঁধা মৃদঙ্গের ছন্দ রূপে রূপে
অকে তব হিল্লোলিয়া দোলে

ললিতগীতকলিতকল্লোলে।

মিনতি মম শুন হে স্থলরী,
আরেক বার সম্থে এসো প্রদীপথানি ধরি।
এবার মোর মকরচুড় মুকুট নাহি মাথে,
ধ্যুকবাণ নাহি আমার হাতে;
এবার আমি আনি নি ডালি দখিন সমীরণে
সাগরকুলে তোমার ফুলবনে।
এনেছি শুধু বীণা,
দেখো তো চেয়ে আমারে তুমি চিনিতে পার কি না।

১ অক্টোবর ১৯২৭ মায়ার জাহাজ

বর্ণ

প্রাণে বলেছে

একদিন নিয়েছিল বেছে

স্বায়স্বসভাঙ্গনে দময়স্তী সতী

নল-নরপতি

ছদ্মবেশী দেবতার মাঝে।

অর্ঘ্যহারা দেবতারা চলে গেল লাজে।

দেবমূর্তি চিনেছে সেদিন,

তারা যে ফেলে না ছায়া, তারা অমলিন।

সেদিন স্বর্গের ধৈর্য গেল টুটি,

ইন্দ্রলোক করিল জ্রকুটি।

তাই শুনে কত দিন একা বসে বসে
ভেবেছিম্ম বালিকাবয়সে,
আমি হব স্বয়ম্বরা বিশ্বসভাতলে,—
দেবতারি গলে
দিব মালা তপশ্বিনী,
মানবের মাঝখানে একদিন লব তারে চিনি।
তারি লাগি সর্ব দেহে মনে
দিনে দিনে বরমাল্য গাঁথিব যতনে।

কঠিন দে পণ,
ভাবি নি কেমনে তারে করিব সাধন।
মাহ্য-যে দেশে দেশে
কত ফেরে দেবতার ছন্মবেশে;
ললাটে তিলক কারো লেখা,
দেখিতে দেখিতে ওঠে কালো হয়ে তার স্বর্ণরেখা।
কারো বা কটিতে বাঁধা শরশ্ন্য তুণ,
কেহ করে বঞ্জধনি, নাহি তাহে বজ্লের আগুন।

বাতায়নে বসে থাকি,
কতদিন কী দেখিয়া আশাসে চমকি উঠে আঁথি;
চেয়ে চেয়ে দিখা লাগে শেষে
বৃষ্টি হতে হতে দেখি শিলা পড়ে এসে।

একদিন রৌজের বেলায়

মধ্যাক্ষের জনতার ম্থর মেলায়
রাজপথ-পাশে

দাঁড়াইছ,—দেখিলাম যারা যায় আদে
তাহাদের কায়া

সম্মুথে ফেলিয়া চলে দীর্ঘতর ছায়া।
ভানিলাম স্পর্ধাতীক্ষ কণ্ঠন্বর
ছিন্ন করে দিতে চাহে দেবতার অথও অন্বর।
উজ্জ্বল সজ্জায়
দীন অঙ্গ সমাচ্ছন্ন ধনের লজ্জায়।
ছুটে চলে অন্বরথ,
তার চেয়ে আড়ন্বরে সক্ষে ওড়ে ধূলির পর্বত।

যথন সেদিন সেই উর্ধেশ্বাস লুব্ব ঠেলাঠেলি
নানাশব্দে উঠিছে উদ্বেলি
তুমি দেথি পথপ্রাস্তে একা হাস্তম্থে
নিংশব্দ কৌতুকে
চেয়ে আছ,—হদয় আছিল জনস্রোতে,
মন ছিল দ্বে সবা হতে।
তুমি যেন মহাকালসমূদ্রের তটে
নিত্যের নিশ্চল চিত্তপটে
দেখেছিলে চঞ্চলের চলমান ছবি,
জনেছিলে ভৈরবের ধ্যান-মাঝে উমার ভৈরবী।
বহে গেল জনতার তেউ,—
কে-যে তুমি কোথা আছ দেখে নাই কেউ।

একা আমি দেখেছি তোমারে
তুমিই ফেল নি ছায়া ছায়ার মাঝারে।
মালা হাতে গেহু ধেয়ে,
হাসিলে আমার পানে চেয়ে।
মোর স্বয়ম্বরে
সেদিন মর্ত্যের মুখ জ্রকুটিল অবজ্ঞার ভরে

२७ व्यन्नम् ३३२४

পথবৰ্তী

দ্র মন্দিরে সিন্ধুকিনারে
পথে চলিয়াছ তুমি।
আমি তরু মোর ছায়া দিয়ে তারে
মৃত্তিকা তার চুমি।
হে তীর্থগামী, তব সাধনার
অংশ কিছু-বা রহিল আমার,
পথপাশে আমি তব যাত্রার
রহিব সাক্ষীরূপে।
তোমার পূজায় মোর কিছু যায়
ফুলের গন্ধগুপে।

তব আহ্বানে বরণ করিয়া
নিয়েছি হুর্গমেরে।
ক্লাস্তি কিছু-বা নিলাম হরিয়া
মোর অঞ্চল-ঘেরে।
যা ছিল কঠোর, যাহা নিষ্ঠর
তার সাথে কিছু মিলাই মধুর,
যা ছিল অজানা, যাহা ছিল দ্র
আমি তারি মাঝে থেকে

দিমু পথ-'পরে শ্রাম অক্ষরে জানার চিহ্ন এঁকে।

মোর পরিচয়ে তোমার পথের
কিছু রহে পরিচয়।
তব রচনায় তব ভকতের
কিছু বাণী মিশে রয়।
তোমার মধ্যদিবদের তাপে
আমার স্নিশ্ধ কিশলয় কাঁপে,
মোর পল্লব দে-মন্ত্র জাপে
গভীর যা তব মনে,
মোর ফলভার মিলাহু তোমার

বেলা চলে যাবে, একদা যথন
ফুরাবে যাত্রা তব,
শেষ হবে যবে মোর প্রয়োজন
হেথাই দাঁড়ায়ে রব।
এই পথখানি ববে মোব প্রিয়

এই পথখানি রবে মোর প্রিয়, এই হবে মোর চিরবরণীয়, তোমারি স্মরণে রব স্মরণীয়,

না মানিব পরাভব।

माधनकरलय मरन।

তব উদ্দেশে অর্পিব হেসে

যা-কিছু আমার সব

२१ व्यामी ३३२४

যুক্তরপ

তোমারে আপন কোণে শুরু করি যবে পূর্ণরূপে দেখি না তোমায়, মোর রক্ততরক্ষের মন্ত কলরবে বাণী তব মিশে ভেসে যায়। তোমার পাথারে আমি রুদ্ধ করি বৃঝি, সে-বন্ধনে তোমারেই পাই না তো খুঁজি, তুমি তো ছায়ার নহ, প্রভাতবিলাদী, আলোতেই তোমার প্রকাশ, তোমার ডানার ছন্দে তব উচ্চ হাসি যাক চলে ভেদিয়া আকাশ।

জানি, যদি লুদ্ধ মনে কুপণতা করি,

ক্রিথর্বেও দৈন্ত না ঘুচায়,

বার্থ ভাণ্ডারের তবে রহিব প্রহরী,

বঞ্চনা করিব আপনায়।

আত্মা যেথা লুপ্ত থাকে সেথা উপচ্ছায়া

মৃদ্ধ চেতনার 'পরে রচে তার মায়া,

তাই নিয়ে ভূলাব কি আমার জীবন।

গাঁথিব কি বৃদ্ধুদের হার।

তোমারে আড়াল ক'রে তোমার স্থপন

মিটাবে কি আকাজ্জা আমার।

বিরাজে মানবশোর্ষে হুর্যের মহিমা,
মর্ত্যে সে তিমিরজয়ী প্রভ্,
অজেয় আত্মার রশ্মি, তারে দিবে সীমা
প্রেমের সে ধর্ম নহে কভু।
যাও চলি রণক্ষেত্রে, লও শদ্ম তুলি,
পশ্চাতে উদ্ধুক তব রথচক্রধূলি,
নির্দয় সংগ্রাম-অস্তে মৃত্যু যদি আসি
দেয় ভালে অমৃতের টিকা,
জানি যেন সে-তিলকে উঠিল প্রকাশি
আমারো জীবনজয়লিখা।

আমার প্রাণের শক্তি প্রাণে তব লহো, মোর ত্বংথযজ্ঞের শিখায় জালিবে মশাল তব, আতকত্ঃসহ
রাত্রিরে দহি সে যেন যায়।
তোমারে করিছ দান শ্রন্ধার পাথেয়,
যাত্রা তব ধয় হ'ক, যাহা কিছু হেয়
ধূলিতলে হ'ক ধূলি, বিধা যাক মরি,
চরিতার্থ হ'ক ব্যর্থতাও,
তোমার বিজয়মাল্য হতে ছিন্ন করি
আমারে একটি পুষ্প দাও।

२२ व्यानि ३२२४

क्रार्थ

শ্লথপ্রাণ ত্র্বলের স্পর্ধা আমি কভু সহিব না।
লোলৃপ সে লালায়িত, প্রেমেরে সে করে বিজ্বনা
ক্রেদঘন চাট্বাক্যে, বাম্পে বিজড়িত দৃষ্টি তার
কল্যকৃষ্ঠিত অঙ্গে লিপ্ত করে গ্লানি লালসার,
আবেশে মন্থর কণ্ঠে গদ্গদ সে প্রার্থনা জানায়,
আলোকবঞ্চিত তার অস্তরের কানায় কানায়
ছষ্ট ফেন উঠে বৃদ্বু দিয়া,— ফেটে যায়, দেয় খুলি
কন্ধ বিষবায়। গলিত মাংসের যেন ক্রিমিগুলি
কন্ধনাবিকার তার, শিথিল চিস্তার তলে তলে
আকুলিতে থাকে কিলিবিলি।— যেন প্রাণপণ বলে
মন তারে করে ক্যাঘাত। জীর্ণমজ্জা কাপুরুষে
নারী ষদি গ্রাহ্ম করে, লজ্জিত দেবতা তারে ত্যে
অসক্র সে অপমানে। নারী সে-যে মহেক্রের দান,
এসেছে ধরিত্রীতলে পুরুষেরে সঁপিতে সম্মান।

ও• স্বগস্ট ১৯২৮ জোড়াসাঁকো

রাখিপূর্ণিমা

কাহারে পরাব রাখি খৌবনের রাখিপুর্ণিমায়,

হে মোর ভাগ্যের দেব। লগ্ন যেন বহে নাহি যায়।

মেঘে আজি আবিষ্ট অম্বর, যন বৃষ্টি-আচ্ছাদনে

অস্পষ্ট আলোর মন্ত্র আকাশ নিবিষ্ট হয়ে শোনে,
বৃঝিতে পারে না ভালো। আমি ভাবিতেছি একা বসে
আমার বাঞ্চিত কবে বাহিরিল প্রচ্ছর প্রদোষে

চিহ্নহীন পথে। এসেছিল বারের সম্মুথে মোর

কণতরে। তথনো রজনী মম হয় নাই ভোর,
হদয় অস্ফুট ছিল অর্ধ জাগরণে। ডাকে নি সে
নাম ধরে, ত্রারেরকরে নি করাঘাত, গেছে মিশে

সম্জ্রতরঙ্গরবে তাহার অথের হেয়াধ্বনি।

হে বীর অপরিচিত, শেষ হল আমার রজনী,
জানা তো হল না কোন্ ত্ংসাধ্যের সাধন লাগিয়া

অস্ত্র তব উঠিল ঝঞ্চনি। আমি রহিত্ব জাগিয়া।

७३ खशमी ३३२४

আহ্বান

কোথা আছ? ডাকি আমি। শোনো শোনো, আছে প্রয়োজন
একান্ত আমারে তব। আমি নহি তোমার বন্ধন;—
পথের সম্বল মোর প্রাণে। হুর্গমে চলেছ তুমি
নীরস নিষ্ঠর পথে,— উপবাসহিংশ্র সেই ভূমি
আতিথ্যবিহীন; উদ্ধত নিষেধদণ্ড রাত্রিদিন
উষ্ঠত করিয়া আছে উর্ধ্ব-পানে। আমি ক্লান্তিহীন
সেই সন্ধ দিতে পারি, প্রাণবেগে বহন যে করে
ভশ্রমার পূর্বশক্তি আপনার নিঃশঙ্ক অন্তরে,—
যথা কক্ষ রিক্তর্ক শৈলবক্ষ ভেদি অহরহ
হুর্দাম নিশ্বরি ঢালে হুর্নিবার সেবার আগ্রহ,

মহয়া

শুকায় না রসবিন্দু প্রথর নির্দয় সূর্যতেজে, নীরস প্রশুরমৃষ্টিতলে দৃঢ়বলে রাখে সে-যে অক্ষয় সম্পদরাশি। সহাস্ত উজ্জল গতি তার তুর্যোগে অপরাজিত, অবিচল বীর্ষের আধার।

১ সেপ্টেম্বর ১৯২৮

বাপী

একদা বিজনে যুগল তক্ষর মূলে
তৃষ্ণার জল তৃমি দিয়েছিলে তুলে।
আর কোনোখানে ছায়া নাহি দেখি,
ভুধালেম, কাছে বসিতে দিবে কি।
সেদিন তোমার ঘরে ফিরিবার বেলা
বহে গেল বৃঝি, কাজে হয়ে গেল হেলা।

অদ্রে হোথায় ভাঙা দেউলের ধারে
পূর্ব যুগের পূজাহীন দেবতারে
প্রভাত-অক্ষণ প্রতিদিন থোঁজে,
শৃশ্য বেদির অর্থ না বোঝে,
দিন শেষ হলে সন্ধ্যাতারার আলো
যে-পূজারী নাই তারে বলে, দীপ জালো।

একদিন বৃঝি দ্রে কোন্ রাজধানী রচনা করেছে দীর্ঘ এ পথখানি। আজি তার নাম নাই ইতিহাসে, জীর্ণ হয়েছে বালুকার গ্রাসে, প্রাস্তরশেষে শীর্ণ বনের কোলে জনপদবধৃ জল নিয়ে যায় চলে। লুপ্তকালের শুন্ধ সাগরধারে
বছ বিশ্বতি ধেথা রয় স্থূপাকারে,
অতি পুরাতন কাহিনী ধেথায়
কন্ধ কণ্ঠে শৃত্যে তাকায়,
হারানো ভাষার নিশার স্বপ্নছায়ে
হেরিস্থ তোমায়, আসিস্থ ক্লান্ত পায়ে।

শুধু ছটি তক্ষ মক্ষর প্রাণের কথা, লুকানো কী রসে বাঁচে তার শ্রামলতা। সেদিন তাহারি মর্মর সনে কী ব্যথা মিশাস্থ্য, জানে ছইজনে; মাথার উপরে উড়ে গেল কোন্ পাখি হতাশ পাখার হাহাকাররেখা আঁকি।

তপ্ত বালুরে ভৎিদিয়া মৃত্যুত্ তাপিত বাতাস চিৎকারি উঠে হন্ত; ধূলির ঘূর্ণি, যেন বেঁকে বেঁকে শাপ-লাগা প্রেত নাচে থেকে থেকে; রুঢ় রুদ্র রিক্তের মাঝখানে ঘুইটি প্রহর ভরেছিত্ব প্রাণে গানে।

দিন শেষ হল, চলে যেতে হল একা, বলিস্থ তোমারে, আরবার হবে দেখা। শুনে হেদেছিলে হাসিখানি মান, তক্ষণ হদয়ে যেন তুমি জান অসীমের বৃকে অনাদি বিষাদখানি আছে সারাখন মুখে আবরণ টানি।

তার পরে কত দিন চলে গেল মিছে একটি দিনেরে দলিয়া পায়ের নীচে। বছ পরে যবে ফিরিলাম প্রিয়ে, এ-পথে আসিতে দেখি চমকিয়ে আছে সেই কুপ, আছে সে যুগলতরু। তুমি নাই, আছে তৃষিত শ্বতির মক ॥

এ কুপের তলে মোর যক্ষের ধন একটি দিনের হুর্লভ সেইখন চিরকাল ভরি' রহিল লুকানো, ওগো অগোচরা জান নাহি জান; আর কোনো দিনে অন্থ যুগের প্রিয়া তারে আর কারে দিবে কি উদ্ধারিয়া।

১ দেপ্টেম্বর ১৯২৮

মহ্যা

বিরক্ত আমার মন কিংশুকের এত গর্ব দেখি'।
নাহি ঘুচিবে কি
অশোকের অতিখাতি, বকুলের মুখর সম্মান।
ক্লান্ত কি হবে না কবিগান
মালতীর মল্লিকার
অভার্থনা রচি' বারস্বার ?
রে মহয়া, নামখানি গ্রাম্য তোর, লঘু ধ্বনি তার,
উচ্চশিরে তবু রাজকুলবনিতার
গৌরব রাখিস উর্ধ্বে ধরে।
আমি তো দেখেছি তোরে
বনস্পতিগোল্পী-মাঝে অরণ্যসভায়
অকুষ্ঠিত মর্যাদায়
আছিস দাঁড়ায়ে;
শাখা যত আকাশে বাড়ায়ে

শাল তাল সপ্তপর্গ অখন্থের সাথে
প্রথম প্রভাতে
প্র্ব-অভিনন্দনের তুলেছিস গন্তীর বন্দন।
অপ্রসন্ন আকাশের ভ্রভন্দে যথন
অরণ্য উদ্বিন্ন করি তোলে,
সেই কালবৈশাখীর কুদ্ধ কলরোলে
শাখাব্যুহে ঘিরে
আখাস করিস দান শন্ধিত বিহন্দ অতিথিরে।
অনারৃষ্টিক্লিষ্ট দিনে,
বিশীর্ণ বিপিনে,
বন্যবৃভূক্ষ্র দল ফেরে রিক্ত পথে,
ত্রভিক্ষের ভিক্ষাঞ্জলি ভরে তারা তোর সদাব্রতে

বহুদীর্ঘ সাধনায় স্থান্ট উন্নত
তপস্বীর মতো
বিলাদের চাঞ্চল্যবিহীন,
স্থান্তীর সেই তোরে দেখিয়াছি অশুদিন
অন্তরে অধীরা
ফাল্কনের ফুলদোলে কোথা হতে জোগাস মদিরা
পুষ্পপুটে;
বনে বনে মৌমাছিরা চঞ্চলিয়া উঠে।
তোর স্থরাপাত্র হতে বন্থনারী
সম্বল সংগ্রহ করে পুর্ণিমার নৃত্যমন্ততারি।
রে অটল, রে কঠিন,
কেমনে গোপনে রাত্রিদিন
তরল ঘৌবনবহ্নি মজ্জায় রাখিয়াছিলি ভরে।
কানে কানে কহি তোরে
বধ্রে যেদিন পাব, ভাকিব মন্তয়া নাম ধরে।

ও সেপ্টেম্বর ১৯২৮ [জোড়াসাঁকো]

मीना

তোমারে সম্পূর্ণ জানি হেন মিথ্যা কখনো কহি নি, প্রিয়তম, আমি বিরহিণী পরিপূর্ণ ফিলনের মাঝে। মোর স্পর্শে বাজে যে-তন্ত্রটি তোমার বীণায়, তাহারি পঞ্চম স্বরে তোমারে কি নিঃশেষে চিনায় তোমার বসস্ত রাগে, নিদ্রাহীন রজনীর পরজে বেহাগে। সে-তন্ত্র সোনার বটে,— বিভাসে ললিতে ষে কথা সে চেয়েছে বলিতে তাইতে হয়েছে পূর্ণ এ আমার জীবন-অঞ্জলি। তৰু সত্য করে বলি, ব্যথা লাগে ৰুকে যখন সহসা আসি তোমার সমুখে নিভূত তোমার ঘরে স্বপ্নভাঙা প্রথম প্রহরে,— যথন জাগে নি পাখি, রক্তিম আকাশে -আসন অরণ্যগাথা নব স্থোদয়-আশে রয়েছে স্তম্ভিত, পিঙ্গল আভায় দীপ্ত জ্ঞটা বিলম্বিত অৰুণ সন্মাসী করজোড়ে আছে স্থির আলোকপ্রত্যাশী,—

ब्ब्य्निहि क्षरप्र

তুমিই অচেনা। কোনো দিন ফুরাবে না

তথন তোমার মুখ চেয়ে দেখিয়াছি ভয়ে ভয়ে,

পরিচয়; তোমারে ব্ঝিব আমি করি না সে আশা, কথায় যা বল নাই, আমি-যে জানি না তার ভাষা। ভয় হয় পাছে

যে-সম্পদ চেয়েছিলে মোর কাছে
সে-যে মোর নাই, তাই শেষে পড়ে ধরা,
দেখ দূর হতে এসে জলাশয়ে জল নাই ভরা।
তথন নিয়ো না যেন অপরাধ মোর,
হয়ো না কঠোর,

তুমি যদি মৃগ্ধ মনে ভূলে থাক, তবু গভীর দীনতা মোর গোপন করি নি আমি কভু।

মোর দ্বারে যবে এলে অশুমনা
সে কি মোর কিছু নিয়ে পুরাতে কামনা।
নহে নহে, হে রাজন, তোমার অনেক ধন আছে,
তাই তুমি আস মোর কাছে
দেবার আনন্দ তব পূর্ণ করিবার লাগি;
যদি তাই পূর্ণ হয়, তবে আমি নহি তো অভাগী।

৪ সেপ্টেম্বর ১৯২৮

সৃষ্টিরহস্থ

ওই মৃথে, ওই চক্ষে, ওই হাসিটিতে। সেই স্পষ্টতপস্থার সার্থক আনন্দ মোর চিতে স্পর্শ করে, যবে তব মুখে মেলি' আঁথি সম্মুখে তোমার বসে থাকি।

২০ অগস্ট ১৯২৮

নায়ী

नामनी

সে যেন গ্রামের নদী বহে নিরবধি यृश्यम कनकरन ; তরঙ্গের ভঙ্গী নাই, আবর্তের ঘূর্ণি নাই জলে; মুয়ে-পড়া ভটভক্ষ ঘনচ্ছায়া-ঘেরে ছোটো করে রাথে আকাশেরে। জগৎ সামান্ত তার, তারি ধৃলি-'পরে বনফুল ফোটে অগোচরে, মধু তার নিজ মূল্য নাহি জানে, মধুকর তারে না বাখানে। গৃহকোণে ছোটো দীপ জালায় নেবায়, দিন কাটে সহজ সেবায়। স্নান সান্ধ করি এলোচুলে অপরাজিতার ফুলে প্রভাতে নীরব নিবেদনে স্তব করে একমনে। মধ্যদিনে বাতায়নতলে क्टरम प्रत्थ निरम पिचिक्रत শৈবালের ঘনন্তর, পতকের খেলা তারি 'পর।

আবছায়া কল্পনায়
ভাষাহীন ভাবনায়

মন তার ভরে

মধ্যাহ্নের অব্যক্ত মর্মরে।
সায়াহ্নের শাস্তিথানি নিয়ে ঘোমটায়
নদীপথে যায়
ঘট কাঁথে
বেণুবীথিকার বাঁকে বাঁকে
ধীর পায়ে চলি',—
নাম কি শামলী।

কাজলী

প্রচন্ন দাক্ষিণ্যভারে চিত্ত তার নত স্তম্ভিত মেঘের মতো, তৃষ্ণাহরা আষাঢ়ের আত্মদান-প্রত্যাশায় ভরা। সে যেন গো তমালের ছায়াখানি, অবশুঠনের তলে পথ-চাওয়া আতিখ্যের বাণী। ষে-পথিক একদিন আসিবে হুয়ারে ক্লিষ্ট ক্লান্ডিভারে, সেই অজানার লাগি গৃহকোণে আনতনয়ন বুনিছে শয়ন। সে যেন গো কাকচক্ষু স্বচ্ছ দিঘিজ্ঞল অচঞ্চল, কানায় কানায় ভরা, শীতল অতল-মাঝে প্রসন্ন কিরণ দেয় ধরা। কালো চক্ষ্পল্লবের কাছে থমকিয়া আছে

ন্তৰ ছায়া পাতি'
হাসির খেলার সাথী
স্থাভীর স্থিত্ত অশ্রুবারি;
যেন তাহা দেবতারি
কক্ষণা-অঞ্জলি,—
নাম কি কাজলী।

(रंशामी

যারে সে বেসেছে ভালো তারে সে কাঁদায়। নৃতন ধাঁধায় ক্ষণে ক্ষণে চমকিয়া দেয় তারে, কেবলি আলো-আঁধারে সংশয় বাধায়; ছল-করা অভিমানে বুথা সে সাধায়। সে কি শরতের মায়া উড়ো মেথে নিয়ে আসে বৃষ্টিভরা ছায়া। অমুকুল চাহনির তলে কী বিহাৎ ঝলে। কেন দয়িতের মিনতিকে অভাবিত উচ্চ হাস্তে উড়াইয়া দেয় দিকে দিকে। তার পরে আপনার নির্দয় লীলায় আপনি সে ব্যথা পায়, ফিরে যে গিয়েছে তারে ফিরায়ে ডাকিতে কাঁদে প্রাণ; আপনার অভিমানে করে খানখান। কেন তার চিভাকাশে সারা বেলা পাগল হাওয়ার এই এলোমেলো থেলা। আপনি সে পারে না ব্ঝিতে ষেদিকে চলিতে চায় কেন তার চলে বিপরীতে। গভীর অস্তরে যেন আপনার অগোচরে

আপনার সাথে তার কী আছে বিরোধ, অন্তেরে আঘাত করে আত্মঘাতী ক্রোধ; স্থুর্তেই বিগলিত করুণায় অপমানিতের পায় প্রাণমন দেয় ঢালি,— নাম কি হোঁয়ালী।

(थश्रानी

মধ্যাহ্নে বিজন বাতায়নে স্থার গগনে কী দেখে দে ধানের খেতের পরপারে,— নিরালা নদীর পথে দিগন্তে সবুজ অন্ধকারে যেথানে কাঁঠাল জাম নারিকেল বেত প্রসারিয়া চলেছে সংকেত অজানা গ্রামের, স্থ্য জ্ব মৃত্যু অথ্যাত নামের। অপরাহ্নে ছাদে বসি', এলোচুল বুকে পড়ে খদি, গ্ৰন্থ হাতে উদাস হয়েছে মন সে-যে কোন্ কবিকল্পনাতে। স্থদুরের বেদনায় অতীতের অশ্রুবাষ্প হৃদয়ে ঘনায়। বীরের কাহিনী ना-एमथा अप्तत्र नाणि जादत एयन कदत्र वित्रहिणी। পূর্ণিমানিশীথে স্রোতে-ভাসা একা তরী যবে সকরুণ সারিগীতে ছায়াঘন তীরে তীরে স্বপ্তিতে স্থরের ছবি আঁকে, উৎস্ক আকাজ্ঞা জেগে থাকে

নিষ্প্ত প্রহরে, অহৈতৃক বারিবিন্দু ঝরে আঁখিকোণে; যুগান্তরপার হতে কোন্ পুরাণের কথা শোনে। ইচ্ছা করে সেই রাতে লিপিথানি লেখে ভূর্জপাতে লেখনীতে ভরি লয়ে তৃঃথে-গলা কাজলের কালি,— নাম কি থেয়ালী।

কাকলী

কলছন্দে পূর্ণ তার প্রাণ,— নিত্য বহুমান ভাষার কলোলে জাগাইয়া তোলে চারিধারে প্রত্যহের জড়তারে; সংগীতে তরক তুলি, হাসিতে ফেনিল তার ছোটো দিনগুলি আঁথি তার কথা কয়, বাহুভঙ্গী কত কথা বলে, চরণ যথন চলে কথা কয়ে যায়— যে-কথাটি অরণ্যের পাতায় পাতায়, ষে-কথাটি ঢেউ তোলে অাশ্বিনে ধানের থেতে— প্রান্ত হতে প্রান্তে যায় চলে, যে-কথাটি নিশীথতিমিরে তারাম্ব তারাম্ব কাঁপে অধীর মির্মিরে, ষে-কথাটি মছয়ার বনে

মধুপগুঞ্জনে

नाम कि कांक्नी।

मात्राराना উठिए हक्नि,—

পিয়ালী

চাহনি তাহার, সব কোলাহল হ'লে সারা সন্ধ্যার তিমিরে ভাসা তারা। মৌনখানি হুমধুর মিনভিরে লতায়ে লতায়ে যেন মনের চৌদিকে দেয় ঘিরে, নিৰ্বাক চাহিয়া থাকে নাহি পায় ভেবে क्यान कतिया की-त्य तमत्व। ত্য়ার-বাহিরে जारम धीरत, कर्णक नीत्रव एथरक চলে यात्र किरत । নাও যদি কয় কথা মনে ষেন ভরি দেয় স্থান্নিগ্ধ মমতা। পায়ের চলায় किছू रयन मान करत धृलित ज्लाग्र। তারে কিছু করিলে জিজ্ঞাসা, কিছু বলে, কিছু তবু বাকি থাকে ভাষা। निः भरक थूलिया बात অঞ্চলে আড়াল করি দে যেন কাহার আনিয়াছে সৌভাগ্যের থালি,— নাম কি পিয়ালী।

मियाजी

জনতার মাঝে দেখিতে পাই নে তারে, থাকে তুচ্ছ সাজে। ললাটে ঘোমটা টানি দিবসে লুকায়ে রাখে নয়নের বাণী। রজনীর অন্ধকার তুলে দেয় আবরণ তার। রাজরানীবেশে
অনায়াসগৌরবের সিংহাসনে বসে মৃত্ হেসে।
বক্ষে হার ঝলমলে,
সীমস্তে অলকে জলে
মাণিক্যের সীঁথি।
কী যেন বিশ্বতি
সহসা ঘৃচিয়া যায়, টুটে দীনতার ছদ্মসীমা,
মনে পড়ে আপন মহিমা।
ভক্তেরে সে দেয় পুরস্কার
বরমাল্য তার
আপন সহন্ত দীপ জালি,—
নাম কি দিয়ালী।

नागत्री

ব্যক্ষস্থনিপুণা,
শ্লেষবাণসন্ধানদাৰুণা।
অন্থগ্ৰহবৰ্ষণের মাঝে
বিদ্রপবিচ্যংঘাত অকস্মাং মর্মে এসে বাজে।
সে যেন তৃফান
যাহারে চঞ্চল করে সে-তরীকে করে খানখান
অট্টহাস্থ আঘাতিয়া এপাশে ওপাশে;
প্রশ্লেয়ের বীথিকায় ঘাসে ঘাসে
রেখেছে সে কন্টক-অন্থর বুনে বুনে;
অদৃশ্র আগুনে
কুঞ্জ তার বেড়িয়াছে;
যারা আসে কাছে
সব থেকে তারা দুরে রয়;

মোহমন্ত্রে বে-হাদয়

करत अग्न

তারি 'পরে অবজ্ঞায় দারুণ নির্দয়।
আপন তপস্থা লয়ে যে-পুরুষ নিশ্চল সদাই,
যে উহারে ফিরে চাহে নাই,

জানি সেই উদাসীন

একদিন

জিনিয়াছে ওরে,

জালাময়ী তারি পায়ে দীপ্ত দীপ দিল অর্ঘ্য ভরে।

বিহুষী নিয়েছে বিছা শুধু চিত্তে নয়,

আপন রূপের সাথে ছন্দ তারে দিল অক্সময়

ৰুদ্ধি তার ললাটিকা,

চক্ষ্র তারায় বৃদ্ধি জলে দীপশিখা;

বিছা দিয়ে রচে নাই পণ্ডিতের স্থুল অহংকার।

বিছারে করেছে অলংকার।

প্রদাধনদাধনে চতুরা,

জানে সে ঢালিতে স্থরা

ভূষণভঙ্গীতে,

অলক্তের আরক্ত ইঞ্চিতে।

জাত্করী বচনে চলনে;

গোপন সে নাহি করে আপন ছলনে;

অকপট মিথ্যারে সে নানা রসে করিয়া মধুর

निना जांत्र कित एम प्त ;

জ্যোৎস্নার মতন

গোপনেও নহে সে গোপন।

শাঁধার-আলোরি কোলে রয়েছে জাগরি,—

নাম कि নাগরী।

मागन्नी

বাহিরে সে ত্রস্ক আবেগে
উচ্ছলিয়া উঠে জেগে,—
উচ্চহাস্থতরঙ্গ সে হানে

স্থাচন্দ্র-পানে।
পাঠায় অস্থির চোথ—

আলোকের উত্তরে আলোক।
কভ্ অন্ধকারপুঞ্জে দেখা দেয় ঝঞ্চার ক্রকুটি,
ক্ষণে ক্ষণে
আন্দোলনে
প্রচণ্ড অধৈর্যবেগে তর্টের মর্যাদা ফেলে টুটি।
গভীর অস্তর তার নিস্তর্ধ গন্ডীর,
কোথা তল, কোথা তীর;
অগাধ তপস্থা যেন রেথেছে সঞ্চিত করি,—
নাম কি সাগরী।

জয়তী

যেন তার চক্ষ্-মাঝে
উত্তত বিরাজে
মহেশের তপোবনে নন্দীর তর্জনী।
ইন্দ্রের অশনি
মৌনে তার ঢাকা;
প্রাণ তার অরুণের পাথা
মেলিল দিনের বক্ষে তীব্র অতৃপ্তিতে
হঃসহ দীপ্তিতে।
সাধক দাঁড়ায় তার কাছে—
সহসা সংশয় লাগে যোগ্যতা কি আছে;
হঃসাধ্যসাধন-তরে
পথ খুঁজে মরে।

তুচ্ছতারে দাহে তার অবজ্ঞাদহন ;
এনেছে সে করিয়া বহন
ইন্দ্রাণীর গাঁথা মাল্য ; দিবে কঠে তার
কার্মকে যে দিয়েছে টংকার,
কাপট্যেরে হানিয়াছে দত্যে যার ঋণী বস্থমতী,—
নাম কি জয়তী।

ঝামরী

সে যেন খিসিয়া-পড়া তারা, মর্ত্যের প্রদীপে নিল মৃত্তিকার কারা। নগরে জনতামরু, সে যেন তাহারি মাঝে পথপ্রান্তে সঙ্গিহীন তরু, তারে ঢেকে আছে নিতি অরণ্যের স্থগভীর স্থতি। সে যেন অকালে-ফোটা কুবলয়, শিশিরে কুষ্টিত হয়ে রয়। মন পাখা মেলিবারে চায় ठांतिमित्क टर्जरक यात्र, জ্বানে না কিসের বাধা তার; অদৃষ্টের মায়াত্র্গদার কোন্ রাজপুত্র এসে মন্ত্রবলে ভেঙে দেবে শেষে। আকাশে আলোতে নিমন্ত্রণ আদে যেন কোথা হতে, পথ कक ठातिशाद्य, মুখ ফুটে বলিতে না পারে অলক্ষ্য কী আচ্ছাদনে কেন সে আবৃতা। সে যেন অশোকবনে সীতা,

চারিদিকে ধারা আছে কেহ তার নহেক স্বকীয়;
কে তারে পাঠাবে অঙ্গুরীয়
বিচ্ছেদের অতল সম্দ্রপারে;
আথি তুলে তাই বারে বারে
চেয়ে দেখে নিরুত্তর নিঃশক গগনে।

কোন্ দেব নিত্যনির্বাদনে
পাঠাল তাহারে।
স্বর্গের বীণার তারে
সংগীতে কি করেছিল ভূল।
মহেদ্রের-দেওয়া ফুল
নৃত্যকালে থসে গেলে অক্সমনে দলেছিল কভু?
আজা তব্
মন্দারের গন্ধ যেন আছে তার বিষাদে জড়ানো,
অধরে রয়েছে তার মান—
সন্ধ্যার গোলাপসম—
মাঝথানে-ভেঙে-যাওয়া অমরার গীতি অন্পম।
অদৃশ্য যে-অশ্রুধারা
আবিষ্ট করেছে তার চক্ষ্তারা,
তাহা দিব্য বেদনার কক্ষণানিঝ্রী,—
নাম কি ঝামরী।

মুর তি

যে-শক্তির নিত্যলীলা নানা বর্ণে আঁকা,
যে-গুণী প্রজাপতির পাথা

যুগ যুগ ধ্যান করি একদা কী খনে
রচিল অপুর্ব চিত্রে বিচিত্র লিখনে,
এই নারী
রচনা তাহারি।

এ अपू कांत्मत्र रथना এর দেহ কী আলস্থে বিধাতা একেলা রচিলেন সন্ধ্যাকালে আপনার অর্থহীন ক্ষণিক খেয়ালে-যে-লগনে কৰ্মহীন ক্লাস্তক্ষণে মেঘের মহিমামায়া মুহুর্তেই মুগ্ধ করি আঁথি অন্ধরাত্রে বিনা ক্লোভে যায় মুখ ঢাকি। শরতে নদীর জলে যে-ভঞ্চিমা, देवनाद्य माफिन्नवत्न त्य-त्रांगत्रिमा যৌবনের দাপে অবজ্ঞাকটাক্ষ হানে মধ্যাক্ষের ভাপে, প্রাবণের বক্তাতলে হারা ভেদে-যাওয়া শৈবালের যে-নৃত্যের ধারা, মাঘশেষে অশ্বথের কচি পাতাগুলি (य-ठांकला छेट्ठ जूनि, হেমস্তের প্রভাতবাতাদে শিশিরে যে-ঝিলিমিলি ঘাসে ঘাসে, প্রথম আধাঢ়দিনে গুরু গুরু রবে मয়्दात्र পুচ্ছপুঞ্জ উল্লিসিয়া উঠে যে-গৌরবে তাই দিয়ে রচিত হুন্দরী;—

রঙিন বৃদ্ধ সে কি, ইদ্রধন্থ বৃঝি,

অন্তর না পাই থুঁ জি—

সকলি বাহির,

চিত্ত অগভীর।

কারো পথ চেয়ে নাহি থাকে,
কারে-না-পাওয়ার হু:থ মনে নাহি রাথে

লতা যেন নারী হয়ে দিল চক্ষ্ ভরি।

মৃথ্য প্রাণ-উপহার
অনায়াদে নেয়, আর অনায়াদে ভোলে দায় তার।
ভূবনে যেখানে যত নয়নের আনন্দলহরী
তাই দেখা দিতে এল নারীমূর্তি ধরি।
সরস্বতী রচিলেন মন তার কোন্ অবসরে
রাগহীন বাণীহীন গুল্পনের স্বরে;
অমৃতে মাটিতে মেশা স্জনের এ কোন্ স্বরতি,—
নাম কি মুরতি।

गानिनौ

হাসিম্থ নিয়ে যায় ঘরে ঘরে, স্থীদের অবকাশ মধু দিয়ে ভরে। প্রসন্নতা তার অস্তহীন রাত্রিদিন গভীর কী উৎস হতে উচ্ছলিছে আলোঝলা কথাবলা স্রোতে। মর্ত্যের শ্লানতা তারে পারে নি তো স্পর্শ করিবারে। প্রভাতে সে দেখা দিলে মনে হয় যেন স্থ্মুখী রক্তারুণ উল্লাসে কৌতুকী। মধ্যাহ্নের স্থলপদ্ম অমলিন রাগে প্রফুল্ল সে স্থর্যের সোহাগে, সায়াহের জু ই **সে-**যে, গন্ধে যার প্রদোষের শৃক্ততায় বাঁশি ওঠে বেজে। মৈত্রীস্থাময় চোখে ় মাধুরী মিশায়ে দেয় সন্ধ্যাদীপালোকে। রজনীগন্ধা দে রাতে, দেয় পরকাশি जानमहिरह्मान द्रांभि द्रांभि ; সঙ্গহীন আঁধারের নৈরাশ্রন্ধালিনী,— नाम कि मानिनी।

कक्रशी

তঞ্লত যে-ভাষায় কয় কথা সে-ভাষা সে জানে,— তৃণ তার পদক্ষেপ দয়া বলি মানে। পুষ্পপল্লবের 'পরে তার সাঁখি जम् जात्व र्यं मित्र योग्र त्रांथि। স্নেহ তার আকাশের আলোর মতন কাননের অন্তরবেদন দ্র করিবার লাগি নিত্য আছে জাগি। শিশু হতে শিশুতর গাছগুলি বোবা প্রাণে ভর-ভর; বাতাদে বৃষ্টিতে চঞ্চলিয়া জাগে তারা অর্থহীন গীতে, ধরণীর যে-গভীরে চিররসধারা সেইখানে তারা কাঙাল প্রসারি ধরে তৃষিত অঞ্জলি, বিশের করণারাশি শাখায় শাখায় উঠে ফলি ;— সে-তরুলতারি মতো স্নিশ্ব প্রাণ তার; খ্রামল উদার সেবা ষত্ম সরল শান্তিতে ঘনচ্ছায়া বিস্তারিয়া আছে চারিভিতে; তাহার মমতা সকল প্রাণীর 'পরে বিছায়েছে ক্লেহের সমতা; পশু পাখি তার আপনার; জীববৎসলার স্নেহ ঝরে শিশু-'পরে, বনে যেন নত মেঘভার णाल वात्रिधात।

তঙ্গণ প্রাণের 'পরে কঙ্গণায় নিত্য সে তঙ্গণী,— নাম কি কঙ্গণী।

প্রতিয়া

ठ पूर्वनी थन त्नस्य পুর্ণিমার প্রান্তে এসে গেল থেমে। অপুর্ণের ঈষৎ আভাসে আপন বলিতে তারে মর্ত্যভূমি শঙ্কা নাহি বাসে। এ ধরার নির্বাসনে কুণ্ঠার গুণ্ঠন নাই, ভীক্ষতা নাইক তার মনে, সংসারজনতা মাঝে আপনাতে আপনি বিরাজে। তৃঃখে শোকে অবিচল, ধৈর্য তার প্রফুল্লতা-ভরা, সকল উদ্বেগভারহরা। त्त्रांग यमि जारम कृत्थ সককণ শাস্ত হাসি লেগে থাকে গ্লানিহীন মৃথে। হুর্যোগ মেঘের মতো भीटि पिरम वर्ट याम कछ বারে বারে, প্রভা তার মৃছিতে না পারে। তৰু তার মহিমায় কিছু আছে বাকি, সেইখানে ব্লাখে ঢাকি অশুজন

অশ্রুজন
বিষাদ-ইন্সিতে-ছোঁওয়া ঈষং বিহ্বল।
কণামাত্র সে-ক্ষীণতা
নাহি কহে কথা,
কেহ না দেখিতে পায়
নিত্য যারা ঘিরে আছে তায়।

রবীজ-রচনাবলী

অমরার অসীমতা মাটিতে নিয়েছে সীমা,— নাম কি প্রতিমা।

निमनी

প্রথম সৃষ্টির ছন্দ্রথানি অকে তার নক্ষত্রের নৃত্য দিল আনি। বৰ্ষা-অন্তে ইদ্ৰধন্থ মর্ত্যে নিল তমু। मिथध्व भाषाची जन्नि চঞ্চল চিন্তায় তার বুলায়েছে বর্ণ-আঁকা তুলি। সরল তাহার হাসি, স্বরুমার মৃঠি যেন ভুজ্ৰ কমলকলিকা; আঁখিহুটি যেন কালো আলোকের সচকিত শিখা। অবসাদবদ্ধভাঙা মৃক্তির সে ছবি, দে আনিয়া দেয় চিত্তে কলনৃত্যে দুস্তর-প্রস্তর-ঠেলা ফেনোচ্ছল আনন্দজাহ্নবী। বীণার ডম্রের মতো গতি তার সংগীতম্পন্দিনী,— नाम कि निस्नी।

২৮ আবণ ১৩৩৫

উষসী

ভোরের আগের যে-প্রহরে
ন্তন্ধ অন্ধকার-'পরে
স্থাপ্তি-অন্তরাল হতে দূর সুর্বোদয়
বন্ময়

পাঠায় নৃতন জাগরণী, জতি মৃত্ শিহরণী বাতাদের গায়ে; পাখির কুলায়ে

অস্পষ্ট কাকলি ওঠে আধোজাগা স্বরে,

শুদ্ধিত আগ্রহভরে অব্যক্ত বিরাট আশা ধ্যানে মগ্ন দিকে দিগস্তরে,— ও কোন্ তরুণ প্রাণে করিয়াছে ভর,

> অন্তর্চ সে-প্রহর আত্ম-অগোচর।

চিত্ত তার আপনার গভীর অস্তরে
নিঃশব্দে প্রতীক্ষা করে
পরিপূর্ণ সার্থকতা লাগি।
স্থপ্তি-মাঝে প্রতীক্ষিয়া আছে জাগি

নির্মল নির্ভয় কোন্ দিব্য অভ্যুদয়।

কোন্ দে পরমা মুক্তি, কোন্ সেই আপনার দীপ্যমান মহা আবিষ্কার।

প্রভাতমহিমা ওর সমৃত রয়েছে নিশ্চেতনে, তাহারি আভাস পাই মনে। আমি ওই রথশব্দ শুনি,

সোনার বীণার তারে সংগীত আনিছে কোন্ গুণী। জাগিবে হৃদয়,

ভূবন তাহার হবে বাণীময়;

মানসকমল একমনা

নবোদিত তপনের করিবে প্রথম অভ্যর্থনা।

জাগিবে নৃতন দিবা উচ্জানে

वर्ष गरक गांत्न প्रांत यहार मत्व जात्र ठात्रिभारम।

নিৰুদ্ধ চেতনা হতে হবে চ্যুত লালদা-আবেশে জড়ীভূত

স্থপ্নের শৃঙ্খলপাশ।

বিল্প্ত করিবে দুরে উন্মুক্ত বাতাস হুর্বল দীপের গাঢ় বিষতপ্ত কলুষনিখাস। আলোকের জন্মধানি উঠিবে উচ্ছুসি,— নাম কি উষসী।

[আবণ १-আমিন ১৩৩৫]

ছায়ালোক

যেথায় তুমি গুণী জ্ঞানী, ষেথায় তুমি মানী,
যেথায় তুমি তত্ত্বিদের সেরা,
আমি সেথায় লুকিয়ে যেতে পথ পাব না জ্ঞানি,
সেথায় তুমি লোকের ভিড়ে ঘেরা।
সেথায় তোমার বৃদ্ধি সদাই জাগে,
চক্ষে তোমার আবেশ নাহি লাগে,
আমার ভীক্ষ হৃদয় ছায়া মাগে,
তোমার সেথায় আলোক ধরতর,
যথন সেথা চাহ আমার বাগে
সংকোচে প্রাণ কাঁপে থর থর।

মোহভাঙা দৃষ্টি তোমার যথন আঘাত হানে,

যায় নিখিলের রহস্তথার টুটে,

এক নিমেষে অপরপের রূপের মধ্যখানে

অন্ত যন্ত্র প্রকাশ পেয়ে উঠে।

বস্থারার শ্রামল প্রাণের ঢাকা

রুড় পাথর গোপন ক'রে রাখা,
ভিতরে তার কতই আঁকাবাঁক।

কতকালের দাহন-ইতিহাসে,

ফাটলধরা কত-যে দাগ আঁকা

তোমার চোথে বাহির হয়ে আসে।

মহুয়া

তেমনি করে যথন কভূ আমার পানে চাবে

মর্মভেদী কৌত্হলের আঁথি,
বিধাতা যা লুকান লাজে দেখতে-যে তাই পাবে

মোর রচনায় যা আছে তাঁর বাকি।
আমার মাঝে তোমার অগোচরে
আদিম যুগের গোপন গভীর স্তরে
অপুর্বতা রয়েছে অস্তরে,

সৃষ্টি আমার অসমাপ্ত আছে,
সামনে এলে মরি-যে সেই ডরে
ভাঙাচোরা চক্ষে পড়ে পাছে।

তোমার প্রাণে কোনোখানে নাই কি মায়ার ঠাই
মন্ততাহীন তত্তপরপারে,
যেথায় তীক্ষ চোথের কোনো প্রশ্ন জেগে নাই
অসতর্ক মৃক্ত হৃদয়দ্বারে ?
যেথায় তুমি দৃষ্টিকর্তা নহ,
স্টেকর্তা স্থাই লয়ে রহ,
যেথা নানা বর্ণের সংগ্রহ,
যেথা নানা বর্ণের সংগ্রহ,
যেথা নানা মৃতিতে মন মাতে,
যেথা তোমার অতৃপ্ত আগ্রহ
আপনভোলা রদের রচনাতে।

সেথায় আমি যাব যথন চৈত্ররজনীতে
বনের বাণী হাওয়ায় নিরুদ্দেশা,
টাদের আলোয় ঘুম-হারানো পাথির কলগীতে
পথ-হারানো ফুলের রেণু মেশা।
দেখবে আমায় স্থপন-দেখা চোখে,
চমকে উঠে বলবে তুমি, 'ও কে,

কোন্ দেবতার ছিল মানসলোকে,

এল আমার গানের ডাকে ডাকা'।
সে-রূপ আমার দেখবে ছায়ালোকে

যে-রূপ তোমার পরান দিয়ে আঁকা

> व्याचिन ३७७६

প্রচ্ছন্ন

विष्मा ये मोधिश्वन-'शद्र ক্ষণকালের তরে পথ হতে-যে দেখেছিলেম, ওগো আধেক-দেখা, মনে হল তুমি অসীম একা দাঁড়িয়েছিলে যেন আমার একটি বিজন খনে আর কিছু নাই সেথায় ত্রিভূবনে। সামনে তোমার মুক্ত আকাশ, অরণ্যতল নীচে, ক্ষণে ক্ষণে ঝাউয়ের শাখা প্রলাপ মর্মরিছে। मुथ प्रिथा ना योग्र, পिঠের 'পরে বেণীটি লুটায়। থামের পাশে হেলান-দেওয়া ঈষৎ দেখি আধখানি ঐ দেহ, অসম্পূর্ণ কয়টি রেখায় কী যেন সন্দেহ। विनिनी कि ভোগের कांत्रांगाद्य, ভাবনা তোমার উড়ে চলে দূর দিগন্তপারে ? সোনার বরন শস্তথেতে, কোন্-সে নদীতীরে পুজারীদের চলার পথে, উচ্চচূড়া দেবতামন্দিরে তোমার চিরপরিচিত প্রভাত-আলোথানি, তারি শ্বতি চক্ষে তোমার জল কি দিল আনি।

কিম্বা তুমি রাজেন্দ্রসোহাগী, সেই বহুবল্লভের প্রেমে মিধার তৃঃথ হৃদয়ে রম্ন জাগি, প্রশ্ন কি তাই জ্বান্ত নক্ষত্রেরে
সপ্তথ্যবির কাছে তোমার প্রণামখানি সেরে।
হয়তো র্থাই সাজ,
তৃপ্তিবিহীন চিত্ততলে তৃষ্ণা-অনল দহন করে আজো;
তাই কি শৃগ্য আকাশ-পানে চাও,
উপেক্ষিত যৌবনেরি ধিক্কার জানাও?

কিমা আছ চেম্বে আদবে দে কোন্ ছঃসাহসী গোপন পদা বেয়ে, বক্ষ তোমার দোলে, রক্ত নাচে ত্রাদের উতরোলে। ন্তৰ আছে তৰুৰোণী মরণছায়া-ঢাকা, শুন্তে ওড়ে অদৃশ্য কোন্ পাথা। আমি পথিক যাব-যে কোন্ দূরে; তুমি রাজার পুরে মাঝে-মাঝে কাজের অবসরে বাহির হয়ে আসবে হোথায় ঐ অলিন্দ-'পরে, দেখবে চেয়ে অকারণে স্তব্ধ নেত্রপাতে গোধৃলিবেলাতে বনের সবুজ তরঙ্গ পারায়ে নদীর প্রান্তরেখায় ষে-পথ গিয়েছে হারায়ে। তোমার ইচ্ছা চলবে কল্পনাতে স্থূর পথে আভাসরূপী সেই অজানার সাথে পান্থ ষে-জন নিত্য চলে যায়। আমি পথিক হায়, পিছন-পানে এই বিদেশের স্থদূর সৌধশিরে ইচ্ছা আমার পাঠাই ফিরে ফিরে ছায়ায়-ঢাকা আধেক-দেখা তোমার বাতায়নে, ষে-মৃথ তোমার লুকিয়ে ছিল সে-মৃথ আঁকি মনে।

मक्

দর্পণ দইয়া তারে কী প্রশ্ন শুধাও একমনে
হে স্থলারী, কী সংশয় জাগে তব উদ্বিয় নয়নে।
নিজেরে দেখিতে চাও বাহিরে রাখিয়া আপনারে
যেন আর কারো চোখে; আর কারো জীবনের ঘারে
খুঁজিছ আপন স্থান। প্রেমের অর্য্যের কোনো ক্রটি
দেখ কি ম্পের কোনোখানে। তাই তব আঁথিত্টি
নিজেরে কি করিছে ভ[<]সনা। সাজায়ে লইয়া সর্বদেহে
স্থর্গের গর্বের ধন, তবে যেতে চাও তার গেহে?
জান না কি হে রমণী, দর্পণে যা দেখিছ তা ছায়া,
পার না রচিতে কভু তাই দিয়ে চিরস্থায়ী মায়া।
তিলোভমা অম্পুশমা স্থরেক্রের প্রমোদপ্রাঙ্গণে
কন্ধণঝারে আর নৃত্যলোল নৃপুরনিকণে
নাচিয়া বাহিরে চলে যায়। লয়ে আঅনিবেদন
গৌরবে জিনিলা শচী ইন্দ্রলোকে নন্দন-আসন।

३६ व्याचिन ३०७६

ভাবিনী

ভাবিছ যে-ভাবনা একা-একা

হয়ারে বসি চূপে চূপে,
দে যদি সম্প্রে দিত দেখা

মৃতি ধরি কোনো রূপে—

হয়তো দেখিতাম শুকতারা

দিবস পার হয়ে দিশাহারা

এসেছে সন্ধ্যার কিনারাতে

সাঁঝের তারাদের দলে,
উদাস স্থতিভরা আঁখিপাতে

উধার হিমকণা কলে।

হয়তো দেখিতাম বাদলে য়ে
প্রাবণে এনেছিল বাণী
শরতে জলভার এল ত্যেজে
শুল্র সেই মেঘখানি।
চলে সে সম্মাসী দিশে দিশে
রবির আলোকের পিয়াসী সে,
আকাশ আপনারি লিপি লিখে
পড়িতে দিল যেন তারে,
সে তাই চেয়ে চেয়ে অনিমিথে
বুঝিতে বুঝি নাহি পারে।

হয়তো দেখিতাম রজনীতে

সে যেন স্থরহারা বীণা

বিজ্ঞন দীপহীন দেহলিতে

মৌন-মাঝে আছে লীনা।

একদা বেজেছিল যে-রাগিণী

তারে সে ফিরে যেন নিল চিনি

তারার কিরণের কম্পনে

নীরব আকাশের মাঝে,

স্থানুর স্থরসভা-অঙ্গনে

স্থরের শ্বৃতি ষেথা বাজে।

) व **भाविन ३**७७६

একাকী

চন্দ্রমা আকাশতলে পরম একাকী,—
আপন নিঃশন্দ গানে আপনারি শৃক্ত দিল ঢাকি।
অয়ি একাকিনী,
অলিন্দে নিশীথরাত্রে শুনিছ সে জ্যোৎস্থার রাগিণী
চেয়ে শৃক্তপানে,

त्रवीख-त्रानावनी

ষে-রাগিগা অসীমের উৎস হতে আনে
অনাদি বিরহরস, তাই দিয়ে ভরিয়া আঁধার
কোন্ বিশ্ববেদনার মহেশ্বরে দেয় উপহার।
তারি সাথে মিলায়েছ তব দৃষ্টিথানি,
চোথে অনির্বচনীয় বাণী,
মিলায়েছ যেন তব জন্মান্তর হতে নিয়ে আদা
দীর্ঘনিশ্বাসের ভাষা।
মিলায়েছ, স্থান্তীর হৃঃথের মাঝারে
ব্য-মুক্তি রয়েছে লীন বন্ধহীন শান্ত অন্ধকারে।
অরণ্যে অরণ্যে আজি সাগরে সাগরে,
জনশৃত্য তুষারশিথরে
কোন্ মহাশ্বেতা, কোন্ তপশ্বিনী বিছাল অঞ্চল,
ত্তর্ম অচঞ্চল,
অনস্তেরে সম্বোধিয়া কহিল সে উর্ধের তুলি আঁথি,—
তুমিও একাকী।

১৮ **जा**विन ১७७६

আশীর্বাদ

জনিন অরুণরশ্মি আজি ওই তরুণ প্রভাতে হে নবীনা, নবরাগরজিম শোভাতে সীমস্তে সিন্দুরবিন্দু তব জ্যোতি আজি পেল অভিনব, চেলাঞ্চলে উন্তাসিল অন্তরের দীপ্যমান প্রভা, শরমের বৃস্তে তুমি আনন্দের বিকশিত জবা।

সাহানা রাগিণীরদে জড়িত আজি এ পুণ্যতিথি, তোমার ভুবনে আসে পরম অতিথি। আনো আনো মান্সল্যের ভার, দাও বধু, খুলে দাও হার, তোমার অঙ্গনে হেরো সগৌরবে ওই রথ আসে, সেই বার্তা আজি বুঝি উদেঘাষিল আকাশে বাডাদে।

নবীন জীবনে তব নববিশ্ব রচনার ভাষা
আজি বৃঝি পূর্ণ হল লয়ে নব আশা।
সৃষ্টির সে আনন্দ-উৎসবে
তব শ্রেষ্ঠধন দিতে হবে,
সেই সৃষ্টিসাধনায় আপনি করিবে আবিষ্কার
তোমার আপনা-মাঝে লুকানো যে এশ্বর্যভাগ্রার।

পথ কে দেখাল এই পথিকেরে তাহা আমি জানি, ওই চক্ষ্তারা তারে দ্বারে দিল আনি। যে-স্থর নিভৃতে ছিল প্রাণে কেমনে তা শুনেছিল কানে, তোমার হদয়কুঞ্জে যে-ফুল ছায়ায় ছিল ফুটে তাহার অমৃতগন্ধ গিয়েছিল বন্ধ তার টুটে।

যদি পারিতাম আজি অলকার দারীরে ভুলায়ে
হরিয়া অমূল্য মণি অলকেতে দিতাম ছলায়ে।
তবু মোর মন মোরে কহে
সে-দান তোমার যোগ্য নহে,
তোমার কমলবনে দিব আনি রবির প্রসাদ,
তোমার মিলনক্ষণে সঁপিব কবির আশীর্বাদ।

নববধূ

চলেছে উজ্ঞান ঠেলি তরণী তোমার,

দিক্প্রান্তে নামে অন্ধকার।
কোন্ গ্রামে খাবে তুমি, কোন্ ঘাটে হে বধ্বেশিনী,
ভগো বিদেশিনী।
উৎসবের বাঁশিখানি কেন-যে কে জানে
ভরেছে দিনাস্তবেলা মান মূলতানে,
তোমারে পরাল দাজ মিলি দখীদল
গোপনে মৃছিয়া চক্ষ্জল।

মৃত্স্রোত নদীখানি ক্ষীণ কলকলে
স্থিমিত বাতাদে যেন বলে—
'কত বধ্ গিয়েছিল কতকাল এই স্রোত বাহি
তীরপানে চাহি।
ভাগ্যের বিধাতা কোনো কহেন নি কথা,
নিস্তর্ম ছিলেন চেয়ে লক্ষাভয়ে নতা
তক্ষণী কন্তার পানে, তরী 'পরে ছিলেন গোপনে
তরণীর কাণ্ডারীর সনে।'

কোন্ টানে জানা হতে অজানায় চলে

আধো হাসি আধো অশ্রুজনে !

ঘর ছেড়ে দিয়ে তবে ঘরখানি পেতে হয় তারে

অচেনার ধারে।

ওপারের গ্রাম দেখো আছে ঐ চেয়ে,

বেলা ফুরাবার আগে চলো তরী বেয়ে,

ওই ঘাটে কত বধ্ কত শত বর্ষ ধরি

ভিড়ায়েছে ভাগ্যভীক তরী

মহুয়া

জনে জনে রচি গেল কালের কাহিনী,

অনিত্যের নিত্যপ্রবাহিনী।
জীবনের ইতিবৃত্তে নামহীন কর্ম-উপহার

রেখে গেল তার।
আপনার প্রাণস্ত্রে যুগ যুগান্তর
গেঁথে গেঁথে চলে গেল না রাথি স্বাক্ষর,
ব্যথা যদি পেয়ে থাকে না রহিল কোনো তার ক্ষত,
লভিল মৃত্যুর সদাব্রত।

তাই আজি গোধূলির নিস্তন্ধ আকাশ
পথে তব বিছাল আখাস।
কহিল সে কানে কানে, প্রাণ দিয়ে ভরা যার বৃক
সেই তার স্থথ।
রয়েছে কঠোর হৃঃথ রয়েছে বিচ্ছেদ,
তবু দিন পূর্ণ হবে, রহিবে না থেদ
যদি বলে যাও বধ্, 'আলো দিয়ে জেলেছিম্ন আলো,
সব দিয়ে বেসেছিম্ন ভালো।'

১৯ আবিন ১৩৩৫

পরিণয়

শুভখন আসে সহসা আলোক জেলে, মিলনের স্থা পরম ভাগ্যে মেলে। একার ভিতরে একের দেখা না পাই, ত্জনার যোগে পরম একের ঠাই, সে-একের মাঝে আপনারে খুঁজে পেলে।

আপনারে দান সেই তো চরম দান, আকাশে আকাশে তারি লাগি আহ্বান। ফুলবনে তাই রূপের তৃফান লাগে, নিশীথে তারায় আলোর ধেয়ান জাগে, উদয়সূর্য গাহে জাগরণী গান।

নীরবে গোপনে মর্ত্যভ্বন-'পরে
অমরাবতীর স্থরস্থরধূনী ঝরে।

যথনি হৃদয়ে পশিল তাহার ধারা
নিজেরে জানিলে সীমার বাঁধন হারা,
স্বর্গের দীপ জলিল মাটির ঘরে।

আজি বসস্ত চিরবসন্ত হ'ক

চিরস্থদরে মজুক ভোমার চোখ।
প্রেমের শান্তি চিরশান্তির বাণী
জীবনের ব্রতে দিনে রাতে দিক আনি,
সংসারে তব নামুক অমৃতলোক।

আখিন ? ১৩৩৫

মিলন

সৃষ্টির প্রাঙ্গণে দেখি বসস্তে অরণ্যে ফুলে ফুলে ছিরে মিলানো নিয়ে থেলা রেণুলিপি বহি বায় প্রশ্ন করে মৃকুলে মৃকুলে কবে হবে ফুটিবার বেলা। তাই নিয়ে বর্ণচ্ছটা, চঞ্চলতা শাখায় শাখায়, স্পরের ছন্দ বহে প্রজাপতি পাখায় পাখায়, পাখির সংগীত সাথে বন হতে বনাস্তরে ধায় উচ্ছুসিত উৎসবের মেলা।

সৃষ্টির সে-রন্ধ আজি দেখি মানবের লোকালয়ে

ত্জনার গ্রন্থির বাঁধন।

অপূর্ব জীবন তাহে জাগিবে বিচিত্র রূপ লয়ে

বিধাতার আপন সাধন।

হেড়েছে সকল কাজ, রঙিন বসনে ওরা সেজে

চলেছে প্রান্তর বেয়ে, পথে পথে বাঁশি চলে বেজে,
পুরানো সংসার হতে জীর্ণতার সব চিহ্ন মেজে

রচিল নবীন আচ্ছাদন।

যাহা সবচেয়ে সতা সবচেয়ে খেলা যেন তাই,
যেন সে ফাল্পনকলোলাস।
যেন তাহা নিঃসংশয়, মর্তের মানতা যেন নাই,
দেবতার যেন সে উচ্ছাস।
সহজে মিশেছে তাই আত্মভোলা মাহুষের সনে
আকাশের আলো আজি গোধ্লির রক্তিম লগনে,
বিশ্বের রহস্থলীলা মাহুষের উৎসবপ্রাঙ্গণে
লভিয়াছে আপন প্রকাশ।

বাজা তোরা বাজা বাঁশি, মৃদক্ষ উঠুক তালে মেতে
হরস্ত নাচের নেশা পাওয়া।
নদীপ্রান্তে তরুগুলি ঐ দেখ্ আছে কান পেতে,
ঐ স্থ্ চাহে শেষ চাওয়া।
নিবি তোরা তীর্থবারি সে-অনাদি উৎসের প্রবাহে
অনস্তকালের বক্ষ নিমগ্ন করিতে যাহা চাহে
বর্ণে গঙ্কে রূপে রুসে, তরন্ধিত সংগীত উৎসাহে
জাগায় প্রাণের মন্ত হাওয়া।

সহন্দ্র দিনের মাঝে আজিকার এই দিনখানি
হয়েছে স্বতন্ত্র চিরস্তন।
তুচ্ছতার বেড়া হতে মৃক্তি তারে কে দিয়েছে আনি
প্রত্যহের ছিঁড়েছে বন্ধন।
প্রাণদেবতার হাতে জয়টিকা পরেছে সে ভালে,
হর্ষতারকার সাথে স্থান সে প্রেছে সমকালে,
হৃষ্টির প্রথম বাণী যে-প্রত্যাশা আকাশে জাগালে
তাই এল করিয়া বহন।

२० जाचिन २७७०

विक्रबी

তুমি বনের পুব পবনের সাথী,
বাদল মেঘের পথে তোমার ডানার মাতামাতি।
তুগো পাথি, বাঁধনহারা পাথি,
থাঁচার কোণে এই বিজ্ञনে আপন মনে থাকি।
হায় অজানা, জানি না সে
উধাও তুমি কোন্ আকাশে,
কোন্ তমালের কাননতলে মধ্যদিনের তাপে
বনচ্ছায়ার শিরায় শিরায় তোমারি হুর কাঁপে।

কোন্ রঙনে রঙিন তোমার পাখা ?
তোমার সোনার বরনথানি ভাবনাতে মোর আঁকা
ওগো পাথি, বাঁধনহারা পাথি,
মৃক্তরূপের ধ্যানের ছায়ায় ময় আমার আঁথি।
বন্দী মনের বন্ধ ডানা,
চতুর্দিকে কঠোর মানা,
তোমার সাথে উড়ে চলার মিলন মাগি মনে,—
শৃত্যে সদাই গান ফেরে তাই অসীম অম্বেষণে।

গান গাওয়া মোর সেই মিলনের থেলা,
তোমার গানের ছন্দে আমার স্থপন পাথা মেলা।
ওগো পাথি, বাঁধনহারা পাথি,
মনে মনে তোমায় পরাই গানের গাঁথন রাখি।
আজি আমার স্থরের মাঝে
দ্রের ডানার শন্দ বাজে,
মেঘের পথিক গানে আমার এল প্রাণের কূলে,
বিরহেরি আকাশতলে নিল আমায় তুলে।

গানের হাওয়ায় নিকট মিলায় দ্রে—
দ্র আসে সেই হাওয়ায় প্রাণের নিকট অস্তঃপুরে।
তগো পাথি, বাঁধনহারা পাথি,
তোমার গানের মরীচিকায় শৃক্ত যে দাও ঢাকি।
বাঁধনে তাই জাহ লাগে,
বীণার তারে মূর্তি জাগে,
রাগিণীতে মুক্তি সে দেয়, ওগো আমার দ্র,
তোমার দেওয়া না-শোনা গান বাঁধে যে তার স্থর।

e कार्जिक ১७७e

গুপ্তথন

আরো কিছুখন না-হয় বদিয়ো পাশে,
আরো যদি কিছু কথা থাকে তাই বলো।
শরৎ-আকাশ হেরো মান হয়ে আসে,
বাষ্প-আভাসে দিগন্ত ছলোছলো।
জানি তুমি কিছু চেয়েছিলে দেখিবারে,
তাই তো প্রভাতে এসেছিলে মোর দারে,

দিন না কুরাতে দেখিতে পেলে কি তারে
হে পথিক বলো বলো,—
সে মোর অগম অন্তর-পারাবারে
রক্তকমল তরক্ষে টলোমলো।

দ্বিধাভরে আজো প্রবেশ কর নি ঘরে,
বাহির-আঙনে করিলে স্থরের থেলা,
জানি না কী নিয়ে যাবে-যে দেশান্তরে,
হে অতিথি, আজি শেষবিদায়ের বেলা।
প্রথম প্রভাতে সব কাজ তব ফেলে
যে-গভীর বাণী শুনিবারে কাছে এলে,
কোনোখানে কিছু ইশারা কি তার পেলে
হে পথিক, বলো বলো,—
সে-বাণী আপন গোপন প্রদীপ জেলে
রক্ত-আগুনে প্রাণে মোর জলোজলো।

১৪ কার্তিক ১৩৩৪

প্রত্যাগত

দ্রে গিয়েছিলে চলি; বসস্তের আনন্দভাণ্ডার
তথনো হয় নি নিংশ্ব; আমার বরণপুষ্পহার
তথনো অমান ছিল ললাটে তোমার। হে অধীর,
কোন্ অলিখিত লিপি দক্ষিণের উদ্ভাস্ত সমীর
এনেছিল চিত্তে তব। তুমি গেলে বাঁশি লয়ে হাতে,
ফিরে দেখ নাই চেয়ে আমি বলে আপন বীণাতে
বাঁধিতেছিলাম হ্মর গুঞ্জরিয়া বসস্তপঞ্চমে;
আমার অন্দেতলে আলো আর ছায়ার সংগমে
কম্পমান আমতক করেছিল চাঞ্চল্য বিস্তার
সৌরভবিহ্নল শুক্ররাতে। সেই কুঞ্জগৃহদার

এতকাল মুক্ত ছিল। প্রতিদিন মোর দেহলিতে भाँकियाहि जालिभना। প্রতিসন্ধ্যা বরণডালিতে गक्तरेजल जोलारप्रिक् मींभ। जां कि कठकांन भरत যাত্রা তব হল অবসান। হেথা ফিরিবার তরে হেপা হতে গিয়েছিলে। হে পথিক, ছিল এ-লিখন--আমারে আড়াল করে আমারে করিবে অম্বেষণ ; স্থদ্রের পথ দিয়ে নিকটেরে লাভ করিবারে আহ্বান লভিয়াছিলে স্থা। আমার প্রাঙ্গণদ্বারে যে-পথ করিলে শুরু সে-পথের এখানেই শেষ। হে বন্ধু, কোরো না লজ্জা, মোর মনে নাই ক্ষোভলেশ, নাই অভিমানতাপ। করিব না ভৎ সনা তোমায়; গভীর বিচ্ছেদ আজি ভরিয়াছি অসীম ক্ষমায়। আমি আজি নবতর বধু; আজি শুভদৃষ্টি তব বিরহগুঠনতলে দেখে যেন মোরে অভিনব অপুর্ব আনন্দরূপে, আজি যেন সকল সন্ধান প্রভাতে নক্ষত্রসম শুদ্রতায় লভে অবসান। षां कि तां कित ना दांगि, कितत ना अमीलत माना, পরিব না রক্তাম্বর; আজিকার উৎসব নিরালা সর্ব-আভরণহীন। আকাশেতে প্রতিপদ-চাঁদ কুষ্ণপক্ষ পার হয়ে পূর্ণতার প্রথম প্রসাদ লভিয়াছে। দিক্প্রাম্ভে তারি ওই ক্ষীণ নম্র কলা नीत्रत्व वन्क आंक्षि आंभारमत्र भव कथा-वला।

२१ त्रीत ३७७६

পুরাতন

যে-গান গাহিয়াছিয় কবেকার দক্ষিণ বাতাসে
সে-গান আমার কাছে কেন আজ ফিরে ফিরে আসে
শরতের অবসানে। সেদিনের সাহানার স্থর
আজি অসময়ে এসে অকারণে করিছে বিধুর
মধ্যান্থের আকাশেরে; দিগন্তের অরণ্যরেখায়
দ্র অতীতের বাণী লিপ্ত আছে অস্পষ্ট লেখায়,
তাহারে ফুটাতে চাহে। পথভ্রাস্ত করুণ গুঞ্জনে
মধু আহরিতে ফিরে, সেদিনের অরুপণ বনে
যে-চামেলিবল্লী ছিল তারি শৃত্ত দানসত্র হতে।
ছায়াতে যা লীন হল তারে খোঁজে নিষ্ঠ্র আলোতে।
শীতরিক্ত শাখা ছেড়ে পাথি গেছে সিন্ধুপারে চলি,
তারি কুলায়ের কাছে সে-কালের বিশ্বত কাকলি
বুথাই জাগাতে আসে। যে-তারকা অন্তে গেল দ্রে

त्भीव ? २७०६

ছায়া

আঁথি চাহে তব মৃখ-পানে, তোমারে জেনেও নাহি জানে। কিসের নিবিড় ছায়া নিয়েছে স্বপনকায়া তোমার মর্মের মাঝখানে।

হাসি কাঁপে অধরের শেষে দূরতর অশ্রুর আবেশে। বসন্তকুজিত রাতে ভোমার বাণীর সাথে অঞ্চত কাহার বাণী মেশে।

মনে তব গুপ্ত কোন্ নীড়ে।
অব্যক্ত ভাবনা এসে ভিড়ে।
বসস্তপঞ্চম রাগে
বিচ্ছেদের ব্যথা লাগে
স্থগভীর ভৈরবীর মীড়ে।

তোমার শ্রাবণপূর্ণিমাতে বাদল রয়েছে সাথে সাথে। হে কঞ্চণ ইন্দ্রধন্থ, তোমার মানসী তন্ত্র জন্ম নিল আলোতে ছায়াতে।

অদৃশ্যের বরণের ডালা,
প্রচ্ছন্ন প্রদীপ তাহে জ্বালা।
মিলন নিকুঞ্গতলে
দিয়েছ আমার গলে
বিরহের স্ত্রে গাঁথা মালা।

তব দানে ওগো আনমনা, দিয়ো মোরে তোমার বেদনা। যে-বন কুয়াশাছাওয়া ঝরা ফুল সেথা পাওয়া, থাক্ তাহে শিশিরের কণা।

বাসর্ঘর

তোমারে ছাড়িয়া বেতে হবে রাত্তি যবে উঠিবে উন্মনা হয়ে প্রভাতের রথচক্ররবে। হায় রে বাসরঘর, বিরাট বাহির সে যে বিচ্ছেদের দহ্য ভয়ংকর। তবু সে যতই ভাঙেচোরে মালাবদলের হার যত দেয় ছিল্ল ছিল্ল করে, তুমি আছ ক্ষয়হীন षश्मिन ; তোমার উৎসব विक्ति ना रग्न कर्, ना रग्न नौत्रव। কে বলে তোমারে ছেড়ে গিয়েছে যুগল শৃশ্য করি তব শয্যাতল। याग्र नारे, याग्र नारे, নব নব যাত্রীমাঝে ফিরে ফিরে আসিছে তারাই তোমার আহ্বানে উদার তোমার দ্বার-পানে। হে বাসরঘর, বিশ্বে প্রেম মৃত্যুহীন, তুমিও অমর।

[আবাঢ় ১৩৩**ং** বাঙ্গালোর]

विटम्हम

রাত্রি যবে সান্ধ হল, দূরে চলিবারে
দাঁড়াইলে দারে।
আমার কঠের যত গান
করিলাম দান।

তুমি হাসি
মোর হাতে দিলে তব বিরহের বাঁশি।
তার পরদিন হতে
বসস্তে শরতে
আকাশে বাতাদে উঠে খেদ,
কোঁদে কোঁদে ফিরে বিশ্বে বাঁশি আর গানের বিচ্ছেদ

আবাঢ় ১৩**৩**৫ বাঙ্গালোর

বিদায়

কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও।
তারি রথ নিতাই উধাও
জাগাইছে অন্তরীক্ষে হৃদয়স্পন্দন,
চক্রে-পিষ্ট শাধারের বক্ষ-ফাটা তারার ক্রন্দন

শুগো বন্ধু, সেই ধাবমান কাল শুগোরে ধরিল মোরে ফেলি তার জাল,— তুলে নিল জ্রুতরথে হংসাহসী ভ্রমণের পথে তোমা হতে বহুদ্রে। মনে হয় অজন্ম মৃত্যুরে পার হয়ে আসিলাম আজি নবপ্রভাতের শিধরচুড়ায়, রথের চঞ্চল বেগ হাওয়ায় উড়ায় আমার পুরানো নাম। ফিরিবার পথ নাহি;
দূর হতে ধদি দেখ চাহি
পারিবে না চিনিতে আমায়।
হে বন্ধু, বিদায়।

কোনোদিন কৰ্মহীন পূৰ্ণ অবকাশে, বসন্তবাতাসে অতীতের তীর হতে ষে-রাত্রে বহিবে দীর্ঘধাদ, ঝরা বকুলের কান্না ব্যথিবে আকাশ, সেইক্ষণে খুঁজে দেখো, কিছু মোর পিছে রহিল সে তোমার প্রাণের প্রান্তে; বিশ্বতপ্রদোষে হয়তো দিবে সে জ্যোতি, হয়তো ধরিবে কভু নামহারা স্বপ্নের মুর্তি। তবু সে তো স্বপ্ন নয়, সব-চেয়ে সভ্য মোর, সেই মৃত্যুঞ্জয়, সে আমার প্রেম। তারে আমি রাখিয়া এলেম অপরিবর্তন অর্ঘ্য তোমার উদ্দেশে পরিবর্তনের স্রোতে আমি যাই ভেসে कात्नत्र गाजात्र। হে বন্ধু, বিদায়।

ভোমার হয় নি কোনো ক্ষতি
মর্ত্যের মৃত্তিকা মোর, তাই দিয়ে অমৃত-মূরতি
বদি সৃষ্টি করে থাক, তাহারি আরতি
হ'ক তব সন্ধ্যাবেলা।
পূজার সে-থেলা
ব্যাঘাত পাবে না মোর প্রত্যহের মানস্পর্ল লেগে;
তৃষার্ড আবেগবেগে
ভ্রষ্ট নাহি হবে তার কোনো ফুল নৈবেতের থালে।

তোমার মানসভোজে সম্বত্ম সাজালে

যে ভাবরসের পাত্র বাণীর তৃষায়,
তার সাথে দিব না মিশায়ে

যা মোর ধ্লির ধন, যা মোর চক্ষের জলে ভিজে
আজো তুমি নিজে

হয়তো বা করিবে রচন
মোর শ্বিটুকু দিয়ে স্বপ্নাবিষ্ট ভোমার বচন।
ভার তার না রহিবে, না রহিবে দায়।

হে বন্ধু, বিদায়।

মোর লাগি করিয়ো না শোক, আমার রয়েছে কর্ম, আমার রয়েছে বিশ্বলোক। মোর পাত্র রিক্ত হয় নাই, শূন্তেরে করিব পূর্ণ, এই ব্রত বহিব সদাই। উৎকণ্ঠ আমার লাগি কেহ যদি প্রতীক্ষিয়া থাকে সে-ই ধন্য করিবে আমাকে। শুক্লপক্ষ হতে আনি রজনীগন্ধার বৃস্তথানি যে পারে সাজাতে অর্ঘ্যথালা কৃষ্ণপক্ষ রাতে, যে আমারে দেখিবারে পায় অসীম ক্ষমায় ভালোমন্দ মিলায়ে সকলি, এবার পূজায় তারি আপনারে দিতে চাই বলি। তোমারে যা দিয়েছিম, তার পেয়েছ निःশেষ অধিকার। হেথা মোর তিলে তিলে দান, করুণ মুহুর্তগুলি গণ্ডূষ ভরিয়া করে পান कामग्र-अक्षणि २८७ यम।

জ্ঞাে তুমি নিরূপম,
হে ঐশ্ব্বান,
তোমারে ষা দিয়েছিম্থ সে তোমারি দান;
গ্রহণ করেছ যত ঋণী তত করেছ আমায়।
হে বন্ধু, বিদায়।

२६ खून ১৯२৮ बामाक्षत्र । बाक्रात्मात्र

প্রণতি

কত ধৈর্য ধরি
ছিলে কাছে দিবসশর্বরী।
তব পদ-অঙ্কনগুলিরে
কতবার দিয়ে গেছ মোর ভাগ্যপথের ধূলিরে।
আজ যবে
দ্রে যেতে হবে
তোমারে করিয়া যাব দান
তব জ্বয়গান।

কতবার ব্যর্থ আয়োজনে

এ জীবনে
হোমাগ্নি উঠে নি জলি,

শৃন্মে গেছে চলি
হতাশ্বাস ধ্যের কুগুলী।
কতবার ক্ষণিকের শিথা
আঁকিয়াছে ক্ষীণ টিকা
নিশ্চেতন নিশীপের ভালে।

লুপ্ত হয়ে গেছে তাহা চিহ্নহীন কালে।

এবার তোমার আগমন
হোমহুতাশন
ছেলেছে গৌরবে।
যজ্ঞ মোর ধন্ত হবে।
আমার আহুতি দিনশেষে
করিলাম সমর্পণ তোমার উদ্দেশে।

লহো এ প্রণাম—
জীবনের পূর্ণ পরিণাম।
এ প্রণতি-'পরে
স্পর্শ রাখো স্নেহভরে।
তোমার ঐশ্বর্য-মাঝে
সিংহাসন যেথায় বিরাজে,
করিয়ো আহ্বান,
সেথা এ প্রণতি মোর পায় যেন স্থান

[আবাঢ় ১৬৩**ং** বাঙ্গালোর]

নৈবেত্য

তোমারে দিই নি স্থ্, মৃক্তির নৈবেছ গেছ রাখি রজনীর শুদ্র অবসানে; কিছু আর নাহি বাকি, নাইকো প্রার্থনা, নাই প্রতি মৃহুর্তের দৈক্তরাশি, নাই অভিমান, নাই দীনকারা, নাই গর্বহাসি, নাই পিছে ফিরে দেখা। শুধু সে মৃক্তির ডালিখানি ভরিয়া দিলাম আজি আমার মহৎ মৃত্যু আনি।

[আবাঢ় ১৩৩৫ বাজালোর]

অঞ্চ

স্থলর, তুমি চক্ষ্ ভরিয়া

এনেছ অশ্রুজন।

এনেছ তোমার বক্ষে ধরিয়া

হংসহ হোমানল।

হংখ যে তাই উজ্জন হয়ে উঠে,

মৃগ্ধ প্রাণের আবেশবন্ধ টুটে,

এ তাপে শ্বসিয়া উঠে বিকশিয়া

বিচ্ছেদশতদল।

(আবাঢ় ১৩**৩**¢ বাঙ্গালোর)

অন্তথ

তব অন্তর্ধানপটে হেরি তব রূপ চিরন্তন।

অন্তরে অলক্ষ্যলোকে তোমার পরম-আগমন।

লভিলাম চিরস্পর্শমণি;

তোমার শৃক্তা তুমি পরিপূর্ণ করেছ আপনি।

জীবন আঁধার হল, সেইক্ষণে পাইস্থ সন্ধান সন্ধ্যার দেউলদীপ, অন্তরে রাখিয়া গেছ দান। বিচ্ছেদেরি হোমবহ্নি হতে পূজামূর্তি ধরে প্রেম, দেখা দেয় হৃঃথের আলোতে

২৬ আবাঢ় ১৩৩৫ [শাস্তিনিকেডন]

বিরহ

শৃষিত আলোক নিয়ে দিগন্তে উদিল শীর্ণ শশী, অরণ্যে শিরীষশাথে অকস্মাৎ উঠিল উচ্ছুসি বসস্তের হাওয়ার খেয়াল, ব্যথায় নিবিড় হল শেষ বাক্য বলিবার কাল।

গোধূলির গীতিশৃশ্য স্তম্ভিত প্রহরধানি বেয়ে
শাস্ত হল শেষ দেখা,— নির্নিমেষ রহিলাম চেয়ে।
ধীরে ধীরে বনাস্তে মিলাল
প্রাস্তরের প্রাস্ততটে অস্তশেষ ক্ষীণ পাংশু আলো।

যে-দার থুলিয়া গেলে রুদ্ধ সে হবে না কোনোমতে। কান পাতি রবে তব ফিরিবার প্রত্যাশার পথে,— তোমার অমূর্ত আসা-যাওয়া যে-পথে চঞ্চল করে দিগ্বালার অঞ্লের হাওয়া।

বসস্তে মাঘের অস্তে আম্রবনে মুকুলমন্ততা
মধুপগুঞ্জনে মিশি আনে কোন্ কানে-কানে কথা।
মোর নাম তব কণ্ঠে ডাকা
শাস্ত আজি তাপক্লান্ত দিনাস্তের মৌন দিয়ে ঢাকা।

সঙ্গহীন স্তন্ধতার স্থগদ্ভীর নিবিড় নিভৃতে বাকাহারা চিত্তে মোর এতদিনে পাইমু শুনিতে তুমি কবে মর্মমাঝে পশি আপন মহিমা হতে রেখে গেলে বাণী মহীয়সী।

২৬ আবাঢ় ১৩৩¢ [শাস্তিনিকেতন]

বিদায়সম্বল

যাবার দিকের পথিকের 'পরে
ক্ষণিকার স্বেহথানি
শেষ উপহার করুণ অধরে
দিল কানে কানে আনি।
ভূলিব না কভু, রবে মনে মনে—
এই মিছে আশা দেয় খনে খনে,
ছলচল ছায়া নবীন নয়নে
বাধোবাধো মৃত্ন বাণী।

যাবার দিকের পথিক সে-কথা
ভরি লয় তার প্রাণে।
পিছনের এই শেষ আকুলতা
পাথেয় বলি সে জানে।
যখন আধারে ভরিবে সরণী,
ভূলে-ভরা ঘূমে নীরব ধরণী,
ভূলিব না কভু, এই ক্ষীণধ্বনি
তথনো বাজিবে কানে।

যাবার দিকের পথিক সে বোঝে—

যে যায় সে বায় চ'লে,

যারা থাকে তারা এ উহারে থোঁজে,

যে যায় তাহারে ভোলে।

তব্ও নিজেরে ছলিতে ছলিতে

বাঁশি বাজে মনে চলিতে চলিতে

'ভূলিব না কভ্' বিভাসে ললিতে

এই কথা বুকে দোলে।

১৯ অগদট ১৯২৭ সিঙাপুর

দিনাম্ভে

বাহিরে তৃমি নিলে না মোরে, দিবদ গেল বয়ে,
তাহাতে মোর যা হয় হ'ক কতি,
অস্তরে যা দিবার ছিল মিলিছে এক হয়ে,
চরণে তব গোপনে তার গতি।
ল্কায়ে ছিল ছায়াতে ফুল, ভরিল তব ডালি,
গদ্ধভরা বন্দনাতে দিয়েছি ধ্প জ্বালি,
প্রদীপ ছিল মলিনশিখা, ধে ায়াতে ছিল কালি,
দীপ্ত হয়ে উঠিছে তার জ্যোতি।
বাহির হতে না যদি লও পুজার এই ডালি
চরণে তব গোপনে তার গতি।

না-হয় তৃমি ওপারে থাকো, এপারে আমি থাকি
নীরব এই নীরস মক্ষতীরে,
আন্ধকারে সন্ধ্যাতারা নয়নে দেয় আঁকি
স্থান্তর তব উদার আঁথিটিরে।
ব্যথায় মম তোমারি ছায়া পড়িছে মোর প্রাণে,
বিরহ হানি তোমারি বাণী মিলিছে মোর গানে,
অলথ স্রোতে ভাবনা ধায় তোমার তটপানে
এপার হতে বহিয়া মোর নতি
যে-বীণা তব মন্দিরেতে বাজে নি তানে তানে
চরণে তব নীরবে তার গতি।

১ শ্রাবণ ১৬**২**৪ আঘোয়াজ জাহাজ

অবশেষ

বাহির পথে বিবাগী হিয়া কিসের থোঁজে গেলি, আয় রে ফিরে আয়। পুরানো ঘরে ত্য়ার দিয়া ছেঁড়া আসন মেলি বসিবি নিরালায়। সারাটা বেলা সাগর-ধারে কুড়ালি যত হুড়ি, নানারঙের শাম্ক-ভারে বোঝাই হল ঝুড়ি, লবণ-পারাবারের পারে প্রথর তাপে পুড়ি মরিলি পিপাসায়; ঢেউয়ের দোল তুলিল রোল অকুলতল জুড়ি, किश्न वांगी की खानि की ভाষाय। আয় রে ফিরে আয়।

বিরাম হল আরামহীন

যদি রে তোর ঘরে,

না যদি রয় সাথী,

সন্ধ্যা যদি তন্ত্রালীন

মৌন অনাদরে,

না যদি জালে বাতি;

তব্ তো আছে আঁধার কোণে

ধ্যানের ধনগুলি,

একেলা বসি আপনমনে

মৃছিবি তার ধৃলি,

म्ब्या

গাঁথিবি তারে রতনহারে
বৃক্তে নিবি তুলি
মধুর বেদনায়।
কাননবীথি ফুলের রীতি
না-হয় গেছে তুলি,
তারকা আছে গগন-কিনারায়।
আয় রে ফিরে আয়।

২৯ চৈত্ৰ ১৩৩৪ [শান্তিনিকেতন]

শেষ মধু

বসস্তবায় সন্ন্যাসী হায়

চৈৎ-ফসলের শৃশ্য খেতে,
মৌমাছিদের ডাক দিয়ে যায়

বিদায় নিয়ে যেতে যেতে,—
আয় রে, ওরে মৌমাছি, আয়,
চৈত্র যে যায় পত্রঝরা,
গাছের তলায় আঁচল বিছায়
ক্লান্তি-অলস বস্থম্মরা।

সজনে ঝুলায় ফুলের বেণী,
আমের মৃকুল সব ঝরে নি,
কুঞ্জবনের প্রাস্ত-ধারে
আকন্দ রয় আসন পেতে।
আয় রে তোরা মৌমাছি, আয়,
আসবে কথন্ শুকনো থরা,
প্রেতের নাচন নাচবে তথন
রিক্ত নিশায় শীর্ণ জরা।

তেনি বেন কাননশাখায়
বেলাশেষের বাজায় বেণু;
মাথিয়ে নে আজ পাথায় পাথায়
স্মরণভরা গন্ধরেণু।
কাল যে-কুস্থম পড়বে ঝরে
তাদের কাছে নিস গো ভরে
ভই বছরের শেষের মধু
এই বছরের মোচাকেতে।
নৃতন দিনের মোমাছি, আয়,
নাই রে দেরি, করিস জরা,
শেষের দানে ঐ রে সাজায়
বিদায়দিনের দানের ভরা।

চৈত্রমাদের হাওয়ায় কাঁপা
দোলনটাপার কুঁড়িখানি
প্রলয়দাহের রৌক্রতাপে
বৈশাথে আজ ফুটবে জানি।
যা-কিছু তার আছে দেবার
শেষ করে সব নিবি এবার,
যাবার বেলায় যাক চলে যাক
বিলিয়ে দেবার নেশায় মেতে।
আয় রে, ওরে মৌমাছি, আয়,
আয় রে গোপনমধ্-হরা,
চরম দেওয়া দঁপিতে চায়
ঐ মরণের স্বয়ম্বরা।

১২ চৈত্ৰ ১৩৩৩ [শান্তিনিকেতন]

वनवानी

ভূমিকা

আমার ঘরের আশেপাশে যে-সব আমার বোবা-বন্ধু আলোর প্রেমে
মত্ত হয়ে আকাশের দিকে হাত বাড়িয়ে আছে তাদের ডাক আমার মনের
মধ্যে পৌছল। তাদের ভাষা হচ্ছে জীবজগতের আদিভাষা, তার ইশারা
গিয়ে পৌছয় প্রাণের প্রথমতম স্তরে; হাজার হাজার বৎসরের ভুলে-যাওয়া
ইতিহাসকে নাড়া দেয়; মনের মধ্যে যে-সাড়া ওঠে সেও ওই গাছের
ভাষায়,— তার কোনো স্পষ্ট মানে নেই, অথচ তার মধ্যে বহু যুগযুগাস্তর
গুনগুনিয়ে ওঠে।

ওই গাছগুলো বিশ্ববাউলের একতারা, ওদের মজ্জায় মজ্জায় সরল স্বরের কাঁপন, ওদের ডালে ডালে পাতায় পাতায় একতালা ছন্দের নাচন। যদি নিস্তর্ধ হয়ে প্রাণ দিয়ে শুনি তাহলে অস্তরের মধ্যে মুক্তির বাণী এসে লাগে। মুক্তি সেই বিরাট প্রাণসমুদ্রের কৃলে, যে-সমুদ্রের উপরের তলায় স্থন্দরের লীলা রঙে রঙে তরঙ্গিত, আর গভীরতলে 'শাস্তম্ শিবম্ অদৈতম্'। সেই স্থন্দরের লীলায় লালসা নেই, আবেশ নেই, জড়তা নেই, কেবল পরমা শক্তির নিঃশেষ আনন্দের আন্দোলন। 'এতস্থৈবানন্দশ্র মাত্রাণি' দেখি ফুলে ফলে পল্লবে; তাতেই মুক্তির স্বাদ পাই, বিশ্বব্যাপী প্রাণের সঙ্গে প্রাণের নির্মল অবাধ মিলনের বাণী শুনি।

বোষ্ঠমী একদিন জিজ্ঞাসা করেছিল, কবে আমাদের মিলন হবে গাছতলায়। তার মানে গাছের মধ্যে প্রাণের বিশুদ্ধ স্থর, সেই স্থরটি যদি প্রাণ পেতে নিতে পারি তাহলে আমাদের মিলনসংগীতে বদ্-স্থর লাগে না। বৃদ্ধদেব যে-বোধিক্রমের তলায় মুক্তিতত্ব পেয়েছিলেন, তাঁর বাণীর সঙ্গে সেই বোধিক্রমের বাণীও শুনি যেন— তুই-এ মিশে আছে। আরণ্যক ঋষি শুনতে পেয়েছিলেন গাছের বাণী, 'বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেকঃ'; শুনেছিলেন, 'যদিদং কিঞ্চ স্বৰ্ধং প্রাণ এজ্ঞ নিঃস্তম্'।

তাঁরা গাছে গাছে চিরযুগের এই প্রশ্নটি পেয়েছিলেন, 'কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতিযুক্তঃ'— প্রথম-প্রাণ তার বেগ নিয়ে কোথা থেকে এসেছে এই বিশ্বে। সেই প্রৈতি সেই বেগ থামতে চায় না, রূপের ঝরনা অহরহ ঝরতে লাগল, তার কত রেখা, কত ভঙ্গী কত ভাষা, কত বেদনা। সেই প্রথম প্রাণপ্রৈতির নবনবোন্মেষশালিনী সৃষ্টির চিরপ্রবাহকে নিজের মধ্যে গভীরভাবে বিশুদ্ধভাবে অমুভব করার মহামুক্তি আর কোথায় আছে।

এখানে ভোরে উঠে হোটেলের জানালার কাছে বসে কত দিন মনে করেছি শান্তিনিকেতনের প্রান্তরে আমার সেই ঘরের দ্বারে প্রাণের আনন্দ-রূপ আমি দেখব আমার সেই লতার শাখায় শাখায়; প্রথম-প্রৈতির বন্ধবিহীন প্রকাশরূপ দেখব সেই নাগকেশরের ফুলে ফুলে। মুক্তির জয়ে প্রতিদিন যখন প্রাণ ব্যথিত ব্যাকুল হয়ে ওঠে, তখন সকলের চেয়ে মনে পড়ে আমার দরজার কাছের সেই গাছগুলিকে। তারা ধরণীর ধ্যানমন্ত্রের ধ্বনি। প্রতিদিন অরুণোদয়ে, প্রতি নিস্তব্ধরাত্রে তারার আলোয় তাদের ওস্কারের সঙ্গে আমার ধ্যানের স্থর মেলাতে চাই। এখানে আমি রাত্রি প্রায় তিনটের সময়— তখন একে রাতের অন্ধকার, তাতে মেঘের আবরণ— অন্তরে অন্তরে একটা অসহা চঞ্চলতা অনুভব করি নিজের কাছ (थरकरे উष्कांभरवर्ग शामिय यावात ज्ञाण । शामाव रकाथाय । रकामारम থেকে সংগীতে। এই আমার অন্তর্গূ বেদনার দিনে শান্তিনিকেতনের চিঠি যখন পেলুম তখন মনে পড়ে গেল, সেই সংগীত তার সরল বিশুদ্ধ স্থরে বাজছে আমার উত্তরায়ণের গাছগুলির মধ্যে,— তাদের কাছে চুপ করে বসতে পারলেই সেই স্থরের নির্মল ঝরনা আমার অস্তরাত্মাকে প্রতিদিন স্নান করিয়ে দিতে পারবে। এই স্নানের দ্বারা ধৌত হয়ে স্লিঞ্চ হয়ে তবেই আনন্দলোকে প্রবেশের অধিকার আমরা পাই। প্রমস্কুদরের মুক্তরূপে প্রকাশের মধ্যেই পরিত্রাণ,— আনন্দময় সুগভীর বৈরাগ্যই হচ্ছে সেই जुन्मदात हत्रम मान।

২৩ অক্টোবর ১৯২৬ [হোটেল ইম্পীরিয়ল]

ভিয়েনা

वनवानी

त्रक्षरक्रम

আন্ধ ভূমিগর্ভ হতে শুনেছিলে সূর্যের আহ্বান প্রাণের প্রথম জাগরণে, তুমি বৃক্ষ, আদিপ্রাণ, উর্ধেশীর্ষে উচ্চারিলে আলোকের প্রথম বন্দনা ছন্দোহীন পাষাণের বক্ষ-'পরে; আনিলে বেদনা নি:সাড় নিষ্ঠুর মক্ষকে।

শ্রামে নীলে মিশ্রমন্ত্রে স্বর্গলোকে জ্যোতিকসমাজে
মর্ত্যের মাহাত্মগান করিলে ঘোষণা। যে-জীবন
মরণতোরণদার বারস্থার করি উত্তরণ
যাত্রা করে যুগে যুগে অনস্ককালের তীর্থপথে
নব নব পাস্থগালে বিচিত্র নৃতন দেহরথে,
তাহারি বিজয়ধবজা উড়াইলে নিঃশ্বন্ধ গোরবে
অক্সাতের সমুখে দাঁড়ায়ে। তোমার নিঃশব্দ রবে
প্রথম ভেঙেছে স্বপ্ন ধরিত্রীর, চমকি উল্লিসি
নিজেরে পড়েছে তার মনে,— দেবকক্সা হঃসাহসী
কবে যাত্রা করেছিল জ্যোতিঃস্বর্গ ছাড়ি দীনবেশে
পাংশুমান গৈরিকবসন-পরা, থণ্ড কালে দেশে
অমরার আনন্দেরে খণ্ড খণ্ড ভোগ করিবারে,
হৃংখের সংঘাতে তারে বিদীর্ণ করিয়া বারে বারে
নিবিড় করিয়া পেতে।

মৃত্তিকার হে বীর সন্তান,

সংগ্রাম ঘোষিলে তুমি মৃত্তিকারে দিতে মৃত্তিদান
মকর দারুণ তুর্গ হতে; যুদ্ধ চলে ফিরে ফিরে;
সস্তারি সমৃত্র-উর্মি তুর্গম দ্বীপের শৃত্য তীরে
শ্রামলের সিংহাসন প্রতিষ্ঠিলে অদম্য নিষ্ঠায়,
ত্তুর শৈলের বক্ষে প্রত্তরের পৃষ্ঠায় পৃষ্ঠায়
বিজয়-আখ্যানলিপি লিখি দিলে পল্লব-অক্ষরে
ধূলিরে করিয়া মৃশ্ধ, চিহ্নহীন প্রান্তরে প্রান্তরে

বাণীশৃশ্য ছিল একদিন

শাথায় রচিলে তব সংগীতের আদিম আগ্রায়,
যে-গানে চঞ্চল বায়ু নিজের লভিল পরিচয়,
স্থরের বিচিত্র বর্ণে আপনার দৃশুহীন তম্থ
রঞ্জিত করিয়া নিল, অন্ধিল গানের ইন্দ্রধম্য
উত্তরীর প্রাস্থে প্রাস্থে। স্থন্দরের প্রাণমৃতিধানি
মৃত্তিকার মর্ত্যপটে দিলে তুমি প্রথম বাথানি
টানিয়া আপন প্রাণে রূপশক্তি স্থালোক হতে,
আলোকের গুপ্তধন বর্ণে বর্ণে বর্ণিলে আলোতে।
ইন্দ্রের অপ্সরী আসি মেঘে মেঘে হানিয়া কন্ধণ
বাষ্পপত্র চুর্ণ করি লীলানুত্যে করেছে বর্ণণ
যৌবন-অমৃতর্ম, তুমি তাই নিলে ভরি ভরি
আপনার পত্রপুষ্পপুটে, অনস্কযৌবনা করি
সান্ধাইলে বস্কন্ধরা।

হে নিন্তন, হে মহাগন্তীর, বীর্ষেরে বাঁধিয়া ধৈর্যে শান্তিরূপ দেখালে শক্তির; তাই আসি তোমার আশ্রয়ে শান্তিদীক্ষা লভিবারে শুনিতে মৌনের মহাবাণী;— তুল্ডিস্কার গুরুভারে নতশীৰ্ষ বিলুষ্টিতে স্থামসৌম্যচ্ছায়াতলে তব,— প্রাণের উদার রূপ, রসরূপ নিত্য নব নব, বিশ্বজ্ঞয়ী বীররূপ, ধরণীর বাণীরূপ তার লভিতে আপন প্রাণে। ধ্যানবলে তোমার মাঝার গেছি আমি, জেনেছি, সূর্যের বক্ষে জলে বহিরূপে স্ষ্টিযজ্ঞে যেই হোম, তোমার সত্তায় চুপে চুপে ধরে তাই খাম স্নিশ্বরূপ; ওগো স্থ্রশিপায়ী, শত শত শতাব্দীর দিনধেত্ব হহিয়া সদাই যে-তেজে ভরিলে মজ্জা, মানবেরে তাই করি দান করেছ জগৎজয়ী; দিলে তারে পরম সম্মান; হয়েছে সে দেবতার প্রতিম্পর্ধী,— সে-অগ্নিচ্ছটায় প্রদীপ্ত তাহার শক্তি বিশ্বতলে বিশ্বয় ঘটায় ভেদিয়া ত্বংসাধ্য বিশ্ববাধা। তব প্রাণে প্রাণবান, তব স্বেহচ্ছায়ায় শীতল, তব তেজে তেজীয়ান, সজ্জিত তোমার মাল্যে যে-মানব, তারি দৃত হয়ে ওগো মানবের বন্ধু, আজি এই কাব্য-অর্ঘ্য ল'য়ে খ্যামের বাঁশির তানে মৃগ্ধ কবি আমি অর্পিলাম তোমায় প্রণামী।

চিত্ৰ ১৩৩৩শাস্তিনিকেতন]

जगमी गठन

बीयूक कामीमहत्त वस्

প্রিয়করকমলে

বন্ধু

त्यिषिन धत्री हिन राथांशीन यांगीशीन यक, প্রাণের আনন্দ নিয়ে, শঙ্কা নিয়ে, ছঃখ নিয়ে, তরু **एक्यां** मिल मोक्रण निर्जात । कुछ यूग-यूगोर्ख्य কান পেতে ছিল শুক্ক মামুষের পদশব্দ তরে নিবিড় গহনতলে। যবে এল মানব অতিথি, দিল তারে ফুল ফল, বিস্তারিয়া দিল ছায়াবীথি। প্রাণের আদিমভাষা গৃঢ় ছিল তাহার অস্তরে, मप्पूर्व रम्न नि वाक पान्तानत है किए भर्मत । তার দিনরজনীর জীবযাত্রা বিশ্বধরা তলে চলেছিল নানা পথে শস্ত্ৰীন নিত্যকোলাহলে শীমাহীন ভবিষ্যতে; আলোকের আঘাতে তহুতে প্রতিদিন উঠিয়াছে চঞ্চলিত অণুতে অণুতে স্পন্দবেগে নিঃশব্দ ঝংকারগীতি; নীরব স্তবনে স্র্বের বন্দনাগান গাহিয়াছে প্রভাতপ্রনে। প্রাণের প্রথমবাণী এইমতো জাগে চারিভিতে তৃণে তৃণে বনে বনে, তবু তাহা রয়েছে নিভূতে,— কাছে থেকে শুনি নাই ;— হে তপস্বী, তুমি একমনা নিঃশব্দেরে বাক্য দিলে; অরণ্যের অন্তরবেদনা ভনেছ একান্তে বিদ ; মুক জীবনের যে-ক্রন্দন ধরণীর মাতৃবক্ষে নিরস্তর জাগাল স্পন্দন অঙ্কুরে অঙ্কুরে উঠি, প্রসারিয়া শত ব্যগ্র শাখা, পত্তে পত্তে চঞ্চলিয়া, শিকড়ে শিকড়ে আঁকাবাঁকা জন্মমরণের খন্দে, তাহার রহস্থ তব কাছে বিচিত্র অক্ষররূপে সহসা প্রকাশ লভিয়াছে।

প্রাণের আগ্রহবার্তা নির্বাকের অস্কঃপুর হতে

অস্কবার পার করি আনি দিলে দৃষ্টির আলোতে।
তোমার প্রতিভাদীপ্ত চিন্তমাঝে কহে আজি কথা
তরুর মর্মর সাথে মানব-মর্মের আত্মীয়তা;
প্রাচীন আদিমতম সম্বন্ধের দেয় পরিচয়।
হে সাধকপ্রেষ্ঠ, তব হুঃসাধ্য সাধন লভে জয়;—
সতর্ক দেবতা যেথা গুপ্তবাণী রেথেছেন ঢাকি
সেথা তৃমি দীপ্তহন্তে অন্ধকারে পশিলে একাকী,
জাগ্রত করিলে তারে। দেবতা আপন পরাভবে
যেদিন প্রসন্ন হন, সেদিন উদার জয়রবে
ধ্বনিত অমরাবতী আনন্দে রচিয়া দেয় বেদি
বীর বিজয়ীর তরে, যশের পতাকা অভ্রভেদী
মর্ত্যের চুড়ায় উড়ে।

मत्न আছে একদা यिদिन আসন প্রচ্ছন্ন তব, অপ্রদ্ধার অন্ধকারে লীন, ঈর্ষাকণ্টকিত পথে চলেছিলে ব্যথিত চরণে, কুন্ত্র শক্রতার সাথে প্রতিক্ষণে অকারণ রণে হয়েছ পীড়িত শ্রান্ত। সে হঃথই তোমার পাথেয়, দে অগ্নি জেলেছে যাত্রাদীপ, অবজ্ঞা দিয়েছে ভোয়, পেয়েছ সম্বল তব আপনার গভীর অস্তরে। তোমার খ্যাতির শহ্ম আজি বাজে দিকে দিগস্তরে সমুদ্রের এ-কুলে ও-কুলে; আপন দীপ্তিতে আজি বন্ধু, তুমি দীপ্যমান ; উচ্ছুদি উঠিছে বাজি বিপুল কীর্তির মন্ত্র তোমার আপন কর্মমাঝে। জ্যোতিষ্কসভার তলে যেথা তব আসন বিরাজে দেখায় সহস্রদীপ জলে আজি দীপালি-উৎসবে। আমারো একটি দীপ তারি সাথে মিলাইমু যবে চেয়ে দেখো তার পানে, এ দীপ বন্ধুর হাতে জালা; তোমার তপস্থাক্ষেত্র ছিল যবে নিভূত নিরালা

বাধায় বেষ্টিত রুদ্ধ, সেদিন সংশয়সদ্মাকালে কবি-হাতে বরমাল্য সে-বন্ধু পরায়েছিল ভালে; অপেক্ষা করে নি সে তো জনতার সমর্থন তরে, তুর্দিনে জেলেছে দীপ রিক্ত তব অর্ঘ্যথালি-'পরে। আজি সহস্রের সাথে খোষিল সে, 'ধন্য ধন্য তুমি, ধন্য তব বন্ধুজন, ধন্য তব পুণ্য জন্মভূমি।'

১৪ অগ্রহায়ণ ১৩৩¢ শাস্তিনিকেতন

দেবদারু

আমি তথন ছিলেম শিলঙ পাহাড়ে, রূপভাবক নন্দলাল ছিলেন কার্সিয়ঙে। তাঁর কাছ থেকে ছোটো একটি পত্রপট পাওয়া গেল, তাতে পাহাড়ের উপর দেওদার গাছের ছবি আঁকা। চেয়ে চেয়ে মনে হল, ওই একটি দেবদারুর মধ্যে যে-শ্রামল শক্তির প্রকাশ, সমস্ত পর্বতের চেয়ে তা বড়ো, ওই দেবদারুকে দেখা গেল হিমালয়ের তপস্থার সিদ্ধিরূপে। মহাকালের চরণপাতে হিমালয়ের প্রতিদিন ক্ষয় হচ্ছে, কিন্তু দেবদারুর মধ্যে যে-প্রাণ, নব নব তরুদেহের মধ্যে দিয়ে যুগে যুগে তা এগিয়ে চলবে। শিল্পীর পত্রপটের প্রত্যুক্তরে আমি এই কাব্যলিপি পাঠিয়ে দিলেম।

তপোময় হিমাজির ব্রহ্মরন্ত্র ভেদ করি চুপে
বিপুল প্রাণের শিখা উচ্ছু সিল দেবদারুরপে।
ফুর্যের যে-জ্যোতির্মন্ত তপস্থীর নিত্য-উচ্চারণ
অস্তরের অন্ধকারে, পারিল না করিতে ধারণ
সেই দীপ্ত রুত্রবাণী,— তপস্থার স্টেশক্তিবলে
সে-বাণী ধরিল খ্যামকায়া; সবিতার সভাতলে
করিল সাবিত্রীগান; স্পদ্মান ছন্দের মর্মরে
ধরিত্রীর সামগাথা বিস্তারিল অনস্ত অস্বরে।

ঋজু দীর্ঘ দেবদারু— গিরি এরে শ্রেষ্ঠ করে জ্ঞান আপন মহিমা চেয়ে; অস্তরে ছিল ষে তার ধ্যান বাহিরে তা সত্য হল; উর্ধ হতে পেয়েছিল ঋণ, উর্ধ্বপানে অর্যারূপে শোধ করি দিল একদিন। আপন দানের পুণ্যে স্বর্গ তার রহিল না দ্র, সুর্যের সংগীতে মেশে মৃত্তিকার মূরলীর স্থর।

২৪ জ্যৈষ্ঠ ১৩৩৪ শিল্ভ

আত্রবন

দে-বংসর শান্তিনিকেতন আদ্রবীথিকায় বসস্ত-উংসব হয়েছিল। কেউবা চিত্রে কেউবা কারুশিল্পে কেউবা কাব্যে আপন অর্য্য এনেছিলেন। আমি ঋতুরাজকে নিবেদন করেছিলেম কয়েকটি কবিতা, তার মধ্যে নিম্নলিথিত একটি। সে-দিন উংসবে বারা উপস্থিত ছিলেন, এই আদ্রবনের সঙ্গে আমার পরিচয় তাঁদের সকলের চেয়ে পুরাতন,— সেই আমার বালককালের আত্মীয়তা এই কবিতার মধ্যে আমার জীবনের পরাত্নে প্রকাশ করে গেলেম। এই আদ্রবনের যে-নিমন্ত্রণ বালকের চিরবিন্মিত হাদয়ে এসে পৌচেছিল আজ মনে হয় সেই নিমন্ত্রণ যেন আবার আসহছে মাটির মেঠো স্কর নিয়ে, রৌক্রতপ্ত ঘাসের গন্ধ নিয়ে, উত্তেজিত শালিথগুলির কাকলিবিক্ষ্ম অপরাত্নের অবকাশ নিয়ে।

তব পথচ্ছায়া বাহি বাঁশরিতে যে বাজাল আজি

মর্মে তব অঞ্চত রাগিণী,

ওগো আত্রবন,

তারি স্পর্শে রহি রহি আমারো হৃদয় উঠে বাজি,—

চিনি তারে কিম্বা নাহি চিনি,

কে জানে কেমন।

অন্তরে অন্তরে তব বে-চঞ্চল রদের ব্যগ্রতা
আপন অন্তরে তাহা বৃঝি,
তুগো আদ্রবন।
তোমার প্রচ্ছর মন আমারি মতন চাহে কথা—
মঞ্জরিতে মুখরিয়া আনন্দের ঘনগৃঢ় ব্যথা;
অজানারে খুঁজি'
আমারি মতন আন্দোলন।

সচকিয়া চিকনিয়া কাঁপে তব কিশলয়রাজি
সর্ব অঙ্গে নিমেষে নিমেষে,
তথাে আদ্রবন।
আমিও তাে আপনার বিকশিত কল্পনায় সাজি
অন্তলীন আনন্দ-আবেশে
অমনি নৃতন।
প্রাণে মাের অমনি তাে দোলা দেয় সন্ধ্যায় উষায়
অনৃশ্রের নিশ্বসিত ধ্বনি,
ত্রগাে আদ্রবন।
আমার যে পুস্পশােভা সে কেবল বাণীর ভূষায়,
নৃতন চেতনে চিত্ত আপনারে পরাইতে চায়
স্থরের গাঁথনি—
গীতঝংকারের আবরণ।

যে অজ্জ ভাষা তব উচ্ছুসিয়া উঠেছে কুস্থমি
ভূতলের চিরস্তনী কথা,
তাই বহে নিয়ে যাও, আকাশের অস্তরঙ্গ তুমি,
ধরণীর বিরহ্বারতা
গভীর গোপন।
সে-ভাষা সহজে মিশে বাতাদের নিশ্বাসে নিশ্বাসে,

মৌমাছির গুঞ্জনে গুঞ্জনে,
গুগো আম্রবন।
আমার নিভূত চিত্তে সে-ভাষা সহজে চলে আসে,
মিশে যায় সংগোপনে অস্তরের আভাসে আশ্বাসে
স্বপনে বেদনে,
ধ্যানে মোর করে সঞ্চরণ।

স্থানুর জন্মের যেন ভূলে-যাওয়া প্রিয়কণ্ঠস্বর
গন্ধে তব রয়েছে সঞ্চিত,
ওগো আদ্রবন।
যেন নাম ধ'রে কোন্ কানে-কানে গোপন মর্মর
তাই মোরে করে রোমাঞ্চিত
আজি ক্ষণে ক্ষণ।
আমার ভাবনা আজি প্রসারিত তব গন্ধ সনে
জনমমরণপরপার,

ওগো আত্রবন,
যেথায় অমরাপুরে স্থলরের দেউলপ্রাঞ্গণে
জীবনের নিত্য-আশা সন্ন্যাসিনী, সন্ধ্যারতিক্ষণে
দীপ জালি তার
পূর্ণেরে করিছে সমর্পণ।

বহুকাল চলিয়াছে বসস্তের রসের সঞ্চার

ওই তব মজ্জায় মজ্জায়,

ওগো আত্রবন ।
বহুকাল থৌবনের মদোৎফুল্ল পদ্মীললনার

আকুলিত অলক সজ্জায়

জোগালে ভূষণ ।
শিকড়ের মৃষ্টি দিয়া আঁকড়িয়া ষে-বক্ষ পৃথীর
প্রাণরস কর তুমি পান,
প্রগো আত্রবন,

সেথা আমি গেঁথে আছি তুদিনের কুটির মৃত্তির;তোমার উৎসবে আমি আজি গাব এক রজনীর
পথ-চলা গান,
কালি তার হবে সমাপন।

৫ ফান্তন ১৬৬৪ [শান্তিনিকেতন]

নীলমণিলতা

শান্তিনিকেতন উত্তরায়ণের একটি কোণের বাড়িতে আমার বাসা ছিল। এই বাসার অন্ধনে আমার পরলোকগত বন্ধু পিয়র্সন একটি বিদেশী গাছের চারা রোপণ করেছিলেন। অনেককাল অপেক্ষার পরে নীলফুলের শুবকে শুবকে একদিন সে আপনার অজ্ঞ পরিচয় অবারিত করলে। নীল রঙে আমার গভীর আনন্দ, তাই এই ফুলের বাণী আমার যাতায়াতের পথে প্রতিদিন আমাকে ভাক দিয়ে বারে বারে শুরু করেছে। আমার দিক থেকে কবিরও কিছু বলবার ইচ্ছে হত কিন্তু নাম না পেলে সম্ভাবণ করা চলে না। তাই লতাটির নাম দিয়েছি নীলমণিলতা। উপযুক্ত অমুষ্ঠানের ঘারা সেই নামকরণটি পাকা করবার জন্মে এই কবিতা। নীলমণি ফুল যেথানে চোথের সামনে ফোটে সেখানে নামের দরকার হয় নি, কিন্তু একদা অবসানপ্রায় বসস্তের দিনে দ্বে ছিলুম, সে-দিন রূপের শ্বৃতি নামের দাবি করলে। ভক্ত ১০১ নামে দেবতাকে ভাকে সে শুধু বিরহের আকাশকে পরিপূর্ণ করবার জন্মে।

ফান্তনমাধুরী তার চরণের মঞ্জীরে মঞ্জীরে
নীলমণিমঞ্জরির গুঞ্জন বাজায়ে দিল কি রে।
আকাশ যে মৌনভার
বহিতে পারে না আর,
নীলিমাবস্থায় শৃন্মে উচ্ছলে অনস্ক ব্যাকুলতা,
তারি ধারা পুষ্পপাত্তে ভরি নিল নীলমণিলভা

পৃথীর গভীর মৌন দূর শৈলে ফেলে নীল ছায়া,
মধ্যাহ্নরীচিকায় দিগস্তে খোজে সে স্বপ্নকায়া।

যে-মৌন নিজেরে চায়

সম্জের নীলিমায়,
অন্তহীন সেই মৌন উচ্ছুসিল নীলগুচ্ছ ফুলে,
হুর্গম রহস্থ তার উঠিল সহজ ছন্দে তলে।

আসন্ন মিলনাখাসে বধ্র কম্পিত তমুখানি নীলাম্বর-অঞ্চলের গুঠনে সঞ্চিত করে বাণী। মর্মের নির্বাক কথা পায় তার নিঃসীমতা নিবিড় নির্মল নীলে; আনন্দের সেই নীল হ্যাতি নীলমণিমঞ্জরির পুঞ্জে পুঞ্জে প্রকাশে আকৃতি।

অজানা পান্থের মতো ডাক দিলে অতিথির ডাকে,
অপরূপ পুম্পোচ্ছাসে হে লতা, চিনালে আপনাকে।
বেল জুই শেকালিরে
জানি আমি ফিরে ফিরে,
কত ফাল্পনের, কত প্রাবণের, আশ্বিনের ভাষা
ভারা তো এনেছে চিত্তে, রঙিন করেছে ভালোবাসা

চাঁপার কাঞ্চন-আভা দে-যে কার কণ্ঠস্বরে সাধা, নাগকেশরের গন্ধ সে-যে কোন্ বেণীবন্ধে বাঁধা। বাদলের চামেলি-যে কালো আঁখিজলে ভিজে, করবীর রাঙা রঙ কন্ধণঝংকারন্থরে মাথা, কদস্বকেশরগুলি নিজাহীন বেদনায় আঁকা। তুমি সংগ্রের দ্তী, ন্তন এসেছ নীলমণি,
বচ্ছ নীলাম্বরসম নির্মল তোমার কণ্ঠধনি।
যেন ইতিহাসজালে
বাঁধা নহ দেশে কালে,
যেন তুমি দৈববাণী বিচিত্র বিশ্বের মাঝখানে,
পরিচয়হীন তব আবির্ভাব, কেন এ কে জানে

'কেন এ কে জানে'— এই মন্ত্র আজি মোর মনে জাগে;
তাই তো ছন্দের মালা গাঁথি অকারণ অন্থরাগে।
বসস্তের নানা ফুলে
গন্ধ তরন্ধিয়া তুলে,
আত্রবনে ছায়া কাঁপে মৌমাছির গুজরণগানে;
মেলে অপরূপ ডানা প্রজাপতি, কেন এ কে জানে।

কেন এ কে জানে এত বর্ণগদ্ধরসের উল্লাস,
প্রাণের মহিমাছবি রূপের গৌরবে পরকাশ।

যেদিন বিতানচ্ছায়ে

মধ্যাহের মন্দবায়ে

ময়্র আশ্রম্ম নিল, ভোমারে তাহারে একথানে
দেখিলাম চেয়ে চেয়ে, কহিলাম, 'কেন এ কে জানে'

অভ্যাসের সীমা-টানা চৈতন্তের সংকীর্ণ সংকোচে
উদাস্থের ধূলা ওড়ে, আঁথির বিস্ময়রস ঘোচে।
মন জড়তায় ঠেকে,
নিখিলেরে জীর্ণ দেখে,
হেনকালে হে নবীন, তুমি এসে কী বলিলে কানে;
বিশ্বপানে চাহিলাম, কহিলাম, 'কেন এ কে জানে'।

আমি আজ কোথা আছি, প্রবাদে অতিথিশালা মাথে।
তব নীললাবণ্যের বংশীধ্বনি দ্র শৃন্তে বাজে।
আদে বংসরের শেষ,
চৈত্র ধরে মান বেশ,
হয়তো বা রিক্ত তুমি ফুল কোটাবার অবসানে,
তবু, হে অপুর্ব রূপ, দেখা দিলে কেন বে কে জানে।

: ৭ চৈত্ত্ব ১৩**১**৩ ভরতপুর

কুরচি

অনেককাল পূর্বে শিলাইদহ থেকে কলকাতায় আদছিলেম। কুষ্টিয়া স্টেশনঘরের পিছনের দেয়ালঘেঁষা এক কুরচিগাছ চোখে পড়ল। সমস্ত গাছটি ফুলের ঐশর্ষে মহিমান্বিত। চারিদিকে হাটবাজার; একদিকে রেলের লাইন, অক্যদিকে গোকর গাড়ির ভিড়, বাতাস ধুলোয় নিবিড়। এমন অজায়গায় পি. ডব্লু, ডি-র স্বর্রচিত প্রাচীরের গায়ে ঠেদ দিয়ে এই একটি কুরচিগাছ তার সমস্ত শক্তিতে বসন্তের জয়ঘোষণা করছে— উপেক্ষিত বসন্তের প্রতি তার অভিবাদন সমস্ত হটুগোলের উপরে যাতে ছাড়িয়ে ওঠে এই যেন তার প্রাণপণ চেষ্টা। কুরচির দক্ষে এই আমার প্রথম পরিচয়।

ভ্রমর একদা ছিল পদ্মবনপ্রিয়
ছিল প্রীতি কুম্দিনী পানে।
সহসা বিদেশে আসি হায়, আজ কি ও
কুটজেও বহু বলি' মানে!

—সংস্কৃত উদ্ভট শ্লোকের অমুবাদ

কুরচি, তোমার লাগি পদ্মেরে ভূলেছে অক্সমনা যে-ভ্রমর, শুনি নাকি তারে কবি করেছে ভ<্সনা। আমি সেই ভ্রমরের দলে। তুমি আভিজ্ঞাত্যহীনা, নামের গৌরবহারা; শেতভুজা ভারতীর বীণা তোমারে করে নি অভ্যর্থনা অলংকারঝংকারিত কাব্যের মন্দিরে। তবু সেথা তব স্থান অবারিত, বিশ্বলন্দ্রী করেছেন আমন্ত্রণ যে-প্রান্থণতলে প্রশাদচিহ্নিত তাঁর নিত্যকার অতিথির দলে। আমি কবি লজ্জা পাই কবির অক্যায় অবিচারে হে স্বন্ধরী। শাস্ত্রদৃষ্টি দিয়ে তারা দেখেছে তোমারে, রসদৃষ্টি দিয়ে নহে; শুভদৃষ্টি কোনো স্থলগনে ঘটিতে পারে নি তাই, উদাস্থের মোহ-আবরণে রহিলে কুষ্ঠিত হয়ে।

তোমারে দেখেছি সেই কবে নগরে হাটের ধারে, জনতার নিত্যকলরবে, ইটকাঠপাথরের শাসনের সংকীর্ণ আড়ালে, প্রাচীরের বহিঃপ্রান্তে। — স্থপানে চাহিয়া দাঁড়ালে সককণ অভিমানে ;— সহসা পড়েছে যেন মনে একদিন ছিলে যবে মহেন্দ্রের নন্দনকাননে পারিজাতমঞ্জরির লীলার সঙ্গিনীরূপ ধরি চিরবসন্তের স্বর্গে, ইন্সাণীর সাজাতে কবরী; অপ্সরীর নৃত্যলোল মণিবন্ধে কন্ধণবন্ধনে পেতে দোল তালে তালে; পুর্ণিমার অমল চন্দনে মাথা হয়ে নিশ্বসিতে চক্রমার বক্ষোহার-'পরে। অদ্রে কন্ধরক্ষ লৌহপথে কঠোর ঘর্ঘরে চলেছে আগ্নেয়রথ, পণ্যভারে কম্পিত ধরায় প্রক্ষত্য বিস্তারি বেগে; কটাক্ষে কেহ না ফিরে চায় অর্থমূল্যহীন তোমাপানে, হে তুমি দেবের প্রিয়া, चर्लात्र इनानी। यत नार्धेमन्दितत्र अथ पिया বেস্থর অস্থর চলে, সেইক্ষণে তুমি একাকিনী দক্ষিণবায়ুর ছন্দে বাঞ্জায়েছ স্থগদ্ধ-কিঙ্কিণী বসন্তবন্দনানুত্যে,— অবজ্ঞিয়া অন্ধ অবজ্ঞারে,

ঐশর্থের ছদ্মবেশী ধূলির ত্:সহ অহংকারে হানিয়া মধুর হাস্ত ; শাখায় শাখায় উচ্চুসিত ক্লান্তিহীন সৌন্দর্যের আত্মহারা অজন্র অমৃত করেছ নি:শন্ধ নিবেদন।

যোর মৃধ চিত্তময় সেইদিন অকম্মাৎ আমার প্রথম পরিচয় তোমা-সাথে। অনাদৃত বসস্তেরে আবাহন গীতে প্রণমিয়া উপেক্ষিতা, শুভক্ষণে কৃতজ্ঞ এ চিতে পদার্গিলে অক্ষয় গৌরবে। সেইক্ষণে জানিলাম, হে আত্মবিশ্বত তুমি, ধরাতলে সত্য তব নাম সকলেই ভুলে গেছে, সে-নাম প্রকাশ নাহি পায় চিকিৎসাশাস্ত্রের গ্রন্থে পণ্ডিতের পুঁথির পাতায়; গ্রামের গাথার ছন্দে সে-নাম হয় নি আজো লেখা, গানে পায় নাই হুর। সে-নাম কেবল জ্বানে একা আকাশের স্থদেব, তিনি তাঁর আলোকবীণায় সে-নামে ঝংকার দেন, সেই স্থর ধূলিরে চিনায় অপুর্ব ঐশ্বর্য তার; দে-স্থরে গোপন বার্তা জানি' সন্ধানী বসস্ত হাসে। স্বৰ্গ হতে চুরি করে আনি' এ ধরা, বেদের মেয়ে, তোরে রাথে কুটির-কানাচে কটুনামে লুকাইয়া, হঠাৎ পড়িস ধরা পাছে। পণ্যের কর্কশধ্বনি এ নামে কদ্র্য আবরণ রচিয়াছে; তাই তোরে দেবী ভারতীর পদাবন মানে নি স্বজাতি বলে, ছন্দ তোরে করে পরিহার,— তা বলে হবে কি ক্ষা কিছুমাত্র তোর শুচিতার। সুর্যের আলোর ভাষা আমি কবি কিছু কিছু চিনি, কুর্চি, পড়েছ ধরা, তুমিই রবির আদরিণী।

১ • देवमार्थ ১००३

শান্ধিনিকেড্ন

अ ल

প্রায় ত্রিশ বছর হল শান্তিনিকেতনের শালবীথিকার আমার সে-দিনকার এক কিশোর কবিবন্ধুকে পাশে নিয়ে অনেক দিন অনেক দায়াকে পায়চারি করেছি। তাকে অন্তরের গভীর কথা বলা বড়ো সহজ ছিল। সেই আমাদের যত আলাপগুঞ্জরিত রাত্রি, আশ্রমবাসের ইতিহাসে আমার চিরন্তন শ্বতিগুলির সঙ্গেই গ্রথিত হয়ে আছে। সেকবি আজ ইহলোকে নেই। পৃথিবীতে মাহুষের প্রিয়সকের কত ধারা কত নিভূত পথ দিয়ে চলেছে। এই স্তন্ধ তক্লশ্রেণীর প্রাচীন ছায়ায় সেই ধারা তেমন করে আরো অনেক বয়ে গেছে, আরো অনেক বইবে। আমরা চলে যাব কিছু কালে কালে বারে বারে বন্ধুসংগমের জন্ম এই ছায়াতল রয়ে গেল। যেমন অতীতের কথা ভাবছি—তেমনি ওই শালশ্রেণীর দিকে চেয়ে বহুদ্র ভবিশ্বতের ছবিও মনে আসহে।

বাহিরে ধথন ক্ষুদ্ধ দক্ষিণের মদির পবন অরণ্যে বিস্তারে অধীরতা; যবে কিংশুকের বন উচ্ছ, ঋল রক্তরাগে স্পর্ধায় উত্তত ; দিশিদিশি শিম্ল ছড়ায় ফাগ; কোকিলের গান অহর্নিশি জানে না সংযম, যবে বকুল অজ্ঞ সর্বনাশে শ্বলিত দলিত বনপথে, তখন তোমার পাশে আসি আমি হে তপদ্বী শাল, যেথায় মহিমারাশি পুঞ্জিত করেছ অভ্রভেদী, যেথা রয়েছ বিকাশি দিগস্তে গন্তীর শান্তি। অন্তরের নিগৃঢ় গভীরে ফুল ফুটাবার ধ্যানে নিবিষ্ট রয়েছ উর্ধ্বশিরে; চৌদিকের চঞ্চলতা পশে না সেথায়। অন্ধকারে निः गंक रुष्टित यञ्ज नां फ़ि त्वरत्र भाशात्र नकारत ; দে অমৃত মন্ত্ৰতেজ নিলে ধরি সুর্যলোক হতে নিভূত মর্মের মাঝে; স্নান করি আলোকের স্রোতে खिन नित्न नीन आकारभद्र गांखियांगे; जांद्र পद्र আত্মসমাহিত তুমি, স্তব্ধ তুমি,— বৎসরে বৎসরে বিশের প্রকাশযজ্ঞে বারম্বার করিতেছ দান নিপুণ স্থন্দর তব কমগুলু হতে অফুরান



শান্তিনিকেতন শালবীথিকায় রবীজনাথ শ্রীযুক্ত রথীজনাথ ঠাকুরের সংগ্রহ হইতে

श्रुगागको आप्याता ; तम याता हत्तरह योदा योदा দিগন্তে ভামল উমি উচ্ছাদিয়া, দূর শতাব্দীরে শুনাতে মর্যর আশীর্বাণী। রাজার সাম্রাজ্য কতশত কালের বন্থায় ভাদে, ফেটে যায় ৰুদৰ্দের মতো, মান্থষের ইতিবৃত্ত স্থত্র্গম গৌরবের পথে কিছুদ্র যায়, আর বারম্বার ভগ্নচুর্ণ রথে কীর্ণ করে ধূলি। তারি মাঝে উদার তোমার স্থিতি, ওগো মহা শাল, তুমি স্থবিশাল কালের অতিথি; আকাশেরে দাও সঙ্গ বর্ণরক্ষে শাখার ভঙ্গিতে, বাতাদেরে দাও মৈত্রী পল্লবের মর্মরদংগীতে, মঞ্জরির গন্ধের গণ্ড হৈ। যুগে যুগে কভ কাল পথিক এসেছে তব ছায়াতলে, বসেছে রাখাল, শাথায় বেঁধেছে নীড় পাখি; যায় তারা পথ বাহি আসন্ন বিশ্বতি পানে, উদাসীন তুমি আছ চাহি। নিত্যের মালার স্তত্তে অনিত্যের যত অক্ষণ্ডটি আত্তত্বের আবর্তনে ক্রতবেগে চলে তারা ছুটি; মর্ত্যপ্রাণ তাহাদের ক্ষণেক পরশ করে যেই পায় তারা জ্বপনাম, তার পরে আর তারা নেই, নেমে যায় অসংখ্যের তলে। সেই চলে-যাওয়া দল রেথে দিয়ে গেছে যেন ক্ষণিকের কলকোলাহল দক্ষিণহাওয়ায় কাঁপা ওই তব পত্রের কল্লোলে, শাখার দোলায়। ওই ধ্বনি স্মরণে জাগায়ে তোলে কিশোর বন্ধুরে মোর। কতদিন এই পাতাঝরা বীথিকায়, পুষ্পগন্ধে বসস্তের আগমনী-ভরা সায়াহে ত্জনে মোরা ছায়াতে জন্ধিত চন্দ্রালোকে ফিরেছি গুঞ্জিত আলাপনে। তার সেই মৃগ্ধ চোখে विश्व मिथा मिरप्रिक्ति नन्मनभनात तर्छ त्रांछा : যৌবন-তুষ্ণান-লাগা সেদিনের কত নিদ্রাভাঙা জ্যোৎসাম্ধ রজনীর সৌহার্দ্যের স্থারসধারা তোমার ছায়ার মাঝে দেখা দিল, হয়ে গেল সারা।

গভীর আনন্দক্ষণ কতদিন তব মঞ্জরিতে একাস্ত মিশিয়াছিল একথানি অথগু সংগীতে আলোকে আলাপে হাস্তে, বনের চঞ্চল আন্দোলনে, বাতাসের উদাস নিশাসে।

প্রীতিমিলনের ক্ষণে
সেদিনের প্রিয় দে কোথায়, বর্ষে বর্ষে দোলা দিত
যাহার প্রাণের বেগ উৎসব করিয়া তরক্ষিত।
তোমার বীথিকাতলে তার মৃক্ত জীবনপ্রবাহ
আনন্দচঞ্চল গতি মিলায়েছে আপন উৎসাহ
পুল্পিত উৎসাহে তব। হায়, আজি তব পত্রদোলে
সেদিনের স্পর্শ নাই। তাই এই বসস্তকস্লোলে,
পুর্ণিমার পূর্ণতায়, দেবতার অমৃতের দানে
মর্ত্যের বেদনা মেশে।

চাহি' আজ দ্র পানে
স্থপচ্ছবি চোথে ভাসে,— ভাবী কোন্ ফাল্কনের রাভে
দোলপুর্নিমায়, দাজাতে আদিছে কারা পদ্মপাতে
পলাশ বকুল চাঁপা, আলিম্পনলেখা এঁকে দিতে
তব ছায়াবেদিকায়, বসস্তের আবাহন গীতে
প্রসন্ন করিতে তব পুস্পবরিষন। সে-উৎসবে
আজিকার এই দিন পথপ্রাস্তে লুন্তিত নীরবে।
কোলে তার পড়ে আছে এ-রাত্রির উৎসবের ডালা।
আজিকার অর্ঘ্যে আছে যতগুলি হ্লবে-গাঁথা মালা,
কিছু তার শুকায়েছে, কিছু তার আছে অমলিন;
হুয়েকটি তুলে নিল যাত্রীদল; সে-দিন এ-দিন
দোহে দোঁহা মৃথ চেয়ে বদল করিয়া নিল মালা,—
নৃতনে ও পুরাতনে পূর্ণ হল বসস্তের পালা।

৮ ফাল্পন ১৩৩৪ [শান্তিনিকেডন]

মধুমঞ্জরি

এ লতার কোনো-একটা বিদেশী নাম নিশ্চয় আছে— জানি নে, জানার দরকারও নেই। আমাদের দেশের মন্দিরে এই লতার ফুলের ব্যবহার চলে না, কিন্তু মন্দিরের বাহিরের যে-দেবতা মৃক্তস্বরূপে আছেন তাঁর প্রচুর প্রসন্নতা এর মধ্যে বিকশিত। কাব্যসরস্বতী কোনো মন্দিরের বন্দিনী দেবতা নন, তাঁর ব্যবহারে এই ফুলকে লাগাব ঠিক করেছি, তাই নতুন করে নাম দিতে হল। রূপে রসে এর মধ্যে বিদেশী কিছুই নেই, এদেশের হাওয়ায় মাটিতে এর একটুও বিতৃষ্ণা দেখা যায় না, তাই দিশী নামে একে আপন করে নিলেম।

প্রত্যাশী হয়ে ছিত্র এতকাল ধরি,
বসস্তে আজ গুয়ারে, আ মরি মরি,
ফুলমাধুরীর অঞ্চলি দিল ভরি
মধুমঞ্জরিলতা।
কতদিন আমি দেখিতে এসেছি প্রাতে
কচি ডালগুলি ভরি নিয়ে কচি পাতে
আপন ভাষায় যেন আলোকের সাথে
কহিতে চেয়েছে কথা।

কতদিন আমি দেখেছি গোধ্লিকালে সোনালি ছায়ার পরশ লেগেছে ভালে, সন্ধ্যাবায়র মৃত্-কাঁপনের তালে কী যেন ছন্দ শোনে। গহন নিশীথে ঝিল্লি যথন ভাকে, দেখেছি চাহিয়া জড়িত ভালের ফাঁকে কালপুরুষের ইন্ধিত যেন কাকে দূর দিগন্তকোণে।

শ্রাবণে সঘন ধারা ঝরে ঝরঝর পাতায় পাতায় কেঁপে ওঠে থরথর, মনে হয় ওর হিয়া যেন ভর-ভর
বিশ্বের বেদনাতে।
কতবার ওর মর্মে গিয়েছি চলি,
বৃবিতে পেরেছি কেন উঠে চঞ্চলি,
শরংশিশিরে যথন সে ঝলমলি
শিহরায় পাতে পাতে।

ভূবনে ভূবনে যে-প্রাণ সীমানাহারা গগনে গগনে সিঞ্চিল গ্রহতারা পল্লবপুটে ধরি লয় তারি ধারা, মজ্জায় লহে ভরি। কী নিবিড় যোগ এই বাতাসের সনে, যেন সে পরশ পায় জননীর স্তনে, সে পুলকখানি কত-ষে, সে মোর মনে ৰুঝিব কেমন করি।

বাতাদে আকাশে আলোকের মাঝখানে—
ঋত্র হাতের মায়ামন্ত্রের টানে
কী-যে বাণী আছে প্রাণে প্রাণে ও-ই জানে,
মন তা জানিবে কিলে।
ধে-ইদ্রজাল ছালোকে ভূলোকে ছাওয়া,
বুকের ভিতর লাগে গুর তারি হাওয়া,—
ব্ঝিতে যে চাই কেমন সে ওর পাওয়া,
চেয়ে থাকি অনিমিষে।

ফুলের গুচ্ছে আজি ও উচ্ছুদিত, নিখিলবাণীর রদের পরশামৃত গোপনে গোপনে পেয়েছে অপরিমিত ধরিতে না পারে তারে। ছন্দে গন্ধে রূপ-আনন্দে ভরা, ধরণীর ধন গগনের মন-হরা, শ্রামলের বীণা বাজিল মধুস্বরা বাংকারে ঝংকারে।

আমার ত্য়ারে এসেছিল নাম ভূলি
পাতা-ঝলমল অস্কুরথানি তুলি
মোর আঁথিপানে চেয়েছিল তুলি তুলি
করুণ প্রশ্নরতা।
তারপরে কবে দাঁড়াল যেদিন ভোরে
ফুলে ফুলে তার পরিচয়লিপি ধরে
নাম দিয়ে আমি নিলাম আপন করে
মধুমঞ্জরিলতা।

তারপরে যবে চলে যাব অবশেষে
সকল ঋতুর অতীত নীরব দেশে,
তথনো জাগাবে বসস্ত ফিরে এসে
ফুল-ফোটাবার ব্যথা।
বরষে বরষে সেদিনো তো বারে বারে
এমনি করিয়া শৃত্য ঘরের দ্বারে
এই লতা মোর আনিবে কুস্থমভারে
ফাগুনের আকুলতা।

তব পানে মোর ছিল যে প্রাণের প্রীতি ওর কিশলয়ে রূপ নেবে সেই শ্বৃতি, মধুর গদ্ধে আভাসিবে নিতি নিতি সে মোর গোপন কথা। অনেক কাহিনী যাবে যে সেদিন ভূলে, স্মরণচিহ্ন কভ যাবে উন্মূলে; মোর দেওয়া নাম লেখা থাকৃ ওর ফুলে মধুমঞ্জরিলতা।

[চৈত্ৰ ১৩৬৬ শান্তিনিকেতন]

নারিকেল

সম্বের ধারে জমিতেই নারিকেলের সহজ আবাস। আমাদের আশ্রমের মাঠ সেই সম্বেরল থেকে বছদ্রে। এথানে অনেক যত্নে একটি নারিকেলকে পালন করে তোলা হয়েছে— সে নিঃসঙ্গ নিজল নিস্তেজ। তাকে দেখে মনে হয় সে যেন প্রাণপণে ঋজু হয়ে দাঁড়িয়ে দিগন্ত অতিক্রম করে কোনো-এক আকাজ্জার ধনকে দেখবার চেটা করছে। নির্বাসিত তরুর মজ্জার মধ্যে সেই আকাজ্জা। এখানে আলোনা মাটিতে সম্বের স্পর্শমাত্র নেই, গাছের শিক্ড তার বাঞ্ছিত রস এখানে সন্ধান করছে, পাছেন না; সে উপবাসী, ধরণীর কাছে তার কালার সাড়া মিলছে না। আকাশে উত্তত হয়ে উঠে তার যে-সন্ধানদৃষ্টিকে সে দিগন্তপারে পাঠাছে দিনান্তে সন্ধাবলায় সেই তার সন্ধানেরই সন্ধীব মৃতির মতো পাথি তার দোত্ল্যমান শাখায় প্রতিদিন ফিরে ফিরে আসে।

আজ বসস্তে প্রথম কোকিল ডেকে উঠল। দক্ষিণ হাওয়ায় আজ কি সমুদ্রের বাণী এসে পৌছল, যে-বাণী সমুদ্রের কুলে কুলে বধির মাটির স্থপ্তিকে নিয়তই অশাস্ত তরক্ষমন্ত্রে আন্দোলিত করে তুলছে। তাই কি আজ সেই দক্ষিণসমুদ্র থেকে তার তাওবনৃত্যের স্পর্শ এই গাছের শাখায় শাখায় চঞ্চল। সমুদ্রের রুদ্রভমরুর জাগরণী কি এরই পল্লবমর্মরে তার ক্ষীণ প্রতিধ্বনি জাগিয়েছে। বিরহী তরু কি আজ আপন অস্তরে সেই স্থারবন্ধুর বার্তা পেল, যে-বন্ধুর মহাগানে অভিনন্দিত হয়ে কোন্ অতীত মুগে একদিন কোনো প্রথম নারিকেল প্রাণযাত্রীরূপে জীবলোকে যাত্রা জরু করেছিল গু সেই যুগারস্কপ্রভাতের আদিম উৎসবে মহাপ্রাণের যে-স্পর্শপুলক জেগেছিল তাই আজ

ফিরে পেয়ে কি ওই গাছটির সংবংসরের অবসাদ আজ বসস্তে ঘূচল। তার জীবনের জয়পতাকা আবার আজ কি ওই নব-উৎসাহে নীলাম্বরে আন্দোলিত। যেন একটা আচ্ছাদন উঠে গেল, তার মজ্জার মধ্যে প্রাণশক্তির যে-আশ্বাসবাণী প্রচ্ছন্ন হয়েছিল তাকেই আজ কি ফিরে পেলে, যে-বাণী বলছে— 'চলো প্রাণতীর্থে, জয় করো মৃত্যুকে।'

সমৃদ্রের কুল হতে বছদ্রে শব্দহীন মাঠে
নিঃসন্ধ প্রবাস তব নারিকেল,— দিনরাত্রি কাটে
যে-প্রচ্ছর আকাজ্ঞায় বৃঝিতে পার না তাহা নিজে।
দিগস্তেরে অতিক্রমি দেখিতে চাহিছ তৃমি কী-যে
দীর্ঘ করি দেহ তব, মজ্জায় রয়েছে তার শ্বৃতি
গৃঢ় হয়ে। মাটির গভীরে যে-রস খুঁজিছ নিতি
কী স্বাদ পাও না তাহে, অন্নে তার কী অভাব আছে,
তাই তো শিকড় উপবাসী কাঁদে ধরণীর কাছে।
আকাশে রয়েছ চেয়ে রাত্রিদিন কিসের প্রত্যাশে
বাক্যহারা! বারবার শৃত্য হতে ফিরে ফিরে আসে
তোমারি সন্ধানরূপী সন্ধ্যাবেলাকার প্রান্ত পাথি
লম্বিত শাথায় তব।

ঐ শুন উঠিয়াছে ডাকি
বসস্তের প্রথম কোকিল। সে বাণী কি এল প্রাণে
দক্ষিণপবন হতে যে-বাণী সমৃদ্র শুধু জানে;
পৃথিবীর কুলে কুলে যে-বাণী গন্তীর আন্দোলনে
বিধির মাটির স্থপ্তি কাঁপায়ে তুলিছে প্রতিক্ষণে
অশাস্ততরঙ্গমন্দ্রে, দক্ষিণসাগর হতে একি
তাওবনৃত্যের স্পর্শ শাধার হিল্লোলে তব দেখি
মৃত্ত্যু ভ্রম্লিত।

ক্সত্রতমক্ষর জাগরণী পল্লবমর্মরে তব পেয়েছে কি ক্ষীণ প্রতিধ্বনি। কান পেতে ছিলে তুমি,— হে বিরহী, বসস্তে কি আজি স্থাবুরবন্ধুর বার্তা অস্তরে উঠিল তব বাজি,— যে-বন্ধুর মহাগানে একদিন সুর্যের আলোতে রোমাঞ্চিয়া বাহিরিলে প্রাণবাত্তী, অন্ধকার হতে ? আজি কি পেয়েছ ফিরে প্রাণের পরশহর্ষ সেই যুগারক্তপ্রভাতের আদি-উৎসবের।— নিমেষেই অবসাদ দ্রে গেল, জীবনের বিজয়পতাকা আবার চঞ্চল হল নীলাম্বরে, খুলে গেল ঢাকা, খুঁজে পেলে যে-আশাস অন্তরে কহিছে রাত্তিদিন— 'প্রাণতীর্ষে চলো, মৃত্যু করো জয়, প্রান্তিক্লান্তিহীন।'

[১৬ ফাস্কন ১৩৩৪ শাস্তিনিকেতন]

চামেলি-বিতান

চামেলি-বিতানের নিচের ছায়ায় আমি বসত্য— ময়ুর এসে বসত উপরে, লতার আশ্রয়বেষ্টনী থেকে পুছ ঝুলিয়ে। জানি সে আমাকে কিছুমাত্র সমান করত না, কিছু সৌলর্মের যে-অর্য্যভার সে বহন করে বেড়াত, তার অক্তাতে আমি নিজেই সেটি প্রতিদিন গ্রহণ করেছি। এমন অসংকোচে সে যে দেখা দিয়ে য়ায় এতে আমি রুতজ্ঞ ছিলুম, সে যে আমাকে ভয় করে নি এ আমার সৌভাগ্য। জারও তার কয়েকটি সঙ্গী সিলিনী ছিল কিছু দ্রের ত্রয়াশায় ওদের কোধায় টেনে নিয়ে সেল, আমিও চলে এসেছি সেই চামেলির স্থান্দি ছায়ার আশ্রয় থেকে অহ্য জায়গায়। বাইরে থেকে এই পরিবর্তনগুলি বেশি কিছু নয়, তবু অল্তকের মধ্যে ভাঙাচোরার দাগ কিছু কিছু থেকে যায়। জনেছিলুম আমাদের প্রদেশে কোনো-এক নদীগর্ভজাত দ্বীপ ময়্বের আশ্রয়। ময়ুর ছিন্দুর অবধ্য। য়য়য়াবিলাসী ইংরেজ এই বীপের নিষেধকে উপেকা করতে পারে নি অথচ গুলি করে ময়ুর মারবার প্রবল আনন্দ খেকে বিক্তি ছংজা তার পক্ষে অসম্ভব

হওয়াতে পার্ষবর্তী দ্বীপে খাতের প্রকোভন বিস্তার করে ভূলিয়ে নিয়ে এসে ময়র মারত। বাল্মীকির শাপকে এ-যুগের কবি পুনরায় প্রচার না করে থাকতে পারল না।

মা নিবাদ প্রতিষ্ঠাং দং অগমঃ শাখতীঃ সমাঃ।

ময়ুর কর নি মোরে ভয়,
সেই গর্ব, সেই মোর জয়।
বাহিরেতে আমলকী
করিতেছে ঝকমকি,
বটের উঠেছে কচি পাতা,
হোথায় হয়ার থেকে
আমারে গিয়েছ দেখে,
থুলিয়া বদেছি মোটা থাতা।
লিখিতেছি নিজ মনে,—
হেরি' তাই আঁখিকোণে
অবজ্ঞায় ফিরে যাও চলি,
বোঝ না, লেখনী ধরি
কী যে এত খুঁটে মরি,
আমারে জেনেছ মৃঢ় বলি।

সেই ভালো জান ষদি তাই,
তাহে মোর কোন খেদ নাই।
তবু আমি খুশী আছি,
আস তুমি কাছাকাছি,
মোরে দেখে নাহি কর ত্রাস
ধদিও মানব, তবু
আমারে কর না কভু
দানব বলিয়া ভবিশাস।

স্ন্দরের দৃত তুমি,

এ-ধূলির মর্ত্যভূমি,

স্বর্গের প্রসাদ হেথা আন,

তবুও বধি না তোরে,
বাঁধি না পিঞ্জরে ধরে,

এও কি আশ্চর্য নাহি মান

কাননের এই এক কোণা,—
হেথায় তোমার আনাগোনা।
চামেলিবিতানতল
মোর বিসবার স্থল,
দিন যবে অবসান হয়।
হেথা আস কী যে ভাবি',
মোর চেয়ে তোর দাবি
বেশি বই কম কিছু নয়।
জ্যোৎস্না ভালের ফাঁকে
হেথা আল্পনা আঁকে,
এ নিকুঞ্জ জানে আপনার।
কচি পাতা যে-বিশ্বাসে
দ্বিধাহীন হেথা আসে,
তোমার তেমনি অধিকার।

বর্ণহীন রিক্ত মোর সাজ,
তারি লাগি পাছে পাই লাজ,
বর্ণে বর্ণে আমি তাই
ছন্দ রচিবারে চাই,
হ্বরে স্বরে গীতচিত্র করি।
আকাশেরে বাসি ভালো,
সকাল-সন্ধ্যার আলো
আমার প্রাণের বর্ণে ভরি।

ধরায় যেখানে তাই, তোমার গোরব-ঠাই সেথায় আমারো ঠাই হয়। স্থলরের অন্তরাগে তাই মোর গর্ব লাগে, মোরে তুমি কর নাই ভয়।

তোমার আমার তরে জানি
মধুরের এই রাজধানী।
তোর নাচ, মোর গীতি,
রূপ তোর, মোর প্রীতি,
তোর বর্ণ, আমার বর্ণনা,—
শোভনের নিমন্ত্রণে
চলি মোরা ছইজনে,
তাই তুই আমার আপনা।
সহজ্ব রঙ্গের রঙ্গী
ওই যে গ্রীবার ভঙ্গী,
বিশ্বয়ের নাহি পাই পার।
তুমি-যে শন্ধা না পাও,
নিঃসংশয়ে আস যাও,
গ্রই মোর নিত্য পুরস্কার।

নাশ করে যে-আগ্নেয় বাণ

ম্হূর্তে অমূল্য তোর প্রাণ—
তার লাগি বস্থন্ধরা
হয় নি সবুজে ভরা,
তার লাগি ফুল নাহি ধরে।

যে-বসস্তে প্রাণে প্রাণে

বেদনার স্থা আনে

সে-বসন্ত নহে তার তরে।

ছন্দ ভেঙে দেয় দে বে,
অকস্মাৎ উঠে বেজে
অর্থহীন চকিত চীৎকার,
ধৃমাচ্ছন্ন অবিশ্বাস
বিশ্বক্ষে হানে জাস,
কুটিল সংশন্ন কদাকার।

স্টিছাড়া এই-যে উৎপাত
হানে দানবের পদাঘাত
পুণ্য পৃথিবীর শিরে,—
তার লজ্জা তুই কি রে
আনিতে পারিবি তোর মনে।
অরুতজ্ঞ নিষ্ঠুরতা
সৌন্দর্যেরে দেয় ব্যথা
কেন যে তা বৃঝিবি কেমনে।
কেন যে কদর্য ভাষা
বিধাতার ভালোবাদা
বিদ্রাপে করিছে ছার্থার,
যে-হন্ত দানেরি তরে
তারি রক্তপাত করে,
সেই লজ্জা নিখিলজনার।

[বৈশাপ ১৩৩৪ শান্তিনিকেতন]

পর দেশী

পিয়র্পন্ কয়েক জোড়া সবুজরঙের বিদেশী পাথি আগ্রামে ছেড়ে দিয়েছিলেন। অনেক দিন তারা এথানে বাসা বেঁধে ছিল। আজকাল আর দেখতে পাই নে। আশা করি কোনো নালিশ নিয়ে তারা চলে যায় নি, কিম্বা এখানকার অন্য আগ্রামিক পশু-পাথির সঙ্গে বর্ণভেদ বা স্থরের পার্থক্য নিয়ে তাদের সাম্প্রদায়িক দাদা-হান্ধামা ঘটে নি।

এনেছে কবে বিদেশী সথা
বিদেশী পাথি আমার বনে,
সকাল-সাঁঝে কুঞ্জমাঝে
উঠিছে ডাকি সহজ মনে।
অজানা এই সাগরপারে
হল না তার গানের ক্ষতি।
সবুজ তার ডানার আভা,
চপল ডার নাচের গতি।
আমার দেশে যে-মেঘ এসে
নীপবনের মরমে মেশে
বিদেশী পাথি গীতালি দিয়ে
মিতালি করে তাহার সনে।

বটের ফলে আরতি তার,
রয়েছে লোভ নিমের তরে,
বনজামেরে চঞ্চু তার
অচেনা ব'লে দোষী না করে
শরতে যবে শিশির বায়ে
উচ্ছুসিত শিউলিবীথি,
বাণীরে তার করে না মান
কুহেলিঘন পুরানো শ্বতি।

শালের ফুল-ফোটার বেলা
মধুকাঙালী লোভীর মেলা,
চিরমধুর বঁধুর মতো
দে-ফুল তার হৃদয় হরে।

বেগুবনের আগের ডালে
চটুল ফিঙা যথন নাচে
পরদেশী এ পাথির সাথে
পরানে তার ভেদ কি আছে।
উষার ছোঁওয়া জাগায় ওরে
ছাতিমশাথে পাতার কোলে,
চোধের আগে যে-ছবি জাগে
মানে না তারে প্রবাস ব'লে।
আলোতে সোনা, আকাশে নীলা,
সেথা যে চিরজানারি লীলা,
মায়ের ভাষা শোনে সেখানে
খ্যামল ভাষা যেখানে গাছে।

৮ বৈশাখ ১৩৩৪ [শাস্তিনিকেতন]

কুটিরবাদী

তরুবিলাদী আমাদের এক তরুণ বন্ধু এই আশুমের এক কোণে পথের ধারে একখানি গোলাকার কুটির রচনা করেছেন। সেটি আছে একটি পুরাতন তালগাছের চরণ বেষ্টন ক'রে। তাই তার নাম হয়েছে তালধ্বজ্ঞ। এটি যেন মৌচাকের মতো, নিভৃতবাদের মধু দিয়ে ভরা। লোভনীয় বলেই মনে করি, সেই সঙ্গে এও মনে হয়

বাসস্থান সম্বন্ধে অধিকারভেদ আছে ; যেখানে আশ্রয় নেবার ইচ্ছা থাকে সেখানে হয়তো আশ্রয় নেবার যোগ্যতা থাকে না।

তোমার কুটিরের
সম্থবাটে
পল্লিরমণীরা
চলেছে হাটে।
উড়েছে রাঙা ধূলি,
উঠেছে হাসি,—
উদাসী বিবাগীর
চলার বাঁশি
বাঁধারে আলোকেতে
সকালে সাঁঝে
পথের বাতাসের
বুকেতে বাজে।

যা-কিছু আসে যায়
নাটির 'পরে
পরশ লাগে তারি
তোমার ঘরে।
ঘাসের কাঁপা লাগে,
পাতার দোলা,
শরতে কাশবনে
তুফান তোলা,
প্রভাতে মধুপের
শুনগুনানি,
নিশীথে ঝিঁ ঝিঁ রবে
জালবুনানি।
দেখেছি ভোরবেলা
ফিরিছ একা,

পথের ধারে পাও
কিসের দেখা।
সহজে স্থা তুমি
জানে তা কেবা,
ফুলের গাছে তব
স্নেহের সেবা;
এ কথা কারো মনে
রবে কি কালি,
মাটির 'পরে গেলে
হৃদয় ঢালি।

দিনের পরে দিন
থে-দান আনে
তোমার মন তারে
দেখিতে জানে।
নম্র তুমি, তাই
সরলচিতে
সবার কাছে কিছু
পেরেছ নিতে,
উচ্চ-পানে সদা
মেলিয়া আঁখি
নিজেরে পলে পলে
দাও নি ফাঁকি।

চাও নি জ্বিনে নিতে হৃদয় কারো, নিজের মন তাই দিতে যে পার। তোমার ঘরে আমে পথিকজন, চাহে না জ্ঞান তারা,
চাহে না ধন,
এটুকু বুঝে যায়
ক্মেনধারা
তোমারি আসনের
শরিক তারা।

তোমার কুটিরের
পুকুর পাড়ে
ফুলের চারাগুলি
যতনে বাড়ে।
তোমারো কথা নাই,
তারাপ্ত বোবা,
কোমল কিশলয়ে
সরল শোভা।
শ্রেনা দাও, তব্
মুখ না খোলে,
সহজে বোঝা যায়
নীরব ব'লে।

তোমারি মতো তব
কুটিরথানি,
স্থিম ছায়া তার
বলে না বাণী।
তাহার শিয়রেতে
তালের গাছে
বিরল পাতাকটি
আলোয় নাচে,
সম্থে খোলা মাঠ
করিছে ধৃ ধৃ,

দাঁড়ায়ে দূরে দূরে থেজুর শুধু।

তোমার বাসাখানি
তাঁটিয়া মৃঠি
চাহে না আঁকড়িতে
কালের ঝুঁটি।
দেখি যে পথিকের
মতোই তাকে,
থাকা ও না-থাকার
সীমায় থাকে।
ফুলের মতো ও যে,
পাতার মতো,
যথন যাবে, রেথে
যাবে না ক্ষত।

নাইকো রেষারেষি
পথে ও ঘরে,
তাহারা মেশামেশি
সহজে করে।
কীর্তিজালে ঘেরা
আমি তো ভাবি,
তোমার ঘরে ছিল
আমারো দাবি;
হারায়ে ফেলেছি সে
ঘূর্ণিবায়ে,
অনেক কাজে আর
অনেক দারে।

[চৈত্ৰ ১৩৩৩ শান্তিনিকেডন]

হাসির পাথেয়

তখন আমার অল্প বয়স। পিতা আমাকে সঙ্গে করে হিমালয়ে চলেছেন ড্যালহৌদি পাহাড়ে। সকালবেলায় ডাণ্ডি চ'ড়ে বেরত্ম, অপরাহ্নে ডাকবাংলায় বিশ্রাম হত। আজা মনে আছে এক জায়গায় পথের ধারে ডাণ্ডিওয়ালারা ডাণ্ডি নামিয়েছিল। দেখানে শ্রাওলায় শ্রামল পাথরগুলোর উপর দিয়ে গুহার ভিতর থেকে ঝরনা নেমে উপত্যকায় কলশব্দে ঝরে পড়ছে। সেই প্রথম দেখা ঝরনার রহস্থ আমার মনকে প্রবল করে টেনেছিল। এদিকে ডানপাশে পাহাড়ের ঢালু গায়ে শুরে শুরে শস্তুথেত হলদে ফুলে ছাণ্ডয়া, দেখে দেখে তৃপ্তির শেষ হয় না,— কেবলি ভাবি এইগুলো ভ্রমণের লক্ষ্য কেন না হবে, কেবল ক্ষণিক উপলক্ষ কেন হয়। সেই ঝরনা কোন্ নদীর সঙ্গে মিলে কোথায় গেছে জানি নে কিন্তু দেই মুহুর্তকালের প্রথম পরিচয়টুকু কখনো ভুলব না।

হিমালয় গিরিপথে চলেছিয়্থ কবে বাল্যকালে
মনে পড়ে। ধ্র্জটির তাগুবের ডম্বকর তালে
যেন গিরি-পিছে গিরি উঠিছে নামিছে বারেবারে
তমোঘন অরণ্যের তল হতে মেঘের মাঝারে
ধরার ইন্ধিত যেথা স্তব্ধ রহে শৃত্যে অবলীন,
তুষারনিক্ষম বাণী, বর্ণহীন বর্ণনাবিহীন।
সেদিন বৈশাখমাদ, খণ্ড খণ্ড শশ্যক্ষেত্রস্তরে
রৌদ্রবর্ণ ফুল;— মেঘের কোমল ছায়া তারি 'পরে
যেন সিশ্ধ আকাশের ক্ষণে কলে নীচে নেমে এদে
ধরণীর কানে কানে প্রশংসার বাক্য ভালোবেদে।

সেইদিন দেখেছিম নিবিড় বিশায়ম্থ চোখে চঞ্চল নিৰ্বারধারা গুহা হতে বাহিরি আলোকে আপনাতে আপনি চকিত, যেন কবি বাদ্মীকির উদ্ধৃদিত অম্টুড়। স্বর্গে যেন স্থরস্থলরীর প্রথম যৌবনোল্লাস, নৃপুরের প্রথম বাংকার, আপনার পরিচয়ে নিংসীম বিশ্বয় আপনার, আপনারি রহস্তের পিছে পিছে উৎস্ক চরণে অপ্রান্ত সন্ধান। সেই ছবিথানি রহিল স্বরণে চিরদিন মনোমাঝে।

সেদিনের যাত্রাপথ হতে
আসিয়াছি বহুদ্রে; আজি ক্লান্ত জীবনের স্রোতে
নেমেছে সন্ধ্যার নীরবতা। মনে উঠিতেছে ভাসি
শৈলশিথরের দ্র নির্মল শুত্রতা রাশি রাশি
বিগলিত হয়ে আসে দেবতার আনন্দের মতো
প্রত্যাশী ধরণী যেথা প্রণামে ললাট অবনত।
সেই নিরন্তর হাসি অবলীল গতিচ্ছন্দে বাজে
কঠিন বাধায় কীর্ণ শক্ষায় সংকুল পথমাঝে
হর্গমেরে করি অবহেলা। সে-হাসি দেখেছি বসি
শস্তুত্রা তটচ্ছায়ে কলম্বরে চলেছে উচ্ছুসি
পূর্ণবেগে। দেখেছি অম্লান তারে তীব্র রৌজদাহে
শুক্ত শীর্ণ দৈশুদিনে বহি যায় অক্লান্ত প্রবাহে
সৈক্তিনী, রক্তচক্ষ্ বৈশাথেরে নিঃশঙ্ক কৌতুকে
কটাক্ষিয়া— অফ্রান হাস্থধারা মৃত্যুর সম্মুথে।

হে হিমান্ত্রি, স্থান্তীর, কঠিন তপস্থা তব গলি ধরিত্রীরে করে দান যে-অমৃতবাণীর অঞ্চলি এই সে হাসির মন্ত্র, গতিপথে নিঃশেষ পাথেয়, নিঃসীম সাহসবেগ, উল্লসিত অপ্রাস্ত অঞ্চেয়।

১ বৈশাধ ১৩৩৪ শান্তিনিকেডন

त्रक्तद्वार्थण छे ९ मव

গান

5

মক্ষবিজ্ঞয়ের কেতন উড়াও শৃত্যে,
হে প্রবল প্রাণ।
ধূলিরে ধন্য করো করুণার পুণ্যে,
হে কোমল প্রাণ।
মৌনী মাটির মর্মের গান কবে
উঠিবে ধ্বনিয়া মর্মর তব রবে,
মাধুরী ভরিবে ফুলে ফলে পল্লবে,
হে মোহন প্রাণ।

পথিকবন্ধ, ছায়ার আসন পাতি'
এসো শ্রাম স্থনর,
এসো বাতাসের অধীর থেলার সাথী,
মাতাও নীলাম্বর ।
উষায় জাগাও শাথায় গানের আশা,
সন্ধ্যায় আনো বিরামগভীর ভাষা,
রচি দাও রাতে স্থগীতের বাসা,
হে উদার প্রাণ।

S

আয় আমাদের অন্ধনে,

অতিথি বালক তরুদল,

মানবের স্বেহসঙ্গ নে,

চল্, আমাদের ঘরে চল্।

শ্রামবন্ধিম ভঙ্গীতে চঞ্চল কলসংগীতে বাবে নিয়ে আয় শাখায় শাখায় প্রাণ-আনন্দ কোলাহল।

তোদের নবীন পল্লবে
নাচুক আলোক সবিতার,
দে পবনে বনবল্পভে
মর্মর গীত উপহার।
আজি শ্রাবণের বর্ষণে
আশীর্বাদের স্পর্শ নে,
পডুক মাথায় পাতায় পাতায়
অমরাবতীর ধারাজল।

ক্ষিতি

বক্ষের ধন হে ধরণী, ধরো
ফিরে নিয়ে তব বক্ষে।
শুভদিনে এরে দীক্ষিত করো
আমাদের চিরস্পথ্য।
অস্তরে পাক কঠিন শক্তি,
কোমলতা ফুলে পত্রে,
পক্ষিস্মাজে পাঠাক পত্রী
তোমার অন্নসত্রে।

অপ

হে মেঘ, ইদ্রের ভেরি বাজাও গন্তীর মন্ত্রন্থনে
মেহর অম্বর্জনে। আনন্দিত প্রাণের স্পন্দনে
জাগুক এ শিশুবৃক্ষ। মহোৎসবে লহো এরে ডেকে।
বনের সৌভাগ্যদিনে ধরণীর বর্ধা অভিষেকে।

ভেক্ত

স্পৃষ্টির প্রথম বাণী তুমি, হে আলোক;

এ নব তরুতে তব শুভদৃষ্টি হ'ক।

একদা প্রচুর পুম্পে হবে দার্থকতা

উহার প্রচ্ছন্ন প্রাণে রাথো দেই কথা।

স্মিশ্ব পল্লবের তলে তব তেজ ভরি

হ'ক তব জয়ধ্বনি শতবর্ষ ধরি।

যক্তৎ

হে পবন কর নাই গৌণ,
আষাঢ়ে বেজেছে তব বংশী।
তাপিত নিকুজের মৌন
নিশ্বাসে দিলে তুমি ধ্বংসি।
এ তরু খেলিবে তব সঙ্গে,
সংগীত দিয়ো এরে ভিক্ষা।
দিয়ো তব ছন্দের রক্ষে
পল্লবহিল্লোল শিক্ষা।

ব্যোম

আকাশ, তোমার সহাস উদার দৃষ্টি
মাটির গভীরে জাগায় রূপের স্বাষ্ট ।
তব আহ্বানে এই তো শামলমূর্তি
আলোক-অমৃতে থু জিছে প্রাণের পুর্তি ।
দিয়েছ সাহস, তাই তব নীলবর্ণে
বর্ণ মিলায় আপন হরিৎপর্ণে ।
তক্ষতকণেরে করুণায় করো ধন্ত,
দেবতার স্বেহু পায় যেন এই বক্তা।

মাল লিক

প্রাণের পাথেয় তব পূর্ণ হ'ক হে শিশু চিরায়, বিশ্বের প্রসাদম্পর্শে শক্তি দিক স্থধাসিক্ত বায়। হে বালকবৃক্ষ, তব উচ্ছল কোমল কিশলয় আলোক করিয়া পান ভাগুরেতে করুক সঞ্য প্রচ্ছ প্রশাস্ত তেজ। লয়ে তব কল্যাণকামনা ভাবিণবর্ষণযজ্ঞে তোমারে করিমু অভ্যর্থনা।— থাকো প্রতিবেশী হয়ে, আমাদের বন্ধু হয়ে থাকো। মোদের প্রাঙ্গণে ফেলো ছায়া, পথের কন্ধর ঢাকো কুস্মবর্ধণে; আমাদের বৈতালিক বিহল্পমে শাখায় আশ্রয় দিয়ো; বর্ষে বর্ষে পুষ্পিত উত্তমে অভিনন্দনের গন্ধ মিলাইয়ো বর্ধাগীতিকায়, সন্ধ্যাবন্দনার গানে। মোদের নিকুঞ্জবীথিকায় মঞ্জুল মর্মরে তব ধরিত্রীর অন্তঃপুর হতে প্রাণমাতৃকার মন্ত্র উচ্চুসিবে স্র্যের আলোতে। শত বর্ষ হবে গড়, রেখে ঘাব আমাদের প্রীতি খ্রামল লাবণ্যে তব। সে যুগের নৃতন অতিথি বসিবে তোমার ছায়ে। সেদিন বর্ষণমহোৎসবে আমাদের নিমন্ত্রণ পাঠাইয়ো তোমার সৌরভে দিকে দিকে বিশ্বজনে। আজি এই আনন্দের দিন তোমার পল্লবপুঞ্জে পুষ্পে তব হ'ক মৃত্যুহীন। রবীন্দ্রের কণ্ঠ হতে এ সংগীত তোমার মঙ্গলে মিলিল মেথের মস্তে, মিলিল কদম্বপরিমলে।

১৩ জুঙ্গাই ১৯২৮ [শান্তিনিকেতন]

वित्र भर

वागीर्वाप

শ্রীমান অতুলপ্রসাদ সেন করকমলে—

বন্ধের দিগন্ত ছেয়ে বাণীর বাদল
বহে যায় শতস্রোতে রসবন্তাবেগে;
কভু বজ্রবহ্নি কভু স্মিশ্ধ অশ্রুজন
ধ্বনিছে সংগীতে ছন্দে তারি পুঞ্জমেঘে;
বিষম শশান্ধকলা তারি মেঘজটা
চুম্বিয়া মঙ্গলমন্ত্রে রচে স্তরে স্তরে
স্থলরের ইল্রজাল; কত রশ্মিচ্ছটা
প্রত্যুবে দিনের অস্তে রাথে তারি 'পরে
আলোকের স্পর্শমিণি। আজি পূর্ববায়ে
বঙ্গের অম্বর হতে দিকে দিগন্তরে
সহর্ষ বর্ষণধারা গিয়েছে ছড়ায়ে
প্রাণের আনন্দবেগে পশ্চিমে উত্তরে;
দিল বঙ্গবীণাপাণি অতুলপ্রসাদ,
তব জাগরণী গানে নিত্য আশীর্বাদ।

রবীশ্রনাথ ঠাকুর

नि ति ।

প্রণাম

অর্থ কিছু বৃঝি নাই, কুড়ায়ে পেয়েছি কবে জানি নানা বর্ণে চিত্র-করা বিচিত্রের নর্মবাঁশিখানি যাত্রাপথে। সে-প্রত্যুষে প্রদোষের আলো অন্ধকার প্রথম মিলনক্ষণে লভিল পুলক দোঁহাকার রক্ত-অবগুর্গনচ্ছায়ায়। মহামৌন-পারাবারে প্রভাতের বাণীবক্যা চঞ্চলি মিলিল শতধারে তুলিল হিল্লোলদোল। কত যাত্ৰী গেল কত পথে ত্র্লভ ধনের লাগি অভ্রভেদী ত্র্গম পর্বতে ত্স্তর সাগর উত্তরিয়া। শুধু মোর রাত্রিদিন, শুধু মোর আনমনে পথ-চলা হল অর্থহীন। গভীরের স্পর্শ চেয়ে ফিরিয়াছি, তার বেশি কিছু হয় নি সঞ্চয় করা, অধরার গেছি পিছু পিছু। আমি শুধু বাঁশরিতে ভরিয়াছি প্রাণের নিশ্বাস, বিচিত্রের স্থরগুলি গ্রন্থিবারে করেছি প্রয়াস আপনার বীণার তম্ভতে। ফুল ফোটাবার আগে ফাস্কনে তরুর মর্মে বেদনার যে-স্পন্দন জাগে আমন্ত্রণ করেছিত্ব তারে মোর মুগ্ধ রাগিণীতে উৎকণ্ঠাকম্পিত মূর্ছনায়। ছিন্ন পত্র মোর গীতে ফেলে গেছে শেষ দীর্ঘখাস। ধরণীর অস্তঃপুরে রবিরশ্মি নামে যবে, তৃণে তৃণে অঙ্কুরে অঙ্কুরে यে-निः भक् इन्ध्वनि मृद्र मृद्र यां ये विश्वातिया ধৃসর যবনি-অন্তরালে, তারে দিহু উৎসারিয়া

এ বাঁশির রক্ষে রক্ষে; যে-বিরাট গৃঢ় অমুভবে রজনীর অঙ্গুলিতে অক্ষমালা ফিরিছে নীরবে আলোকবন্দনামন্ত্র জপে— আমার বাঁশিরে রাখি আপন বক্ষের 'পরে, তারে আমি পেয়েছি একাকী হাদয়কম্পনে মম; যে বন্দী গোপন গন্ধথানি কিশোরকোরক মাঝে স্বপ্নস্বর্গে ফিরিছে সন্ধানি পুজার নৈবেছডালি, সংশয়িত তাহার বেদনা সংগ্রহ করেছে গানে আমার বাঁশরি কলম্বনা। চেতনাদিরুর ক্র তরকের মৃদকগর্জনে নটরাজ করে নৃত্য, উন্মুখর অট্টহাস্থদনে অতল অশ্রুর লীলা মিলে গিয়ে কলরলরোলে উঠিতেছে রণি রণি, ছায়ারৌদ্র সে-দোলায় দোলে অপ্রাপ্ত উল্লোলে। আমি তীরে বসি তারি রুত্রতালে গান বেঁধে লভিয়াছি আপন ছন্দের অস্তরালে অনন্তের আনন্দবেদনা। নিথিলের অহুভূতি সংগীতদাধনা মাঝে রচিয়াছে অসংখ্য আকুতি। এই গীতিপথপ্রাস্তে হে মানব, তোমার মন্দিরে দিনাস্তে এসেছি আমি নিশীথের নৈঃশস্ত্যের তীরে আরতির সাদ্ধাক্ষণে; একের চরণে রাখিলাম বিচিত্তের নর্মবাঁশি,— এই মোর রহিল প্রণাম।

৬ এপ্রিল ১৯৩১ শান্তিনিকেতন

বিচিত্রা

ছিলাম যবে মায়ের কোলে,
বাঁশি বাজানো শিথাবে ব'লে
চোরাই করে এনেছ মোরে তুমি,
বিচিত্রা হে, বিচিত্রা,
যেথানে তব রঙের রক্তৃমি।
আকাশতলে এলায়ে কেশ
বাজালে বাঁশি চুপে,
সে মায়াস্থরে স্বপ্নছবি
জাগিল কত রূপে;
লক্ষ্যহারা মিলিল তারা
রূপকথার বাটে,
পারায়ে গেল ধূলির সীমা
তেপাস্তরী মাঠে।

নারিকেলের ডালের আগে

ত্পুরবেলা কাঁপন লাগে,

ইশারা তারি লাগিত মোর প্রাণে,

বিচিত্রা, হে বিচিত্রা,

কী বলে তারা কে বলো তাহা জানে।

অর্থহারা হ্বের দেশে

ফিরালে দিনে দিনে,

ঝলিত মনে অবাক বাণী,

শিশির খেন তুণে।

প্রভাত-আলো উঠিত কেঁপে

পুলকে কাঁপা বুকে,

বারণহীন নাচিত হিয়া

কারণহীন হুখে।

জীবনধারা অকুলে ছোটে,
হৃংথে স্থথে তৃফান ওঠে,
আমারে নিয়ে দিয়েছ তাহে থেয়া,
বিচিত্রা হে, বিচিত্রা,
কালো গগনে ডেকেছে ঘন দেয়া।
প্রাণের সেই ঢেউয়ের তালে
বাজালে তৃমি বীণ,
ব্যথায় মোর জাগায়ে নিয়ে
তারের রিনিরিন।
পালের 'পরে দিয়েছ বেগে
স্থরের হাওয়া তুলে,
সহসা বেয়ে নিয়েছ তরী
অপুর্বেরি কুলে।

চৈত্রমাদে শুক্ল নিশা

জুঁহিবেলির গন্ধে মিশা;
জলের ধর্মনি তটের কোলে কোলে
বিচিত্রা হে, বিচিত্রা,
অনিদ্রারে আকুল করি তোলে।

ধৌবনে দে উতল রাতে
কর্মণ কার চোথে
সোহিনী রাগে মিলাতে মিড়
চাদের ক্ষীণালোকে।
কাহার ভীক্ল হাসির 'পরে
মধুর দ্বিধা ভরি
শরমে-হোঁওয়া নয়নজ্ঞল
কাপাতে পর্পরি।

হঠাৎ কভু জাগিয়া উঠি ছিন্ন করি ফেলেছ টুটি নিশীথিনীর মৌন যবনিকা,
বিচিত্রা হে, বিচিত্রা,
হেনেছ তারে বজ্ঞানলশিখা।
গভীর রবে হাঁকিয়া গেছ
'অলস থেকো না গো।'
নিবিড় রাতে দিয়েছ নাড়া,
বলেছ 'জাগো জাগো।'
বাসরঘরে নিবালে দীপ,
ঘুচালে ফুলহার,
ধূলি-আঁচল তলায়ে ধরা
করিল হাহাকার।

বুকের শিরা ছিন্ন করে
ভীষণ পূজা করেছি তোরে,
কথনো পূজা শোভন শতদলে,—
বিচিত্রা হে, বিচিত্রা,
হাসিতে কভু, কথনো আঁথিজলে।
ফসল যত উঠেছে ফলি
বক্ষ বিভেদিয়া
কণাকণায় তোমারি পায়
দিয়েছি নিবেদিয়া।
তব্ও কেন এনেছ ডালি
দিনের অবসানে;
নিঃশেষিয়া নিবে কি ভরি
নিঃশ্ব-করা দানে।

ণ বৈশাখ ১৩৩৪ [শান্তিনিকেতন]

জন্মদিন

রবিপ্রদক্ষিণপথে জন্মদিবদের আবর্তন
হয়ে আদে সমাপন।
আমার ক্লন্তের
মালা ক্লাক্ষের
অন্তিম গ্রন্থিতে এদে ঠেকে
রৌদ্রদন্ধ দিনগুলি গেঁথে একে একে।
হে তপস্বী, প্রসারিত করো তব পাণি
লহো মালাখানি।

উগ্র তব তপের আদন,

শেখায় তোমারে সম্ভাষণ
করেছিফু দিনে দিনে কঠিন স্তবনে
কথনো মধ্যাহ্নরোদ্রে কথনো-বা ঝঞ্চার পবনে।
এবার তপস্তা হতে নেমে এসো তুমি—
দেখা দাও যেথা তব বনভূমি
ছায়াঘন, ষেথা তব আকাশ অক্লণ
আষাঢ়ের আভাসে কক্লণ।
অপরাহ্ন যেথা তার ক্লান্ত অবকাশে
মেলে শৃন্ত আকাশে আকাশে
বিচিত্র বর্ণের মায়া; ষেথা সন্ধ্যাতারা
বাক্যহারা

বাণীবহ্ন জালি'
নিভৃতে দাজায় ব'দে অনস্তের আরতির ডালি।
ভামল দান্দিণ্যে ভরা
দহজ আতিথ্যে বস্থন্ধরা
যেথা স্নিশ্ধ শাস্তিময়;
যেথা তার অফুরান মাধুর্যসঞ্চয়
প্রাণে প্রাণে

বিশ্বের প্রাঙ্গণে আজি ছুটি হ'ক মোর, ছিন্ন করে দাও কর্মডোর। আমি আজ ফিরিব কুড়ায়ে উচ্চ্ শুল সমীরণ যে-কুস্থম এনেছে উড়ায়ে সহজে ধুলায়,

পাথির কুলায়
দিনে দিনে ভরি উঠে যে-সহজ গানে,
আলোকের চোঁওয়া লেগে সর্জের তম্বার তানে।
এই বিশ্বসন্তার পরশ,

স্থলে জলে তলে তলে এই গৃঢ় প্রাণের হরষ
তুলি লব অস্তরে অস্তরে,
সর্বদেহে, রক্তস্রোতে, চোথের দৃষ্টিতে, কণ্ঠস্বরে,
জাগরণে, ধেয়ানে, তন্দ্রায়,

বিরামসমূদ্রতটে জীবনের পরমসন্ধ্যায়। এ জন্মের গোধ্লির ধৃসর প্রহরে বিশ্বরস-সরোবরে

শেষবার ভরিব হৃদয় মন দেহ
দ্র করি সব কর্ম, সব তর্ক, সকল সন্দেহ,
সব খ্যাতি, সকল হুরাশা,
বলে যাব, 'আমি যাই, রেখে যাই, মোর ভালোবাসা।'

২৩ বৈশাথ ১৩৩৮ [শাস্তিনিকেতন]

পান্থ

শুধায়ো না মোরে তুমি মৃক্তি কোথা, মৃক্তি কারে কই, আমি তো সাধক নই, আমি গুরু নই। আমি কবি, আছি ধরণীর অতি কাছাকাছি,

এ পারের থেয়ার ঘাটায়।
সম্মুখে প্রাণের নদী জোয়ার-ভাঁটায়
নিত্য বহে নিয়ে ছায়া আলো,
মন্দ ভালো,

ভেসে-যাওয়া কত কী যে, ভুলে-যাওয়া কত রাশি রাশি লাভক্ষতি কান্নাহাসি,—

এক তীর গড়ি তোলে অন্য তীর ভাঙিয়া ভাঙিয়া; সেই প্রবাহের 'পরে উষা ওঠে রাঙিয়া রাঙিয়া, পড়ে চন্দ্রালোকরেখা জননীর অঙ্গুলির মতো;

কৃষ্ণরাতে তারা যত জপ করে ধ্যানমন্ত্র; অন্তস্থ রক্তিম উত্তরী ৰুলাইয়া চলে যায়, সে-তরক্ষে মাধ্বীমঞ্জরি

ভাসায় মাধুরীভালি, পাখি তার গান দেয় ঢালি। সে তরঙ্গনৃত্যছন্দে বিচিত্র ভঙ্গীতে চিত্ত যবে নৃত্য করে আপন সংগীতে এ বিশ্বপ্রবাহে,

সে-ছন্দে বন্ধন মোর, মৃক্তি মোর তাহে।
রাথিতে চাহি না কিছু, আঁকড়িয়া চাহি না রহিতে,
ভাসিয়া চলিতে চাই সবার সহিতে
বিরহ্মিলনগ্রন্থি খুলিয়া খুলিয়া,
তরণীর পালধানি পলাতকা বাভাসে তুলিয়া।

হে মহাপথিক, অবারিত তব দশদিক। তোমার মন্দির নাই, নাই স্বর্গধাম,
নাইকো চরম পরিণাম;
তীর্থ তব পদে পদে;
চলিয়া তোমার সাথে মুক্তি পাই চলার সম্পদে,
চঞ্চলের নৃত্যে আর চঞ্চলের গানে,
চঞ্চলের সর্বভোলা দানে—
আধারে আলোকে,
স্ঞানের পর্বে পর্বে, প্রলয়ের পলকে পলকে।

২৪ বৈশাপ্ত ১৩৩৮ [শাস্তিনিকেতন]

অপূর্ণ

যে-ক্থা চক্ষের মাঝে, যেই ক্ষা কানে,
স্পর্শের যে-ক্ষা ফিরে দিকে দিকে বিশ্বের আহ্বানে
উপকরণের ক্ষা কাঙাল প্রাণের,
ব্রত তার বস্থ সন্ধানের,
মনের যে-ক্ষা চাহে ভাষা,
সঙ্গের যে-ক্ষা নিত্য পথ চেয়ে করে কার আশা,
যে-ক্ষা উদ্দেশহীন অজানার লাগি
অন্তরে গোপনে রয় জাগি—
সবে তারা মিলি নিতি নিতি
নানা আকর্ষণবেগে গড়ি তোলে মানস-আকৃতি।
কত সত্য, কত মিথ্যা, কত আশা, কত অভিলাষ,
কত-না সংশয় তর্ক, কত না বিশ্বাস,
আপন রচিত ভয়ে আপনারে পীড়ন কত-না,
কত রূপে কল্পিত সান্ধনা,—

মনগড়া দেবতারে নিয়ে কাটে বেলা,
পরদিনে ভেঙে করে ঢেলা,
অতীতের বোঝা হতে আবর্জনা কত
জটিল অভ্যানে পরিণত,
বাতানে বাতানে ভাদা বাক্যহীন কত-না আদেশ
দেহহীন তর্জনীনির্দেশ,

সদয়ের গৃঢ় অভিক্ষচি
কত স্বপ্নমূর্তি আঁকে দেয় পুনঃ মৃছি,
কত প্রেম, কত ত্যাগ, অসম্ভব তরে
কত-না আকাশযাত্রা কল্পক্ষভরে,
কত মহিমার পুজা, অযোগ্যের কত আরাধনা,
সার্থক সাধনা কত, কত ব্যর্থ আত্মবিভূমনা,

কত জয় কত পরাভব— ঐক্যবন্ধে বাঁধি এই সব ভালো মন্দ সাদায় কালোয় বস্তু ও ছায়ায় গড়া মূর্তি তুমি দাঁড়ালে আলোয়।

জন্মদিনে জন্মদিনে গাঁথনির কর্ম হবে শেষ,
স্থা তৃঃথ ভয় লজ্জা ক্লেশ,
আরম্ধ ও অনারম্ধ সমাপ্ত ও অসমাপ্ত কাজ,
তৃপ্ত ইচ্ছা, ভগ্ন জীর্ণ সাজ
তৃমি-রূপে পুঞ্জ হয়ে, শেষে
কয়দিন পুর্ণ করি কোথা গিয়ে মেশে।
যে-চৈতন্সধারা
সহসা উডুত হয়ে অকমাৎ হবে গতিহারা,
সে কিসের লাগি,—
নিদ্রায় আবিল কভু, কথনো-বা জাগি
বাস্তবে ও কল্পনায় আপনার রচি দিল সীমা,
গড়িল প্রতিমা।

অসংখ্য এ রচনায় উদ্যাটিছে মহা ইতিহাস,—
যুগান্তে ও যুগান্তরে এ কার বিলাস।

জনদিন মৃত্যুদিন, মাঝে তারি ভরি' প্রাণভূমি কে গো তৃমি। কোথা আছে তোমার ঠিকানা, কার কাছে তুমি আছ অন্তরঙ্গ সত্য করে জানা। আছ আর নাই মিলে অসম্পূর্ণ তব সত্তাধানি আপন গদগদ বাণী পারে না করিতে ব্যক্ত, অশক্তির নিষ্ঠুর বিদ্রোহে বাধা পায় প্রকাশ আগ্রহে, মাঝখানে থেমে যায় মৃত্যুর শাসনে। তোমার যে-সম্ভাষণে জানাইতে চেয়েছিলে নিখিলেরে নিজ পরিচয় হঠাৎ কি তাহার বিলয়, কোথাও কি নাই তার শেষ সার্থকতা। তবে কেন পঙ্গু সৃষ্টি, খণ্ডিত এ অন্তিত্বের ব্যথা। অপুর্ণতা আপনার বেদনায় পূর্ণের আশাস যদি নাহি পায়, তবে রাত্রিদিন হেন আপনার সাথে তার এত দম্ব কেন। ক্ষুদ্র বীজ মৃত্তিকার সাথে যুঝি অঙ্গুরি উঠিতে চাহে আলোকের মাঝে মৃক্তি খুঁজি। সে-মুক্তি না যদি সত্য হয় অন্ধ মৃক তুংথে তার হবে কি অনন্ত পরাজয়।

मार्जिलिः অগ্রহায়ণ ? ১৩৬৮

আমি

আজ ভাবি মনে-মনে, তাহারে কি জানি
যাহার বলায় মোর বাণী,
যাহার চলায় মোর চলা,
আমার ছবিতে যার কলা,
যার স্থর বেজে ওঠে মোর গানে গানে,
স্থপে হৃংথে দিনে দিনে বিচিত্র যে আমার পরানে।
তেবেছিত্ব আমাতে সে বাঁধা
এ প্রাণের যত হাসা কাঁদা
গণ্ডি দিয়ে মোর মাঝে
যিরেছে তাহারে মোর সকল খেলায় সব কাজে।
ভেবেছিত্ব সে আমারি আমি
আমার জনম বেয়ে আমার মরণে যাবে থামি।

তবে কেন পড়ে মনে, নিবিড় হরষে
প্রেয়দীর দরশে পরশে
বারে বারে
প্রেছিত্ব তারে
অতন মাধুরীসিক্কৃতীরে
আমার অতীত সে-আমিরে।
জানি তাই, সে-আমি তো বন্দী নহে আমার সীমায়,
প্রাণে বীরের মহিমায়
আপনা হারায়ে
তারে পাই আপনাতে দেশকাল নিমেষে পারায়ে।
যে-আমি ছায়ার আবরণে
লুপ্ত হয়ে থাকে মোর কোণে
সাধকের ইতিহাসে তারি জ্যোতির্ময়

পরিশেষ

যুগে যুগে কবির বাণীতে সেই আমি আপনারে পেরেছে জ্বানিতে।

দিগত্তে বাদলবায়বেগে
নীল মেঘে
বর্ষা আদে নাবি।
বদে বদে ভাবি
এই আমি যুগে যুগান্তরে
কত মূর্তি ধরে,
কত নামে কত জন্ম কত মৃত্যু করে পারাপার
কত বারম্বার।
ভূত ভবিশ্বং লয়ে যে বিরাট অথও বিরাজে
দে মানব-মাঝে
নিভূতে দেখিব আজি এ আমিরে,
সর্বত্তগামীরে।

১১ ফেব্রুয়ারি ১৯৩১

তুমি

সুর্য যখন উড়াল কেতন

অন্ধকারের প্রান্তে,

তুমি আমি তার রথের চাকার

ধ্বনি পেয়েছিমু জানতে

সেই ধ্বনি ধায় বকুলশাখায়
প্রভাতবায়ুর ব্যাকুল পাখায়,

স্থপ্ত কুলায়ে জাগায়ে দে যায়

আকাশপথের পাছে।

অরুণরথের সে-ধ্বনি পথের

মন্ত্র শুনায়ে দিলে
তাই পায়ে-পায় দোঁহার চলায়

ছন্দ গিয়েছে মিলে।

তিমিরভেদন আলোর বেদন
লাগিল বনের বক্ষে,
নবজাগরণ পরশরতন
আকাশে এল অলক্ষ্যে।
কিশলমদল হল চঞ্চল,
শিশিরে শিহরি করে ঝলমল,
স্থরলক্ষ্মীর স্বর্ণকমল
ছলে বিশ্বের চক্ষে।
রক্তরভের উঠে কোলাহল
পলাশকুঞ্জমম্ম,
তুমি আমি দোঁহে কণ্ঠ মিলায়ে
গাহিত্ব আলোর জয়।

সংগীতে ভরি এ প্রাণের তরী
অসীমে ভাসিল রক্তে,

চিনি নাহি চিনি চিরসঙ্গিনী
চলিলে আমার সঙ্গে।
চক্ষে তোমার উদিত রবির
বন্দনবাণী নীরব গভীর,
অস্তাচলের করুণ কবির
ছন্দ বসনভঙ্গে।
উষাক্রণ হতে রাঙা গোধূলির
দ্রদিগস্তপানে
বিভাসের গান হল অবসান
বিধুর পুরবীতানে।

আমার নয়নে তব অঞ্জনে
ফুটেছে বিশ্বচিত্র,
তোমার মন্ত্রে এ বীণাতত্ত্বে
উদ্গাথা স্থপবিত্র।
অতল তোমার চিন্তগহন,
মোর দিনগুলি সফেন নাচন,
তুমি সনাতনী আমিই নৃতন,
অনিত্য আমি নিত্য।
মোর ফাল্কন হারায় যখন
আশ্বিনে ফিরে লহ।
তব অপরূপে মোর নবরূপ
তুলাইছ অহরহ।

আসিছে রাত্রি স্বপনধাত্রী,
বনবাণী হল শাস্ত।
জলভরা ঘটে চলে নদীতটে
বধুর চরণ ক্লান্ত।
নিখিলে ঘনাল দিবদের শোক,
বাহির-আকাশে ঘুচিল আলোক,
উজ্জল করি অন্তরলোক
সদয়ে এলে একান্ত।
ল্কানো আলোয় তব কালো চোখ
সন্ধ্যাতারার দেশে
ইক্তি তার গোপনে পাঠাল
জানি না কী উদ্দেশে।

দেখেছি ভোমার আঁখি স্বকুমার নবজাগরিত বিশ্বে। দেখিম হিরণ হাসির কিরণ প্রভাতোজ্জন দুশ্রে। হয়ে আসে যবে যাত্রাবদান বিমল আঁথারে ধুয়ে দিলে প্রাণ, দেখিত্ব মেলেছ তোমার নয়ান অসীম দ্র ভবিয়ে। অজ্ঞানা তারায় বাজে তব গান হারায় গগনতলে। বক্ষ আমার কাঁপে হক হক, চক্ষ্ ভাসিল জলে।

প্রেমের দিয়ালি দিয়েছিল জালি
তোমারি দীপের দীপ্তি
মোর সংগীতে তুমিই দঁপিতে
তোমার নীরব তৃপ্তি।
আমারে লুকায়ে তুমি দিতে আনি
আমার ভাষায় স্থগভীর বাণী,
চিত্রলিথায় জানি আমি জানি
তব আলিপনলিপ্তি।
হৃৎশতদলে তুমি বীণাপাণি
স্থরের আসন পাতি
দিনের প্রহর করেছ মৃথর,
এখন এল যে রাতি।

চেনা মৃথথানি আর নাহি জানি।
আঁধারে হতেছে গুপ্ত,
তব বাণীরূপ কেন আজি চূপ,
কোথায় সে হায় স্থপ্ত।
অবগুষ্ঠিত তব চারিধার,
মহামৌনের নাহি পাই পার,
হাসিকারার ছন্দ তোমার
গহনে হল যে লুপ্ত।

শুধু ঝিল্লির ঘন ঝংকার নীরবের বুকে বাজে। কাছে আছ তবু গিয়েছ হারায়ে দিশাহারা নিশামাঝে।

এখানে কি হবে শৃন্য।
তুমি যে-বীণার বেঁধেছিলে তার
এখনি কি হবে শৃন্ধ।
যে-পথে আমার ছিলে তুমি সাথী
সে পথে তোমার নিবায়ো না বাতি,
আরতির দীপে আমার এ রাতি
এখনো করিয়ো পুণ্য।
আজো জ্বলে তব নয়নের ভাতি
আমার নয়নময়,
মরণসভায় তোমায় আমায়
গাব আলোকের জয়।

ণ নবেম্বর ১৯৩• আল্গন্ ক্য়িন্। নায়ক

আছি

বৈশাখেতে তপ্ত বাতাস মাতে
কুয়োর ধারে কলাগাছের দীর্ণ পাতে পাতে;
গ্রামের পথে ক্ষণে কুলা উড়ায়,
ডাক দিয়ে যায় পথের ধারে কৃষ্ণচূড়ায়;

আশুক্লান্ত বেলগুলি সব শীর্ণ হয়ে আসে,
য়ান গন্ধ কৃড়িয়ে তারি ছড়িয়ে বেড়ায় স্থান্থ নিশাসে;
তকনো টগর উড়িয়ে কেলে,
চিকন কচি অশথ পাতায় যা খুশি তাই খেলে;
বাঁশের গাছে কী নিয়ে তার কাড়াকাড়ি,
থেজুর গাছের শাখায় শাখায় নাড়ানাড়ি;
বটের শাথে ঘনসবৃদ্ধ ছায়ানিবিড় পাথির পাড়ায়
হুছ করে ধেয়ে এসে ঘুরু ঘূটির নিজা ছাড়ায়;
কক্ষ কঠিন রক্তমাটি তেউ খেলিয়ে মিলিয়ে গেছে দ্রে
তার মাঝে ওর থেকে থেকে নাচন ঘ্রে ঘুরে;
থেপে উঠে হঠাৎ ছোটে তালের বনে উত্তরে দিক্সীমায়
অক্ট ঐ বাঙ্গানীলিমায়;
টেলিগ্রাফের তারে তারে
হুর সেধে নেয় পরিহাসের ঝংকারে ঝংকারে;
এমনি করে বেলা বহে যায়,

এমনি করে বেলা বহে যায়,
এই হাওয়াতে চূপ করে রই একলা জানালায়।
এ যে ছাতিম গাছের মতোই আছি
সহজ প্রাণের আবেগ নিয়ে মাটির কাছাকাছি,
ওর যেমন এই পাতার কাঁপন, যেমন ভামলতা,
তেমনি জাগে ছন্দে আমার আজকে দিনের সামান্য এই কথা।
না থাক্ খ্যাতি, না থাক্ কীর্তিভার,

পুঞ্জীভূত অনেক বোঝা অনেক তুরাশার,— আজ্ঞ আমি যে বেঁচেছিলেম সবার মাঝে মিলে সবার প্রাণে সেই বারতা রইল আমার গানে।

১৯ বৈশাপ ১৩৩৮ [শাস্তিনিকেডন]

বালক

वानक वर्मम हिलं यथन, होत्मन कोर्लन घंदन নিঝুম তৃইপছরে ষারের 'পরে হেলিয়ে মাথা মেঝে মাত্র পাতা, একা একা কটিভ রোদের বেলা,— না মেনেছি পড়ার শাসন, না করেছি খেলা। দুর আকাশে ডেকে যেত চিল, সিস্থগাছের ভালপালা সব বাতাসে ঝিলমিল। তপ্ত ত্যায় চঞ্চু করি ফাঁক প্রাচীর-'পরে ক্ষণে ক্ষণে বসত এসে কাক। চড়ুই পাথির আনাগোনা মৃথর কলভাষা, ঘরের মধ্যে কড়ির কোণে ছিল তাদের বাসা। ফেরিওয়ালার ডাক শোনা যায় গলির ওপার থেকে— দ্রের ছাদে ঘুড়ি গুড়ায় সে কে। কথন্ মাঝে-মাঝে ষড়িওয়ালা কোন্ বাড়িতে ঘণ্টাধ্বনি বাজে। দামনে বিরাট অজ্ঞানিত, দামনে দৃষ্টি-পেরিয়ে-যাওয়া দূর বাজাত কোন্ ঘর-ভোলানো স্থর। কিসের পরিচয়ের লাগি আকাশ-পাওয়া উদাসী মন সদাই ছিল জাগি। অকারণের ভালোলাগা অকারণের ব্যথায় মিলে গাঁথত স্বপন নাইক গোড়া আগা। সাথীহীনের সাথী মনে হড দেখতে পেতেম দিগন্তে নীল আসন ছিল পাতি।

সম্ভব্নে আঞ্চ পা দিয়েছি আয়ুশেষের কুঁলে অন্তব্নে আঞ্চ জানলা দিলেম খুলে।

তেমনি আবার বালকদিনের মতো চোখ মেলে মোর স্থানুর-পানে বিনা কাব্দে প্রহর হল গত। প্রথর তাপের কাল, ঝরঝরিয়ে কেঁপে ওঠে শিরীষগাছের ডাল; কুয়োর ধারে তেঁতুলতলায় চুকে পাড়ার কুকুর ঘুমিয়ে পড়ে ভিজে মাটির স্নিগ্ধ পরশস্থে; গাড়ির গোরু ক্ষণকালের মৃক্তি পেয়ে ক্লান্ত আছে ভয়ে ব্রামের ছায়ায় তৃণবিহীন ভূঁয়ে। কাঁকর-পথের পারে ভকনো পাতার দৈশু জমে গন্ধরাজের সারে। टिए आहि इ-टिनेश मिए नव-किছूत हूँ रम, ভাবনা আমার সবার মাঝে থুয়ে। বালক থেমন নগ্ন-আবরণ, তেমনি আমার মন ঐ কাননের সবুজ ছায়ায় এই আকাশের নীলে বিনা বাধায় এক হয়ে যায় মিলে। সকল জানার মাঝে চিরকালের না-জানা কার শভাধ্বনি বাজে। এই ধরণীর সকল দীমায় দীমাহারার গোপন আনাগোনা

২১ বৈশাৰ ১৩৩৮ [শান্তিনিকেডন]

বৰ্ষশেষ

সেই আমারে করেছে আন্মনা।

যাত্রা হয়ে আদে নারা,— আয়ুর পশ্চিমপথশেষে
ঘনায় মৃত্যুর ছায়া এনে।
অন্তস্থ আপনার দাক্ষিণ্যের শেষ বন্ধ টুটি
ছড়ায় ঐশ্বর্ধ তার ভরি ঘই মৃঠি।

বর্ণসমারোহে দীপ্ত মরণের দিগস্তের সীমা, জীবনের হেরিম্থ মহিমা।

এই শেষ কথা নিয়ে নিশাস আমার যাবে থামি,—
কত ভালোবেসেছিত্ব আমি।
অনস্ত রহস্থ তারি উচ্ছলি আপন চারিধার
জীবন মৃত্যুরে দিল করি একাকার;
বেদনার পাত্র মোর বারম্বার দিবসৈ নিশীথে
ভরি দিল অপুর্ব অমৃতে।

ছঃথের হুর্গম পথে তীর্থধাত্রা করেছি একাকী, হানিয়াছে দারুণ বৈশাখী। কত দিন সঙ্গীহীন, কত রাত্রি দীপালোকহারা, তারি মাঝে অস্তরেতে পেয়েছি ইশারা। নিন্দার কণ্টকমাল্যে বক্ষ বি ধিয়াছে বারে বারে, বরমাল্য জানিয়াছি তারে।

আলোকিত ভ্বনের ম্থপানে চেয়ে নির্নিমেষ
বিশ্বয়ের পাই নাই শেষ।
যে-লক্ষ্মী আছেন নিত্য মাধুরীর পদ্ম-উপবনে,
পেয়েছি তাঁহার স্পর্শ সর্ব অক্ষে-মনে।
যে-নিশ্বাস তরন্ধিত নিথিলের অশ্রুতে হাসিতে,
তারে আমি ধরেছি বাঁশিতে।

বাঁহারা মাহ্যরূপে দৈববাণী অনির্বচনীয়
তাঁহাদের জেনেছি আত্মীয়।
কতবার পরাভব, কতবার কত লজ্জা ভয়,
তব্ কণ্ঠে ধ্বনিয়াছে অসীমের জয়।
অসম্পূর্ণ সাধনায় কণে কণে ক্রন্দিত আত্মার
থুলে গেছে অবরুদ্ধ দ্বার।

লভিয়াছি জীবলোকে মানবজন্মের অধিকার,
ধন্ত এই সৌভাগ্য আমার।
যেথা যে-অমৃতধারা উৎসারিল যুগে যুগান্তরে
জ্ঞানে কর্মে ভাবে, জানি সে আমারি তরে।
পুর্ণের যে-কোনো ছবি মোর প্রাণে উঠেছে উজ্জ্ঞালি
জ্ঞানি তাহা সকলের বলি।

ধূলির আসনে বসি ভূমারে দেখেছি ধ্যানচোথে
আলোকের অতীত আলোকে।
অপু হতে অণীয়ান মহৎ হইতে মহীয়ান,
ইন্দ্রিয়ের পারে তার পেয়েছি সন্ধান।
ক্ষণে ক্ষণে দেখিয়াছি দেহের তেদিয়া যবনিকা
অনির্বাণ দীপ্তিময়ী শিখা।

যেখানেই যে-তপদ্বী করেছে হন্ধর যজ্ঞযাগ,
আমি তার শভিয়াছি ভাগ।
মোহবন্ধমৃত্ত যিনি আপনারে করেছেন জয়,
তার মাঝে পেয়েছি আমার পরিচয়।
যেখানে নিঃশঙ্ক বীর মৃত্যুরে শভিতল অনায়ানে,
স্থান মোর সেই ইভিহালে।

শ্রেষ্ঠ হতে তেওঁ যিনি, যতবার কুলি কেন নাম,
তবু তাঁরে করেছি প্রণাম।
অন্ধরে লেগেছে মোর তান আকাশের আশীর্বাদ;
উষালোকে আনন্দের পেয়েছি প্রসাদ।
এ আশ্রুব বিশ্বলোকে জীবনের বিচিত্র গৌরবে
যুত্যু মোর পরিপূর্ণ হবে।

আজি এই বংসরের বিদায়ের শেষ আয়োজন,

মৃত্যু, তুমি ঘূচাও গুঠন।

কত কী গিয়েছে ঝরে, জানি জানি কত কেছ প্রীতি

নিবামে গিয়েছে দীপ রাথে নাই স্বতি।

মৃত্যু, তব হাত পূর্ণ জীবনের মৃত্যুহীন ক্ষণে,

গুগো শেষ অশেষের ধনে।

৩+ চৈত্ৰ ১৬৬৬ [শান্তিনিকেতন]

यूकि

5

আমারে সাহস দাও, দাও শক্তি, হে চিরস্কলর,
দাও স্বচ্ছ তৃপ্তির আকাশ, দাও মৃক্তি নিরস্তর
প্রত্যহের ধৃলিলিপ্ত চরণপতনপীড়া হতে,
দিয়ো না ত্লিতে মোরে তরন্ধিত মৃহুর্তের প্রোতে,
কোভের বিক্ষেপবেগে। প্রাবণসদ্ধ্যার পুষ্পবনে
মানিহীন খে-সাহস স্কুমার যুথীর জীবনে—
নির্মম বর্ষণঘাতে শক্ষাশৃশু প্রসন্ন মধুর,
মুহুর্তের প্রাণটিভে ভরি ভোলে অনস্তের স্কর,
সরল আনন্দহাস্থে ঝরি পড়ে তৃণশব্যা-'পরে,
পুর্বভার মৃতিখানি আপনার বিনম্র অন্তরে
স্থান্ধে রচিয়া ভোলে; দাও সেই অক্ ক সাহস,
সে আত্মবিশ্বত শক্তি, অব্যাকুল, সহজে স্বশ্বশ
আপনার স্থলর সীমায়;— বিধাশৃক্ত সরলতা
গাঁথুক শান্ধির ছন্দে স্ব চিন্ধা, মোর স্ব কথা।

?

আপনার কাছ হতে বহুদ্রে পালাবার লাগি
হে স্থলর, হে অলক্ষ্য, তোমার প্রসাদ আমি মাগি,
তোমার আহ্বানবাণী। আজ তব বাজুক বাঁশরি,
চিত্তভরা প্রাবণপ্লাবনরাগে,— যেন গো পাসরি
নিকটের তাপতপ্ত ঘ্ণিবায়ে ক্ষ্ম কোলাহল,
ধ্লির নিবিড় টান পদতলে। রয়েছি নিশ্চল
সারাদিন পথপার্শে; বেলা হয়ে এল অবসান,
ঘন হয়ে আসে ছায়া, প্রান্ত স্থা করিছে সন্ধান
দিগন্তে অন্তিম শান্তি। দিবা যথা চলেছে নিভাকি
চিহ্নহীন সন্ধহীন অন্ধকার পথের পথিক
আপনার কাছ হতে অন্তহীন অজ্ঞানার পানে
অসীমের সংগীতে উদাসী,— সেইমতো আত্মদানে
আমারে বাহির করো, শৃত্যে শৃত্যে পূর্ণ হ'ক স্থর,
নিয়ে যাক পথে পথে হে অলক্ষ্য, হে মহাস্থদ্র।

२ ब्लारे ३३२१

আহ্বান

আমার তরে পথের 'পরে কোথায় তুমি থাক
সে-কথা আমি শুধাই বারে বারে।
কোথায় জানি আসনথানি সাজিয়ে তুমি রাখ
আমার লাগি নিভূতে একধারে।
বাতাস বেয়ে ইশারা পেয়ে গেছি মিলন-আশে
শিশিরধোয়া আলোতে-ছোঁয়া শিউলিছাওয়া ঘাসে,
খুঁজেছি দিশা বিলোল জল-কাকলিকলভাষে
অধীরধারা নদীর পারে পারে।

পরিশেষ

আকাশকোণে মেঘের রঙে মায়ার যেথা মেলা, তটের তলে স্বচ্ছ জলে ছায়ার যেথা থেলা, অশথশাথে কপোত ডাকে, সেথায় সারাবেলা তোমার বাঁশি শুনেছি বারে বারে।

কেমনে বৃঝি আমারে খুঁজি কোথায় তৃমি ডাক,
বাজিয়া উঠে ভীষণ তব ভেরি।
শরম লাগে, মন না জাগে, ছুটিয়া চলি নাকো,
দিধার ভরে ত্য়ারে করি দেরি।
ডেকেছ তৃমি মান্থৰ যেথা পীড়িত অপমানে,
আলোক যেথা নিবিয়া আসে শঙ্কাতৃর প্রাণে,
আমারে চাহি ডঙ্কা তব বেজেছে সেইখানে
বন্দী যেথা কাঁদিছে কারাগারে।
পাষাণ ভিত টলিছে যেথা ক্ষিতির বৃক ফাটি
ধুলায়-চাপা অনলশিখা কাঁপায়ে তোলে মাটি,
নিমেষ আসি বহুযুগের বাঁধন ফেলে কাটি,
সেথায় ভেরি বাজাও বারে বারে।

s শ্রাবণ > ৩৩৪ সিঙাপুর বন্দর

ভুয়ার

হে হয়ার, তুমি আছ মৃক্ত অমুক্ষণ,
ক্ষম শুধু অন্ধের নয়ন।
অন্তরে কী আছে তাহা বোঝে না সে, তাই
প্রবেশিতে সংশয় সদাই।

त्रवीख-त्रह्मावली

হে ছ্য়ার, নিজ্য জাগে রাজিদিনমান স্থান্তীর তোমার আহ্বান। স্থা্বর উদয়-মাঝে খোল আপনারে। তারকায় খোল অন্ধকারে।

হে হয়ার, বীজ হতে অঙ্গুরের দলে।
থোল পথ, ফুল হতে ফলে।
যুগ হতে যুগান্তর কর অবারিত,
মৃত্যু হতে পরম অমৃত।

হে ছয়ার, জীবলোক তোরণে তোরণে করে যাত্রা মরণে মরণে। মৃক্তিসাধনার পথে তোমার ইঙ্গিতে 'মাড়ৈঃ' বাজে নৈরাশ্যনিশীথে।

[3008]

দীপিকা

প্রতি সদ্ধায় নব অধ্যায়,
জাল তব নব দীপিকা।
প্রত্যুষপটে প্রতিদিন লেথ
আলোকের নব লিপিকা
অদ্ধকারের সাথে ত্র্বার
সংগ্রাম তব হয় বারবার,
দিনে দিনে হয় কত পরাজ্ঞয়,
দিনে দিনে হয় কত পরাজ্ঞয়,
পথ তুলে তুলে পথ খুঁজে লও,
সেই উৎসাহে পথত্থ বও,

भविद्यम

দেববিদ্রোহে বাঁধা পড় মোহে তবে হয় দেবারাধনা।

থেল ভেঙে ভেঙে থেলেনা।
বাসা বেঁধে বেঁধে বাসা ভাঙে মন
কোথাও আসন মেলে না।
জানি পথশেষে আছে পারাবার,
প্রতিথনে সেথা মেশে বারিধার,
নিমেষে নিমেষে তরু নিংশেষে
ছুটিছে পথিক তটিনী।
ছেড়ে দিয়ে দিয়ে এক ধ্রুব গান
ফিরে ফিরে আসে নব নব তান,
মরণে মরণে চকিত চরণে

२६ क छन [२७७७]

লেখা

সব লেখা লুপ্ত হয়, বারস্থার লিখিবার ভরে
নৃতন কালের বর্ণে। জীর্গ ভোর অক্ষরে অক্ষরে
কেন পট রেখেছিস পূর্ণ করি। হয়েছে সময়
নবীনের তুলিকারে পথ ছেড়ে দিতে। হ'ক লয়
সমাপ্তির রেখাহর্গ। নব লেখা আসি দর্পভরে
ভার ভগ্রস্থপরাশি বিকীর্ণ করিয়া দ্রান্তরে
উন্স্কু করুক পথ, স্থাবরের সীমা করি জ্বয়,
নবীনের রথষাত্রা লাগি। অজ্ঞাতের পরিচয়
অনভিজ্ঞ নিক জিনে। কালের মন্দিরে পূজাঘরে
যুগবিজয়ার দিনে পূজার্চনা সাক্ষ হলে পরে

যায় প্রতিমার দিন। ধুলা তারে ডাক দিয়ে কয়,—
"ফিরে ফিরে মোর মাঝে কয়ে কয়ে হবি রে অকয়,
তোর মাটি দিয়ে শিল্পী বিরচিবে নৃতন প্রতিমা,
প্রকাশিবে অসীমের নব নব অন্তহীন সীমা।"

०००८ क्वर्ड ८८

মূতন শ্ৰোতা

5

শেষ লেখাটার খাতা
পড়ে শোনাই পাতার পরে পাতা,
অমিয়নাথ স্তব্ধ হয়ে দোলায় মৃগ্ধ মাথা।
উচ্ছুদি কয়, "তোমার অমর কাব্যখানি
নিত্যকালের ছন্দে লেখা সত্যভাষার বাণী।"

দড়িবাঁধা কাঠের গাড়িটারে
নন্দগোপাল ঘটর ঘটর টেনে বেড়ায় সভাঘরের দ্বারে।
আমি বলি, "থাম্ রে বাপু, থাম্,
ত্ইমি এর নাম,—
পড়ার সময় কেউ কি অমন বেড়ায় গাড়ি ঠেলে।
দেখ্ দেখি তোর অমিকাকা কেমন লক্ষীছেলে।"

অনেক কটে ভালোমান্থৰ-বেশে বসল নন্দ অমিকাকার কোলের কাছে ঘেঁষে। ত্রস্ত সেই ছেলে আমার মুথে ভাগর নয়ন মেলে চুপ করে রয় মিনিট কয়েক, অমিরে কয় ঠেলে,

"শোনো অমিকাকা,

গাড়ির ভাঙা চাকা

সারিয়ে দেবে বলেছিলে, দাও এঁটে ইঙ্কুপ।"
অমি বললে কানে-কানে, "চুপ চুপ চুপ।"
আবার খানিক শাস্ত হয়ে শুনল বলে নন্দ

কবিবরের অমর ভাষার ছন্দ।

একটু পরে উদ্থুদিয়ে গাড়ির থেকে দশবারোটা কড়ি
মেজের 'পরে করলে ছড়াছড়ি।
ঝম্ঝিমিয়ে কড়িগুলো গুন্গুনিয়ে আউড়ে চলে ছড়া,—
এর পরে আর হয় না কাব্য পড়া।
তার ছড়া আর আমার ছড়ায় আর কতখন চলবে রেষারেষি,
হার মানতে হবেই শেষাশেষি।

অমি বললে, "ছষ্টু ছেলে।" নন্দ বললে, "তোমার সঙ্গে আড়ি,— নিয়ে যাব গাড়ি, দিন্দাদাকে ডাকব ছাতে ইপ্টিশনের থেলায়, গড়গড়িয়ে যাবে গাড়ি বন্দিবাটির মেলায়।" এই বলে সে ছল্ছলানি চোখে গাড়ি নিয়ে দৌড়ে গেল কোন্ দিকে কোন্ ঝোঁকে।

আমি বললেম, যাও অমিয়, আজকে পড়া থাক্,
নন্দগোপাল এনেছে তার নতুনকালের ডাক।
আমার ছন্দে কান দিল না ও যে
কী মানে তার আমিই বৃঝি আর যারা নাই বোঝে।
যে-কবির ও জনবে পড়া সেও তো আজ থেলার গাড়ি ঠেলে,
ইস্টিশনের থেলাই সেও খেলে।
আমার মেলা ভাঙবে যথন দেব থেয়ায় পাড়ি,
তার মেলাতে পৌছবে তার গাড়ি,

আমার পড়ার মাঝে
তারি আসার ঘটা যদি বাজে
সহজ মনে পারি যেন আসর ছেড়ে দিতে
নতুন কালের বাঁশিটিরে নতুন প্রাণের গীতে।
ভরেছিলেম এই ফাগুনের ডালা
তা নিয়ে কেউ নাই-বা গাঁথুক আর-ফাগুনের মালা

১৯ অগস্ট ১৯২৭ প্লানসিউস জাহাজ

2

বছর বিশেক চলে গেল সাঙ্গ তথন ঠেলাগাড়ির খেলা; नम वनल, "मामायगांय, की नित्थह त्मानां उठा वहेरवना!" পড়তে গেলেম ভরসাতে বুক বেঁধে, कर्श (य यांत्र त्वर्ध ; টেনে টেনে বাহির করি এ থাতা ওই খাতা, উলটে মরি এ পাতা ওই পাতা। ভয়ের চোখে যতই দেখি লেখা, মনে হয় যে রস কিছু নেই, রেখার পরে রেখা। গোপনে তার মুখের পানে চাহি, বৃদ্ধি সেথায় পাহারা দেয় একটু ক্ষমা নাহি। নতুনকালের শানদেওয়া তার ললাটথানি খরথড়গ-সম, শীর্ণ যাহা, জীর্ণ যাহা তার প্রতি নির্মম। তীক্ষ সজাগ আঁথি, কটাক্ষে তার ধরা পড়ে কোথা যে কার ফাঁকি। সংসারেতে গর্ভগুহা যেথানে-যা সর্বথানে দেয় উকি, অমিশ্র বান্তবের সাথে নিত্য মুখোমুখি।

তীব্র তাহার হাস্থ বিশ্বকাজের মোহমৃক্ত ভায়।

একটু কেশে পড়া করলেম শুরু যৌবনে যা শিখিয়েছিলেন অন্তর্যামী আমার কবিগুরু,— প্রথম প্রেমের কথা, আপ্নাকে সেই জানে না যেই গভীর ব্যাকুলতা, সেই যে বিধুর তীত্রমধুর তরাসদোত্তল বক্ষ ত্রু ত্রু,— উড়ো পাখির ডানার মতো যুগল কালো ভুক, নীরব চোথের ভাষা, এক নিমেষে উচ্ছলি দেয় চিরদিনের আশা, তাহারি দেই দ্বিধার ঘায়ে ব্যথায় কম্পমান তুটি-একটি গান। এড়িয়ে-চলা জলধারার হাস্থ্যর কলকলোচ্ছাস, পুজায়-ন্তব্ধ শরৎপ্রাতের প্রশান্ত নিশ্বাস, देवत्रां शिंगी धूमत मन्त्रा जलमां श्रवां श्रवं श्रवां श्रवां श्रवां श्रवां श्रवां श्रवां श्रवां श्रवां श्रवं श्रवां श्रवं তক্রাবিহীন চিরস্তনের শান্তিবাণী নিশীথ-অম্কারে,— ফাগুনরাতির স্পর্শমায়ায় অরণ্যতল পুষ্পরোমাঞ্চিত, কোন্ অদৃশ্য স্থচিরবাঞ্চিত বনবীথির ছায়াটিরে कॅां भिरत्र मिरत्र रिकां प्र किरत्र फिरत्र, তারি চঞ্চলতা मर्मितिया करेन त्य-मत कथा, তারি প্রতিধ্বনিভরা ত্-একটা চৌপদী আমার সমংকোচে পড়ে গেলেম ব্রা ।

পড়া আমার শেষ হল যেই, ক্ষণেক নীরব থেকে নন্দগোপাল উৎসাহেতে বলল হঠাৎ ঝেঁকে,— "मामायगांश, गांवांग।

তোমার কালের মনের গতি, পেলেম তারি ইতিহাসের আভাস।" খাতা নিতে হাত বাড়াল, চাদরেতে দিলেম তাহা ঢাকা, কইন্ম তারে, "দেখ তো ভায়া, কোথায় আছে তোর অমিয়কাকা।"

২৭ অক্টোবর [১৯২৭] আবা-মার জাহাজ। গলা

আশীর্বাদ

ভরুণ আশীর্বাদ প্রার্থীর প্রতি প্রাচীন কবির নিবেদন শ্রীযুক্ত দিলীপকুমার রায়ের উদ্দেশে—

নিমে সরোবর শুরু হিমাদ্রির উপত্যকাতলে।
উর্দ্ধে গিরিশৃঙ্গ হতে প্রাস্তিহীন সাধনার বলে
তরুণ নির্মার ধায় সিন্ধুসনে মিলনের লাগি
অরুণোদয়ের পথে। সে কহিল, "আশার্বাদ মাগি
হে প্রাচীন সরোবর।" সরোবর কহিল হাসিয়া,
"আশিস তোমারি তরে নীলাম্বরে উঠে উদ্ভাসিয়া
প্রভাতস্থর্গের করে; ধ্যানময় গিরিতপন্ধীর
বিগলিত কঙ্গণার প্রবাহিত আশার্বাদনীর
তোমারে দিতেছে প্রাণধারা। আমি বনচ্ছায়া হতে,
নির্জনে একাস্তে বিদা, দেখি নির্বারিত স্রোতে
সংগীত-উদ্বেল নৃত্যে প্রতিক্ষণে করিতেছ জয়
মসীকৃষ্ণ বিদ্বপৃঞ্জ, পথরোধী পাষাণসঞ্চয়,
গৃঢ় জড় শক্রদল। এই তব যাত্রার প্রবাহ
আপনার গতিবেগে আপনার জ্ঞাগায় উৎসাহ।"

মেহানা

ইরাবতীর মোহানাম্থে কেন আপনভোলা
নাগর তব বরন কেন ঘোলা।
কোথা সে তব বিমল নীল স্বচ্ছ চোথে চাওয়া,
রবির পানে গভীর গান গাওয়া ?
নদীর জলে ধরণী তার পাঠাল এ কী চিঠি,
কিসের ঘোরে আবিল হল দিঠি।
আকাশ-সাথে মিলায়ে রঙ আছিলে তুমি সাজি,
ধরার রঙে বিলাস কেন আজি।
রাতের তারা আলোকে আজ পরশ করে যবে
পায় না সাড়া তোমার অন্তভবে;
প্রভাত চাহে স্বচ্ছ জলে নিজেরে দেখিবারে,
বিফল করি ফিরায়ে দাও তারে।

নিয়েছ তুমি ইচ্ছা করি আপন পরাজয়,
মানিতে হার নাহি তোমার ভয়।
বরন তব ধ্দর কর, বাঁধন নিয়ে খেল,
হেলায় হিয়া হারায়ে তুমি ফেল।
এ-লীলা তব প্রান্তে শুধু তটের দাথে মেশা,
একট্খানি মাটির লাগে নেশা।
বিপুল তব বক্ষ-'পরে অসীম নীলাকাশ,
কোথায় দেখা ধরার বাছপাশ।
ধুলারে তুমি নিয়েছ মানি, তব্ও অমলিন,
বাঁধন পরি স্বাধীন চিরদিন।
কালীরে রহে বক্ষে ধরি শুল্ল মহাকাল,
বাঁধে না তাঁরে আলো কল্যজাল।

কার্ডিক ১৩৩৪। কালীপূজা
 হিরাবতীসংগ্রম। বঙ্গসাপর]

বক্সাত্র্গস্থ রাজবন্দীদের প্রতি

নিশীথেরে লজ্জা দিল অন্ধকারে রবির বন্দন।
পিঞ্জরে বিহঙ্গ বাঁধা, সংগীত না মানিল বন্ধন।
ফোয়ারার রন্ধ্র হতে
উন্মুখর উর্ধ্বস্রোতে
বন্দীবারি উচ্চারিল আলোকের কী অভিনন্দন।

মৃত্তিকার ভিত্তি ভেদি অঙ্কুর আকাশে দিল আনি স্বসম্থ শক্তিবলে গভীর মৃক্তির মন্ত্রবাণী। মহাক্ষণে রুদ্রাণীর কী বর লভিল বীর, মৃত্যু দিয়ে বিরচিল অম্প্রত্য নরের রাজধানী।

'অমৃতের পুত্র মোরা'— কাহারা শুনাল বিশ্বময়। আত্মবিদর্জন করি আত্মারে কে জানিল অক্ষয়। ভৈরবের আনন্দেরে তৃঃথেতে জ্ঞিনিল কে রে, বন্দীর শৃষ্খলচ্ছন্দে মুক্তের কে দিল পরিচয়।

>> देखार्ष >७७४ मार्जिनिः

इंफिटन

তুর্ঘোগ আসি টানে যবে ফাঁসি
কর্মে জড়ায় গ্রন্থি,
মন্থর দিন পাথেয়বিহীন
দীর্ঘ পথের পন্থী;

নির্দয়তম নিন্দার হাস,
নির্মমতম দৈব,
শৃষ্টে শৃষ্টে হতাশ বাতাস
ফুকারে 'নৈব নৈব'—
হঠাৎ তথন কহে মোরে মন,
'মিথো, এ সব মিথো,
প্রাণে যদি রয় গান অক্ষয়
হুর যদি রয় চিত্তে।'

চৌদিক করে যুদ্ধঘোষণ,
তুর্গম হয় পদ্থা,
চিস্তায় করে রক্ত শোষণ
প্রথর-নথরদন্তা,
নিরানন্দের ঘিরি রহে ঘের,
নাই জীবনের সঙ্গী,
দৈশ্য কুরূপ করে বিদ্রেপ
ব্যক্ষের মুখভঙ্গী—
মন বলে, 'নাই ভাবনা কিছুই
মিথ্যে, এ সব মিথ্যে,
অস্তর-মাঝে চিরধনী তুই
অস্তবিহীন বিজ্ঞে।'

ভাষাহীন দিন কুয়াশাবিলীন
মলিন উষার স্বর্ণ,
কল্পনা যত বাহুড়ের মতো
রাতে ওড়ে কালো বর্ণ ;
আবর্জনার অচলপুঞ্জে
যাত্রার পথ রুদ্ধ,
রিক্তকুস্থম শুদ্ধ কুঞ্জে
বৈশাখ রহে জুদ্ধ—

মন মোরে কয়, 'এ কিছুই নয়, মিথ্যে, এ সব মিথ্যে, আপনায় ভূলে গাও প্রাণ খুলে, নাচো নিখিলের নৃত্যে।'

বন্ধত্যার বিশ্ব বিরাজে,
নিবেছে ঘরের দীপ্তি,
চির-উপবাসী আপনার মাঝে
আপনি না পাই ভৃপ্তি,
পদে পদে রয় সংশয় ভয়,
পদে পদে প্রেম ক্ষ্ম,
রথা আহ্বান, র্থা অহ্বনয়,
সথার আসন শৃত্য—
মন বলি উঠে, 'ডুবে যা গভীরে,
মিথ্যে, এ সব মিথ্যে,
নিবিড় ধেয়ানে নিখিল লভি রে
আপনারি একাকিত্বে।'

২৬ অক্টোবর ১৯২৭ আবা-মারু। বঙ্গদাগর

23

ভগবান, তুমি যুগে যুগে দৃত, পাঠায়েছ বারে বারে
দয়াহীন সংসারে,
তারা বলে গেল 'ক্ষমা করো সবে', বলে গেল 'ভালোবাসো—
অস্তর হতে বিষেষবিষ নাশো'।
বরণীয় তারা, শ্বনীয় তারা, তর্ও বাহির-মারে
আজি চুর্দিনে ফ্রিয়ে তাদের বার্থ নমস্কারে।

আমি-যে দেখেছি গোপন হিংদা কপট রাত্রিছায়ে হেনেছে নিঃসহায়ে, আমি-যে দেখেছি প্রতিকারহীন শক্তের অপরাধে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। আমি-যে দেখিত্ব তরুণ বালক উন্মাদ হয়ে ছুটে কী যন্ত্রণায় মরেছে পাথরে নিফল মাথা কুটে।

কণ্ঠ আমার রুদ্ধ আজিকে, বাঁশি সংগীতহারা,
আমাবস্থার কারা
ল্প করেছে আমার ভ্বন হঃস্বপনের তলে,
তাই তো তোমায় শুধাই অশুজলে—
যাহারা তোমার বিষাইছে বায়, নিভাইছে তব আলো,
তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছ ভালো।

८भीव ३७७४

ভিক্ষ

হায় রে ভিক্স্, হায় রে,
নিংশতা তোর মিথ্যা সে ঘোর,
নিংশেষে দে বিদায় রে।
ভিক্ষাতে শুভলগ্নের ক্ষয়
কোন্ ভুলে তুই ভুলিলি,
ভাণ্ডার তোর পশু-যে হয়,
অর্গল নাহি খুলিলি।
আপনারে নিয়ে আবরণ দিয়ে
এ কী কুৎসিত ছলনা;
জীর্ণ এ চীর ছদ্মবেশীর,
নিজেরে সে কথা বল না।

त्रवीख-त्रव्यावनी

হায় রে ভিক্স্, হায় রে,
মিথ্যা মায়ার ছায়া মুচাবার
মন্ত্র কে নিবি আয় রে

কাঙাল যে জন পায় না সে ধন,
পায় সে কেবল ভিক্ষা।
চির-উপবাসী মিছা-সন্মাসী
দিয়েছে তাহারে দীক্ষা।
তোর সাধনায় রত্বমানিক
পথে পথে যাস ছড়ায়ে,
ভিক্ষার ঝুলি, ধিক্ তারে ধিক্,
বহিস নে শিরে চড়ায়ে।
হায় রে ভিক্ষ্, হায় রে,
নিঃস্বজনের হঃস্বপনের
বন্ধ, ছিঁ ড়িস তায় রে।

অঞ্চলে রাতি ভিক্ষার কণা
সঞ্চয় করে তারাতে,
নিয়ে সে পারানি তবু পারিল না
তিমিরসিন্ধু পারাতে।
পূর্বগগন আপনার সোনা
ছড়াল ধখন ত্যলোকে,
পূর্বের দানে পূর্ব কামনা
প্রভাত পুরিল পুলকে।
হায় রে ভিক্ষু, হায় রে,
আপনা-মাঝারে গোপন রাজারে
মন যেন তোর পায় রে।

২৩ জুন ১৯২৮ বাঙ্গালোর

আশীর্বাদী

कन्यानीया अभिनाद अधम वार्षिक अन्यमितन

তোমারে জননী ধরা দিল রূপে রূসে ভরা প্রাণের প্রথম পাত্রথানি, তাই নিয়ে তোলাপাড়া ফেলাছড়া নাড়াচাড়া অর্থ তার কিছুই না জানি। কোন্ মহারদশালে নৃত্য চলে তালে তালে, ছন্দ তারি লাগে রক্তে তব। অকারণ কলরোলে তাই তব অঙ্গ দোলে, ভঙ্গী তার নিত্য নব নব। চিন্তা-আবরণহীন নগ্নচিত্ত সারাদিন লুটাইছে বিশ্বের প্রাঙ্গণে, ভাষাহীন ইশারায় ज्यात्य ज्रंत्य ज्ञाल योग যাহা-কিছু দেখে আর শোনে। অস্টু ভাবনা যত অশ্থপাতার মতো क्विन जालांग्र विनिमिन। কী হাসি বাতাসে ভেসে তোমারে লাগিছে এসে, रामि तर्ष ७८५ थिनिथिनि। গ্রহ তারা শশী রবি সমুখে ধরেছে ছবি আপন বিপুল পরিচয়।

কচি কচি হুই হাতে খেলিছ তাহারি সাথে, নাই প্রশ্ন, নাই কোনো ভয়। তুমি সর্ব দেহে মনে ভরি লহ প্রতিক্ষণে যে সহজ আনন্দের রস, যাহা তুমি অনায়াদে ছড়াইছ চারিপাশে পুলকিত দরশ পরশ, আমি কবি তারি লাগি আপনার মনে জাগি, বদে থাকি জানালার ধারে। অমরার দৃতীগুলি অলক্ষ্য ত্য়ার খুলি আসে যায় আকাশের পারে। **मिगरस नौलिय** ছोग्रा तरह म्तारखन भागा, বাজে দেথা কী অশ্রুত বেণু। মধ্যদিন তন্দ্রাতুর ভনিছে রৌদ্রের স্থর, মাঠে শুয়ে আছে ক্লান্ত ধেন্ত । চোথের দেখাটি দিয়ে দেহ মোর পায় কী এ, মন মোর বোবা হয়ে থাকে। সব আছে আমি আছি, ত্ইয়ে মিলে কাছাকাছি আমার সকল-কিছু ঢাকে। বে-আশ্বাদে মর্ত্যভূমি হে শিশু, জাগাও তুমি,

रय निर्मल रय मञ्च প्राप्त,

কবির জীবনে তাই ষেন বাজাইয়া যাই তারি বাণী মোর যত গানে। ক্লান্তিহীন নব আশা সেই তো শিশুর ভাষা, সেই ভাষা প্রাণদেবতার, জরার জড়ত্ব ত্যেজে नव नव ज्वत्य तम त्य নব প্রাণ পায় বারম্বার। নৈরাখের কুহেলিকা উষার আলোকটিকা ক্ষণে ক্ষণে মৃছে দিতে চায়, বাধার পশ্চাতে কবি দেখে চিরন্তন-রবি সেই দেখা শিশুচক্ষে ভায়। শিশুর সম্পদ বয়ে এসেছ এ-লোকালয়ে, সে-সম্পদ থাক্ অমলিনা। যে-বিশ্বাস দ্বিধাহীন তারি স্থরে চিরদিন वाष्ट्र रयन कीवरनत वीवा।

৮ কাত্তিক ১৩৩৮ দার্জিলিং

অবুঝ মন

অব্ঝ শিশুর আবছায়া এই নয়নবাতায়নের ধারে
আপনাভোলা মনথানি তার অধীর হয়ে উকি মারে।
বিনাভাষার ভাবনা নিয়ে কেমন আঁকুবাঁকুর খেলা,—
হঠাৎ ধরা, হঠাৎ ছড়িয়ে ফেলা,

হঠাৎ অকারণ
কী উৎসাহে বাহু নেড়ে উদাম গর্জন।
হঠাৎ হলে হলে ওঠে,
অর্থবিহীন কোন্ দিকে তার লক্ষ ছোটে।
বাহির-ভূবন হতে
আলোর লীলায় ধ্বনির স্রোতে
যে-বাণী তার আসে প্রাণে

এই যে অব্বা এই যে বোবা মন
প্রাণের 'পরে ঢেউ জাগিয়ে কৌতুকে যে অধীর অন্থক্ষণ,
সর্ব দিকেই সর্বদা উন্মৃথ,
আপনারি চাঞ্চল্য নিয়ে আপ নি সম্ংস্থক,—
নয় বিধাতার নবীন রচনা এ,
ইহার যাত্রা আদিম যুগের নায়ে।
বিশ্বকবির মানস-সরোবরে
প্রাতঃস্নানের পরে
প্রাণের সঙ্গে বাহির হল, তথন অন্ধকার,
নিয়ে এল ক্ষীণ আলোটি তার।
তারি প্রথম ভাষাবিহীন কুজনকাকলি যে
বনে বনে শাখায় পাতায় পুল্পে ফলে বীজে

অস্কুরে অস্কুরে
উঠল জেগে ছন্দে স্থরে স্থরে।
সুর্য-পানে অবাক আঁথি মেলি
মুধরিত উচ্ছল তার কেলি।

নানারপের খেলনা যে তার নানা বর্ণে আঁকে, বারেক খোলে, বারেক তারে ঢাকে।

রোদবাদলে করুণ কান্না হাসি সদাই ওঠে আভাসি উচ্ছাসি।

ওই যে শিশুর অব্ঝ ভোলা মন
তরীর কোণে বসে বসে দেখছি তারি আকুল আন্দোলন।
মাঝে-মাঝে সাগর-পানে তাকিয়ে দেখি যত
মনে ভাবি, ও যেন এই শিশু-আঁখির মতো,
আকাশ-পানে আবছায়া ওর চাওয়া
কোন্ স্বপনে-পাওয়া,
অন্তরে ওর যেন সে কোন্ অব্ঝ ভোলা মন
এ-তীর হতে ও-তীর পানে হলছে অকুক্ষণ।
কেমন কলভাষে
প্রলয়কাদন কাদে ও যে প্রবল হাসি হাসে
আপ্নিও তার অর্থ আছে ভূলে,—
ক্ষণে ক্ষণে শুধুই ফুলে ফুলে
অকারণে গজি উঠে শ্ন্যে শ্ন্য মৃচ্ বাহু তুলে।

বিরাট অব্ঝ এই সে আদিম মন,
মানব-ইতিহাসের মাঝে আপ নারে তার অধীর অন্বেষণ।

ঘর হতে ধায় আঙন-পানে, আঙন হতে পথে,
পথ হতে ধায় তেপাস্তরের বিশ্ববিষম অরণ্যে পর্বতে;

এই সে গড়ে, এই সে ভাঙে, এই সে কী আক্ষেপে
পায়ের তলায় ধরণীরে আঘাত করে ধুলায় আকাশ ব্যেপে;

হঠাৎ থেপে উঠে
কন্ধ পাষাণভিত্তি-'পরে বেড়ায় মাথা কুটে।

অনাস্প্রি স্প্রি আপনগড়া

তাই নিয়ে সে লড়াই করে, তাই নিয়ে তার কেবল ওঠাপড়া

হঠাৎ উঠে ঝেঁকে

যায় সে ছুটে কী রাঙা রঙ দেখে

অনৃশ্য কোন্ দ্র দিগস্ক-পানে;

রবীন্দ্র-রচনাবলী

আবছায়া কোন্ সন্ধ্যা-আলোয় শিশুর মতো তাকায় অনুমানে, তাহার ব্যাকুলতা স্বপ্নে সত্যে মিশিয়ে রচে বিচিত্র রূপকথা।

২• অক্টোবর ১৯২৭ আবা-মার জাহাজ

পরিণয়

হরমা ও হরেক্সনাথ কর -এর বিবাহ উপলক্ষে
ছিল চিত্রকল্পনায়, এতকাল ছিল গানে গানে,
সেই অপরপ এল রূপ ধরি তোমাদের প্রাণে।
আনন্দের দিব্যম্তি সে-যে,
দীপ্ত বীরতেজে
উত্তরিয়া বিশ্ব যত দ্র করি ভীতি
তোমাদের প্রান্ধণতে হাঁক দিল, 'এসেছি অতিথি'।

জালো গো মঙ্গলদীপ করো অর্ঘ্য দান
তম্মনপ্রাণ।
ও যে স্থরভবনের রমার কমলবনবাসী,
মর্ত্যে নেমে বাজাইল সাহানায় নন্দনের বাঁশি।
ধরার ধূলির 'পরে
মিশাইল কী আদরে
পারিজাতরেণু।
মানবগৃহের দৈত্যে অমরাবতীর কল্পধেমু
অলক্ষ্য অমৃতর্ম দান করে
অস্তরে অস্তরে।
এল প্রেম চিরস্তন, দিল দোঁহে আনি
রবিকরদীপ্ত আশীর্বাণী।

২৫ বৈশাধ ১৩৩৮ [শাস্তিনিকেতন]

চিরন্তন

এই বিদেশের রাস্তা দিয়ে ধুলোয় আকাশ তেকে
গাড়ি আমার চলতেছিল হেঁকে।
হেনকালে নেবুর ডালে স্লিগ্ধ ছায়ায় উঠল কোকিল ডেকে
পথকোণের ঘন বনের থেকে।

এই পাথিটির স্বরে

চিরদিনের স্থর যেন এই একটি দিনের 'পরে

বিন্দু বিন্দু ঝরে।
ছেলেবেলায় গঙ্গাতীরে আপন-মনে চেয়ে জ্বলের পানে
ভুনেছিলেম পল্লীতলে, এই কোকিলের গানে
অসীমকালের অনির্বচনীয়
প্রাণে আমার শুনিয়েছিল, "তুমি আমার প্রিয়।"

সেই ধ্বনিটি কানন ব্যেপে পল্লবে পল্লবে জলের কলরবে
তথার-পানে মিলিয়ে যেত স্থান্ত্র নীলাকাশে।
আজ এই পরবাসে
সেই ধ্বনিটি ক্ষুদ্ধ পথের পাশে
গোপন শাখার ফুলগুলিরে দিল আপন বাণী।
বনচ্ছায়ার শীতল শান্তিখানি
প্রভাত-আলোর সঙ্গে করে নিবিড় কানাকানি
তই বাণীটির বিমল স্থ্রে গভীর রমণীয়,—
"তুমি আমার প্রিয়।"

এরি পাশেই নিত্য হানাহানি; প্রতারণার ছুরি পাঁজর কেটে করে চুরি

রবীন্দ্র-রচনাবলী

সরল বিশ্বাস;

কুটিল হাসি ঘটিয়ে তোলে জটিল সর্বনাশ।
নিরাশ তৃঃথে চেয়ে দেখি পৃথীব্যাপী মানববিভীষিকা
জালায় মানবলোকালয়ে প্রলয়বহ্নিশিখা,
লোভের জালে বিশ্বজ্ঞগৎ ঘেরে,
ভেবে না পাই কে বাঁচাবে আপনহানা অন্ধ মাহুষেরে।

হেনকালে স্নিশ্ব ছায়ায় হঠাৎ কোকিল ডাকে
ফুল্ল অশোকশাথে;
পরশ করে প্রাণে
যে-শান্তিটি সব-প্রথমে, যে-শান্তিটি সবার অবসানে,
যে-শান্তিতে জানায় আমায় অসীম কালের অনির্বচনীয়,—
"তুমি আমার প্রিয়।"

১৮ **অক্টো**বর ১৯২৭ পিনাঙ

কণ্টিকারি

শিলঙে এক গিরির খোপে পাথর আছে খদে,—
তারি উপর লুকিয়ে ব'দে
রোজ সকালে গেঁথেছিলেম ভোরের হুরে গানের মালা।
প্রথম সুর্যোদয়ের সঙ্গে ছিল আমার মুখোমুখির পালা।

ভানদিকেতে অফলা এক পিচের শাখা ভরে
ফুল ফোটে আর ফুল প'ড়ে যায় ঝরে।
কালো ভানায় হলদে আভাস কোন্ পাখি সেই অকারণের গানে
ক্লাস্তি নাহি জানে,—

তেমনিতরো, গোলাপলতা লতাবিতান ঢেকে

অজস্ম তার ফুলের ভাষায় অস্ত না পায় উদ্দেশহীন ভেকে।

পাইনবনের প্রাচীন তক্ব তাকায় মেঘের মুখে,

ডালগুলি তার সর্জ ঝরনা ধরার পানে ঝুঁকে

মন্ত্রে যেন থমক-লেগে আছে।

ফুটি দালিম গাছে

ঘনসর্জ পাতার কোলে কোলে

ঘনরাঙা ফুলের গুচ্ছ দোলে।

পায়ের কাছে একটি কণ্টিকারি— অন্তরঙ্গ কাছের সঙ্গ তারি, দ্রের শৃত্যে আপনাকে সে প্রচার নাহি করে। মাটির কাছে নত হলে পরে স্থিয় সাড়া দেয় সে ধীরে ধৃলিশয়ন থেকে নীলবরনের ফুলের বুকে একটুখানি সোনার বিন্দু এঁকে।

সেদিন যত রচেছিলাম গান
কণ্টিকারির দান
তাদের স্থরে স্বীকার করা আছে।
আজকে যথন হৃদয় আমার ক্ষণিক শাস্তি যাচে
ত্রংথদিনের তুর্ভাবনার প্রচণ্ড পীড়নে,
হঠাৎ কেন জাগল আমার মনে,
সেই সকালের টুকরো একটুথানি—
মাটির কাছে কণ্টিকারির নীল-সোনালির বাণী।

৫ আষাঢ় ১৩৩৯

আরেক দিন

তিরিশ বছর আগে
তথন আমার বয়স পঁচিশ— কিছুকালের তরে
এই দেশেতেই এসেছিলেম, এই বাগানের ঘরে।
হর্ষ যথন নেমে যেত নীচে
দিনের শেষে ওই পাহাড়ে পাইনশাখার পিছে,
নীল শিথরের আগায় মেঘে মেঘে
আগুনবরন কিরণ রইত লেগে,
দীর্ঘ ছায়া বনে বনে এলিয়ে যেত পর্বতে পর্বতে;—
সামনেতে ঐ কাঁকরচালা পথে
দিনের পরে দিনে
ভাকপিয়নের পায়ের ধ্বনি নিত্য নিতেম চিনে।
মাসের পরে মাস গিয়েছে, তব্

আজো তেমনি স্থ ডোবে সেইখানেতেই এসে
পাইনবনের শেষে,
স্থান্ত শৈলতলে
সন্ধ্যাছায়ার ছন্দ বাজে ঝরনাধারার জলে,
সেই সেকেলের মতোই তেমনিধারা
তারার পরে তারা
আলোর মন্ত্র চুপি চুপি শুনায় কানে পর্বতে পর্বতে;
শুধু আমার কাঁকরঢালা পথে
বছকালের চেনা
ডাকপিয়নের পায়ের ধ্বনি একদিনো বাজ্ববে না।

আজকে তবু কী প্রত্যাশা জাগল আমার মনে,— চলতে চলতে গেলেম অকারণে ডাকঘরে সেই মাইলতিনেক দুরে। দ্বিধা ভরে মিনিটকুড়িক এদিক ওদিক ঘুরে ডাকবাব্দের কাছে ভুধাই এসে, "আমার নামে চিঠিপত্তর আছে ?" জবাব পেলেম, "কই, কিছু তো নেই।" শুনে তথন নতশিরে আপন-মনেতেই व्यक्षकाद्य शीद्य शीद्य আসছি ষখন শৃত্য আমার ঘরের দিকে ফিরে, শুনতে পেলেম পিছন দিকে করুণ গলায় কে অজানা বললে হঠাৎ কোন্ পথিকে,— "মাথা থেয়ো, কাল কোরো না দেরি।" ইতিহাসের বাকিটুকু আঁধার দিল ঘেরি। বক্ষে আমার বাজিয়ে দিল গভীর বেদনা সে পঁচিশবছর বয়সকালের ভুবনখানির একটি দীর্ঘখাসে, যে-ভূবনে সন্ধ্যাতারা শিউরে যেত ওই পাহাড়ের দূরে কাঁকরঢালা পথের 'পরে ডাকপিয়নের পদ্ধ্বনির স্থরে।

২৩ অগস্ট ১৯২৭ রশ্চিউদ্ জাহাজ

তে হি নো দিবসাঃ

এই অজ্ঞানা সাগরজলে বিকেলবেলার আলো
লাগল আমার ভালো।
কেউ দেখে কেউ নাই-বা দেখে, রাখবে না কেউ মনে,
এমনতরো ফেলাছড়ার হিসাব কি কেউ গোনে।

এই দেখে মোর ভরল বৃকের কোণ;
কোথা থেকে নামল রে সেই খেপা দিনের মন,
যেদিন অকারণ

হঠাৎ হাওয়ায় যৌবনেরি ঢেউ ছল্ছলিয়ে উঠত প্রাণে জানত না তা কেউ। লাগত আমায় আপন গানের নেশা অনাগত ফাগুনদিনের বেদন দিয়ে মেশা।

সোণান ধারা শুনত তারা আড়াল থেকে এসে
আড়ালেতে লুকিয়ে যেত হেসে।
হয়তো তাদের দেবার ছিল কিছু,
আভাসে কেউ জানায় নি তা নয়ন করে নিচু।
হয়তো তাদের সারাদিনের মাঝে
পড়ত বাধা একবেলাকার কাজে।
চমকলাগা নিমেষগুলি সেই
হয়তো বা কার মনে আছে, হয়তো মনে নেই।
জ্যোৎসারাতে একলা ছাদের 'পরে
উদার জনাদরে
কাটত প্রহর লক্ষ্যবিহীন প্রাণে,
মূল্যবিহীন গানে।

মোর জীবনে বিশ্বজনের অজানা সেই দিন,
বাজত তাহার বুকের মাঝে থামথেয়ালী বীন,—
যেমনতরো এই সাগরে নিত্য সোনায় নীলে
রূপহারানো রাধাশ্রামের দোলন দোহায় মিলে,
যেমনতরো ছুটির দিনে এমনি বিকেলবেলা
দেওয়া-নেওয়ার নাই কোনো দায়, শুধু হওয়ার থেলা,
অজানাতে ভাসিয়ে দেওয়া আলোছায়ার ভেলা।

২ অক্টোবর ১৯২৭ মারর জাহাজ

मिशिकाशी

হে স্থনরী, হে শিখা মহতী,
তোমার অরূপ জ্যোতি
রূপ লবে আমার জীবনে,
তারি লাগি একমনে
রচিলাম এই দীপখানি,
মূতিমতী এই মোর অভ্যর্থনাবাণী।

এলো এলো করো অধিষ্ঠান,
মোর দীর্ঘ জীবনেরে করো গো চরম বরদান।
হয় নাই যোগ্য তব,
কতবার ভাঙিয়াছি আবার গড়েছি অভিনব,—
মোর শক্তি আপনারে দিয়েছে ধিকার।
সময় নাহি যে আর,
নিস্তাহারা প্রহর-যে একে একে হয় অপগত,
তাই আজ সমাপিত্ম ব্রত।
গ্রহণ করো এ মোর চিরজীবনের রচনারে
কণকাল স্পর্শ করো তারে।
তারপরে রেখে যাব এ জন্মের এক-সার্থকতা,
চিরস্তন স্থখ মোর, এই মোর চিরস্তন ব্যথা।

काखन ? ३७७४

यानी

উচ্চপ্রাচীরে রুদ্ধ তোমার কুন্ত ভ্রনখানি, হে মানী, হে অভিমানী। মন্দিরবাসী দেবতার মতো সন্মানশৃত্বলৈ
বন্দী রয়েছ পুজার আসনতলে।
সাধারণজন-পরশ এড়ায়ে
নিজেরে পৃথক করি
আছ দিনরাত গৌরবগুরু
কঠিন মৃতি ধরি।
সবার ষেখানে ঠাই
বিপুল তোমার মর্যাদা নিয়ে
সেথায় প্রবেশ নাই।
অনেক উপাধি তব,
মাহ্য-উপাধি হারায়েছ শুধু
সে কতি কাহারে কব।

ভক্তেরা মন্দিরে
পুজারির রূপা বহু-দামে কিনে
পুজা দিয়ে যায় ফিরে
ঝিল্লিম্থর বেণুবীথিকার ছায়ে
আপন নিভূত গাঁয়ে।
তথন একাকী রুথা বিচিত্র
পাষাণভিন্তি-মাঝে
দেবতার বৃকে জান সে কী ব্যথা বাজে।
বেদির বাঁধন করি ধূলিসাৎ
অচলেরে দিয়ে নাড়া
মান্থবের মাঝে সে-যে পেতে চায় ছাড়া।

হে রাজা, তোমার পূজাঘেরা মন
আপনারে নাহি জানে।
প্রাণহীন সম্মানে
উজ্জ্বল রঙে রঙকরা তুমি ঢেলা,—
তোমার জীবন সাজানো পুতৃল

সুল মিথ্যার থেলা।
আপনি রয়েছ আড়াই হয়ে
আপনার অভিশাপে,
নিশ্চল তুমি নিজ গর্বের চাপে।
সহজ্ব প্রাণের মান নিয়ে যারা
মৃক্ত ভূবনে ফিরে
মরিবার আগে তাদের পরশ
লাগুক তোমার শিরে।

कासन १ ३७०४

রাজপুত্র

রূপকথা-স্বপ্নলোকবাসী রাজপুত্র কোথা হতে আসি শুভক্ষণে দেখা দেয় রূপে চুপে-চুপে, জানি বলে জেনেছিত্ব যারে তারি মাঝে। আমার সংসারে, বক্ষে মোর আগমনী পদধ্বনি বাজে ষেন বহুদ্র হতে আসা। তার ভাষা প্রাণে দেয় আনি সমুদ্রপারের কোন্ অভিনব যৌবনের বাণী। সেদিন ব্ঝিতে পারে মন ছিল সে-যে নিশ্চেতন তুচ্ছতার অন্তরালে এতকাল মায়ানিদ্রাজ্ঞালে। তার দৃষ্টিপাতে মোরে নৃতন স্বাচ্টর ছোঁওয়া লাগে, চিত্ত জাগে।—

त्रवौद्ध-त्रह्मावनी

বলি তার পদযুগ চুমি,

"রাজপুত্র তুমি।"

এতদিন

আত্মপরিচয়হীন

জড়তার পাষাণপ্রাচীর দিয়ে ঘেরা

হুর্গ-মাঝে রেথেছিল প্রত্যহের প্রথার দৈত্যেরা।

কোন্ মন্ত্রণে

কে হুর্ভেদ বাধা যেন দাহিলে আগুনে,

বিদ্দনীরে করিলে উদ্ধার,

করি নিলে আপনার,

নিয়ে গেলে মুক্তির আলোকে।

আজিকে তোমারে দেখি কী নৃতন চোখে।

কুঁড়ি আজ উঠেছে কুস্কমি,

বারবার মন বলে, "রাজপুত্র তুমি।"

रम कास्त्र २००म

অএদূত

হে পথিক, তুমি একা।
আপনার মনে জানি না কেমনে
অদেখার পেলে দেখা।
যে-পথে পড়ে নি পায়ের চিহ্ন
সে-পথে চলিলে রাতে,
আকাশে দেখেছ কোন্ সংকেত,
কারেও নিলে না সাথে।
তুক্সগিরির উঠিছ শিখরে
যেখানে ভোরের তারা
অসীম আলোকে করিছে আপন
আলোর যাত্রা সারা।

প্রথম ষেদিন ফাস্কনতাপে
নবনির্বার জাগে,
মহাস্কদ্রের অপরপ রপ
দেখিতে সে পায় আগে।
আছে আছে আছে, এই বাণী তার
এক নিমেষেই ফুটে,
অচেনা পথের আহ্বান শুনে
অজানার পানে ছুটে।
সেইমতো এক অকথিত ভাষা
ধ্বনিল তোমার মাঝে,
আছে আছে আছে, এ মহামন্ত্র
প্রতি নিশ্বাসে বাজে।

রোধিয়াছে পথ বন্ধুর করি
অচল শিলার স্থপ।
নহে নহে নহে, এ নিষেধবাণী
পাষাণে ধরেছে রূপ।
জড়ের সে নীতি করে গর্জন
ভীকজন মরে হলে,
জনহীন পথে সংশয়মোহ
রহে তর্জনী তুলে।
অলস মনের আপনারি ছায়া
শহিল কায়া ধরে,
অতি নিরাপদ বিনাশের তলে
বাঁচিতে চেয়ে সে মরে।

নবজীবনের সংকটপথে
হে তুমি অগ্রগামী,
তোমার যাত্রা সীমা মানিবে না
কোথাও যাবে না থামি।

ववीख-वहनावनी

শিখরে শিখরে কেজন তোমার
রেখে যাবে নব নব,
তুর্গম-মাঝে পথ করি দিবে,—
জীব্দর ব্রত তব।
যত আগে যাবে দ্বিধা সন্দেহ
ঘুচে যাবে পাছে পাছে,
পায়ে পায়ে তব ধ্বনিয়া উঠিবে
মহাবাণী— 'আছে আছে'

२२ हिन्न २७७४

প্রতীক্ষ

তোমার স্থপ্নের হারে আমি আছি বদে তোমার স্থপ্তির প্রান্তে, নিভৃত প্রদোষে প্রথম প্রভাততারা যবে বাতায়নে দেখা দিল। চেয়ে আমি থাকি একমনে তোমার মুথের 'পরে। স্তম্ভিত সমীরে রাত্তির প্রহরশেষে সমুদ্রের তীরে সন্মাসী যেমন থাকে ধ্যানাবিষ্ট চোথে চেয়ে পূর্বতট-পানে, প্রথম আলোকে স্পর্শস্তান হবে তার, এই আশা ধরি অনিদ্র আনন্দে কাটে দীর্ঘ বিভাবরী। তব নবজাগরণী প্রথম যে-হাসি কনকটাপার মতো উঠিবে বিকাশি আধোখোলা অধরেতে, নয়নের কোনে, চয়ন করিব তাই, এই আছে মনে।

নিৰ্বাকৃ

মনে তো ছিল তোমারে বলি কিছু

যে-কথা আমি বলি নি আর-কারে,
সেদিন বনে মাধবীশাখা নিচু

ফুলের ভারে ভারে।
বাঁশিতে লই মনের কথা তুলি

বিরহব্যথারস্ত হতে ভাঙা,—
গোপন রাতে উঠেছে তারা হলি

স্থ্রের রঙে রাঙা।

শিরীষ্বন নতুনপাতা-ছাওয়া

মর্মরিয়া কহিল, 'গাহো গাহো।'

মধ্মালতীগন্ধে-ভরা হাওয়া

দিয়েছে উৎসাহ।

পূর্ণিমাতে জোয়ারে উছলিয়া

নদীর জল ছলছলিয়া উঠে।
কামিনী ঝরে বাতাসে বিচলিয়া

ঘাসের 'পরে লুটে।

সে মধুরাতে আকাশে ধরাতলে
কাথাও কিছু ছিল না রূপণতা।
চাঁদের আলো সবার হয়ে বলে
যত মনের কথা।
মনে হল যে, নীরবে রূপা যাচে
যা-কিছু আছে তোমার চারিদিকে।
সাহস ধরি গেলেম তব কাছে
চাহিত্ব অনিমিখে।

সহসা মন উঠিল চমকিয়া বাঁশিতে আর বাজিল না তো বাণী। গহনছায়ে দাঁড়াত্ম থমকিয়া হেরিত্ম মুখখানি।

সাগরশেষে দেখেছি একদিন
মিলিছে সেথা বহু নদীর ধারা—
ফেনিল জল দিক্সীমায় লীন
অপারে দিশাহারা।
তরণী মোর নানা স্রোতের টানে
অবোধসম কাঁপিছে থরথির,
ভেবে না পাই কেমনে কোন্থানে
বাঁধিব মোর তরী।

তেমনি আজি তোমার মৃথে চাহি
নমন যেন কুল না পায় খুঁ জি,
অভাবনীয় ভাবেতে অবগাহি
ভোমারে নাহি বৃঝি।
মৃথেতে তব জাস্ত এ কী আশা,
শাস্তি এ কী, গোপন এ কী প্রীতি,
বাণীবিহীন এ কী ধ্যানের ভাষা,
এ কী স্থদ্র স্থতি।
নিবিড় হয়ে নামিল মোর মনে
ন্তন্ধ তব নীরব গভীরতা—
বহিন্থ বিদ লভাবিতান-কোনে,
কহি নি কোনো কথা।

প্রণাম

তোমার প্রণাম এ যে তারি আভরণ যারে তুমি করেছ বরণ। তুমি মূল্য দিলে তারে তুর্লভ পূজার অলংকারে। ভক্তিসমূজ্বল চোখে তাহারে হেরিলে তুমি ষে-ভদ্র আলোকে সে আলো করালো তারে মান; দীপ্যমান মহিমার দান পরাইল ললাটের 'পর। হ'ক সে দেবতা কিম্বা নর, তোমারি হৃদয় হতে বিচ্ছুরিত রশ্মির ছটায় দিব্য আবির্ভাবে তার প্রকাশ ঘটায়। তার পরিচয়খানি তোমাতেই লভিয়াছে জয়বাণী। রচিয়া দিয়াছে তার সত্য স্বর্গপুরী তোমারি এ প্রীতির মাধুরী যে-অমৃত করে পান ঢালে তাহা তোমারি এ উচ্চুসিত প্রাণ। তব শির নত দিক্রেথায় অরুণের মতো, তারি 'পরে দেবতার অভ্যুদয় রূপ লভে স্থপ্রসন্ন পুণ্য জ্যোতির্ময়।

শৃত্যঘর

গোধল-অন্ধকারে
পুরীর প্রান্তে অতিথি আসিত্র দারে।
তাকিত্র, 'আছ কি কেহ,
সাড়া দেহো, সাড়া দেহো।'
ঘরভরা এক নিরাকার শৃক্তা
না কহিল কোনো কথা।

বাহিরে বাগানে পুষ্পিত শাখা
গন্ধের আহ্বানে
সংকেত করে কাহারে তাহা কে জানে।
হতভাগা এক কোকিল ডাকিছে খালি,
জনশৃহতা নিবিড় করিয়া
নীরবে দাঁড়ায়ে মালী।
দিঁড়িটা নির্বিকার
বলে, 'এস আর নাই যদি এস
সমান অর্থ তার।'

ঘরগুলো বলে ফিলজফারের গলায়,
'ডুব দিয়ে দেখো সন্তাসাগর-তলায়
বুঝিতে পারিবে, থাকা নাই থাকা
আসা আর দ্রে যাওয়া
সবই এক কথা, থেয়ালের ফাঁকা হাওয়া।'
কেদারা এগিয়ে দিতে কারো নেই তাড়া,
প্রবীণ ভূত্য ছুটি নিয়ে ঘরছাড়া।
মেয়াদ যখন ফুরোয় কপালে,
হায়রে তখন সেবা
কারেই বা করে কেবা।

মনেতে লাগিল বৈরাগ্যের ছোঁওয়া,

সকলি দেখিছ ধোঁওয়া।
ভাবিলাম এই ভাগ্যের তরী

বৃঝি তার হাল নেই,
এলোমেলো স্রোতে আজ আছে কাল নেই।
নলিনীর দলে জলের বিন্দু
চপলম্ অতিশয়,
এই কথা জেনে সওয়ালেই ক্ষতি সয়।
অতএব— আরে অতএবখানা থাক্
আপাতত ফেরা যাক।

ব্যর্থ আশায় ভারাতুর সেই ক্ষণে

ফিরালেম রথ, ফিরিবার পথ

দ্রতর হল মনে।

যাবার বেলায় শুক্ষ পথের

আকাশভরানো ধূলি

সহজে ছিলাম ভূলি।

ফিরিবার বেলা মুখেতে রুমাল,

ধোষাটে চশমা চোখে,

মনে হল যত মাইক্রোব-দল

নাকে মুখে সব ঢোকে।

তাই ব্ঝিলাম, সহজ তো নয়

ফিলজফারের বৃদ্ধি।

দরকার করে বহুৎ চিত্তশ্বদি।

মোটর চলিল জোরে,

একটু পরেই হাসিলাম হো হো করে।
সংশয়হীন আশার সামনে
হঠাৎ দরজা বন্ধ,
নেহাত এটার ঠাট্টার মতো ছন্দ।

বোকার মতন গম্ভীর মুখটারে অটুহাস্থে সহজ করিছ, ফিরিছ আপন দারে।

ঘরে কেছ আজ ছিল না যে, ডাই না-থাকার ফিলজাফি মনটাকে ধরে চাপি। থাকাটা আকস্মিক, না-থাকাই সে তো দেশকাল ছেয়ে চেয়ে আছে অনিমিখ। সন্ধেবেলায় আলোটা নিবিয়ে বদে বদে গৃহকোণে না-থাকার এক বিরাট স্বরূপ আঁকিতেছি মনে-মনে। ় কালের প্রান্তে চাই, ওই বাড়িটার আগাগোড়া কিছু নাই। ফুলের বাগান, কোথা তার উদ্দেশ, বসিবার সেই আরামকেদারা পুরোপুরি নি:শেষ। মাদমাহিনার থাতাটারে নিয়ে পিছে प्रे प्रे मानी अक्वादि मव मिर्छ। ক্রেশাম্মাম্ কার্নেশনের কেয়ারি সমেত তারা নাই গহ্বরে হারা।

চেয়ে দেখি দ্র-পানে
সেই ভাবীকালে যাহা আছে যেইখানে
উপস্থিতের ছোটো সীমানায়
সামাগ্য জাহা অতি—
হেথায় দেখায় বৃদ্বৃদ্সংহতি।

যাহা নাই তাই বিরাট বিপুল মহা।

অনাদি অতীত যুগের প্রবাহ-বহা

অসংখ্য ধন, কণামাত্রও তার

নাই নাই হায়, নাই সে কোথাও আর

'দ্র করো ছাই' এই বলে শেষে
যেমনি জালিম্থ আলো
ফিলজফিটার কুয়াশা কোথা মিলাল।
স্পষ্ট বৃঝিম্থ যা-কিছু সম্থে আছে,
চক্ষের 'পরে যাহা বক্ষের কাছে
সেই তো অস্তহীন
প্রতিপল প্রতিদিন
যা আছে তাহারি মাঝে
যাহা নাই তাই গভীর গোপনে
সত্য হইয়া রাজে।
অতীতকালের যে ছিলেম আমি
আজিকার আমি দেই
প্রত্যেক নিমেষেই'।
বাঁধিয়া রেখেছে এই মৃহুর্জজাল
সমস্ত ভাবীকাল।

অতএব সেই কেদারাটা ষেই
জানালায় লব টানি,
বসিব আরামে, সে-মূহুর্তেরে
চিরদিবসের জানি।
অতএব জেনো সন্নাসী হব নাকো,
আরবার যদি ডাক
ভাবার সে ওই মাইক্রোব-ওড়া পথে
চলিব মোটর-রথে।
ঘরে যদি কেহ রয়

त्रवीख-त्रहनावनी

নাই ব'লে তারে ফিলজফারের

হবে নাকো সংশয়।

হয়ার ঠেলিয়া চক্ষু মেলিয়া

- দেখি যদি কোনো মিত্রম্
কবি তবে কবে, 'এই সংসার

অতীব বটে বিচিত্রম্।'

टेक्स ? २००४

দিনাবসান

বাঁশি যথন থামবে ঘরে,
নিববে দীপের শিখা,
এই জনমের লীলার 'পরে
পড়বে যবনিকা,
দেদিন যেন কবির তরে
ভিড় না জমে সভার ঘরে,
হয় না যেন উচ্চস্বরে
শোকের সমারোহ;
সভাপতি থাকুন বাসায়,
কাটান বেলা তাসে পাশায়,
নাই বা হল নানা ভাষায়
আহা উহু ওহো।
নাই ঘনাল দল-বেদলের
কোলাহলের মোহ।

আমি জানি মনে-মনে, সেঁউতি যুখী জবা আনবে ডেকে কণে কণে কবির স্বৃতিসভা। বর্ষা-শরৎ-বসস্থেরি
প্রাঙ্গণেতে আমায় ঘেরি
যেথায় বীণা যেথায় ভেরি
বেজেছে উৎসবে,
সেথায় আমার আসন-'পরে
স্থিয়গ্রামল সমাদরে
আলিপনায় স্তরে স্তরে
আমার মৌন করবে পূর্ণ
পাথির কলরবে।

জানি আমি এই বারতা
রইবে অরণ্যেতে—
ওদের স্থরে কবির কথা
দিয়েছিলেম গেঁথে।
ফাগুনহাওয়ায় জাবণধারে
এই বারতাই বারে বারে
দিক্বালাদের হারে হারে
ডিঠবে হঠাৎ বাজি;
কভু করুণ সন্ধ্যামেঘে,
কভু অরুণ আলোক লেগে,
এই বারতা উঠবে জেগে
রিঙ্নি বেশে সাজি।
শ্রবণসভার আসন আমার
সোনায় দেবে মাজি।

আমার শ্বতি থাক্ না গাঁথা আমার গীতি-মাঝে যেখানে ওই ঝাউয়ের পাতা মর্মরিয়া বাজে।

त्रवीख-त्रहनावनो

বেথানে ওই শিউলিভলে
কণহাসির শিশির কলে,
ছায়া যেথায় ঘুমে ঢলে
কিরণকণামালী;
যেথায় আমার কাজের বেলা
কাজের বেশে করে থেলা,
যেথায় কাজের অবহেলা
নিভৃতে দীপ জালি'
নানা রঙের স্বপন দিয়ে
ভরে রূপের ডালি।

২৫ বৈশাপ ১৬৬৬ শান্তিনিকেতন

পথসঙ্গী

শ্বীযুক্ত কেদারনাথ চটোপাধ্যার

হিলে-যে পথের সাথি,

দিবসে এনেছ পিপাসার জল
রাত্রে জেলেছ বাতি।
আমার জীবনে সন্ধ্যা ঘনায়,
পথ হয় অবসান,
তোমার লাগিয়া রেখে যাই মোর
শুভকামনার দান।
সংসারপথ হ'ক বাধাহীন,
নিয়ে যাক কল্যাণে,
ন্ব নব ঐশ্বর্য আহক
জ্ঞানে কর্মে ও ধ্যানে।
মোর শ্বতি যদি মনে রাখ কত্ব
এই বলে রেখো মনে—

फूल फूटोरप्रहि, फल यमिश्व-वा यदा नाइ এ जीवरन।

শ্বীবৃক্ত অমিয়চন্ত্র চক্রবর্তী
বাহিরে তোমার যা পেয়েছি সেবা
অন্তরে তাহা রাখি,
কর্মে তাহার শেষ নাহি হয়
প্রেমে তাহা থাকে বাকি।
আমার আলোর ক্লান্তি ঘূচাতে
দীপে তেল ভরি দিলে।
তোমার হৃদয় আমার হৃদয়ে
সে-আলোকে যায় মিলে।

৬ মে ১৯৩২ ভেহেরান

অন্তহিতা

তুমি যে তারে দেখ নি চেয়ে
জানিত সে তা মনে,—
ব্যথার ছায়া পড়িত ছেয়ে
কালো চোখের কোণে
জীবনশিখা নিবিল তার,
ভূবিল তারি দাথে
অবমানিত ত্ংখভার
অবহেলার রাতে।
দীপাবলীর থালাতে নাই
ভাহার মান হিয়া,
ভারায় তারি আলোক তাই
উঠিল উজ্লিয়া।

স্বাগতবাণী ছিল সে মেলি
ভাষাবিহীন মৃথে,
বহুজনের বাণীরে ঠেলি
বাজে কি তব বুকে।
নিকটে তব এসেছিল যে,
সে কথা বুঝাবারে
অসীম দূরে গিয়েছে ও-যে
শৃন্যে খুঁজাবারে।
সেখানে গিয়ে করেছে চুপ,
ভিক্ষা গেল থামি,
তাই কি তার সভ্যরূপ
হদয়ে এল নামি।

১ আধাত ১৩৬৯ উদয়ন [শান্তিনিকেতন]

আশ্রমবালিকা

শ্রীমতী মমতা সেনের বিবাহ-উপলকে
আশ্রমের হে বালিকা,
আশ্বিনের শেকালিকা
ফান্তনের শালের মঞ্চরি
শিশুকাল হতে তব
দেহে মনে নব নব
যে-মাধুর্য দিয়েছিল ভরি,
মাঘের বিদায়ক্ষণে
ম্কুলিত আশ্রবনে
বসস্তের যে-নবদ্তিকা,
আবাঢ়ের রাশি রাশি
শুল্ল মালতীর হাসি,
শ্রাবণের যে-সিক্তযুথিকা,

ছিল ঘিরে রাত্রিদিন তোমারে বিচ্ছেদহীন

প্রাস্তরের যে-শান্তি উদার,

প্রত্যুষের জাগরণে

পেয়েছ বিশ্বিত মনে

যে-আমাদ আলোকস্থার,

আষাঢ়ের পুঞ্জমেঘে

যখন উঠিত জেগে

আকাশের নিবিড় ক্রন্দন,

মর্মরিত গীতিকায়

সপ্তপর্ণবীথিকায়

দেখেছিলে যে-প্রাণস্পন্দন,

বৈশাথের দিনশেষে

গোধৃলিতে ক্সদ্রবেশে

কালবৈশাখীর উন্মন্ততা—

সে-ঝড়ের কলোলাসে

বিদ্যুতের অট্টহাসে

শুনেছিলে যে-মুক্তিবারতা,

পউষের মহোৎসবে

অনাহত বীণারবে

লোকে লোকে আলোকের গান

তোমার হাদয়দারে

আনিয়াছে বারে বারে

নবজীবনের যে-আহ্বান,

নববরষের রবি

যে উজ্জ্বল পুণ্যছবি

এঁকেছিল নিৰ্মল গগনে,

চিরনৃতনের জয়

द्रिक्ष हिल मृग्रमग्र

বেজেছিল অন্তর-অন্সনে,

কত গান কত খেলা, কত-না বন্ধুর মেলা, প্রভাতে সন্ধ্যায় আরাধনা, বিহন্ধকুজন-দাথে গাছের তলায় প্রাতে তোমাদের দিনের সাধনা, তারি স্বৃতি শুভক্ষণে সমস্ত জীবনে মনে भूर्व कति निस्त्र यां छ हत्न, চিত্ত করি ভরপুর নিত্য তারা দিক স্থর জনতার কঠোর কল্লোলে। নবীন সংসারখানি রচিতে হবে-যে জানি माध्रीरा भिगारम कलानि, **ट्या** मिरा खान मिरा कांक मित्र गांन मित्र रेश्य फिरम, फिरम जव शान,— সে তব রচনা-মাঝে সব ভাবনায় কাঞে ভারা ষেন উঠে রূপ ধরি, তারা যেন দেয় আনি তোমার বাণীতে বাণী তোমার প্রাণেতে প্রাণ ভরি। স্থী হও, স্থী রহো পূর্ণ করে। অহরহ उडकर्स कीवत्नत्र जाना, পুণাস্ত্রে দিনগুলি প্রতিদিন গেঁখে তুলি त्रि नर्श निर्वरक्षत्र भाना।

সম্জের পার হতে
পূর্বপবনের স্রোতে
ছন্দের তরণীধানি ভ'রে
এ-প্রভাতে আজি ভোরি
পূর্বতার দিন শ্বরি
আশীর্বাদ পাঠাইমু ভোরে।

১৩ জ্যৈষ্ঠ [১৬৬৬] রোহিতদাগর

বধূ

শ্রীমতী অমিতা সেনের পরিণয় উপলক্ষে

মাহ্নবের ইতিহাসে ফেনোচ্ছল উবেল উত্তম
গজি উঠে; অতীত তিমিরগর্ভ হতে তুরঙ্গম
তরঙ্গ ছুটিছে শৃত্যে; উন্মেষিছে মহাভবিশ্যং।
বর্তমান কালতটে অগ্নিগর্ভ অপুর্ব পর্বত
সত্যোজাত মহিমায় উজাড় উজ্জ্বল উত্তরীয়
নব স্বর্যোদয়-পানে। যে-অদৃষ্ট, যে-অভাবনীয়
মাহ্নবের ভাগ্যলিপি লিখিতেছে অজ্ঞাত অক্ষরে
দৃপ্ত বীরম্তি ধরি, দেখিয়াছি; তার কণ্ঠস্বরে
ভনেছি দীপকরাণে স্টেবাণী মরণবিজয়ী
প্রাণ্মন্তে।

এই ক্ষ যুগাস্কর-মাঝে বংসে অয়ি, তোমারে হেরিছ বধ্বেশে, নিঝ রিণী নৃত্যশীলা, সহসা মিলিছ সরোবরে, চটুল চঞ্চল লীলা গভীরে করিছ ময় ; নির্ভয়ে নিখিল করি পণ নবজীবনের স্থাই-রহস্থ করিছ উন্মোচন। ইতিহাসবিধাতার ইক্সজাল বিশ্বত্ঃথস্থ্থে দেশে দেশে ষে-বিশায় বিস্তারিছে বিরাট কৌতুকে
যুগে যুগে, নরনারীষ্ণায়ের আকাশে আকাশে
এও সেই স্টেলীলা জ্যোতির্ময় বিশ্ব-ইতিহাসে।

৬ আবাঢ় ১৬৬৯ [শান্তিনিকেডন]

মিলন

শ্রীমতী ইন্দিরা মৈত্রের বিবাহ-উপলক্ষে

সেদিন উষার নববীণাঝংকারে

মেঘে মেঘে ঝরে সোনার স্থরের কণা।
ধেয়ে চলেছিলে কৈশোরপরপারে

পাথিত্টি উন্মনা।
দথিন বাতাদে উধাও ওড়ার বেগে
অজানার মায়া রক্তে উঠিল জেগে

স্বপ্রের ছায়া ঢাকা।
স্বরভবনের মিলনমন্ত্র লেগে

কবে তুজনের পাথায় ঠেকিল পাথা।

কেটেছিল দিন আকাশে হৃদয় পাতি
মেঘের রঙেতে রাঙায়ে দোঁহার ডানা।
আছিলে হজনে অপারে ওড়ার সাথি,
কোথাও ছিল না মানা।
দ্র হতে এই ধরণীর ছবিখানি
দোঁহার নয়নে অমৃত দিয়েছে আনি—
পুশ্পিত খ্যামলতা।
চারিদিক হতে বিরাটের মহাবাণী
ভুনাল দোঁহারে ভাষার-অতীত কথা।

মেঘলোকে সেই নীরব সন্মিলনী
বেদনা আনিল কী অনির্বচনীয়।
দোঁহার চিন্তে উচ্ছুসি উঠে ধ্বনি—
'প্রিয়, গুগো মোর প্রিয়।'
পাথার মিলন অসীমে দিয়েছে পাড়ি,
স্থরের মিলনে সীমারূপ এল তারি,
এলে নামি ধরা-পানে।
কুলায়ে বসিলে অকুল শৃশ্য ছাড়ি,
পরানে পরানে গান মিলাইলে গানে

> १ कॉर्जिक २७७৮ मॉर्किनिः

क्राइ

শক্ত হল রোগ,
হপ্তা-পাঁচেক ছিল আমার ভোগ।
একটুকু যেই স্কন্থ হলেম পরে
লোক ধরে না ঘরে,
ব্যামোর চেয়ে অনেক বেশি ঘটাল ঘূর্যোগ।
এল ভবেশ, এল পালিত, এল বন্ধু ঈশান,
এল পোলিটিশান,
এল গোকুল সংবাদপত্তের,
থবর রাথে সকল পাড়ার নাড়ীনক্ষত্তের।
কেউ-বা বলে 'বদল করো হাওয়া',
কেউ-বা বলে 'ভালো ক'রে করবে খাওয়াদাওয়া'।
কেউ-বা বলে, 'মহেন্দ্র ডাক্তার
এই ব্যামোতে ভার মতো কেউ ওস্তাদ নেই আর

দেয়াল ঘেঁষে ওই যে স্বার পাছে
সতীশ বদে আছে।
থাকে সে এই পাড়ায়,
চূলগুলো তার উর্ধে তোলা পাঁচ আঙুলের নাড়ায়।
চোথে চশমা জাঁটা,
এক কোণে তার ফেটে গেছে বাঁয়ের পরকলাটা।
গলার বোতাম থোলা,
প্রশান্ত তার চাউনি ভাবে-ভোলা।
সর্বদা তার হাতে থাকে বাঁধানো এক থাতা,
হঠাং খুলে পাতা

লুকিয়ে লুকিয়ে কী-যে লেখে, হয়তো বা সে কবি, কিম্বা আঁকে ছবি।

নবীন আমায় শোনায় কানে-কানে, ওই ছেলেটার গোপন থবর নিশ্চিত সেই জানে— যাকে বলে 'স্পাই',

সন্দেহ তার নাই।
আমি বলি, হবেও বা, ভক্তিনম্র নিরীহ ওই মৃথে
থাতার কোণে রিপোর্ট করার খোরাক নিচ্ছে টুকে।
ও মাহুষটা সত্যি যদি তেমনি হেয় হয়,
স্থাা করব,— কেন করব ভয়।

এই বছরে বছরখানেক বেড়িয়ে নিলেম পাঞ্চাবে কাশ্মীরে।

এলেম যখন ফিরে;

এল গণেশ, পলটু এল, এল নবীন পাল,

এল মাখনলাল।

হাতে একটা মোড়ক নিয়ে প্রণাম করলে পাঁচু,

মুখটা কাঁচুমাচু।

'মনিব কোথায়' শুধাই স্থামি তারে,

'সতীশ কোথায় হাঁ রে।'

নবীন বললে, 'খবর পান নি তবে— দিন-পনেরো হবে

উপোস করে মারা গেল সোনার টুকরো ছেলে নন্-ভায়োলেন্স্ প্রচার করে গেল যখন আলিপুরের জেলে।' পাঁচু আমার হাতে দিল খাতা,

খুলে দেখি পাতার পরে পাতা—
দেশের কথা কী বলেছি তাই লিখেছে গভীর অমুরাগে,
পাঠিয়ে দিল জেলে যাবার আগে।
আজকে বসে বসে ভাবি, মুখের কথাগুলো
ঝরা পাতার মতোই তারা ধুলোয় হ'ত ধুলো।
সেইগুলোকে সত্য করে বাঁচিয়ে রাথবে কি এ

মৃত্যুস্থধার নিত্যপরশ দিয়ে।

ও আধাঢ় ১৩৩৯ শাস্তিনিকেতন

ধাবমান

'যেয়ো না, যেয়ো না' বলি কারে ডাকে ব্যর্থ এ ক্রন্দন।
কোথা সে বন্ধন
অসীম যা করিবে সীমারে।
সংসার যাবারই বন্তা, তীব্রবেগে চলে পরপারে
এ পারের সব-কিছু রাশি রাশি নিংশেষে ভাসায়ে,
কাঁদায়ে হাসায়ে
অন্থির সন্তার রূপ ভূটে আর টুটে;
'নম্ব নয়' এই বাশী ফেনাইয়া মুখরিয়া উঠে

মহাকাল সমৃদ্রের 'পরে। সেই স্বরে

ক্ষন্তের ডম্বরুধ্বনি বাজে অসীম অম্বর-মাঝে—

ववीख-बहनावनी

'নয় নয় নয়'। ওরে মন, ছাড়ো লোভ, ছাড়ো শোক, ছাড়ো ভয়। স্ঠাই নদী, ধারা তারি নিরম্ভ প্রলয়।

যাবে সব যাবে চলে তবু ভালোবাসি,—
চমকে বিনাশ-মাঝে অন্তিত্বের হাসি
আনন্দের বেগে।
মরণের বীণাতারে উঠে জেগে
জীবনের গান;
নিরস্তর ধাবমান
চঞ্চল মাধুরী।
ক্ষণে ক্ষণে উঠে ক্ষ্রি
শাশ্বতের দীপশিথা
উজ্জ্বলিয়া মৃহুর্তের মরীচিকা।
অতল কান্নার স্রোত মাতার করুণ স্নেহ বয়,
প্রিয়ের হৃদয়বিনিময়।
বিলোপের রক্ষভূমে বীরের বিপুল বীর্ষমদ
ধরণীর সৌন্দর্ষসম্পদ।

অসীমের দান
ক্ষণিকের করপুটে, তার পরিমাণ
সময়ের মাপে নহে।
কাল ব্যাপি রহে নাই রহে
তবু সে মহান;
যতক্ষণ আছে তারে মূল্য দাও পণ করি প্রাণ।
ধায় যবে বিদায়ের রথ
জয়ধ্বনি করি তারে ছেড়ে দাও পথ
আপনারে ভূলি।
যতটুকু ধূলি

আছ তুমি করি অধিকার
তার মাঝে কী রহে না, তুচ্ছ সে বিচার।
বিরাটের মাঝে
এক রূপে নাই হয়ে অগ্র রূপে তাহাই বিরাজে।
ছেড়ে এসো আপনার অন্ধরুপ,
মৃক্তাকাশে দেখো চেয়ে প্রলয়ের আনন্দর্বরূপ।
ওরে শোকাতুর, শেষে
শোকের বৃদ্বৃদ্ তোর অশোক-সমৃত্রে যাবে ভেসে।

७ व्यावाह ३७७३

ভীরু

তাকিয়ে দেখি পিছে
সেদিন ভালোবেসেছিলেম,
দিন না যেতেই হয়ে গেল মিছে।
বলার কথা পাই নি আমি খুঁজে,
আপনা হতে নেয় নি কেন বুঝে,
দেবার মতন এনেছিলেম কিছু,
ভালির থেকে পড়ে গেল নীচে।

ভরসা ছিল না যে,
তাই তো ভেবে দেখি নি হায়
কী ছিল তার হাসির দ্বিধা-মাঝে
গোপন বীণা স্থরেই ছিল বাঁধা,
ঝংকার তায় দিয়েছিল আধা,
সংশয়ে আজ তলিয়ে গেল কোখা,
পাব কি তায় তুঃখসাগর সিঁচে।

त्रवौद्ध-त्रव्यावनौ

হায় রে গরবিনী,
বারেক তব করুণ চাহনিতে
ভীরুতা মোর লও নি কেন ব্রুদিনি।
বে-মণিটি ছিল বুকের হারে
কেলে দিলে কোন্ খেদে হায় তারে,
ব্যর্থ রাতের অশ্রুফোটার মালা
আত্র তোমার ওই বক্ষে ঝলকিছে।

» खात्राह २७७»

বিচার

বিচার করিয়ো না।
যেখানে তুমি রয়েছ, সে তো
জগতে এক কোণা।
যেটুকু তব দৃষ্টি ষায়
সেটুকু কতথানি,
যেটুকু শোন তাহার সাথে
মিশাও নিজবাণী।
মন্দ-ভালো সাদা ও কালো
রাথিছ ভাগে ভাগে।
সীমানা মিছে আঁকিয়া তোল
আপন-রচা দাগে।

স্থ্যের বাঁশি যদি তোমার মনের মাঝে থাকে, চলিতে পথে আপন-মনে জাগায়ে দাও তাকে। গানের মাঝে তর্ক নাই,
কাজের নাই তাড়া।
যাহার খুশি চলিয়া যাবে,
যে খুশি দিবে সাড়া।
হ'ক-না তারা কেহ-বা ভালো
কেহ-বা ভালো-নয়,
এক পথেরি পথিক তারা
লহো এ পরিচয়।

বিচার করিয়ো না।
হায় রে হায়, সময় যায়,
রুথা এ আলোচনা।
ফুলের বনে বেড়ার কোণে
হেরো অপরাজিতা
আকাশ হতে এনেছে বাণী,
মাটির সে যে মিতা।
ওই তো ঘাসে আঘাঢ়মাসে
সকল ধরা ভরিয়া দিল
সহজ তার দান।
আপনা ভূলি সহজ স্থাথ
ভক্ষক তব হিয়া,
পথিক, তব পথের ধন
পথেরে যাও দিয়া।

>• আষাঢ় ১৩৩৯ উদয়ন [শাস্তিনিকেডন]

পুরানো বই

পামি জানি
পুরাতন এই বইখানি।—
অপঠিত, তবু মোর ঘরে
আছে সমাদরে।
এর ছিন্ন পাতে পাতে তার
বাষ্পাকুল করুণার
স্পর্শ যেন রয়েছে বিলীন;
সে-যে আজ হল কতদিন।

সরল ত্থানি আঁথি ঢলোঢলো, বেদনার আভাসেই করে ছলোছলো; কালোপাড় শাড়িখানি মাথার উপর দিয়ে ফেরা, ত্টি হাত কহণে ও সাস্থনায় ঘেরা। जनशैन विश्वरत এলোচুল মেলে দিয়ে বালিশের 'পরে, **এই वहे जूल** निस्न ब्रक একমনে স্নিশ্ধমূখে विष्क्रमकारिनी यांग्र পড़ে। জানালা বাহিরে শুন্মে ওড়ে পায়রার ঝাঁক, গলি হতে দিয়ে যায় ডাক ফেরিওলা, পাপোশের 'পরে ভোলা ভক্ত সে কুকুর ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্নে ছাড়ে আর্তস্থর। नमस्त्रत इस्य योग जून ; गनित अभारत ऋन, সেপা হতে বাজে ঘবে কাংস্তরবে

ছুটির ঘণ্টার ধ্বনি,
দীর্ঘাদ ফেলিয়া তথনি
তাড়াতাড়ি
ওঠে দে শয়ন ছাড়ি,
গৃহকার্যে চলে যায় দচকিতে
বইথানি রেখে কুলুক্সিতে।
অন্তঃপুর হতে অন্তঃপুরে
এই বই ফিরিয়াছে দ্র হতে দ্রে।
ঘরে ঘরে গ্রামে গ্রামে

তার পরে গেল সেই কাল,
ছিঁড়ে দিয়ে চলে গেল আপন সৃষ্টির মায়াজ্ঞাল।
এ লজ্জিত বই
কোনো ঘরে স্থান এর কই।
নবীন পাঠক আজ বসি কেদারায়
ভেবে নাহি পায়
এ লেখাও কোন্ মন্ত্রে করেছিল জয়
সেদিনের অসংখ্য স্কুদয়।

জ্ঞানালা-বাহিরে নীচে ট্রাম যায় চলি।
প্রশস্ত হয়েছে গলি।
চলে গেছে ফেরিওলা, সে-পদরা তার
বিকায় না আর।
ডাক তার ক্লান্ত হরে
দ্র হতে মিলাইল দ্রে।
বেলা চলে গেল কোন্ ক্লণে,
বাজিল ছুটির ঘণ্টা ও-পাড়ার হৃদ্র প্রাক্লণে।

১১ জাবায় ১৩৩৯ কোণাৰ্ক [শান্তিনিকেতন]

বিস্ময়

আবার জাগিমু আমি। রাত্রি হল ক্ষয়। পাপড়ি মেলিল বিশ্ব। এই তো বিশ্বয় অন্তহীন।

ড়বে গেছে কত মহাদেশ,
নিবে গেছে কত তারা, হয়েছে নিঃশেষ
কত যুগ যুগান্তর। বিশ্বজ্ঞয়ী বীর
নিজেরে বিলুপ্ত করি শুধু কাহিনীর
বাক্যপ্রাস্তে আছে ছায়াপ্রায়। কত জাতি
কীতিন্তম্ভ রক্তপক্ষে তুলেছিল গাঁথি
মিটাতে ধূলির মহাক্ষ্ধা। সে-বিরাট
ধ্বংসধারা-মাঝে আজি আমার ললাট
পেল অরুণের টিকা আরো একদিন
নিদ্রাশেষে, এই তো বিশ্বয় অস্তহীন।

আজ আমি নিখিলের জ্যোতিষ্কসভাতে
রয়েছি দাঁড়ায়ে। আছি হিমাদ্রির সাথে
আছি সপ্তর্ষির সাথে, আছি যেথা সমৃদ্রের
তরঙ্গে ভিন্নিয়া উঠে উন্নত্ত রুদ্রের
অট্রহাস্থে নাট্যলীলা। এ বনস্পতির
বন্ধলে স্বাক্ষর আছে বহু শতান্দীর,
কত রাজমুকুটেরে দেখিল থসিতে।
তারি ছায়াতলে আমি পেয়েছি বসিতে
আরো একদিন—

জানি এ দিনের মাঝে কালের অদৃশ্য চক্র শবহীন বাজে।

১২ জাষায় ১৩৩৯ কোণাৰ্ক [শান্তিনিকেতন]

অগোচর

शांटित जिएज मिस्क टाउर एमिन, হাজার হাজার মৃধ হাজার হাজার ইতিহাস ঢাকা দিয়ে আসে যায় দিনের আলোয় রাতের আধারে। সব কথা তার কোনো কালে জানবে না কেউ, নিজেও জানে না কোনো লোক। মৃথর আলাপ তার, উচ্চস্বরে কত আলোচনা, তারি অস্তন্তলে বিচিত্র বিপুল শ্বতিবিশ্বতির স্ষ্টিরাশি। সেথানে তো শব্দ নেই, আলো নেই, वारेदात्र मृष्टि त्नरे, প্রবেশের পথ নেই কারো। সংখ্যাহীন মান্তবের এই যে প্ৰচ্ছন্ন বাণী, অঞ্চত কাহিনী কোন্ আদিকাল হতে অন্তঃশীল অগণ্য ধারায় আঁধার মৃত্যুর মাঝে মেশে রাজিদিন, की रन जारमत्र, की अपन्त्र काञ ।

হে প্রিয়, তোমার যতটুকু
দেখেছি শুনেছি
জেনেছি, পেয়েছি স্পর্শ করি'—
তার বহুপতগুণ অদৃশ্য অঞ্রত
রহস্ত কিদের জন্ম বন্ধ হয়ে আছে,
কার অপেক্ষায়।

সে নিরালা ভবনের
কুলুপ তোমার কাছে নেই।
কার কাছে আছে তবে।
কে মহা-অপরিচিত যার অগোচর সভাতলে
হে চেনা-অপরিচিত, তোমার আসন ?
সেই কি সবার চেয়ে জানে
আমাদের অস্তরের অজানারে।
সবার চেয়ে কি বড়ো তার ভালোবাসা
যার শুভদৃষ্টি-কাছে
অব্যক্ত করেছে অব্গুঠন মোচন।

४८ व्यावाए ১७७৯

সাস্ত্রনা

যে বোবা হৃংথের ভার ওরে হৃংথী, বহিতেছ, তার কোনো নেই প্রতিকার। সহায় কোথাও নাই, ব্যর্থ প্রার্থনায় চিত্তদৈন্য শুধু বেড়ে যায়।

ওরে বোবা মাটি,

বক্ষ তোর যায় না তো ফাটি
বহিয়া বিশ্বের বোঝা হৃঃথবেদনার

বক্ষে আপনার

বহু যুগ ধরে।

বোবা গাছ ওরে,

সহজে বহিস শিরে বৈশাথের নির্দয় দাহন,

তুই সর্বসহিষ্ণু রাহন

শ্রোবণের
বিশ্বব্যাপী প্লাবনের।

তাই মনে ভাবি यादा नावि সর্ব তৃঃখ সম্ভাপ নিঃশেষে छमात्र याणित वरकारमरम, গভীর শীতল যার শুরু অম্বকারতল কালের মথিত বিষ নিরম্ভর নিতেছে সংহরি। म्बर्धित 'भरत मिराविভावती ত্লিছে খামল তৃণস্তর निः भक् स्मात । শতাব্দীর সব ক্ষতি সব মৃত্যুক্ষত যেখানে একান্ত অপগত সেইখানে বনস্পতি প্রশাস্ত গম্ভীর স্র্যোদয়-পানে তোলে শির, পুষ্প তার পত্রপুটে শোভা পায় ধরিত্রীর মহিমামুকুটে।

বোবা মাটি, বোবা তরুদল,
ধৈৰ্যহারা মান্থ্যের বিশ্বের ত্ঃসহ কোলাহল
স্তব্ধতায় মিলাইছ প্রতি মূহুর্তেই,—
নির্বাক সাস্থনা সেই
তোমাদের শাস্তরূপে দেখিলাম,
করিম্থ প্রণাম।
দেখিলাম সব ব্যথা প্রতিক্ষণে লইতেছে জ্বিনি
স্থন্দরের ভৈরবী রাগিণী
সর্ব অবসানে
শব্দহীন গানে।

ছোটো প্রাণ

ছিলাম নিদ্রাগত,
সহসা আর্ডবিলাপে কাঁদিল
রক্তনী ঝঞ্চাহত।
কাগিয়া দেখিত্ব পাশে
কচি মুখখানি স্থানিদ্রায়
ঘুমায়ে ঘুমায়ে হাসে।
সংসার-'পরে এই বিশ্বাস
দৃঢ় বাঁধা ক্ষেহডোরে
বক্ত-আঘাতে ভাঙে তা কেমন ক'রে

সৈত্যবাহিনী বিজয়কাহিনী
লিখে ইতিহাস জুড়ে।
শক্তিদন্ত জয়গুল্ত
তুলিছে আকাশ ফুঁড়ে।
সম্পদসমারোহ
গগনে গগনে ব্যাপিয়া চলেছে
স্থানিরীচিমোহ।
সেথায় আঘাতসংঘাতবেগে
ভাঙাচোরা যত হ'ক
তার লাগি রুথা শোক।

কিন্ধ হেধার কিছু তো চাহে নি এরা।

এদের বাসাটি ধরণীর কোণে

ছোটো-ইচ্ছার ঘেরা।

যেমন সহজে পাখির কুলার

মৃত্কঠের গীতে

নিভৃত ছারায় ভরা থাকে মাধুরীতে।

হে কজ, কেন তারো 'পরে বাণ হান,
কেন তুমি নাহি জান
নির্তয়ে ওরা তোমারে বেসেছে ভালো,
বিশ্বিত চোথে তোমারি ত্বনে
দেখেছে তোমার আলো

३७ स्वांबां ३०००

নিরারত

যবনিকা-অন্তরালে মর্ত্য পৃথিবীতে
ঢাকাপড়া এই মন। আভাদে ইকিতে
প্রমাণে ও অমুমানে আলোতে আঁধারে
ভাঙা থও জুড়ে সে-যে দেখেছে আমারে
মিলায়ে তাহার সাথে নিজ্ঞ অভিক্রচি
আশা ত্যা। বারবার কেলেছিল মৃছি
রেথা তার; মাঝে-মাঝে করিয়া সংস্কার
দেখেছে নৃতন করে মোরে। কতবার
ঘটেছে সংশয়। এই যে সত্যে ও ভুলে
রচিত আমার মৃতি, সংসারের কুলে
এ নিয়ে সে এতদিন কাটায়েছে বেলা।
এরে ভালোবেসেছিল, এরে নিয়ে খেলা
সাক্ষ করে চলে গেছে।

বসে একা ঘরে
মনে-মনে ভাবিতেছি আজ,— লোকান্তরে
বদি তার দিব্য সাঁখি মায়ামুক্ত হয়
অকম্মাৎ, পাবে যার নব পরিচয়
সে কি আমি। স্পষ্ট তারে জাত্মক যতই
তরু যে অস্পষ্ট ছিল তাহারি মতোই

এরে কি আপনি রচি বাদিবে দে ভালো।
হায় রে মাহ্য এ যে। পরিপূর্ণ আলো
দে তো প্রলয়ের তরে, স্টার চাতুরী
ছায়াতে আলোতে নিত্য করে লুকোচুরি।
দে-মায়াতে বেঁধেছিহু মর্ত্যে মোরা দোহে
আমাদের খেলাঘর, অপূর্ণের মোহে
মৃশ্ব ছিহু, মর্ত্যপাত্রে পেয়েছি অমৃত।
পূর্ণতা নির্মম দে যে স্তব্ধ অনার্ত।

>१ व्यावां >७७३

দ্র হতে ভেবেছিত্র মনে ত্রজয় নির্দয় তুমি, কাঁপে পৃথী তোমার শাসনে। তুমি বিভীষিকা, তৃ: शীর বিদীর্ণ বক্ষে জলে তব লেলিহান শিখা। দক্ষিণ হাতের শেল উঠেছে ঝড়ের মেঘ-পানে, সেপা হতে বজ্ৰ টেনে আনে। ভয়ে ভয়ে এসেছিত্ব ত্রুত্রু বুকে তোমার সমূখে। তোমার জ্রকটিভকে তরকিল আসম উৎপাত,— নামিল আঘাত। পাঁজর উঠিল কেঁপে, বক্ষে হাত চেপে ख्धालम, 'আরো किছু আছে না कि, আছে বাকি শেষ বক্সপাত ?' নামিল আঘাত।

এইমাত্র? আর কিছু নয়?

তেঙে গেল ভয়।

যথন উত্তত ছিল তোমার অশনি
তোমারে আমার চেয়ে বড়ো ব'লে নিয়েছিত্র গনি।

তোমার আঘাত সাথে নেমে এলে তুমি

যথা মোর আপনার ভূমি।

ছোটো হয়ে গেছ আজ।

আমার টুটিল সব লাজ।

যত বড়ো হও,

তুমি তো মৃত্যুর চেয়ে বড়ো নও।

আমি মৃত্যু-চেয়ে বড়ো এই শেষ কথা ব'লে

যাব আমি চলে।

১१ कांबाए ১७७३

অবাধ

সরে যা, ছেড়ে দে পথ,

ছর্তর সংশয়ে ভারী তোর মন পাথরের পারা।

হালকা প্রাণের ধারা

দিকে দিকে ওই ছুটে চলে

কলকোলাহলে

হরস্ত আনন্দভরে।

ওরাই যে লঘু করে

অতীতের পুরাতন বোঝা।

ওরাই তো করে দেয় সোজা

সংসারের বক্র ভঙ্গী চঞ্চল সংঘাতে।

ওদের চরণপাতে

ছাটল জালের গ্রন্থি যত

হয় অপগত।

মলিনতা দেয় মেজে, প্রাস্তি দ্র করে ওরা ক্লান্তিহীন তেজে।

প্রবাদন মেঘের মতন
প্রভাতিকিরণপায়ী,— সিন্ধুর তরক্ষ অগণন,
প্রবামেন দিশাহারা হাওয়ার উৎসাহ,
মাটির হৃদয়জয়ী নিরস্তর তরুর প্রবাহ;
প্রাচীন রজনীপ্রাস্তে প্রবাদনেক প্রথম-আলোক।
প্রবাশিশু, বালিকা বালক,
প্রবানারী তারুণ্যে উচ্চল।
প্রবামে নির্ভীক বীরদল
যৌবনের হুঃসাহসে বিপদের হুর্গ হানে,
সম্পদেরে উদ্ধারিয়া আনে।
পায়ের শৃশ্বল প্রবাচলে ঝংকারিয়া
অন্তরে প্রবল মৃক্তি নিয়া।
আগামী কালের লাগি নাই চিন্তা, নাই মনে ভয়,
আগামী কালেরে করে জয়।

চলেছে চলেছে ওরা চারিদিক হতে আধারে আলোতে, সম্থের পানে অজ্ঞাতের টানে। তুই সরে যা রে ওরে ভীক, ভারাতুর সংশয়ের ভারে

যাত্ৰী

य-काल श्रिया लग्न धन সেই কাল করিছে হরণ সে ধনের ক্ষতি। তাই বস্থমতী নিতা আছে বহুদ্বা। একে একে পাথি যায়, গানের পসরা কোথাও না হয় শৃত্য, আঘাতের অস্ত নেই, তৰুও অক্ষ বিপুল সংসার। তৃঃথ শুধু তোমার, আমার, নিমেষের বেড়াঘেরা এখানে ওখানে। সে-বেড়া পারায়ে তাহা পৌছায় না নিখিলের পানে। ওরে তুমি, ওরে আমি, যেখানে তোদের যাত্রা একদিন যাবে থামি সেখানে দেখিতে পাবি ধন আর ক্ষতি তরঙ্গের ওঠা নামা, একই খেলা, একই তার গতি। কারা আর হাসি এক বীণাভম্বীভারে একই গানে উঠিছে উচ্ছাসি, একই শমে এদে মহামৌনে মিলে যায় শেষে। তোমার হৃদয়তাপ তোমার বিলাপ চাপা থাক্ আপনার ক্ষুদ্রতার তলে। যেইখানে লোকযাত্রা চলে

দেখা দাও শান্তিদায় তলা একদারে,
দেখা দাও শান্তিদৌম্য আপনারে—
যে-শান্তি মৃত্যুর প্রান্তে বৈরাগ্যে নিভৃত,
আত্মসমাহিত;

দিবসের যত

ধ্লিচিহ্ন, যত কিছু ক্ষত

লুপ্ত হল যে শান্তির অন্তিম তিমিরে;

সংসারের শেষ তীরে

সপ্তর্ষির ধ্যানপুণ্য রাতে

হারায় যে-শান্তিসিন্ধু আপনারি অন্ত আপনাতে;

যে-শান্তি নিবিড় প্রেমে

ন্তন্ধ আছে থেমে,

যে-প্রেম শরীরমন অতিক্রম করিয়া স্থদ্রে

একান্ত মধুরে

লভিয়াছে আপনার চরম বিশ্বতি।

সে পরম শান্তি-মাঝে হ'ক তব অচঞ্চল স্থিতি।

४००८ वाहाष्ट्र ४८

মিলন

তোমারে দিব না দোষ। জানি মোর ভাগ্যের জ্রকুটি;
ক্ষুদ্র এই সংসারের ষত ক্ষত, ষত তার ক্রটি,
যত ব্যথা আঘাত করিছে তব পরম সন্তারে
অহরহ। জানি যে তুমি তো নাই ছাড়ায়ে আমারে
নির্নিপ্ত স্থান্দর স্বর্গে। আমি মোর তোমাতে বিরাজে;
দেওয়ানেওয়া নিরন্তর প্রবাহিত তুমি-আমি-মাঝে
ছর্গম বাধারে অতিক্রমি। আমার সকল ভার
রাত্রিদিন রয়েছে তোমারি 'পরে, আমার সংসার
দে শুধু আমারি নহে। তাই ভাবি এই ভার মোর
যেন লঘু করি নিজবলে, জটিল বন্ধনডোর

একে একে ছিন্ন করি যেন, মিলিয়া সহন্ত মিলে ছন্দ্রীন বন্ধহীন বিচরণ করি এ নিখিলে না চেয়ে আপনা-পানে। অশান্তিরে করি দিলে দ্র তোমাতে আমাতে মিলি ধ্বনিয়া উঠিবে এক হুর।

३३ जाता ३७७३

আগন্তুক

এসেছি স্থদ্র কাল থেকে। তোমাদের কালে পৌছলেম যে-সময়ে তথন আমার সঙ্গী নেই। যাটে ঘাটে কে কোথায় নেবে গেছে। ছোটো ছোটো চেনা স্থথ যত, প্রাণের উপকরণ, দিনের রাতের মৃষ্টিদান এসেছি নিংশেষ করে বহুদুর পারে। এ জীবনে পা দিয়েছি প্রথম ষে-কালে সে কালের 'পরে অধিকার मृष् श्राहिल मित्न मित्न ভাবে ও ভাষায়, কাজে ও ইন্ধিতে, প্রণয়ের প্রাত্যহিক দেনাপাওনায়। হেসে খেলে কোনোমতে সকলের সঙ্গে বেঁচে থাকা, লোকযাত্রারথে किंছू किছू गिज्दिग एम् अप्रो, শুধু উপস্থিত থেকে প্রাণের আসরে

ভিড় জ্বমা করা, এই তো যথেষ্ট ছিল

আজ তোমাদের কালে
প্রবাসী অপরিচিত আমি।
আমাদের ভাষার ইশারা
নিয়েছে নৃতন অর্থ তোমাদের মুখে।
ঋতুর বদল হয়ে গেছে,—
বাতাসের উলটো-পালটা ঘ'টে
প্রকৃতির হল বর্গভেদ।
ছোটো ছোটো বৈষম্যের দল
দেয় ঠেলা,
করে হাসাহাসি।
ফচি আশা অভিলাষ
যা মিশিয়ে জীবনের স্বাদ,
তার হল রসবিপর্যয়।

আমাদের সেকালকে যে-সন্ধ দিয়েছি
যতই সামান্ত হ'ক মূল্য তার
তব্ সেই সন্ধহতে গাঁথা হয়ে মান্ত্যে মান্ত্যে
রচেছিল যুগের স্বরূপ,—
আমার সে-সন্ধ আজ
মেলে না যে তোমাদের প্রত্যহের মাপে।
কালের নৈবেছে লাগে যে সকল আধুনিক ফুল
আমার বাগানে ফোটে না সে।
তোমাদের যে-বাসার কোণে থাকি
তার থাজনার কড়ি হাতে নেই।
তাই তো আমাকে দিতে হবে
বড়ো কিছু দান
দানের একান্ত হু:সাহসে।

উপস্থিত কালের যা দাবি

মিটাবার জন্তে সে তো নয়,
তাই যদি সেই দান তোমাদের ক্লচিতে না লাগে,
তবে তার বিচার সে পরে হবে।
তব্ যা সম্বল আছে তাই দিয়ে
একালের ঝণ শোধ ক'রে অবশেষে
ঝণী তারে রেথে যাই যেন।
যা আমার লাভক্ষতি হতে বড়ো,
যা আমার স্থহঃথ হতে বেশি—
তাই যেন শেষ করে দিয়ে চলে যাই
ভিতি নিন্দা হিসাবের অপেক্ষা না রেথে।

১১ खुनाई ১৯७२

জরতী

হে জরতী,

অন্তরে আমার

দেখেছি তোমার ছবি।

অবসানরজনীতে দীপবর্তিকার

হিরশিখা আলোকের আভা

অধরে ললাটে— শুত্র কেশে।

দিগস্তে প্রণামনত শাস্ত-আলো প্রত্যুবের তারা

মৃক্ত বাতায়ন থেকে

পড়েছে নিমেষহীন নয়নে তোমার।

সন্ধ্যাবেলা

সন্ধিকার মালা ছিল গলে

গন্ধ তার ক্ষীণ হয়ে

বাতাসকে করুণ করেছে—

উৎসবশেষের ষেন অবসন্ন অনুলির
বীণাগুঞ্জরণ।
শিশিরমন্থর বায়,
অশথের শাখা অকম্পিত।
অদুরে নদীর শীর্ণ স্বচ্ছ ধারা কলশন্দহীন,
বাল্তটপ্রাস্তে চলে ধীরে
শৃক্তগৃহ-পানে
ক্লান্তগতি বিরহিণী বধ্র মতন।

হে জরতী মহাখেতা,
দেখেছি তোমাকে
জীবনের শারদ অম্বরে
রৃষ্টিরিক্ত শুচিশুরু লঘু স্বচ্ছ মেঘে।
নিমে শস্মে ভরা খেত দিকে দিকে,
নদী ভরা কুলে কুলে,
পুর্ণতার স্তর্ধতায় বস্কুম্বরা স্নিশ্ধ স্থ্যম্ভীর

হে জরতী, দেখেছি তোমাকে
সন্তার অন্তিম তটে,
যেখানে কালের কোলাহল
প্রতিক্ষণে ডুবিছে অতলে।
নিস্তরঙ্গ সেই সিন্ধুনীরে
তীর্থস্পান করি'
রাত্তির নিকষক্ষ শিলাবেদিমূলে
এলোচুলে করিছ প্রণাম
পরিপূর্ণ সমাপ্তিরে।
চঞ্চলের অন্তর্গালে অচঞ্চল যে শান্ত মহিমা
চিরস্তন,
চরম প্রসাদ তার

নামিল তোমার নম্র শিরে মানসসরোবরের অগাধ সলিলে অন্তগত তপনের সর্বশেষ আলোর মতন।

১৩ জুলাই ১৬৬৯

खान

বছ লক্ষ বর্ধ ধরে জলে তারা,
ধাবমান অন্ধকার কালজোতে
অগ্নির আবর্ত ঘূরে ওঠে।
কোই স্রোতে এ ধরণী মাটির বৃদ্বৃদ ;
তারি মধ্যে এই প্রাণ
অণুতম কালে
কণাতম শিখা লয়ে
অসীমের করে সে আরতি।
সে না হলে বিরাটের নিধিলমন্দিরে
উঠত না শঙ্খধ্বনি,
মিলত না যাত্রী কোনোজন,
আলোকের সামমন্ত্র ভাষাহীন হয়ে
রইত নীরব।

३८ क्लाई ३०७२

माथी

তথন বয়স সাত। ম্থচোরা ছৈলে, একা একা আপনারি সঙ্গে হত কথা। মেঝে বসে चरत्रव गतारम्थांना धरत वांहरतत्र मिरक रहस्य रहस्य বয়ে যেত বেলা। मृत्त (थक् मात्य-मात्य एड एड कत्त्र বাজত ঘণ্টার ধ্বনি, শোনা যেত রান্তা থেকে সইসের হাঁক। হাঁসগুলো কলরবে ছুটে এসে নামত পুকুরে। ও-পাড়ার তেলকলে বাঁশি ডাক দিত। গলির মোড়ের কাছে দত্তদের বাড়ি, কাকাতুয়া মাঝে-মাঝে উঠত চীৎকার করে ডেকে একটা বাতাবিলেবু, একটা অশথ, একটা কয়েতবেল, একজোড়া নারকেলগাছ, তারাই আমার ছিল সাথী। আকাশে তাদের ছুটি অহরহ, মনে-মনে সে ছুটি আমার। আপনারি ছায়া নিয়ে আপনার সঙ্গে যে-খেলাতে তাদের কাটত দিন সে আমারি থেলা। তারা চিরশিশু আমার সম্বয়সী। আষাঢ়ে বৃষ্টির ছাঁটে, বাদলহাওয়ায়, দীর্ঘ দিন অকারণে তারা যা করেছে কলরব আমার বালকভাষা হো হা শব্দ করে করেছিল তারি অমুবাদ।

> তারপরে একদিন যখন আমার বয়স পঁচিশ হবে,

বিরহের ছায়ায়ান বৈকালেতে

ওই জানালায়

বিজ্ঞানে কেটেছে বেলা।

অশথের কম্পমান পাতায় পাতায়

যৌবনের চঞ্চল প্রত্যাশা

পেয়েছে আপন সাড়া।

সকরুণ মূলতানে গুন্ গুন্ গেয়েছি ষে-গান

রৌদ্রে-ঝিলিমিলি সেই নারকেলডালে

কেঁপেছিল তারি হ্বর।

বাতাবিফ্লের গদ্ধ ঘ্যভাঙা সাথীহারা রাতে

এনেছে আমার প্রাণে

দূর শ্যাতল থেকে

সিক্ত আঁথি আর কার উৎক্ষিত বেদনার বাণী।

সেদিন সে গাছগুলি

বিচ্ছেদে মিলনে ছিল যৌবনের বয়স্ত আমার।

তারপরে অনেক বৎসর গেল
আরবার একা আমি।
সেদিনের সঙ্গী যারা
কথন্ চিরদিনের অন্তরালে তারা গেছে সরে।
আবার আরেকবার জানলাতে
বসে আছি আকাশে তাকিয়ে।
আজ দেখি সে অশ্বথ, সেই নারকেল
সনাতন তপস্বীর মতো।
আদিম প্রাণের
যে-বাণী প্রাচীনতম
তাই উচ্চারিত রাত্রিদিন
উচ্চুসিত পল্লবে পল্লবে।
সকল পথের আরম্ভেতে
সকল পথের শেষে

পুরাতন যে নিঃশন্দ মহাশান্তি ন্তন্ধ হয়ে আছে, নিরাসক্ত নির্বিচল সেই শান্তি-সাধনার মন্ত্র প্রবা প্রতিক্ষণে দিয়েছে আমার কানে-কানে

>७ स्नाई ३३७२

বোবার বাণী

আমার ঘরের সম্ব্রেই পাকে পাকে জড়িয়ে শিম্লগাছে উঠেছে মালতীলতা। আষাঢ়ের রসম্পর্শ লেগেছে অস্তরে তার। সবুজ তরকগুলি হয়েছে উচ্ছল श्रह्मदित्र ठिक्क शिरह्मात्न। বাদলের ফাঁকে ফাঁকে মেঘচ্যুত রৌদ্র এসে হোঁয়ায় সোনার-কাঠি অবে তার, यक्कांग्र कैंगिन लोर्ग, শিকড়ে শিকড়ে বাব্দে আগমনী। যেন কত-কী-যে কথা নীরবে উৎস্ক হয়ে থাকে শাখাপ্রশাখায়। এই মৌনম্খরতা সারারাত্তি অন্ধকারে ফুলের বাণীতে হয় উচ্ছুসিভ, ভোরের বাতাদে উড়ে পড়ে।

আমি একা বসে বসে ভাবি সকালের কচি আলো দিয়ে রাঙা ভাঙা ভাঙা মেঘের সমুখে; বৃষ্টিধোওয়া মধ্যাহ্নের
গোরুচরা মাঠের উপরে আঁথি রেখে;
নিবিড় বর্ষণে আর্ত
ভাবণের আর্ত্র অন্ধকার রাতে;
নানা কথা ভিড় করে আসে
গহন মনের পথে,
বিবিধ ভঙ্গীতে আসাযাওয়া,—
অন্তরে আমার যেন
ছুটির দিনের কোলাহলে
কথাগুলো মেতেছে খেলায়।

তব্ও যখন তুমি আমার আঙিনা দিয়ে ষাও
ভেকে আনি, কথা পাই নে তো।
কখনো যদি বা ভূলে কাছে আদ
বোবা হয়ে থাকি।
অবারিত দহজ আলাপে
সহজ হাসিতে
হল না তোমার অভ্যর্থনা।
অবশেষে ব্যর্থতার লজ্জায় হৃদয় ভরে দিয়ে
তুমি চলে যাও,
তখন নির্জন অন্ধকারে
ফুটে ওঠে ছন্দে-গাঁথা স্থরে-ভরা বাণী—
পথে তারা উড়ে পড়ে,
যার খুশি দাজি ভরে নিয়ে চলে যায়।

আঘাত

সোঁদালের ডালের ডগায় মাঝে মাঝে পোকাধরা পাতাগুলি কুঁকড়ে গিয়েছে; বিলিতি নিমের বাকলে লেগেছে উই; ক্রচির গুঁড়িটাতে পড়েছে ছুরির ক্ষত, কে নিয়েছে ছাল কেটে; চারা অশোকের নিচেকার হয়েকটা ডালে শুকিয়ে পাতার আগা কালো হয়ে গেছে। কত কত, কত ছোটো মলিন লাঞ্চনা, তারি মাঝে অরণ্যের অক্ষু মর্যাদা श्रांभल मन्नदम তুলেছে আকাশ-পানে পরিপূর্ণ পূজার অঞ্চলি কদর্যের কদাঘাতে मित्र योग को नियांत्र भनीत्वथा, সে-সকলি অধংসাৎ ক'রে শান্ত প্রদন্নতা ধরণীরে ধতা করে পূর্ণের প্রকাশে। कृषिस्त्रद्ध कृत स्म त्य, ফলিয়েছে ফলভার, বিছিয়েছে ছায়া-আন্তরণ, পাথিরে দিয়েছে বাসা, त्योगाहित्त क्षित्रह मधु, वां जिएग्रह भन्नवपर्यत्र। পেয়েছে সে প্রভাতের পুণ্য আলো, প্রাবণের অভিষেক, বসম্ভের বাতাসের আনন্দমিতালি,—

পেয়েছে সে ধরণীর প্রাণরস,
হুগভীর হৃবিপুল আয়ু,
পেয়েছে সে আকাশের নিত্য আশীর্বাদ।
পেয়েছে সে কীটের দংশন।

३३ खूनाई ३३७२

माञ

বিজ্ঞপবাণ উন্ধন্ত করি

এসেছিল সংসার,

নাগাল পেল না তার।
আপনার মাঝে আছে সে অনেক দূরে।
শাস্ত মনের স্তব্ধ গহনে

ধ্যানের বীণার স্থ্রের

রেখেছে তাহারে ঘিরি।

হৃদয়ে তাহার উচ্চ উদয়গিরি।

সেথা অস্তরলোকে

সিদ্ধুপারের প্রভাত-আলোক
জলিছে তাহার চোখে।
সে আলোকে এই বিশ্বের রূপ
অপরূপ হয়ে জাগে।
তার দৃষ্টির আগে
বিরূপ বিকল থণ্ডিত যত-কিছু
বিদ্রোহ ছেড়ে বিরাটের পায়ে
করে এদে মাথা নিচু।

সিশ্বতীরের শৈলতটের 'পরে হিংসাম্থর তরঙ্গদল যতই আঘাত করে,

রবীন্দ্র-রচনাবলী

কঠোর বিরোধ রচি তুলে তত অতলের মহালীলা, ফেনিল নৃত্যে দামামা বাজ্ঞায় শিলা হে শাস্ত, তুমি অশান্তিরেই মহিমা করিছ দান, গর্জন এদে তোমার মাঝারে হল ভৈরব গান। তোমার চোথের গভীর আলোকে অপমান হল গত সন্ধ্যামেঘের তিমিররদ্ধের দীপ্ত রবির মতো।

३८ टेह्न ३७७४

জলপাত্র

প্রভু, তুমি পুজনীয়। আমার কী জাত,
জান তাহা হে জীবননাথ।
তবুও সবার দ্বার ঠেলে
কেন এলে
কোন ছথে
আমার সম্মুখে।
ভরা দট লয়ে কাঁখে
মাঠের পথের বাঁকে বাঁকে
তীত্র দ্বিপ্রহরে
আসিতেছিলাম খেয়ে আপনার দরে।
চাহিলে তৃষ্ণার বারি,
আমি হীন নারী

তোমারে করিব হেয়, সে কি মোর শ্রেয়। ঘটখানি নামাইয়া চরণে প্রণাম ক'রে किश्लाम, "ज्ञानी कितिया ना त्यांद्र।" छनिया जायात मृत्य जूनितन नयन विश्वक्यी, शंनियां कहिल, "दर मृत्रयी, পুণ্য ষথা মৃত্তিকার এই বস্থন্ধরা খামল কাস্তিতে ভরা, সেইমতো তুমি লক্ষীর আসন, তাঁর কমলচরণ আছ চুমি। স্থলরের কোনো জাত নাই, मुक (म ममारे। তাহারে অরুণরাঙা উষা পরায় আপন ভূষা; তারাময়ী রাতি দেয় তার বরমাল্য গাঁথি। মোর কথা শোনো, শতদল পক্ষজের জাতি নেই কোনো। যার মাঝে প্রকাশিল স্বর্গের নির্মল অভিক্রচি সেও কি অশুচি। বিধাতা প্রসন্ন যেথা আপনার হাতের স্পষ্টতে নিত্য তার অভিষেক নিখিলের আশিসরৃষ্টিতে।" জলভরা মেঘস্বরে এই কথা ব'লে তুমি গেলে চলে।

তার পর হতে এ ভঙ্গুর পাত্রথানি প্রতিদিন উষার আলোতে নানা বর্ণে আঁকি, নানা চিত্ররেখা দিয়ে মাটি তার ঢাকি। হে মহান, নেমে এসে তুমি যারে করেছ গ্রহণ, সৌন্দর্যের অর্য্য তার তোমা-পানে করুক বহন।

२८ ब्लाहे ३३७२

আত্ত

বটের জ্বটায় বাঁধা ছায়াতলে গোধৃলিবেলায় বাগানের জীর্ণ পাঁচিলেতে मामकारला मामछरला দেখা দিত ভয়ংকর মৃতি ধরে ওইথানে দৈতাপুরী, অদৃশ্য কুঠরি থেকে তার মনে-মনে শোনা যেত হাউমাউথাউ। লাঠি হাতে কুঁজোপিঠ থিলিথিলি হাসত ডাইনিব্ড়ী। कानीवां मान পয়ারে যা লিখেছিল হিড়িমার কথা ইট-বের-করা সেই পাঁচিলের 'পরে ছিল তারি প্রত্যক্ষ কাহিনী। ভারি সঙ্গে সেইথানে নাককাটা স্পূর্ণথা कारमा कारमा मारग করেছিল কুটুম্বিতা।

সতেরো বৎদর পরে
পিয়েছি দে দাবেক বাড়িতে।
দাপ বেড়ে গেছে,
মৃগ্ধ নতুনের তুলি পুরোনোকে দিয়েছে প্রশ্রয়।

ইটগুলো মাঝে-মাঝে খদে গিয়ে
পড়ে আছে রাশকরা।
গায়ে গায়ে লেগেছে অনস্তম্ল,
কালমেঘ লতা,
বিছুটির ঝাড়;
ভাঁটিগাছে হয়েছে জকল।
পুরোনো বটের পাশে
উঠেছে ভেরেগুগাছ মন্তবড়ো হয়ে।
বাইরেতে স্প্রিখা-হিড়িশ্বার চিহ্নগুলো আছে,
মনে তারা কোনোখানে নেই।

স্টেশনে গেলেম ফিরে একবার খুব হেসে নিয়ে। জীবনের ভিত্তিটার গায়ে পড়েছে বিস্তর কালো দাগ মৃঢ় অতীতের মদীলেখা; ্ভাঙা গাঁথুনিতে ভীক কল্পনার যত জটিল কুটিল চিহ্পগুলো। মাঝে-মাঝে (यमिन विक्नादन) বাদলের ছায়া নামে সারি সারি তালগাছে দিঘির পাড়িতে, দূরের আকাশে ব্দিশ্ব হুগন্তীর মেঘের গর্জন ওঠে গুরুগুরু, ঝি ঝি ডাকে বুনো খেজুরের ঝোপে, তথন দেশের দিকে চেয়ে বাঁকাচোরা আলোহীন পথে ভেঙেপড়া দেউলের মূর্তি দেখি; मीर्न ছारम, जात खीर्न जिरड

নামহীন অবসাদ,—
অনিদিষ্ট শকাগুলো নিদ্রাহীন পেঁচা,
নৈরাশ্যের অলীক অত্যুক্তি ষত,
ত্র্বলের স্বরচিত শক্রর চেহারা।
ধিক্ রে ডাঙনলাগা মন,
চিস্তায় চিস্তায় তোর কত মিথ্যা আঁচড় কেটেছে
ত্ইগ্রহ সেজে ভয়
কালোচিহ্নে মুখভন্দী করে।
কাঁটা-আগাছার মতো
অমন্সল নাম নিয়ে
আতক্ষের জন্মল উঠেছে।
চারিদিকে সারি সারি জীর্ণ ভিতে
ভেঙেপড়া অতীতের বিরূপ বিরুতি
কাপুরুষে করিছে বিদ্রপ।

२७ ब्रुमारे ३३७२

আলেখ্য

তোরে আমি রচিয়াছি রেথায় রেখায়
লেখনীর নটনলেখায়।
নির্বাকের গুহা হতে আনিয়াছি
নিথিলের কাছাকাছি,
যে-সংসারে হতেছে বিচার
নিন্দাপ্রশংসার।
এই আম্পর্ধার তরে
আছে কি নালিশ তোর রচিয়িতা আমার উপরে।
অব্যক্ত আছিলি ধবে
বিশের বিচিত্ররূপ চলেছিল নানা কলরবে

नीनो इत्न निरंग रुष्कान श्रेनास्य । অপেক্ষা করিয়া ছিলি শৃত্যে শৃত্যে, কবে কোন্ গুণী নিঃশব্দ জব্দন তোর শুনি' সীমায় বাঁধিবে তোরে সাদায় কালোয় चाँधादत जात्नाम। পথে আমি চলেছিম। তোর আবেদন করিল ভেদন নান্তিত্বের মহা-অন্তরাল, পরশিল মোর ভাল চুপে-চুপে অর্ধস্ট স্বপ্নমৃতিরূপে। অমৃত সাগরতীরে রেখার আলেখ্যলোকে আনিয়াছি তোকে। ব্যথা কি কোথাও বাজে মৃতির মর্যের মাঝে। স্বমার অন্যথায় ছন্দ কি লজ্জিত হল অন্তিত্বের সত্য মর্যাদায়। যদিও তাই-বা হয় ় নাই ভয়, প্রকাশের ভ্রম কোনো চিরদিন রবে না কখনো। রূপের মরণক্রটি আপনিই যাবে টুটি আপনারি ভারে,

আরবার মৃক্ত হবি দেহহীন অব্যক্তের পারে।

२८ खूनाई ३३७२

সাস্ত্ৰা

সকালের আলো এই বাদলবাতাদে

মেঘে রুদ্ধ হয়ে আদে
ভাঙা কঠে কথার মতন।

মোর মন
এ অফুট প্রভাতের মতো
কী কথা বলিতে চায়, থাকে বাক্যহত।

মাহ্নদের জীবনের মজ্জায়

যে-তুঃথ নিহিত আছে অপমানে শন্ধায় লজ্জায়,
কোনো কালে যার অস্ত নাই,
আজি তাই

নির্যাতন করে মোরে। আপনার তুর্গমের মাঝে
সাস্থনার চির-উৎস কোথায় বিরাজে,
যে-উৎসের গৃঢ় ধারা বিশ্বচিত্ত-অন্তঃস্তরে
উন্মুক্ত পথের তরে
নিত্য ফিরে যুঝে,
আমি তারে মরি খুঁজে।
আপন বাণীতে
কী পুণ্যে বা পারিব আনিতে
সেই স্থান্তীর শাস্তি, নৈরাশ্যের তীত্র বেদনারে

স্থন্ধ ষা করিতে পারে। হায় রে ব্যথিত, নিথিল-আত্মার কেন্দ্রে বাজে অকথিত আরোগ্যের মহামন্ত্র, যার গুণে

স্থানের হোমের আগুনে
নিজেরে আহতি দিয়া নিত্য সে নবীন হয়ে উঠে,—প্রাণেরে ভরিয়া তুলে নিত্যই মৃত্যুর করপুটে।
সেই মন্ত্র শাস্ত মৌনতলে
শুনা ধায় আগুহারা তপস্থার বলে।

মাঝে-মাঝে পরম বৈরাগী সে-মন্ত্ৰ চেয়েছে দিতে সৰ্বজন লাগি। কে পারে তা করিতে বহন, মুক্ত হয়ে কে পারে তা করিতে গ্রহণ। গতিহীন আর্ত অক্ষমের তরে কোন করণার স্বর্গে মন মোর দয়া ভিক্ষা করে উর্ধেব বাহু তুলি। क वन्न त्रायह कोथा, मां भां भां भूनि পাষাণকারার দ্বার---যেথায় পুঞ্জিত হল নিষ্ঠ্রের অত্যাচার, বঞ্চনা লোভীর, যেথায় গভীর মর্মে উঠে বিষাইয়া সত্যের বিকার। আমিত্ববিমৃগ্ধ মন যে তুর্বহ ভার আপনার আদক্তিতে জমায়েছে আপনার 'পরে, নির্মম বর্জনশক্তি দাও তার অন্তরে অন্তরে। আমার বাণীতে দাও সেই স্থা

যাহাতে মিটিতে পারে আত্মার গভীরতম ক্ষা।

হেনকালে সহসা আসিল কানে
কোন্ দ্র তরুশাথে প্রান্তিহীন গানে
অদৃশ্য কে পাথি
বারবার উঠিতেছে ডাকি।
কহিলাম তারে, 'ওগো, ভোমার কঠেতে আছে আলো,
অবসাদ-আঁধার ঘূচাল।
তোমার সহজ এই প্রাণের প্রোল্লাস
সহজেই পেতেছে প্রকাশ।
আদিম আনন্দ যাহা এ বিশ্বের মাঝে,
যে-আনন্দ অস্তিমে বিরাজে,

त्रवीत्म-त्रहमावनी

যে পরম আনন্দলহরী

যত হংথ যত স্থথ নিয়েছে আপনা-মাঝে হরি,

আমারে দেখালে পথ তুমি তারি পানে

এই তব অকারণ গানে।

२१ जूनाई १२७२



তোমায় আমায় মিল হয়েছে কোন্ যুগে এইখানে। ভাষায় ভাষায় গাঁঠ পড়েছে, প্রাণের দক্ষে প্রাণে। ডাক পাঠালে আকাশপথে কোন্ সে পুবেন বায়ে দ্র সাগরের উপকূলে নারিকেলের ছায়ে। ়গঙ্গাতীরের মন্দিরেতে সেদিন শঙ্খ বাজে, তোমার বাণী এপার হতে মিলল তারি মাঝে। বিষ্ণু আমায় কইল কানে, বললে দশভুজা, "অজানা ওই সিক্কৃতীরে নেব আমার পুজা।" মন্দাকিনীর কলধারা সেদিন ছলোছলো পুব সাগরে হাত বাড়িয়ে বললে, "চলো, চলো।" রামায়ণের কবি আমায় কইল আকাশ হতে, "আমার বাণী পার করে দাও দ্র সাগরের স্রোতে।" তোমার ডাকে উতল হল বেদব্যাদের ভাষা— বললে, "আমি ওই পারেতে বাঁধব নৃতন বাসা।" আমার দেশের হৃদয় সেদিন কইল আমার কানে, "আমায় বয়ে যাও গো লয়ে স্থদ্র দেশের পানে।"

সেদিন প্রাতে স্থনীল জলে ভাদল আমার তরী,—
শুল্র পালে গর্ব জাগায় শুল্ত হাওয়ায় ভরি।
তোমার ঘাটে লাগল এসে, জাগল সেথায় দাড়া,
কূলে কূলে কাননলন্দ্রী দিল আঁচল নাড়া।
প্রথম দেখা আবছায়াতে আঁধার তথন ধরা,
সেদিন সন্ধ্যা সপ্তশ্বধির আশীর্বাদে ভরা।
প্রাতে মোদের মিলনপথে উষা ছড়ায় সোনা,
সে-পথ বেয়ে লাগল দোঁহার প্রাণের আনাগোনা।

ত্ইজনেতে বাঁধমু বাসা পাথর দিয়ে গেঁথে, ত্ইজনেতে বসমু সেথায় একটি আসন পেতে।

বিরহরাত ঘনিয়ে এল কোন্ বরষের থেকে,
কালের রথের ধুলা উড়ে দিল আসন ঢেকে।
বিশারণের ভাঁটা বেয়ে কবে এলেম ফিরে
কান্তহাতে রিক্তমনে একা আপন তীরে।
বঙ্গসাগর বহুবরষ বলে নি মোর কানে
সে যে কভু সেই মিলনের গোপন কথা জানে।
জাহুবীও আমার কাছে গাইল না সেই গান
স্থদ্র পারের কোথায় যে তার আছে নাড়ীর টান।

এবার আবার ভাক শুনেছি, হৃদয় আমার নাচে,
হাজার বছর পার হয়ে আজ আদি তোমার কাছে
ম্থের পানে চেয়ে তোমার আবার পড়ে মনে
আরেক দিনের প্রথম দেখা তোমার শামল বনে।
হয়েছিল রাথিবাঁধন সেদিন শুভ প্রাতে,
সেই রাথি যে আজা দেখি তোমার দখিন হাতে।
এই সে-পথে হয়েছিল মোদের যাওয়া-আসা
আজো সেধায় ছড়িয়ে আছে আমার ছির ভাষা।
সে চিহ্ন আজ বেয়ে বেয়ে এলেম শুভক্ষণে
সেই সেদিনের প্রদীপজ্ঞালা প্রাণের নিকেতনে।
আমি তোমায় চিনেছি আজ, তুমি আমায় চেনো,
নৃতনপাওয়া পুরানোকে আপন ব'লে জেনো।

৪ ভাক্স ১৩৩৪ [বাটাভিয়া] ঘবদীপ

বোরোবুত্রর

শেদিন প্রভাতে স্থ এইমতো উঠেছে অম্বরে অরণ্যের বন্দনমর্মরে; নীলিম বাষ্পের স্পর্শ লভি' শৈলপ্রেণী দেখা দেয় যেন ধরণীর স্বপ্লছবি।

নারিকেল-বনপ্রান্তে নরপতি বসিল একাকী
ধ্যানমগ্ন-আঁথি।
উচ্চে উচ্ছু সিল প্রাণ অন্তহীন আকাজ্ঞাতে,
কী সাহসে চাহিল পাঠাতে
আপন পুজার মন্ত্র যুগযুগান্তরে।
অপরপ অমৃত অক্ষরে
লিখিল বিচিত্র লেখা; সাধকের ভক্তির পিপাসা
রচিল আপন মহাভাষা—
সর্বকাল সর্বজন
আনন্দে পড়িতে পারে যে-ভাষার লিপির লিখন।

সে-লিপি ধরিল দ্বীপ আপন বন্দের মাঝখানে,
সে লিপি তুলিল গিরি আকাশের পানে
সে-লিপির বাণী সনাতন
করেছে গ্রহণ
প্রথম-উদিত স্থ শতাকীর প্রত্যহ প্রভাতে।
অদ্রে নদীর কিনারাতে
আলবাঁধা মাঠে
কত যুগ ধরে চাষী ধান বোনে আর ধান কাটে;
আধারে আলোয়
প্রত্যহের প্রাণলীলা সাদায় কালোয়
ছায়ানাট্যে ক্লণিকের নৃত্যচ্ছবি ষায় লিখে লিখে,
লুপ্ত হয় নিমিখে নিমিখে।

কালের সে-লুকাচুরি, তারি মাঝে সংকল্প সে কার
প্রতিদিন করে মন্ত্রোচ্চার,
বলে অবিশ্রাম,—
'বৃদ্ধের শরণ লইলাম।'
প্রাণ যার ছদিনের, নাম যার মিলাল নিংশেষে
সংখ্যাতীত বিশ্বতের দেশে,
পাষাণের ছন্দে ছন্দে বাঁধিয়া গেছে সে
আপনার অক্ষয় প্রণাম,—
'বৃদ্ধের শরণ লইলাম।'

কত যাত্রী কতকাল ধরে
নম্রশিরে দাঁড়ায়েছে হেথা করজোড়ে।
পূজার গন্তীর ভাষা খুঁ জিতে এদেছে কত দিন,
তাদের আপনকণ্ঠ ক্ষীণ।
ইন্দিতপুঞ্জিত তুক্ব পাষাণের সংগীতের তানে
আকাশের পানে
উঠেছে তাদের নাম,
জেগেছে অনস্ত ধ্বনি,—'বুদ্ধের শরণ লইলাম।'

অর্থ আজ হারায়েছে সে-যুগের লিথা,
নেমেছে বিশ্বতিকুহেলিকা।
অর্য্যশৃশ্ব কৌতুহলে দেখে যায় দলে দলে আসি
ভ্রমণবিলাসী,—
বোধশৃশ্ব দৃষ্টি তার নিরর্থক দৃশ্ব চলে গ্রাসি।
চিত্ত আজি শান্তিহীন লোভের বিকারে,
হৃদয় নীরস অহংকারে।
কিপ্রগতি বাসনার তাড়নায় তৃপ্তিহীন ত্বরা,
কম্পমান ধরা;
বেগ শুধু বেড়ে চলে উর্ধেশাসে মৃগয়া-উদ্দেশে,
লক্ষ্য ছোটে পথে পথে, কোথাও পৌছে না পরিশেষে;

অন্তহারা সঞ্চয়ের আহতি মাগিয়া
সর্বগ্রাসী ক্ষানল উঠেছে জাগিয়া;
তাই আদিয়াছে দিন,
পীড়িত মাহ্মম মুক্তিহীন,
আবার তাহারে
আদিতে হবে যে তীর্থমারে
অদিতে হবে যে তীর্থমারে
পাষাণের মৌনতটে যে-বাণী রয়েছে চিরম্থির—
কোলাহল ভেদ করি শত শতান্দীর
আকাশে উঠিছে অবিরাম
অমেয় প্রেমের মন্ত্র,—'বুদ্ধের শরণ লইলাম।'

২৩ সেপ্টেম্বর ১৯২৭ বোরোবুছর [যবদ্বীপ]

দিয়াম

প্রথম দর্শনে

ত্রিশরণ মহামন্ত্র যবে
বজ্ঞমন্ত্রববে
আকাশে ধানিতেছিল পশ্চিমে পুরবে,
মরুপারে, শৈলতটে, সমুদ্রের কুলে উপকুলে,
দেশে দেশে চিন্তদার দিল যবে খুলে
আনন্দম্থর উদ্বোধন,—
উদ্দাম ভাবের ভার ধরিতে নারিল যবে মন,
বেগ তার ব্যাপ্ত হল চারিভিতে,
হংসাধ্য কীর্তিতে, কর্মে, চিত্রপটে মন্দিরে মূর্তিতে,
আত্মদানসাধনক্ষ্তিতে
উচ্চুদিত উদার উক্তিতে,—
স্বার্থঘন দীনতার বন্ধনম্কিতে,—

সে-মন্ত্র অমৃতবাণী হে সিয়াম, তব কানে
কবে এল কেহ নাহি জ্ঞানে
অভাবিত অলক্ষিত আপনাবিশ্বত শুভক্ষণে
দ্রাগত পান্থসমীরণে।

নে-মন্ত্র তোমার প্রাণে লভি প্রাণ বহুশাথাপ্রসারিত কল্যাণে করেছে ছায়াদান। সে-মন্ত্রভারতী দিল অশ্বলিত গতি কত শত শতাব্দীর সংসার্যাত্রারে---শুভ আকর্ষণে বাঁধি তারে এক ধ্ৰুব কেন্দ্ৰ-সাথে চরম মৃক্তির সাধনাতে;— সর্বজনগণে তব এক করি একাগ্র ভক্তিতে, এক ধর্ম, এক সজ্ব, এক মহাগুরুর শক্তিতে সে-বাণীর স্ষ্টিক্রিয়া নাহি জানে শেষ, নব্যুগ-যাত্রাপথে দিবে নিত্য নৃতন উদ্দেশ; সে-বাণীর ধ্যান দীপামান করি দিবে নব নব জ্ঞান দীপ্তির ছটায় আপনার, এক স্থতে গাঁথি দিবে তোমার মানসরত্বহার। श्रमस्य श्रमस्य भिन कति বহু যুগ ধরি রচিয়া তুলেছ তুমি স্থমহৎ জীবনমন্দির,-পদ্মাসন আছে স্থির, ভগবান বুদ্ধ সেথা সমাসীন চিরদিন--মৌন ধার শান্তি অন্তহারা, বাণী বাঁর সকরণ সাজনার ধারা।

আমি সেথা হতে এয় যেথা ভগ্নস্থপে
বুদ্ধের বচন রুদ্ধ দীর্ণকীর্ণ মুক শিলারূপে,—
ছিল যেথা সমাচ্ছন্ন করি
বন্ধ যুগ ধরি

বিশ্বতিকুয়াশা ভক্তির বিজয়স্তম্ভে সম্ৎকীর্ণ অর্চনার ভাষা। সে-অর্চনা সেই বাণী আপন সজীব মৃতিধানি

রাখিয়াছে ধ্রুব করি শ্রামল সরস বক্ষে তব,— আজি আমি তারে দেখি লব,— ভারতের যে-মহিমা

ত্যাগ করি আসিয়াছে আপন অঙ্গনসীমা অর্ঘ্য দিব তারে

ভারত-বাহিরে তব দ্বারে।

স্নিগ্ধ করি প্রাণ তীর্থজনে করি যাব স্নান

তোমার জীবনধারাস্তোতে,

যে-নদী এসেছে বহি ভারতের পুণ্যযুগ হতে— যে-যুগের গিরিশৃঙ্গ-'পর একদা উদিয়াছিল প্রেমের মঙ্গলদিনকর।

11 October 1927
Phya Thai Palace Hotel
[Bangkok]

সিয়াম

বিদায়কালে

কোন্ দে স্থার মৈত্রী আপন প্রচ্ছন্ন অভিজ্ঞানে আমার গোপন ধ্যানে চিহ্নিত করেছে তব নাম, হে সিয়াম, বহু পূর্বে যুগান্তরে মিলনের দিনে। মুহুর্তে লয়েছি তাই চিনে ভোমারে আপন বলি, তাই আজ ভরিয়াছি ক্ষণিকের পথিক-অঞ্জলি পুরাতন প্রণয়ের স্মরণের দানে, সপ্তাহ হয়েছে পূর্ণ শতাব্দীর শব্দহীন গানে। চিরস্তন আত্মীয়জনারে प्रिशां हि वादत वादत তোমার ভাষায়, তোমার ভক্তিতে, তব মৃক্তির আশায়, স্থন্দরের তপস্থাতে যে-অর্ঘ্য রচিলে তব স্থনিপুণ হাতে তাহারি শোভন রূপে— পুজার প্রদীপে তব, প্রজ্ঞলিত ধৃপে।

আজি বিদায়ের ক্ষণে
চাহিলাম স্নিশ্ধ তব উদার নয়নে,
দাঁড়াহ ক্ষণিক তব অঙ্গনের তলে,
পরাইন্থ গলে
বরমাল্য পুর্ণ অন্থ্রাগে—
অশ্লান কুন্থম যার ফুটেছিল বহুযুগ আগে।

৩০ আদ্বিন ১৩৩৪ ইণ্টর্ফাশনাল রেলোয়ে [সিরাম]

বুদ্ধদেবের প্রতি

সারনাথে ম্লাকক্টি বিহার প্রতিষ্ঠা-উপলক্ষে রচিত

ওই নামে একদিন ধন্ত হল দেশে দেশান্তরে
তব জন্মভূমি।

শেই নাম আরবার এ দেশের নগরে প্রান্তরে
দান করো তুমি।

বোধিজ্ঞমতলে তব দেদিনের মহাজাগরণ
আবার দার্থক হ'ক, মৃক্ত হ'ক মোহ-আবরণ,

বিশ্বতির রাত্রিশেষে এ ভারতে তোমারে শ্বরণ
নবপ্রাতে উঠুক কুস্থমি।

চিত্ত হেথা মৃতপ্রায়, অমিতাভ, তৃমি অমিতায়ু,
আয়ু করো দান।
তোমার বোধনমন্ত্রে হেথাকার তন্দ্রালস বায়ু
হ'ক প্রাণবান।
খূলে যাক রুদ্ধদ্বার, চৌদিকে ঘোষুক শঙ্খধ্বনি
ভারত অঙ্গনতলে আজি তব নব আগমনী,
অমেয় প্রেমের বার্তা শতকণ্ঠে উঠুক নিঃস্বনি—
এনে দিক অজেয় আহ্বান।

24, 10. 81. Darjeeling

পারস্থে জন্মদিনে

ইরান, তোমার যত ব্লব্ল তোমার কাননে যত আছে ফুল বিদেশী কবির জন্মদিনেরে মানি শুনাল তাহারে অভিনন্দনবাণী। ইরান, তোমার বীর সন্তান, প্রণয়-অর্ঘ্য করিয়াছে দান আজি এ বিদেশী কবির জন্মদিনে, আপনার বলি নিয়েছে ভাহারে চিনে।

ইরান, তোমার সম্মানমালে
নব গৌরব বহি নিজ ভালে
সার্থক হল কবির জন্মদিন।
চিরকাল তারি স্বীকার করিয়া ঋণ
তোমার ললাটে পরাস্থ এ মোর শ্লোক,—
ইরানের জন্ম হ'ক।

২০ বৈশাথ ১৩৩৯ [ভেছেয়ান]

ধর্মবাহ

ধর্মের বেশে মোহ যারে এসে ধরে

আদ্ধানে-জন মারে আর শুধু মরে।

নাস্থিক দেও পায় বিধাতার বর,

ধার্মিকতার করে না আড়ম্বর।

শ্রাদ্ধা করিয়া জালে বৃদ্ধির আলো,

শাস্ত্রে মানে না, মানে মান্থ্রের ভালো।

বিধর্ম বলি মারে পরধর্মেরে,
নিজ ধর্মের অপমান করি ফেরে,
পিতার নামেতে হানে তাঁর সন্তানে,
আচার লইয়া বিচার নাহিক জানে,
পুজাগৃহে তোলে রক্তমাধানো ধ্বজা,—
দেবতার নামে এ যে শরতান ভজা।

অনেক যুগের লজ্জা ও লাহ্মনা, বর্বরতার বিকারবিড়ম্বনা,

ধর্মের মাঝে আশ্রয় দিল যার।
আবর্জনায় রচে তারা নিজ কারা।
প্রলয়ের ওই শুনি শৃক্ধবনি,
মহাকাল আদে লয়ে সমার্জনী।

যে দেবে মৃক্তি তারে খুঁটিরপে গাড়া, যে মিলাবে তারে করিল ভেদের খাড়া, যে আনিবে প্রেম অমৃত-উৎস হতে তারি নামে ধরা ভাসায় বিষের স্রোতে, তরী ফুটা করি পার হতে গিয়ে ডোবে,— তবু এরা কারে অপবাদ দেয় ক্ষোভে।

হে ধর্যবাজ, ধর্যবিকার নাশি
ধর্মমূচজনেরে বাঁচাও আসি।

যে-পূজার বেদি রক্তে গিয়েছে ভেদে
ভাঙো ভাঙো, আজি ভাঙো তারে নিঃশেষে,—
ধর্মকারার প্রাচীরে বজ্র হানো,
এ অভাগা দেশে জ্ঞানের আলোক আনো।

৬১ বৈশাখ ১৬৩৬ ব্রেলপথ

সংযোজন

প্রাচী

জাগো হে প্রাচীন প্রাচী!

ঢেকেছে তোমারে নিবিড় তিমির

যুগযুগব্যাপী অমারজনীর;

মিলেছে তোমার স্থপ্তির তীর

লৃপ্তির কাছাকাছি।

জাগো হে প্রাচীন প্রাচী!

জীবনের যত বিচিত্র গান বিল্লিমন্ত্রে হল অবসান ; কবে আলোকের শুভ আহ্বান নাড়ীতে উঠিবে নাচি। জাগো হে প্রাচীন প্রাচী!

সঁপিবে তোমারে নবীন বাণী কে।
নবপ্রভাতের পরশমানিকে
সোনা করি দিবে ভ্বনখানিকে,
তারি লাগি বসি' আছি।
জাগো হে প্রাচীন প্রাচী!

জরার জড়িমা-আবরণ টুটে
নবীন রবির জ্যোতির মৃকুটে
নব রূপ তব উঠুক-না ফুটে,
করপুটে এই যাচি।
জাগো হে প্রাচীন প্রাচী!

'থোলো খোলো দ্বার, ঘুচুক আঁধার', নবযুগ আসি ডাকে বারবার— ড়ঃখ-আঘাতে দীপ্তি তোমার সহসা উঠুক বাঁচি। জাগো হে প্রাচীন প্রাচী!

ভৈরবরাগে উঠিয়াছে তান,
ঈশানের বৃঝি বাজিল বিষাণ,
নবীনের হাতে লহো তব দান
জালাময় মালাগাছি
জাগো হে প্রাচীন প্রাচী

[জৈয়ন্ত ? ১৩০০ শিলভ]

সংযোজन

আশীর্বাদ

শ্ৰীমতী লীলা দেবী কল্যাণীয়াত্ৰ

বিশ্ব-পানে বাহির হবে আপন কারা টুটি— এই সাধনায় কুঁড়ি ওঠে क्छम रुख कृषि। বীজ আপনার বাঁধন ছি ড়ে ফলেরে দেয় সাড়া। স্র্বতারা আধার চিরে জ্যোতিরে দেয় ছাড়া। এই সাধনায় যোগযুক্ত সাধু তাপসবর মৃত্যু হতে করেন মৃক্ত অমৃতনির্বার। এই সাধনায় বিশ্বকবির আনন্দবীন বাজে,— আপ্নারে দেয় উৎস্বাবিয়া আপন স্ষ্টি-মাঝে। সেই ফল পাও প্রেমের যোগে পুণ্য মিলনত্রতে; আপ্নারে দাও ছুটি তুমি আপন বন্ধ হতে। আত্মভোলা তুইটি প্রাণে মিলবে একাকার, সেই মিলনে বিকাশ হবে নৃতন সংসার।

আশীর্বাদ

শ্ৰীমতী কল্পনা দেবীয় প্ৰতি

স্থানর ভক্তির ফুল অলক্যে নিভৃত তব মনে যদি ফুটে থাকে মোর কাব্যের দক্ষিণ সমীরণে, হে শোভনে, আজি এই নির্মল কোমল গন্ধ তার দিয়েছ দক্ষিণা মোরে, কবির গভীর পুরস্কার।

লহো আশীর্বাদ বংসে, আপন গোপন অস্তঃপুরে ছন্দের নন্দনবন স্বাষ্ট করো স্থধাস্মিগ্ধ স্থরে,— বঙ্গের নন্দিনী তুমি, প্রিয়জনে করো আনন্দিত, প্রেমের অমৃত তব ঢেলে দিক গানের অমৃত।

২২ ভাক্ত ১৬৬০ শাস্তিনিকেতন

लकानुग

রথীরে কহিল গৃহী উৎকণ্ঠায় উধ্বন্ধরে ডাকি,—
"থামো থামো, কোথা তুমি কস্তবেগে রথ যাও হাঁকি,
সন্মুথে আমার গৃহ।" রথী কহে, "ওই মোর পথ,
ঘূরে গেলে দেরি হবে, বাধা ভেঙে সিধা যাবে রথ।"
গৃহী কহে, "নিদাকণ ত্বা দেখে মোর ডর লাগে,
কোথা যেতে হবে বলো।" রথী কহে, "যেতে হবে আগে।"
"কোন্থানে" শুধাইল। রথী বলে, "কোনোখানে নহে,—
শুধু আগে।" "কোন্ তীর্থে, কোন্ সে মন্দিরে" গৃহী কহে।
"কোথাও না, শুধু আগে।" "কোন্ বন্ধু-সাথে হবে দেখা।"
"কারো সাথে নহে, যাব সব-আগে আমি মাত্র একা।"
ঘর্ষরিত রথবেগে গৃহভিত্তি করি দিল গ্রাস;
হাহাকারে, অভিশাপে, ধূলিজালে ক্ষ্ভিল বাতাস

সংযোজন

সন্ধ্যার আকাশে। আঁধারের দীপ্ত সিংহন্বার-বাগে রক্তবর্ণ অন্তপথে ছোটে রথ লক্ষ্যশৃত্য আগে।

ণ কেব্ৰুদ্মারি ১৯২¢ ক্রাকোভিয়া জাহান্ত

প্রবাদী

পরবাসী চলে এসো ঘরে
অমুকুল সমীরণভরে।
বারে বারে শুভদিন
ফিরে গেল অর্থহীন,
চেয়ে আছে সবে তোমা-তরে,
ফিরে এসো ঘরে।

আকাশে আকাশে আয়োজন, বাতাদে বাতাদে আমন্ত্রণ। বন ভরা ফুলে ফুলে, এদো এদো, লহো তুলে, উঠে ডাক মর্মরে মর্মরে।

ফসলে ঢাকিয়া যায় মাটি,
তুমি কি লবে না তাহা কাটি।
তই দেখো কতবার
হল থেয়া পারাপার,
সারিগান উঠিল অম্বরে।

কোথা যাবে সে কি জানা নেই। যেথা আছু ঘর সেখানেই।

त्रवीख-त्रव्यावनी

মন যে দিল না সাড়া, তাই তুমি গৃহছাড়া, পরবাদী বাহিরে অস্তরে।

আঙিনায় আঁকা আলিপনা, আঁখি তব চেয়ে দেখিল না। মিলনঘরের বাতি জলে অনিমেষভাতি সারারাতি জানালার 'পরে

বাঁশি পড়ে আছে তক্ষমূলে,
আজ তুমি আছ তারে ভূলে।
কোনোখানে স্কর নাই,
আপন ভূবনে তাই
কাছে থেকে আছ দ্রাস্তরে

এসো এসো মাটির উৎসবে,
দক্ষিণবায়ুর বেণুরবে।
পাথির প্রভাতীগানে,
এসো এসো প্ণ্যস্নানে
আলোকের অমৃতনিঝ রে।

ফিরে এসো তুমি উদাদীন,
ফিরে এসো তুমি দিশাহীন।
প্রিয়েরে বরিতে হবে,
বরমাল্য আনো তবে,
দক্ষিণা দক্ষিণ তব করে।

তৃ:খ আছে অপেকিয়া বারে, বীর তুমি বক্ষে লহো ভারে।

मश्रहां कन

পথের কণ্টক দলি ক্ষতপদে এসো চলি কটিকার মেযমন্ত্রন্থরে।

বেদনার অর্ঘ্য দিয়ে, তবে ঘর তব আপনার হবে। তুফান তুলিবে কুলে, কাঁটাও ভরিবে ফুলে, উৎসধারা ঝরিবে প্রস্তরে।

[इन्न ३००२]

বুদ্ধজঝোৎসব

সংস্কৃত ছদ্দের নিয়ম-অন্থসারে পঠনীর
হিংসায় উন্মন্ত পৃথি,
নিত্য₃নিঠুর ছন্দ্র,
ঘোর কুটিল পস্থ তার,
লোভজ্ঞটিল বন্ধ।
নৃতন তব জন্ম লাগি কাতর যত প্রাণী,
কর ত্রাণ মহাপ্রাণ, আন অমৃতবাণী,
বিকশিত কর প্রেমপদ্ম
চিরমধুনিয়ন্দ।

শাস্ত হে, মৃক্ত হে, হে অনস্তপুণ্য, কঙ্গণাঘন, ধরণীতল কর কলস্বশৃগ্য

এদ দানবীর, দাও
ভ্যাগকঠিন দীকা,
মহাভিক্ন, লও দবার
অহংকার ভিক্ষা।

त्रवीख-त्रह्मावनी

লোক লোক ভূলুক শোক, খণ্ডন কর মোহ, উজ্জ্বল কর জ্ঞানসূর্য-উদয়-সমারোহ, প্রাণ লভূক সকল ভূবন, নয়ন লভূক অন্ধ।

শাস্ত হে, মৃক্ত হে, হে অনস্তপুণ্য,
করুণাঘন, ধরণীতল কর কলস্কশৃষ্য।

ক্রন্দনময় নিখিলহাদয়
তাপদহনদীপ্ত।
বিষয়বিষ-বিকারজীর্ণ
থিন্ন অপরিতৃপ্ত।
দেশ দেশ পরিল তিলক রক্তকলুষগ্রানি,
তব মঙ্গলশন্ধ আন, তব দক্ষিণ পাণি,
তব শুভ সংগীতরাগ,

শাস্ত হে, মৃক্ত হে, হে অনস্তপুণ্য, করুণাঘন, ধরণীতল কর কলস্বশৃশ্য।

5000

প্রথম পাতায়

লিখতে যখন বল আমায়
তোমার থাতার প্রথম পাতে
তখন জানি, কাঁচা কলম
নাচবে আজো আমার হাতে,—
সেই কলমে আছে মিশে
ভাত্রমানের কাশের হাসি,

সেই কলমে সাঁঝের মেন্দে

লুকিয়ে বাজে ভোরের বাঁপি।
সেই কলমে শিশু দোয়েল

শিস দিয়ে তার বেড়ায় উড়ি।
পারুলদিদির বাসায় দোলে

কনকটাপার কচি কুঁড়ি।
থেলার পুতুল আজো আছে

সেই কলমের খেলাঘরে;
সেই কলমে পথ কেটে দেয়

পথহারানো তেপান্তরে।
নতুন চিকন অশ্থপাতা

সেই কলমে মার বয়সে

তোমার বয়স বাঁধা আছে।

৮ देवनांच ১७७८

<u> মূত্ৰ</u>

আমরা থেলা খেলেছিলেম,
আমরাও গান গেয়েছি;
আমরাও পাল মেলেছিলেম,
আমরা তরী বেয়েছি।
হারায় নি তা হারায় নি,
বৈতরণী তা পারায় নি,
নবীন আথির চপল আলোয়
সে কাল ফিরে পেয়েছি।

দ্র রজনীর স্বপন লাগে আজ নৃতনের হাসিতে। দ্র কাগুনের বেদন জাগে
আজ কাগুনের বাঁশিতে।
হায় রে সেকাল, হার রে
কথন্ চলে যার রে
আজ একালের মরীচিকার
নতুন মায়ার ভাসিতে।

বে-মহাকাল দিন ফুরালে
আমার কুস্থম বারাল,
সেই ভোমারি তরুণ ভালে
ফুলের মালা পরাল।
কইল শেষের কথা সে,
কাঁদিয়ে গেল হতাশে,
ভোমার মাঝে নতুন সাজে
শৃত্য আবার ভরাল।

আনলে ভেকে পথিক মোরে
তোমার প্রেমের আন্তনে।
শুকনো ঝোরা দিল ভ'রে
এক পদলায় শান্তনে।
সন্ধ্যামেঘের কোনাতে
রক্তরাপের সোনাতে
শেষ নিমেষের বোঝাই দিয়ে
ভাসিয়ে দিলে ভান্তনে।

৩০ বৈশাধ ২৩৩৪ শিল্পড

अश्याक्रन

শুকসারী

শ্রীযুক্ত নন্দলাল বহুর পাহাড়-জাকা চিত্রপত্রিকার উন্তরে
শুক বলে, গিরিরাজের জগতে প্রাধান্ত ;
সারী বলে, মেঘমালা, সেই বা কী সামান্ত,—
গিরির মাথায় থাকে।
শুক বলে, গিরিরাজের দৃঢ় অচল শিলা;
সারী বলে, মেঘমালার আদি-অন্তই লীলা,—
বাঁধবে কে-বা তাকে ?

শুক বলে, নদীর জ্বলে গিরি ঢালেন প্রাণ;

সারী বলে, তার পিছনে মেঘমালার দান,—

তাই তো নদী আছে।

শুক বলে, গিরীশ থাকেন গিরিতে দিনরাত্র;

সারী বলে, অন্নপূর্ণা ভরেন ভিক্ষাপাত্র,—

সে তো মেঘের কাছে।

শুক বলে, হিমাদ্রি যে ভারত করে ধশু;

সারী বলে, মেঘমালা বিশ্বেরে দেয় শুশু,—
বাঁচে সকল জন।
শুক বলে, সমাধিতে শুদ্ধ গিরির দৃষ্টি,—
সারী বলে, মেঘমালার নিত্যন্তন শৃষ্টি;
তাই সে চিরস্তন।

৩১ বৈশাৰ ১৩৩৪ শিক্ত

त्रवीख-त्रव्यावनी

স্থসময়

বৈশাখী ঝড় যতই আঘাত হানে
সন্ধ্যানোর ভাগুারদ্বার-পানে,
দস্থার বেশে যতই করে সে দাবি
কৃষ্টিত মেঘ হারায় সোনার চাবি,
গগন সম্বন অবগুঠন টানে।

'খোলো খোলো ম্থ' বনলন্দ্বীরে ভাকে,
নিবিড় ধূলায় আপনি তাহারে ঢাকে।
'আলো দাও' হাঁকে, পায় না কাহারো সাড়া,
আঁধার বাড়ায়ে বেড়ায় লন্দ্বীছাড়া,
পথ সে হারায় আপন ঘূর্ণিপাকে।

শিশির যথন বেণ্র পাতার আগে

রবির প্রসাদ নীরব চাওয়ায় মাগে,

সবুজ থেতের নবীনধানের শিষে

তেউ থেলে যায় আলোকছায়ায় মিশে,
গগনসীমায় কাশের কাঁপন লাগে,—

হঠাৎ তথন স্থভোবার কালে
দীপ্তি লাগায় দিক্ললনার ভালে;
মেঘ ছেঁড়ে তার পর্দা আঁধার-কালো,
কোথায় সে পায় স্বর্গলোকের আলো,
চরম খনের পরম প্রদীপ জালে।

মূতন কাল

নন্দগোপাল বুক ফুলিয়ে এসে বললে আমায় হেমে,— "আমার সকে লড়াই ক'রে কথ্খনো কি পার, বারে বারেই হার।" আমি বললেম, "তাই বই কি! মিথ্যে তোমার বড়াই, হ'ক দেখি তো লড়াই।" "আচ্ছা তবে দেখাই তোমায়" এই ব'লে সে যেমনি টানলে হাত দাদামশাই তথ্খনি চিৎপাত। সবাইকে সে আনলে ডেকে, টেচিয়ে নন্দ করলে বাড়ি মাত। বারে বারে শুধায় আমায়, "বলো তোমার হার হয়েছে না কি।" আমি কইলেম, "বলতে হবে তা कि। ধুলোর যথন নিলেম শরণ প্রমাণ তথন রইল কি আর বাকি। এই কথা কি জান— আমার কাছে নন্দগোপাল যখনি হার মান আমারি সেই হার, नक्का म आयात्र। ধুলোয় যেদিন পড়ব যেন এই জানি নিশ্চিত,

ধুলোয় যোদন পড়ব যেন এই জ্ঞান নিশ্চত তোমারি শেষ জ্ঞিত।"

২৩ অন্নস্ট [১৯২৭] কুম্ফিউস জ্বাহাজ

পরিণয়মঙ্গল

হৈমন্ত্রী দেবী ও অমিয়চন্ত্র চক্রবর্তীর পরিশয়-উপলক্ষে
উত্তরে হ্যারক্ষ হিমানীর কারাহর্গতলে
প্রাণের উৎসবলক্ষ্মী বন্দী ছিল তন্দ্রার শৃদ্ধলে।
যে নীহারবিন্দু ফুল ছি ড়ি তার স্বপ্রমন্ত্রপাশ
কঠিনের মক্রবক্ষে মাধুরীর আনিল আশ্বাস,

হৈমন্তী নিংশব্দে কবে গেঁথেছে ভাহারি শুল্রমালা
নিভ্ত গোপন চিন্তে; সেই অর্ঘ্যে পূর্ব করি ডালা
লাবণ্যনৈবেল্যথানি, দক্ষিণসমূদ্র-উপকূলে
এনেছে অরণ্যচ্ছায়ে, যেথায় অগণ্য ফুলে ফুলে
রবির সোহাগগর্ব বর্ণগদ্ধমধুরসধারে
বৎসরের ঋতুপাত্র উচ্ছলিয়া দেয় বারে বারে।
বিশ্বয়ে ভরিল মন, এ কী এ প্রেমের ইন্দ্রজাল,
কোথা করে অন্তর্ধান মৃহুর্তে ত্তর অন্তর্গাল—
দক্ষিণপ্রনস্থা উৎক্ষিত বসস্ত কেমনে
হৈমন্তীর কণ্ঠ হতে বর্মাল্য নিল শুভক্ষণে।

১ পৌৰ ১৬৬৪ শান্তিনিকেডন

জীবনমরণ

জীবনমরণের বাজায়ে খঞ্জনি
নাচিয়া ফাল্কন গাহিছে।
অধীরা হল ধরা মাটির বন্দিনী
বাতাসে উড়ে যেতে চাহিছে।
আজিকে আলো ছায়া করিছে কোলাকুলি,
আজিকে এক দোলে হজনে দোলাহলি
ভকানো পাতা আর মৃকুলে।
আজিকে পিরীষের ম্থর উপবনে
ভড়িত পাশাপাশি নৃতনে পুরাতনে
চিকন শ্রামনের হুকুলে।

বিরহে টানে মিড় মিলন-বীণাভারে, স্থের বুকে বাজে বেদনা কপোত কাকলিতে করুণা সঞ্চারে,
কাননদেবী হল বিমনা।
আমারো প্রাণে বৃঝি বহেছে ওই হাওয়া,
কিছু-বা কাছে আসা, কিছু-বা চলে যাওয়া,
কিছু-বা শ্বরি কিছু পাসপি।
যে আছে যে-বা নাই আজিকে দোঁহে মিলি
আমার ভাবনাতে ভ্রমিছে নিরিবিলি
বাজায়ে ফাগুনের বাঁশরি।

[ফান্তন ১৩৩৪]

गृश्नक्षी

নবজাগরণ-লগনে গগনে বাজে কল্যাণশন্থ—
এসো তুমি উষা ওগো অকল্যা, আনো দিন নিঃশক
হ্যালোকভাসানো আলোকস্থায়
অভিষেক তুমি করো বস্থায়,
নবীন দৃষ্টি নয়নে তাহার এনে দাও অকলক।

সম্মৃথ-পানে নবযুগ আজি মেলুক উদার চিত্র।
অমৃতলোকের দার খুলে দিন্ চিরজীবনের মিত্র।
বিশ্বের পথে আসিয়াছে ডাক,
যাত্রীরা সবে ধাক ধেয়ে যাক,
দেহমন হতে হ'ক অপগত অবসাদ অপবিত্র।

মৌন যে ছিল বক্ষে তাহার বাজুক বীণার তন্ত্র,
নব বিশ্বাদে আশ্বাদহীন শুন্থক বিজয়মন্ত্র।
এলো আনন্দ, তৃ:খহরণ,
তৃ:খেরে দাও করিতে বরণ,
মরণতোরণ পার হয়ে পাই অমর প্রাণের পন্তঃ

কল্যাণী, তব অন্ধনে আজি হবে মন্দলকর্ম,—
ভভসংগ্রামে যে যাবে তাহারে পরাও বীরের বর্ম।
বলো সবে ডাকি "ছাড়ো সংশয়",
বলো যাত্রীরে "হয়েছে সময়",
বলো "নাহি ভয়", বলো "জয় জয়, জয়ী যেন হয় ধর্ম"।

পশ্চাৎ-পানে ফিরায়ে ডেকো না, মনে জাগায়ো না হন্দ,
তুর্বল শোকে অশ্রুসলিলে নয়ন কোরো না অন্ধ।
সংকট-মাঝে ছুটিবার কালে
বাধিয়া রেখো না আবেশের জালে,
যে-চরণ বাধা লজ্মিবে, তাহে জড়ায়ো না মোহবন্ধ।

? বৈশাথ ১৩৩৪

রঙিন

ভিড় করেছে রঙমশালীর দলে।
কেউ-বা জলে কেউ-বা তারা স্থলে।
অজ্ঞানা দেশ, রাত্রিদিনে
পায়ের কাছের পথটি চিনে
হুঃসাহদে এগিয়ে তারা চলে।

কোন্ মহারাজ রথের 'পরে একা, ভালো করে যায় না তাঁরে দেখা স্থতারা অন্ধকারে ডাইনে বাঁয়ে উকি মারে, আপন আলোয় দৃষ্টি তাদের ঠেকা।

আমার মশাল সামনে ধরি না যে, তাই তো আলো চক্ষে নাহি বাজে। অন্তরে মোর রঙের শিখা চিত্তকে দেয় আপন টিকা, রঙিনকে তাই দেখি মনের মাঝে।

পাথিরা রঙ ওড়ায় আকাশতলে, মাছেরা রঙ থেলায় গভীর জলে; রঙ জেগেছে বনসভায় গোলাপ চাঁপা রঙন জবায়, মেঘেরা রঙ ফোটায় পলে পলে।

নীরব ডাকে রঙমহালের রাজা
ছকুম করেন, 'রঙের আসর সাজা।'—
অমনি ফাগুন কোথা হতে
ভেসে আসে হাওয়ার স্রোতে,
পুরানোকে রাঙিয়ে করে তাজা।

তাদের আসর বাহির-ভ্বনেতে, ফেরে সেথায় রঙের নেশায় মেতে। আমার এ রঙ গোপন প্রাণে, আমার এ রঙ গভীর গানে, রঙের আসন ধেয়ানে দিই পেতে।

२७ छोड़ ३७७६

আশীর্বাদী

কল্যাণীয় শ্রীযুক্ত ষতীক্রমোহন বাগচীর সংবর্ধনা উপলক্ষে
আমরা তো আজ পুরাতনের কোঠায়,
নবীন বটে ছিলেম কোনো কালে।
বসস্তে আজ কত নৃতন বোঁটায়
ধরল কুঁড়ি বাণীবনের ডালে।

কত ফুলের যৌবন ষায় চুকে

একবেলাকার মৌমাছিদের প্রেমে।

মধুর পালা রেণুকণার মুথে

ঝরা পাতায় ক্ষণিকে যায় থেমে।

কাগুনফুলে ভরেছিলে সাঞ্চি, প্রাবণমাসে আনো ফলের ভিড়। সেতারেতে ইমন উঠে বাজি স্থরবাহারে দিক কানাড়ার মিড়।

२ छोड़ ३७७४

বদন্ত-উৎসব

এ-বংসর দোলপূর্ণিমা ফাস্কন পার হয়ে চৈত্রে পৌছল। আমের মৃক্ল নিংশেষিত, আমবাগানে মৌমাছির ভিড় নেই, পলাশ-ফোটার পালা ফুরল, গাছের তলায় শুকনো শিম্ল তার শেষমধু পিপড়েদের বিলিয়ে দিয়ে বিদায় নিয়েছে। কাঞ্চনশাথা প্রায় দেউলে, ঐশ্বর্ধের অল্প কিছু বাকি। কেবল শালের বীথিকা ভরে উঠেছে মঞ্জরিতে। উৎসব-প্রভাতে আশ্রমকন্তারা ঋতুরাজের সিংহাসন প্রদক্ষিণ করলে এই পুষ্পিত শালের বনে, তার বন্ধলে আবির মাথিয়ে দিলে, তার ছায়ায় রাখলে মাল্যপ্রদীপের অর্ঘ্য। চতুর্দশীর চাঁদ যখন অন্তদিগস্কে, প্রভাতের ললাটে যখন অরুণ-আবিরের তিলকরেখা ফুটে উঠল, তখন আমি এই ছন্দের নৈবেত বসস্ত-উৎসবের বেদির জন্তা রচনা করেছি।

আশ্রমদথা হে শাল, বনস্পতি,
লহো আমাদের নতি।
তুমি এসেছিলে মোদের সবার আগে
প্রাণের পতাকা রাঙায়ে হরিৎরাগে,
সংগ্রাম তব কত ঝঞ্চার সাথে,
কত তুর্দিনে কত তুর্ঘোগরাতে
জয়গৌরবে উর্ধে তুলিলে শির
হে বীর, হে গঞ্জীর।

मः रयोखन

তোমার প্রথম অতিথি বনের পাথি,
শাথায় শাথায় নিলে তাহাদের ডাকি,
স্থিম আদরে গানেরে দিয়েছ বাসা,
মৌন তোমার পেয়েছে আপন ভাষা,
স্থরে কিশলয়ে মিলন ঘটালে তুমি—
ম্থরিত হল তোমার জন্মভূমি।

আমরা যেদিন আসন নিলেম আসি
কহিল স্বাগত তব পদ্ধবরাশি,
তার পর হতে পরিচয় নব নব
দিবসরাত্রি ছায়াবীথিতলে তব
মিলিল আসিয়া নানা দিগ্দেশ হতে
তরুণ জীবনস্রোতে।

বৈশাথতাপ শাস্ত শীতল করে।,
নববর্ষারে করি দাও ঘনতর,
শুল্র শরতে জ্যোৎস্থার রেখাগুলি
ছায়ায় মিলায়ে দাজাও বনের ধূলি,
মধুলক্ষীরে আনিয়াছে আহ্বানি
মঞ্জরিভরা স্থার তব বাণী।

নীরব বন্ধু, লহো আমাদের প্রীতি, আজি বসস্তে লহো এ কবির গীতি, কোকিলকাকলি শিশুদের কলরবে মিলেছে আজি এ তব জয়-উৎসবে, তোমার গন্ধে মোর আনন্দে আজি এ পুণ্যদিনে অর্ঘ্য উঠিল সাজি

त्रवीख-त्रामावनी

গন্ধীর তুমি, স্থলর তুমি, উদার তোমার দান, লহো আমাদের গান।

দোলপূর্ণিমা ১৩৩৮ শান্তিনিকেতন

আশীর্বাদ

ठोक्रठस वत्यांशीशांत्रव अधितन

অভাগা ষথন বেঁধেছিল তার বাসা
কোণে কোণে তারি পুঞ্জিত হল জীবনের ভাঙা আশা
ঘরের মধ্যে বুকের কাঁদনগুলা
উড়িয়ে বেড়ায় ধুলা।
তৃষিয়া কষিয়া উঠে নিকন্ধ বায়ু,
শোষণ করিছে আয়ু।
ধেখানে-সেখানে মলিনের লাগে ছোঁওয়া,
দীপ নিভে যায়ু, তীব্রগদ্ধ ধোঁওয়া
রোধ করে নিশাস,
কঠোর ভাগ্য হানে নিষ্ঠুর ভাষ।

প্রে দরিন্ত, চেয়ে দেখ্ তোর ভাঙা ভিত্তির ধারে,
অসীম আকাশ, কে তারে রোধিতে পারে।
সেথা নাই বন্ধন,
প্রভাত-আলোকে প্রতিদিন আসে তব অভিনদন।
সন্ধ্যার তারা তোমারি ম্থেতে চাহে,
তোমারি মুক্তি গাহে।
তব সন্তার মহিমা ঘোষিছে সব সন্তার মাঝে,
হে মানব, তুমি কোধায় লুকাও লাজে।
যেখানে ক্ষুত্ত সেধানে পীড়িত তুমি,
কর্মণ হাসি হাসিছে বেধায় দৈত্যের মক্ষভূমি

সংযোজন

তাহার বাহিরে তোমার উদার স্থান, বিশ্ব তোমারে বক্ষ মেলিয়া করিতেছে আহ্বান।

১৮ আঘিন শুক্ল পঞ্চমী ১৬৩১

আশীর্বাদ

শ্রীমান দিনেজ্রনাথ ঠাকুরের জন্মদিবসে
প্রথম পঞ্চাশ বর্ষ রচি দিক প্রথম সোপান,
দ্বিতীয় পঞ্চাশ তাহে গৌরবে করুক অভ্যুত্থান।

২ পৌষ ১৩৩৯

তোমার ম্থর দিন হে দিনেন্দ্র, লইয়াছে তুলি
আপনার দিগ্ দিগন্তে রবির সংগীতরশ্মিগুলি
প্রহর করিয়া পূর্ণ। মেঘে মেঘে তারি লিপি লিথে
বিরহমিলনবাণী পাঠাইলে বহু দ্র দিকে
উদার তোমার দান। রবিকর করি মর্মগত
বনস্পতি আপনার পত্রপুষ্পে করে পরিণত,
তাহারি নৈবেগু দিয়ে বসস্তের রচে আরাধনা
নিত্যোৎসব-সমারোহে। সেইমতো তোমার সাধনা।
রবির সম্পদ হ'ত নির্থক, তুমি যদি তারে
না লইতে আপনার করি, যদি না দিতে স্বারে।
হ্রের হ্রের রূপ নিল তোমা-'পরে স্বেহ হ্ণাভীর
রবির সংগীতগুলি আশীর্বাদ রহিল রবির।

২ পোৰ ১৩৩৯

त्रवौद्ध-त्रव्यावनौ

উত্তিষ্ঠত নিবোধত

কলাণীয়া শ্ৰীমতী রমা দেবী

আজি তব জন্মদিনে এই কথা করাব স্মরণ—
জন্ম করে নিতে হয় আপনার জীবন মরণ
আপন অক্লান্ত বলে দিনে দিনে; যা পেয়েছ দান
তার মূল্য দিতে হবে, দিতে হবে তাহারে সম্মান
নিত্য তব নির্মল নিষ্ঠায়। নহে ভোগ, নহে খেলা
এ জীবন, নহে ইহা কালল্রোতে ভাসাইতে ভেলা
থেয়ালের পাল তুলে। আপনারে দীপ করি জালো,
হর্গম সংসারপথে অন্ধকারে দিতে হবে আলো,
সত্যলক্ষ্যে যেতে হবে অসত্যের বিশ্ব করি দ্র,
জীবনের বীণাতন্ত্রে বেস্থরে আনিতে হবে স্থর—
হংখেরে স্বীকার করি; অনিত্যের যত আবর্জনা
পুজার প্রান্ধণ হতে নিরালস্থে করিবে মার্জনা
প্রতিক্ষণে সাবধানে, এই মন্ত্র বাজুক নিয়ত
চিস্তায় বচনে কর্মে তব— উত্তিষ্ঠত নিরোধত।

२६ क्षिक्तं ५७८० स्मन् এएउन, मार्किमिए

প্রার্থনা

কামনায় কামনায় দেশে দেশে যুগে যুগান্তরে
নিরস্তর নিদাক্ষণ হন্দ যবে দেখি ঘরে ঘরে
প্রহরে প্রহরে; দেখি অন্ধ মোহ ত্রস্ত প্রয়াসে
বৃত্স্কার বহিং দিয়ে ভন্মীভূত করে অনায়াসে
নিঃসহায় তুর্ভাগার সকরুণ সকল প্রত্যাশা,
জীবনের সকল সম্বল; তুঃশীর আপ্রয়বাসা

নিশ্চিন্তে ভাঙিয়া আনে হুদাম হুরাশাহোমানলে আহতি-ইন্ধন জোগাইতে; নি:সংকোচ গর্বে বলে, আত্মতৃপ্তি ধর্ম হতে বড়ো; দেখি আত্মন্তরী প্রাণ তৃচ্ছ করিবারে পারে মাহুষের গভীর সমান গৌরবের মৃগভৃষ্ণিকায়; সিদ্ধির স্পর্ধার তরে मीत्नत्र नर्यत्र नार्थका मिल तम्य भूलि-'পরে জয়যাত্রাপথে ;— দেখি' ধিকারে ভরিয়া উঠে মন, আত্মজাতি-মাংসলুদ্ধ মাহুষের প্রাণনিকেতন উন্মীলিছে নথে দস্তে হিংল্র বিভীষিকা;— চিত্ত মম নিস্কৃতিসন্ধানে ফিরে পিঞ্জরিত বিহন্দমসম, মৃহুর্তে বাজে শৃঙ্খলবন্ধন-অপমান সংসারের ৷ হেনকালে জলি উঠে বজ্রাগ্রি-সমান চিত্তে তাঁর দিব্যম্তি, সেই বীর রাজার কুমার বাসনারে বলি দিয়া বিসজিয়া সর্ব আপনার বৰ্তমানকাল হতে নিজ্ঞমিলা নিত্যকাল-মাঝে অনস্ত তপস্থা বহি মাহুষের উদ্ধারের কাজে অহ্মিকা-বন্দীশালা হতে ৷— ভগবান ৰুদ্ধ তুমি, নির্দয় এ লোকালয়, এ ক্ষেত্রই তব জন্মভূমি। ভরসা হারাল যারা, যাহাদের ভেঙেছে বিশ্বাস, তোমারি করুণাবিত্তে ভরুক তাদের সর্বনাশ,— আপনারে ভুলে তারা ভুলুক হুর্গতি।— আর যারা ক্ষীণের নির্ভর ধ্বংস করে, রচে তুর্ভাগ্যের কারা ত্র্বলের মৃক্তি ক্লধি', বোসো তাহাদেরি ত্র্গদ্বারে তপের আসন পাতি'; প্রমাদবিহ্বল অহংকারে পড়ুক সভ্যের দৃষ্টি; তাদের নিঃসীম অসম্মান তব পুণ্য আলোকেতে লভুক নিঃশেষ অবসান।

অতুলপ্রসাদ সেন

বন্ধু, তুমি বন্ধুতার অজস্র অমৃতে
পূর্ণপাত্র এনেছিলে মর্ত্য ধরণীতে।
ছিল তব অবিরত
হৃদয়ের সদাত্রত,
বঞ্চিত কর নি কভু কারে।
তোমার উদার মুক্ত দারে।

মৈত্রী তব সম্ছল ছিল গানে গানে

অমরাবতীর সেই স্থাঝরা দানে।

স্বরে-ভরা সঙ্গ তব

বারে বারে নব নব

মাধুরীর আতিথ্য বিলাল,

রসতৈলে জেলেছিল আলো।

দিন পরে গেছে দিন, মাস পরে মাস,
ভোমা হতে দ্রে ছিল আমার আবাস।
'হবে হবে, দেখা হবে'—
এ-কথা নীরব রবে
ধ্বনিত হয়েছে ক্ষণে ক্ষণে
অক্থিত তব আমন্ত্রণ।

আমারো যাবার কাল এল শেষে আজি, 'হবে হবে, দেখা হবে' মনে ওঠে বাজি। সেখানেও হাসিমুখে বাছ মেলি লবে বুকে নবজ্যোতিদীপ্ত অমুরাগে, সেই ছবি মনে-মনে জাগে। এখানে গোপন চোর ধরার ধুলায়
করে সে বিষম চুরি যখন ভুলায়।

যদি ব্যথাহীন কাল

বিনাশের ফেলে জাল,

বিরহের স্বৃতি লয় হরি,

সব-চেয়ে সে-ক্ষতিরে ডরি।

তাই বলি, দীর্ঘ আয়ু দীর্ঘ অভিশাপ, বিচ্ছেদের তাপ নাশে সেই বড়ো তাপ। অনেক হারাতে হয়, তারেও করিনে ভয়; যতদিন ব্যথা রহে বাকি, তার বেশি যেন নাহি থাকি।

১**৯ ভাত্র** ১৩৪১ শাস্তিনিকেতন

नांदेक ७ श्रम्न

বসন্ত

ढे९मन

শ্রীমান কবি নজ্কুল ইস্লাম স্নেহভাজনেযু

১ - ফান্তুন

4505

ৰসন্ত

রাজা। কবি!

कवि। की यशातां ।

রাজা। আমি মন্ত্রণাসভা থেকে পালিয়ে এসেছি।

কবি। সৎকার্য করেছেন। কিন্তু মহারাজের এমন স্থমতি হল কেন।

রাজা। বংসর শেষ হয়ে এল, রাজকোষ শৃত্যপ্রায়। মন্ত্রণাসভায় বসলেই সচিবরা আসেন তাঁদের নিজ বিভাগের জন্তে টাকা দাবি করতে। কাজেই পলায়ন ছাড়া গতি নেই।

কবি। এতে উপকার হবে।

রাজা। কার উপকার হবে।

কবি। রাজ্যের।

রাজা। সে-কি কথা।

কবি। রাজা মাঝে-মাঝে সরে দাঁড়ালে প্রজারা রাজত্ব করবার অবকাশ পায়।

রাজা। তার অর্থ কী হল।

কবি। রাজ্ঞার অর্থ যখন শৃত্যে এসে ঠেকে প্রজ্ঞা তখন নিজের অর্থ খুঁজে বের করে, তাতেই তার রক্ষা।

রাজা। কবি, তোমার কথাগুলো বাঁকা ঠেকছে। মন্ত্রণাসভা ছেড়ে এসেছি, আবার তোমার সঙ্গও ছাড়তে হবে নাকি।

কবি। না, তার দরকার হবে না। আপনি যখন পলাতক তখন তো আমাদেরই দলে এদে পড়েছেন।

রাজা। তোমার দলে?

কবি। হাঁ মহারাজ, আমি জন্মপলাতক।

গান

আমরা বাস্তছাড়ার দল,

ভবের পদাপত্তে জল।

আমরা করছি টলমল।

মোদের আদাধাওয়া শৃত্য হাওয়া

नार्टेका कलाकल।

রাজা। তুমি আমাকে দলে টানতে চাও ? অতদ্র এগোতে পারব না। আমাকে মন্ত্রীরা মিলে সভাছাড়া করেছে, তাই বলে কি কবির দলে ভিড়ে শেষে—

কবি। শুধু আমাকে দেখে ভয় পাবেন না, এ দলে আপনি রাজ্যজীও পাবেন।

রাজা। রাজদঙ্গী ? কে বলো তো।

কবি। ঋতুরাজ।

রাজা। ঋতুরাজ? বসস্ত ?

কবি। হাঁ মহারাজ। তিনি চিরপলাতক। আমারই মতো। পৃথী তাঁকে সিংহাসনে বসিয়ে পৃথীপতি করতে চেয়েছিল কিন্তু তিনি—

রাজা। বুঝেছি, বোধ করি রাজকোষের অবস্থা দেখে পালাতে ইচ্ছে করছেন।

কবি। পৃথিবীর রাজকোষ পুর্ণ করে দিয়ে তিনি পালান।

त्राष्ट्रा। की घुः १४।

कित। इः १४ नम्न, व्यानस्म।

রাজা। কবি, তোমার হেঁয়ালি রাখো; আমার অধ্যাপকের দল তোমার হেঁয়ালি শুনে রাগ করে, বলে ওগুলোর কোনো অর্থ নেই। আজ বসস্ত-উৎসবে কী পালা তৈরি করেছ সেইটে বলো।

কবি। আজ সেই পলাতকার পালা।

রাজা। বেশ বেশ। ৰুঝতে পারব তো?

कवि। বোঝাবার চেষ্টা করি নি।

রাজা। তাতে ক্ষতি নেই। কিন্তু না-বোঝাবার চেষ্টা কর নি তো?

কবি। না মহারাজ, এতে মুলেই অর্থ নেই, বোঝা না-বোঝার কোনো বালাই নেই, কেবল এতে স্থর আছে।

রাজা। আচ্ছা বেশ, শুরু হ'ক। কিন্তু ওদিকে মন্ত্রণাসভার কাজ চলছে, আওয়াজ শুনে মন্ত্রীরা তো— কবি। হাঁ মহারাজ, তাঁরাস্থদ্ধ হয়তো পলাতকার দলে যোগ দিতে পারেন। তাতে দোষ কী হয়েছে। ফাল্কন-যে পড়েছে।

রাজা। সর্বনাশ। এখানে এসে যদি আবার—

কবি। ভয় নেই। শৃত্যকোষের কথাটা স্মরণ করিয়ে দেবার ভারই মন্ত্রীদের বটে, কিন্তু শৃত্যকোষের কথা ভূলিয়ে দেবার ভারই তো কবির উপরে।

রাজা। তাহলে ভালো কথা। তাহলে আর দেরি নয়। ভোলবার অত্যস্ত দরকার হয়েছে। দলবল সব প্রস্তুত তো? আমাদের নাট্যাচার্য দিনপতি—

কবি। ওই তো তিনি ভারতীর কমলবনের মধুগন্ধে বিহবল হয়ে বসে আছেন। রাজা। দেখে মনে হচ্ছে বটে শৃশু রাজকোষের কথায় ওঁর কিছুমাত্র খেয়াল নেই।

কবি। উনি আমাদের উৎসবের বন্ধু, ছুর্ভিক্ষের দিনে ওঁকে না হলে চলে না। কারণ উনি ক্ষ্ধার কথা স্থা দিয়ে ভোলান।

রাজা। সাধু! আমার মন্ত্রীদের সঙ্গে ওঁর পরিচয় করিয়ে দিতে হবে। বিশেষত আমার অর্থসচিবের সঙ্গে। তিনি অত্যন্ত গন্তীর হয়ে আছেন। তাঁর মনে যদি পুলক সঞ্চার করতে পারেন তাহলে—

কবি। ফদ করে বেশি আশা দিয়ে ফেলবেন না— রাজকোষের অবস্থা যে রকম—

রাজা। হাঁ হাঁ, বটে বটে।—আচ্ছা, তবে তোমার পালা আরম্ভ হবে কী দিয়ে।

কবি। ঋতুরাজ আসবেন, প্রস্তুত হবার জন্মে আকাশে একটা ডাক পড়েছে।

त्राष्ट्रा। वलह्य की।

कवि। वलह्न, भव मिर्य रक्लर् र्रव।

রাজা। নিজেকে একেবারে শৃত্য ক'রে? সর্বনাশ!

কবি। না, নিজেকে পূর্ণ ক'রে। নইলে দেওয়া তো ফাঁকি দেওয়া।

রাজা। মানে কী হ'ল।

কবি। যে-দেওয়া সত্যি, সে দেওয়াতে ভরতি করে। বসস্ত-উৎসবে দানের দারাই ধরণী ধনী হয়ে উঠবে।

রাজা। তাহলে ধরণীর সঙ্গে ধরণীপতির ওইথানে অমিল দেখতে পাচছি। আমি তো দান করতে গিয়ে প্রায়ই বিপদে পড়ি— অর্থসচিবের মুখ অত্যস্ত গম্ভীর হতে থাকে।

কবি। যে-দান সত্য তার দ্বারা বাইরের ধন বিনাশ পায়, অন্তরের ধন বিকাশ পেতে থাকে। রাজা। ও আবার কী। এটা উপদেশের মতো শোনাচ্ছে, কবি। কবি। তাহলে আর দেরি নয়, গান শুরু হ'ক।

বসস্থের পরিচরগণ

সব দিবি কে, সব দিবি পায়, আয় আয় আয়। ডাক পড়েছে ওই শোনা যায়, আয় আয় আয়। আসবে-যে সে স্বর্ণরথে, জাগবি কারা রিক্ত পথে পৌষরজনী তাহার আশায়। আয় আয় আয়। ক্ষণেক কেবল তাহার খেলা, হায় হায় হায়। তার পরে তার যাবার বেলা, হায় হায় হায়। **চ**ल গেল खोगित यत ধনরতন বোঝা হবে, বহন করা হবে-যে দায়। হায় হায় হায়।

রাজা। দাবি তো কম নয়।
কবি। দাবি বড়ো হলেই দান সহজ হয়; ছোটো হলেই রূপণতা জাগায়
রাজা। তা এরা সব রাজী আছে ?
কবি। ওদের ম্থেই শুনে নিন।

বনভূমি

বাকি আমি রাখব না কিছুই। তোমার চলার পথে পথে ছেয়ে দেব ভূঁই। প্রকাণ মোহন, তোমার উন্তরীয়
গন্ধে আমার ভরে নিয়ো,
উজাড় করে দেব পায়ে
বকুল বেলা জুই।
দখিনসাগর পার হয়ে-যে
এলে পথিক তুমি।
আমার সকল দেব অতিথিরে
আমি বনভূমি।
আমার কুলায়ভরা রয়েছে গান,
দবার কাঙাল করে আমায়
চরণ ষ্থন ছুই।

আমকুঞ্জ

ফল ফলাবার আশা আমি মনেই রাখি নি রে।
আজ আমি তাই মৃকুল ঝরাই দক্ষিণসমীরে।
বসন্তগান পাখিরা গায়,
বাতাসে তার স্থর ঝরে যায়,
মৃকুল ঝরার ব্যাকুল খেলা
আমারি সেই রাগিণী রে।
জানি নে ভাই, ভাবি নে তাই কী হবে মোর দশা
যথন আমার সারা হবে সকল ঝরা থসা।
এই কথা মোর শৃক্ত ভালে
বাজবে সেদিন তালে তালে,
'চরম দেওয়ায় সব দিয়েছি
মধুর মধুযামিনীরে।'

রাজা। ভাবথানা ব্ঝেছি কবি। কবি। কী ব্ঝলেন। রাজা। 'ফল ফলাব' বলে কোমর বেঁধে বসলে ফল ফলে না। মনের আনন্দে 'ফল চাই নে' বলতে পারলে, ফল আপনি ফলে ওঠে। আদ্রকুঞ্জ মুকুল ঝরাতে ভরসা পায় বলেই তার ফল ধরে।

কবি। মহারাজ, এটা ষেন উপদেশের মতো শোনাচ্ছে। রাজা। ঠিক কথা। তাহলে গান ধরো।

করবী

যদি তারে নাই চিনি গো সে কি আমায় নেবে চিনে এই নব काञ्चरनत्र मिरन। (जानि त जानि त) সে কি আমার কুঁড়ির কানে ক'বে কথা গানে গানে, পরান তাহার নেবে কিনে **এই नव कांब्रुटनंत्र फिट्न**? (জানিনে জানিনে) সে কি আপন রঙে ফুল রাঙাবে। সে কি মর্মে এদে ঘুম ভাঙাবে। ঘোমটা আমার নতুন পাতার হঠাৎ দোলা পাবে কি তার। গোপন কথা নেবে জিনে এই নব ফাল্কনের দিনে ? (क्रोनि त्न क्रानि तन)

রাজা। ওদিকে ও কিসের গোলমাল শুনতে পাই।

कित। मिथनश्रिका-रम् धन।

রাজা। তা হয়েছে কী।

কবি। বাইরের বেণুবন উতলা হয়ে উঠেছে, কিন্তু ঘরের কোণের দীপশিখাটি নববধ্র মতো শহিত।

বেণুবন

দখিনহাওয়া, জাগো জাগো জাগাও আমার স্থু এ প্রাণ। আমি বেণু, আমার শাখায় নীরব-যে হায় কত-না গান। (জাগো জাগো)

দীপশিখা

ধীরে ধীরে ধীরে বও

ওগো উতল হাওয়া।
নিশীথরাতের বাঁশি বাজে,
শাস্ত হও গো, শাস্ত হও

বেণুবন

পথের ধারে আমার কারা ওগো পথিক বাঁধনহারা, নৃত্য তোমার চিত্তে আমার মৃক্তিদোলা করে যে দান।

मीश्रिशा

আমি প্রদীপশিথা তোমার লাগি
ভয়ে ভয়ে একা জাগি,
মনের কথা কানে-কানে
মৃত্ মৃত্ কপ্ত।

বেণুবন গানের পাখা যখন খুলি বাধাবেদন তখন ভুলি।

मीशिशा

তোমার দুরের গাথা বনের বাণী ঘরের কোণে দেয়-যে আনি।

বেণুবন

যখন আমার বুকের মাঝে
তোমার পথের বাঁশি বাজে,
বন্ধভাঙার ছন্দে আমার
মৌন কাঁদন হয় অবসান।
দখিনহাওয়া, জাগো জাগো,
জাগাও আমার স্থপ্ত এ প্রাণ

দীপশিখা

আমার কিছু কথা আছে ভোরের বেলার তারার কাছে, সেই কথাটি তোমার কানে চুপি চুপি লও। ধীরে ধীরে বও ওগো উতল হাওয়া।

ঋতুরাজের পরিচরবর্গ

সহসা ডালপালা তোর উতলা-যে!
(ও চাঁপা, ও করবী)
কারে তুই দেখতে পেলি
আকাশ-মাঝে
জানি না যে।
কোন্ স্থরের মাতন হাওয়ায় এসে
বেড়ায় ভেসে,
(ও চাঁপা, ও করবী)

কার নাচনের নৃপুর বাজে
জানি না যে।
তোরে কণে কণে চমক লাগে।
কোন্ অজানার ধেয়ান যে তোর
মনে জাগে।
কোন্ রঙের মাতন উঠল হলে
ফুলে ফুলে,
(ও চাঁপা, ও করবী)
কে সাজালে রঙিন সাজে
জানি না যে।

কবি। ঋতুরাজের দৃতেরা ভাবছে কেউ থবর পায় নি— পায়ের শব্দ শোনা যাচ্ছে না। কিন্তু পায়ের শব্দ যে হৎকম্পনের মধ্যে ধরা পড়ে।

মাধবী

সে কি ভাবে গোপন রবে न्किया समय काषा। তাহার আদা হাওয়ায় ঢাকা, সে যে স্ষ্টিছাড়া। হিয়ায় হিয়ায় জাগল বাণী, পাতায় পাতায় কানাকানি, 'छरे এन यं', 'छरे এन यं' পরান দিল সাড়া। এই তো আমার আপনারি এই ফুল ফোটানোর মাঝে তারে দেখি নয়ন ভ'রে নানা রঙের সাব্দে। এই-যে পাথির গানে গানে हब्रन्ध्वनि वस्त्र जात्न, বিশ্ববীণার তারে তারে এই তো দিল নাড়া।

রাজা। কবি, ওই তো পূর্ণচন্দ্র উঠেছে দেখছি।
কবি। দথিনহাওয়ায় যেন কোন্ দেবতার স্বপ্ন ভেসে এল।
রাজা। শুধু দথিনহাওয়ায় ওকে ভাসালে চলবে না কবি, তোমার গানের স্বরও
চাই। জগতে কেবল যে দেবতাই আছেন তা তো নয়।

শাসবীথিকা

ভাঙল হাসির বাঁধ।

প্রধীর হয়ে মাতল কেন
পূর্ণিমার ওই চাঁদ।
উতল হাওয়া ক্ষণে ক্ষণে
মুকুলছাওয়া বকুলবনে
দোল দিয়ে যায়, পাতায় পাতায়
ঘটায় পরমাদ।

ঘুমের জাঁচল আকুল হল
কী উল্লাসের ভরে।
স্থান যত ছড়িয়ে প'ল
দিকে দিগস্তরে।
আজ রাতের এই পাগলামিরে
বাঁধবে ব'লে কে ওই ফিরে,
শালবীথিকায় ছায়া গেঁথে
তাই পেতেছে ফাঁদ।

বকুল

ও আমার চাঁদের আলো,
আজ ফাগুনের সন্ধ্যাকালে
ধরা দিয়েছ যে আমার
পাতায় পাতায় ডালে ডালে।
যে-গান তোমার হ্বের ধারায়
বন্সা জাগায় ভারায় তারায়,

মোর আঙিনায় বাজল সে-স্থর

আমার প্রাণের তালে তালে।

সব কুঁড়ি মোর ফুটে ওঠে

তোমার হাসির ইশারাতে।

দখিনহাওয়া দিশাহারা

আমার ফুলের গদ্ধে মাতে।

শুল্র, তুমি করলে বিলোল

আমার প্রাণে রঙের হিলোল,

মর্মরিত মর্ম আমার

জড়ায় তোমার হাসির জালে।

রাজা। সব তো ব্ঝল্ম। আকাশ থেকে চাঁদ দেখছি পৃথিবীর হৃদয়কে দোলা লাগিয়েছে। কিন্তু ওঁকে পৃথিবীতে নামিয়ে এনে কষে দোলা না দিতে পারলে তো জবাব দেওয়া হয় না। তার কী করলে।

কবি। তার তো ব্যবস্থা হয়েছে মহারাজ। আমাদের নদীর ঢেউ আছে তো, সেদিকে চেয়ে দেখো না। চাঁদ টলোমলো।

ननी

কে দেবে চাঁদ তোমায় দোলা।
আপন আলোর স্থপন-মাঝে বিভোল ভোলা।
কেবল তোমার চোখের চাওয়ায়
দোলা দিলে হাওয়ায় হাওয়ায়,
বনে বনে দোল জাগাল
ভই চাহনি তুফানতোলা।
আজ মানসের সরোবরে
কোন্ মাধুরীর কমলকানন
দোলাও তুমি ঢেউয়ের 'পরে।
তোমার হাসির আভাস লেগে
বিশ্বদোলন দোলার বেগে
উঠল জেগে আমার গানের
কল্লোলিনী কলবোলা।

রাজা। এবার ওই কে আদে। কবি। বলব না। চিনতে পারেন কিনা দেখতে চাই

দখিনহাওয়া

শুকনো পাতা কে যে ছড়ায় ওই দ্রে
উদাসকরা কোন্ স্থরে।

যরছাড়া ওই কে বৈরাগী
জানি না যে কাহার লাগি
ক্ষণে ক্ষণে শৃক্ত বনে যায় ঘুরে।

চিনি চিনি হেন ওরে হয় মনে,

ফিরে ফিরে যেন দেখা ওর সনে।

ছদাবেশে কেন খেল,
জীর্ণ এ বাস ফেলো ফেলো,
প্রকাশ করো চিরন্তন বয়ুরে।

রাজা। ওহে কবি, তোমার এ পালাটা কী রকম করে তুলেছ। বরযাত্রীরই ভিড়, বর কোথায়। তোমার ঋতুরাজ কই।

কবি। ওই যে, এই থানিক আগে দেখলেন।

রাজা। ওই জীর্ণ বসন প'রে শুকনো পাতা ছড়িয়ে বেড়াচ্ছে ? ওতে তো নবীনের রূপ দেখলুম না। ও তো মৃতিমান পুরাতন।

কবি। তবে তো চিনতে পারেন নি, ঠকেছেন। আমাদের ঋতুরাজের যে গায়ের কাপড়খানা আছে, তার এক পিঠে নৃতন, এক পিঠে পুরাতন। যখন উলটে পরেন তখন দেখি শুকনো পাতা, ঝরা ফুল; আবার যখন পালটে নেন তখন সকালবেলার মিলিকা, সন্ধাবেলার মালতী,— তখন ফাল্পনের আম্রমঞ্জরি, চৈত্রের কনকটাপা। উনি একই মাহুষ নৃতনপুরাতনের মধ্যে লুকোচুরি করে বেড়াচ্ছেন।

রাজা। তাহলে নবীন মৃতিটা একবার দেখিয়ে দাও। আর দেরি কেন। কবি। ওই-যে এসেছেন। পথিকবেশে, নৃতনপুরাতনের মাঝখানকার নিত্যযাতায়াতের পথে।

রাজা। তোমার পলাতকা বৃঝি পথে-পথেই থাকেন ? কবি। হাঁ, উনি বাস্ক্রছাড়ার দলপতি, আমি ওঁরই গানের তলপি বয়ে বেড়াই।

গান

পানগুলি মোর শৈবালেরি দল—
ওরা বস্থাধারায় পথ যে হারায়
উদ্দাম চঞ্চল।
ওরা কেনই আসে যায় বা চ'লে,
অকারণের হাওয়ায় দোলে,
চিহ্ন কিছুই যায় না রেখে,
পায় না কোনো ফল।

ওদের সাধন তো নাই—
কিছু সাধন তো নাই;
ওদের বাঁধন তো নাই—
কোনো বাঁধন তো নাই।
উদাস ওরা উদাস করে
গৃহহারা পথের স্বরে,
ভূলে-যাওয়ার স্রোতের 'পরে
করে টলমল।

রাজা। আর দেরি নয়, কবি। ওই দেখো, মন্ত্রণাদভা থেকে অর্থসচিব এসেছে। রাজকোষের কথা পাড়বার পূর্বেই ঋতুরাজের আসর জমাও।

মাধবী মালতী ইত্যাদি

তোমার বাদ কোথা-যে পথিক ওগো,
দেশে কি বিদেশে।
তুমি হৃদয়-পূর্ণ-করা, ওগো
তুমিই দর্বনেশে।

ঋতুরাজ

আমার বাস কোথা-যে জ্ঞান নাকি, ভ্রধাতে হয় সে কথা কি, ভ্রমাধ্বী, ও মালতী।

त्रवीत्य-ब्रांग्यावनी

याथवी यामछी हेजामि

হয়তো জানি, হয়তো জানি, হয়তো জানি নে,
মোদের বলে দেবে কে সে।
মনে করি আমার তুমি,
বুঝি নগু আমার।
বলো বলো বলো পথিক,
বলো তুমি কার।

ঋতুরাজ

আমি তারি যে আমারে যেমনি দেখে চিনতে পারে ও মাধবী, ও মালতী।

মাধবী মালতী ইত্যাদি

হয়তো চিনি, হয়তো চিনি নে,

মোদের বলে দেবে কে সে।

বনপথ

আজ দখিনবাতাসে নাম-না-জানা কোন্ বনফুল ফুটল বনের ঘাসে।

ঋতুরাজ

ও মোর পথের সাথী, পথে পথে গোপনে যায় আসে।

বনপথ

কৃষ্ণ ছোমার শালার মাঝে,

শিরীষ তোমার ভরবে সাজি— ফুটেছে সেই আশে।

ঋতুরাজ

এ মোর পথের বাঁশির স্থরে স্থরে লুকিয়ে কাঁদে হালে।

বনপথ

ওরে দেখ বা নাই দেখ, ওরে

যাও বা না-যাও ভূলে।
ওরে নাই-বা দিলে দোলা, ওরে

নাই-বা নিলে তুলে।
সভায় তোমার ও কেহ নয়,
ওর সাথে নেই ঘরের প্রণয়,
যাওয়া-আসার আভাস নিয়ে
রয়েছে একপাশে।

ঋতুরাজ

ওগো ওর সাথে মোর প্রাণের কথা নিশ্বাদে নিশ্বাদে।

রাজা। খুব জমেছে, কবি। স্থরের দোলায় চাঁদকে হলিয়েছ। ওই দেখো-না, আমার অর্থসচিবস্থদ্ধ হলছে।

কবি। এবার সময় হয়েছে।

রাজা। কিনের সময়।

কবি। ঋতুরাজের যাবার সময়।

রাজা। আমাদের অর্থসচিবকে চোখে পড়েছে নাকি।

কবি। বলেইছি তো, পূর্ণ থেকে রিক্ত, রিক্ত থেকে পূর্ণ, এরই মধ্যে ওঁর আনাগোনা। বাঁধন পরা, বাঁধন খোলা, এও যেমন এক খেলা, ওও তেমনি এক খেলা। রাজা। আমি কিন্তু ওই পূর্ণ হওয়ার খেলাটাই পছন্দ করি। কবি। যথার্থ পূর্ণ হয়ে উঠলে রিক্ত হওয়ার খেলায় ভয় থাকে না। রাজা। বোধ হচ্ছে যেন এখনি উপদেশ দিতে শুরু করবে। কবি। আচ্ছা তাহলে আবার গান শুরু হ'ক।

ঋতুরাজ

এখন আমার সময় হল,
যাবার ত্য়ার থোলো খোলো।
হল দেখা, হল মেলা,
আলোছায়ায় হল খেলা,
স্থান-যে সে ভোলো ভোলো।
আকাশ ভরে দ্রের গানে,
অলথ দেশে হাদয় টানে।
ওগো হুদ্র, ওগো মধুর,
পথ বলে দাও পরানবঁধুর,
সব আবরণ ভোলো ভোলো।

মাধ্বী

বিদায় যখন চাইবে তুমি দক্ষিণসমীরে,
তোমায় ডাকব না তো ফিরে।
করব তোমায় কী সন্তাষণ।
কোথায় তোমার পাতব আদন
পাতাঝরা কুস্থমঝরা নিকৃপ্ণকৃটিরে।
তুমি আপ নি ষখন আদ তখন
আপ নি কর ঠাই,
আপ নি কুস্থম ফোটাও, মোরা
তাই দিয়ে সাজাই।
তুমি যখন যাও, চলে যাও,
সব আয়োজন হয়-যে উধাও,
গান ঘুচে যায়, রং মৃছে যায়,
তাকাই জ্ঞানীরে।

ঋতুরাজ

ডাক পড়েছে কোন্খানে এবেলা ক্লান্ত কণের শেষ গানে। ফাগুনের স্তব্ধ বীণার তারে তারে, সেখানে স্থরের খেলা ডুবসাঁতারে, চোখ মেলে যার পাই নে দেখা সেখানে তাহারে মন জানে গো, মন জানে। মন খেতে চায় কোন্থানে এবেলা নিরালায় नुश्र পথের मक्तांत। মিলনদিনের ভোলা হাসি সেখানে नुकिएम वाकाम कक्ष वाका, সেখানে ষে-কথাটি হয় না বলা সে কথা রয় কানে গো, রয় কানে।

বুমকোলতা

না, যেয়ো না, যেয়ো নাকো।
মিলনপিয়াসী মোরা,
কথা রাখো, কথা রাখো।
আজো বকুল আপনহারা, হায় রে,
ফুল ফোটানো হয় নি সারা,
সাজি ভরে নি,
পথিক ওগো, থাকো থাকো।
চাঁদের চোথে জাগে নেশা,
তার আলো— গানে গদ্ধে মেশা।
দেখো চেয়ে কোন্ বেদনায় হায় রে,
মিল্লকা ওই যায় চলে যায়
অভিমানিনী।
পথিক, তারে ডাকো ডাকো।

आकन्म

ধুতুরা

আজ খেলাভাঙার খেলা খেলবি আয়।

স্থের বাসা ভেঙে ফেলবি আয়।

মিলনমালার আজ বাঁধন তো টুটবে,

ফাগুনদিনের আজ স্থপন তো ছুটবে,

উধাও মনের পাথা মেলবি আয়।

অস্তগিরির ওই শিথরচুড়ে

ঝড়ের মেন্সের আজ ধ্বজা উড়ে।

কালবৈশাখীর হবে-যে নাচন,

সাথে নাচুক ভোর মরণবাঁচন,

হাসিকাঁদন পায়ে ঠেলবি আয়।

জবা

ভয় করব না রে বিদায়বেদনারে। ভাপন হধা দিয়ে
ভরে দেব তারে।
চোথের জলে সে-যে নবীন র'বে,
ধ্যানের মণিমালায় গাঁথা হবে,
পরব বুকের হারে।
নয়ন হতে তুমি আসবে প্রাণে,
মিলবে তোমার বাণী আমার গানে।
বিরহব্যথায় বিধুর দিনে
তুথের আলোয় তোমায় নেব চিনে,
এ মোর সাধনা রে।

जक्रन

তরে পথিক, তরে প্রেমিক,
বিচ্ছেদে তোর থগুমিলন পূর্ণ হবে।
আয় রে সবে
প্রলয়গানের মহোৎসবে।
তাত্তবে ওই তপ্ত হাওয়ায় ঘূর্ণি লাগায়,
মন্ত ঈশান বাজায় বিষাণ শঙ্কা জাগায়,
ঝংকারিয়া উঠল আকাশ ঝঞ্চারবে।
আয় রে সবে
প্রলয়গানের মহোৎসবে।

রাজা। আমার মন্ত্রণাসভার দশা করলে কী। সব মন্ত্রী-যে এথানে এসে জুটেছে। ওই দেখো, আমার অর্থসচিবস্থদ্ধ-যে নাচতে শুরু করে দিলে। বড়ো লঘু হয়ে পড়ছেন না?

কবি। ওঁর-ষে থলি শৃশ্ব হয়ে গেছে, তাই নাচে টেনেছে। বোঝা ভারি থাকলে গৌরবে নড়তে পারতেন না। আজু আমাদের অগৌরবের উৎসব।

बाका। बाक्रशीवव ?

কবি। সেওটি কল না। তাই তো ঋতুরাজ আজ রাজবেশ খদিয়ে দিয়ে বৈরাগী হয়ে বেরিয়ে চলেছেন। এবার ধরণীতে তপস্থার দিন এসেছে, অর্থসচিবদের হাতে কাজ থাকবে না।

ভাঙনধরার ছিন্ন-করার করু নাটে

যখন সকল ছন্দ বিকল, বন্ধ কাটে,

মৃক্তিপাগল বৈরাগীদের চিন্ততলে
প্রেমসাধনার হোমহতাশন জলবে তবে।

তরে পথিক, ভরে প্রেমিক,

সব আশাজাল যায় রে যখন উড়ে পুড়ে
আশার অতীত দাঁড়ায় তখন ভুবন জুড়ে,

তন্ধ বাণী নীরব স্থরে কথা কবে।

আয় রে সবে
প্রলয়গানের মহোৎসবে।

রক্তকরবী

নাট্যপরিচয়

এই নাটকটি সভামূলক। এর ঘটনাটি কোথাও ঘটেছে কিনা ঐতিহাসিকের 'পরে ভার প্রমাণসংগ্রহের ভার দিলে পাঠকদের বঞ্চিত হতে হবে। এইটুকু বললেই যথেষ্ট যে কবির জ্ঞানবিশ্বাস-মতে এটি সম্পূর্ণ সভ্য।

ঘটনাস্থানটির প্রকৃত নামটি কী সে-সম্বন্ধে ভৌগোলিকদের মতভেদ থাকা সম্ভব। কিন্তু সকলেই জানেন এর ডাকনাম যক্ষপুরী। পণ্ডিতরা বলেন, পৌরাণিক যক্ষপুরীতে ধনদেবতা কুবেরের ম্বর্ণসিংহাসন। কিন্তু এ-নাটকটি একেবারেই পৌরাণিক কালের নয়, একে রূপকও বলা যায় না। যে-জায়গাটার কথা হচ্ছে সেখানে মাটির নীচে যক্ষের ধন পোঁতা আছে। তাই সন্ধান পেয়ে পাতালে স্বভৃঙ্গ-খোদাই চলছে, এইজন্মেই লোকে আদর ক'রে একে যক্ষপুরী নাম দিয়েছে। এই নাটকে এখানকার স্বভৃঙ্গ-খোদাইকরদের সঙ্গে যথাকালে আমাদের পরিচয় হবে।

যক্ষপুরীর রাজার প্রকৃত নাম সম্বন্ধে ঐতিহাসিকদের মধ্যে মতের ঐক্য কেউ প্রত্যাশা করে না। এইটুকু জানি যে, এর একটি ডাকনাম আছে— মকররাজ। যথাসময়ে লোকমুখে এই নামকরণের কারণ বোঝা যাবে।

রাজমহলের বাহির-দেয়ালে একটি জালের জানলা আছে। সেই জালের আড়াল থেকে মকররাজ তাঁর ইচ্ছামতো পরিমাণে মানুষের সঙ্গে দেখাশোনা করে থাকেন। কেন তাঁর এমনতরো অন্তুত ব্যবহার তা নিয়ে নাটকের পাত্রগণ যেটুকু আলাপ আলোচনা করেছেন তার বেশি আমরা কিছু জানি নে।

এই রাজ্যের যাঁরা সর্দার তাঁরা যোগ্য লোক এবং যাকে বলে বহুদর্শী। রাজার তাঁরা অন্তরঙ্গ পার্ষদ। তাঁদের সতর্ক ব্যবস্থাগুণে খোদাইকরদের কাজের মধ্যে ফাঁক পড়তে পায় না এবং যক্ষপুরীর নিরন্তর উন্নতি হতে থাকে। এখানকার মোড়লরা একসময়ে খোদাইকর ছিল, নিজ্ঞুণে তাদের পদবৃদ্ধি এবং উপাধিলাভ ঘটেছে। কর্মনিষ্ঠতায় তারা অনেক বিষয়ে সদারদের ছাড়িয়ে যায়। যক্ষপুরীর বিধিবিধানকে যদি কবির ভাষায় পূর্ণচন্দ্র বলা যায়, তবে তার কলক্ষবিভাগের ভারটাই প্রধানত মোড়লদের 'পরে।

এছাড়া একজন গোঁসাইজি আছেন, তিনি নামগ্রহণ করেন ভগবানের কিন্তু অন্নগ্রহণ করেন সর্দারের। তাঁর দ্বারা যক্ষপুরীর অনেক উপকার ঘটে।

জেলেদের জালে দৈবাং মাঝে-মাঝে অথাগুজাতের জলচর জীব আটকা পড়ে। তাদের দ্বারা পেটভরা বা টাঁাকভরার কাজ তো হয়ই না, মাঝের থেকে তারা জাল ছিঁড়ে দিয়ে যায়। এই নাট্যের ঘটনাজালের মধ্যে নন্দিনী নামক একটি কন্মা ভেমনিভাবে এসে পড়েছে। মকররাজ যে-বেড়ার আড়ালে থাকেন, সেইটেকে এই মেয়ে টিঁকতে দেয় না বুঝি।

নাটকের আরস্থেই রাজার জালের জানলার বাহির-বারান্দায় এই কন্যাটির সঙ্গে দেখা হবে। জানলাটি যে কি-রকম তা সুস্পষ্ট করে বর্ণনা করা অসম্ভব। যারা তার কারিগর তারাই তার কলাকৌশল বোঝে।

নাট্যঘটনার যতটুকু আমরা দেখতে পাচ্ছি, তার সমস্তটাই এই রাজমহলের জালের জানলার বাহির-বারান্দায়। ভিতরে কী হচ্ছে, তার অতি অল্লই আমরা জানতে পাই।

इक्क इरी

এই নাট্যব্যাপার যে-নগরকে আশ্রয় করিয়া আছে তাহার নাম যক্ষপুরী। এখানকার শ্রমিকদল মাটির তলা হইতে সোনা তুলিবার কাজে নিযুক্ত। এখানকার রাজা একটা অত্যন্ত জটিল আবরণের আড়ালে বাস করে। প্রাসাদের সেই জালের আবরণ এই নাটকের একটিমাত্র দৃশু। সেই আবরণের বহির্ভাগে সমস্ত ঘটনা

নন্দিনী ও কিশোর, সুড়ঙ্গ-খোদাইকর বালক

किएगात्र। निसनी, निसनी, निसनी!

নন্দিনী। আমাকে এত করে ডাকিস কেন, কিশোর। আমি কি শুনতে পাইনে।

কিশোর। শুনতে পাস জানি, কিন্তু আমার-যে ডাকতে ভালো লাগে। আর ফুল চাই তোমার ? তাহলে আনতে যাই।

निमनी। या या, এथनि कां एक किंद्र या, एमति कतिम तन।

কিশোর। সমস্তদিন তো কেবল সোনার তাল খুঁড়ে আনি, তার মধ্যে একটু সময় চুরি করে তোর জন্মে ফুল খুঁজে আনতে পারলে বেঁচে যাই।

নন্দিনী। ওরে কিশোর, জানতে পারলে-যে ওরা শান্তি দেবে।

কিশোর। তুমি-যে বলেছিলে, রক্তকরবী তোমার চাই-ই চাই। আমার আনন্দ এই ষে, রক্তকরবী এখানে সহজে মেলে না। অনেক খুঁজেপেতে একজায়গায় জন্তালের পিছনে একটিমাত্র গাছ পেয়েছি।

নিদিনী। আমাকে দেখিয়ে দে, আমি নিজে গিয়ে ফুল তুলে আনব।

কিশোর। অমন কথা বোলো না। নন্দিনী, নিষ্ঠুর হয়ো না। ওই গাছটি থাক্ আমার একটিমাত্র গোপন কথার মতো। বিশু তোমাকে গান শোনায়, সে তার নিজের গান। এখন থেকে তোমাকে আমি ফুল জোগাব, এ আমারই নিজের ফুল। নন্দিনী। কিন্তু এখানকার জানোয়াররা তোকে শান্তি দেয়, আমার-যে বুক ফেটে

কিশোর। সেই ব্যথায় আমার ফুল আরো বেশি করে আমারই হয়ে ফোটে। তরা হয় আমার তঃখের ধন।

निमनी। किन्छ তোদের এ ছ: খ আমি সইব কী করে।

কিশোর। কিসের ছংখ। একদিন তোর জন্মে প্রাণ দেব নন্দিনী, এই কথা কতবার মনে-মনে ভাবি।

নন্দিনী। তুই তো আমাকে এত দিলি, তোকে আমি কী ফিরিয়ে দেব বল্ তো, কিশোর।

কিশোর। এই সত্যটি কর্ নন্দিনী, আমার হাত থেকেই রোজ সকালে ফুল নিবি।

নন্দিনী। আচ্ছা, তাই সই। কিন্তু তুই একটু সামলে চলিস।

কিশোর। না, আমি সামলে চলব না, চলব না। ওদের মারের মুখের উপর দিয়েই রোজ তোমাকে ফুল এনে দেব।

অধ্যাপকের প্রবেশ

ष्यां भक। निक्नी! (यात्रा ना, कित्र हां ।

निमनी। की व्यशापक।

অধ্যাপক। ক্ষণে ক্ষণে অমন চমক লাগিয়ে দিয়ে চলে যাও কেন। যখন মনটাকে নাড়া দিয়েই যাও তথন না-হয় সাড়া দিয়েই বা গেলে। একটু দাড়াও, হুটো কথা বলি।

নিদ্নী। আমাকে তোমার কিসের দরকার।

অধ্যাপক। দরকারের কথা যদি বললে, ওই চেয়ে দেখো। আমাদের খোদাইকরের দল পৃথিবীর বুক চিরে দরকারের-বোঝা-মাথায় কীটের মতো স্লড় দর ভিতর থেকে উপরে উঠে আসছে। এই যক্ষপুরে আমাদের যা-কিছু ধন সব ওই ধুলোর নাড়ির ধন— সোনা। কিছু স্থানরী, তুমি যে-সোনা সে তো ধুলোর নয়, সে-যে আলোর। দরকারের বাঁধনে তাকে কে বাঁধবে।

নন্দিনী। বারে বারে ওই একই কথা বল। আমাকে দেখে ভোমার এত বিশ্বয় কিসের অধ্যাপক। অধ্যাপক। সকালে ফুলের বনে যে আলো আসে তাতে বিশায় নেই, কিন্তু পাক। দেয়ালের ফাটল দিয়ে যে আলো আসে সে আর-এক কথা। যক্ষপুরে তুমি সেই আচমকা আলো। তুমিই বা এখানকার কথা কী ভাবছ বলো দেখি।

নন্দিনী। অবাক হয়ে দেখছি, সমন্ত শহর মাটির তলাটার মধ্যে মাধা চুকিয়ে দিয়ে অন্ধলার হাতড়ে বেড়াচ্ছে। পাতালে স্থড়ক খুদে তোমরা যক্ষের ধন বের করে করে আনছ। দে যে অনেক যুগের মরা ধন, পৃথিবী তাকে করে দিয়ে রেখেছিল।

অধ্যাপক। আমরা-যে সেই মরা ধনের শবসাধনা করি। তার প্রেডক্ষে বশ করতে চাই। সোনার তালের তালবেতালকে বাঁধতে পারলে পৃথিধীকে পাব মুঠোর মধ্যে।

নন্দিনী। তার পরে আবার, তোমাদের রাজাকে এই একটা অন্তুত জালের দেয়ালের আড়ালে ঢাকা দিয়ে রেখেছ, দে-যে মামুষ পাছে দে-কথা ধরা পড়ে। তোমাদের ওই স্কুন্দের অন্ধকার ডালাটা খুলে ফেলে তার মধ্যে আলো ঢেলে দিতে ইচ্ছে করে, তেমনি ইচ্ছে করে ওই বিশ্রী জালটাকে ছিঁড়ে ফেলে মামুষটাকে উদ্ধার করি।

অধ্যাপক। আমাদের মরা ধনের প্রেতের যেমন ভয়ংকর শক্তি, আমাদের মাছ্য-হাঁকা রাজারও তেমনি ভয়ংকর প্রতাপ।

নন্দিনী। এ-সব তোমাদের বানিয়ে-তোলা কথা।

অধ্যাপক। বানিয়ে-তোলাই তো। উলব্দের কোনো পরিচয় নেই, বানিয়ে-তোলা কাপড়েই কেউ-বা রাজা, কেউ-বা ভিশ্বিরী। এলো আমার ঘরে। তোমাকে তর্ত্বকা বুঝিয়ে দিতে বড়ো আনন্দ হয়।

নন্দিনী। তোমাদের খোদাইকর যেমন খনি খুদে খুদে মাটির মধ্যে তলিয়ে চলেছে, তুমিও তো তেমনি দিনরাত পুঁথির মধ্যে পর্ত খুঁড়েই চলেছ। আমাকে নিয়ে সময়ের বাজে ধরচ করবে কেন।

অধ্যাপক। আমরা নিরেট নিরবকাশ-গর্তের পতক, ঘন কাজের মধ্যে সেঁধিয়ে আছি; তুমি ফাঁকা সময়ের আকাশে সন্ধ্যাতারাটি, তোমাকে দেখে আমাদের ডানা চঞ্চল হয়ে ওঠে। এসো আমার ঘরে, তোমাকে নিয়ে একটু সময় নষ্ট করতে দাও।

নন্দিনী। না না, এখন না। আমি এসেছি ভোমাদের রাজাকে তার ঘরের মধ্যে গিয়ে দেখব।

অধ্যাপক। সে থাকে জালের আড়ালে, ঘরের মধ্যে চুকতে দেবে না।

নিশনী। আমি জালের বাধা মানি নে, আমি অসেছি ঘরের মধ্যে চুকতে।

অধ্যাপক। জান নন্দিনী, আমিও আছি একটা জালের পিছনে? মাসুষের অনেকথানি বাদ দিয়ে পণ্ডিভটুকু জেগে আছে। আমাদের রাজা বেমন ভয়ংকর, আমিও তেমনি ভয়ংকর পণ্ডিভ।

নিদনী। আমার সঙ্গে ঠাট্টা করছ তুমি। তোমাকে তো ভয়ংকর ঠেকে না। একটা কথা জিজ্ঞাদা করি, এরা আমাকে এখানে নিয়ে এল, রঞ্জনকে সঙ্গে আনলে না কেন।

অধ্যাপক। সব জিনিসকে টুকরো করে আনাই এদের পদ্ধতি। কিন্তু তাও বলি, এখানকার মরা ধনের মাঝখানে তোমার প্রাণের ধনকে কেন আনতে চাও।

নন্দিনী। আমার রঞ্জনকে এখানে আনলে এদের মরা পাঁজরের ভিতর প্রাণ নেচে উঠবে।

অধ্যাপক। একা নন্দিনীকে নিয়েই যক্ষপুরীর সর্দাররা হতবৃদ্ধি হয়ে গেছে, রঞ্জনকে আনলে তাদের হবে কী।

নন্দিনী। গুরা জানে না গুরা কী অন্তুত। গুদের মাঝখানে বিধাতা যদি খুব একটা হাদি হেদে গুঠেন, তাহলেই গুদের চটকা ভেঙে যেতে পারে। রঞ্জন বিধাতার সেই হাদি।

অধ্যাপক। দেবতার হাসি স্থের আলো, তাতে বরফ গলে, কিন্তু পাথর টলে না। আমাদের সদারদের টলাতে গেলে গায়ের জোর চাই।

নন্দিনী। আমার রঞ্জনের জোর তোমাদের শন্ধিনীনদীর মতো। ওই নদীর মতোই দে যেমন হাসতেও পারে তেমনি ভাঙতেও পারে। অধ্যাপক, তোমাকে আমার আজকের দিনের একটি গোপন খবর দিই। আজ রঞ্জনের সঙ্গে আমার দেখা হবে।

অধ্যাপক। জানলে কী করে।

निमनी। इरव इरव, रमशे इरव। अवत्र अरम्रहि।

व्यक्षां शक । भनीत्वत्र किथ अफ़िस्म कोन् भेष मिस्म थेवत्र व्यामत्त ।

নন্দিনী। যে-পথে বসস্ত আদবার থবর আদে সেই পথ দিয়ে। তাতে লেগে আছে আকাশের রঙ, বাতাসের লীলা।

অধ্যাপক। তার মানে, আকাশের রঙে বাতাদের লীলায় উড়ো থবর এসেছে।

নন্দিনী। যথন রঞ্জন আসবে তথন দেখিয়ে দেব উড়ো থবর কেমন করে মাটিতে এসে পৌছল।

व्यक्षां अक । वश्चत्वत्र कथा डिर्राल निमनीत मूथ व्यात्र थामण्ड हांत्र ना । थांक्रा,

আমার তো আছে বস্তুতত্ত্বিতা, তার গহ্বরের মধ্যে চুকে পড়িগে, আর সাহস হচ্ছে না। (খানিকটা গিয়ে ফিরে এসে) নন্দিনী, একটা কথা তোমাকে জিজ্ঞাসা করি, যক্ষপুরীকে তোমার ভয় করছে না?

निमनी। ज्य कत्राव क्वन।

অধ্যাপক। গ্রহণের স্থাকে জন্তবা ভয় করে, পূর্ণ স্থাকে ভয় করে না। যক্ষপ্রী গ্রহণলাগা প্রী। সোনার গর্ভের রাহুতে ওকে থাবলে থেয়েছে। ও নিজে আন্ত নয়, কাউকে আন্ত রাখতে চায় না। আমি তোমাকে বলছি, এখানে থেকো না। তুমি চলে গেলে ওই গর্ভগুলো আমাদের সামনে আরো হাঁ করে উঠবে; তর্ বলছি, পালাও। যেখানকার লোকে দস্তাবৃত্তি ক'রে মা বস্তব্দরার আঁচলকে টুকরো টুকরো করে ছেঁড়ে না, সেইখানে রন্ধনকে নিয়ে স্থথে থাকোগে। (কিছুদ্র গিয়ে ফিরে এসে) নন্দিনী, তোমার ডান হাতে ওই যে রক্তকরবীর কন্ধণ, ওর থেকে একটি ফুল থসিয়ে দেবে?

निमनी। द्या, की क्रवर ठूमि।

অধ্যাপক। কতবার ভেবেছি, তুমি যে রক্তকরবীর আভরণ পর, তার একটা কিছু মানে আছে।

নিশনী। আমি তো জানি নে কী মানে।

অধ্যাপক। হয়তো তোমার ভাগ্যপুরুষ জানে। এই রক্ত-আভায় একটা ভয়-লাগানো রহস্থ আছে, শুধু মাধুর্য নয়।

নন্দিনী। আমার মধ্যে ভয় ?

অধ্যাপক। স্থলরের হাতে রক্তের তুলি দিয়েছে বিধাতা। জানি নে, রাঙা রঙে তুমি কী লিখন লিখতে এসেছ। মালতী ছিল, মল্লিকা ছিল, ছিল চামেলি; সব বাদ দিয়ে এ-ফুল কেন বেছে নিলে। জান, মাসুষ না জেনে অমনি করে নিজের ভাগ্য বেছে নেয়?

নন্দিনী। রঞ্জন আমাকে কখনো কখনো আদর ক'রে বলে রক্তকরবী। জানি নে আমার কেমন মনে হয়, আমার রঞ্জনের ভালোবাসার রঙ রাঙা, সেই রঙ গলায় পরেছি, বুকে পরেছি, হাতে পরেছি।

অধ্যাপক। তা আমাকে ওর একটি ফুল দাও, শুধু ক্ষণকালের দান, ওর রঙের তথ্যট বোঝবার চেষ্টা করি।

নন্দিনী। এই নাও। আজ রঞ্জন আসবে, সেই আনন্দে এই ফুলটি ভোমাকে দিলুম।

অধ্যাপকের প্রস্থান

সুড়ঙ্গ-খোদাইকর গোকুলের প্রবেশ

গোকুল। একবার মৃথ ফেরাও তো দেখি।— তোমাকে ব্রতেই পারলুম না। তুমি কে।

নন্দিনী। আমাকে যা দেখছ তা ছাড়া আমি কিছুই না। বোঝবার তোমার দরকার কী।

গোকুল। না বুঝলে ভালো ঠেকে না। এখানে তোমাকে রাজা কোন্ কাজের প্রয়োজনে এনেছে।

निमनी। जकारकत श्राक्षांकान।

গোকুল। একটা কী মন্তর তোমার আছে। ফাঁদে ফেলেছ স্বাইকে। স্বনাশী তুমি। তোমার ওই স্থন্দর ম্থ দেখে যারা ভূলবে তারা মরবে। দেখি দেখি, সিঁথিতে তোমার ওই কী ঝুলছে।

निमनी। त्रक्रकत्रवीत्र मक्षति।

গোকুল। ওর মানে কী।

निमनी। अंद्र कांना मान्हें तहे।

গোকুল। আমি কিচ্ছু তোমাকে বিশ্বাস করি নে। একটা কী ফন্দি করেছ। আজ দিন না যেতেই একটা-কিছু বিপদ ঘটাবে। তাই এত সাজ। ভয়ংকরী, ওরে ভয়ংকরী।

নন্দিনী। আমাকে দেখে তোমার এমন ভয়ংকর মনে হচ্ছে কেন।

গোকুল। দেথে মনে হচ্ছে, তুমি রাঙা আলোর মশাল। যাই, নির্বোধদের ব্ঝিয়ে বলিগে, 'সাবধান, সাবধান।'

নন্দিনী। (জালের দরজায় ঘা দিয়ে) শুনতে পাচ্ছ?

নেপথ্য। নন্দা, শুনতে পাচ্ছি। কিন্তু বারে বারে ডেকো না, আমার সময় নেই, একটুও না।

নন্দিনী। আজ থুশিতে আমার মন ভরে আছে। সেই খুশি নিয়ে তোমার ঘরের মধ্যে যেতে চাই।

त्निभर्या। ना, मरत्र मर्था ना, या वनर्ष्ठ रुप्त वाहरत्र त्थरक वर्ता।

নিশনী। কুঁদফুলের মালা গেঁথে পদ্মপাতায় ঢেকে এনেছি।

त्निर्पा । निष्म भरता।

নিশ্নী। আমাকে মানায় না, আমার মালা রক্তকরবীর।

নেপথ্যে। আমি পর্বতের চুড়ার মতো, শৃক্ততাই আমার শোভা।

নন্দিনী। সেই চূড়ার বৃকেও ঝরনা ঝরে, তোমার গলাতেও মালা তুলবে। জ্বাল খুলে দাও, ভিতরে যাব।

त्मिंपर्या। व्यामर्क रमव ना, की वनरव नीख वरना। समग्र रमहे।

নন্দিনী। দূর থেকে ওই গান শুনতে পাচ্ছ ?

নেপথ্যে। কিসের গান।

নন্দিনী। পৌষের গান। ফদল পেকেছে, কাটতে হবে, তারি ডাক।

গান

পৌষ তোদের ডাক দিয়েছে— আয় রে চলে, আয় আয় আয়। ডালা-যে তার ভরেছে আজ পাকা ফসলে, মরি, হায় হায় হায়।

দেখছ না, পৌষের রোদ্ধর পাকা ধানের লাবণ্য আকাশে মেলে দিচ্ছে ?
হাওয়ার নেশায় উঠল মেতে
দিগ্বধ্রা ধানের খেতে,
রোদের সোনা ছড়িয়ে পড়ে মাটির আঁচলে—
মরি, হায় হায় ।

তুমিও বেরিয়ে এদো রাজা, তোমাকে মাঠে নিয়ে যাই।
মাঠের বাঁশি শুনে শুনে আকাশ খুশী হল,—
ঘরেতে আজ কে রবে গো। খোলো হুয়ার খোলো।

নেপথ্য। আমি মাঠে যাব ? কোন্ কাজে লাগব।

নন্দিনী। মাঠের কাজ তোমার যক্ষপুরীর কাজের চেয়ে অনেক সহজ।

নেপথ্যে। সহজ কাজটাই আমার কাছে শক্ত। সরোবর কি ফেনার-নৃপুর-পরা ঝরনার মতো নাচতে পারে। যাও যাও, আর কথা কয়ো না, সময় নেই।

নন্দিনী। অডুত তোমার শক্তি। যেদিন আমাকে তোমার ভাণ্ডারে চুকতে দিয়েছিলে, তোমার সোনার তাল দেখে কিছু আশ্চর্য ছই নি, কিছু যে বিপুল শক্তি দিয়ে অনায়াদে সেইগুলোকে নিয়ে চুড়ো করে সাজাচ্ছিলে, তাই দেখে মুগ্ধ ছয়েছিসুম।

তব্ বলি, সোনার পিণ্ড কি তোমার ওই হাতের আশ্চর্ষ ছন্দে সাড়া দেয়, বৈষন সাড়া দিতে পারে ধানের খেত। আচ্ছা রাজা, বলো তো, পৃথিবীর এই মরা ধন দিনরাত নাড়াচাড়া করতে তোমার ভয় হয় না ?

নেপথ্যে। কেন, ভয় কিসের।

নন্দিনী। পৃথিবী আপনার প্রাণের জিনিস আপনি খুশী হয়ে দেয়। কিছ যখন তার বুক চিরে মরা হাড়গুলোকে ঐশ্বর্য ব'লে ছিনিয়ে নিয়ে আস, তখন অক্ককার থেকে একটা কানা রাক্ষসের অভিসম্পাত নিয়ে আস। দেখছ না, এখানে স্বাই ষেন কেমন রেগে আছে, কিয়া সন্দেহ করছে, কিয়া ভয় পাচ্ছে?

নেপথ্যে। অভিসম্পাত?

নন্দিনী। হাঁ, খুনোখুনি কাড়াকাড়ির অভিসম্পাত।

নেপথ্যে। শাপের কথা জানি নে। এ জানি যে আমরা শক্তি নিয়ে আসি। আমার শক্তিতে তুমি খুশী হও, নন্দিন ?

নন্দিনী। ভারি থুশি লাগে। তাই তো বলছি আলোতে বেরিয়ে এসো, মাটির উপর পা দাও, পৃথিবী খুশী হয়ে উঠুক।

আলোর খুশি উঠল জেগে
ধানের শিষে শিশির লেগে,
ধরার খুশি ধরে না গো, ওই-যে উথলে,
মরি, হায় হায় হায়।

নেপথ্য। নন্দিনী, তুমি কি জান, বিধাতা তোমাকেও রূপের মায়ার আড়ালে অপরূপ ক'রে রেখেছেন? তার মধ্যে থেকে ছিনিয়ে তোমাকে আমার মুঠোর ভিতর পেতে চাচ্ছি, কিছুতেই ধরতে পারছি নে। আমি তোমাকে উলটিয়ে পালটিয়ে দেখতে চাই, না পারি তো ভেঙেচুরে ফেলতে চাই।

নন্দিনী। ও কী বলছ তুমি।

নেপথ্যে। তোমার ওই রক্তকরবীর আভাটুকু ছেঁকে নিয়ে আমার চোখে অঞ্জন ক'রে পরতে পারি নে কেন। সামান্ত পাপড়িক'টা আঁচল চাপা দিয়ে বাধা দিয়েছে। তেমনি বাধা তোমার মধ্যে— কোমল ব'লেই কঠিন। আচ্ছা নন্দিনী, আমাকে কীমনে কর, খুলে বলো তো।

নন্দিনী। সে আরেক দিন বলব। আজ তো তোমার সময় নেই, আজ যাই। নেপথ্যে। না না, যেয়ো না, বলে যাও; আমাকে কী মনে কর বলো। নন্দিনী। কতবার বলেছি, তোমাকে মনে করি আশ্চর্য। প্রকাণ্ড হাতে প্রচণ্ড জোর ফুলে ফুলে উঠেছে, ঝড়ের আগেকার মেঘের মতো— দেখে আমার মন নাচে।

নেপথ্যে। রঞ্জনকে দেখে তোমার মন-যে নাচে, সেও কি—

নন্দিনী। সে কথা থাক্, তোমার তো সময় নেই।

নেপথ্যে। আছে সময়, শুধু এই কথাটি বলে যাও।

নন্দিনী। সে-নাচের তাল আলাদা, তুমি ব্রবে না।

নেপথ্যে। বুঝব। বুঝতে চাই।

নিশনী। সব কথা ঠিক ৰুঝিয়ে বলতে পারি নে, আমি যাই।

त्मिर्था । (यर्श ना, वर्ला जामारक তোमांत्र ভाला लार्श किना।

निमनी। रां, जाला नारा।

নেপথ্যে। রঞ্জনের মতোই ?

निमनी। पूरत-फिरत अकरे कथा। अ-मव कथा जूमि वांस ना।

নেপথ্যে। কিছু কিছু বৃঝি। আমি জানি রঞ্জনের সঙ্গে আমার তফাতটা কী। আমার মধ্যে কেবল জোরই আছে, রঞ্জনের মধ্যে আছে জাত্।

निमनी। आंध् रनष्ट् कांट्क।

নেপথ্যে। ব্ঝিয়ে বলব ? পৃথিবীর নিচের তলায় পিগু পিগু পাথর লোহা সোনা, সেইখানে রয়েছে জ্বোরের মৃতি। উপরের তলায় একটুখানি কাঁচা মাটতে ঘাস উঠছে, ফুল ফুটছে— সেইখানে রয়েছে জ্বাত্রর খেলা। তুর্গমের থেকে হীরে আনি, মানিক আনি; সহজের থেকে গুই প্রাণের জ্বাত্রুকু কেড়ে আনতে পারি নে।

নন্দিনী। তোমার এত আছে, তবু কেবলই অমন লোভীর মতো কথা বল কেন।

নেপথ্যে। আমার ষা আছে সব বোঝা হয়ে আছে। সোনাকে জমিয়ে তুলে তো পরশমণি হয় না,— শক্তি যতই বাড়াই যৌবনে পৌছল না। তাই পাহারা বসিয়ে তোমাকে বাঁধতে চাই; রঞ্জনের মতো যৌবন থাকলে ছাড়া রেথেই তোমাকে বাঁধতে পারতুম। এমনি ক'রে বাঁধনের রশিতে গাঁট দিতে দিতেই সময় গেল। হায় রে, আর-সব বাঁধা পড়ে, কেবল আনন্দ বাঁধা পড়ে না।

নন্দিনী। তুমি তো নিজেকেই জালে বেঁধেছ, তার পরে কেন এমন ছটফট করছ বুঝতে পারি নে।

নেপথ্য। ব্ৰতে পারবে না। আমি প্রকাণ্ড মক্বভূমি— তোমার মতো একটি

ছোট্ট ঘাসের দিকে হাত বাড়িয়ে বলছি, আমি তপ্ত, আমি রিক্ত, আমি ক্লান্ত। তৃষ্ণার দাহে এই মক্ষটা কত উর্বরা ভূমিকে লেহন করে নিয়েছে, তাতে মক্লর পরিসরই বাড়ছে; ওই একটুথানি তুর্বল ঘাসের মধ্যে যে-প্রাণ আছে তাকে আপন করতে পরিছে না।

নন্দিনী। তুমি-যে এত ক্লাস্ত তোমাকে দেখে তো তা মনেই হয় না। আমি তো তোমার মস্ত জোরটাই দেখতে পাচ্ছি।

নেপথা। নন্দিন, একদিন দ্রদেশে আমারই মতো একটা ক্লান্ত পাহাড় দেখেছিল্ম। বাইরে থেকে বৃঝতেই পারি নি তার সমস্ত পাথর ভিতরে ভিতরে ব্যথিয়ে উঠেছে। একদিন গভীর রাতে ভীষণ শব্দ শুনল্ম, যেন কোন্ দৈত্যের হংবপ্র শুমরে গুমরে হঠাৎ ভেঙে গেল। সকালে দেখি পাহাড়টা ভূমিকম্পের টানে মাটির নিচে তলিয়ে গেছে। শক্তির ভার নিজের অগোচরে কেমন ক'রে নিজেকে পিষে ফেলে, সেই পাহাড়টাকে দেখে তাই ব্ঝেছিল্ম। আর, তোমার মধ্যে একটা জিনিস দেখছি —সে এর উলটো।

निमनी। आभात मत्था की तम्थह।

নেপথ্যে। বিশ্বের বাঁশিতে নাচের যে-ছন্দ বাজে সেই ছন্দ।

निमनी। व्याप्ठ शांत्रम्य ना।

নেপথ্যে। সেই ছন্দে বস্তুর বিপুল ভার হালকা হয়ে যায়। সেই ছন্দে গ্রহনক্ষত্রের দল ভিথারী নটবালকের মতো আকাশে আকাশে নেচে বেড়াচ্ছে। সেই নাচের ছন্দেই নন্দিনী, তুমি এমন সহজ হয়েছ, এমন স্থন্দর। আমার তুলনায় তুমি কড়টুকু, তবু তোমাকে ঈর্ষা করি।

নন্দিনী। তুমি নিজেকে স্বার থেকে হরণ করে রেখে বঞ্চিত করেছ; সহজ হয়ে ধরা দাও না কেন।

নেপথ্য। নিজেকে গুপ্ত রেখে বিশ্বের বড়ো বড়ো মালখানার মোটা মোটা জিনিস চুরি করতে বসেছি। কিন্তু যে-দান বিধাতার হাতের মৃঠির মধ্যে ঢাকা, সেখানে তোমার টাপার কলির মতো আঙুলটি যতটুকু পৌছয়, আমার সমস্ত দেহের জোর তার কাছ দিয়ে যায় না। বিধাতার সেই বন্ধ মুঠো আমাকে খুলতেই হবে।

নিদানী। তোমার এ-সব কণা আমি ভালো ৰুঝতে পরি নে, আমি যাই।

নেপথো। আচ্ছা যেয়ো,— কিন্তু জানলার বাইরে এই হাত বাড়িয়ে দিচ্ছি, তোমার হাতথানি একবার এর উপর রাখো।

নন্দিনী। না না, তোমার স্বধানা বাদ দিয়ে হঠাৎ একখানা হাত বেরিয়ে এলে আমার ভয় করে।

নেপথো। কেবল একখানা হাত দিয়ে ধরতে চাই বলেই সবাই আমার কাছ থেকে পালিয়ে যায়। কিন্তু সব দিয়ে যদি তোমাকে ধরতে চাই, ধরা দেবে কি, নন্দিন।

নিম্দনী। তুমি তো আমাকে ঘরে যেতে দিলে না, তবে কেন এ-সব বলছ।

নেপথ্যে। আমার অনবকাশের উজান ঠেলে তোমাকে ঘরে আনতে চাই নে। যেদিন পালের হাওয়ায় তুমি অনায়াসে আসবে সেই দিন আগমনীর লগ্ন লাগবে। সে-হাওয়া যদি ঝড়ের হাওয়া হয় সেও ভালো। এখনো সময় হয় নি।

নন্দিনী। আমি তোমাকে বলছি রাজা, সেই পালের হাওয়া আনবে রঞ্জন। সে যেখানে যায় ছুটি সঙ্গে নিয়ে আসে।

নেপথ্যে। তোমার রঞ্জন যে-ছুটি বয়ে নিয়ে বেড়ায় সেই ছুটিকে রক্তকরবীর মধু দিয়ে ভরে রাখে কে, আমি কি জানি নে। নন্দিন, তুমি তো আমাকে ফাঁক। ছুটির থবর দিলে, মধু কোথায় পাব।

নন্দিনী। আজ আমি তবে যাই।

নেপথ্য। না, এই কথাটার জ্বাব দিয়ে যাও।

নন্দিনী। ছুটি কী ক'রে মধুতে ভরে, তার জবাব রঞ্জনকে চোখে দেখলেই পাবে। সে বড়ো স্থন্দর।

নেপথ্যে। স্থন্দরের জবাব স্থন্দরই পায়। অস্থন্দর যথন জবাব ছিনিয়ে নিতে চায়, বীণার তার বাজে না, ছিঁড়ে যায়। আর নয়, যাও তুমি চলে যাও— নইলে বিপদ ঘটবে।

নন্দিনী। যাচ্ছি, কিন্তু বলে গেলুম, আজ আমার রঞ্জন আসবে, আসবে, আসবে,— কিছুতে তাকে ঠেকাতে পারবে না।

ফাগুলাল খোদাইকর ও তার স্ত্রী চন্দ্রার প্রবেশ

ফাগুলাল। আমার মদ কোথায় লুকিয়েছ চন্দ্রা, বের করো। চন্দ্রা। ওকি কথা। সকাল থেকেই মদ?

ফাগুলাল। আজ ছুটির দিন। কাল ওদের মারণচণ্ডীর ব্রত গেছে। আজ ধ্বজাপুজা, সেই সঙ্গে অস্ত্রপুজা।

हका। वल-कि। खन्ना कि ठीकून्नरमवण भारत।

ফাগুলাল। দেখ নি ওদের মদের ভাঁড়ার, অন্তশালা **আর মন্দির একেবারে** গামে গামে?

চন্দ্রা। তা ছুটি পেয়েছ বলেই মদ? গাঁয়ে থাকতে পার্বণের ছুটিতে তো—
ফাগুলাল। বনের মধ্যে পাথি ছুটি পেলে উড়তে পায়, থাঁচার মধ্যে তাকে ছুটি
দিলে মাথা ঠুকে মরে। যক্ষপুরে কাজের চেয়ে ছুটি বিষম বালাই।

हक्ता। कांक इहए मांध-ना, हला-ना चरत्र किरत्।

काश्रमान। पदात्र त्रांचा वक, कान ना वृद्धि ?

চন্দ্র। কেন বন্ধ।

ফাগুলাল। আমাদের ঘর নিয়ে ওদের কোনো মৃনফা নেই।

চন্দ্র। আমরা কি ওদের দরকারের গায়ে আঁট ক'রে লাগানো, যেন ধানের গায়ে তুঁষ ? ফালতো কিছুই নেই ?

ফাগুলাল। আমাদের বিশুপাগল বলে, আন্ত হয়ে থাকাটা কেবল পাঁঠার নিজের পক্ষেই দরকার; যারা তাকে থায়, তার হাড়গোড় থুরলেজ বাদ দিয়েই থায়। এমন-কি, হাড়কাঠের সামনে তারা যে ভাঁা করে ডাকে, সেটাকেও বাহুল্য বলে আপত্তি করে। ওই-যে বিশুপাগল গান গাইতে গাইতে আসছে।

इक्षा । किছू मिन थिक इंडी ९ खत्र गान थुल गिर्छ ।

ফাগুলাল। তাই তো দেখছি।

চন্দ্রা। ওকে নন্দিনীতে পেয়েছে, সে ওর প্রাণ টেনেছে, গানও টেনেছে। ফাগুলাল। তাতে আর আশ্চর্যটা কী।

চন্দ্র। না, আশ্রুর্য কিছুই নেই। ওগো সাবধান থেকো, কোন্ দিন তোমারও গলা থেকে গান বের করবে— সেদিন পাড়ার লোকের কী দশা হবে। মায়াবিনী মায়া জানে। বিপদ ঘটাবে।

ফাগুলাল। বিশুর বিপদ আজ ঘটে নি, এখানে আসবার অনেক আগে থাকতেই ও নন্দিনীকে জানে।

চন্দ্র। বিশুবেয়াই, শুনে যাও, শুনে যাও। যাও কোথায়। গান শোনাবার লোক এখানেও এক-আধজন মিলতে পারে, নিতান্ত লোকসান হবে না।

বিশুর প্রবেশ ও গান

মোর স্থপনতরীর কে তুই নেয়ে। লাগল পালে নেশার হাওয়া, পাগল পরান চলে গেয়ে।

यां भाषा जूलिय पिरत या

তোর ত্লিয়ে দিয়ে না,

তোর স্থান ঘাটে চল রে বেয়ে।

চন্দ্র। তবে তো আশা নেই, আমরা-যে বড়ো কাছে।

বিশু। আমার ভাবনা তো সব মিছে,

আমার সব পড়ে থাক পিছে।

তোমার ঘোমটা খুলে দাও,

তোমার নয়ন তুলে চাও,

দাও হাসিতে মোর পরান ছেয়ে

চক্র। তোমার স্বপনতরীর নেয়েটি কে সে আমি জানি।

বিশু। বাইরে থেকে কেমন করে জ্ঞানবে। আমার তরীর মাঝখান থেকে। তাকে তো দেখ নি।

চন্দ্র। তরী ডোবাবে একদিন বলে দিলুম, তোমার সেই সাধের নন্দিনী।

গোকুল খোদাইকরের প্রবেশ

গোকুল। দেখো বিশু, তোমার ওই নন্দিনীকে ভালো ঠেকছে না। বিশু। কেন, কী করেছে।

গোকুল। কিছুই করে না, তাই তে। খটকা লাগে। এখানকার রাজা খামকা ওকে আনালে কেন। ওর রকমসকম কিছুই বৃঝি নে।

চন্দ্রা। বেয়াই, এ আমাদের ছ্ঃথের জায়গা, ও-যে এখানে অষ্টপ্রছর কেবল স্থানরিপনা করে বেড়ায়, এ আমরা দেখতে পারি নে।

গোকুল। আমরা বিশ্বাস করি সাদা মোটাগোছের চেহারা, বেশ ওজনে ভারী।

বিশু। যক্ষপুরীর হাওয়ায় স্থলরের 'পরে অবজ্ঞা ঘটিয়ে দেয়, এইটেই সর্বনেশে।
নরকেও স্থলর আছে, কিন্তু স্থলরকে কেউ সেখানে বুঝতেই পারে না, নরকবাসীর
সব চেয়ে বড়ো সাজা তাই।

চক্রা। আচ্ছা বেশ, আমরাই যেন মৃথ্, কিন্তু এখানকার সর্দার পর্যন্ত ওকে হুচক্ষে দেখতে পারে না, তা জান ? বিশু। দেখো দেখো চন্দ্রা, সর্দারের ত্চক্ষ্র ছোঁয়াচ যেন তোমাকে না লাগে, তাহলে আমাদের দেখেও তোমার চক্ষ্ লাল হয়ে উঠবে।— আচ্ছা, তুই কী বলিস ফাগুলাল।

ফাগুলাল। সন্ত্যি কথা বলি দাদা, নন্দিনীকে যথন দেখি, নিজের দিকে তাকিয়ে লজ্জা করে। ওর সামনে কথা কইতে পারি নে।

গোকুল। বিশুভাই, ওই মেয়েকে দেখে তোমার মন ভুলেছে সেইজন্মে দেখতে পাচ্ছ না ও কী অলক্ষণ নিয়ে এসেছে। বুঝতে বেশি দেরি হবে না, বলে রাখলুম।

ফাগুলাল। বিশুভাই, ভোমার বেয়ান জানতে চায় আমরা মদ খাই কেন।

বিশু। স্বয়ং বিধির রূপায় মদের বরাদ্দ জগতের চারদিকেই, এমন-কি, তোমাদের ওই চোথের কটাক্ষে। আমাদের এই বাহুতে আমরা কাজ জোগাই, তোমাদের বাহুর বন্ধনে তোমরা মদ জোগাও। জীবলোকে মজুরি করতে হয়, আবার মজুরি ভ্লতেও হয়। মদ না হলে ভোলাবে কিসে।

চন্দ্রা। তাই বই কি। তোমাদের মতো জন্মমাতালের জন্মে বিধাতার দয়ার অস্ত নেই। মদের ভাও উপুড় করে দিয়েছেন।

বিশু। একদিকে ক্ষ্ধা মারছে চাবুক, তৃষ্ণা মারছে চাবুক; তারা জ্ঞালা ধরিয়েছে,— বলছে, কাজ করো। অন্ত দিকে বনের সবুজ মেলেছে মায়া রোদের সোনা মেলেছে মায়া, ওরা নেশা ধরিয়েছে,— বলছে, ছুটি ছুটি।

ठका। अहे श्वरनां क मन वरन नां कि।

বিশু। প্রাণের মদ, নেশা ফিকে, কিন্তু দিনরাত লেগে আছে। প্রমাণ দেখো।
এরাজ্যে এলুম, পাতালে সিঁধকাটার কাজে লাগলুম, সহজ মদের বরাদ্দ বন্ধ হয়ে
গেল। অন্তরাত্মা তাই তো হার্টের মদ নিয়ে মাতামাতি করছে। সহজ নিশ্বাদে
ধধন বাধা পড়ে, তথনই মাহুষ হাঁপিয়ে নিশ্বাদ টানে।

গান

তোর প্রাণের রস তো শুকিয়ে গেল ওরে,
তবে মরণরসে নে পেয়ালা ভরে।
সে-ষে চিতার আগুন গালিয়ে ঢালা,
সব জলনের মেটায় জ্ঞালা,
সব শৃশুকে সে অট্ট হেসে দেয়-যে রঙিন করে।

हका। এमा-ना त्याहे, भानाहे जायता।

বিশু। সেই নীল চাঁদোয়ার নিচে, খোলা মদের আড্ডায়! রাস্তা বন্ধ। তাই তো এই কয়েদখানার চোরাই মদের ওপর এমন ভয়ংকর টান। আমাদের না আছে আকাশ, না আছে অবকাশ; তাই বারো ঘণ্টার সমস্ত হাসি গান স্থের আলো কড়া করে চুইয়ে নিয়েছি একচুম্কের তরল আগুনে। যেমন ঠাস দাসত্ব তেমনি নিবিড় ছুটি।

তোর স্থ ছিল গহন মেঘের মাঝে, তোর দিন মরেছে অকাজেরি কাজে, তবে আহ্বক-না সেই তিমিররাতি, লুপ্তিনেশার চরম সাথী, তোর ক্লাস্ত আঁথি দিক সে ঢাকি দিকভোলাবার ঘোরে।

চন্দা। যাই বল বিশুবেয়াই, যক্ষপুরীতে এসে তোমরাই মজেছ। আমাদের মেয়েদের তো কিছু বদল হয় নি।

বিশু। হয় নি তো কী। তোমাদের ফুল গেছে শুকিয়ে, এখন 'সোনা সোনা' করে প্রাণটা থাবি থাছে।

ठका। कथ्यताना।

বিশু। আমি বলছি 'হা'। ওই যে ফাগু হতভাগা বারো ঘণ্টার পরে আরো চার ঘণ্টা যোগ ক'রে খেটে মরে, তার কারণটা ফাগুও জ্ঞানে না, তুমিও জ্ঞান না। অন্তর্গামী জ্ঞানেন। তোমার সোনার স্বপ্ন ভিতরে-ভিতরে ওকে চাবুক মারে, সে চাবুক স্পারের চাবুকের চেয়েও কড়া।

চন্দ্র। আচ্ছা বেশ, তা চলো-না কেন, এথান থেকে দেশে ফিরে যাই।

বিশু। সর্দার কেবল-যে ফেরবার পথ বন্ধ করেছে তা নয়, ইচ্ছেটা স্থন্ধ আটকেছে। আজ যদি-বা দেশে যাও টিকতে পারবে না, কালই সোনার নেশায় ছুটে ফিরে আসবে, আফিমখোর পাখি যেমন ছাড়া পেলেও থাচায় ফেরে।

ফাগুলাল। আচ্ছা ভাই বিশু, তুমি তো একদিন পুঁথি পড়ে পড়ে চোখ খোয়াতে বদেছিলে, ভোমাকে আমাদের মতো মুখুদের সঙ্গে কোদাল ধরালে কেন।

চন্দ্র। এতদিন আছি, এই কথাটির জবাব বেয়াই-এর কাছ থেকে কিছুতেই আদায় করা গেল না।

गांखनान। ज्यां कथां नितार कारन।

विछ। की वत्ना तमिश।

ফাগুলাল। আমাদের খবর নেবার জন্মে ওরা তোমাকে চর রেখেছিল।

বিশু। স্বাই জানতিস যদি তো আমাকে জ্যান্ত রাখলি কেন।

ফাণ্ডলাল। এও জানি এ কাজ তোমার দারা হল না।

চন্দ্র। এমন আরামের কাজেও টি কতে পারলে না, বেয়াই ?

বিশু। আরামের কাজ? একটা সজীব দেহ, তার পিছনে পৃষ্ঠত্রণ হয়ে লেগে থাকা! বলল্ম, 'দেশে যাব, শরীর বড়ো থারাপ।' সদার বললেন, 'আহা, এত থারাপ শরীর নিয়ে দেশে যাবেই বা কেমন করে। তবু চেষ্টা দেখো।' চেষ্টা দেখল্ম। শেষে দেখি যক্ষপুরীর কবলের মধ্যে চুকলে তার হাঁ বন্ধ হয়ে যায়, এখন তার জঠরের মধ্যে যাবার একটি পথ ছাড়া আর পথই নেই। আজ তার সেই আশাহীন আলোহীন জঠরের মধ্যে তলিয়ে গেছি। এখন তোতে-আমাতে তফাত এই যে, সদার তোকে যতটা অবজ্ঞা করে আমাকে তার চেয়েও বেশী। ছেঁড়া কলাপাতার চেয়ে ভাঙা ভাঁড়ের প্রতি মান্থবের হেলা।

ফাগুলাল। তৃঃখ কী, বিশুদাদা। আমরা তো তোমাকে মাথায় করে রেখেছি। বিশু। প্রকাশ পেলেই মারা যাব। তোদের আদর পড়ে যেখানে দর্দারের দৃষ্টি পড়ে দেখানেই, সোনাব্যাও যতই মক্মক্ শব্দে কোলাব্যাওের অভ্যর্থনা করে, দেটা কানে গিয়ে পৌছয় বোড়াদাপের।

চন্দ্র। কতদিনে তোমাদের কাজ ফুরবে ?

বিশু। পাঁজিতে তো দিনের শেষ লেথে না। এক দিনের পর হু দিন, হু দিনের পর তিন পর তিন দিন; স্থড়ক কেটেই চলেছি, এক হাতের পর হু হাত, হু হাতের পর তিন হাত। তাল তাল দোনা তুলে আনছি, এক তালের পর হু তাল, হু তালের পর তিন তাল। যক্ষপুরে অক্ষের পর অক্ষ সার বেঁধে চলেছে, কোনো অর্থে পৌছয় না। তাই ওদের কাছে আমরা মাহুষ নই, কেবল সংখ্যা। ফাগুভাই, তুমি কোন্ সংখ্যা।

कां अनान। शिटित कां शर्फ मां गा चार्रिक, चामि ४१ क।

বিশু। আমি ৬৯ ৫। গাঁয়ে ছিলুম মামুষ, এথানে হয়েছি দশপঁচিশের ছক। বুকের উপর দিয়ে জুয়োথেলা চলছে।

চন্দ্র। বেয়াই, ওদের সোনা তো অনেক জমল, আরো কি দরকার।

বিশু। দরকার বলে পদার্থের শেষ আছে। থাওয়ার দরকার আছে, পেট ভরিয়ে তার শেষ পাওয়া যায়; নেশার দরকার নেই, তার শেষও নেই। ওই সোনার তালগুলো-যে মদ, আমাদের যক্ষরাজের নিরেট মদ। বুঝতে পারলে না?

ं ह्या। ना।

বিশু। মদের পেয়ালা নিয়ে ভূলে যাই ভাগ্যের গণ্ডির মধ্যে আমরা বাঁধা।
মনে করি আমাদের অবাধ ছুটি। সোনার তাল হাতে নিয়ে এখানকার কর্তার সেই
মোহ লাগে। সে ভাবে সর্বসাধারণের মাটির টান ওতে পৌছয় না, অসাধারণের
আসমানে ও উড়ছে।

চন্দ্র। নবান্নের সময় এল ব'লে, গ্রামে গ্রামে তার জোগাড় চলছে। পায়ে পড়ি, ঘরে চলো। একবার সদারকে গিয়ে আমরা যদি—

বিশু। স্ত্রীৰুদ্ধিতে সদারকে এখনো চেন নি বুঝি ?

চন্দ্র। কেন, ওকে দেখে তো আমার বেশ—

বিশু। হাঁ, বেশ ঝক্ঝকে। মকরের দাঁত, খাঁজে খাঁজে বড়ো পরিপাটি করে কামড়ে ধরে। মকররাজ স্বয়ং ইচ্ছে করলেও আলগা করতে পারে না।

ठका। ७३-ए मनात्र।

বিশু। তবেই হয়েছে। আমাদের কথা নিশ্চয়ই শুনেছে।

চক্রা। কেন, এমন তো কিছু বলি নি যাতে—

বিশু। বেয়ান, কথা আমরা বলি, মানে-যে করে ওরা। কাজেই কোন্ কথার টিকে কোন চালে আগুন লাগায় কেউ জানে না।

সর্দারের প্রবেশ

ठका। मनांत्रमामा!

সর্দার। কী নাতনী, খবর ভালো তো?

চন্দা। একবার বাড়ি ষেতে ছুটি দাও।

সর্দার। কেন। যে-বাসা দিয়েছি সে তো খাসা, বাড়ির চেয়ে অনেক ভালো। সরকারী থরচে চৌকিদার পর্যন্ত রাখা গেছে। কী হে ৬৯ ৬, তোমাকে এদের মধ্যে দেখলে মনে হয় সারস এসেছেন বকের দলকে নাচ শেখাতে।

বিশু। সর্দারজি, তোমার ঠাট্টা শুনে আমোদ লাগছে না। নাচাবার মতো পায়ের জ্বোর থাকলে এথান থেকে টেনে দৌড় মারত্ম। তোমাদের এলাকায় নাচানো ব্যবসা কত সাংঘাতিক তার মোটা মোটা দৃষ্টাস্ত দেখেছি, এমন হয়েছে সাদা চালে চলতেও পা কাঁপে।

সর্দার। নাতনী, একটা স্থধ্বর আছে। এদের ভালোকথা শোনাবার জন্মে

কেনারাম গোঁসাইকে আনিয়ে রেখেছি। এদের কাছ থেকে প্রণামী আদায় করে খরচটা উঠে যাবে। গোঁসাইজির কাছ থেকে রোজ সন্ধেবেলায় এরা—

ফাগুলাল। না না, সে হবে না, সর্দারজি। এখন সন্ধেবেলায় মদ খেয়ে বড়ো-জোর মাতলামি করি, উপদেশ শোনাতে এলে নরহত্যা ঘটবে।

विख। চুপ চুপ, काखनान।

গোঁসাইয়ের প্রবেশ

সর্দার। এই-যে বলতে বলতেই উপস্থিত। প্রভু, প্রণাম। আমাদের এই কারিগরদের তুর্বল মন, মাঝে-মাঝে অশাস্ত হয়ে ওঠে। এদের কানে একটু শাস্তিমন্ত্র দেবেন— ভারি দরকার।

গোঁদাই। এই এদের কথা বলছ? আহা, এরা তো স্বয়ং কুর্য-অবতার। বোঝার নিচে নিজেকে চাপা দিয়েছে বলেই সংসারটা টি কৈ আছে। ভাবলে শরীর পুলকিত হয়। বাবা ৪৭ ফ, একবার ঠাউরে দেখো, যে-মুথে নাম কীর্তন করি সেই মুথে অন্ন জোগাও তোমরা; শরীর পবিত্র হল যে-নামাবলিখানা গায়ে দিয়ে, মাথার ঘাম পায়ে ফেলে সেখানা বানিয়েছ তোমরাই। একি কম কথা। আশীর্বাদ করি সর্বদাই অবিচলিত থাকো, তাহলেই ঠাকুরের দয়াও তোমাদের 'পরে অবিচলিত থাকবে। বাবা, একবার কণ্ঠ খুলে বলো 'হরি হরি'। তোমাদের সব বোঝা হালকা হয়ে যাক। হরিনাম আদাবন্তে চ মধ্যে চ।

চন্দ্র। আহা, কী মধুর। বাবা, অনেকদিন এমন কথা শুনি নি। দাও দাও, আমাকে একটু পায়ের ধুলো দাও।

ফাগুলাল। এতক্ষণ অবিচলিত ছিলুম, কিন্তু আর তো পারি নে। সর্দার, এত বড়ো অপব্যয় কিসের জন্মে। প্রণামী আদায় করতে চাও রাজী আজি, কিন্তু ভণ্ডামি সইব না।

বিশু। ফাগুলাল খেপলে আর রক্ষে নেই, চুপ চুপ।

চন্দ্রা। ইহকাল পরকাল তুমি ত্-ই খোয়াতে বসেছ? তোমার গতি হবে কী। এমন মতি তোমার আগে ছিল না, আমি বেশ দেখতে পাচ্ছি, তোমাদের উপরে ওই নন্দিনীর হাওয়া লেগেছে।

গোঁসাই। যাই বল সদার, কী সরলতা। পেটে-মুখে এক, এদের আমরা শেখাব কি এরাই আমাদের শিক্ষা দেবে। বুঝেছ ?

मर्गात । वृत्यि वहे-कि। এও वृत्यि छि उपां उत्यक्त कोषा (थक । এদের

ভার আমাকেই নিতে হচ্ছে। প্রভূপাদ বরঞ্চ ওপাড়ায় নাম শুনিয়ে আস্থন, সেখানে করাতীরা যেন একটু থিটখিট শুরু করছে।

গোঁসাই। কোন্ পাড়া বললে, সদারবাবা।

সদার। ওই-যে ট ঠ পাড়ায়। সেখানে ৭১ ট হচ্ছে মোড়ল। মুর্ধন্য-পম্নের ৬৫ যেখানে থাকে তার বাঁয়ে ওই পাড়ার শেষ।

গোঁসাই। বাবা, দস্ত্য-ন পাড়া যদিও এখনো নড়্নড় করছে, মুর্ধস্থ-ণরা ইদানীং অনেকটা মধুর রসে মজেছে। মন্ত্র নেবার মতো কান তৈরি হল ব'লে। তবু আরো ক'টা মাস পাড়ায় ফোজ রাখা ভালো। কেননা, নাহংকারাৎ পরো রিপুঃ। ফোজের চাপে অহংকারটার দমন হয়, তার পরে আমাদের পালা। তবে আসি।

চন্দ্র। প্রভু, আশীর্বাদ করো, এই এদের যেন স্থমতি হয়। অপরাধ নিয়ো না। গোঁসাই। ভয় নেই মা-লক্ষ্মী, এরা সম্পূর্ণ ঠাণ্ডা হয়ে যাবে। প্রস্থান সর্দার। ওহে ৬৯ ৬, তোমাদের ওপাড়ার মেজাজটা যেন কেমন দেখছি!

বিশু। তা হতে পারে। গোঁসাইজি এদের কুর্য-অবতার বললেন, কিন্তু শাস্ত্রমতে অবতারের বদল হয়। কুর্য হঠাৎ বরাহ হয়ে ওঠে, বর্মের বদলে বেরিয়ে পড়ে দন্ত, ধৈর্যের বদলে গোঁ।

চন্দ্রা। বিশুবেয়াই, এক টু থামো। সর্দারদাদা, আমার দরবারটা ভূলো না।
সর্দার। কিছুতেই না। শুনে রাথলুম, মনেও রাথব। প্রস্থান
চন্দ্রা। আহা দেখলে ? সর্দার লোকটি কী সরেস। স্বার সঙ্গেই হেসে কথা।
বিশু। মকরের দাতের শুরুতে হাসি, অস্তিমে কামড়।

চন্দ্র। কামড়টা এর মধ্যে কোথায়!

বিশু। জান না, ওরা ঠিক করেছে এবার থেকে এখানে কারিগরের সঙ্গে তাদের স্ত্রীরা আসতে পারবে না ?

इन्हां। दक्न।

বিশু। সংখ্যারূপে ওদের হিসাবের খাতায় আমরা জায়গা পাই, কিন্তু সংখ্যার অঙ্কের সঙ্গে নারীর অঙ্ক গণিতশান্ত্রের যোগে মেলে না।

চক্রা। ওমা! ওদের নিজের ঘরে কি স্ত্রী নেই। তারা কী বলে।

বিশু। তারাও সোনার তালের মদে বেছঁশ। নেশায় স্বামীদের ছাড়িয়ে যায়। আমরা তাদের চোথেই পড়িনে।

চন্দ্রা। বিশ্ববেয়াই, তোমার ঘরে তো স্ত্রী ছিল, তার হল কী। অনেকদিন খবর পাই নি। বিশু। যতদিন চরের উচ্চপদে ভরতি ছিলুম, সর্দারনীদের কোঠাবাড়িতে তার তাসখেলার ডাক পড়ত। যখন ফাগুলালদের দলে যোগ দিলুম, ওপাড়ায় তার নেমস্তর বন্ধ হয়ে গেল। সেই ধিকারে আমাকে ছেড়ে দিয়ে চলে গেছে।

চন্দ্র। ছি, এমন পাপও করে।

বিশু। এ পাপের শান্তিতে আর-জন্মে সে সর্দারনী হয়ে জন্মাবে।

চন্দ্রা। বিশুবেয়াই, দেখো দেখো, ওই কারা ধুম করে চলেছে। সারে সারে ময়্রপন্ধি, হাতির হাওদায় ঝালর দেখেছ। ঝলমল করছে। কী চমৎকার ঘোড়-সওয়ার। বর্শার ডগায় যেন এক-এক টুকরো স্থের আলো বি ধৈ নিয়ে চলেছে।

বিশু। ওই তো সদারনীরা ধ্বজাপুজার ভোজে যাত্রা করেছে।

চন্দ্র। আহা, কী দাজের ধুম। কী চেহারা। আচ্ছা বেয়াই, যদি কাজ ছেড়ে না দিতে, তুমিও ওদের দলে অমনি ধুম করে বেরতে ? আর তোমার সেই স্ত্রী—

বিশু। হাঁ, আমাদেরো ওই দশা ঘটত।

চন্দ্র। এখন আর ফেরবার পথ নেই ? একেবারে না ?

বিশু। আছে, নর্দমার ভিতর দিয়ে।

নেপথ্যে। পাগলভাই!

विश्व। की भागनी।

ফাগুলাল। ওই তোমার নন্দিনীর ডাক পড়ল। আজকের মতো বিশুদাদাকে আর পাওয়া যাবে না।

চন্দ্রা। তোমার বিশুদাদার আশা আর রেখো না। কোন্ স্থথে ও তোমাকে ভূলিয়েছে বলো দেখি, বেয়াই।

বিশু। ভূলিয়েছে হৃংথে।

ठक्ता। त्यप्रोरे जयन उनिरिय कथा कछ रकन।

বিশু। তোরা বৃঝবি নে। এমন ছংখ আছে যাকে ভোলার মতো ছংখ আর নেই।

कांधनांन। विश्वनांना, भन्छे कदा कथा वर्तना, नहेरल दांश धदा।

বিশু। বলছি শোন, কাছের পাওনাকে নিয়ে বাসনার যে-তৃঃথ তাই পশুর, দূরের পাওনাকে নিয়ে আকাজ্ফার যে-তৃঃথ তাই মান্ত্যের। আমার সেই চিরতৃঃথের দূরের আলোটি নন্দিনীর মধ্যে প্রকাশ পেয়েছে।

চন্দ্র। এ-সব কথা বৃঝি নে বেয়াই, একটা কথা বৃঝি যে, যে-মেয়েকে ভোমরা যত কম বোঝ সেই ভোমাদের তত বেশী টানে। আমরা সাদাসিধে, আমাদের দর কম, তবু যা হ'ক তোমাদের সোজা পথে নিয়ে চলি। কিন্তু আজ বলে রাখলুম, ওই মেয়েটা ওর রক্তকরবীর মালার ফাঁসে তোমাকে সর্বনাশের পথে টেনে আনবে।

[চন্দ্রা ও ফাগুলালের প্রস্থান

निजनीत প্রবেশ

নন্দিনী। পাগলভাই, দ্রের রাস্তা দিয়ে আজ সকালে ওরা পৌষের গান গেয়ে মাঠে যাচ্ছিল, শুনেছিলে ?

বিশু। আমার সকাল কি তোর সকালের মতো যে, গান শুনতে পাব। এ-যে ক্লান্ত রাত্তিরটারই ঝেঁটিয়ে-ফেলা উচ্ছিষ্ট।

নন্দিনী। আজ মনের খুশিতে ভাবলুম, এখানকার প্রাকারের উপর চড়ে ওদের গানে যোগ দেব। কোথাও পথ পেলুম না, তাই তোমার কাছে এসেছি।

বিশু। আমি তো প্রাকার নই।

নন্দিনী। তুমিই আমার প্রাকার। তোমার কাছে এসে উচুতে উঠে বাহিরকে দেখতে পাই।

বিশু। তোমার মুখে এ কথা শুনে আশ্চর্য লাগে।

निमनी। क्न।

বিশু। যক্ষপুরীতে ঢুকে অবধি এতকাল মনে হত, জীবন হতে আমার আকাশথানা হারিয়ে ফেলেছি। মনে হত, এথানকার টুকরো মাহ্রুষদের দক্ষে আমাকে এক ঢেঁকিতে কুটে একটা পিও পাকিয়ে তুলেছে। তার মধ্যে ফাঁক নেই। এমন-সময় তুমি এসে আমার মুখের দিকে এমন করে চাইলে, আমি ব্ঝতে পারলুম আমার মধ্যে এখনো আলো দেখা যাচ্ছে।

নন্দিনী। পাগলভাই, এই বন্ধ গড়ের ভিতরে কেবল তোমার-আমার মাঝ-থানটাতেই একথানা আকাশ বেঁচে আছে। বাকি আর-সব বোজা।

বিশু। সেই আকাশটা আছে বলেই তোমাকে গান শোনাতে পারি।

গান

তোমায় গান শোনাব তাইতো আমায় জাগিয়ে রাখ,
ভগো ঘুমভাঙানিয়া।
বুকে চমক দিয়ে তাই তো ডাক,
ভগো ঘুখজাগানিয়া।

এল আঁধার ঘিরে,
পাথি এল নীড়ে,
তরী এল তীরে,
ভুধু আমার হিয়া বিরাম পায় নাকো,
ভুগু

নন্দিনী। বিশুপাগল, তুমি আমাকে বলছ 'ত্থজাগানিয়া' ? বিশু। তুমি আমার সমৃদ্রের অগম পারের দৃতী। যেদিন এলে যক্ষপুরীতে, আমার হৃদয়ে লোনা জলের হাওয়ায় এসে ধাকা দিলে।

আমার কাজের মাঝে মাঝে
কারাধারার দোলা তুমি থামতে দিলে না-যে।
আমায় প্রশ ক'রে
প্রাণ স্থায় ভ'রে
প্রমি যাও যে সরে,
বৃঝি আমার ব্যথার আড়ালেতে দাঁড়িয়ে থাক,
প্রেণা ত্থজাগানিয়া।

নন্দিনী। তোমাকে একটা কথা বলি, পাগল। যে-ছঃখটির গান তুমি গাও, আগে আমি তার খবর পাই নি।

বিশু। কেন, রঞ্জনের কাছে ?

নন্দিনী। না, ছই হাতে ছই দাঁড় ধরে সে আমাকে তুফানের নদী পার করে দেয়; বুনো ঘোড়ার কেশর ধরে আমাকে বনের ভিতর দিয়ে ছুটিয়ে নিয়ে যায়; লাফ-দেওয়া বাঘের ছই ভুরুর মাঝখানে তীর মেরে সে আমার ভয়কে উড়িয়ে দিয়ে হা হা করে হাসে। আমাদের নাগাই নদীতে ঝাঁপিয়ে প'ড়ে স্রোভটাকে যেমন সে তোলপাড় করে, আমাকে নিয়ে তেমনি সে তোলপাড় করতে থাকে। প্রাণ নিয়ে সর্বস্থ পণ করে সে হারজিতের থেলা থেলে। সেই থেলাতেই আমাকে জিতে নিয়েছে। একদিন তুমিও তো তার মধ্যে ছিলে, কিন্তু কী মনে করে বাজিখেলার ভিড় থেকে একলা বেরিয়ে গেলে। যাবার সময় কেমন করে আমার মুখের দিকে তাকালে বুঝতে পারলুম না— তার পরে কভকাল থোজ পাইনি। কোথায় তুমি গেলে বলো তো।

বিশু।

গান

ও চাঁদ, চোথের জলের লাগল জোয়ার ছথের পারাবারে, হল কানায় কানায় কানাকানি এই পারে ওই পারে। আমার তরী ছিল চেনার কূলে, বাঁধন তাহার গেল খুলে, তারে হাওয়ায় হাওয়ায় নিয়ে গেল কোন্ অচেনার ধারে।

নন্দিনী। সেই অচেনার ধার থেকে এখানে যক্ষপুরীর স্থড়ক খোদার কাজে কে তোমাকে আবার টেনে আনলে।

বিশু। একজন মেয়ে। হঠাৎ তীর খেয়ে উড়স্ত পাথি যেমন মাটিতে পড়ে যায়, সে আমাকে তেমনি করে এই ধুলোর মধ্যে এনে ফেলেছে; আমি নিজেকে ভূলে ছিলুম।

নন্দিনী। তোমাকে সে কেমন করে ছুঁতে পারলে।

বিশু। তৃষ্ণার জল যথন আশার অতীত হয়, মরীচিকা তথন সহজে ভোলায়। তার পরে দিকহারা নিজেকে আর খুঁজে পাওয়া যায় না। একদিন পশ্চিমের জানলা দিয়ে আমি দেখছিলুম মেঘের স্বর্ণপুরী, সে দেখছিল স্পারের সোনার চূড়া। আমাকে কটাক্ষে বললে, 'ওইথানে আমাকে নিয়ে যাও, দেখি কত বড়ো তোমার সামর্থা।' আমি স্পর্ধা করে বললুম, 'যাব নিয়ে।' আনলুম তাকে সোনার চূড়ার নিচে। তথন আমার ঘোর ভাঙল।

নন্দিনী। আমি এসেছি এখান থেকে তোমাকে বের করে নিয়ে যাব। সোনার শিকল ভাঙব।

বিশু। তুমি যখন এখানকার রাজাকে পর্যস্ত টলিয়েছ, তখন তোমাকে ঠেকাবে কিসে। আচ্ছা, তোমার ওকে ভয় করে না ?

নন্দিনী। এই জালের বাইরে থেকে ভয় করে। কিন্তু আমি-যে ভিতরে গিয়ে দেখেছি।

विख। की तकम (मथल।

নন্দিনী। দেখলুম মাহুষ, কিন্তু প্রকাপ্ত। কপালখানা যেন সাতমহলা বাড়ির সিংহদ্বার। বাছত্টো কোন্ তুর্গম তুর্গের লোহার অর্গল। মনে হল যেন রামায়ণ-মহাভারত থেকে নেমে এসেছে কেউ।

विश्व। धात पूरक की तमश्राल।

নন্দিনী। ওর বাঁ হাতের উপর বাজপাথি বসে ছিল; তাকে দাঁড়ের উপর

বিদিয়ে ও আমার মৃথে চেয়ে রইল। তার পরে, ষেমন বাজপাথির পাখার মধ্যে আঙুল চালাচ্ছিল তেমনি করে আমার হাত নিয়ে আন্তে আন্তে হাত বৃলিয়ে দিতে লাগল। একটু পরে হঠাৎ জিজ্ঞাদা করলে, 'আমাকে ভয় করে না?' আমি বলল্ম, 'একটুও না।' তখন আমার খোলা চুলের মধ্যে হই হাত ভরে দিয়ে কতক্ষণ চোখ বুজে বদে রইল।

বিভ। তোমার কেমন লাগল।

নন্দিনী। ভালো লাগল। কি-রকম বলব ? ও ষেন হাজার বছরের বর্টগাছ, আমি যেন ছোট্ট পাঝি। ওর ডালের একটি ডগায় কখনো যদি একটু দোল খেয়ে যাই, নিশ্চয় ওর মজ্জার মধ্যে খুশি লাগে। ওই একলা প্রাণকে সেই খুশিটুকু দিতে ইচ্ছে করে।

বিশু। তার পরে ও কী বললে।

নন্দিনী। একসময় ঝেঁকে উঠে ওর বর্শাফলার মতো দৃষ্টি আমার মুথের উপর রেথে হঠাৎ বলে উঠল, 'আমি তোমাকে জানতে চাই।' আমার কেমন গা শিউরে উঠল। বলল্ম, 'জানবার কী আছে। আমি কি তোমার পুঁ থি।' দে বললে, 'পুঁ থিতে যা আছে দব জানি, তোমাকে জানি নে।' তার পরে কি-রকম ব্যগ্র হয়ে উঠে বললে, 'রঞ্জনের কথা আমাকে বলো। তাকে কি-রকম ভালোবাস।' আমি বলল্ম, 'জলের ভিতরকার হাল ধেমন আকাশের উপরকার পালকে ভালোবাসে— পালে লাগে বাতাদের গান, আর হালে জাগে ঢেউয়ের নাচ।' মন্ত একটা লোভী ছেলের মতো একদৃষ্টে তাকিয়ে চুপ করে জনলে। হঠাৎ চমকিয়ে দিয়ে বলে উঠল, 'ওর জন্যে প্রাণ দিতে পার ?' আমি বলল্ম, 'এথ্থনি।' ও যেন রেগে গর্জন করে বললে, 'কথ্খনো না।' আমি বলল্ম, 'হা পারি।' 'তাতে তোমার লাভ কী।' বলল্ম, 'জানি নে।' তথন ছটফট করে বলে উঠল, 'যাও, আমার ঘর থেকে যাও, যাও, কাজ নষ্ট করো না।' মানে ব্রতে পারল্ম না।

বিশু। সব কথার পর্য্ট মানে ও জানতে চায়। যেটা ও ব্ঝতে পারে না, সেটাতে ওর মন ব্যাকুল করে দেয়, তাতেই ও রেগে ওঠে।

নন্দিনী। পাগলভাই, ওর উপর দয়া হয় না তোমার ?

বিশু। ষেদিন ওর 'পরে বিধাতার দয়া হবে, সেদিন ও মরবে।

নন্দিনী। না না, তুমি জান না, বেঁচে থাকবার জন্মে ও কি-রকম মরিয়া হয়ে আছে।

বিশু। ওর বাঁচা বলতে কী বোঝায়, সে তুমি আজই দেখতে পাবে; জানিনে সইতে পারবে কিনা। निक्ती। ७३ म्हिश भागना । निक्य मिन प्राप्ति कथा मुकिस स्टिन्छ।

বিশু। এখানে তো চারদিকেই সর্দারের ছায়া, এড়িয়ে চলবার জো কী।—
সর্দারকে কেমন লাগে ?

নন্দিনী। গুর মতো মরা জিনিস দেখিনি। যেন বেতবন থেকে কেটে আনা বেত। পাতা নেই, শিকড় নেই, মজ্জায় রস নেই, শুকিয়ে লিকলিক করছে।

বিশু। প্রাণকে শাসন করবার জন্মেই প্রাণ দিয়েছে ত্র্ভাগা। নন্দিনী। চুপ করো, শুনতে পাবে।

বিশু। চুপ করাটাকেও যে শুনতে পায়, তাতে আপদ আরো বাড়ে। যথন থোদাইকরদের সঙ্গে থাকি, তথন কথায়বার্তায় সর্দারকে সামলে চলি। তাই ওরা আমাকে অপদার্থ বলে অশ্রন্ধা করেই বাঁচিয়ে রেখেছে। ওদের দণ্ডটা দিয়েও আমাকে ছোঁয় না। কিন্তু পাগলী, তোর সামনে মনটা স্পর্ধিত হয়ে ওঠে, সাবধান হতে ঘুণা বোধ হয়।

নন্দিনী। না না, বিপদকে তুমি ডেকে এনো না। ওই-যে দর্দার এদে পড়েছে।

সর্দারের প্রবেশ

সদার। কিগো ৬৯ ৬, সকলেরই সঙ্গে তোমার প্রণয়, বাছবিচার নেই ?

বিশু। এমন কি, তোমার সঙ্গেও শুরু হয়েছিল, বাছবিচার করতে গিয়েই বেধে

সদার। কী নিয়ে আলাপ চলছে।

বিশু। তোমাদের তুর্গ থেকে কী করে বেরিয়ে আসা যায় পরামর্শ করছি।

সদার। বল-কি, এত সাহস ? কর্ল করতেও ভয় নেই ?

বিশু। সর্দার, মনে-মনে তো সব জানই। থাঁচার পাথি শলাগুলোকে ঠোকরায়, সে তো আদর করে নয়। এ কথা কর্ল করলেই কী, না-করলেই কী।

সর্দার। আদর করে না, দে জ্ঞানা আছে ; কিন্তু কর্ল করতে ভয় করে না, সেটা এই কয়েক দিন থেকে জ্ঞানান দিচ্ছে।

নন্দিনী। সর্দারজি, তুমি-যে বলেছিলে, আজ রঞ্জনকে এনে দেবে। কই কথা রাখলে না?

সর্দার। আত্মই তাকে দেখতে পাবে।

নন্দিনী। সে আমি জানতুম। তবু আশা দিলে যখন, জয় হ'ক তোমার সদার, এই নাও কুন্দফুলের মালা।

বিশু। ছি ছি, মালাটা নষ্ট করলে। রঞ্জনের জন্মে রাখলে না কেন। নন্দিনী। তার জন্মে মালা আছে।

সদার। আছে বই-কি, ওই বৃঝি গলায় ত্লছে ? জয়মালা এই কুন্দফুলের, এ-যে হাতের দান,—আর বরণমালা ওই রক্তকরবীর, এ হৃদয়ের দান। ভালো ভালো, হাতের দান হাতে-হাতেই চুকিয়ে দাও, নইলে শুকিয়ে যাবে; হৃদয়ের দান, যত অপেক্ষা করবে তত তার দাম বাড়বে।

নিদনী। (জানলার কাছে) শুনতে পাচ্ছ?

নেপথো। কী বলতে চাও বলো।

নন্দিনী। একবার জানলার কাছে এদে দাঁড়াও।

त्मिष्या। এই এসেছि।

নন্দিনী। ঘরের মধ্যে যেতে দাও, অনেক কথা বলবার আছে।

নেপথ্যে। বারবার কেন মিছে অমুরোধ করছ। এখনো সময় হয় নি। ও কে তোমার সঙ্গে। রঞ্জনের জুড়ি নাকি।

বিশু। না রাজা, আমি রঞ্জনের ওপিঠ, যে-পিঠে আলো পড়ে না— আমি অমাবস্থা।

নেপথ্যে। তোমাকে নন্দিনীর কিসের দরকার। নন্দিনী, এ লোকটা তোমার কে। নন্দিনী। ও আমার সাথী, ও আমাকে গান শেখায়। ওই তো শিখিয়েছে—

গান

'ভালোবাসি ভালোবাসি' এই স্থরে ক্লাছে দূরে জলে-স্থলে বাজায় বাঁশি।

নেপথো। ওই তোমার সাথী ? ওকে এথনি যদি তোমার সক্ষছাড়া করি তা-হলে কী হয়।

নন্দিনী। তোমার গলার স্থর ও কি-রকম হয়ে উঠল। থামো তুমি। তোমার কেউ সঙ্গী নেই নাকি।

নেপথ্যে। আমার সন্ধী ? মধ্যাহ্নস্থর্যের কেউ সন্ধী আছে ? নন্দিনী। আচ্ছা, থাক্ ও-কথা। মা গো, তোমার হাতে ওটা কী। নেপথ্যে। একটা মরা ব্যাঙ।

निमनी। की कत्रत अत्क निरम।

নেপথা। এই ব্যাঙ একদিন একটা পাথরের কোটরের মধ্যে ঢুকেছিল। তারি আড়ালে তিন হাজার বছর ছিল টি কৈ। এইভাবে কী করে টি কৈ থাকতে হয় তারি রহস্ত ওর কাছ থেকে শিথছিলুম; কী করে বেঁচে থাকতে হয় তা ও জানে না। আজ আর ভালো লাগল না, পাথরের আড়াল ভেঙে ফেললুম, নিরস্তর টি কৈ-থাকার থেকে ওকে দিলুম মৃক্তি। ভালো থবর নয়?

নিদ্দিনী। আমারো চারিদিক থেকে তোমার পাথরের হুর্গ আজ খুলে যাবে। আমি জানি, আজ রঞ্জনের সঙ্গে দেখা হবে।

নেপথো। তোমাদের ত্জনকে তখন একসঙ্গে দেখতে চাই।

নন্দিনী। জালের আড়ালে তোমার চশমার ভিতর দিয়ে দেখতে পাবে না।

নেপথো। ঘরের ভিতরে বসিয়ে দেখব।

নিদ্দনী। তাতে কী হবে।

নেপথ্য। আমি জানতে চাই।

নন্দিনী। তুমি যখন জানবার কথা বল, কেমন ভয় করে।

নেপথ্য। কেন।

নন্দিনী। মনে হয়, যে-জ্বিসটাকে মন দিয়ে জানা যায় না, প্রাণ দিয়ে বোঝা যায়, তার 'পরে তোমার দরদ নেই।

নেপথো। তাকে বিশ্বাস করতে সাহস হয় না, পাছে ঠকি। যাও তুমি, সময় নষ্ট কোরো না।— না না, একটু রোসো। তোমার অলকের থেকে ওই যে রক্তকরবীর গুচ্ছ গালের কাছে নেমে পড়েছে, আমাকে দাও।

निमनी। अ निष्य की श्रव।

নেপথা। ওই ফুলের গুদ্ধ দেখি আর মনে হয়, ওই যেন আমারি রক্ত আলোর শনিগ্রহ ফুলের রূপ ধরে এসেছে। কথনো ইচ্ছে করছে, তোমার কাছ থেকে কেড়ে নিয়ে ছিঁড়ে ফেলি, আবার ভাবছি, নন্দিনী যদি কোনোদিন নিজের হাতে ওই মঞ্জরি আমার মাথায় পরিয়ে দেয়, তা হলে—

निमनी। जा-श्ल की श्रव।

নেপথো। তা-হলে হয়তো আমি সহজে মরতে পারব।

নন্দিমী। একজন মাহম রক্তকরবী ভালোবাদে, আমি তাকে মনে করে ওই ফুলে আমার কানের তুল করেছি।

নেপথো। তা হলে বলে দিচ্ছি, ও আমারো শনিগ্রহ তারো শনিগ্রহ।

निमनी। हि हि, ७कि कथा वनह। आिय शहे।

নেপথ্যে। কোথায় যাবে।

নন্দিনী। তোমার হুর্গহুয়ারের কাছে বলে থাকব।

নেপথ্য। কেন।

নন্দিনী। রঞ্জন যখন সেই পথ দিয়ে আসবে, দেখতে পাবে আমি তারি জ্ঞতো অপেকা করে আছি।

নেপথ্য। রঞ্জনকে যদি দ'লে ধুলোর সঙ্গে মিলিয়ে দিই, আর তাকে একটুও চেনা

নন্দিনী। আজ তোমার কী হয়েছে। আমাকে মিছিমিছি ভয় দেখাচ্ছ কেন। নেপথো। মিছিমিছি ভয় ? জান না, আমি ভয়ংকর ?

নন্দিনী। হঠাং তোমার একি ভাব। লোকে তোমাকে ভয় করে, এইটেই দেখতে ভালোবাস? আমাদের গাঁয়ের শ্রীকণ্ঠ যাত্রায় রাক্ষস সাজ্ঞে— সে যথন আসরে নামে তথন ছেলের। আঁতকে উঠলে সে ভারি খুশী হয়। তোমারো-যে সেই দশা। আমার কী মনে হয় সভিয় বলব ? রাগ করবে না ?

त्निभर्था। की वर्ला (मिथ।

নন্দিনী। ভয় দেথাবার ব্যবসা এখানকার মান্থ্যের। তোমাকে তাই তারা জাল দিয়ে ঘিরে অদ্ভূত সাজিয়ে রেথেছে। এই জুজুর পুতৃল সেজে থাকতে লজ্জা করে না ?

त्मिष्य। की वन्छ, निम्मी।

নন্দিনী। এতদিন খাদের ভয় দেখিয়ে এসেছ তারা ভয় পেতে একদিন লজ্জা করবে। আমার রঞ্জন এখানে যদি থাকত, তোমার মৃথের উপর তুড়ি মেরে সে মরত তবু ভয় পেত না।

নেপথা। তোমার স্পর্ধা তো কম নয়। এতদিন যা-কিছু ভেঙে চুরমার করেছি তারি রাশকরা পাহাড়ের চুড়ার উপরে তোমাকে দাঁড় করিয়ে দেখাতে ইচ্ছে করছে। তার পরে—

নন্দিনী। তার পরে কী।

নেপথ্যে। তার পরে আমার শেষ ভাঙাটা ভেঙে ফেলি। দাড়িমের দানা ফাটিয়ে দশ আঙুলের ফাঁকে ফাঁকে যেমন তার রস বের করে, তেমনি তোমাকে আমার এই চুটো হাতে— যাও যাও, এখনি পালিয়ে যাও, এখনি।

নন্দিনী। এই রইলুম দাঁড়িয়ে! কী করতে পার করো। অমন বিশ্রী করে গর্জন করছ কেন।

নেপথ্যে। আমি যে কী অদ্ভুত নিষ্ঠুর, তার সমস্ত প্রমাণ তোমার কাছে প্রত্যক্ষ দেখিয়ে দিতে ইচ্ছে করছে। আমার ঘরের ভিতর থেকে কখনো আর্তনাদ শোন নি ?

নন্দিনী। শুনেছি, সে কিসের আর্তনাদ।

নেপথ্যে। স্বাষ্টকর্তার চাতুরী আমি ভাঙি। বিশ্বের মর্মস্থানে যা লুকোনো আছে তা ছিনিয়ে নিতে চাই, সেই সব ছিন্ন প্রাণের কান্না। গাছের থেকে আগুন চুরি করতে হলে তাকে পোড়াতে হয়। নন্দিনী, তোমার ভিতরেও আছে আগুন, রাঙা আগুন। একদিন দাহন করে তাকে বের করব, তার আগে নিষ্কৃতি নেই।

निमनी। क्न जूमि निष्त्र।

নেপথ্যে। আমি হয় পাব, নয় নষ্ট করব। যাকে পাই নে তাকে দয়া করতে পারি নে। তাকে ভেঙে ফেলাও থুব একরকম করে পাওয়া।

নন্দিনী। ওকি, অমন মৃঠো পাকিয়ে হাত বের করছ কেন।

নেপথ্য। আচ্ছা, হাত সরিয়ে নিচ্ছি, পালাও তুমি, পায়রা যেমন পালায় বাজপাথির ছায়া দেখে।

নন্দিনী। আচ্ছা যাই, আর তোমাকে রাগাব না।

নেপথ্য। শোনো শোনো, ফিরে এস তুমি। নন্দিনী! নন্দিনী!

निमनी। की वला।

নেপথা। সামনে তোমার মৃথে-চোথে প্রাণের লীলা, আর পিছনে তোমার কালো-চুলের ধারা মৃত্যুর নিস্তব্ধ ঝরনা। আমার এই হাতত্টো সেদিন তার মধ্যে ডুব দিয়ে মরবার আরাম পেয়েছিল। মরণের মাধুর্য আর-কথনো এমন করে ভাবি নি। সেই গুচ্ছগুচ্ছ কালোচুলের নিচে মৃথ ঢেকে ঘুমোতে ভারি ইচ্ছে করছে। তুমি জান না, আমি কত শ্রাস্ত।

নন্দিনী। তুমি কি কখনো ঘুমোও না।

নেপথ্যে। ঘূমোতে ভয় করে।

নন্দিনী। তোমাকে আমার গানটা শেষ করে শুনিয়ে দিই—
'ভালোবাসি ভালোবাসি'

এই স্থরে কাছে দূরে জলে-স্থলে বাজায় বাঁশি। আকাশে কার বুকের মাঝে

ব্যথা বাজে,

দিগন্তে কার কালো আঁথি আঁথির জলে যায় গো ভাসি।

নেপথ্য। থাক্ থাক্ থামো তুমি, আর গেয়ো না।
নন্দিনী।
সেই স্থরে সাগরকূলে
বাঁধন খুলে
অক্তল রোদন উঠে তুলে

সেই স্থরে বাজে মনে

অকারণে

ভূলে-যাওয়া গানের বাণী, ভোলা দিনের কাঁদনহাসি।

পাগলভাই, ওই-যে মরা ব্যাঙটা ফেলে রেথে দিয়ে কথন্ পালিয়েছে। গান শুনতে ও ভয় পায়।

বিশু। ওর বুকের মধ্যে যে বুড়ো ব্যাঙটা সকলকরম স্থরের ছোঁয়াচ বাঁচিয়ে আছে, গান শুনলে তার মরতে ইচ্ছে করে। তাই ওর ভয় লাগে।— পাগলী, আজ তোর ম্থে একটা দীপ্তি দেখছি, মনের মধ্যে কোন্ ভাবনার অরুণোদয় হয়েছে আমাকে বলবি নে?

নন্দিনী। মনের মধ্যে থবর এদে পৌচেছে, আজ নিশ্চয় রঞ্জন আসবে। বিশু। নিশ্চয় থবর এল কোন্ দিক থেকে।

নন্দিনী। তবে শোনো বলি। আমার জানলার সামনে ডালিমের ডালে রোজ নীলকণ্ঠপাথি এসে বসে। আমি সদ্ধে হলেই ধ্রুবতারাকে প্রণাম করে বলি, ওর ডানার একটি পালক আমার ঘরে এসে যদি উড়ে পড়ে তো জানব, আমার রঞ্জন আসবে। আজ সকালে জেগে উঠেই দেখি উত্তরে-হাওয়ায় পালক আমার বিছানায় এসে পড়ে আছে। এই দেখো আমার বুকের আঁচলে।

বিশু। তাই তো দেখছি, আর দেখছি কপালে আজ কুস্কুমের টিপ পরেছ।
নিদ্দনী। দেখা হলে এই পালক আমি তার চুড়োয় পরিয়ে দেব।
বিশু। লোকে বলে নীলকণ্ঠের পাখায় জয়যাত্রার শুভচিহ্ন আছে।
নিদ্দনী। রঞ্জনের জয়যাত্রা আমার হৃদয়ের মধ্যে দিয়ে।
বিশু। পাগলী, এখন আমি যাই আমার নিজের কাজে।
নিদ্দনী। না, আজ তোমাকে কাজ করতে দেব না।
বিশু। কী করব বলো।
নিদ্দনী। গান করো।

বিশু। কী গান করব। নন্দিনী। পথচাওয়ার গান। বিশু। গান

যুগে যুগে বুঝি আমায় চেয়েছিল সে।

সেই বুঝি মোর পথের ধারে রয়েছে বসে।
আজ কেন মোর পড়ে মনে, কথন্ তারে চোথের কোণে
দেখেছিলেম অফুট প্রদোষে,
সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে।
আজ ওই চাদের বরণ হবে আলোর সংগীতে,
রাতের ম্থের আঁধারখানি খুলবে ইঙ্গিতে।
ভক্ন রাতে সেই আলোক দেখা হবে, এক পলকে
সব আবরণ যাবে যে খসে।
সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে।

নন্দিনী। পাগল, যথন তুমি গান কর তথন কেবল আমার মনে হয়, অনেক তোমার পাওনা ছিল কিন্তু কিছু তোমাকে দিতে পারি নি।

বিশু। তোর সেই কিছু-না-দেওয়া আমি ললাটে পরে চলে যাব। অল্প-কিছু-দেওয়ার দামে আমার গান বিক্রি করব না।— এখন কোথায় যাবি।

নন্দিনী। পথের ধারে, যেখান দিয়ে রঞ্জন আসবে। সেইখানে ২সে আবার তোমার গান শুনব। ্উভয়ের প্রস্থান

সর্দার ও মোড়লের প্রবেশ

সর্দার। না, এপাড়ায় রঞ্জনকে কিছুতে আসতে দেওয়া চলবে না।
মোড়ল। ওকে দ্রে রাথব বলেই বজ্ঞগড়ের স্থড়কে কাজ করাতে নিয়ে
গিয়েছিল্ম।

সদার। তা কি হল।

মোড়ল। কিছুতেই পারা গেল না। সে বললে, 'ছকুম মেনে কাজ করা আমার অভ্যেস নেই।' স্দার। অভ্যেস এখনি শুরু করাতে দোষ কী।

মোড়ল। সে-চেষ্টা করা গেল। বড়ো মোড়ল এল কোটালকে নিয়ে। মামুষটার ভয়তর কিছুই নেই। গলায় একটু শাসনের স্থর লেগেছে কি অমনি হো হো করে হেসে ওঠে। জিজ্ঞাসা করলে বলে, 'গাজীর্ঘ নির্বোধের ম্থোশ, আমি তাই থসাতে এসেছি।'

मर्मात्र। अत्क ऋष्टमत्र मध्य मत्न जिष्टिय मितन ना त्कन।

মোড়ল। দিয়েছিলুম, ভাবলুম চাপে পড়ে বশ মানবে। উলটো হল, খোদাই-করদের উপর থেকেও যেন চাপ নেমে গেল। তাদের মাতিয়ে তুললে, বললে, 'আজ আমাদের খোদাইনৃত্য হবে।'

সদার। থোদাইনৃত্য ? তার মানে কী।

মোড়ল। রঞ্জন ধরলে গান, ওরা বললে, 'মাদল পাই কোথায়', ও বললে, 'মাদল না থাকে, কোদাল আছে।' তালে তালে কোদাল পড়তে লাগল; সোনার পিগু নিয়ে দে কী লোফালুফি। বড়ো মোড়ল স্বয়ং এদে বললে, 'এ কেমন তোমার কাজের ধারা।' রঞ্জন বললে, 'কাজের রশি খুলে দিয়েছি, তাকে টেনে চালাতে হবে না, নেচে চলবে।'

मर्गात्र। लोकंगे भागन (मथिছ।

মোড়ল। ঘোর পাগল। বলল্ম, 'কোদাল ধরো।' ও বলে, 'তার চেয়ে বেশী কাজ হবে যদি একটা সারেন্দি এনে দাও।'

সর্দার। তোমরা ওকে বজ্রগড়ে নিয়ে গিয়েছিলে, সেখান থেকে কুবেরগড়ে এল কী করে।

মোড়ল। কী জানি, প্রভূ। শিকল দিয়ে তো ওকে কষে বাঁধা গেল। থানিক বাদে দেখি, কেমন করে পিছলে বেরিয়ে এসেছে— ওর গায়ে কিছু চেপে ধরে না। আর, ও কথায়-কথায় সাজ বদল ক'রে চেহারা বদল করে। আশ্চর্য ওর ক্ষমতা। কিছুদিন ও এথানে থাকলে খোদাইকরগুলো পর্যন্ত বাঁধন মানবে না।

সর্দার। ওকি। ওই-না রঞ্জন, রাস্তা দিয়ে চলেছে গান গেয়ে? একটা ভাঙা সারেন্দি জোগাড় করেছে। স্পর্ধা দেখো, একটু লুকোবারও চেষ্টা নেই।

মোড়ল। তাই তো। কথন্ গারদের ভিত কেটে বেরিয়ে এসেছে। ভেলকি জানে।

সর্দার। যাও, এই বেলা ধরোগে ওকে। এপাড়ায় নন্দিনীর সঙ্গে ধেন কিছুতে মিলতে না পারে। মোড়ল। দেখতে দেখতে ওর দল ভারী হয়ে উঠছে। কথন্ আমাদের স্ক নাচিয়ে তুলবে।

ছোটো সর্দারের প্রবেশ

সদার। কোথায় চলেছ।

ছোটো দর্দার। রঞ্জনকে বাঁধতে চলেছি।

সদার। তুমি কেন। মেজো সদার কোথায়।

ছোটো সর্দার। ওকে দেখে তাঁর এত মজা লেগেছে, তিনি ওর গায়ে হাত দিতেই চান না। বলেন, 'আমরা সর্দাররা কি-রকম অঙুত হয়ে উঠেছি, সে ওর হাসি দেখলে বুঝতে পারি।'

সর্দার। শোনো, ওকে বাঁধতে হবে না, রাজার ঘরে পাঠিয়ে দাও। ছোটো সর্দার। ও তো রাজার ডাক মানতেই চায় না। সর্দার। ওকে বলোগে, রাজা ওর নন্দিনীকে সেবাদাসী করে রেখেছে।

ছোটো সর্দার। কিন্তু রাজা যদি—

সদার। কিছু ভাবতে হবে না। চলো, আমি নিজে যাচ্ছি। [সকলের প্রস্থান

অধ্যাপক ও পুরাণবাগীশের প্রবেশ

পুরাণবাগীশ। ভিতরে একি প্রলয়কাণ্ড হচ্ছে বলো তো। ভয়ংকর শব্দ-যে! অধ্যাপক। রাজা বোধহয় নিজের উপর নিজে রেগেছে। তাই নিজের তৈরী একটা-কিছু চুরমার করে দিচ্ছে।

পুরাণবাগীশ। মনে হচ্ছে, বড়ো বড়ো থাম হুড়মুড় করে পড়ে যাচ্ছে।

অধ্যাপক। আমাদের ওই পাহাড়তলা জুড়ে একটা সরোবর ছিল, শন্ধিনীনদীর জল এসে তাতে জমা হত। একদিন তাঁর বাঁ দিকের পাথরের স্থপটা কাত হয়ে পড়ল, জমা জল পাগলের অট্টহাসির মতো খল্খল্ করে বেরিয়ে চলে গেল। কিছুদিন থেকে রাজাকে দেখে মনে হচ্ছে, ওর সঞ্চয়সরোবরের পাথরটাতে চাড় লেগেছে, তলাটা ভিতরে ভিতরে ক্য়ে এসেছে।

পুরাণবাগীশ। বস্তবাগীশ, এ কোন্ জায়গায় আমাকে আনলে, আর কী করতেই বা আনলে।

অধ্যাপক। জগতে যা-কিছু জানবার আছে, সমস্তই জানার দ্বারা ও আত্মসাৎ করতে চায়। আমার বস্তুতত্ত্বিভা প্রায় উজাড় করে নিয়েছে, এখন থেকে থেকে রেগে উঠে বলছে, 'তোমার বিষ্ণে তো সিঁধকাঠি দিয়ে একটা দেয়াল ভেঙে তার পিছনে আরেকটা দেয়াল বের করেছে। কিন্তু প্রাণপুরুষের অন্দরমহল কোথায়।' ভাবলুম, এখন কিছুদিন ওকে পুরাণ-আলোচনায় ভ্লিয়ে রাখা যাক— আমার খলে ঝাড়া হয়ে গেছে, এখন পুরারুত্তের গাঁঠকাটা চলুক। ওই দেখতে পাচ্ছ, কে যাচ্ছে?

পুরাণবাগীশ। একটি মেয়ে ধানীরঙের-কাপড়-পরা।

অধ্যাপক। পৃথিবীর প্রাণভরা খুশিখানা নিজের দর্বাক্ষে টেনে নিয়েছে, ওই আমাদের নন্দিনী। এই যক্ষপুরে দর্দার আছে, মোড়ল আছে, খোদাইকর আছে, আমার মতো পণ্ডিত আছে, কোতোয়াল আছে, জ্লাদ আছে, মুর্দফরাশ আছে, দব বেশ মিশ খেয়ে গেছে। কিন্তু ও একেবারে বেখাপ। চারদিকে হাটের চোমেচি, ও হল স্থরবাধা তম্বা। এক-একদিন ওর চলে-যাওয়ার হাওয়াতেই আমার বস্তুচ্চার জাল ছিঁড়ে যায়। ফাকের মধ্যে দিয়ে মনোযোগটা বুনোপাথির মতো হশ ক'রে উড়ে পালায়।

পুরাণবাগীশ। বল-কি হে, তোমার পাকা হাড়ে এমন ঠোকাঠুকি বাধে নাকি। অধ্যাপক। জানার টানের চেয়ে প্রাণের টান বেশী হলেই পাঠশালা-পালাবার ঝোঁক সামলানে। যায় না।

পুরাণবাগীশ। এখন বলো তো, তোমাদের রাজার সঙ্গে দেখা হবে কোথায়। অধ্যাপক। দেখার উপায় নেই, ওই জালটার আড়াল থেকে আলাপ হবে। পুরাণবাগীশ। বল-কি হে। এই জালের আড়াল থেকে ?

অধ্যাপক। তা নয় তো কী। ঘোমটার আড়াল থেকে যেরকম রসালাপ হতে পারে সে ধরনের না, একেবারে ছাঁকা কথা। ওর গোয়ালের গোরু বোধহয় ছ্ধ দিতে জানে না, একেবারেই মাখন দেয়।

পুরাণবাগীশ। বাজে কথা বাদ দিয়ে আসল কথা আদায় করাই তো পণ্ডিতের অভিপ্রায়।

অধ্যাপক। কিন্তু বিধাতার নয়। তিনি আসল জিনিস স্ঠি করেছেন বাজে জিনিসকে লালন করবার জন্মে। তিনি সম্মান দেন ফলের আঁঠিকে, ভালোবাসা দেন ফলের শাসকে।

পুরাণবাগীশ। আজকাল দেখছি তোমার বস্তুতত্ত্ব ধানীরঙের দিকে একটানা ছুটে চলেছে। কিন্তু অধ্যাপক, তোমাদের এই রাজাকে তুমি সহ্য কর কী করে।

অধ্যাপক। সত্যি কথা বলব ? আমি ওকে ভালোবাসি। পুরাণবাগীশ। বল-কি হে। অধ্যাপক। তুমি জান না, ও এত বড়ো যে, ওর দোষগুলোও ওকে নষ্ট করতে পারে না।

সর্দারের প্রবেশ

সর্দার। ওহে বস্তবাগীশ, বেছে বেছে এই মাহুষটিকে এনেছ বুঝি! ওঁর বিত্যের বিবরণ শুনেই আমাদের রাজা খেপে উঠেছে।

অধ্যাপক। কি-রকম।

সর্দার। রাজা বলে, পুরাণ ব'লে কিছু নেই। বর্তমানকালটাই কেবল বেড়ে বেড়ে চলেছে।

পুরাণবাগীশ। পুরাণ যদি নেই তা-হলে কিছু আছে কী করে। পিছন যদি না থাকে তো সামনেটা কি থাকতে পারে।

সর্দার। রাজা বলেন, মহাকাল নবীনকে সম্মুখে প্রকাশ করে চলেছে, পণ্ডিত সেই কথাটাকে চাপা দিয়ে বলে, মহাকাল পুরাতনকে পিছনে বয়ে নিয়ে যাচ্ছে।

অধ্যাপক। নন্দিনীর নিবিড় যৌবনের ছায়াবীথিকায় নবীনের মায়ামুগীকে রাজা চকিতে চকিতে দেখতে পাচ্ছেন, ধরতে পারছেন না, রেগে উঠছেন আমার বস্তুতত্ত্বর উপর।

নন্দিনীর ক্রত প্রবেশ

निमनी। ममात्र, ममात्र, ७कि ! ७ काता !

সর্দার। কিগো নন্দিনী, তোমার কুঁদফুলের মালা পরব যথন ঘোর রাত হবে। অন্ধকারে যথন আমার বারো-আনাই অস্পষ্ট হয়ে উঠবে, তথন হয়তো ফুলের মালায় আমাকেও মানাতে পারে।

নন্দিনী। চেয়ে দেখো, ও কী ভয়ানক দৃশু। প্রেতপুরীর দরজা খুলে গেছে নাকি। ওই কারা চলেছে প্রহরীদের সঙ্গে? ওই-যে বেরিয়ে আসছে রাজার মহলের থিড়কিদরজা দিয়ে?

দর্দার। ওদের আমরা বলি রাজার এঁটো।

निम्नी। यात्न की।

সর্দার। মানে একদিন তুমিও ব্ঝবে, আজ থাক্।

নন্দিনী। কিন্তু এ-সব কী চেহারা। ওরা কি মান্ত্র্য। ওদের মধ্যে মাংসমজ্জা মনপ্রাণ কিছু কি আছে।

সর্দার। হয়তো নেই।

निमनी। कांना मिन ছिन?

मनात्र। श्राटा हिल।

নিদ্নী। এখন গেল কোথায়।

সদার। বস্তবাগীশ, পার তো ৰ্ঝিয়ে দাও, আমি চললুম। প্রস্থান

নন্দিনী। ওকি, ওই সব ছায়াদের মধ্যে যে চেনা মৃথ দেখছি। ওই তো নিশ্চয় আমাদের অহপ আর উপমহা। অধ্যাপক, ওরা আমাদের পাশের গাঁয়ের লোক। ছই ভাই মাথায় যেমন লম্বা, গায়ে তেমনি শক্ত, ওদের সবাই বলে তাল-তমাল। আমাঢ়চতুর্দশীতে আমাদের নদীতে বাচ থেলতে আসত। মরে যাই, ওদের এমন দশাকে করলে। ওই-যে দেখি শক্লু, তলোয়ারখেলায় সব্বার আগে পেত মালা। অন্—প, শক্লু—, এই দিকে চেয়ে দেখো, এই আমি, তোমাদের নন্দিন, ঈশানীপাড়ার নন্দিন। মাথা তুলে দেখলে না, চিরদিনের মতো মাথা হেঁট হয়ে গেছে। ওকি, কয়্ব যে! আহা, আহা, ওর মতো ছেলেকেও যেন আথের মতো চিবিয়ে ফেলে দিয়েছে। বড়ো লাজুক ছিল; যে-ঘাটে জল আনতে যেতুম, তারি কাছে ঢালু পাড়ির পারে বদে থাকত, ভাণ করত যেন তীর বানাবার জন্ম শর ভাঙতে এদেছে। তৃষ্টমিক'বে ওকে কত তৃংখ দিয়েছি। ও কয়্ব, ফিরে চা আমার দিকে। হায় রে, আমার ইশারাতে যার রক্ত নেচে উঠত, দে আমার ভাকে সাড়াই দিলে না। গেল গো, আমাদের গাঁয়ের সব আলো নিবে গেল। অধ্যাপক, লোহাটা কয়ে গেছে, কালো মরচেটাই বাকি! এমন কেন হল।

অধ্যাপক। নন্দিনী, যে-দিকটাতে ছাই, তোমার দৃষ্টি আজ সেই দিকটাতেই পড়েছে। একবার শিথার দিকে তাকাও, দেখবে তার জিহ্বা লকলক করছে।

নিদনী। তোমার কথা ৰুঝতে পারছি নে।

অধ্যাপক। রাজাকে তো দেখেছ? তার মূর্তি দেখে শুনছি নাকি তোমার মন মুশ্ধ হয়েছে?

নন্দিনী। হয়েছে বই-কি। সে-যে অদ্তুত শক্তির চেহারা।

অধ্যাপক। সেই অদুতটি হল যার জমা, এই কিন্তৃতটি হল তার পরচ। ওই ছোটোগুলো হতে থাকে ছাই, আর ওই বড়োটা জ্বলতে থাকে শিখা। এই হচ্ছে বড়ো হবার তব।

নন্দিনী। ও তো রাক্ষদের তত্ত।

অধ্যাপক। তবর উপর রাগ করা মিছে। সে ভালোও নয়, মন্দও নয়। যেটা হয় সেটা হয়, তার বিরুদ্ধে যাও তো হওয়ারই বিরুদ্ধে যাবে। লিনী। এই যদি মাহুষের হওয়ার রাস্তা হয়, তা-হলে চাই নে আমি হওয়া— আমি ওই ছায়াদের সঙ্গে চলে যাব, আমাকে রাস্তা দেখিয়ে দাও।

অগ্নাপক। রাস্তা দেখাবার দিন এলে এরাই দেখাবে, তার আগে রাস্তা ব'লে কোনো বালাই নেই। দেখো-না, প্রাণবাগীশ আস্তে আস্তে কথন্ সরে পড়েছেন, ভেবেছেন পালিয়ে বাঁচবেন। একটু এগোলেই ব্যবেন বেড়াজাল এখান খেকে জক করে বহু যোজন দ্র পর্যন্ত খুঁটিতে খুঁটিতে বাঁধা। নন্দিনী, রাগ করছ তুমি। তোমার কপোলে রক্তকরবীর গুচ্ছ আজ প্রলয়গোধ্লির মেঘের মতো দেখাছে।

बिननी। (कानना र्छटन) त्नांता, त्नांता!

অধ্যাপক। কাকে ডাকছ তুমি।

নন্দিনী। জালের কুয়াশায় ঢাকা তোমাদের রাজাকে।

অধ্যাপক। ভিতরকার কপাট পড়ে গেছে, ডাক শুনতে পাবে না।

নিদ্দনী। বিশ্বপাগল, পাগলভাই!

অধ্যাপক। তাকে ডাকছ কেন।

নিদ্নী। এথনো-যে সে ফিরল না। আমার ভয় করছে।

অধ্যাপক। একটু আগেই তোমার দক্ষেই তো দেখেছি।

নন্দিনী। সর্দার বললে, রঞ্জনকে চিনিয়ে দেবার জন্মে তার ডাক পড়েছে। সঙ্গে যেতে চাইলুম, দিলে না।— ও কিসের আর্তনাদ।

অধ্যাপক। এ বোধ হচ্ছে সেই পালোয়ানের।

निमनी। (क भा

অধ্যাপক। সেই-যে জগদ্বিখ্যাত গজ্জু, যার ভাই ভজন স্পর্ধা করে রাজার সঙ্গে কুন্তি করতে এল, তার পরে তার লঙোটির একটা ষ্টেড়া স্থতো কোথাও দেখা গেল না। সেই রাগে গজ্জু এল তাল ঠুকে। ওকে গোড়াতেই বলেছিলুম, এ-রাজ্যে স্থড়ক খুদতে চাও তো এসো, মরতে-মরতেও কিছুদিন বেঁচে থাকবে। আর যদি পৌকষ দেখাতে চাও তো একমুহূর্ত দুইবে না। এ বড়ো কঠিন জায়গা।

নন্দিনী। দিনরাত এই মাছ্মধরা ফাঁদের থবরদারি করে এরা একটু এ কি ভালো থাকে।

অধ্যাপক। ভালোর কথাটা এর মধ্যে নেই, থাকার কথাটাই আছে। এদের সেই থাকাটা এত ভয়ংকর বেড়ে গেছে যে লাখো-লাখো মাহুষের উপর চাপ না দিলে এদের ভার সামলাবে কে? জাল তাই বেড়েই চলেছে। ওদের যে থাকতেই হবে। নন্দিনী। থাকতেই হবে? মানুষ হয়ে থাকবার জ্ঞান্তে যদি মরতেই হয়, তাতেই বা দোষ কী।

অধ্যাপক। আবার দেই রাগ? দেই রক্তকরবীর বংকার? খুব মধুর, তব্ও যা সভ্য তা সভ্য। থাকবার জন্মে মরতে হবে, এ কথা বলে হুখ পাও ভো বলো। কিন্তু থাকবার জন্মে মারতে হবে, এ কথা যারা বলে ভারাই থাকে। ভোমরা বল এতে মহায়ত্বের ক্রাটি হয়, রাগের মাথায় ভূলে যাও এইটেই মহায়ত্ব। বাদকে খেয়ে বাঘ বড়ো হয় না, কেবল মাহায়ই মাহায়কে খেয়ে ফুলে ওঠে।

পালোয়ানের প্রবেশ

নন্দিনী। আহা, ওই দেখো, কি-রকম টলতে টলতে আসছে। পালোয়ান, এইখানে ভয়ে পড়ো। অধ্যাপক, দেখো-না কোথায় চোট লেগেছে।

অধ্যাপক। বাইরে থেকে চোটের দাগ দেখতেই পাবে না।

পালোয়ান। দয়াময় ভগবান, জীবনে যেন একবার জোর পাই, আর একদিনের জন্মেও।

षशां भक। किन रह।

পালোয়ান। কেবল ওই সর্দারটার ঘাড় মটকে দেবার জন্মে।

অধ্যাপক। সর্দার তোমার কী করেছে।

পালোয়ান। সমস্তই সেই তো ঘটিয়েছে। আমি তো লড়তে চাই নি। আজ বলে বেড়াচ্ছে, আমারি দোষ।

অধ্যাপক। কেন। ওর কী স্বার্থ।

পালোয়ান। সমস্ত পৃথিবীকে নিঃশক্তি করতে পারলে তবে ওরা নিশ্চিস্ত হয়।
দয়াময় হরি, একদিন যেন ওর চোথহুটো উপড়ে ফেলতে পারি, যেন ওর জিভটা টেনে
বের করি।

নন্দিনী। তোমার কি-রকম বোধ হচ্ছে, পা্লোয়ান।

পালোয়ান। বোধ হচ্ছে ভিতরটা ফাঁপা হয়ে গেছে। এরা কোথাকার দানব, জাত্ জানে, ভারু জোর নয়, একেবারে ভরসা পর্যন্ত ভ্রেষ নেয়।— যদি কোনো উপায়ে একবার— হে কল্যাণময় হরি, আঃ যদি একবার— ভোমার দয়া হলে কী না হতে পারে। স্পারের বুকে যদি একবার দাঁত বসাতে পারি।

নিষ্ণনী। অধ্যাপক, ওকে ধরো তুমি, ছজনে মিলে আমাদের বাসায় নিয়ে যাই। অধ্যাপক। সাহস করি নে, নন্দিনী। এখানকার নিয়মমতে তাতে অপরাধ হবে।

নন্দিনী। মাতুষটাকে মরতে দিলে অপরাধ হবে না ?

অধ্যাপক। যে-অপরাধের শান্তি দেবার কেউ নেই সেটা পাপ হতে পারে কিন্তু অপরাধ নয়। নন্দিনী, এ-সমন্ত থেকে তুমি একেবারে চলে এসো। শিকড়ের মৃঠো মেলে গাছ মাটির নিচে হরণশোষণের কাজ করে, সেখানে তো ফুল ফোটায় না। ফুল ফোটে উপরের ভালে, আকাশের দিকে। ওগো রক্তকরবী, আমাদের মাটির তলাকার খবর নিতে এসো না, উপরের হাওয়ায় তোমার দোল দেখব বলে তাকিয়ে আছি।— ওই-যে স্পার। আমি তবে সরি। তোমার সঙ্গে কথা কই এ ও সইতে পারে না।

নিদ্নী। আমার উপরে কেন এত রাগ।

অধ্যাপক। আন্দাজে বলতে পারি। তুমি ভিতরে-ভিতরে ওর মনের তারে টান লাগিয়েছ; যতই স্থর মিলছে না, বেস্থর ততই কড়া হয়ে চেঁচিয়ে উঠছে।

প্রস্থান

সর্দারের প্রবেশ

निक्नी। भर्मात्र!

সর্দার। নন্দিনী, তোমার সেই কুঁদফুলের মালাগাছটি আমার ঘরে দেখে গোঁসাইজির হুই চক্ষ্— এই-যে স্বয়ং এসেছেন। প্রণাম! প্রভু, সেই মালাটি নন্দিনী আমাকে দিয়েছিল!

গোঁসাইয়ের প্রবেশ

পোঁদাই। আহা, শুল্র প্রাণের দান, ভগবানের শুল্র কুন্দফুল। বিষয়ী লোকের হাতে পড়েও তার শুল্রতা মান হল না। এতেই তো পুণ্যের শক্তি আর পাপীর ত্রাণের আশা দেখতে পাই।

নন্দিনী। গোঁদাইজি, এই লোকটির একটা ব্যবস্থা করো। এর জীবনের আর কতটুকুই বা বাকি।

গোঁসাই। সবদিক ভেবে যে-পরিমাণ বাঁচা দরকার, আমাদের সর্দার নিশ্চয় ওকে ততটুকু বাঁচিয়ে রাথবে। কিন্তু বংসে, এ-সব আলোচনা তোমাদের মুথে শ্রুতিকটু লাগে, আমরা পছন্দ করি নে।

बन्मिनी। এ-রাজ্যে বাঁচিয়ে রাখার বৃঝি পরিমাণবিচার আছে ?

গোঁদাই। আছে বই-কি। পার্থিব জীবনটা যে দীমাবদ্ধ। তাই হিসাব ব্ৰে তার ভাগবাঁটোয়ারা করতে হয়। আমাদের শ্রেণীর লোকের 'পরে ভগবান ত্ঃসহ দায়িত্ব চাপিয়েছেন, সেটা বহন করতে গেলে আমাদের ভাগে প্রাণের দারাংশ অনেকটা বেশী পরিমাণে পড়া চাই। ওদের থ্ব কম বাঁচলেও চলে, কেননা ওদের ভার-লাঘবের জ্বন্থে আমরাই বাঁচি। একি ওদের পক্ষে কম বাঁচোয়া।

নন্দিনী। গোঁসাইজি, ভগবান ভোমার উপরে এদের কোন্ উপকারের বিষম ভার চাপিয়েছেন।

গোঁসাই। যে-প্রাণ সীমাবদ্ধ নয়, তার অংশভাগ নিয়ে কারো সঙ্গে কারো ঝগড়ার দরকারই হয় না, আমরা গোঁসাইরা সেই প্রাণেরই রান্ডা দেখাতে এসেছি। এতেই যদি ওরা সম্ভষ্ট থাকে তবেই আমরা ওদের বন্ধু।

নন্দিনী। তবে কি এ লোকটা ওর সীমাবদ্ধ প্রাণ নিয়ে এই-রকম আধমরা হয়েই পড়ে থাকবে।

গোঁসাই। পড়েই বা থাকবে কেন। কী বল সর্দার।

সর্দার। সে তো ঠিক। পড়ে থাকতে দেব কেন। এখন থেকে নিজের জোরে চলবার ওর দরকারই হবে না। আমাদেরই জোরে চালিয়ে নিয়ে বেড়াব। ওরে গজ্জু। পালোয়ান। কী প্রভূ।

গোঁসাই। হরি হরি, এরি মধ্যে গলা বেশ-একটু মিহি হয়ে এসেছে, মনে হচ্ছে, আমাদের নামকীর্তনের দলে টেনে নিতে পারব।

সর্দার। হ-ক্ষ পাড়ার মোড়লের ঘরে তোর বাসা হয়েছে, চলে ষা সেখানে। নন্দিনী। ওকি কথা। চলতে পারবে কেন।

সর্দার। দেখো নন্দিনী, মাহ্ব-চালানোই আমাদের ব্যবসা। আমরা জানি, মাহ্ব বেখানটাতে এসে মৃথ থুবড়ে পড়ে, জোরে ঠেলা দিলে আরো খানিকটা যেতে পারে। যাও গজ্জু।

भारतायांन। य जारम्भ।

নন্দিনী। পালোয়ান, আমিও ষাচ্ছি মোড়লের ঘরে। সেথানে তো তোমাকে দেখবার কেউ নেই।

পালোমান। ना ना, शाक्, मनाव वांग कवरव।

निमनी। आमि मर्गादात त्रांगत्क एव कति तन।

পালোয়ান। আমি ভয় করি, দোহাই তোমার, আমার বিপদ বাড়িয়ো না।

[শ্ৰেছান

নন্দিনী। সর্দার, যেয়ো না, বলে যাও আমার বিশুপাগলকে কোথায় নিয়ে গেছ।
সর্দার। আমি নিয়ে যাবার কে। বাতাস নিয়ে যায় মেঘকে, সেটাকে যদি
লোষ মনে কর, থবর নাও বাতাসকে কে দিয়েছে ঠেলা।

নন্দিনী। এ কোন্ সর্বনেশে দেশ গো। তোমরাও মান্ত্র নও, আর যাদের চালাও তারাও মান্ত্র নয়? তোমরা হাওয়া, তারা মেঘ? গোঁসাই, তুমি নিশ্চয় জান, কোথায় আমার বিশ্বপাগল আছে।

গোঁদাই। আমি নিশ্বর জানি, দে যেখানে থাক্ দবই ভালোর জন্তে।

নিদিনী। কার ভালোর জন্মে।

গোঁসাই। সে তুমি ব্ঝবে না— আঃ, ছাড়ো, ছাড়ো, ওটা আমার জপমালা। ওই গেল ছি ড়ে। ওহে সর্দার, এই ষে মেয়েটিকে তোমরা—

সর্দার। কে জানে ও কেমন করে এখানকার নিয়মের একটা ফাঁকের মধ্যে বাসা পেয়েছে। স্বয়ং আমাদের রাজা—

গোঁসাই। ওহে, এইবার আমার নামাবলিটা-স্থন্ধ ছি ড্বে। বিপদ করলে। আমি চললুম।

निमनी। मर्गात्र, वलर्ट्ड हरव कोथांग्र निरम् शिरम् विख्यांगलक।

সর্দার। তাকে বিচারশালায় ডেকেছে— এর বেশি বলবার নেই। ছাড়ো আমাকে, আমার কাজ আছে।

নন্দিনী। আমি নারী বলে আমাকে ভয় কর না? বিহ্যুৎশিখার হাত দিয়ে ইন্দ্র তাঁর বজ্র পাঠিয়ে দেন। আমি সেই বজ্র বয়ে এনেছি, ভাঙবে তোমার সর্দারির সোনার চূড়া।

সর্দার। তবে সত্য কথাটা তোমাকে বলে যাই। বিশুর বিপদ ঘটিয়েছ তুমিই। নন্দিনী। আমি!

স্পার। হাঁ, তুমিই। এতদিন কীটের মতো নিঃশব্দে মাটির নিচে গর্ত করে সে চলেছিল, তাকে মরবার পাখা মেলতে শিখিয়েছ তুমিই, ওগো ইন্দ্রদেবের আগুন। অনেককে টানবে, তারপরে শেষ বোঝাপড়া হবে তোমাতে-আমাতে। বেশি দেরি নেই।

নন্দিনী। তাই হ'ক, কিন্তু একটা কথা বলে যাও, রঞ্জনকে আমার সঙ্গে দেখা করতে দেবে কি।

সর্দার। কিছুতে না।

নন্দিনী। কিছুতেই না! দেখব তোমার সাধ্য কিসের। তার সঙ্গে আমার মিলন হবেই, হবেই, আজই হবে। এই তোমাকে বলে দিলুম। [সর্দারের প্রস্থান

নন্দিনী। (জানলায় যা দিয়ে) শোনো শোনো, রাজা। কোথায় তোমার বিচার-শালা। তোমার জালের এই আড়াল ভাঙব আমি। ও কে ও। কিশোর যে। বল্ তো আমায়, জানিস কি কোথায় আমাদের বিশ্ব।

কিশোরের প্রবেশ

কিশোর। হাঁ নন্দিনী, এখনি তার সঙ্গে দেখা হবে, মনটা ঠিক করে রাখো। জানি নে, প্রহরীদের কর্তা আমার মুখ দেখে কেন দয়া করলে। আমার অন্ধরোধে এই পথ দিয়ে বিশুকে নিয়ে যেতে রাজী হল।

নিদ্দনী। প্রহরীদের কর্তা? তবে কি—

किल्गात । दैं।, उद्दे-एव व्यामण्ड ।

নন্দিনী। ওকি! তোমার হাতে হাতকড়ি! পাগলভাই, তোমাকে ওরা অমন করে কোথায় নিয়ে চলেছে।

বিশুকে নিয়ে প্রহরীর প্রবেশ

বিশু। ভয় নেই, কিছু ভয় করিস নে। পাগলী, এতদিন পরে আমার মৃক্তি হল।

নিদনী। কী বলছ ৰুঝতে পারছি নে।

বিশু। ধধন ভয়ে-ভয়ে পদে-পদে বিপদ সামলে চলতুম তখন ছাড়া ছিলুম। সেই ছাড়ার মতো বন্ধন আর নেই।

निमनी। कि माप करब्र एय अवा जो पांक दें एवं निरंप हिला है।

বিশু। এতদিন পরে আজ সত্যকথা বলেছিলুম।

নিদনী। তাতে দোষ কী হয়েছে।

विश्व। किष्टू ना।

निमनी। তবে এমন করে বাঁধলে কেন।

বিশু। এতেই বা ক্ষতি কী হল। সত্যের মধ্যে মৃক্তি পেয়েছি— এ-বন্ধন তারি সত্য সাক্ষী হয়ে রইল।

নন্দিনী। ওরা তোমাকে পশুর মতো রাস্তা দিয়ে বেঁধে নিয়ে চলেছে, ওদের নিজেরি লজ্জা করছে না? ছি ছি, ওরাও তো মাছুষ।

বিশু। ভিতরে মস্ত একটা পশু রয়েছে-যে— মাহুষের অপমানে ওদের মাথা হেঁট হয় না, ভিতরকার জানোয়ারটার লেজ ফুলতে থাকে, তুলতে থাকে।

নন্দিনী। আহা পাগলভাই, ওরা কি তোমাকে মেরেছে। এ কিসের চিহ্ন ভোমার গায়ে।

বিশু। চাবুক মেরেছে, ষে-চাবুক দিয়ে ওরা কুকুর মারে। ষে-রশিতে এই

চাবৃক তৈরী সেই রশির স্থতো দিয়েই ওদের গোঁসাইয়ের জ্পমালা তৈরী। যথন ঠাকুরের নাম জপ করে তথন সে-কথা ওরা ভূলে যায়, কিন্তু ঠাকুর থবর রাখেন।

নন্দিনী। আমাকেও এমনি করে তোমার দকে বেঁধে নিয়ে যাক, ভাই আমার। তোমার এই মার আমিও যদি কিছু না পাই তবে আজ থেকে মৃথে অন্ন রুচবে না।

কিশোর। বিশু, আমি যদি চেষ্টা করি নিশ্চয় গুরা তোমার বদলে আমাকে নিতে পারে। সেই অনুমতি করো তুমি।

বিভ। এ-যে তোর পাগলের মতো কথা।

কিশোর। শান্তিতে তো আমাকে বাজবে না, আমার বয়স অল্প, আমি খুশী হয়ে সইতে পারব।

निमनी। जारा, ना कित्भांत्र, ७-कथा विनम तन।

কিশোর। নন্দিনী, আমি আজ কামাই করেছি, ওরা তা টের পেয়েছে। আমার পিছনে ডালকুত্তা লাগিয়েছে। তারা যে অপমান করবে, এই শাস্তি তার থেকে আমাকে বাঁচাবে।

বিশু। না কিশোর, এখনো ধরা পড়লে চলবে না। একটা বিপদের কাজ করবার আছে। রঞ্জন এখানে এসেছে, যেমন করে পারিস তাকে বের করতে হবে। সহজ্বনায়।

কিশোর। নিদ্দনী, তা-হলে বিদায় নিল্ম। রঞ্জনের সঙ্গে দেখা হলে তোমার কোন কথা তাকে জানাব।

নন্দিনী। কিছু না। তাকে এই রক্তকরবীর গুচ্ছ দিলেই আমার সব কথা জানানো হবে।

বিশু। এইবার রঞ্জনের সঙ্গে তোমার মিলন হ'ক।

নন্দিনী। মিলনে আমার আর স্থ হবে না। এ-কথা কোনোদিন ভুলতে পারব না ষে, তোমাকে শৃত্যহাতে বিদায় দিয়েছি। আর ওই-যে বালক কিশোর, ও আমার কাছ থেকে কী বা পেলে।

বিশু। মনে যে-আগুন জালিয়ে দিয়েছ, তাতে ওর অস্তরের ধন সব প্রকাশ পেয়েছে। আর কী চাই। মনে আছে, সেই নীলকণ্ঠের পালক রঞ্জনের চূড়ায় পরিয়ে দিতে হবে ?

निमनी। এই-यে तर्प्रष्ट आयात ब्रक्त आंहल।

বিশ্ব। পাগলী, শুনতে পাচ্ছিদ ওই ফসলকাটার গান ?

নন্দিনী। শুনতে পাছিছ, প্রাণ কেঁদে উঠছে।

বিশু। মাঠের লীলা শেষ হল, খেতের মালিক পাকা ফসল ঘরে নিয়ে চলল। চলো প্রহরী, আর দেরি নয়—

গান

শেষ ফলনের ফসল এবার কেটে লও, বাঁধো আঁটি, বাকি যা নয় গো নেবার মাটিতে হ'ক তা মাটি।

ি সকলের প্রস্থান

हिकि९मक ७ मनीदात्र প্রবেশ

চিকিৎসক। দেখলুম। রাজা নিজের 'পরে নিজে বিরক্ত হয়ে উঠেছেন। এ-রোগ বাইরের নয়, মনের।

সদার। এর প্রতিকার কী।

চিকিৎসক। বড়ো-রকমের ধাকা। হয় অন্ত রাজ্যের দক্ষে, নয় নিজের প্রজাদের মধ্যে উৎপাত বাধিয়ে তোলা।

সর্দার। অর্থাৎ আর-কারো ক্ষতি করতে না দিলে, উনি নিজের ক্ষতি করবেন।

চিকিৎসক। ওরা বড়োলোক, বড়ো-শিশু, থেলা করে। একটা থেলায় যথন বিরক্ত হয়, তথন আরেকটা থেলা না জুগিয়ে দিলে নিজের থেলনা ভাঙে। কিন্ত প্রস্তুত থাকো সদার, আর বড়ো দেরি নেই।

দর্শার। লক্ষণ দেখে আমি আগেই দব প্রস্তুত রেখেছি। কিস্কু হায় হায়, কী হংখ। আমাদের স্বর্ণপুরী যে-রকম ঐশ্বর্যে ভরে উঠেছিল, এমন কোনোদিন হয় নি, ঠিক এই দময়টাতেই— আচ্ছা যাও, ভেবে দেখছি। [চিকিৎসকের প্রস্থান

মোড়লের প্রবেশ

মোড়ল। স্পারমহারাজ, ডেকেছেন ? আমি ঞ পাড়ার মোড়ল। স্পার। তুমিই তো তিনশো একুশ ?

মোড়ল। প্রভুর কী শারণশক্তি। আমার মতো অভাক্ষনকেও ভোলেন না।

স্পার। দেশ থেকে আমার স্ত্রী আসছে। তোমাদের পাড়ার কাছে ডাক বদল হবে, শীদ্র এথানে পৌছিরে দেওয়া চাই।

মোড়ল। পাড়ায় গোরুর মড়ক, গাড়ি টানবার মতো বলদের অভাব। তা হ'ক, খোদাইকরদের লাগিয়ে দেওয়া যাবে।

সর্দার। কোথায় যেতে হবে জান তো ? বাগানবাড়িতে, যেথানে সর্দারদের ভোজ। মোড়ল। যাচ্ছি, কিন্তু একটা কথা বলে দিয়ে যাই। একটু কান দেবেন। ওই-যে ৬৯ ঙ, লোকে যাকে বিশুপাগল বলে, ওর পাগলামিটাকে শোধন করবার সময় এসেছে।

সদার। কেন। তোমাদের 'পরে উৎপাত করে নাকি।

মোড়ল। মুখের কথায় নয়, ভাবে-ভন্নীতে।

সর্দার। আর ভাবনা নেই। বুঝেছ?

মোড়ল। তাই নাকি। তা-হলে ভালো। আরেকটা কথা, ওই-যে ৪৭ ফ, ৬৯ ঙর সঙ্গে ওর কিছু বেশী মেশামেশি।

সর্দার। সেটা লক্ষ্য করেছি।

মোড়ল। প্রভ্র লক্ষ্য ঠিকই আছে। তবু নানান দিকে দৃষ্টি রাখতে হয় নাকি—

ত্ই-একটা ফদকিয়ে থেতেও পারে। এই দেখন-না, আমাদের ৯৫— গ্রামসম্পর্কে

আমার পিদখন্তর— পাঁজরের হাড়ক'খানা দিয়ে সদারমহারাজের ঝাড়ুবর্দারের খড়ম
বানিয়ে দিতে প্রস্তুত্তি দেখে স্বয়ং তার সহধর্মিণী লজ্জায় মাথা হেঁট করে,

অথচ আজ পর্যস্ত—

সদার। তার নাম বড়ো-খাতায় উঠেছে।

মোড়ল। যাক, সার্থক হল এতকালের সেবা। খবরটা তাকে সাবধানে শোনাতে হবে, তার আবার মুগীরোগ আছে, কী জানি হঠাৎ —

সর্দার। আচ্ছা, সে হবে, তুমি যাও শিগ্গির।

মোড়ল। আর একজন মান্নবের কথা বলবার আছে— সে যদিচ আমার আপন শালা, তার মা মরে গেলে আমার স্ত্রী তাকে নিজের হাতে মান্ন্য করেছে, তবুও যথন মনিবের নিমক—

সর্দার। তার কথা কাল হবে, তুমি দৌড়ে চলে যাও।

মোড়ল। মেজো সর্দারবাহাত্র ওই আসছেন। ওঁকে আমার হয়ে চ্টো কথা বলবেন। আমার উপর ওঁর ভালো নজর নেই। আমার বিশ্বাস প্রভূদের মহলে ৬৯ ওর যথন যাওয়া-আসা ছিল, তথনি সে আমার নামে— সদার। না না, কোনোদিন তোমার নাম করতেও তাকে শুনি নি।

মোড়ল। সেই তো ওর চালাকি। যে-মাহ্রষ নামজাদা তার নাম চাপা দিয়েই তো তাকে মারতে হয়। কৌশলে ইশারায় লাগালাগি করা তো ভালো নয়। ওই রোগটি আছে আমাদের তেতিশের। তার তো দেখি আর-কোনো কাজ নেই, যখন-তথন প্রভূদের থাসমহলে যাওয়া-আসা চলছেই। ভর হয়, কার নামে কী বানিয়ে বসে। অথচ ওঁর নিজের ঘরের থবরটি যদি—

সদার। আৰু আর সময় নেই, শিগ্গির যাও।

মোড়ল। তবে প্রণাম হই। (ফিরে এসে) একটি কথা, ওপাড়ার অষ্ট-আশি সেদিন মাত্র তিরিশ তনথায় কাঙ্গে ঢুকল, হুটো বছর না যেতেই উপরিপাওনা ধরে ওর আয় আজ কিছু না হবে তো মাসে হাজার-দেড়হাজার তো হবেই। প্রভুদের সাদা মন, দেবতার মতো ফাঁকা স্তবেই ভোলেন। সাষ্টাঙ্গে প্রণামের ঘটা দেখেই—

সদার। আচ্ছা আচ্ছা, সে-কথা কাল হবে।

মোড়ল। আমার তো দয়াধর্ম আছে, আমি তার রুটি মারার কথা বলি নে; কিছ তাকে থাতাঞ্চিথানায় রাথাটা ভালো হচ্ছে কিনা ভেবে দেথবেন। আমাদের বিষ্ণুদত্ত তার নাড়ীনক্ষত্র জানে। তাকে ডাকিয়ে নিয়ে—

সর্দার। আজই ডাকাব, তুমি যাও।

মোড়ল। প্রভু, আমার সেজো ছেলে লায়েক হয়ে উঠেছে। প্রণাম করতে এসেছিল, তিন দিন হাঁটাহাঁটি করে দর্শন না পেয়ে ফিরে গেছে। বড়োই মনের ত্থুখে আছে। প্রভুর ভোগের জন্মে আমার বধুমাতা নিজের হাতে তৈরী ছাঁচিকুমড়োর—

সর্দার। আচ্ছা, পরন্ত আসতে বোলো, দেখা মিলবে। [মোড়লের প্রস্থান

মেজো সর্দারের প্রবেশ

মেজো সর্দার। নাচওয়ালী আর বাজনদারদের বাগানে রগুনা করে দিয়ে এলুম। সর্দার। আর, রশ্বনের সেটা কড দ্র—

মেজো সর্দার। এ-সব কান্ধ আমার দ্বারা হয় না। ছোটো সর্দার নিজে পছন্দ করে ভার নিয়েছে। এতক্ষণে তার—

দর্শার। রাজা কি—

মেজো সর্দার। রাজা নিশ্চয় ব্রুতে পারেন নি। দশজনের সঙ্গে মিশিয়ে তাকে
—কিন্তু রাজাকে এরকম ঠকানো আমি তো কর্তব্য মনে করি নে।

সর্দার। রাজার প্রতি কর্ডব্যের অহুরোধেই রাজাকে ঠকাতে হয়, রাজাকে ঠেকাতেও হয়। সে দায় আমার। এবার কিন্তু ওই মেয়েটাকে অবিলম্বে—

মেজো সর্দার। না না, এ-সব কথা আমার সঙ্গে নয়। যে-মোড়লের উপর ভার দেওয়া হয়েছে সে যোগ্য লোক, সে কোনোরকম নোংরামিকেই ভয় করে না।

সদার। কেনারাম গোঁসাই কি জানে রঞ্জনের কথা।

মেজো সদার। আন্দাজে সবই জানে, পদ্ট জানতে চায় না।

मर्गात्र। क्ना

মেজো সদার। পাছে 'জানি নে' এই কথা বলবার পথ বন্ধ হয়ে যায়।

मर्मात्र। इनहे वा।

মেজো সর্দার। ব্রাছ না ? আমাদের তো শুরু একটা চেহারা, সর্দারের চেহারা।
কিন্তু ওর-যে এক পিঠে গোঁসাই, আরেক পিঠে সর্দার। নামাবলিটা একটু ফেঁসে
গেলেই সেটা ফাঁস হয়ে পড়ে। তাই সর্দারিধর্মটা নিজের অগোচরে পালন করতে হয়,
তা-হলে নামজপের বেলায় খুব বেশী বাধে না।

সর্দার। নামজপটা না-হয় ছেড়েই দিত।

মেজাে সর্দার। কিন্তু এদিকে যে ওর মনটা ধর্মভীক্ষ, রক্তটা যাই হ'ক। তাই স্পাইভাবে নামজপ আর অস্পাইভাবে সর্দারি করতে পারলে ও স্বস্থ থাকে। ও আছে বলেই আমাদের দেবতা আরামে আছে, তার কলঙ্ক ঢাকা পড়েছে, নইলে চেহারাটা ভালাে দেখাত না।

সর্দার। মেজো সর্দার, তোমারো দেখেছি রক্তের সঙ্গে সর্দারির রক্তের মিল হয় নি।

মেজাে সর্দার। রক্ত শুকিয়ে এলেই বালাই থাকবে না, এথনাে সে-আশা আছে।
কিন্তু আজাে তােমার ওই তিনশাে-একুশকে সইতে পারি নে। ষাকে দূর থেকে
চিমটে দিয়ে ছুঁতেও ঘেরা করে, তাকে যথন সভার মাঝথানে হুহদ ব'লে বুকে জড়িয়ে
ধরতে হয়, তথন কোনাে তীর্থজলে স্নান করে নিজেকে শুচি বােধ হয় না।— ওই-য়ে
নিন্দিনী আসছে।

मनीत । চলে এসো, মেজো मनीत ।

মেজো मर्गात्र। क्न। ७ म किरम्त्र।

দর্শার। তোমাকে বিশ্বাদ করি নে; আমি জানি, তোমার চোখে নন্দিনীর ছোর লেগেছে।

মেজো সদার। কিন্তু তুমি জানো না যে, তোমার চোখেও কর্তব্যের রঙ্কে

সঙ্গে রক্তকরবীর রঙ কিছু যেন মিশেছে, তাতেই রক্তিমা এতটা ভয়ংকর হয়ে উঠল।

সর্দার। তা হবে, মনের কথা মন নিক্ষেত্ত জানে না। তুমি চলে এসো আমার সঙ্গে। ভিতরের প্রস্থান

निमनौत्र প্রবেশ

নন্দিনী। দেখতে দেখতে সিঁত্রে মেঘে আজকের গোধৃলি রাঙা হয়ে উঠল। ওই-কি আমাদের মিলনের রঙ। আমার সিঁথের সিঁত্র যেন সমস্ত আকাশে ছড়িয়ে গেছে। (জানলায় ঘা দিয়ে) শোনো, শোনো, শোনো। দিনরাত এখানে পড়ে থাকব, যতক্ষণ না শোনো।

গোঁসাইয়ের প্রবেশ

গোঁদাই। ঠেলছ কাকে।

নিদনী। তোমাদের যে-অজগর আড়ালে থেকে মান্ত্র্য গেলে তাকে।

গোঁদাই। হরি হরি, ভগবান যখন ছোটোকে মারেন তখন তার ছোটোম্থে বড়োকথা দিয়েই মারেন। দেখো নন্দিনী, তুমি নিশ্চয় জেনো, আমি তোমার মঙ্গল চিস্তা করি।

নিদ্দনী। তাতে আমার মঙ্গল হবে না।

গোঁসাই। এসো আমার ঠাকুরঘরে, তোমাকে নাম শোনাইগে।

निमनी। अधू नाम नित्य कत्रव की।

গোঁসাই। মনে শান্তি পাবে।

নন্দিনী। শাস্তি যদি পাই তবে ধিক্ ধিক্ ধিক্ আমাকে। আমি এই দরজায় অপেক্ষা করে বসে থাকব।

গোঁসাই। দেবতার চেয়ে মাহুষের 'পরে তোমার বিশ্বাস বেশী ?

নন্দিনী। তোমাদের ওই ধ্বজ্ঞদণ্ডের দেবতা, সে কোনো দিনই নরম হবে না। কিন্তু জালের আড়ালের মাহ্ব চিরদিনই কি জালে বাঁধা থাকবে। যাও যাও, যাও। মাহুষের প্রাণ ছিঁড়ে নিয়ে তাকে নাম দিয়ে ভোলাবার ব্যবসা তোমার।

[গোঁদাইয়ের প্রস্থান

ফাগুলাল ও চন্দ্রার প্রবেশ

ফাগুলাল। বিশু তোমার সঙ্গে এল, সে এখন কোথায়। সত্য করে বলো। নিন্দুনী। তাকে বন্দী করে নিয়ে গেছে। চন্দ্রা। রাক্ষসী, তুই তাকে ধরিয়ে দিয়েছিস। তুই ওদের চর।
নিন্দ্রী। কোন্ মুখে এমন কথা বলতে পারলে।

চন্দা। নইলে এখানে তোর কী কাজ। কেবল সবার মন ভূলিয়ে ভূলিয়ে ঘূরে বেড়াস।

ফাগুলাল। এথানে সবাই সবাইকে সন্দেহ করে, কিন্তু তরু তোমাকে আমি বিশ্বাস করে এসেছি। মনে-মনে তোমাকে— সে-কথা থাক্। কিন্তু আজ কেমনতরো ঠেকছে যে।

নন্দিনী। হবে, তা হবে। আমার সঙ্গে এদেই বিপদে পড়েছে। তোমাদের কাছে নিরাপদে থাকত, সে-কথা নিজেই বললে।

इस्ता। তবে কেন আনলি ওকে ভূলিয়ে! সর্বনাশী!

निमनी। ७-८४ वनत्न, ७ मृक्ति होत्र।

চন্দ্র। ভালো মৃক্তি দিয়েছিদ ওকে।

নন্দিনী। আমি তো ওর সব কথা ব্যতে পারি নে, চন্দ্রা। ও কেন আমাকে বললে, বিপদের তলায় তলিয়ে গিয়ে তবে মৃক্তি। ফাগুলাল, নিরাপদের মার থেকে মৃক্তি চায় যে-মাহুষ, আমি তাকে বাঁচাব কী করে।

চন্দ্র। ও-সব কথা বৃঝি নে। ওকে ফিরিয়ে যদি না আনতে পারিস মরবি, মরবি। তোর ওই স্থন্দরপানা মৃথখানা দেখে আমি ভুলি নে।

ফাগুলাল। চন্দ্রা, মিছে বকাবকি করে কী হবে। কারিগরপাড়া থেকে দলবল জুটিয়ে আনি। বন্দীশালা চুরমার করে ভাঙব।

নিদনী। আমি যাব তোমাদের সঙ্গে।

া ফাগুলাল। কী করতে যাবে।

নন্দিনী। ভাঙতে যাব।

চক্রা। ওগো, অনেক ভাঙন ভেঙেছ মায়াবিনী! আর কাজ নেই।

গোকুলের প্রবেশ

গোকুল। স্বার আগে ওই ডাইনীকে পুড়িয়ে মারতে হবে।

চন্দ্রা। মারবে ? তাতে ওর শান্তি হবে না। যে-রূপ নিয়ে ও সর্বনাশ করে, সেই রূপটা দাও ঘুচিয়ে। খ্রপো দিয়ে যেমন করে ঘাস নিড়োয়, তেমনি করে ওর রূপ দাও নিড়িয়ে।

গোকুল। তা পারি। একবার এই হাতুড়ির নাচনটা—

कांखनान। अवत्रमात्र। अत्र गार्य राज मांख यनि छा- रतन-

নন্দিনী। ফাগুলাল, তুমি থামো। ও ভীক্র, আমাকে ভয় করে তাই আমাকে মারতে চায়। আমি ওর মারকে ভয় করিনে। কী করতে পারে করুক কাপুরুষ।

গোকুল। ফাগুলাল, এখনো ভোমার চৈতন্ত হয় নি! সদারকেই তুমি শক্র বলে জান! তা হ'ক যে-শক্র সহজ শক্র তাকে শ্রন্ধা করি, কিন্তু তোমাদের ওই মিষ্টিমুখী ञ्चन्द्री--

নন্দিনী। স্পারকে তোমার শ্রন্ধা। পায়ের তলাটাকে পায়ের তলার কাদার শ্রন্ধা যে-রকম। যে দাস সে কখনো শ্রন্থা করতে পারে ?

ফাগুলাল। গোকুল, তোমার পৌরুষ দেখাবার সময় এসেছে। কিন্তু বালিকার কাছে নয়। চলো আমার দকে।

[ফাগুলাল চন্দ্রা ও গোকুলের প্রস্থান

একদল লোকের প্রবেশ

নন্দিনী। ওগো, কোথায় চলেছ তোমরা।

ধ্বজাপুজার নৈবেত নিয়ে চলেছি। প্রথম ।

निमनी। त्रक्षनत्क एएएथङ ?

দিতীয়। তাকে পাঁচদিন আগে একবার দেখেছিলুম, আর দেখি নি। ওই ওদের জিজ্ঞাদা করো, হয়তো বলতে পারবে।

নন্দিনী। ওরা কারা।

তৃতীয়। ওরা দর্দারের ভোজে মদ নিয়ে যাচ্ছে। এই দলের প্রস্থান

অন্য দলের প্রবেশ

নন্দিনী। ওগো লালটুপিরা, রঞ্জনকে তোমরা দেখেছ?

প্রথম। সেদিন রাতে শস্তুমোড়লের বাড়িতে দেখেছি।

নন্দিনী। এখন কোথায় আছে দে?

षिठीय। अहे-त्य मनावनीत्मत छात्य माज नित्य हत्नहरू, अत्मत विकामा करता, ওরা অনেক কথা শুনতে পায় যা আমাদের কানে পৌছয় না।

[এই দলের প্রস্থান

অন্য দলের প্রবেশ

নিশনী। ওগো, রঞ্জনকে এরা কোথায় রেখেছে ভোমরা কি জান।

প্রথম। চুপ চুপ।

নন্দিনী। তোমরা নিশ্চয় জান, আমাকে বলতেই হবে।

বিতীয়। আমাদের কান দিয়ে যা ঢোকে মৃথ দিয়ে তা বেরোয় না, তাই টি কৈ আছি। ওই-যে অন্তের ভার নিয়ে আসছে, ওদের জিজ্ঞাসা করো।

| এই দলের প্রস্থান

অন্য দলের প্রবেশ

নন্দিনী। গুগো, একটু থামো, বলে যাও রঞ্জন কোথায়।

প্রথম। শোনো বলি, লগ্ন হয়ে এসেছে। ধ্বজাপুজায় রাজাকে বেরোতেই হবে। তাঁকেই জিজ্ঞাদা করো। আমরা শুরুটা জানি, শেষটা জানি নে। প্রিস্থান

निननी। (क्रांननाय चा मिर्प्य) मभय रुखार्छ, मत्रका थाला।

নেপথো। আবার এসেছ অসময়ে। এখনি যাও, যাও তুমি।

নন্দিনী। অপেকা করবার সময় নেই, শুনতেই হবে আমার কথা।

নেপথ্য। কী বলবার আছে বাইরে থেকে বলে চলে যাও।

নন্দিনী। বাইরে থেকে কথার স্থর তোমার কানে পৌছয় না।

নেপথ্যে। আজ ধ্বজাপুজা, আমার মন বিক্ষিপ্ত কোরো না। পুজার ব্যাঘাত হবে। যাও, যাও! এখনি যাও।

নন্দিনী। আমার ভয় ঘুচে গেছে। অমন করে তাড়াতে পারবে না। মরি সেও ভালো, দরজা না খুলিয়ে নড়ব না।

নেপথো। রঞ্জনকে চাও বৃঝি ? সদারকে বলে দিয়েছি, এখনি তাকে এনে দেবে। পুজোয় যাবার সময় দরজায় দাঁড়িয়ে থেকো না। বিপদ ঘটবে।

নন্দিনী। দেবতার সময়ের অভাব নেই, পুজোর জন্মে যুগযুগান্তর অপেক্ষা করতে পারেন। মাহুষের তৃঃথ মাহুষের নাগাল চায় যে। তার সময় অল্প।

নেপথ্যে। আমি ক্লান্ত, ভারি ক্লান্ত। ধ্বজাপুজায় অবসাদ ঘূচিয়ে আসব। আমাকে তুর্বল কোরো না। এখন বাধা দিলে রথের চাকায় গুঁড়িয়ে যাবে।

निमनी। बुक्कत्र छेशत्र मिरम ठांक। ठल यांक, न एव ना।

নেপথ্যে। নন্দিনী, আমার কাছ থেকে তুমি প্রশ্রেষ পেয়েছ, তাই ভয় কর না। আৰু ভয় করতেই হবে।

নন্দিনী। আমি চাই, স্বাইকে ধ্যেন ভয় দেখিয়ে বেড়াও, আমাকেও তেমনি ভয় দেখাবে। তোমার প্রশ্রমকে খুণা করি।

নেপথ্য। ঘুণা কর ? স্পর্ধা চূর্ণ করব। তোমাকে আমার পরিচয় দেবার সময় এসেছে।

নন্দিনী। পরিচয়ের অপেক্ষাতেই আছি, খোলো দ্বার। (দ্বার উদ্ঘাটন)ওকি! ওই কে প'ড়ে। রঞ্জনের মতো দেখছি যেন!

त्राष्ट्रा। की वलला। त्रक्षन ? कथरनां हे तक्षन नग्न।

निसनी। र्शा (गा, এই তো আমার রঞ্জন।

রাজা। ও কেন বললে না ওর নাম। কেন এমন স্পর্ধা করে এল।

নন্দিনী। জাগোরঞ্জন, আমি এসেছি তোমার স্থী। রাজা, ও জাগে না কেন।

রাজা। ঠকিয়েছে। আমাকে ঠকিয়েছে এরা। সর্বনাশ। আমার নিজের ষষ্ট্র আমাকে মানছে না। ডাক্ তোরা, সর্দারকে ডেকে আন্, বেঁধে নিয়ে আয় তাকে।

নন্দিনী। রাজা, রঞ্জনকে জাগিয়ে দাও, সবাই বলে তুমি জাত্ জান, ওকে জাগিয়ে দাও।

রাজা। আমি যমের কাছে জাহ শিখেছি, জাগাতে পারি নে। জাগরণ ঘৃচিয়ে দিতেই পারি।

নন্দিনী। তবে আমাকে ওই ঘুমেই ঘুম পাড়াও। আমি সইতে পারছি নে। কেন এমন সর্বনাশ করলে।

রাজা। আমি যৌবনকে মেরেছি— এতদিন ধরে আমি সমস্ত শক্তি নিয়ে কেবল যৌবনকে মেরেছি। মরা-যৌবনের অভিশাপ আমাকে লেগেছে।

निम्नी। ७ कि जामात्र नाम वरन नि।

রাজা। এমন করে বলেছিল, সে আমি সইতে পারি নি। হঠাৎ আমার নাড়ীতে নাড়ীতে যেন আগুন জলে উঠল।

নন্দিনী। (রঞ্জনের প্রতি) বীর আমার, নীলকণ্ঠপাঝির পালক এই পরিয়ে দিলুম তোমার চূড়ায়। তোমার জয়যাত্রা আজ হতে শুরু হয়েছে। সেই যাত্রার বাহন আমি।— আহা, এই-যে ওর হাতে সেই আমার রক্তকরবীর মঞ্জরি। তবে তো কিশোর ওকে দেপেছিল। সে কোথায় গেল। রাজা, কোথায় সেই বালক।

রাজা। কোন্ বালক।

निमनी। य-वांलक এই फूला प्रश्नित तक्षनक धान मिराइहिल।

রাজা। সে-যে অদ্ভূত ছেলে। বালিকার মতো তার কচি মুখ, কিন্তু উদ্ধৃত তার বাক্য। সে স্পর্ধা করে আমাকে আক্রমণ করতে এসেছিল।

নন্দিনী। তার পরে? কী হল তার। বলো কী হল। বলতেই হবে, চুপ করে থেকো না।

রাজা। বৃদ্বুদের মতো সে লুপ্ত হয়ে গেছে।

निमनी। द्राष्ट्रा, এইবার সময় হল।

রাজা। কিসের সময়।

নিদ্দিনী। আমার সমস্ত শক্তি নিয়ে তোমার সঙ্গে আমার লড়াই।

রাজা। আমার সঙ্গে লড়াই করবে তুমি! তোমাকে-যে এই মূহুর্তেই মেরে ফেলতে পারি।

নন্দিনী। তার পর থেকে মৃহুর্তে মৃহুর্তে আমার সেই মরা ভোমাকে মারবে। আমার অস্ত্র নেই, আমার অস্ত্র মৃত্যু।

রাজা। তা-হলে কাছে এসো। সাহস আছে আমাকে বিশ্বাস করতে? চলো আমার সঙ্গে। আজ আমাকে তোমার সাথী করো, নন্দিন।

निमनी। कांथाय गांव?

রাজা। আমার বিরুদ্ধে লড়াই করতে, কিন্তু আমারি হাতে হাত রেখে। ব্ঝতে পারছ না? দেই লড়াই শুরু হয়েছে। এই আমার ধ্বজা, আমি ভেঙে ফেলি ওর দত্ত, তুমি ছিঁড়ে ফেলো ওর কেতন। আমারি হাতের মধ্যে তোমার হাত এসে আমাকে মারুক, মারুক, সম্পূর্ণ মারুক তাতেই আমার মৃক্তি।

দলের লোক। মহারাজ, এ কী কাণ্ড। এ কী উন্মন্ততা। ধ্বজা ভাঙলেন! আমাদের দেবতার ধ্বজা, যার অজ্যে শল্যের এক দিক পৃথিবীকে অন্য দিক স্বর্গকে বিদ্ধ করেছে, সেই আমাদের মহাপবিত্র ধ্বজ্বও! পূজার দিনে কী মহাপাতক। চল্, স্পারদের খবর দিইগে।

রাজা। এখনো অনেক ভাঙা বাকি, তুমিও তো আমার দক্ষে যাবে নন্দিনী, প্রালয়পথে আমার দীপশিখা?

নন্দিনী। যাব আমি।

ফাগুলালের প্রবেশ

ফাগুলাল। বিশুকে ওরা কিছুতেই ছেড়ে দেবে না। এ কে। এই বৃঝি রাজা ? ডাকিনী, ওর সঙ্গে পরামর্শ চলছে! বিশ্বাসঘাতিনী! রাজা। কী হয়েছে তোমাদের। কী করতে বেরিয়েছ।

ফাগুলাল। বন্দীশালার দরজা ভাঙতে, মরি তবু ফিরব না।

রাজা। ফিরবে কেন। ভাঙার পথে আমিও চলেছি। ওই তার প্রথম চিহ্ন। আমার ভাঙা ধ্বজা, আমার শেষ কীর্তি।

ফাগুলাল। নন্দিন, ভালো ব্ঝতে পারছি নে। আমরা সরল মানুষ, দয়া করো, আমাদের ঠকিয়ো না। তুমি-যে আমাদেরই ঘরের মেয়ে।

নন্দিনী। ফাগুভাই, তোমরা তো মৃত্যুকেই পণ করেছ, ঠকবার তো কিছুই বাকি রাখলে না।

ফাগুলাল। নন্দিন, তুমিও তবে আমাদের সঙ্গে সঙ্গে চলো।

নন্দিনী। আমি তো সেইজন্মেই বেঁচে আছি। ফাগুলাল, আমি চেয়েছিল্ম রঞ্জনকে তোমাদের সকলের মধ্যে আনতে। ওই দেখো, এসেছে আমার বীর, মৃত্যুকে তুচ্ছ ক'রে।

ফাগুলাল। সর্বনাশ! ওই কি রঞ্জন! নিঃশব্দ পড়ে আছে!

নন্দিনী। নিঃশব্দ নয়। মৃত্যুর মধ্যে তার অপরাজিত কণ্ঠস্বর আমি-যে এই শুনতে পাচ্ছি। রঞ্জন বেঁচে উঠবে— ও কথনো মরতে পারে না।

ফাগুলাল। হায় রে নন্দিনী, স্থন্দরী আমার! এইজন্মই কি তুমি এতদিন অপেকা করে ছিলে আমাদের এই অন্ধ নরকে।

নন্দিনী। ও আদবে বলে অপেকা করে ছিলুম, ও তো এল। ও আবার আসার জ্ঞতো প্রস্তুত হব, ও আবার আসবে।— চন্দ্রা কোথায়, ফাগুলাল।

ফাগুলাল। সে গেছে গোকুলকে নিয়ে সর্দারের কাছে কাঁদাকাটি করতে। সর্দারের পৈরে তাদের অগাধ বিশ্বাস।— কিন্তু মহারাজ, ভুল বোঝ নি ভো? আমরা তোমারি বন্দীশালা ভাঙতে বেরিয়েছি।

রাজা। হাঁ, আমারি বন্দীশালা। তোমাতে আমাতে হুজনে মিলে কাজ করতে হবে। একলা তোমার কাজ নয়।

ফাগুলাল। দর্দাররা খবর পেলেই ঠেকাতে আসবে।

রাজা। তাদের সঙ্গে আমার লড়াই।

ফাগুলাল। সৈম্মেরা তো তোমাকে মানবে না।

রাজা। একলা লড়ব, সঙ্গে তোমরা আছ।

ফাগুলাল। জিততে পারবে?

রাজা। মরতে তো পারব। এতদিনে মরবার অর্থ দেখতে পেয়েছি— বেঁচেছি।
 ফাগুলাল। রাজা, শুনতে পাচ্ছ গর্জন ?

রাজা। ওই-যে দেখছি, সর্দার সৈন্ত নিয়ে আদছে। এত শিগ্গির কী করে সম্ভব হল। আগে থাকতেই প্রস্তুত ছিল, কেবল আমিই জানতে পারি নি। ঠকিয়েছে আমাকে। আমারি শক্তি দিয়ে আমাকে বেঁধেছে।

ফাগুলাল। আমার দলবল তো এখনো এদে পৌছল না।

রাজা। সর্দার নিশ্চয় তাদের ঠেকিয়ে রেখেছে। আর তারা পৌছবে না।

নন্দিনী। মনে ছিল, বিশুপাগলকে তারা আমার কাছে এনে দেবে। সে কি আর হবে না।

রাজা। উপায় নেই। পথঘাট আটক করতে সর্দারের মতো কাউকে দেখি নি। ফাগুলাল। তা হলে চলো নন্দিনী, তোমাকে নিরাপদ জায়গায় রেখে এসে তার পরে যা হয় হবে। সর্দার তোমাকে দেখলে রক্ষা থাকবে না।

নন্দিনী। একা আমাকেই নিরাপদের নির্বাসনে পাঠাবে? ফাগুলাল, তোমাদের চেয়ে দর্দার ভালো, সেই আমার জয়য়াত্রার পথ খুলে দিলে। সর্দার, সর্দার !— দেখো, ওর বর্দার আগে আমার কুন্দফুলের মালা ত্লিয়েছে। ওই মালাকে আমার ব্কের রক্তে রক্তকরবীর রঙ করে দিয়ে য়াব।— সর্দার! আমাকে দেখতে পেয়েছে। জয় রঞ্জনের জয়।

त्राजा। निमनी।

[প্রস্থান

অধ্যাপকের প্রবেশ

ফাগুলাল। কোথায় ছুটেছ, অধ্যাপক।

অধ্যাপক। কে-যে বললে, রাজা এতদিন পরে চরম প্রাণের সন্ধান পেয়ে বেরিয়েছে— পুঁথিপত্র ফেলে সঙ্গ নিতে এলুম।

ফাগুলাল। রাজা তো ওই গেল মরতে, সে নন্দিনীর ডাক শুনেছে।

অধ্যাপক। তার জাল ছি ড়েছে। নন্দিনী কোথায়।

ফাগুলাল। সে গেছে সবার আগে। তাকে আর নাগাল পাওয়া যাবে না।

অধ্যাপক। এইবারই পাওয়া যাবে। আর এড়িয়ে যেতে পারবে না, তাকে ধরব।

বিশুর প্রবেশ

বিশু। ফাগুলাল, নন্দিনী কোথায়। ফাগুলাল। তুমি কী করে এলে। বিশু। আমাদের কারিগররা বন্দীশালা ভেঙে ফেলেছে। তারা ওই চলেছে শড়তে। আমি নন্দিনীকে খুঁজতে এলুম। সে কোথায়।

ফাগুলাল। সে গেছে সকলের আগে এগিয়ে।

বিশু। কোথায়।

ফাগুলাল। শেষ মৃক্তিতে।—বিশু, দেখতে পাচ্ছ ওগানে কে শুয়ে আছে? বিশু। ও-যে রঞ্জন!

कां खनान। धूनांग्र एन ४ छ ठ तरक त दाथा ?

বিশু। ব্ঝেছি, ওই তাদের পরম্মিলনের রক্তরাখি। এবার আমার সময় এল একলা মহাযাত্রার। হয়তো গান শুনতে চাইবে। আমার পাগলী। আয় রে ভাই, এবার লড়াইয়ে চল্।

कां छलान। निम्नीत जग्न।

विश्व। निमनीत अग्र।

ফাগুলাল। আর, ওই দেখো, ধুলায় লুটছে তার রক্তকরবীর কন্ধণ। ডানহাত থেকে কখন্ খদে পড়েছে। তার হাতখানি আজ দে রিক্ত করে দিয়ে চলে গেল। বিশু। তাকে বলেছিলুম, তার হাত থেকে কিছু নেব না। এই নিতে হল, তার শেষ দান।

[প্রস্থান

मृद्य गान

পৌষ তোদের ডাক দিয়েছে, আয় রে চলে,
আয় আয় আয়।
ধুলার আঁচল ভরেছে আজ পাকা ফসলে,
মরি হায় হায়।

উপगाम ও গল

গল্পশুচ্চ

গল্পগুচ্চ

দেনাপাওনা

পাঁচ ছেলের পর যথন এক কন্সা জন্মিল তথন বাপমায়ে অনেক আদর করিয়া তাহার নাম রাথিলেন নিরুপমা। এ-গোষ্ঠীতে এমন শৌধিন নাম ইতিপুর্বে কথনো শোনা যায় নাই। প্রায় ঠাকুরদেবতার নামই প্রচলিত ছিল— গণেশ, কার্তিক, পার্বতী, তাহার উদাহরণ।

এখন নিরুপমার বিবাহের প্রস্তাব চলিতেছে। তাহার পিতা রামস্থলর মিত্র অনেক খোঁজ করেন কিন্তু পাত্র কিছুতেই মনের-মতন হয় না। অবশেষে মস্ত এক রায়বাহাত্রের ঘরের একমাত্র ছেলেকে সন্ধান করিয়া বাহির করিয়াছেন। উক্ত রায়বাহাত্রের পৈতৃক বিষয়-আশয় যদিও অনেক হ্রাস হইয়া আসিয়াছে কিন্তু বনেদি ঘর বটে।

বরপক্ষ হইতে দশ হাজার টাকা পণ এবং বহুল দানসামগ্রী চাহিয়া বসিল। রামস্থন্দর কিছুমাত্র বিবেচনা না করিয়া তাহাতেই সম্মত হইলেন; এমন পাত্র কোনো-মতে হাতছাড়া করা যায় না।

কিছুতেই টাকার জোগাড় আর হয় না। বাঁধা দিয়া, বিক্রয় করিয়া, অনেক চেষ্টাতেও হাজার ছয়-সাত বাকি রহিল। এদিকে বিবাহের দিন নিকট হইয়া আসিয়াছে।

অবশেষে বিবাহের দিন উপস্থিত হইল। নিতান্ত অতিরিক্ত স্থদে একজন বাকি টাকটা ধার দিতে স্বীকার করিয়াছিল কিন্তু সময়কালে সে উপস্থিত হইল না। বিবাহসভায় একটা তুমূল গোলযোগ বাধিয়া গেল। রামস্থলর আমাদের রায়-বাহাত্রের হাতে-পায়ে ধরিয়া বলিলেন, "শুভকার্য সম্পন্ন হইয়া যাক, আমি নিশ্চয়ই টাকাটা শোধ করিয়া দিব।" রায়বাহাত্র বলিলেন, "টাকা হাতে না পাইলে বর সভান্থ করা যাইবে না।"

এই ত্র্ঘটনায় অন্তঃপুরে একটা কান্না পড়িয়া গেল। এই গুরুতর বিপদের যে মূল

কারণ দে চেলি পরিয়া, গহনা পরিয়া, কপালে চন্দন লেপিয়া, চুপ করিয়া বসিয়া আছে। ভাবী শশুরকুলের প্রতি যে তাহার থ্ব একটা ভক্তি কিংবা অহুরাগ জন্মিডেছে, তাহা বলা যায় না।

ইতিমধ্যে একটা স্থবিধা হইল। বর সহসা তাহার পিতৃদেবের অবাধ্য হইয়া উঠিল। সে বাপকে বলিয়া বসিল, "কেনাবেচা-দরদামের কথা আমি বৃঝি না, বিবাহ করিতে আদিয়াছি বিবাহ করিয়া যাইব।"

বাপ যাহাকে দেখিল তাহাকেই বলিল, "দেখেছেন মহাশয়, আজকালকার ছেলেদের ব্যবহার।" ত্ই-একজন প্রবীণ লোক ছিল, তাহারা বলিল, "শাস্ত্রশিক্ষা নীতিশিক্ষা একেবারে নাই, কাজেই।"

বর্তমান শিক্ষার বিষময় ফল নিজের সস্তানের মধ্যে প্রত্যক্ষ করিয়া রায়বাহাত্র হতোন্তম হইয়া বসিয়া রহিলেন। বিবাহ একপ্রকার বিষণ্ণ নিরানন্দভাবে সম্পন্ন হইয়া গেল।

শশুরবাড়ি যাইবার সময় নিরুপমাকে বুকে টানিয়া লইয়া বাপ আর চোখের জল রাখিতে পারিলেন না। নিরু জিজ্ঞাসা করিল, "তারা কি আর আমাকে আসতে দেবে না, বাবা।" রামস্থন্দর বলিলেন, "কেন আসতে দেবে না, মা। আমি তোমাকে নিয়ে আসব।"

রামস্থলর প্রায়ই মেয়েকে দেখিতে যান কিন্তু বেহাইবাড়িতে তাঁর কোনো প্রতিপত্তি নাই। চাকরগুলো পর্যন্ত তাঁহাকে নিচু নজ্জরে দেখে। অস্তঃপুরের বাহিরে একটা স্বতন্ত্র ঘরে পাঁচ মিনিটের জন্ম কোনোদিন-বা মেয়েকে দেখিতে পান, কোনোদিন-বা দেখিতে পান না।

কুটুমগৃহে এমন করিয়া অপমান তো সহা যায় না। রামস্থলর স্থির করিলেন যেমন করিয়া হউক টাকাটা শোধ করিয়া দিতে হইবে।

কিন্তু যে-ঋণভার কাঁধে চাপিয়াছে, তাহারি ভার সামলানো ছঃসাধ্য। ধরচপত্তের অত্যন্ত টানাটানি পড়িয়াছে; এবং পাওনাদারদের দৃষ্টিপথ এড়াইবার জ্ঞ্জ সর্বদাই নানারপ হীন কৌশল অবলম্বন করিতে হইতেছে।

এদিকে শশুরবাড়ি উঠিতে বসিতে মেয়েকে থোঁচা লাগাইতেছে। পিতৃগৃহের নিন্দা শুনিয়া ঘরে দার দিয়া অশ্রুবিসর্জন তাহার নিত্যক্রিয়ার মধ্যে দাড়াইয়াছে।

বিশেষত শাশুড়ীর আক্রোশ আর কিছুতেই মেটে না। যদি কেহ বলে, "আহা, কী শ্রী। বউয়ের ম্থথানি দেখিলে চোথ জুড়াইয়া যায়।" শাশুড়ী বংকার দিয়া উঠিয়া বলে, শ্রী তো ভারি। ধেমন ঘরের মেয়ে তেমনি শ্রী।" এমন কি, বউরের খাওয়াপরারও ষত্ন হয় না। যদি কোনো দয়াপরতন্ত্র প্রতিবেশিনী কোনো ক্রটির উল্লেখ করে, শাশুড়ী বলে, "ওই ঢের হয়েছে।" অর্ধাৎ বাপ যদি পুরা দাম দিত তো মেয়ে পুরা যত্ন পাইত। সকলেই এমন ভাব দেখায় যেন বধ্র এখানে কোনো অধিকার নাই, ফাঁকি দিয়া প্রবেশ করিয়াছে।

বোধ হয় কন্সার এই-সকল অনাদর এবং অপমানের কথা বাপের কানে গিয়া থাকিবে। তাই রামস্থলর অবশেষে বসতবাড়ি বিক্রয়ের চেষ্টা করিতে লাগিলেন।

কিন্ত ছেলেদের যে গৃহহীন করিতে বসিয়াছেন সে-কথা তাহাদের নিকট হইতে গোপনে রাখিলেন। স্থির করিয়াছিলেন, বাড়ি বিক্রম্ম করিয়া সেই বাড়িই ভাড়া লইয়া বাস করিবেন; এমন কৌশলে চলিবেন যে, তাঁহার মৃত্যুর পূর্বে এ-কথা ছেলেরা জানিতে পারিবে না।

কিন্তু ছেলেরা জানিতে পারিল। সকলে আসিয়া কাঁদিয়া পড়িল। বিশেষত বড়ো তিনটি ছেলে বিবাহিত এবং তাহাদের কাহারো বা সন্তান আছে। তাহাদের আপত্তি অত্যন্ত গুরুতর হইয়া দাঁড়াইল, বাড়িবিক্রয় স্থাগিত হইল।

তথন রামস্থলর নানাস্থান হইতে বিস্তর স্থদে অ**ল্ল** অল্প করিয়া টাকা ধার করিতে লাগিলেন। এমন হইল যে, সংসারের থরচ আর চলে না।

নিক্ন বাপের ম্থ দেখিয়া সব বৃঝিতে পারিল। বৃদ্ধের পককেশে শুক্ষম্থে এবং সদাসংকৃচিত ভাবে দৈয় এবং তৃশ্চিস্তা প্রকাশ হইয়া পড়িল। মেয়ের কাছে যথন বাপ অপরাধী তথন সে অপরাধের অহতাপ কি আর গোপন রাখা যায়। রামস্থলর যথন বেহাইবাড়ির অহ্মতিক্রমে ক্ষণকালের জন্ম কন্যার সাক্ষাতলাভ করিতেন, তথন বাপের বৃক যে কেমন করিয়া ফাটে, তাহা তাঁহার হাসি দেখিলেই টের পাওয়া যাইত।

দেই বাথিত পিতৃহ্বদয়কে সাম্বনা দিবার উদ্দেশে দিনকতক বাপের বাড়ি যাইবার জন্ম নিক নিতান্ত অধীর হইয়া উঠিয়াছে। বাপের মান মুথ দেখিয়া সে আর দ্রে থাকিতে পারে না। একদিন রামস্থলরকে কহিল, "বাবা, আমাকে একবার বাড়ি লইয়া যাও।" রামস্থলর বলিলেন, "আছ্ছা।"

কিন্তু তাঁহার কোনো জোর নাই— নিজের কন্মার উপরে পিতার যে স্বাভাবিক অধিকার আছে, তাহা যেন পণের টাকার পরিবর্তে বন্ধক রাখিতে হইয়াছে। এমন কি কন্মার দর্শন, সেও অতি সসংকোচে ভিক্ষা চাহিতে হয় এবং সময়বিশেষে নিরাশ হইলে বিতীয় কথাটি কহিবার মুখ ধাকে না।

কিন্তু মেয়ে আপনি বাড়ি আসিতে চাহিলে বাপ তাকে না আনিয়া কেমন করিয়া থাকে। তাই, বেহাইয়ের নিকট সে-সম্বন্ধে দর্যান্ত পেশ করিবার পূর্বে রামস্থনার কত হীনতা, কত অপমান, কত ক্ষতি স্বীকার করিয়া যে তিনটি হাজার টাকা সংগ্রহ করিয়াছিলেন, সে-ইতিহাস গোপন থাকাই ভালো।

নোটক'থানি ক্নমালে জড়াইয়া চাদরে বাঁধিয়া রামস্থন্দর বেহাইয়ের নিকট গিয়া বসিলেন। প্রথমে হাস্তম্থে পাড়ার থবর পাড়িলেন। হরেরুফ্রের বাড়িতে একটা মস্ত চুরি হইয়া গিয়াছে, তাহার আত্যোপাস্ত বিবরণ বলিলেন। নবীনমাধব ও রাধামাধব ছই ভাইয়ের তুলনা করিয়া বিতাবৃদ্ধি ও স্বভাব সম্বন্ধে রাধামাধবের স্থ্যাতি এবং নবীনমাধবের নিন্দা করিলেন; শহরে একটা নৃতন ব্যামো আসিয়াছে, সে-সম্বন্ধে আনেক আজগুবি আলোচনা করিলেন; অবশেষে হুঁকাটি নামাইয়া রাথিয়া কথায় কথায় বলিলেন, "হাঁ হাঁ, বেহাই সেই টাকাটা বাকি আছে বটে। রোক্ষই মনে করি, যাচ্ছি অমনি হাতে করে কিছু নিয়ে যাই কিন্তু সময়কালে মনে থাকে না। আর ভাই, ব্ডো হয়ে পড়েছি।" এমনি এক দীর্ঘ ভূমিকা করিয়া পঞ্জরের তিনথানি অন্থির মতো সেই তিনথানি নোট যেন অতি সহজে অতি অবহেলে বাহির করিলেন। সবেমাত্র তিনথানি নোট ঘেন অতি সহজে অতি অবহেলে বাহির করিলেন।

বলিলেন, "থাক্ বেহাই, ওতে আমার কাজ নেই।" একটা প্রচলিত বাংলা প্রবাদের উল্লেখ করিয়া বলিলেন, সামান্ত কারণে হাতে হুর্গন্ধ করিতে তিনি চান না।

এই ঘটনার পরে মেয়েকে বাড়ি আনিবার প্রস্তাব কাহারে। মুখে আসে না—কেবল রামস্থলর ভাবিলেন, 'সে-সকল কুটুম্বিতার সংকোচ আমাকে আর শোভা পায় না।' মর্মাহতভাবে অনেকক্ষণ চুপ করিয়া থাকিয়া অবশেষে মৃত্যুরে কথাটা পাড়িলেন। রায়বাহাত্বর কোনো কারণমাত্র উল্লেখ না করিয়া বলিলেন, "সে এখন হচ্ছে না।" এই বলিয়া কর্মোপলক্ষে স্থানাস্তরে চলিয়া গেলেন।

রামস্থলর মেয়ের কাছে মৃথ না দেখাইয়া কম্পিতহত্তে কয়েকপানি নোট চাদরের প্রান্তে বাঁধিয়া বাড়ি ফিরিয়া গেলেন। মনে-মনে প্রতিজ্ঞা করিলেন, যতদিন না সমন্ত টাকা শোধ করিয়া দিয়া অসংকোচে কন্সার উপরে দাবি করিতে পারিবেন, ততদিন আর বেহাইবাড়ি যাইবেন না।

বহুদিন গেল। নিরুপমা লোকের উপর লোক পাঠায় কিন্তু বাপের দেখা পায় না। অবশেষে অভিমান করিয়া লোক পাঠানো বন্ধ করিল— তখন রামস্থলরের মনে বড়ো আঘাত লাগিল, কিন্তু তবু গেলেন না।

আখিন মাস আসিল। রামস্থার বলিলেন, 'এবার পুঞার সময় মাকে ঘরে আনিবই, নহিলে আমি'— খুব একটা শক্ত রকম শপথ করিলেন।

পঞ্চমী কি ষষ্ঠীর দিনে আবার চাদরের প্রান্তে গুটিকতক নোট বাঁধিয়া রামস্কর

যাত্রার উত্যোগ করিলেন। পাঁচ বংসরের এক নাতি আসিয়া বলিল, "দাদা, আমার জয়ে গাড়ি কিনতে যাচ্ছিস?" বহুদিন হইতে তাহার ঠেলাগাড়িতে চড়িয়া হাওয়া খাইবার শথ হইয়াছে, কিন্তু কিছুতেই তাহা মিটিবার উপায় হইতেছে না। ছয় বংসরের এক নাতিনী আসিয়া সরোদনে কহিল, পূজার নিমন্ত্রণে যাইবার মতো তাহার একথানিও ভালো কাপড় নাই।

রামস্থলর তাহা জানিতেন, এবং দে-সম্বন্ধে তামাক খাইতে থাইতে বৃদ্ধ অনেক চিন্তা করিয়াছেন। রায়বাহাত্রের বাড়ি যখন পূজার নিমন্ত্রণ হইবে তখন তাঁহার বধ্গণকে অতি যৎসামান্ত অলংকারে অন্তগ্রহপাত্র দরিত্রের মতো যাইতে হইবে, এ-কথা শরণ করিয়া তিনি অনেক দীর্ঘনিঃখাস ফেলিয়াছেন; কিন্তু তাহাতে তাঁহার ললাটের বার্ধক্যরেখা গভীরতর অন্ধিত হওয়া ছাড়া আর-কোনো ফল হয় নাই।

দৈন্তপীড়িত গৃহের ক্রন্দনধ্বনি কানে লইয়া বৃদ্ধ তাঁহার বেহাইবাড়িতে প্রবেশ করিলেন। আজ তাঁহার সে সংকোচভাব নাই; দ্বাররক্ষী এবং ভৃত্যদের মৃথের প্রতি সে চকিত সলজ্জ দৃষ্টিপাত দূর হইয়া গিয়াছে, যেন আপনার গৃহে প্রবেশ করিলেন। শুনিলেন, রায়বাহাত্তর ঘরে নাই, কিছুক্ষণ অপেক্ষা করিতে হইবে। মনের উচ্ছাস সংবরণ করিতে না পারিয়া রামস্থলর কন্তার সহিত সাক্ষাৎ করিলেন। আনন্দে ত্ই চোথ দিয়া জল পড়িতে লাগিল। বাপও কাদে মেয়েও কাদে; ত্ইজনে কেহ আর কথা কহিতে পারে না। এমন করিয়া কিছুক্ষণ গেল। তারপরে রামস্থলর কহিলেন, "এবার তোকে নিয়ে যাচ্ছি, মা। আর কোনো গোল নাই।"

এমন সময়ে রামস্থলরের জ্যেষ্ঠপুত্র হরমোহন তার ছটি ছোটো ছেলে সঙ্গে লইয়া সহসা ঘরে প্রবেশ করিলেন। পিতাকে বলিলেন, "বাবা, আমাদের তবে এবার পথে ভাসালে ?"

রামস্থলর সহসা অগ্নিমৃতি হইয়া বলিলেন, "তোদের জন্ম কি আমি নরকগামী হব। আমাকে তোরা আমার সত্য পালন করতে দিবি নে ?" রামস্থলর বাড়ি বিক্রয় করিয়া বসিয়া আছেন; ছেলেরা কিছুতে না জানিতে পায়, তাহার অনেক ব্যবস্থা করিয়াছিলেন, কিন্তু তবু তাহারা জানিয়াছে দেখিয়া তাহাদের প্রতি হঠাৎ অত্যন্ত ক্ষষ্ট ও বিরক্ত হইয়া উঠিলেন।

তাঁহার নাতি তাঁহার ত্ই হাঁটু সবলে জড়াইয়া ধরিয়া মুখ তুলিয়া কহিল, "দাদা, আমাকে গাড়ি কিনে দিলে না ?"

নতশির রামস্থলরের কাছে বালক কোনো উত্তর না পাইয়া নিরুর কাছে গিয়া বলিল, "পিসিমা, আমাকে একখানা গাড়ি কিনে দেবে?" নিরুপমা.সমস্ত ব্যাপার ব্ঝিতে পারিয়া কহিল, "বাবা, তুমি যদি আর এক পরসা আমার শুশুরকে দাও, তা-হলে আর তোমার মেয়েকে দেখতে পাবে না, এই তোমার গাছু য়ে বললুম।"

রামস্থন্দর বলিলেন, "ছি মা, অমন কথা বলতে নেই। আর এ-টাকাটা যদি আমি না দিতে পারি, তা-হলে তোর বাপের অপমান। আর তোরো অপমান।"

নিক্ল কহিল, "টাকা যদি দাও তবেই অপমান। তোমার মেয়ের কি কোনো মর্যাদা নেই। আমি কি কেবল একটা টাকার থলি, যতক্ষণ টাকা আছে ততক্ষণ আমার দাম। না বাবা, এ-টাকা দিয়ে তুমি আমাকে অপমান কোরে। না। তা ছাড়া আমার স্বামী তো এ-টাকা চান না।"

রামস্থলর কহিলেন, "তা-হলে তোমাকে যেতে দেবে না, মা।"

নিক্রপমা কহিল, "না দেয় তো কী করবে বলো। তুমিও আর নিয়ে যেতে চেয়োনা।"

রামস্থলর কম্পিত হত্তে নোটবাঁধা চাদরটি কাঁধে তুলিয়া আবার চোরের মতো সকলের দৃষ্টি এড়াইয়া বাড়ি ফিরিয়া গেলেন।

কিন্তু রামস্থলর এই-যে টাকা আনিয়াছিলেন এবং কন্সার নিষেধে সে টাকা না দিয়াই চলিয়া গিয়াছেন, সে-কথা গোপন রহিল না। কোনো স্বভাবকৌতূহলী দারলগ্নকর্ণ দাসী নিরুর শাশুড়ীকে এই খবর দিল। শুনিয়া তাঁহার আরু আকোশের সীমা রহিল না।

নিক্ষপমার পক্ষে তাহার শশুরবাড়ি শরশ্যা হইয়া উঠিল। এদিকে তাহার স্বামী বিবাহের অল্পদিন পরেই ডেপুটি ম্যাজিস্টেট হইয়া দেশাস্তরে চলিয়া গিয়াছে; এবং পাছে সংসর্গদোষে হীনতা শিক্ষা হয়, এই ওজরে সম্প্রতি বাপের বাড়ির আত্মীয়দের সহিত নিক্ষর সাক্ষাংকার সম্পূর্ণ নিষিদ্ধ হইয়াছে।

এই সময়ে নিরুর একটা গুরুতর পীড়া হইল। কিন্তু সেজ্রন্থ তাহার শান্তড়ীকে সম্পূর্ণ দোষ দেওয়া যায় না। শরীরের প্রতি সে অত্যন্ত অবহেলা করিত। কার্তিক-মাসের হিমের সময় সমন্তরাত মাথার দরজা খোলা, শীতের সময় গায়ে কাপড় নাই। আহারের নিয়ম নাই। দাসীরা যখন মাঝে-মাঝে থাবার আনিতে ভুলিয়া ঘাইড, তথন যে তাহাদের একরার মৃথ খুলিয়া শারণ করাইয়া দেওয়া, তাহাও সে করিত না। সে-যে পরের ঘরের দাসদাসী এবং কর্তাগৃহিণীদের অন্থগ্রহের উপর নির্ভর করিয়া বাস করিতেছে, এই সংস্কার তাহার মনে বন্ধমূল হইতেছিল। কিন্তু এরপ ভাবটাও শাশুড়ীর সহু হইত না। যদি আহারের প্রতি বধুর কোনো অবহেলা দেখিতেন,

তবে শাশুড়ী বলিতেন, "নবাবের বাড়ির মেয়ে কিনা। গরিবের ঘরের অন্ন ওঁর মুখে রোচে না।" কথনো-বা বলিতেন, "দেখো-না, একবার ছিরি হচ্ছে দেখো-না, দিনে দিনে যেন পোড়াকাঠ হয়ে যাচ্ছে।"

রোগ যথন গুরুতর হইয়া উঠিল তথন শাশুড়ী বলিলেন, "ওঁর সমস্ত ক্যাকামি।" অবশেষে একদিন নিরু সবিনয়ে শাশুড়ীকে বলিল, "বাবাকে আর আমার ভাইদের একবার দেখব, মা।" শাশুড়ী বলিলেন, "কেবল বাপের বাড়ি ষাইবার ছল।"

কেহ বলিলে বিশ্বাস করিবে না— যেদিন সদ্ধ্যার সময় নিরুর শ্বাস উপস্থিত হইল, সেইদিন প্রথম ডাক্তার দেখিল, এবং সেইদিন ডাক্তারের দেখা শেষ হইল।

বাড়ির বড়োবউ মরিয়াছে, খুব ধুম করিয়া অস্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হইল। প্রতিমাবিসর্জনের সমারোহ সম্বন্ধে জেলার মধ্যে রায়চৌধুরিদের ষেমন লোকবিখ্যাত
প্রতিপত্তি আছে, বড়োবউয়ের সংকার সম্বন্ধে রায়বাহাত্রদের তেমনি একটা খ্যাতি
রহিয়া গেল— এমন চন্দনকাষ্ঠের চিতা এ মূলুকে কেহ কখনো দেখে নাই। এমন
ঘটা করিয়া প্রাদ্ধন্ত কেবল রায়বাহাত্রদের বাড়িতেই সম্ভব এবং শুনা যায়, ইহাতে
তাঁহাদের কিঞিং ঋণ হইয়াছিল।

রামস্থলরকে সান্ত্রনা দিবার সময় তাহার মেয়ের যে কিরূপ মহাসমারোহে মৃত্যু হইয়াছে, সকলেই তাহার বহুল বর্ণনা করিল।

এদিকে ভেপুটি ম্যাজিস্ট্রেটের চিঠি আদিল, "আমি এথানে সমস্ত বন্দোবন্ত করিয়া লইয়াছি, অতএব অবিলম্বে আমার স্ত্রীকে এথানে পাঠাইবে।" রায়বাহাছরের মহিষী লিখিলেন, "বাবা, তোমার জন্মে আর-একটি মেয়ের সম্বন্ধ করিয়াছি, অতএব অবিলম্বে ছুটি লইয়া এথানে আদিবে।"

এবারে বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়।

१ यह १८

পোস্টমাস্টার

প্রথম কাজ আরম্ভ করিয়াই উলাপুর গ্রামে পোর্সমাস্টারকে আসিতে হয়। গ্রামটি অতি সামাক্ত। নিকটে একটি নীলকুঠি আছে, তাই কুঠির সাহেব অনেক জোগাড় করিয়া এই নৃতন পোস্ট-আপিস স্থাপন করাইয়াছে।

আমাদের পোস্টমাস্টার কলিকাতার ছেলে। জলের মাছকে ডাঙায় তুলিলে ষে-

রকম হয়, এই গগুগ্রামের মধ্যে আসিয়া পোস্টমাস্টারেরও সেই দশা উপস্থিত হইয়াছে। একথানি অন্ধকার আটচালার মধ্যে তাঁহার আপিস; অদ্রে একটি পানাপুকুর এবং তাহার চারিপাড়ে জন্দল। কুঠির গোমন্তা প্রভৃতি ষে-সকল কর্মচারী আছে তাহাদের ফুরসত প্রায় নাই এবং তাহারা ভদ্রলোকের সহিত মিশিবার উপযুক্ত নহে।

বিশেষত কলিকাতার ছেলে ভালো করিয়া মিশিতে জানে না। অপরিচিত ছানে গেলে, হয় উদ্ধত নয় অপ্রতিভ হইয়া থাকে। এই কারণে ছানীয় লোকের সহিত তাঁহার মেলামেশা হইয়া উঠে না। অথচ হাতে কাজ অধিক নাই। কথনো-কথনো ছটো-একটা কবিতা লিখিতে চেষ্টা করেন। তাহাতে এমন ভাব ব্যক্ত করিয়াছেন যে, সমস্তদিন তরুপল্লবের কম্পন এবং আকাশের মেঘ দেখিয়া জীবন বড়ো স্থথে কাটিয়া যায়— কিন্তু অন্তর্থামী জানেন, যদি আরব্য উপত্যাসের কোনো দৈত্য আদিয়া এক রাত্রের মধ্যে এই শাথাপল্লব-সমেত সমস্ত গাছগুলা কাটিয়া পাকা রান্তা বানাইয়া দেয়, এবং সারি সারি অট্টালিকা আকাশের মেঘকে দৃষ্টিপথ হইতে রুদ্ধ করিয়া রাথে, তাহা হইলে এই আধমরা ভদ্রসন্তানটি পুনশ্চ নবজীবন লাভ করিতে পারে।

পোস্টমাস্টারের বেতন অতি সামান্ত। নিজে র'াধিয়া খাইতে হয় এবং গ্রামের একটি পিতৃমাতৃহীন অনাথা বালিকা তাঁহার কাজকর্ম করিয়া দেয়, চারিটি-চারিটি খাইতে পায়। মেয়েটির নাম রতন। বয়স বারো-তেরো। বিবাহের বিশেষ সম্ভাবনা দেখা যায় না।

সন্ধার সময় যখন গ্রামের গোয়ালঘর হইতে ধ্ম কুগুলায়িত হইয়া উঠিত, ঝোপে ঝোপে ঝিল্লি ডাকিত, দ্রে গ্রামের নেশাখোর বাউলের দল খোলকরতাল বাজাইয়া উচৈঃস্বরে গান জুড়িয়া দিত— যখন অন্ধকার দাওয়ায় একলা বসিয়া গাছের কম্পন দেখিলে কবিহৃদয়েও ঈষং হংকম্প উপস্থিত হইত, তথন ঘরের কোণে একটি স্ফীণশিখা প্রদীপ জালিয়া পোস্টমাস্টার ডাকিতেন 'রতন'। রতন হারে বসিয়া এই ডাকের জন্ম অপেকা করিয়া থাকিত কিন্তু এক ডাকে ঘরে আসিত না— বলিত, "কী গা বাবু, কেন ডাকছ।"

পোন্টমান্টার। তুই কী করছিন।

রতন। এখনি চুলো ধরাতে যেতে হবে— হেঁশেলের—

পোস্টমাস্টার। তোর হেঁশেলের কাঞ্জ পরে হবে এখন— একবার তামাকটা সেজে দে তো।

অনতিবিলম্বে হটি গাল ফুলাইয়া কলিকায় ফুঁ দিতে দিতে রতনের প্রবেশ। হাত হইতে কলিকাটা লইয়া পোস্টমাস্টার ফদ করিয়া জিজ্ঞাদা করেন, "আচ্ছা রতন, তোর মাকে মনে পড়ে ?" দে অনেক কথা; কতক মনে পড়ে, কতক মনে পড়ে না। মায়ের চেয়ে বাপ তাহাকে বেশী ভালোবাসিত, বাপকে অল্প অল্প মনে আছে। পরিশ্রম করিয়া বাপ সন্ধ্যাবেলায় ঘরে ফিরিয়া আসিত, তাহারি মধ্যে দৈবাৎ ছটি-একটি সন্ধ্যা তাহার মনে পরিন্ধার ছবির মতো অন্ধিত আছে। এই কথা হইতে হইতে ক্রমে রতন পোর্ফ-মাস্টারের পায়ের কাছে মাটির উপর বসিয়া পড়িত। মনে পড়িত, তাহার একটি ছোটোভাই ছিল— বহু পূর্বেকার বর্ষার দিনে একদিন একটা ভোবার ধারে ছইজনে মিলিয়া গাছের ভাঙা ভালকে ছিপ করিয়া মিছামিছি মাছধরা থেলা করিয়াছিল— অনেক শুক্তের ঘটনার চেয়ে সেই কথাটাই তাহার মনে বেশী উদয় হইত। এইরূপ কথাপ্রসঙ্গে মাঝে-মাঝে বেশী রাত হইয়া যাইত, তথন আলস্ক্রমে পোর্ফমাস্টারের আর রাঁধিতে ইচ্ছা করিত না। সকালের বাসী ব্যঞ্জন থাকিত এবং রতন তাড়াতাড়ি উত্বন ধরাইয়া থানকয়ের কাট সেঁকিয়া আনিত— তাহাতেই উভয়ের রাত্রের আহার চলিয়া ঘাইত।

এক-একদিন সন্ধাবেলায় সেই বৃহৎ আটচালার কোণে আপিসের কাঠের চৌকির উপর বিসিয়া পোর্টমান্টারও নিজের ঘরের কথা পাড়িতেন— ছোটোভাই, মা এবং দিদির কথা, প্রবাদে একলা ঘরে বিসিয়া যাহাদের জন্ম হদ যা ব্যথিত হইয়া উঠিত তাহাদের কথা। যে-সকল কথা সর্বদাই মনে উদয় হয় অথচ নীলকুঠির গোমন্তাদের কাছে যাহা কোনোমতেই উত্থাপন করা যায় না, সেই কথা একটি অশিক্ষিতা ক্ষ্ম বালিকাকে বলিয়া যাইতেন, কিছুমাত্র অসংগত মনে হইত না। অবশেষে এমন হইল, বালিকা কথোপকথনকালে তাঁহার ঘরের লোকদিগকে মা, দিদি, দাদা বলিয়া চিরপরিচিতের ন্থায় উল্লেখ করিত। এমন কি, তাহার ক্ষ্ম হদয়পটে বালিকা তাঁহাদের কাল্পনিক মৃতিও চিত্রিত করিয়া লইয়াছিল।

একদিন বর্ধাকালের মেঘ্যুক্ত দ্বিপ্রহরে ঈষং-তপ্ত স্থকোমল বাতাস দিতেছিল, রেমিল্রে ভিজা ঘাস এবং গাছপালা হইতে একপ্রকার গন্ধ উথিত হইতেছিল, মনে হইতেছিল যেন ক্লান্ত ধরণীর উষ্ণ নিশাস গায়ের উপরে আসিয়া লাগিতেছে, এবং কোথাকার এক নাছোড়বান্দা পাথি তাহার একটা একটানা স্থরের নালিশ সমস্ত দ্পুরবেলা প্রকৃতির দরবারে অত্যন্ত কন্ধণম্বরে বারবার আবৃত্তি করিতেছিল। পোন্টমান্টারের হাতে কাজ ছিল না— সেদিনকার বৃষ্টিধৌত মন্ত্রণ চিক্কণ তরুপল্লবের হিল্লোল এবং পরাভূত বর্ধার ভন্নাবশিষ্ট রৌদ্রক্তন্ত স্থ্যাকার মেঘন্তর বান্তবিকই দেখিবার বিষয় ছিল; পোন্টমান্টার তাহা দেখিতেছিলেন এবং ভাবিতেছিলেন, এই সময়ে কাছে একটি-কেহ নিতান্ত আপনার লোক থাকিত— হাদয়ের সহিত একান্তসংলগ্ন একটি

স্বেহপুত্তলি মানবমূতি। ক্রমে মনে হইতে লাগিল, সেই পাথি ওই কথাই বারবার বলিতেছে এবং এই জনহীন তক্ষজায়ানিমগ্ন মধ্যাহ্ণের পল্লবমর্মরের অর্থও কতকটা ওইরূপ। কেহ বিশ্বাস করে না, এবং জানিতেও পায় না, কিন্তু ছোটো পল্লীর সামান্ত বেতনের সাব-পোস্টমাস্টারের মনে গভীর নিন্তর্ক মধ্যাহ্নে দীর্ঘ ছুটির দিনে এইরূপ একটা ভাবের উদয় হইয়া থাকে।

পোর্ফমার্ফার একটা দীর্ঘনিশ্বাদ ফেলিয়া ডাকিলেন, 'রতন'। রতন তথন পেয়ারাতলায় পা ছড়াইয়া দিয়া কাঁচা পেয়ারা থাইতেছিল; প্রভুর কণ্ঠস্বর শুনিয়া অবিলম্বে ছুটিয়া আসিল— হাঁপাইতে হাঁপাইতে বলিল, "দাদাবাব্, ডাকছ?" পোর্ফমার্ফার বলিলেন, "তোকে আমি একটু একটু করে পড়তে শেথাব।" বলিয়া সমস্ত তুপুরবেলা তাহাকে লইয়া 'স্বরে অ' 'স্বরে আ' করিলেন। এবং এইরূপে অল্পদিনেই যুক্ত-অক্ষর উদ্ভীর্ণ হইলেন।

প্রাবণমাদে বর্ষণের আর অস্ত নাই। থাল বিল নালা জলে ভরিয়া উঠিল। আহর্নিশি ভেকের ডাক এবং রৃষ্টির শব্দ। গ্রামের রাস্তায় চলাচল প্রায় একপ্রকার বন্ধ— নৌকায় করিয়া হাটে যাইতে হয়।

একদিন প্রাত্যকাল হইতে খ্ব বাদলা করিয়াছে। পোর্টমার্টারের ছাত্রীটি অনেকক্ষণ দারের কাছে অপেক্ষা করিয়া বিদিয়া ছিল, কিন্তু অক্তদিনের মতো যথাসাধ্য নিয়মিত ডাক শুনিতে না পাইয়া আপনি খুকিপুঁথি লইয়া ধীরে ধীরে ঘরের মধ্যে প্রবেশ করিল। দেখিল, পোর্টমার্টার তাঁহার খাটিয়ার উপর শুইয়া আছেন—বিশ্রাম করিতেছেন মনে করিয়া অতি নিঃশব্দে পুনশ্চ ঘর হইতে বাহিরে যাইবার উপক্রম করিল। সহদা শুনিল 'রতন'। তাড়াতাড়ি ফিরিয়া গিয়া বলিল, "দাদাবার্, যুমচ্ছিলে?" পোর্টমার্টার কাতরন্বরে বলিলেন, "শরীরটা ভালো বোধ হচ্ছে না— দেখু তো আমার কপালে হাত দিয়ে।"

এই নিতান্ত নিঃদক্ষ প্রবাদে ঘনবর্ষায় রোগকাতর শরীরে একটুখানি সেবা পাইতে ইচ্ছা করে। তপ্ত ললাটের উপর শাখাপরা কোমল হস্তের স্পর্শ মনে পড়ে। এই ঘোর প্রবাদে রোগযন্ত্রণায় স্বেহময়ী নারীরূপে জননী ও দিদি পাশে বদিয়া আছেন, এই কথা মনে করিতে ইচ্ছা করে। এবং এন্থলে প্রবাদীর মনের অভিলাষ ব্যর্থ হইল না। বালিকা রতন আর বালিকা রহিল না। সেই মুহুর্তেই সে জননীর পদ অধিকার করিয়া বদিল, বৈছা ডাকিয়া আনিল, যথাসময়ে বটিকা খাওয়াইল, সারারাত্রি শিয়রে জাগিয়া রহিল, আপনি পথ্য রাধিয়া দিল, এবং শতবার করিয়া জিজ্ঞাসা করিল, "হাগো দাদাবাব্, একটুথানি ভালো বোধ হচ্ছে কি।"

বহুদিন পরে পোস্টমাস্টার ক্ষীণ শরীরে রোগশয়া ত্যাগ করিয়া উঠিলেন—
মনে স্থির করিলেন, আর নয়, এথান হইতে কোনোমতে বদলি হইতে হইবে।
স্থানীয় অস্বাস্থ্যের উল্লেখ করিয়া তৎক্ষণাৎ কলিকাতায় কর্তৃপক্ষদের নিকট বদলি
হইবার জন্ত দরখান্ত করিলেন।

রোগদেবা হইতে নিষ্কৃতি পাইয়া রতন হারের বাহিরে আবার তাহার স্বস্থান অধিকার করিল। কিন্তু পূর্ববং আর তাহাকে ডাক পড়ে না। মাঝে-মাঝে উকি মারিয়া দেখে, পোস্টমাস্টার অত্যন্ত অক্সমনস্কভাবে চৌকিতে বিদয়া অথবা খাটয়য় শুইয়া আছেন। রতন যখন আহ্বান প্রত্যাশা করিয়া বিদয়া আছে, তিনি তখন অধীরচিত্তে তাঁহার দরখান্ডের উত্তর প্রতীক্ষা করিতেছেন। বালিকা হারের বাহিরে বিদয়া সহস্রবার করিয়া তাহার পুরানো পড়া পড়িল। পাছে যেদিন সহসা ডাক পড়িবে সেদিন তাহার যুক্ত-অক্ষর সমস্ত গোলমাল হইয়া যায়, এই তাহার একটা আশহা ছিল। অবশেষে সপ্তাহখানেক পরে একদিন সন্ধ্যাবেলায় ডাক পড়িল। উদ্বেলিতহৃদয়ে রতন গৃহের মধ্যে প্রবেশ করিয়া বলিল, "দাদাবাব্, আমাকে ডাকছিলে?"

পোস্টমাস্টার বলিলেন, "রতন, কালই আমি যাচ্ছি।" রতন। কোথায় যাচ্ছ দাদাবাবু।

পোস্টমাস্টার। বাড়ি যাচ্ছি।

রতন। আবার কবে আসবে।

পোন্টমান্টার। আর আসব না।

রতন আর-কোনো কথা জিজ্ঞাসা করিল না। পোর্সমান্টার আপনিই তাহাকে বলিলেন, তিনি বদলির জন্ম দরখান্ত করিয়াছিলেন, দরখান্ত নামজুর হইয়াছে; তাই তিনি কাজে জবাব দিয়া বাড়ি যাইতেছেন। অনেকক্ষণ আর কেহ কোনো কথা কহিল না। মিটমিট করিয়া প্রদীপ জলিতে লাগিল এবং একস্থানে ঘরের জীর্ণ চাল ভেদ করিয়া একটি মাটির সরার উপর টপটপ করিয়া রৃষ্টির জল পড়িতে লাগিল।

কিছুক্ষণ পরে রতন আন্তে আন্তে উঠিয়া রান্নাঘরে রুটি গড়িতে গেল। অক্যদিনের মতো তেমন চটপট হইল না। বোধ করি মধ্যে-মধ্যে মাথায় অনেক ভাবনা উদয় হইয়াছিল। পোস্টমাস্টারের আহার সমাপ্ত হইলে পর বালিকা হঠাৎ তাঁহাকে জিজ্ঞাসা করিল, "দাদাবাৰ, আমাকে তোমাদের বাড়ি নিয়ে যাবে ?"

পোস্টমাস্টার হাসিয়া কহিলেন, "সে কী করে হবে।" ব্যাপারটা যে কী কী কারণে অসম্ভব ভাহা বালিকাকে বুঝানো আবশুক বোধ করিলেন না।

সমস্তরাত্তি স্বপ্নে এবং জাগরণে বালিকার কানে পোস্টমাস্টারের হাস্তধ্বনির কণ্ঠস্বর বাজিতে লাগিল, 'সে কী করে হবে'।

ভোরে উঠিয়া পোন্টমান্টার দেখিলেন, তাঁহার প্রানের জল ঠিক আছে; কলিকাতার অভ্যাদ অন্থদারে তিনি তোলা জলে প্রান করিতেন। কথন্ তিনি যাত্রা করিবেন দে-কথা বালিকা কী কারণে জিজ্ঞাদা করিতে পারে নাই; পাছে প্রাতঃকালে আবশুক হয় এইজন্ম রতন তত রাত্রে নদী হইতে তাঁহার প্রানের জল তুলিয়া আনিয়াছিল। প্রান সমাপন হইলে রতনের ডাক পড়িল। রতন নিঃশব্দে গৃহে প্রবেশ করিল এবং আদেশপ্রতীক্ষায় একবার নীরবে প্রভুর মৃথের দিকে চাহিল। প্রভু কহিলেন, "রতন, আমার জায়গায় যে-লোকটি আদবেন তাঁকে বলে দিয়ে যাব তিনি তোকে আমারি মতন যত্ন করবেন, আমি যাচ্ছি বলে তোকে কিছু ভাবতে হবে না।" এই কথাগুলি যে অত্যন্ত প্রেহগর্ভ এবং দয়ার্দ্র হৃদয় হইতে উথিত সে-বিষয়ে কোনো সন্দেহ নাই, কিন্ধ নারীহৃদয় কে বৃঝিবে। রতন অনেকদিন প্রভুর অনেক তিরস্কার নীরবে সহু করিয়াছে কিন্ধ এই নরম কথা সহিতে পারিল না। একেবারে উচ্ছুদিতহাদয়ে কাঁদিয়া উঠিয়া কহিল, "না না, তোমার কাউকে কিছু বলতে হবে না, আমি থাকতে চাই নে।"

পোস্টমাস্টার রতনের এরপ ব্যবহার কখনো দেখেন নাই, তাই অবাক হইয়া রহিলেন।

ন্তন পোন্টমান্টার আদিল। তাহাকে সমস্ত চার্জ ব্ঝাইয়া দিয়া পুরাতন পোন্টমান্টার গমনোন্মথ হইলেন যাইবার সময় রতনকে ডাকিয়া বলিলেন, "রতন, তোকে আমি কখনো কিছু দিতে পারি নি। আজ যাবার সময় তোকে কিছু দিয়ে গেলুম, এতে তোর দিনকয়েক চলবে।"

কিছু পথখরচা বাদে তাঁহার বেতনের যত টাকা পাইয়াছিলেন পকেট হইতে বাহির করিলেন। তখন রতন ধুলায় পড়িয়া তাঁহার পা জড়াইয়া ধরিয়া কহিল, "দাদাবার, তোমার ঘটি পায়ে পড়ি, তোমার ঘটি পায়ে পড়ি, আমাকে কিছু দিতে হবে না; তোমার ঘটি পায়ে পড়ি, আমার জন্মে কাউকে কিছু ভাবতে হবে না"— বলিয়া একদৌড়ে সেথান হইতে পলাইয়া গেল।

ভূতপূর্ব পোন্টমান্টার নিখান ফেলিয়া, হাতে কার্পেটের ব্যাগ ঝুলাইয়া, কাঁধে ছাতা লইয়া, মুটের মাথায় নীল ও খেত রেখায় চিত্রিত টিনের পেটরা তুলিয়া ধীরে ধীরে নৌকাভিমুখে চলিলেন।

यथन नोकांग्र छेठित्नन এवः नोका ছाড़िया हिन, वशाविकांत्रिक नही धत्रीत

উচ্চলিত অঞ্চরাশির মতো চারিদিকে ছলছল করিতে লাগিল, তথন হাদয়ের মধ্যে অত্যন্ত একটা বেদনা অহতেব করিতে লাগিলেন— একটি সামান্ত গ্রাম্য বালিকার করুণ মুখচ্ছবি যেন এক বিশ্বব্যাপী বৃহৎ অব্যক্ত মর্মব্যথা প্রকাশ করিতে লাগিল। একবার নিতান্ত ইচ্ছা হইল, 'ফিরিয়া যাই, জগতের ক্রোড়বিচ্যুত সেই অনাথিনীকে সঙ্গে করিয়া লইয়া আসি'— কিন্তু তথন পালে বাতাস পাইয়াছে, বর্ষার স্রোত থরতর বেগে বহিতেছে, গ্রাম অতিক্রম করিয়া নদীকুলের শ্রশান দেখা দিয়াছে— এবং নদীপ্রবাহে ভাসমান পথিকের উদাস হাদয়ে এই তত্ত্বের উদয় হইল, জীবনে এমন কত বিচ্ছেদ, কত মৃত্যু আছে, ফিরিয়া ফল কী। পৃথিবীতে কে কাহার।

কিন্তু রতনের মনে কোনো তত্ত্বের উদয় হইল না। সে সেই পোর্ফ-আপিস গৃহের চারিদিকে কেবল অঞ্চললে ভাসিয়া ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতেছিল। বোধ করি তাহার মনে ক্ষীণ আশা জাগিতেছিল, দাদাবার যদি ফিরিয়া আসে— সেই বন্ধনে পড়িয়া কিছুতেই দূরে যাইতে পারিতেছিল না। হায় বুদ্ধিহীন মানবহৃদয়। ভ্রান্তি কিছুতেই ঘোচে না, যুক্তিশান্তের বিধান বহুবিলম্বে মাথায় প্রবেশ করে, প্রবল প্রমাণকেও অবিশাস করিয়া মিথ্যা আশাকে তুই বাহুপাশে বাঁধিয়া বুকের ভিতরে প্রাণপণে জড়াইয়া ধরা যায়, অবশেষে একদিন সমন্ত নাড়ী কাটিয়া হৃদয়ের রক্ত শুষিয়া সে পলায়ন করে, তথন চেতনা হয় এবং দ্বিতীয় ভ্রান্তিপাশে পড়িবার জন্ত চিত্ত ব্যাকুল হইয়া উঠে।

: 324 3

গিল্লি

ছাত্রবৃত্তি ক্লানের ত্ই-তিন শ্রেণী নিচে আমাদের পণ্ডিত ছিলেন শিবনাথ। তাঁহার গোঁফদাড়ি কামানো, চুল ছাঁটা এবং টিকিটি ব্রস্ব। তাঁহাকে দেখিলেই বালকদের অস্তরাত্মা শুকাইয়া যাইত।

প্রাণীদের মধ্যে দেখা যায়, ষাহাদের হুল আছে তাহাদের দাঁত নাই। আমাদের পত্তিতমহাশয়ের হুই একত্রে ছিল। এদিকে কিল চড় চাপড় চারাগাছের বাগানের উপর শিলার্ষ্টির মতো অজ্জ বর্ষিত হুইত, ওদিকে তীব্র বাক্যজালায় প্রাণ বাহির হুইয়া যাইত।

ইনি আক্ষেপ করিতেন, পুরাকালের মতো গুরুশিয়ের সমন্ধ এখন আর নাই;

ছাত্রেরা গুরুকে আর দেবতার মতো ভক্তি করে না; এই বলিয়া আপনার উপেক্ষিত দেবমহিমা বালকদের মন্তকে সবেগে নিক্ষেপ করিতেন; এবং মাঝে-মাঝে হুংকার দিয়া উঠিতেন, কিছু তাহার মধ্যে এত ইতর কথা মিশ্রিত থাকিত যে তাহাকে দেবতার বজ্ঞনাদের রূপান্তর বলিয়া কাহারো ভ্রম হইতে পারে না। বাপান্ত যদি বজ্ঞনাদ সাজিয়া তর্জনগর্জন করে, তাহার ক্ষুদ্র বাঙালীমূর্তি কি ধরা পড়ে না।

ষাহা হউক, আমাদের স্থলের এই তৃতীয়শ্রেণী দ্বিতীয়বিভাগের দেবতাটিকে ইন্দ্র চন্দ্র বরুণ অথবা কার্তিক বলিয়া কাহারো ভ্রম হইত না; কেবল একটি দেবতার সহিত তাঁহার সাদৃশ্য উপলব্ধি করা যাইত, তাঁহার নাম যম; এবং এতদিন পরে স্বীকার করিতে দোষ নাই এবং ভয়ও নাই, আমরা মনে মনে কামনা করিতাম, উক্ত দেবালয়ে গমন করিতে তিনি যেন আর অধিক বিলম্ব না করেন।

কিছে এটা বেশ ব্ঝা গিয়াছিল, নরদেবতার মতো বালাই আর নাই। স্থরলোকবাদী দেবতাদের উপদ্রব নাই। গাছ হইতে একটা ফুল পাড়িয়া দিলে থূশী হন, না
দিলে তাগাদা করিতে আদেন না। আমাদের নরদেবগণ চান অনেক বেশী, এবং
আমাদের তিলমাত্র ত্রুটি হইলে চক্ষ্ত্টো রক্তবর্ণ করিয়া তাড়া করিয়া আদেন, তখন
তাঁহাদিগকে কিছুতেই দেবতার মতো দেখিতে হয় না।

বালকদের পীড়ন করিবার জন্ম আমাদের শিবনাথপণ্ডিতের একটি অস্ত্র ছিল, সেটি শুনিতে যৎসামান্ত কিন্তু প্রকৃতপক্ষে অত্যন্ত নিদারুণ। তিনি ছেলেদের নৃতন নামকরণ করিতেন। নাম জিনিসটা যদিচ শব্দ বই আর কিছুই নয় কিন্তু সাধারণত লোকে আপনার চেয়ে আপনার নামটা বেশী ভালোবাসে; নিজের নাম রাষ্ট্র করিবার জন্ম লোকে কী কষ্টই না স্বীকার করে, এমন কি, নামটিকে বাঁচাইবার জন্ম লোকে আপনি মরিতে কৃষ্ঠিত হয় না।

এমন নামপ্রিয় মানবের নাম বিক্বত করিয়া দিলে তাহার প্রাণের চেয়ে প্রিয়তর স্থানে আঘাত করা হয়। এমন কি, যাহার নাম ভূতনাথ তাহাকে নলিনীকাস্ত বলিলে তাহার অসহ বোধ হয়।

ইহা হইতে এই তত্ত্ব পাওয়া যায়, মান্ত্য বস্তুর চেয়ে অবস্তুকে বেশী মূল্যবান জ্ঞান করে, সোনার চেয়ে বানি, প্রাণের চেয়ে মান এবং আপনার চেয়ে আপনার নামটাকে বড়ো মনে করে।

মানবম্বভাবের এই-সকল অন্তর্নিহিত নিগৃঢ় নিয়মবশত পণ্ডিতমহাশয় যখন শশীশেথরকে ভেটকি নাম দিলেন তখন সে নিরতিশয় কাতর হইয়া পড়িল। বিশেষত উক্ত নামকরণে তাহার চেহারার প্রতি বিশেষ লক্ষ্য করা হইতেছে জানিয়া তাহার মর্মমন্ত্রণা আরো বিগুণ বাড়িয়া উঠিল, অথচ একান্ত শান্তভাবে সমন্ত সহ্ করিয়া চূপ করিয়া বসিয়া থাকিতে হইল।

আশুর নাম ছিল গিন্নি, কিন্তু তাহার সঙ্গে একটু ইতিহাস জড়িত আছে।

আন্ত ক্লাদের মধ্যে নিতান্ত বেচারা ভালোমান্ত্র ছিল। কাহাকেও কিছু বলিত না, বড়ো লাজুক; বোধহয় বয়দে সকলের চেয়ে ছোটো, সকল কথাতেই কেবল মৃত্ব হাসিত; বেশ পড়া করিত; স্থলের অনেক ছেলেই তাহার সঙ্গে ভাব করিবার জন্ম উন্মুখ ছিল কিছে সে কোনো ছেলের সঙ্গে খেলা করিত না, এবং ছুটি হইবামাত্রই মৃত্বুর্ত বিলম্ব না করিয়া বাড়ি চলিয়া যাইত।

পত্রপুটে গুটিকতক মিষ্টান্ন এবং ছোটো কাঁদার ঘটিতে জল লইয়া একটার সময় বাড়ি হইতে দাদী আদিত। আশু সেজগু বড়ো অপ্রতিভ; দাদীটা কোনোমতে বাড়ি ফিরিলে দে যেন বাঁচে। দে-যে স্ক্লের ছাত্রের অতিরিক্ত আর-কিছু, এটা দে স্ক্লের ছেলেদের কাছে প্রকাশ করিতে যেন বড়ো অনিচ্ছুক। দে-যে বাড়ির কেহ, দে-যে বাপমায়ের ছেলে, ভাইবোনের ভাই, এটা যেন ভারি একটা গোপন কথা, এটা সঙ্গীদের কাছে কোনোমতে প্রকাশ না হয়, এই তাহার একান্ত চেষ্টা।

পড়াশুনা সম্বন্ধে তাহার আর-কোনো ক্রটি ছিল না, কেবল এক-একদিন ক্লাসে আসিতে বিলম্ব হইত এবং শিবনাথপণ্ডিত তাহার কারণ জিজ্ঞাসা করিলে সে কোনো সত্তব্য দিতে পারিত না। সেজন্য মাঝে-মাঝে তাহার লাঞ্ছনার সীমা থাকিত না। পণ্ডিত তাহাকে হাঁটুর উপর হাত দিয়া পিঠ নীচু করিয়া দালানের সিঁড়ির কাছে দাঁড় করাইয়া রাখিতেন; চারিটা ক্লাসের ছেলে সেই লজ্জাকাতর হতভাগ্য বালককে এইরূপ অবস্থায় দেখিতে পাইত।

একদিন গ্রহণের ছুটি ছিল। তাহার পরদিন স্থলে আসিয়া চৌকিতে বসিয়া পণ্ডিতমহাশয় দারের দিকে চাহিয়া দেখিলেন, একথানি শ্লেট ও মসীচিহ্নিত কাপড়ের থালির মধ্যে পড়িবার বইগুলি জড়াইয়া লইয়া অক্সদিনের চেয়ে সংকুচিতভাবে আভ ক্লাদে প্রবেশ করিতেছে।

শিবনাথপণ্ডিত শুক্ষহাস্থ হাসিয়া কহিলেন, "এই-যে গিন্নি আসছে।"

তাহার পর পড়া শেষ হইলে ছুটির পুর্বে তিনি সকল ছাত্রদের সম্বোধন করিয়া বলিলেন, "শোন্ তোরা সব শোন্।"

পৃথিবীর সমস্ত মাধ্যাকর্ষণশক্তি সবলে বালককে নিচের দিকে টানিতে লাগিল; কিন্তু কৃত্র আন্ত সেই বেঞ্চির উপর হইতে একথানি কোঁচা ও তৃইথানি পা ঝুলাইয়া ক্লাসের সকল বালকের লক্ষ্যস্থল হইয়া বিসিয়া রহিল। এতদিনে আন্তর অনেক বয়স

হইয়া থাকিবে এবং তাহার জীবনে অনেক গুরুতর স্থতঃখলজ্জার দিন আসিয়াছে সন্দেহ নাই, কিন্তু সেইদিনকার বালকহৃদয়ের ইতিহাসের সহিত কোনোদিনের তুলনা হইতে পারে না।

কিন্তু ব্যাপারটা অতি ক্ষ্ত্র এবং হই কথায় শেষ হইয়া যায়।

আশুর একটি ছোটো বোন আছে; তাহার সমবয়স্ক সন্ধিনী কিংবা ভগিনী আর-কেহ নাই, স্কুতরাং আশুর সন্ধেই তাহার যত থেলা।

একটি গেটওয়ালা লোহার রেলিঙের মধ্যে আগুদের বাড়ির গাড়িবারালা। সেদিন মেঘ করিয়া খুব বৃষ্টি হইতেছিল। জুতা হাতে করিয়া, ছাতা মাথায় দিয়া যে ত্ইচারিজন পথিক পথ দিয়া চলিতেছিল, তাহাদের কোনো দিকে চাহিবার অবদর ছিল না। সেই মেঘের অন্ধকারে, সেই বৃষ্টিপতনের শব্দে, সেই সমস্তদিন ছুটিতে, গাড়িবারালার সিঁড়িতে বিদিয়া আগু তাহার বোনের সঙ্গে পেলা করিতেছিল।

সেদিন তাহাদের পুতুলের বিয়ে। তাহারি আয়োজন সম্বন্ধে অত্যন্ত গন্তীরভাবে ব্যস্ত হইয়া আশু তাহার ভগিনীকে উপদেশ দিতেছিল।

এখন তর্ক উঠিল, কাহাকে পুরোহিত করা যায়। বালিকা চট করিয়া ছুটিয়া একজনকে গিয়া জিজ্ঞাদা করিল, "হা গা, তুমি আমাদের পুরুতঠাকুর হবে ?"

আন্ত পশ্চাৎ ফিরিয়া দেখে, শিবনাথপণ্ডিত ভিজা ছাতা মৃড়িয়া অর্ধসিক্ত অবস্থায় তাহাদের গাড়িবারান্দায় দাঁড়াইয়া আছেন; পথ দিয়া যাইতেছিলেন, বৃষ্টির উপদ্রব হইতে সেথানে আশ্রয় লইয়াছেন। বালিকা তাঁহাকে পুত্লের পৌরোহিত্যে নিয়োগ করিবার প্রতাব করিতেছে।

পণ্ডিতমশায়কে দেখিয়াই আশু তাহার খেলা এবং ভগিনী সমস্ত ফেলিয়া এক-দৌড়ে গৃহের মধ্যে অস্তহিত হইল। তাহার ছুটির দিন সম্পূর্ণ মাটি হইয়া গেল।

পরদিন শিবনাথপণ্ডিত যখন শুদ্ধ উপহাসের সহিত এই ঘটনাটি ভূমিকাস্বরূপে উল্লেখ করিয়া সাধারণসমক্ষে আশুর 'গিরি' নামকরণ করিলেন, তথন প্রথমে সে যেমন সকল কথাতেই মৃত্ভাবে হাসিয়া থাকে তেমন করিয়া হাসিয়া চারিদিকের কৌতুকহাস্থে ঈষৎ যোগ দিতে চেষ্টা করিল; এমনসময় একটা ঘন্টা বাজিল, অক্স-সকল ক্লাস ভাঙিয়া গেল, এবং শালপাতায় চ্টি মিষ্টান্ন ও ঝকঝকে কাঁসার ঘটিতে জল লইয়া দাসী আসিয়া ঘারের কাছে দাঁড়াইল।

তথন হাসিতে হাসিতে তাহার ম্থকান টকটকে লাল হইয়া উঠিল, ব্যথিত কপালের শিরা ফুলিয়া উঠিল, এবং উচ্চুসিত অশ্রুজন আর কিছুতেই বাধা মানিল না।

শিবনাথপণ্ডিত বিশ্রামগৃহে জলধোগ করিয়া নিশ্চিস্কমনে তামাক খাইতে লাগিলেন

—ছেলেরা পরমাহলাদে আশুকে ঘিরিয়া 'গিন্নি গিন্নি' করিয়া চীৎকার করিতে লাগিল। সেই ছুটির দিনের ছোটোবোনের সহিত থেলা জীবনের একটি সর্বপ্রধান লজ্জাজনক ভ্রম বলিয়া আশুর কাছে বোধ হইতে লাগিল, পৃথিবীর লোক কোনোকালেও যে সেদিনের কথা ভূলিয়া যাইবে এ তাহার মনে বিশ্বাস হইল না।

258A 6

রামকানাইয়ের নিরু দ্বিতা

ষাহার। বলে গুরুচরণের মৃত্যুকালে তাঁহার দিতীয় পক্ষের সংসারটি অস্তঃপুরে বিদিয়া তাস থেলিতেছিলেন, তাহারা বিশ্বনিন্দুক, তাহারা তিলকে তাল করিয়া তোলে। আসলে গৃহিণী তথন এক পায়ের উপর বসিয়া দিতীয় পায়ের হাঁটু চিবুক পর্যন্ত উত্থিত করিয়া কাঁচা তেঁতুল, কাঁচা লক্ষা এবং চিংড়িমাছের ঝালচচ্চড়ি দিয়া অত্যন্ত মনোযোগের সহিত পাস্তাভাত খাইতেছিলেন। বাহির হইতে যথন ডাক পড়িল, তথন স্থপাক্ষতি চর্বিত ডাঁটা এবং নিঃশেষিত অন্ধপাত্রটি ফেলিয়া গম্ভীর-মৃথে কহিলেন, "ত্টো পাস্তাভাত-যে মৃথে দেব, তারো সময় পাওয়া যায় না।"

এদিকে ডাক্তার যখন জ্বাব দিয়া গেল তথন গুরুচরণের ভাই রামকানাই রোগীর পার্ষে বিদিয়া ধীরে ধীরে কহিলেন, "দাদা, যদি ভোমার উইল করিবার ইচ্ছা থাকে তো বলো।" গুরুচরণ ক্ষীণস্বরে বলিলেন, "আমি বলি, তুমি লিথিয়া লও।" রামকানাই কাগজকলম লইয়া প্রস্তুত হইলেন। গুরুচরণ বলিয়া গেলেন, "আমার স্থাবর অস্থাবর সমস্ত বিষয়দম্পত্তি আমার ধর্মপত্তী শ্রীমতী বরদাস্থন্দরীকে দান করিলাম।" রামকানাই লিথিলেন— কিন্তু লিথিতে তাঁহার কলম সরিতেছিল না। তাঁহার বড়ো আশা ছিল, তাঁহার একমাত্র পুত্র নবদীপ অপুত্রক জ্যাঠামহাশয়ের সমস্ত বিষয়দম্পত্তির অধিকারী হইবে। যদিও তুই ভাইয়ে পৃথগর ছিলেন, তথাপি এই আশায় নবদীপের মা নবদীপকে কিছুতেই চাকরি করিতে দেন নাই— এবং দকাল-দকাল বিবাহ দিয়াছিলেন, এবং শক্রম মুথে ভন্ম নিক্ষেপ করিয়া বিবাহ নিক্ষল হয় নাই। কিন্তু তথাপি রামকানাই লিথিলেন এবং সই করিবার জন্ম কলমটা দাদার হাতে দিলেন। গুরুচরণ নির্জীব হন্তে যাহা সই করিলেন, তাহা কতকগুলা কম্পিত বক্ররেথা কি তাঁহার নাম, বুঝা তুঃসাধ্য।

পাস্তাভাত থাইয়া যখন স্ত্রী আদিলেন তখন গুরুচরণের বাক্রোধ হইয়াছে দেখিয়া

ন্ত্রী কাঁদিতে লাগিলেন। যাহারা অনেক আশা করিয়া বিষয় হইতে বঞ্চিত হইয়াছে ভাহারা বলিল 'মায়াকান্না'। কিন্তু সেটা বিশাস্যোগ্য নহে।

উইলের বৃত্তান্ত শুনিয়া নবদ্বীপের মা ছুটিয়া আসিয়া বিষম গোল বাধাইয়া দিল— বলিল, "মরণকালে বৃদ্ধিনাশ হয়। এমন সোনার-চাঁদ ভাইপো থাকিতে—"

রামকানাই যদিও স্ত্রীকে অত্যন্ত শ্রদ্ধা করিতেন— এত অধিক যে তাহাকে ভাষান্তরে ভয় বলা যাইতে পারে— কিন্তু তিনি থাকিতে পারিলেন না, ছুটিয়া আসিয়া বলিলেন, "মেজোবউ, তোমার তো বৃদ্ধিনাশের সময় হয় নাই, তবে তোমার এমন ব্যবহার কেন। দাদা গেলেন, এখন আমি তো রহিয়া গেলাম, তোমার যা-কিছু বক্তব্য আছে, অবসরমতো আমাকে বলিয়ো, এখন ঠিক সময় নয়।"

নবদীপ সংবাদ পাইয়া যথন আদিল তথন তাহার জ্যাঠামহাশয়ের কাল হইয়াছে।
নবদীপ মৃত ব্যক্তিকে শাসাইয়া কহিল, "দেখিব ম্থায়ি কে করে— এবং প্রাদ্ধশান্তি
যদি করি তো আমার নাম নবদীপ নয়।" গুরুচরণ লোকটা কিছুই মানিত না।
দে ডফ সাহেবের ছাত্র ছিল। শাস্ত্রমতে যেটা স্বাপেক্ষা অথাত্য সেইটাতে তার বিশেষ
পরিত্থি ছিল। লোকে যদি তাহাকে ক্রিশ্চান বলিত, সে জিভ কাটিয়া বলিত,
"রাম, আমি যদি ক্রিশ্চান হই তো গোমাংস থাই।" জীবিত অবস্থায় যাহার এই
দশা, সত্তম্বত অবস্থায় সে-যে পিগুনাশ-আশন্তায় কিছুমাত্র বিচলিত হইবে, এমন
সম্ভাবনা নাই। কিছু উপস্থিতমতো ইহা ছাড়া আর-কোনো প্রতিরোধের পথ ছিল
না। নবদ্বীপ একটা সান্থনা পাইল যে, লোকটা পরকালে গিয়া মরিয়া থাকিবে।
যতদিন ইহলোকে থাকা যায় জ্যাঠামহাশয়ের বিষয় না পাইলেও কোনোক্রমে পেট
চলিয়া যায়, কিছু জ্যাঠামহাশয় যে-লোকে গেলেন সেখানে ভিক্ষা করিয়া পিণ্ড মেলে
না। বাঁচিয়া থাকিবার অনেক স্থবিধা আছে।

রামকানাই বরদান্থন্দরীর নিকট গিয়া বলিলেন, "বউঠাকুরানী, দাদা তোমাকে সমস্ত বিষয় দিয়া গিয়াছেন। এই তাঁহার উইল। লোহার সিন্দুকে যতুপূর্বক রাথিয়া দিয়ো।"

বিধবা তথন মৃথে মৃথে দীর্ঘপদ রচনা করিয়া উচ্চৈঃশ্বরে বিলাপ করিতেছিলেন, ছইচারিজন দানীও তাঁহার সহিত শ্বর মিলাইয়া মধ্যে-মধ্যে ছইচারিটা নৃতন শব্দ ঘোজনাপুর্বক শোকসংগীতে সমস্ত পল্লীর নিজা দূর করিতেছিল। মাঝে হইতে এই কাগজ্বও আসিয়া একপ্রকার লয়ভঙ্গ হইয়া গেল এবং ভাবেরও পূর্বাপর যোগ রহিল না। ব্যাপারটা নিম্নলিখিত-মতো অসংলগ্ন আকার ধারণ করিল।—

"ఆগো, আমার কী সর্বনাশ হল গো, কী সর্বনাশ হল। আচ্ছা, ঠাকুরপো,

লেখাটা কার। তোমার বৃঝি? ওগো, তেমন যত্ন ক'রে আমাকে আর কে দেখবে, আমার দিকে কে মৃথ তুলে চাইবে গো।— তোরা একটুকু থাম, মেলা চেঁচাস নে, কথাটা শুনতে দে। ওগো, আমি কেন আগে গেলুম না গো— আমি কেন বেঁচে রইলুম।" রামকানাই মনে-মনে নিখাস ফেলিয়া বলিলেন, "সে আমাদের কপালের দোষ।"

বাড়ি ফিরিয়া গিয়া নবদীপের মা রামকানাইকে লইয়া পড়িলেন। বোঝাই গাড়ি সমেত থাদের মধ্যে পড়িয়া হতভাগ্য বলদ গাড়োয়ানের সহস্র গুঁতা থাইয়াও অনেকক্ষণ যেমন নিরুপায় নিশ্চল ভাবে দাঁড়াইয়া থাকে, রামকানাই তেমনি অনেকক্ষণ চুপ করিয়া সহ্ করিলেন,— অবশেষে কাতরস্বরে কহিলেন, "আমার অপরাধ কী। আমি তো দাদা নই।"

নবদ্বীপের মা কোঁস করিয়া উঠিয়া বলিলেন, "না, তুমি বড়ো ভালো মান্ত্য, তুমি কিছু বোঝ না; দাদা বললেন 'লেখো', ভাই অমনি লিখে গেলেন। তোমরা সবাই সমান। তুমিও সময়কালে ওই কীর্তি করবে বলে বসে আছ। আমি মলেই কোন্ পোড়ারমুখী ডাইনীকে ঘরে আনবে— আর আমার সোনার-চাঁদ নবদ্বীপকে পাথারে ভাসাবে। কিন্তু সেজন্তে ভেবো না, আমি শিগগির মরছি নে।"

এইরপে রামকানাইয়ের ভাবী অত্যাচারের আলোচনা করিয়া গৃহিণী উত্তরোত্তর অধিকতর অসহিষ্ণু হইয়া উঠিতে লাগিলেন। রামকানাই নিশ্চয় জানিতেন, ষদি এই-সকল উৎকট কাল্পনিক আশঙ্কা নিবারণ-উদ্দেশে ইহার তিলমাত্র প্রতিবাদ করেন, তবে হিতে বিপরীত হইবে। এই ভয়ে অপরাধীর মতো চুপ করিয়া রহিলেন, যেন কাজটা করিয়া ফেলিয়াছেন। যেন তিনি সোনার নবদ্বীপকে বিষয় হইতে বঞ্চিত করিয়া তাঁহার ভাবী দিতীয়পক্ষকে সমস্ত লিখিয়া দিয়ামরিয়া বিদয়া আছেন, এখন অপরাধ স্বীকার না করিয়া কোনো গতি নাই।

ইতিমধ্যে নবদীপ তাহার বৃদ্ধিমান বন্ধুদের সহিত অনেক পরামর্শ করিয়া মাকে আসিয়া বলিল, "কোনো ভাবনা নাই। এ-বিষয় আমিই পাইব। কিছুদিনের মতো বাবাকে এখান হইতে স্থানাস্তরিত করা চাই। তিনি থাকিলে সমস্ত ভণ্ডুল হইয়া ঘাইবে।" নবদীপের বাবার বৃদ্ধিস্থদ্ধির প্রতি নবদীপের মার কিছুমাত্র আদ্ধা ছিল না; স্বতরাং কথাটা তাঁরো যুক্তিযুক্ত মনে হইল। অবশেষে মার তাড়নায় এই নিতান্ত অনাবশ্যক নির্বোধ কর্মনাশা বাবা একটা ষেমন-তেমন ছল করিয়া কিছু-দিনের মতো কাশীতে গিয়া আশ্রেয় লইলেন।

अझि मिर्निय मर्थारे वत्रमोञ्चनती अवः नवशीशहक्त शत्रभारतत नारम উर्वेनकारनत

অভিযোগ করিয়া আদালতে গিয়া উপস্থিত হইল। নবদীপ তাহার নিজের নামে যে-উইলথানি বাহির করিয়াছে, তাহার নামসহি দেখিলে গুরুচরণের হস্তাক্ষর স্পষ্ট প্রমাণ হয়; উইলের ত্ই-একজন নিঃস্বার্থ সাক্ষীও পাওয়া গিয়াছে। বরদান্তন্দরীর পক্ষে নবদীপের বাপ একমাত্র সাক্ষী এবং সহি কারো ব্রিবার সাধ্য নাই। তাঁহার গৃহপোগ্য একটি মামাতো ভাই ছিল, সে বলিল, "দিদি, তোমার ভাবনা নাই। আমি সাক্ষ্য দিব এবং আরো সাক্ষ্য জুটাইব।"

ব্যাপারটা যথন সম্পূর্ণ পাকিয়া উঠিল, তথন নবদীপের মা নবদীপের বাপকে কাশী হইতে ডাকিয়া পাঠাইলেন। অমুগত ভদ্রলোকটি ব্যাগ ও ছাতা হাতে যথাসময়ে আসিয়া উপস্থিত হইলেন। এমন কি, কিঞ্চিৎ রসালাপ করিবারও চেষ্টা করিলেন, জ্যোড়হন্তে সহাস্থে বলিলেন, "গোলাম হাজির, এখন মহারানীর কী অমুমতি হয়।"

গৃহিণী মাথা নাড়িয়া বলিলেন, "নেও নেও, আর রঙ্গ করতে হবে না। এতদিন ছুতো করে কাশীতে কাটিয়ে এলেন, একদিনের তরে তো মনে পড়ে নি। ইত্যাদি।

এইরপে উভয় পক্ষে অনেকক্ষণ ধরিয়া পরস্পরের নামে আদরের অভিযোগ আনিতে লাগিলেন,— অবশেষে নালিশ ব্যক্তিকে ছাড়িয়া জাতিতে গিয়া পৌছিল—নবদ্বীপের মা পুরুষের ভালোবাসার সহিত ম্সলমানের ম্রগি-বাংসল্যের তুলনা করিলেন। নবদ্বীপের বাপ বলিলেন, 'রমণীর মুখে মধু, হৃদয়ে ক্ষুর',— যদিও এই মৌথিক মধুরতার পরিচয় নবদ্বীপের বাপ কবে পাইলেন, বলা শক্ত।

ইতিমধ্যে রামকানাই দহসা আদালত হইতে এক সাক্ষীর সপিনা পাইলেন।
অবাক হইয়া যখন তাহার মর্মগ্রহণের চেষ্টা করিতেছেন, তখন নবদ্বীপের মা
আসিয়া কাঁদিয়া ভাসাইয়া দিলেন। বলিলেন, "হাড়জালানী ভাকিনী কেবল-যে
বাছা নবদ্বীপকে তাহার স্নেহশীল জ্যাঠার স্থায়্য উত্তরাধিকার হইতে বঞ্চিত
করিতে চায় তাহা নহে, আবার সোনার ছেলেকে জ্বেলে পাঠাইবার আয়োজন
করিতেছে।"

অবশেষে ক্রমে ক্রমে সমস্ত ব্যাপারটা অমুমান করিয়া লইয়া রামকানাইয়ের চক্ষ্-স্থির হইয়া গেল। উচ্চৈঃম্বরে বলিয়া উঠিলেন, "তোরা একি সর্বনাশ করিয়াছিস।" গৃহিণী ক্রমে নিজমুর্তি ধারণ করিয়া বলিলেন, "কেন, এতে নবদ্বীপের দোষ হয়েছে কী। সে তার জ্যাঠার বিষয় নেবে না। স্থমনি এক কথায় ছেড়ে দেবে।"

কোথা হইতে এক চক্ষ্থাদিকা, ভর্তার পরমায়হন্ত্রী, অষ্টকুষ্ঠার পূত্রী উড়িয়া

আসিয়া জুড়িয়া বসিবে, ইহা কোন্ সৎকুলপ্রদীপ কনকচন্দ্র সন্তান সন্থ করিতে পারে। যদি-বা মরণকালে এবং ডাকিনীর মন্ত্রগুণে কোনো-এক মৃঢ়মতি জ্যেষ্ঠতাতের বৃদ্ধিভ্রম হইয়া থাকে, তবে স্থবর্গময় ভাতৃপুত্র সে-ভ্রম নিজহন্তে সংশোধন করিয়া লইলে এমন কী অস্থায় কার্য হয়।

হতবৃদ্ধি রামকানাই যথন দেখিলেন, তাঁহার স্থ্রী পুত্র উভয়ে মিলিয়া কথনো-বা তর্জনগর্জন কথনো-বা অশ্রুবিসর্জন করিতে লাগিলেন, তথন ললাটে করাঘাত করিয়া চুপ করিয়া বসিয়া রহিলেন— আহার ত্যাগ করিলেন, জল পর্যন্ত স্পর্শ করিলেন না।

এইরপে তুই দিন নীরবে অনাহারে কাটিয়া গেল, মকদ্দমার দিন উপস্থিত হইল।
ইতিমধ্যে নবদ্বীপ বরদাস্থলরীর মামাতো ভাইটিকে ভয় প্রলোভন দেখাইয়া এমনি বশ
করিয়া লইয়াছে যে, সে অনায়াসে নবদ্বীপের পক্ষে সাক্ষ্য দিল। জয়শ্রী যথন
বরদাস্থলরীকে ত্যাগ করিয়া অন্য পক্ষে যাইবার আয়োজন করিতেছে, তথন
রামকানাইকে ভাক পড়িল।

অনাহারে মৃতপ্রায় শুষ্কওষ্ঠ শুষ্করসনা বৃদ্ধ কম্পিত শীর্ণ অঙ্গুলি দিয়া সাক্ষ্যমঞ্চের কাঠগড়া চাপিয়া ধরিলেন। চতুর ব্যারিস্টার অত্যন্ত কৌশলে কথা
বাহির করিয়া লইবার জন্ম জেরা করিতে আরম্ভ করিলেন,— বহুদ্র হইতে আরম্ভ
করিয়া সাবধানে অতি ধীর বক্রগতিতে প্রসন্দের নিকটবর্তী হইবার উল্মোগ করিতে
লাগিলেন।

তপন রামকানাই জজের দিকে ফিরিয়া জোড়হন্তে কহিলেন, "হুজুর, আমি বৃদ্ধ, অত্যন্ত তুর্বল। অধিক কথা কহিবার সামর্থ্য নাই। আমার যা বলিবার সংক্ষেপে বলিয়া লই। আমার দাদা স্বর্গীয় গুরুচরণ চক্রবর্তী মৃত্যুকালে সমস্ত বিষয়সম্পত্তি তাঁহার পত্নী শ্রীমতী বরদাস্থলরীকে উইল করিয়া দিয়া যান। সে-উইল আমি নিজহন্তে লিখিয়াছি এবং দাদা নিজহন্তে স্বাক্ষর করিয়াছেন। আমার পুত্র নবদ্বীপচন্দ্র যে-উইল দাখিল করিয়াছেন তাহা মিখ্যা।" এই বলিয়া রামকানাই কাঁপিতে ক্রিতে হইয়া পড়িলেন।

চতুর ব্যারিস্টার সকৌতুকে পার্শ্বর্তী অ্যাটর্নিকে বলিলেন, "বাই জোভ। লোক-টাকে কেমন ঠেসে ধরেছিলুম।"

মামাতো ভাই ছুটিয়া গিয়া দিদিকে বলিল, "বুড়ো সমস্ত মাটি করিয়াছিল,— আমার দাক্ষ্যে মকদমা রক্ষা পায়।"

দিদি বলিলেন, "বটে ? লোক কে চিনতে পারে। আমি বুড়োকে ভালো বলে স্থানত্য।" কারাবরুদ্ধ নবদ্বীপের বৃদ্ধিমান বন্ধুরা অনেক ভাবিয়া দ্বির করিল, নিশ্চয়ই বৃদ্ধ ভয়ে এই কাজ করিয়া ফেলিয়াছে; সাক্ষীর বাক্সের মধ্যে উঠিয়া বুড়া বৃদ্ধি ঠিক রাখিতে পারে নাই; এমনতরো আন্ত নির্বোধ সমস্ত শহর খুঁজিলে মিলে না।

গৃহে ফিরিয়া আসিয়া রামকানাইয়ের কঠিন বিকার-জর উপস্থিত হইল। প্রলাপে পুত্রের নাম উচ্চারণ করিতে করিতে এই নির্বোধ সর্বকর্মপগুকারী নবদ্বীপের অনাবশুক বাপ পৃথিবী হইতে অপস্ত হইয়া গেল; আত্মীয়দের মধ্যে কেহ কেহ কহিল, "আর কিছুদিন পূর্বে গেলেই ভালো হইত"— কিন্তু তাহাদের নাম করিতে চাহি না।

>5 44 6

ব্যবধান

সম্পর্ক মিলাইয়া দেখিতে গেলে বনমালী এবং হিমাংশুমালী উভয়ে মামাতো পিসতুতো ভাই; সেও অনেক হিসাব করিয়া দেখিলে তবে মেলে। কিন্তু ইহাদের ত্ই
পরিবার বহুকাল হইতে প্রতিবেশী, মাঝে কেবল একটা বাগানের ব্যবধান, এইজ্জ্য
ইহাদের সম্পর্ক নিতান্ত নিকট না হইলেও ঘনিষ্ঠতার অভাব নাই।

বনমালী হিমাংশুর চেয়ে অনেক বড়ো। হিমাংশুর যখন দন্ত এবং বাক্যস্থৃতি হয় নাই, তখন বনমালী তাহাকে কোলে করিয়া এই বাগানে সকালে সন্ধ্যায় হাওয়া খাওয়াইয়াছে, থেলা করিয়াছে, কায়া থামাইয়াছে, ব্ম পাড়াইয়াছে এবং শিশুর মনোরঞ্জন করিবার জন্ম পরিণতবৃদ্ধি বয়য় লোকদিগকে সবেগে শিরশচালন, তারস্বরে প্রলাপভাষণ প্রভৃতি যে-সকল বয়সায়্লচিত চাপল্য এবং উৎকট উল্লম প্রকাশ করিতে হয়, বনমালী তাহাও করিতে ক্রটি করে নাই।

বনমালী লেখাপড়া বড়ো-একটা কিছু করে নাই। তাহার বাগানের শথ ছিল এবং এই দ্রসম্পর্কের ছোটোভাইটি ছিল। ইহাকে খুব একটি তুর্লভ তুর্মূল্য লতার মতো বনমালী হৃদয়ের সমস্ত ক্ষেহসিঞ্চন করিয়া পালন করিতেছিল এবং সে যখন তাহার সমস্ত অস্তর্বাহিরকে আচ্ছন্ন করিয়া লতাইয়া উঠিতে লাগিল, তখন বনমালী আপনাকে ধন্য জ্ঞান করিল।

এমন সচরাচর দেখা যায় না কিন্তু এক-একটি স্বভাব আছে যে, একটি ছোটো খেয়াল কিংবা একটি ছোটো শিশু কিংবা একটি অক্বভক্ত বন্ধুর নিকটে অতি সহজে আপনাকে সম্পূর্ণ বিসর্জন করে; এই বিপুল পৃথিবীতে একটিমাত্র ছোটো স্নেহের কারবারে জীবনের সমন্ত মূলধন সমর্পণ করিয়া নিশ্চিন্ত থাকে, তারপরে হয়তো সামান্ত উপস্বত্বে পরম সন্তোধে জীবন কাটাইয়া দেয় কিংবা সহসা একদিন প্রভাতে সমন্ত ঘরবাড়ি বিক্রয় করিয়া কাঙাল হইয়া পথে গিয়া দাঁড়ায়।

হিমাংশুর বয়দ যথন আর-একটু বাড়িল, তথন বয়স এবং সম্পর্কের বিশুর তারতম্য-সত্ত্বেও বনমালীর সহিত তাহার যেন একটি বন্ধুত্বের বন্ধন স্থাপিত হইল। উভয়ের মধ্যে যেন ছোটোবড়ো কিছু ছিল না।

এইরপ হইবার একটু কারণও ছিল। হিমাংশু লেখাপড়া করিত এবং স্বভাবতই তাহার জ্ঞানস্পৃহা অত্যস্ত প্রবল ছিল। বই পাইলেই পড়িতে বিদিত, তাহাতে অনেক বাজে বই পড়া হইয়াছিল বটে কিন্তু যেমন করিয়াই হউক চারিদিকেই তাহার মনের একটি পরিণতিসাধন হইয়াছিল। বনমালী বিশেষ একটু প্রদার দহিত তাহার কথা শুনিত, তাহার পরামর্শ লইত, তাহার সহিত ছোটোবড়ো সকল কথার আলোচনা করিত, কোনো বিষয়েই তাহাকে বালক বলিয়া অগ্রাহ্ম করিত না। হদয়ের সর্বপ্রথম সেহরদ দিয়া যাহাকে মাল্লয় করা গিয়াছে, বয়সকালে যদি দে বৃদ্ধি, জ্ঞান এবং উন্নত স্বভাবের জন্ম শ্রদ্ধার অধিকারী হয়, তবে তাহার মতো এমন পরমপ্রিয়বস্ত পৃথিবীতে আর পাওয়া যায় না।

বাগানের শথও হিমাংশুর ছিল। কিন্তু এ-বিষয়ে তুই বন্ধুর মধ্যে প্রভেদ ছিল। বনমালীর ছিল হাদয়ের শথ, হিমাংশুর ছিল বৃদ্ধির শথ। পৃথিবীর এই কোমল গাছপালাগুলি, এই অচেতন জীবনরাশি, যাহারা যত্নের কোনো লালদা রাথে না অথচ যত্ন পাইলে ঘরের ছেলেগুলির মতো বাড়িয়া ওঠে, যাহারা মান্থফের শিশুর চেয়েও শিশু, তাহাদিগকে সমত্বে মান্থ্য করিয়া তুলিবার জন্ম বনমালীর একটি স্বাভাবিক প্রবৃত্তি ছিল। কিন্তু হিমাংশুর গাছপালার প্রতি একটি কৌতূহলদৃষ্টি ছিল। অন্ধুর গজাইয়া উঠে, কিশলয় দেখা দেয়, কুঁড়ি ধরে, ফুল ফুটিয়া উঠে, ইহাতে তাহার একান্ত মনোযোগ আকর্ষণ করিত।

গাছের বীজবপন, কলম করা, সার দেওয়া, চানকা তৈয়ারি প্রভৃতি সম্বন্ধে হিমাংশুর মাথায় বিবিধ পরামর্শের উদয় হইত এবং বনমালী অত্যস্ত আনন্দের সহিত তাহা গ্রহণ করিত। এই উচ্চান্ধগুটুকু লইয়া আকৃতি প্রকৃতির মত প্রকার সংযোগ-বিয়োগ সম্ভব, তাহা উভয়ে মিলিয়া সাধন করিত।

দারের সমূথে বাগানের উপরেই একটি বাঁধানো বেদির মতো ছিল। চারটে বাজিলেই একটি পাতলা জামা পরিয়া, একটি কোঁচানো চাদর কাঁধের উপর ফেলিয়া, গুড়গুড়ি লইয়া, বনমালী সেইখানে ছায়ায় গিয়া বসিত। কোনো বন্ধুবান্ধব নাই, হাতে একখানি বই কিংবা খবরের কাগজ নাই। বসিয়া বৃসিয়া তামাক টানিত, এবং আড়চক্ষে উদাসীনভাবে কখনো-বা দক্ষিণে কখনো বামে দৃষ্টিপাত করিত। এমনি করিয়া সময় তাহার গুড়গুড়ির বাষ্পকুগুলীর মতো ধীরে ধীরে অত্যন্ত লঘুভাবে উড়িয়া ঘাইত, ভাঙিয়া যাইত, মিলাইয়া যাইত, কোথাও কোনো চিহ্ন রাখিত না।

অবশেষে ধথন হিমাংশু স্থল হইতে ফিরিয়া, জল থাইয়া হাতম্থ ধুইয়া দেখা দিত, তথন তাড়াতাড়ি গুড়গুড়ির নল ফেলিয়া বনমালী উঠিয়া পড়িত। তথনি তাহার আগ্রহ দেখিয়া বুঝা যাইত, এতক্ষণ ধৈর্যসহকারে সে কাহার প্রত্যাশায় বসিয়া ছিল।

তাহার পরে হইজনে বাগানে বেড়াইতে বেড়াইতে কথা। অন্ধকার হইয়া আদিলে হইজনে বেঞ্চের উপর বিদত,— দক্ষিণের বাতাদ গাছের পাতা মর্মরিত করিয়া বহিয়া যাইত; কোনোদিন-বা বাতাদ বহিত না, গাছপালাগুলি ছবির মতো স্থির দাঁড়াইয়া রহিত, মাথার উপরে আকাশ ভরিয়া তারাগুলি জলিতে থাকিত।

হিমাংশু কথা কহিত, বনমালী চুপ করিয়া শুনিত। যাহা ৰুঝিত না, তাহাও তাহার ভালো লাগিত; যে-সকল কথা আর-কাহারো নিকট হইতে অত্যস্ত বিরজি-জনক লাগিতে পারিত, সেই কথাই হিমাংশুর মুথে বড়ো কৌতুকের মনে হইত। এমন শ্রন্ধাবান বয়স্ক শ্রোতা পাইয়া হিমাংশুর বক্তৃতাশক্তি শ্বতিশক্তি কল্পনাশক্তির সবিশেষ পরিতৃপ্তি লাভ হইত। সে কতক-বা পড়িয়া বলিত, কতক-বা ভাবিয়া বলিত, কতক-বা উপস্থিতমতো তাহার মাধায় জোগাইত এবং অনেক সময়ে কল্পনার সহায়তায় জ্ঞানের অভাব ঢাকা দিয়া লইত। অনেক ঠিক কথা বলিত, অনেক বেঠিক কথাও বলিত, কিন্তু বনমালী গন্তীরভাবে শুনিত, মাঝে-মাঝে হুটো-একটা কথা বলিত, হিমাংশু তাহার প্রতিবাদ করিয়া যাহা বুঝাইত তাহাই বুঝিত, এবং তাহার প্রদিন ছায়ায় বিদ্যা গুড়গুড়ি টানিতে টানিতে সেই-সকল কথা অনেকক্ষণ ধরিয়া বিশ্বয়ের সহিত চিন্তা করিত।

ইতিমধ্যে এক গোল বাধিল। বনমালীদের বাগান এবং হিমাংশুদের বাড়ির মাঝথানে জল ঘাইবার একটি নালা আছে। সেই নালার এক জায়গায় একটি পাতিলেবুর গাছ জন্মিয়াছে। সেই গাছে যখন ফল ধরে তখন বনমালীদের চাকর তাহা পাড়িতে চেষ্টা করে এবং হিমাংশুদের চাকর তাহা নিবারণ করে এবং উভয় পক্ষে যে-গালাগালি বর্ষিত হয়, তাহাতে যদি কিছুমাত্র বস্তু থাকিত তাহা হইলে সমস্ত নালা ভরাট হইয়া যাইত।

মাঝে হইতে বনমালীর বাপ হরচন্দ্র এবং হিমাংশুমালীর বাপ গোকুলচন্দ্রের মধ্যে

তাহাই লইয়া খোর বিবাদ বাধিয়া গেল। তুই পক্ষে নালার দখল লইয়া আদালতে হাজির।

উকিল-ব্যারিস্টারদের মধ্যে যতগুলি মহারথী ছিল, সকলেই অন্যতর পক্ষ অবলম্বন করিয়া স্থদীর্ঘ বাক্যুদ্ধ আরম্ভ করিল। উভয় পক্ষের যে টাকাটা থরচ হইয়া গেল, ভাজের প্লাবনেও উক্ত নালা দিয়া এত জল কথনো বহে নাই।

শেষকালে হরচন্দ্রের জিত হইল; প্রমাণ হইয়া গেল, নালা তাহারি এবং পাতিনেবৃতে আর-কাহারো কোনো অধিকার নাই। আপিল হইল কিন্তু নালা এবং পাতিনেবৃ হরচন্দ্রেরই রহিল।

যতদিন মকদ্দমা চলিতেছিল, দুই ভাইয়ের বন্ধুত্বে কোনো ব্যাঘাত ঘটে নাই। এমন কি, পাছে বিবাদের ছায়া পরস্পরকে স্পর্শ করে, এই আশক্ষায় কাতর হইয়া বনমালী দিগুণ ঘনিষ্ঠভাবে হিমাংশুকে হৃদয়ের কাছে আবদ্ধ করিয়া রাখিতে চেষ্টা করিত, এবং হিমাংশুও লেশমাত্র বিম্থভাব প্রকাশ করিত না।

যেদিন আদালতে হরচন্দ্রের জিত হইল, সেদিন বাড়িতে বিশেষত অন্তঃপুরে পরম উল্লাস পড়িয়া গেল, কেবল বনমালীর চক্ষে ঘুম রহিল না। তাহার পরদিন অপরাহ্নে সে এমন মানম্থে সেই বাগানের বেদিতে গিয়া বসিল, যেন পৃথিবীতে আর-কাহারো কিছু হয় নাই, কেবল তাহারি একটা মন্ত হার হইয়া গেছে।

সেদিন সময় উত্তীর্ণ হইয়া গেল, ছয়টা বাজিয়া গেল, কিন্তু হিমাংশু আসিল না। বনমালী একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া হিমাংশুদের বাড়ির দিকে চাহিয়া দেখিল। থোলা জানালার ভিতর দিয়া দেখিতে পাইল, আলনার উপরে হিমাংশুর স্থলের ছাড়াকাপড় ঝুলিতেছে; অনেকগুলি চিরপরিচিত লক্ষণ মিলাইয়া দেখিল— হিমাংশু বাড়িতে আছে। গুড়গুড়ির নল ফেলিয়া দিয়া বিষয়মুখে বেড়াইতে লাগিল এবং সহশ্রবার সেই বাতায়নের দিকে চাহিল, কিন্তু হিমাংশু বাগানে আসিল না।

সন্ধ্যার আলো জলিলে বনমালী ধীরে ধীরে হিমাংশুর বাড়িতে গেল।

গোকুলচন্দ্র দারের কাছে বসিয়া তপ্ত দেহে হাওয়া লাগাইতেছিলেন। তিনি বলিলেন, "কে ও।"

বনমালী চমকিয়া উঠিল। যেন দে চুরি করিতে আদিয়া ধরা পড়িয়াছে। কম্পিতকণ্ঠে বলিল, "মামা, আমি।"

মামা বলিলেন, "কাহাকে থুঁ জিতে আসিয়াছ। বাড়িতে কেহ নাই।" বনমালী আবার বাগানে ফিরিয়া আসিয়া চুপ করিয়া বসিল। যত রাত হইতে লাগিল, দেখিল হিমাংশুদের বাড়ির জানলাগুলি একে একে বন্ধ ১৫॥২৮ হইয়া গেল; দরজার ফাঁক দিয়া যে-দীপালোকরেখা দেখা যাইতেছিল, তাহাও ক্রমে ক্রমে অনেকগুলি নিবিয়া গেল। অন্ধকার রাত্রে বনমালীর মনে হইল, হিমাংস্তদের বাড়ির সম্দয় দার তাহারি নিকট ক্রম্ধ হইয়া গেল, সে কেবল বাহিরের অন্ধকারে একলা পড়িয়া রহিল।

আবার তাহার পরদিন বাগানে আদিয়া বদিল, মনে করিল, আন্ত হয়তো আদিতেও পারে। যে বছকাল হইতে প্রতিদিন আদিত, সে-যে একদিনও আদিবে না, এ-কথা সে কিছুতেই মনে করিতে পারিল না। কথনো মনে করে নাই, এ বন্ধন কিছুতেই ছি ড়িবে; এমন নিশ্চিস্তমনে থাকিত যে, জীবনের সমস্ত স্থুখত্ঃথ কথন্ সেই বন্ধনে ধরা দিয়াছে, তাহা সে জানিতেও পারে নাই। আজ সহসা জানিল সেই বন্ধন ছি ড়িয়াছে, কিন্তু একম্হুর্তে-যে তাহার সর্বনাশ হইয়াছে তাহা সে কিছুতেই অন্তরের সহিত বিশ্বাস করিতে পারিল না।

প্রতিদিন যথাসময়ে বাগানে বসিত, যদি দৈবক্রমে আসে। কিন্তু এমনি তুর্ভাগ্য, যাহা নিয়মক্রমে প্রত্যাহ ঘটিত, তাহা দৈবক্রমেও একদিন ঘটিল না।

রবিবারদিনে ভাবিল, পূর্বনিয়মমতো আজো হিমাংশু সকালে আমাদের এখানে থাইতে আসিবে। ঠিক-যে বিশ্বাস করিল তাহা নয় কিন্তু তবু আশা ছাড়িতে পারিল না। সকাল আসিল, সে আসিল না।

তথন বনমালী বলিল, 'তবে আহার করিয়া আসিবে।' আহার করিয়া আসিল না। বনমালী ভাবিল, 'আজ বোধ হয় আহার করিয়া ঘুমাইতেছে। ঘুম ভাঙিলেই আসিবে।' ঘুম কথন্ ভাঙিল জানি না, কিন্তু আসিল না।

আবার সেই সন্ধ্যা হইল, রাত্রি আসিল, হিমাংশুদের দ্বার একে একে রুদ্ধ হইল, আলোগুলি একে একে নিবিয়া গেল।

এমনি করিয়া সোমবার হইতে রবিবার পর্যন্ত সপ্তাহের সাতটা দিনই যথন ত্রদৃষ্ট তাহার হাত হইতে কাড়িয়া লইল, আশাকে আপ্রয় দিবার জন্ম যথন আর একটা দিনও বাকি রহিল না, তথন হিমাংশুদের রুদ্ধার অট্টালিকার দিকে তাহার অপ্রপূর্ণ ফুটি কাতর চক্ষ্ বড়ো-একটা মর্মভেদী অভিমানের নালিশ পাঠাইয়া দিল এবং জীবনের সমস্ত বেদনাকে একটিমাত্র আর্তস্বরের মধ্যে সংহত করিয়া বলিল, 'দয়াময়!'

তারাপ্রসন্নের কীতি

লেখকজাতির প্রকৃতি অমুসারে তারাপ্রসন্ন কিছু লাজুক এবং ম্থচোরা ছিলেন। লোকের কাছে বাহির হইতে গেলে তাঁহার সর্বনাশ উপস্থিত হইত। ঘরে বসিয়া কলম চালাইয়া তাঁহার দৃষ্টিশক্তি কীণ, পিঠ একটু কুঁজা, সংসারের অভিজ্ঞতা অতি আরু। লৌকিকতার বাঁধি বোলসকল সহজে তাঁহার মুখে আসিত না, এইজ্ঞ গৃহতুর্গের বাঁহিরে তিনি আপনাকে কিছুতেই নিরাপদ মনে করিতেন না।

লোকেও তাঁহাকে একটা উজব্ক রকমের মনে করিত এবং লোকেরো দোষ দেওয়া যায় না। মনে করো, প্রথম পরিচয়ে একটি পরম ভদ্রলোক উচ্ছুসিত কঠে তারাপ্রসমকে বলিলেন, "মহাণয়ের সহিত সাক্ষাৎ হয়ে যে কী পর্যন্ত আনন্দ লাভ করা গেল, তা একম্থে বলতে পারি নে"— তারাপ্রসম নিরুত্তর হইয়া নিজের দক্ষিণ করতল বিশেষ মনোযোগপুর্বক নিরীক্ষণ করিতে লাগিলেন। হঠাৎ সে নীরবতার অর্থ এইরূপ মনে হয়, 'তা, তোমার আনন্দ হয়েছে সেটা খুব সম্ভব বটে, কিন্তু আমার-যে আনন্দ হয়েছে, এমন মিধ্যা কথাটা কী করে ম্থে উচ্চারণ করব তাই ভাবছি।'

মধ্যাহ্নভোজে নিমন্ত্রণ করিয়া লক্ষপতি গৃহস্বামী যথন সায়াহ্নের প্রাক্কালে পরিবেশন করিতে আরম্ভ করেন এবং মধ্যে-মধ্যে বিনীত কাকুতিসহকারে ভোজ্যসামগ্রীর অকিঞ্চিৎ-করত্ব সম্বন্ধে তারাপ্রসন্ধকে সম্বোধনপূর্বক বলিতে থাকেন, "এ কিছুই না। অতি যৎসামাশ্র। দরিদ্রের খৃদকুঁড়া, বিহুরের আয়োজন। মহাশয়কে কেবলি কষ্ট দেওয়া"— তারাপ্রসন্ধ চুপ করিয়া থাকেন, যেন কথাটা এমনি প্রামাণিক যে তাহার আর উত্তর সম্ভবে না।

মধ্যে-মধ্যে এমনো হয়, কোনো স্থাল ব্যক্তি ধখন তারাপ্রসন্ধকে সংবাদ দেন যে, তাঁহার মতো অগাধ পাণ্ডিত্য বর্তমানকালে তুর্নভ এবং সরস্বতী নিজের পদ্মাসন পরিত্যাগপূর্বক তারাপ্রসন্ধের কঠাগ্রে বাসস্থান গ্রহণ করিয়াছেন, তখন তারাপ্রসন্ধ তাহার তিলমাত্র প্রতিবাদ করেন না, দেন সত্য-সত্যই সরস্বতী তাঁহার কঠরোধ করিয়া বিষয়া অছেন। তারাপ্রসন্ধের এইটে জানা উচিত যে, মুখের সামনে ঘাহারা প্রশংসা করে এবং পরের কাছে যাহারা আত্মনিন্দায় প্রবৃত্ত হয়, তাহারা অন্তের নিকট হইতে প্রতিবাদ প্রত্যাশা করিয়াই অনেকটা অসংকোচে অত্যুক্তি করিয়া থাকে— অপর পক্ষ আগাগোড়া সমন্ত কথাটা যদি অমানবদনে গ্রহণ করে, তবে বক্তা আপনাকে প্রতারিত জ্ঞান করিয়া বিষয় ক্ষ হয়। এইরূপ স্থলে লোকে নিজের কথা মিথ্যা প্রতিপন্ন হইলে ছংখিত হয় না।

ঘরের লোকের কাছে তারাপ্রসমের ভাব অক্তরপ; এমন কি, তাঁহার নিজের স্থী দাক্ষায়ণীও তাঁহার দহিত কথায় আঁটিয়া উঠিতে পারেন না। গৃহিণী কথায় কথায় বলেন, "নেও নেও, আমি হার মানলুম। আমার এখন অক্ত কাজ আছে।" বাগ্যুদ্ধে স্থীকে আত্মমুখে পরাজয় স্বীকার করাইতে পারে, এমন ক্ষমতা এবং এমন সৌভাগ্য কয়জন স্বামীর আছে।

তারাপ্রসন্নের দিন বেশ কাটিয়া যাইতেছে। দাক্ষায়ণীর দৃঢ় বিশ্বাস, বিভাবুদ্ধিক্ষাতায় তাঁহার স্বামীর সমত্ল্য কেহ নাই এবং সে-কথা তিনি প্রকাশ করিয়া বলিতেও কৃষ্টিত হইতেন না; শুনিয়া তারাপ্রসন্ন বলিতেন, "তোমার একটি বই স্বামী নাই, তুলনা কাহার সহিত করিবে।" শুনিয়া দাক্ষায়ণী ভারি রাগ করিতেন।

দাক্ষায়ণীর কেবল একটা এই মনস্তাপ ছিল যে, তাঁহার স্বামীর অসাধারণ ক্ষমতা বাহিরে প্রকাশ হয় না,— স্বামীর সে-সম্বন্ধে কিছুমাত্র চেষ্টা নাই। তারাপ্রসন্ন যাহা লিখিতেন তাহা ছাপাইতেন না।

অন্থরোধ করিয়া দাক্ষায়ণী মাঝে-মাঝে স্বামীর লেখা শুনিতেন, ষতই না ব্ঝিতেন ততই আশ্চর্য হইয়া যাইতেন। তিনি ক্তিবাদের রামায়ণ, কাশীদাদের মহাভারত, কবিকন্ধণ-চণ্ডী পড়িয়াছেন এবং কথকতাও শুনিয়াছেন। সে-সমন্তই জ্বলের মতো ব্ঝা যায়, নিরক্ষর লোকেও অনায়াদে ব্ঝিতে পারে, কিন্তু তাঁহার স্বামীর মতো এমন সম্পূর্ণ ত্র্বোধ হইবার আশ্চর্য ক্ষমতা তিনি ইতিপূর্বে দেখেন নাই।

তিনি মনে-মনে কল্পনা করিতেন, এই বই যখন ছাপানো হইবে এবং কেহ এক অক্ষর বুঝিতে পারিবে না, তখন দেশস্থদ্ধ লোক বিশ্বয়ে কিরূপ অভিভূত হইয়া যাইবে। সহস্রবার করিয়া স্বামীকে বলিতেন, "এ-সব লেখা ছাপাও।"

স্বামী বলিতেন, "বই ছাপানো সম্বন্ধে ভগবান মহু স্বয়ং বলে গেছেন, প্রবৃত্তিরেষা ভূতানাং নির্বত্তিশ্ব মহাফলা।"

তারাপ্রসঙ্গের চারিটি সন্তান, চারই কল্পা। দাক্ষায়ণী মনে করিতেন সেটা গর্ভধারিণীরই অক্ষমতা। এইজল্প তিনি আপনাকে প্রতিভাসম্পন্ন স্বামীর অত্যন্ত অধাগ্য স্ত্রী মনে করিতেন। ষে-স্বামী কথায় কথায় এমন-সকল ত্রহ গ্রন্থ রচনা করেন, তাঁহার স্ত্রীর গর্ভে কল্পা বই আর সন্তান হয় না, স্ত্রীর পক্ষে এমন অপটুতার পরিচয় আর কী দিব।

প্রথম কন্সাটি যথন পিতার বক্ষের কাছ পর্যস্ত বাড়িয়া উঠিল, তথন তারাপ্রসঙ্গের নিশ্চিস্তভাব ঘূচিয়া গেল। তথন তাঁহার শ্বরণ হইল, একে একে চারিটি কন্সার্হ বিবাহ দিতে হইবে, এবং দেজন্ম বিস্তর অর্থের প্রয়োজন। গৃহিণী অত্যন্ত নিশ্চিন্ত-মৃথে বলিলেন, "তুমি যদি একবার একটুখানি মন দাও, তাহা হইলে ভাবনা কিছুই নাই।"

তারাপ্রসম কিঞ্চিৎ ব্যগ্রভাবে বলিলেন, "সত্য নাকি। আচ্ছা, বলো দেখি কী ক্রিতে হইবে।"

দাক্ষায়ণী সংশয়শৃত্য নিক্ষিণ্ণভাবে বলিলেন, "কলিকাভায় চলো, ভোমার বইগুলা ছাপাও, পাঁচজন লোকে ভোমাকে জাত্মক,— তার পরে দেখো দেখি, টাকা আপনি আদে কিনা।"

স্ত্রীর আশাদে তারাপ্রসরও ক্রমে আশাদ লাভ করিতে লাগিলেন এবং মনে প্রত্যয় হইল, তিনি ইস্তক-নাগাদ বসিয়া বসিয়া যত লিথিয়াছেন তাহাতে পাড়াস্ক লোকের কন্তাদায় মোচন হইয়া যায়।

এখন, কলিকাতায় যাইবার সময় ভারি গোল পড়িয়া গেল। দাক্ষায়ণী তাঁহার নিরুপায় নিঃসহায় স্বত্বপালিত স্বামীটকৈ কিছুতেই একলা ছাড়িয়া দিতে পারেন না। তাঁহাকে থাওয়াইয়া পরাইয়া নিত্যনৈমিত্তিক কর্তব্য স্মরণ করাইয়া সংসারের বিবিধ উপদ্রব হইতে কে রক্ষা করিবে।

কিন্তু অনভিজ্ঞ স্বামীও অপরিচিত বিদেশে স্ত্রীকতা সঙ্গে করিয়া লইয়া যাইতে অত্যন্ত ভীত ও অসমত। অবশেষে দাক্ষায়ণী পাড়ার একটি চতুর লোককে স্বামীর নিত্য-অভ্যাস সম্বন্ধে সহস্র উপদেশ দিয়া আপনার পদে নিযুক্ত করিয়া দিলেন। এবং স্বামীকে অনেক মাথার দিব্য ও অনেক মাত্রলিতাগায় আচ্ছন্ন করিয়া বিদেশে রওনা করিয়া দিলেন। এবং ঘরে আছাড় থাইয়া কাঁদিতে লাগিলেন।

কলিকাতায় আদিয়া তারাপ্রদর তাঁহার চতুর দঙ্গীর সাহায্যে 'বেদান্তপ্রভাকর' প্রকাশ করিলেন। দাক্ষায়ণীর গহনা বন্ধক রাথিয়া যে-টাকাক'টি পাইয়াছিলেন, তাহার অধিকাংশই ধরচ হইয়া গেল।

বিক্রমের জন্ম বহির দোকানে এবং সমালোচনার জন্ম দেশের ছোটো বড়ো সমস্ত সম্পাদকের নিকট 'বেদাস্তপ্রভাকর' পাঠাইয়া দিলেন। ডাকষোগে গৃহিণীকেও একখানা বই রেজেন্টারি করিয়া পাঠাইলেন। আশক্ষা ছিল, পাছে ডাকওয়ালারা পথের মধ্য হইতে চুরি করিয়া লয়।

গৃহিণী ষেদিন ছাপার বইয়ের উপরের পৃষ্ঠায় ছাপার অক্ষরে তাঁহার স্বামীর নাম দ্বেখিলেন, সেদিন পাড়ার সকল মেয়েকে নিমন্ত্রণ করিয়া থাওয়াইলেন। যেথানে সকলে আসিয়া বসিবার কথা, সেইখানে বইটা ফেলিয়া রাখিলেন। দকলে আদিয়া বসিলে উচ্চৈ:ম্বরে বলিলেন, "ওমা, বইটা ওখানে কে ফেলে রেথেছে। অমদা, বইটা দাও-না ভাই, তুলে রাখি।" উহাদের মধ্যে অমদা পড়িতে জানে। বইটা কুলঙ্গির উপর তুলিয়া রাখিলেন।

মৃহুর্তপরে একটা জিনিস পাড়িতে গিয়া ফেলিয়া দিলেন,— তারপরে নিজের বড়োমেয়েকে সম্বোধন করিয়া বলিলেন, "শনী, বাবার বই পড়তে ইচ্ছে হয়েছে বৃঝি ? তা নে-না মা, পড়্-না। তাতে লজ্জা কী।" বাবার বহির প্রতি শনীর কিছুমাত্র আগ্রহ ছিল না।

কিছুক্ষণ পরেই তাহাকে ভর্ণনা করিয়া বলিলেন, "ছি মা, বাবার বই অমন করে নষ্ট করতে নেই, তোমার ক্যলাদিদির হাতে দাও, উনি ওই আলমারির মাথায় তুলে রাথবেন।"

বহির যদি কিছুমাত্র চেতনা থাকিত, তাহা হইলে সেই একদিনের উৎপীড়নে বেদাস্তের প্রাণাস্তপরিচ্ছেদ হইত।

একে একে কাগজে সমালোচনা বাহির হইতে লাগিল। গৃহিণী যাহা ঠাহরাইয়া-ছিলেন, তাহা অনেকটা সত্য হইয়া দাঁড়াইল। গ্রন্থের এক অক্ষর বৃঝিতে না পারিয়া দেশশুদ্ধ সমালোচক একেবারে বিহ্বল হইয়া উঠিল। সকলেই একবাক্যে কহিল, "এমন সারবান গ্রন্থ ইতিপুর্বে প্রকাশিত হয় নাই।"

যে-সকল সমালোচক রেনল্ভ্ সের লগুনরহস্তের বাংলা অমুবাদ ছাড়া আর-কোনো বই স্পর্শ করিতে পারে না, তাহারা অভ্যন্ত উৎসাহের সহিত লিখিল, "দেশের ঝুড়ি ঝুড়ি নাটকনবেলের পরিবর্তে যদি এমন চুই-একথানি গ্রন্থ মধ্যে-মধ্যে বাহির হয়, তবে বঙ্গসাহিত্য বাস্তবিকই পাঠ্য হয়।"

যে-ব্যক্তি পুরুষামূক্রমে বেদাস্তের নাম কথনো শুনে নাই সেই কেবল লিখিল, "তারাপ্রসন্ধবাব্র সহিত সকল স্থানে আমাদের মতের মিল হয় নাই,— স্থানাভাববশত এমলে তাহার উল্লেখ করিলাম না। কিন্তু মোটের উপরে গ্রন্থকারের সহিত আমাদের মতের অনেক ঐক্যই লক্ষিত হয়।" কথাটা যদি সত্য হইত, তাহা হইলে মোটের উপর গ্রন্থানি পুড়াইয়া ফেলা উচিত ছিল।

দেশের যেখানে যত লাইব্রেরি ছিল এবং ছিল না, তাহার সম্পাদকগণ মুদ্রার পরিবর্তে মুদ্রাকিত পত্রে তারাপ্রসন্নের গ্রন্থ ভিক্ষা চাহিয়া পাঠাইলেন। অনেকেই লিখিল, 'আপনার এই চিস্তাশীল গ্রন্থে দেশের একটি মহৎ অভাব দূর হইয়াছে।' চিস্তাশীল গ্রন্থ কাহাকে বলে, তারাপ্রসন্ন ঠিক ব্রিভে পারিলেন না কিন্তু প্লকিভচিত্তে ঘর হইতে মাহল দিয়া প্রত্যেক লাইব্রেরিতে 'বেদান্তপ্রভাকর' পাঠাইয়া দিলেন।

এইরপ অজল স্থাতিবাক্যে তারাপ্রদন্ধ যখন অতিমাত্র উৎফুল্ল হইয়া উঠিয়াছেন, এমন সময়ে পত্র পাইলেন দাক্ষায়ণীর পঞ্চম সন্তানসম্ভাবনা অতি নিকটবর্তী হইয়াছে। তথন রক্ষকটিকে সঙ্গে করিয়া অর্থসংগ্রহের জন্ম দোকানে গিয়া উপস্থিত হইলেন।

সকল দোকানদার একবাক্যে বলিল, একখানি বইও বিক্রম্ন হয় নাই। কেবল এক জায়গায় শুনিলেন, মফঃশ্বর হইতে কে-একজন তাঁহার এক বই চাহিয়া পাঠাইয়াছিল এবং তাহাকে ভ্যালুপেবেলে পাঠানোও হইয়াছিল, কিছু বই ফেরত আসিয়াছে, কেহ গ্রহণ করে নাই। দোকানদারকে তাহার মাস্থল দণ্ড দিতে হইয়াছে, সেইজন্ম সে বিষম আক্রোশে গ্রন্থকারের সমস্ত বহি তথনি তাঁহাকে প্রত্যর্পণ করিতে উত্তত হইল।

গ্রন্থকার বাদায় ফিরিয়া আদিয়া অনেক ভাবিলেন কিন্তু কিছুই বুঝিয়া উঠিতে পারিলেন না। তাঁহার চিস্তাশীল গ্রন্থ সমন্ধে যতই চিস্তা করিলেন, ততই অধিকতর উদ্বিশ্ন হইয়া উঠিতে লাগিলেন। অবশেষে যে-কয়েকটি টাকা অবশিষ্ট ছিল, তাহাই অবলম্বন করিয়া অবিলম্বে গৃহাভিম্থে যাত্রা করিলেন।

তারাপ্রদন্ধ গৃহিণীর নিকট আদিয়া অত্যস্ক আড়ম্বরের সহিত প্রফুল্লতা প্রকাশ করিলেন। দাক্ষায়ণী শুভ সংবাদের জন্ম সহাস্থ্যমুখে প্রতীক্ষা করিয়া রহিলেন।

তথন তারাপ্রসন্ন একথানি 'গৌড়বার্তাবহ'আনিয়া গৃহিণীর ক্রোড়ে ফেলিয়া দিলেন। পাঠ করিয়া তিনি মনে-মনে সম্পাদকের অক্ষয় ধনপুত্র কামনা করিলেন; এবং তাঁহার লেখনীর মৃথে মানসিক পুষ্পচন্দন-অর্ঘ্য উপহার দিলেন। পাঠ সমাপন করিয়া আবার স্বামীর মৃথের দিকে চাহিলেন।

স্বামী তথন 'নবপ্রভাত' আনিয়া থুলিয়া দিলেন। পাঠ করিয়া আনন্দবিহ্বলা দাক্ষায়ণী আবার স্বামীর মুখের প্রতি প্রত্যাশাপূর্ণ স্নিশ্বনেত্র উত্থাপিত করিলেন।

তথন তারাপ্রসর একথণ্ড 'যুগাস্তর' বাহির করিলেন। তাহার পর ? তাহার পর 'ভারতভাগ্যচক্র'। তাহার পর ? তাহার পর পর 'ভাভজাগরণ' তাহার পর 'অরুণালোক', তাহার পর 'সংবাদতরঙ্গভঙ্গ'। তাহার পর— আশা, আগমনী, উচ্ছাস, পুষ্পমঞ্জরী, সহচরী, সীতা-গেজেট, অহল্যালাইত্রেরি-প্রকাশিকা, ললিত সমাচার, কোটাল, বিশ্ববিচারক, লাবণ্যলতিকা। হাসিতে হাসিতে গৃহিণীর আনন্দাঞ্র পড়িতে লাগিল।

চোখ মৃছিয়া আর-একবার স্বামীর কীতিরশ্মিসমূজ্জল মৃথের দিকে চাহিলেন,— স্বামী বলিলেন, "এখনো অনেক কাগজ বাকি আছে।" দাক্ষায়ণী বলিলেন, "সে বিকালে দেখিব, এখন অন্ত খবর কী বলো।" তারাপ্রসন্ন বলিলেন, "এবার কলিকাতায় গিয়া শুনিয়া আসিলাম, লাটসাহেবের মেম একথানা বই বাহির করিয়াছে কিন্তু তাহাতে বেদান্তপ্রভাকরের কোনো উল্লেখ করে নাই।"

দাক্ষায়ণী বলিলেন, "আহা, ও-সব কথা নয়— আর কী আনলে বলো-না।" তারাপ্রসন্ন বলিলেন, "কতকগুলো চিঠি আছে।"

তথন দাক্ষায়ণী স্পষ্ট করিয়া বলিলেন, "টাকা কত আনলে।" তারাপ্রদন্ধ বলিলেন, "বিধুভূষণের কাছে পাঁচ টাকা হাওলাত করে এনেছি।"

অবশেষে দাক্ষায়ণী যথন সমস্ত বুত্তান্ত শুনিলেন, তথন পৃথিবীর সাধুতা সম্বন্ধে তাঁহার সমস্ত বিশ্বাস বিপর্যন্ত হইয়া গেল। নিশ্চয় দোকানদারেরা তাঁহার স্বামীকে ঠকাইয়াছে এবং বাংলাদেশের সমস্ত ক্রেতা ষড়যন্ত্র করিয়া দোকানদারদের ঠকাইয়াছে।

অবশেষে দহসা মনে হইল, ষাহাকে নিজের প্রতিনিধি করিয়া স্বামীর সহিত পাঠাইয়াছিলেন দেই বিধুভূষণ দোকানদারদের সহিত তলে তলে যোগ দিয়াছে— এবং যত বেলা ঘাইতে লাগিল ততই তিনি পরিকার ব্ঝিতে পারিলেন, ওপাড়ার বিশ্বস্তর চাটুজ্যে তাঁহার স্বামীর পরম শক্র, নিশ্চয়ই এ-সমস্ত তাঁহারি চক্রাস্তে ঘটিয়াছে। তাই বটে, ধেদিন তাঁহার স্বামী কলিকাতায় যাত্রা করেন, তাহার হুই দিন পরেই বিশ্বস্তরকে বটতলায় দাঁড়াইয়া কানাই পালের সহিত কথা কহিতে দেখা গিয়াছিল— কিন্তু বিশ্বস্তর মাঝে-মাঝে প্রায়ই কানাই পালের সহিত কথাবার্তা কয় না কি, এইজন্ম তথন কিছু মনে হয় নাই, এখন সমস্ত জ্বলের মতো বুঝা যাইতেছে।

এদিকে দাক্ষায়ণীর সাংসারিক তুর্ভাবনা ক্রমেই বাড়িতে লাগিল। যথন অর্থদংগ্রহের এই একমাত্র সহজ উপায় নিফল হইল, তথন আপনার ক্যাপ্রসবের অপরাধ তাঁহাকে চতুগুর্প দগ্ধ করিতে লাগিল। বিশ্বস্তর, বিধুভূষণ অথবা বাংলাদেশের অধিবাদীদিগকে এই অপরাধের জন্ম দায়িক করিতে পারিলেন না— সমস্তই একলা নিজের স্বন্ধে তুলিয়া লইতে হইল, কেবল যে-মেয়েরা জন্মিয়াছে এবং জন্মিবে তাহাদিগকেও কিঞ্চিং কিঞ্চিং অংশ দিলেন। অহোরাত্র মূহুর্তের জন্ম তাঁহার মনে আর শান্তি রহিল না।

আসরপ্রদাবকালে দাক্ষায়ণীর শারীরিক অবস্থা এমন হইল যে, সকলের বিশেষ আশকার কারণ হইয়া দাঁড়াইল। নিরুপায় তারাপ্রসন্ন পাগলের মতো হইয়া বিশ্বস্তরের কাছে গিয়া বলিল, "দাদা, আমার এই থানপঞ্চাশেক বই বাঁধা রাখিয়া যদি কিছু টাকা দাও তো আমি শহর হইতে ভালো দাই আনাই।"

বিশ্বস্তর বলিল, "ভাই, সেজ্জ ভাবনা নাই, টাকা ঘাহা লাগে আমি দিব,

তুমি বই লইয়া যাও।" এই বলিয়া কানাই পালের সহিত অনেক বলাকহা করিয়া কিঞ্চিৎ টাকা সংগ্রহ করিয়া আনিল এবং বিধুভূষণ স্বয়ং গিয়া নিজে হইতে পাথেয় দিয়া কলিকাতা হইতে ধাত্রী আনিল।

দাক্ষায়ণী কী মনে করিয়া স্বামীকে ঘরে ডাকাইয়া আনিলেন এবং মাথার দিব্য দিয়া বলিলেন, "যথনি তোমার সেই বেদনার উপক্রম হইবে, স্থপ্রলম্ধ ঔষধটা থাইতে ভূলিয়ো না। আর, সেই সন্মাসীর মাছলিটা কখনোই খূলিয়া রাখিয়ো না।" আর এমন ছোটোখাটো সহস্র বিষয়ে স্বামীর ছটি হাতে ধরিয়া অঙ্গীকার করাইয়া লইলেন। আর বলিলেন, বিধুভূষণের উপর কিছুই বিশ্বাস নাই, সেই তাঁহার স্বামীর সর্বনাশ করিয়াছে। নতুবা ঔষধ মাছলি এবং মাথার-দিব্য সমেত তাঁহার সমস্ত স্বামীটিকে তাহার হত্তে দিয়া যাইতেন।

তারপরে মহাদেবের মতো তাঁহার বিশ্বাসপ্রবণ ভোলানাথ স্বামীটিকে পৃথিবীর নির্মম কুটিলবুদ্দি চক্রান্তকারীদের সম্বন্ধে বারবার সতর্ক করিয়া দিলেন। অবশেষে চুপি-চুপি বলিলেন, "দেখো, আমার যে-মেয়েটি হইবে, সে যদি বাঁচে তাহার নাম রাখিয়ো 'বেদান্তপ্রভা', তারপরে তাহাকে শুধু প্রভা বলিয়া ডাকিলেই চলিবে।"

এই বলিয়া স্বামীর পায়ের ধুলা মাথায় লইলেন। মনে-মনে কহিলেন, 'কেবল কন্তা জন্ম দিবার জন্তই স্বামীর ঘরে আসিয়াছিলাম। এবার বোধ হয় সে আপদ ঘুচিল।'

ধাত্রী যখন বলিল, "মা, একবার দেখো, মেয়েটি কী স্থন্দর হয়েছে"— মা একবার চাহিয়া নেত্র নিমীলন করিলেন, মৃত্যুরে বলিলেন 'বেদান্তপ্রভা'। তারপরে ইহসংসারে আর-একটি কথা বলিবারও অবসর পাইলেন না।

প্রক

শতিনিকেতন

भाषिनिदक्वन

55

রুদের ধর্ম

আমাদের ধর্মসাধনার হুটো দিক আছে, একটা শক্তির দিক, একটা রসের দিক। পৃথিবী ষেমন জলে স্থলে বিভক্ত, এও ঠিক তেমনি।

শক্তির দিক হচ্ছে বলিষ্ঠ বিশ্বাস। এ বিশ্বাস জ্ঞানের সামগ্রী নয়। ঈশর আছেন, এই টুকু মাত্র বিশ্বাস করাকে বিশ্বাস বলি নে। আমি যার কথা বলছি, এই বিশ্বাস সমস্ত চিত্তের একটি অবস্থা; এ একটি অবিচলিত ভরসার ভাব। মন এতে প্রব হয়ে অবস্থিতি করে— আপনাকে সে কোনো অবস্থায় নিরাপ্রয় নিঃসহায় মনে করে না।

এই বিশ্বাস জিনিসটি পৃথিবীর মতো দৃঢ়। এ একটি নিশ্চিত আধার। এর মধ্যে মস্ত একটি জোর আছে।

যার মধ্যে এই বিশ্বাদের বল নেই, অর্থাৎ যার চিন্তে এই গ্রুব স্থিতিতয়টির অভাব আছে, সে ব্যক্তি সংসারে ক্ষণে ক্ষণে যা-কিছুকে হাতে পায়, তাকে অত্যন্ত প্রাণপণ চেষ্টায় আঁকড়ে ধরে। সে যেন অতল জলে পড়েছে— কোথাও সে পায়ের কাছে মাটি পায় না; এইজন্তে যে-সব জিনিস সংসারের জোয়ারে ভাঁটায় ভেসে আসে ভেসে চলে যায়, তাদেরি তাড়াতাড়ি তুই মুঠো দিয়ে চেপে ধরাকেই সে পরিজ্ঞাণ বলে মনে করে। তার মধ্যে যা-কিছু হারায়, যা-কিছু তার মুঠো ছেড়ে চলে যায়, তার ক্ষতিকে এমনি সে একান্ত ক্ষতি বলে মনে করে যে, কোথাও সে সান্ধনা খুঁজে পায় না। কথায় কথায় কেবলি তার মনে হয়, সর্বনাশ হয়ে গেল। বাধাবিয় কেবলি তার মনে নৈরাশ্র ঘনীভূত করে তোলে। সেই-সমন্ত বিয়কে পেরিয়ে সে কোথাও একটা চরম সফলতার নিঃসংশয় মূর্তি দেখতে পায় না। যে-লোক ভ্রজলে সাঁতার দেয় যার কোথাও দাড়াবার উপায় নেই, সামান্ত হাঁড়ি কলসি কলার ভেলা তার পরমধন— তার ভয় ভাবনা উদ্বেগের সীমা নেই। আর, যে-ব্যক্তির পায়ের নিচে স্থৃঢ় মাটি আছে, তারো হাঁড়িকলসির প্রয়োজন আছে, কিন্তু হাঁড়িকলসি তার জীবনের জ্বলম্বন নয়— এগুলো যদি কেউ কেড়ে নেয় তা-হলে তার যতই স্থভাব অস্থ্যিয়া হ'ক না, সে ডুবে মরবে না।

এইজন্তে দৃঢ়বিশ্বাদী লোকের কাজকর্মে জোর আছে, কিন্তু উদ্বেগ নেই। সে
মনের মধ্যে নিশ্চয় অমুভব করে, তার একটা দাঁড়াবার জায়গা আছে, পৌছবার স্থান
আছে। প্রত্যক্ষ ফল সে না দেখতে পেলেও সে মনে-মনে জানে, ফল থেকে সে বঞ্চিত
হয় নি— বিরুদ্ধ ফল পেলেও সেই বিরুদ্ধতাকে সে একান্ত করে দেখে না, তার ভিতর
থেকেও একটি দার্থকতার প্রত্যয় মনে থাকে। একটি অত্যন্ত বড়ো জায়গায় চিত্তের
দৃঢ়নির্ভরতা, এই জায়গাটিকে গ্রুবসতা ব'লে অত্যন্ত স্পষ্টভাবে উপলব্ধি করা, এই হচ্ছে
সেই বিশ্বাস যে-মাটির উপরে আমাদের ধর্মসাধনা প্রতিষ্ঠিত।

এই বিশ্বাসটির মূলে একটি উপলব্ধি আছে। সেটি হচ্ছে এই যে, ঈশ্বর সত্য।
কথাটি শুনতে সহজ, এবং শোনাবামাত্রই অনেকে হয়তো বলে উঠবেন যে, ঈশ্বর
সত্য, এ কথা তো আমরা অশ্বীকার করি নে।

পদে পদেই অস্বীকার করি। ঈশ্বর সত্য নন, এইভাবেই প্রতিদিন আমরা সংসারের কাজ করে থাকি। ঈশ্বর সত্য, এই উপলব্ধিটের উপরে আমরা ভর দিতে পারি নে। আমাদের মন সেই পর্যন্ত পৌছে সেখানে গিয়ে স্থিতি করতে পারে না।

আমার যাই ঘটুক না কেন, যিনি চরমদত্য পরমদত্য তিনি আছেন এবং তাঁর মধ্যেই আমি আছি, এই ভরদাটুকু দকল অবস্থাতেই যার মনের মধ্যে লেগেই আছে, দে ব্যক্তি ষেমনভাবে জীবনের কাজ করে, আমরা কি তেমনভাবে করে থাকি।—আছেন, আছেন, তিনি আছেন, তিনি আমার হয়েই আছেন— দকল দেশে দকল কালেই তিনি আছেন এবং তিনি আমারি আছেন— জীবনে যত উলটপালটই হ'ক, এই দত্যটি থেকে কেউ আমাকে কিছুমাত্র বঞ্চিত করতে পারবে না, এমন জাের এমন ভরদা যার আছে দেই হচ্ছে বিশ্বাদী; তিনি আছেন, এই দত্যের উপরে দে বিশ্রাম করে এবং তিনি আছেন, এই সত্যের উপরে ই দে কাজ করে।

কিন্তু ঈশ্বর-যে কেবল সত্যরূপে সকলকে দৃঢ় করে ধারণ করে রেখেছেন, সকলকে আত্রায় দিয়েছেন, এই কথাটিই সম্পূর্ণ কথা নয়।

এই জীবধাত্রী পৃথিবী খুব শক্ত বটে— এর ভিত্তি অনেক পাথরের স্তর দিয়ে গড়া। এই কঠিন দৃঢ়তা না থাকলে এর উপরে আমরা এমন নিঃসংশয়ে ভর দিতে পারতুম না। কিন্তু এই কাঠিন্তাই যদি পৃথিবীর চরমরূপ হত, তা-হলে তো এ একটি প্রস্তরময় ভয়ংকর মক্নভূমি হয়ে থাকত।

এর সমস্ত কাঠিন্সের উপরে একটি রসের বিকাশ আছে— সেইটেই এর চরম পরিণতি। সেটি কোমল, সেটি স্থন্দর, সেটি বিচিত্র। সেইখানেই নৃত্য, সেইখানেই গান, সেইখানেই সাজ্ঞসজ্জা। পৃথিবীর সার্থকরপটি এইখানেই প্রকাশ পেয়েছে। অর্থাৎ নিত্যন্থিতির উপরে একটি নিত্যগতির লীলা না থাকলে তার সম্পূর্ণতা নেই। পৃথিবীর ধাতৃপাথরের অচল ভিত্তির সর্বোচ্চ তলায় এই গতির প্রবাহ চলেছে, প্রাণের প্রবাহ, যৌবনের প্রবাহ, সৌন্দর্ষের প্রবাহ— তার চলাফেরা আসাযাওয়া মেলামেশার আর অস্ত নেই।

রস জিনিসটি সচল ;— সে কঠিন নয় ব'লে, নম্র ব'লে, সর্বত্র তার একটি সঞ্চার আছে; এইজফ্রেই সে বৈচিত্র্যের মধ্যে হিল্লোলিত হয়ে উঠে জগৎকে পুলকিত করে তুলছে— এইজফ্রেই কেবলই সে আপনার অপূর্বতা প্রকাশ করছে, এইজফ্রেই তার নবীনতার অস্ত নেই।

এই রসটি যেখানে শুকিয়ে যায় সেথানে আবার সেই নিশ্চল কঠিনতা বেরিয়ে পড়ে, সেথানে প্রাণের ও যৌবনের নমনীয়তা কমনীয়তা চলে যায়, জরা ও মৃত্যুর যে-আড়ষ্টতা তাই উৎকট হয়ে ওঠে।

আমাদের ধর্মদাধনার মধ্যেও এই রসময় গতিতত্তটি না রাখলে তার সম্পূর্ণতা নেই, এমন কি, তার যেটি চরম সার্থকতা সেইটিই নষ্ট হয়।

অনেকসময় ধর্মসাধনায় দেখা যায়, কঠিনতাই প্রবল হয়ে ওঠে— তার অবিচলিত দৃঢ়তা নিষ্ঠ্র শুদ্ধভাবেই আপনাকে প্রকাশ করে। সে আপনার সীমার মধ্যে অত্যস্ত উদ্ধত হয়ে বসে থাকে; সে অগুকে আযাত করে; তার মধ্যে কোনোপ্রকার নড়াচড়া নেই, এইটে নিয়েই সে গৌরব বোধ করে; নিজের স্থানটি ছেড়ে চলে না ব'লে কেবল সে একটা দিক দিয়েই সমস্ত জগংকে দেখে, এবং যারা অগু দিকে আছে, তারা কিছুই দেখছে না এবং সমস্তই ভূল দেখছে ব'লে কল্পনা করে। নিজের সঙ্গে অগ্রের কোনোপ্রকার অনৈক্যকে এই কাঠিগু ক্ষমা করতে জানে না; স্বাইকে নিজের অচল পাথরের চারিভিতের মধ্যে জোর ক'রে টেনে আনতে চায়। এই কাঠিগু মাধুর্যকে তুর্বলতা এবং বৈচিত্রাকে মায়ার ইক্সজাল ব'লে অবজ্ঞা করে এবং সমস্তকে স্বলে একাকার করে দেওয়াকেই সমন্বয় সাধন ব'লে মনে করে।

কিন্তু কাঠিন্ত ধর্মসাধনার অন্তরালদেশে থাকে। তার কাজ ধারণ করা, প্রকাশ করা নয়। অস্থিপঞ্জর মানবদেহের চরম পরিচয় নয়— সরস কোমল মাংসের হারাই তার প্রকাশ পরিপূর্ণ হয়। সে-যে পিণ্ডাকারে মাটিতে ল্টিয়ে পড়ে না, সে-যে আঘাত সহু করেও ভেঙে যায় না, সে-যে আপনার মর্মস্থানগুলিকে সকলপ্রকার উপদ্রব থেকে রক্ষা করে, তার ভিতরকার কারণ হচ্ছে তার অস্থিকস্থাল। কিন্তু আপনার এই কঠোর শক্তিকে সে আচ্ছন্ন করেই রাখে এবং প্রকাশ করে আপনার রসময় প্রাণময় ভাবময় গতিভঙ্গীময় কোমল অথচ সভেজ্ঞ সৌনার্মকে।

ধর্মসাধনারও চরম পরিচয় যেখানে তার শ্রী প্রকাশ পায়। এই শ্রী জিনিসটি রসের জিনিস। তার মধ্যে অভাবনীয় বিচিত্রতা এবং অনির্বচনীয় মাধুর্য ও তার মধ্যে নিত্য-চলনশীল প্রাণের লীলা! শুক্ষতায় অনমতায় তার সৌন্দর্যকে লোপ করে, তার সচলতাকে রোধ করে, তার বেদনাবোধকে অসাড় করে দেয়। ধর্মসাধনার যেখানে উৎকর্ষ সেখানে গতির বাধাহীনতা, ভাবের বৈচিত্র্য এবং অকুগ্ল মাধুর্যের নিত্যবিকাশ।

নম্রতা নইলে এই জিনিসটিকে পাওয়া যায় না। কিন্তু নম্রতা মানে শিক্ষিত বিনয় নয়। অর্থাৎ কঠিন লোহাকে পুড়িয়ে-পিটিয়ে তাকে ইস্পাতরূপে যে থরধার নমনীয়তা দেওয়া যায়, এ সে জিনিস নয়। সরস সজীব তরুশাখার যে-নম্রতা— যে-নম্রতার মধ্যে ফুল ফুটে ওঠে, দক্ষিণের বাতাস নৃত্যের আন্দোলন বিস্তার করে, জ্রাবণের ধারা সংগীতে ম্থরিত হয় এবং স্থর্যের কিরণ ঝংকুত সেতারের স্থরগুলির মতো উৎক্ষিপ্ত হতে থাকে; চারিদিকের বিশ্বের নানা ছন্দ যে-নম্রতার মধ্যে আপনার স্পেন্দনকে বিচিত্র করে তোলে; যে-নম্রতা সহজভাবে সকলের সঙ্গে আপনার যোগ স্বীকার করে, সায় দেয়, সাড়া দেয়, আঘাতকে সংগীতে পরিণত করে, এবং স্বাতন্ত্রাকে সৌন্দর্যের দারা সকলের আপন করে তোলে।

এক কথায় বলতে গেলে এই নম্রতাটি রসের নম্রতা— শিক্ষার নম্রতা নয়। এই নম্রতা শুদ্ধ সংযমের বোঝায় নত নয়, সরস প্রাচুর্যের দারাই নত; প্রেমে ভক্তিতে আনন্দে পরিপূর্ণতায় নত।

কঠোরতা যেমন স্বভাবতই আপনাকে স্বতন্ত্র রাথে, রস তেমনি স্বভাবতই অন্তোর দিকে যায়। আনন্দ সহজেই নিজেকে দান করে— আনন্দের ধর্মই হচ্ছে সে আপনাকে অন্তোর মধ্যে প্রসারিত করতে চায়। কিন্তু উদ্ধৃত হয়ে থাকলে কিছুতেই অন্তোর সঙ্গে মিল হয় না— অন্তকে চাইতে গেলেই নিজেকে নত করতে হয়— এমন কি, যে-রাজা যথার্থ রাজা, প্রজ্ঞার কাছে তাকে নম্র হতেই হবে। রসের ঐশর্ষে যে-লোক ধনী, নম্রতাই তার প্রাচুর্যের লক্ষণ।

বিশ্বজগতের মধ্যে জগদীশ্বর কোন্থানে আমাদের কাছে নত। যেথানে তিনি স্থলর; যেথানে রসোবৈ সঃ; সেথানে আনন্দকে ভাগ না করে তাঁর চলে না; সেথানে নিজের নিয়মের জোরের উপরে কড়া হয়ে তিনি দাঁড়িয়ে থাকতে পারেন না; সেথানে সকলের মাঝখানে নেমে এসে সকলকে তাঁর ডাক দিতে হয়; সেই ডাকের মধ্যে কত করুণা, কত বেদনা, কত কোমলতা! স্নেহের আনন্দভারে তুর্বল ক্ষুদ্র শিশুর কাছে পিতামাতা ধেমন নত হয়ে পড়েন, জগতের ঈশ্বর তেমনি করেই আমাদের দিকে নত হয়ে পড়েছেন। এইটেই হচ্ছে আমাদের কাছে সকলের চেয়ে বড়ো কথা;—

তাঁর নিয়ম অটল, তাঁর শক্তি অসীম, তাঁর ঐশ্বর্য অনস্ত, এ-সব কথা আমাদের কাছে ওর চেয়ে ছোটো; তিনি নত হয়ে স্থানর হয়ে ভাবে ভঙ্গীতে হাসিতে গানে রসে গন্ধে রূপে আমাদের সকলের কাছে আপনাকে দান করতে এসেছেন এবং আপনার মধ্যে আমাদের সকলকে নিতে এসেছেন, এইটেই হচ্ছে আমাদের পক্ষে চরম কথা— তাঁর সকলের চেয়ে পরম পরিচয় হচ্ছে এইখানেই।

জগতে ঈশ্বরের এই-যে ত্ইটি পরিচয়— একটি অটল নিয়মে, আর একটি স্থনম্র সৌন্দর্যে, এর মধ্যে নিয়মটি আছে গুপু আর সৌন্দর্যটি আছে তাঁকে ডেকে। নিয়মটি এমন প্রচ্ছন্ন যে, সে-যে আছে তা আবিন্ধার করতে মান্তবের অনেকদিন লেগেছিল কিন্তু সৌন্দর্য চিরদিন আপনাকে ধরা দিয়েছে। সৌন্দর্য মিলবে ব'লেই, ধরা দেবে ব'লেই স্থন্তর। এই সৌন্দর্যের মধ্যেই, রসের মধ্যেই মিলনের তথটি রয়েছে।

ধর্মসম্প্রদায়ের মধ্যে যখন কাঠিন্তই বড়ো হয়ে ওঠে তখন সে মাহুষকে মেলায় না, মাহুষকে বিচ্ছিন্ন করে। এইজন্তে রুদ্ধুলাধনকে যখন কোনো ধর্ম আপনার প্রধান অঙ্গ করে তোলে, যখন সে আচারবিচারকেই ম্থ্য স্থান দেয়, তখন সে মাহুষের মধ্যে ভেদ আনয়ন করে; তখন তার নীরস কঠোরতা সকলের সঙ্গে তাকে মিলতে বাধা দেয়, সে আপনার নিয়মের মধ্যে নিজেকে অত্যস্ত স্বতন্ত্র ক'রে আবদ্ধ ক'রে রাখে; সর্বদাই ভয়ে ভয়ে থাকে পাছে নিয়মের ক্রটিতে অপরাধ ঘটে— এইজন্তেই স্বাইকে সরিয়ে সরিয়ে নিজেকে বাঁচিয়ে বাঁচিয়ে চলতে হয়। শুধু তাই নয়, নিয়মপালনের একটা অহংকার মাহুষকে শক্ত করে তোলে, নিয়মপালনের একটা লোভ তাকে পেয়ে বসে এবং এই-সকল নিয়মকে গ্রুব ধর্ম ব'লে জানা তার সংস্কার হয়ে যায় ব'লেই যেখানে এই নিয়মের অভাব দেখতে পায় সেখানে তার অত্যন্ত একটা অবজ্ঞা জয়ে।

য়িত্দি এইজন্তে আপনার ধর্মনিয়মের জালের মধ্যে আপনাকে আপাদমন্তক বন্দী করে রেথেছে; ধর্মের ক্ষেত্রে সমস্ত মানুষকে আহ্বান করা এবং সমস্ত মানুষের সঙ্গে মেলা তাদের পক্ষে সম্ভব নয়।

বর্তমান হিন্দুসমাজও ধর্মের দ্বারা নিজেকে পৃথিবীর সকল মান্থবের সঙ্গেই পৃথক করে রেখেছে। নিজের মধ্যেও তার বিভাগের অন্ত নেই। বস্তুত নিজেকে সকলের সঙ্গে বিচ্ছিন্ন করবার জন্তেই সে নিয়মের বেড়া নির্মাণ করেছিল। বৌদ্ধর্ম ভারত-বর্ষীয়কে সকলের সঙ্গে অবাধে মিলিয়ে দিচ্ছিল, বর্তমান হিন্দুধর্মের সমস্ত নিয়মসংযম প্রধানত তারি প্রতিকারের প্রবল চেষ্টা। সেই চেষ্টাটি আজ্ঞ পর্যন্ত রয়ে গেছে। সে কেবলি দ্র করছে, কেবলি ভাগ করছে, নিজেকে কেবলি সংকীর্ণ বন্ধ ক'রে আড়াল করে রাখবার উচ্চোগ করছে। হিন্দুর ধর্ম যেখানে, সেখানে বাহিরের লোকের পক্ষে

সমস্ত জানলাদরজা বন্ধ এবং ঘরের লোকের পক্ষে কেবলি বেড়া এবং প্রাচীর।

অন্য দেশে অন্য জাতির মধ্যে স্বাভন্তা রক্ষার জন্মে কোনো চেষ্টা নেই তা বলতে পারি নে। কারণ, স্বাভন্তারক্ষার প্রয়োজন আছে, দে প্রয়োজনকৈ অস্বীকার করা কোনোমতেই চলে না। কিন্তু অন্যত্র এই স্বাভন্তারক্ষার চেষ্টা রাষ্ট্রীয় এবং সামাজিক অর্থাৎ এই চেষ্টাটা সেখানে নিজের নীচের তলায় বাস করে।

মিলনের বৃদ্ভিটি স্বাতন্ত্রাচেষ্টার উপরের জিনিস। ক্রীতদাস রাজাকে খুন ক'রে সিংহাসনে চড়ে বসলে যেমন হয়, স্বাতন্ত্রাচেষ্টা তেমনি মিলনধর্মকে একেবারে অভিভূত করে দিয়ে তার উপরে যদি আপনার স্থান দথল ক'রে বসে, তা হলে সেইরকমের অন্তায় ঘটে। এইজন্মেই পারিবারিক বা সামাজিক বা রাষ্ট্রীয় স্বার্থবৃদ্ধি মাহ্ন্যকে স্বাতন্ত্রোর দিকে টেনে থাকলেও, ধর্মবৃদ্ধি তার উপরে দাঁড়িয়ে তাকে বিশ্বের দিকে— বিশ্বমানবের দিকে নিয়ত আহ্বান করে।

আমাদের দেশে বর্তমানকালে সেইখানেই ছিন্ত হয়েছে এবং সেই ছিত্রপথেই এ দেশের শনি প্রবেশ করেছে। যে-ধর্ম মান্নুষের সঙ্গে মান্নুষকে মেলায়, সেই ধর্মের দোহাই দিয়েই আমরা মান্নুষকে পৃথক করেছি। আমরা বলেছি মান্নুষের স্পর্ণে, তার সঙ্গে একাদনে আহারে, তার আহরিত অন্নজন গ্রহণে, মান্নুষ ধর্মে পতিত হয়। বন্ধনকে ছেদন করাই যার কাজ, তাকে দিয়েই আমরা বন্ধনকে পাকা করে নিয়েছি— তা হলে আজ আমাদের উদ্ধার করবে কে।

আশ্চর্য ব্যাপার এই, উদ্ধার করবার ভার আজ আমরা তারি হাতে দিতে চেষ্টা করছি, যে-জিনিসটা ধর্মের চেয়ে নিচেকার। আমরা স্বাজাত্যবৃদ্ধির উপর বরাত দিয়েছি, ভারতবর্ষের অন্তর্গত মাহুষের দঙ্গে মাহুষকে মিলিয়ে দেবার জত্যে। আমরা বলছি, তা না-হলে আমরা বড়ো হব না, বলিষ্ঠ হব না, আমাদের প্রয়োজনসিদ্ধি হবে না।

আমরা ধর্মকে এমন জায়গায় এনে ফেলেছি যে, আমাদের জাতীয় স্বার্থবৃদ্ধি প্রয়োজনবৃদ্ধিও তার চেয়ে বড়ো হয়ে উঠেছে। এমন দশা হয়েছে যে, ধর্মে আমাদের উদ্ধার নেই, স্বাজাত্যের দ্বারা আমাদের উদ্ধার পেতে হবে! এমন হয়েছে যে, ধর্ম আমাদের পৃথক থাকতে বলছে, স্বাজাত্য আমাদের এক হবার জন্মে তাড়না করছে!

কিন্ত ধর্মবৃদ্ধি যে-মিলনের ঘটক নয়, সে-মিলনের উপর আমি ভরসা রাখতে পারি নে। ধর্মমূলক মিলনতত্বটিকে আমাদের দেশে যদি প্রতিষ্ঠিত করতে পারি, তবেই স্বভাবতই আমরা মিলনের দিকে যাব, কেবলি গণ্ডি আঁকবার এবং বেড়া তোলবার প্রবৃত্তি থেকে আমরা নিদ্ধৃতি পাব। ধর্মের সিংহদ্বার খোলা থাকলে তবেই ছোটো বড়ো সকল যজের নিমন্ত্রণেই মানুষকে আমরা আহ্বান করতে পারব;— নতুবা কেবলমাত্র

প্রয়োজনের বা স্বাজাত্য-অভিমানের থিড়কির দরজাটুকু যদি খুলে রাখি, তবে ধর্মনিয়মের বাধা অতিক্রম করে সেই ফাঁকটুকুর মধ্য দিয়ে আমাদের দেশের এত প্রভেদপার্থক্য, এত বিরোধবিচ্ছেদ গলতে পারবে না— মিলতে পারবে না।

ধর্মান্দোলনের ইতিহাসে এইটি বরাবর দেখা গেছে, ধর্ম যথন আপনার রসের মৃতি প্রকাশ করে তথনি সে বাঁধন ভাঙে এবং সকল মান্ত্যকে এক করবার দিকে ধাবিত হয়। প্রীষ্ট যে প্রেমভক্তিরসের বক্তাকে মৃক্ত করে দিলেন, তা য়িছদিধর্মের কঠিন শাস্ত্রবন্ধনের মধ্যে নিজেকে বন্ধ রাখতে পারলে না এবং সেই ধর্ম আজ্ঞ পর্যন্ত প্রবল জাতির স্থার্থের শৃঙ্খলকে শিথিল করবার জন্ম নিয়ত চেষ্টা করছে, আজ্ঞ পর্যন্ত সমস্ত সংস্কার এবং অভি-মানের বাধা ভেদ করে মান্ত্র্যের সঙ্গে মান্ত্র্যকে মেলাবার দিকে তার আকর্ষণশক্তি প্রয়োগ করছে।

বৌদ্ধর্মের মূলে একটি কঠোর তত্ত্বকথা আছে কিন্তু সেই তত্ত্বকথায় মান্ত্র্যকে এক করে নি; তার মৈত্রী তার করুণা এবং বৃদ্ধদেবের বিশ্বব্যাপী হৃদয়প্রসারই মান্ত্র্যের সঙ্গে মান্ত্র্যের প্রভেদ ঘূচিয়ে দিয়েছে। নানক বল, রামানন্দ বল, কবীর বল, চৈতন্ত বল, সকলেই রসের আঘাতে বাঁধন ভেঙে দিয়ে সকল মান্ত্র্যকে এক জায়গায় ডাক দিয়েছেন।

তাই বলছিলুম, ধর্ম যথন আচারকে নিয়মকে শাসনকে আগ্রয় ক'রে কঠিন হয়ে ওঠে, তথন সে মাত্র্যকে বিভক্ত করে দেয়, পরম্পরের মধ্যে গতিবিধির পথকে অবরুদ্ধ করে। ধর্মে যথন রসের বর্ষা নেবে আসে তখন যে-সকল গহরর পরস্পরের মধ্যে ব্যবধান রচনা করেছিল, তারা ভক্তির স্রোতে প্রেমের বক্সায় ভরে ওঠে এবং সেই পূর্ণতায় স্বাতয়্যের অচল সীমাগুলিই সচল হয়ে উঠে অগ্রসর হয়ে সকলকে মিলিয়ে দিতে চায়, বিপরীত পারকে এক করে দেয় এবং ত্র্লজ্যা দ্রকে আনন্দবেগে নিকট করে আনে। মাত্র্য যথনি সত্যভাবে গভীরভাবে মিলেছে তথন কোনো-একটি বিপুল রসের আবির্ভাবেই মিলেছে, প্রয়োজনে মেলে নি, তত্ত্বজানে মেলে নি, আচারের শুদ্ধ শাসনে মেলে নি।

ধর্মের যথন চরম লক্ষ্যই হচ্ছে ঈশবের দক্ষে মিলনদাধন, তথন দাধককে এ-কথা মনে রাথতে হবে যে, কেবল বিধিবদ্ধ পূজার্চনা আচার অন্তর্গান শুচিতার দ্বারা তা হতেই পারে না। এমন কি, তাতে মনকে কঠোর করে ব্যাঘাত আনে এবং ধার্মিকতার অহংকার জাগ্রত হয়ে চিন্তকে সংকীর্ণ করে দেয়। হ্রদয়ে রস থাকলে তবেই তার সঙ্গে মিলন হয়, আর-কিছুতেই হয় না।

কিন্তু এই কথাটি মনে রাখতে হবে, ভক্তিরসের প্রেমরসের মধ্যে যে-দিকটি দ্যোগের দিক, কেবল সেইটিকেই একান্ত করে তুললে তুর্বলতা এবং বিকার ঘটে। ওর মধ্যে একটি শক্তির দিক আছে, সেটি না থাকলে রসের হারা মহয়ত তুর্গতিপ্রাপ্ত হয়।

ভোগই প্রেমের একমাত্র লক্ষণ নয়। প্রেমের একটি প্রধান লক্ষণ হচ্ছে এই যে, প্রেম আনন্দে তৃঃথকে স্বীকার করে নেয়। কেননা তৃঃথের দ্বারা, ত্যাগের দ্বারাই তার পূর্ণ সার্থকতা। ভাবাবেশের মধ্যে নয়— সেবার মধ্যে, কর্মের মধ্যেই তার পূর্ণ পরিচয়। এই তৃঃথের মধ্যে দিয়ে, কর্মের মধ্যে দিয়ে, তপস্থার মধ্যে দিয়ে যে-প্রেমের পরিপাক হয়েছে, সেই প্রেমই বিশুদ্ধ থাকে এবং সেই প্রেমই সর্বান্ধীণ হয়ে ওঠে।

এই তুঃখন্বীকারই প্রেমের মাথার মৃকুট; এই তার গৌরব। ত্যাগের দ্বারাই সে আপনাকে লাভ করে; বেদনার দ্বারাই তার রদের মন্থন হয়; সাধ্বী সতীকে যেমন সংসারের কর্ম মলিন করে না, তাকে আরো দীপ্তিমতী করে তোলে, সংসারে মঙ্গলকর্ম ষেমন তার সতীপ্রেমকে সার্থক করতে থাকে, তেমনি যে-সাধকের চিত্ত ভক্তিতে ভরে উঠেছে, কর্তব্যের শাসন তাঁর পক্ষে শৃঙ্খল নয়— সে তাঁর অলংকার; ত্বংখে তাঁর জীবন নত হয় না, ত্বংথেই তাঁর ভক্তি গৌরবান্বিত হয়ে ওঠে। এইজন্যে মানবসমাজে কর্মকাণ্ড যথন অত্যন্ত প্রবল হয়ে উঠে মহুশ্রত্বকে ভারাক্রান্ত করে তোলে, তথন একদল বিদ্রোহী জ্ঞানের সহায়তায় কর্মমাত্রেরই মূল উৎপাটন এবং তঃখমাত্রকে একাস্তভাবে নিরস্ত করে দেবার অধ্যবসায়ে প্রবৃত্ত হন। কিন্তু যারা ভক্তির দারা পূর্ণতার স্বাদ পেয়েছেন, তাঁরা কিছুকেই অস্বীকার করবার প্রয়োজন বোধ করেন না— তাঁরা অনায়াদেই কর্মকে শিরোধার্য এবং তৃঃথকে বরণ করে নেন। নইলে-যে তাঁদের ভক্তির মাহাত্মাই থাকে না, নইলে-যে ভক্তিকে অপমান করা হয়; ভক্তি বাইরের সমস্ত অভাব ও আঘাতের দ্বারাই আপনার ভিতরকার পূর্ণতাকে আপনার কাছে সপ্রমাণ করতে চায়— ছঃথে নম্রতা ও কর্মে আনন্দই তার ঐশ্বর্যের পরিচয়। কর্মে মান্নুষকে জড়িত করে এবং তৃঃখ তাকে পীড়া দেয়, রসের আবির্ভাবে মামুষের এই সমস্রাটি একেবারে বিলুপ্ত হয়ে যায়, তথন কর্ম এবং তৃঃথের মধ্যেই মাস্কুষ যথার্থভাবে আপনার মুক্তি উপলব্ধি করে। বসস্তের উত্তাপে পর্বতশিখরের বরফ যথন রসে বিগলিত হয়, তথন চলাতেই তার মুক্তি, নিশ্চলতাই তার বন্ধন; তখন অক্লান্ত আনন্দে দেশদেশান্তরকে উর্বর ক'রে সে চলতে থাকে; তখন মুড়িপাথরের দারা সে যতই প্রতিহত হয় ততই তার সংগীত জাগ্রত এবং নৃত্য উচ্চুসিত হয়ে ওঠে।

একটা বরফের পিণ্ড এবং ঝরনার মধ্যে তফাত কোন্থানে। না, বরফের পিণ্ডের নিজের মধ্যে গতিতত্ত্ব নেই। তাকে বেঁধে টেনে নিয়ে গেলে তবেই সে চলে। স্থতরাং চলাটাই তার বন্ধনের পরিচয়। এইজন্মে বাইরে থেকে তাকে ঠেলা দিয়ে চালনা করে নিয়ে গেলে প্রত্যেক আঘাতেই সে ভেঙে ধায়, তার ক্ষয় হতে থাকে— এইজন্ম চলা ও আঘাত থেকে নিম্নৃতি পেয়ে হির নিশ্চল হয়ে থাকাই তার পক্ষে স্বাভাবিক অবস্থা।

কিন্ত ঝরনার যে-গতি সে তার নিজেরি গতি,— সেইজন্মে এই গতিতেই তার ব্যাপ্তি, মৃক্তি, তার সৌন্দর্য। এইজন্ম গতিপথে সে যত আঘাত পায় ততই তাকে বৈচিত্র্য দান করে। বাধায় তার ক্ষতি নেই, চলায় তার প্রাস্তি নেই।

মাফ্ষের মধ্যেও যথন রসের আবির্ভাব না থাকে, তথনি সে জড়পিও। তথন ক্ষ্মা তৃষ্ণা ভয় ভাবনাই তাকে ঠেলে ঠেলে কাজ করায়, সে-কাজে পদে পদেই তার ক্লান্তি। সেই নীরস অবস্থাতেই মাফ্র্য অন্তরের নিশ্চলতা থেকে বাহিরেও কেবলি নিশ্চলতা বিস্তার করতে থাকে। তথনি তার যত খুঁটিনাটি, যত আচার বিচার, যত শাস্ত্র শাসন। তথনি মাফ্র্যের মন গতিহীন বলেই বাহিরেও সে আষ্ট্রেপৃষ্ঠে বন্ধ। তথনি তার ওঠাবসা থাওয়াপরা সকল দিকেই বাঁধাবাঁধি। তথনি সে সেই-সকল নির্থক কর্মকে স্বীকার করে যা তাকে সন্মুথের দিকে অগ্রসর করে না, যা তাকে অস্তহীন পুনরাবৃত্তির মধ্যে কেবলি একই জায়গায় ঘুরিয়ে মারে।

রসের আবির্ভাবে মাহুষের জড়ত্ব ঘুচে যায়। স্থতরাং তথন সচলতা তার পক্ষে অস্বাভাবিক নয়; তথন অগ্রগামী গতিশক্তির আনন্দেই সে কর্ম করে, সর্বজয়ী প্রাণশক্তির আনন্দেই সে হঃথকে স্বীকার করে।

বস্তুত মান্থবের প্রধান সমস্থা এ নয় যে, কোন্ শক্তি দ্বারা সে তৃঃথকে একেবারে নিরুত্ত করতে পারে।

তার সমস্রা হচ্ছে এই যে, কোন্ শক্তি দ্বারা সে তৃঃথকে সহজেই স্বীকার করে নিতে পারে। তৃঃথকে নিবৃত্ত করবার পর যাঁরা দেখাতে চান, তাঁরা অহংকেই সমস্ত অনর্থের হেতু বলে একেবারে তাকে বিলুপ্ত করতে বলেন; তৃঃথকে স্বীকার করবার শক্তি যাঁরা দিতে চান, তাঁরা অহংকে প্রেমের দ্বারা পরিপূর্ণ করে তাকে সার্থক করে তুলতে বলেন। অর্থাৎ গাড়ি থেকে ঘোড়াকে খুলে ফেলাই যে গাড়িকে থানায় পড়া থেকে রক্ষা করবার স্থকোশল তা নয়, ঘোড়ার উপরে সার্থিকে হাপন করাই হচ্ছে গাড়িকে বিপদ থেকে বাঁচানো এবং তাকে গম্যস্থানের অভিমূখে চালানোর যথোচিত উপায়। এইজন্তে মান্থযের ধর্মসাধনার মধ্যে যখন ভক্তির আবির্ভাব হয়, তথনি সংসারে যেথানে যা-কিছু সমস্ত বজায় থেকেও মান্থযের সকল সমস্তার মীমাংসা হয়ে যায়— তথন কর্মের মধ্যে সে আনন্দ ও তৃঃথের মধ্যে সে গৌরব অন্থভব করে; তথন কর্মই তাকে মৃক্তি দেয় এবং তৃঃথ তার ক্ষতির কারণ হয় না।

গুহাহিত

উপনিষৎ তাঁকে বলেছেন— গুহাহিতং গহ্বরেষ্ঠং— অর্থাৎ তিনি গুপ্তা, তিনি গভীর। তাঁকে শুধু বাইরে দেখা যায় না, তিনি লুকানো আছেন। বাইরে ষা-কিছু প্রকাশিত, তাকে জানবার জন্মে আমাদের ইন্দ্রিয় আছে— তেমনি যা গৃঢ়, যা গভীর, তাকে উপলব্ধি করবার জন্মেই আমাদের গভীরতর অন্তরিন্দ্রিয় আছে। তা যদি না থাকত তা হলে সেদিকে আমরা ভূলেও মুখ ফিরাতুম না; গহনকে পাবার জন্মে আমাদের তৃষ্ণার লেশও থাকত না।

এই অগোচরের সঙ্গে যোগের জন্তে আমাদের বিশেষ অন্তরিন্দ্রিয় আছে ব'লেই মান্ন্র্য এই জগতে জন্মলাভ ক'রে কেবল বাইরের জিনিসে সম্ভূষ্ট থাকে নি। তাই সে চারিদিকে খুঁজে খুঁজে মরছে, দেশবিদেশে ঘুরে বেড়াচ্ছে, তাকে কিছুতে থামতে দিছে না। কোথা থেকে সে এই খুঁজে-বের-করবার পরোয়ানা নিয়ে সংসারে এসে উপস্থিত হল ? যা-কিছু পাচ্ছি, তার মধ্যে আমরা সম্পূর্ণকে পাচ্ছি নে— যা পাচ্ছি নে, তার মধ্যেই আমাদের আসল পাবার সামগ্রীটি আছে, এই একটি স্বাইছাড়া প্রত্যয় মান্ত্রের মনে কেমন করে জন্মাল ?

পশুদের মনে তো এই তাড়নাটি নেই। উপরে যা আছে তারি মধ্যে তাদের চেষ্টা ঘূরে বেড়াচ্ছে— মূহূর্তকালের জন্মেও তারা এমন কথা মনে করতে পারে না যে যাকে দেখা যায় না তাকেও খুঁজতে হবে, যাকে পাওয়া যায় না তাকেও লাভ করতে হবে। তাদের ইন্দ্রিয় এই বাইরে এসে থেমে গিয়েছে, তাকে অতিক্রম করতে পারছে না ব'লে তাদের মনে কিছুমাত্র বেদনা নেই।

কিন্তু এই একটি অত্যন্ত আশ্চর্য ব্যাপার, মান্ত্য প্রকাশ্যের চেয়ে গোপনকে কিছুমাত্র কম করে চায় না— এমন কি, বেশি করেই চায়। তার সমস্ত ইন্দ্রিয়ের বিরুদ্ধ সাক্ষ্য সত্ত্বেও মান্ত্য বলেছে, 'দেখতে পাচ্ছি নে কিন্তু আরো আছে, শোনা যাচ্ছে না কিন্তু আরো আছে।'

জগতে অনেক গুপ্ত সামগ্রী আছে যার আচ্ছাদন তুলে ফেললেই তা প্রত্যক্ষণম্য হয়ে ওঠে, এ কিন্তু সে-রকম নয়— এ আচ্ছন্ন ব'লে গুপ্ত নয়, এ গভীর ব'লেই গুপ্ত, স্থতরাং একে যখন আমরা জানতে পারি তখনো এ গভীর থাকে।

গোরু উপরের থেকে ঘাস ছিঁড়ে খায়, শৃকর দাঁত দিয়ে মাটি চিরে সেই ঘাসের মুথা উপড়ে থেয়ে থাকে, কিন্তু এখানে উপরের ঘাসের সঙ্গে নিচেকার মুথার প্রস্কৃতিগত কোনো প্রভেদ নেই, চ্টিই স্পর্শগম্য এবং চ্টিতেই সমান-রকমেই পেট ভরে।
কিন্তু মান্ন্য গোপনের মধ্যে যা খুঁজে বের করে, প্রকাশ্যের সঙ্গে তার যোগ আছে—
সাদৃশ্য নেই। তা থনির ভিতরকার থনিজের মতো তুলে এনে ভাণ্ডার বোঝাই
করবার জিনিস নয়। অথচ মান্ন্য তাকে রত্বের চয়ে বেশি মূল্যবান রত্ব বলেই
জানে।

তার মানে আর-কিছুই নয়, মাহুষের একটি অন্তরতর ইন্দ্রিয় আছে— তার ক্ষ্ধাও অন্তরতর, তার খাগ্যও অন্তরতর, তার তৃপ্তিও অন্তরতর।

এইজন্মই চিরকাল মান্ন্য চোথের দেখাকে ভেদ করবার জন্মে একাগ্র দৃষ্টিতে তাকিয়ে রয়েছে। এইজন্ম মান্ন্য, আকাশে তারা আছে, কেবল এইটুকুমাত্র দেখেই মাটির দিকে চোথ ফেরায় নি— এইজন্মে কোন্ স্থদ্র অতীতকালে ক্যাল্ডিয়ার মক্ষ-প্রান্তরে মেষপালক মেষ চরাতে চরাতে নিশীথরাত্রের আকাশপৃষ্ঠায় জ্যোতিন্বরহম্ম পাঠ করে নেবার জন্মে রাত্রের পরে রাত্রে অনিমেষ-নিদ্রাহীন-নেত্রে যাপন করেছে;— তাদের যে-মেষরা চরছিল তার মধ্যে কেহই একবারও সেদিকে তাকাবার প্রয়োজনমাত্র অন্থভব করে নি।

কিন্তু মান্নুষ যা দেখে তার গুহাহিত্ দিকটাও দেখতে চায়, নইলে সে কিছুতেই স্থির হতে পারে না।

এই অগোচরের রাজ্য অন্তেষণ করতে করতে মান্ত্য-যে কেবল সত্যকেই উদ্ঘাটন করেছে, তা বলতে পারি নে। কত ভ্রমের মধ্যে দিয়ে গিয়েছে, তার সীমা নেই। গোচরের রাজ্যে ইন্দ্রিয়ের সাহায্যেও সে প্রতিদিন এককে আর ব'লে দেখে, কত ভূলকেই তার কাটিয়ে উঠতে হয় তার সীমা নেই, কিছু তাই ব'লে প্রত্যক্ষের ক্ষেত্রকে তো একেবারে মিথ্যা ব'লে উড়িয়ে দেওয়া চলে না। তেমনি অগোচরের দেশেও যেখানে আমরা গোপনকে খুঁজে বেড়াই, সেখানে আমরা অনেক ভ্রমকে-যে সত্য ব'লে গ্রহণ করেছি তাতে সন্দেহ নেই। একদিন বিশ্বব্যাপারের মূলে আমরা কত ভূতপ্রেত কত অদ্ভূত কাল্লনিক মূতিকে দাঁড় করিয়েছি তার ঠিকানা নেই, কিছু তাই নিয়ে মান্ত্রেয়ে এই মনোর্রিটিকে উপহাস করবার কোনো কারণ দেখি নে। গভীর জলে জাল ফেলে যদি পাঁক ও গুগলি ওঠে, তার থেকেই জালফেলাকে বিচার করা চলে না। মান্ত্র্য় তেমনি অগোচরের তলায় যে জাল ফেলছে, তার থেকে এ পর্যন্ত পাঁক বিস্তর উঠেছে—কিছু তবুও তাকে অল্লেমা করতে পারি নে। সকল দেখার চেয়ে বেশি দেখা, সকল পাওয়ার চেয়ে বেশি পাওয়ার দিকে মান্ত্রের এই চেষ্টাকে নিয়ত প্রেরণ করা, এইটেই একটি আশ্র্র্য ব্যাপার;— আফ্রিকার বন্থবর্বর্তার মধ্যেও যখন এই চেষ্টার পরিচয়

পাই, তথন তাদের অন্তুত বিশ্বাদ এবং বিষ্ণুত কদাকার দেবমূর্তি দেখেও মান্ধবের এই অন্তর্নিহিত শক্তির একটি বিশেষ গৌরব অন্তুত্ত না করে থাকা যায় না।

মান্নবের এই শক্তিটি সত্য— এবং এই শক্তিটি সত্যকেই গোপনতা থেকে উদ্ধার করবার এবং মান্নবের চিত্তকে গভীরতার নিকেতনে নিয়ে যাবার জন্মে।

এই শক্তিটি মামুষের এত সত্য যে, একে জয়যুক্ত করবার জন্যে মামুষ দুর্গমতার কোনো বাধাকেই মানতে চায় না। এখানে সম্প্রপর্বতের নিষেধ মামুষের কাছে ব্যর্থ হয়, এখানে ভয় তাকে ঠেকাতে পারে না বারংবার নিক্ষলতা তার গতিরোধ করতে পারে না;— এই শক্তির প্রেরণায় মামুষ তার সমস্ত ত্যাগ করে এবং অনায়াসে প্রাণ বিসর্জন করতে পারে।

মাস্থ-যে ছিজ; তার জন্মক্ষেত্র ছই জায়গায়। এক জায়গায় দে প্রকাশ্য, আরএক জায়গায় দে গুহাহিত, দে গভীর। এই বাইরের মাস্থাটি বেঁচে থাকবার জন্মে
চেষ্টা করছে, দেজন্মে তাকে চতুর্দিকে কত সংগ্রহ কত সংগ্রাম করতে হয় তেমনি
আবার ভিতরকার মান্থ্যটিও বেঁচে থাকবার জন্মে লড়াই ক'রে মরে। তার যা অন্ধজল
তা বাইরের জীবন রক্ষার জন্ম একান্ত আবশ্যক নয়, কিল্ক তরু মান্থ্য এই থাল্ম সংগ্রহ
করতে আপনার বাইরের জীবনকে বিদর্জন করেছে। এই ভিতরকার জীবনটিকে
মান্থ্য অনাদর করে নি— এমন কি, তাকেই বেশি আদর করেছে এবং তাই যারা
করেছে তারাই সভ্যতার উচ্চশিথরে অধিরোহণ করেছে। মান্থ্য বাইরের জীবনটাকেই
যথন একান্ত বড়ো করে তোলে তথন সব দিক থেকেই তার হ্বর নেবে যেতে থাকে।
ছর্গমের দিকে, গোপনের দিকে, গভীরতার দিকে, মান্ত্যের চেষ্টাকে যথন টানে তথনি
মান্ত্র্য বড়ো হয়ে ওঠে,— ভূমার দিকে অগ্রসর হয়,— তথনি মান্ত্র্যের চিন্ত্ত সর্বতোভাবে
জাগ্রত হতে থাকে। যা হুগম, যা প্রত্যক্ষ, তাতে মান্ত্র্যের সমস্ত চেতনাকে উল্লম দিতে
পারে না, এইজন্ম কেবলমাত্র সেই দিকে আমাদের মন্ত্র্যন্ত সম্পূর্ণতা লাভ করে না।

তা হলে দেখতে পাচ্ছি, মান্থবের মধ্যেও একটি সন্তা আছে যেটি গুহাহিত; সেই গভীর সন্তাটিই বিশ্ববন্ধাণ্ডের যিনি গুহাহিত তাঁর সন্দেই কারবার করে— সেই তার আকাশ, তার বাতাস, তার আলোক; সেইখানেই তার স্থিতি, তার গতি, সেই গুহালোকই তার লোক।

এইখান থেকে সে যা-কিছু পায় তাকে বৈষয়িক পাওয়ার সঙ্গে তুলনা করাই ষায় না— তাকে মাপ ক'রে ওজন ক'রে দেখবার কোনো উপায়ই নেই— তাকে যদি কোনো স্কুলদৃষ্টি ব্যক্তি অস্বীকার করে বসে, যদি বলে, 'কী তুমি পেলে একবার দেখি'— তা হলে বিষম সংকটে পড়তে হয়। এমন কি, যা বৈজ্ঞানিক সত্য, প্রত্যক্ষ সত্যের ভিত্তিতেই

ষার প্রতিষ্ঠা তার সম্বন্ধেও প্রত্যক্ষতার মূল আবদার চলে না। আমরা দেখাতে পারি, ভারি জ্বিনিস হাত থেকে পড়ে যায় কিন্তু মহাকর্ষণকে দেখাতে পারি নে। অত্যন্ত মূড়ও যদি বলে, 'আমি সম্প্র দেখব, আমি হিমালয় পর্বত দেখব', তবে তাকে এ-কথা বলতে হয় না যে, 'আগে তোমার চোখতটোকে মন্ত-বড়ো করে তোলো তবে তোমাকে পর্বত সম্প্র দেথিয়ে দিতে পারব'— কিন্তু সেই মূড়ই যখন ভূবিছ্যার কথা জিল্পানা করে তখন তাকে বলতেই হয়, 'একটু রোসো; গোড়া থেকে শুরু করতে হবে; আগে তোমার মনকে সংস্থারের আবরণ থেকে মূকু করো তবে এর মধ্যে তোমার অধিকার হবে। অর্থাৎ চোখ মেললেই চলবে না, কান খূললেই হবে না, তোমাকে গুহার মধ্যে প্রবেশ করতে হবে।' মূচ্ যদি বলে, 'না, আমি সাধনা করতে রাজী নই, আমাকে তুমি এসমন্তই চোথে-দেখা কানে-শোনার মতো সহজ করে দাও', তবে তাকে হয় মিথ্যা দিয়ে ভোলাতে হয়, নয় তার অন্থরোধে কর্ণপাত করাও সময়ের র্থা অপব্যয় বলে গণ্য করতে হয়।

তাই যদি হয় তবে উপনিষৎ গাঁকে গুহাহিতং গহ্বরেষ্ঠং বলেছেন, যিনি গভীরতম, তাঁকে দেখাশোনার সামগ্রী করে বাইরে এনে ফেলবার অদ্ভুত আবদার আমাদের খাটতেই পারে না। এই আবদার মিটিয়ে দিতে পারেন এমন গুরুকে আমরা অনেক-সময় খুঁজে থাকি, কিন্তু যদি কোনো গুরু বলেন, 'আচ্ছা বেশ, তাঁকে খুব সহজে করে দিচ্ছি'— ব'লে সেই যিনি নিহিতং গুহায়াং তাঁকে আমাদের চোথের সমুথে যেমন-খুশি একরকম করে দাঁড় করিয়ে দেন, তা হলে বলতেই হবে, তিনি অসত্যের দারা গোপনকে আরো গোপন করে দিলেন। এ-রকম স্থলে শিশুকে এই কথাটাই বলবার কথা যে, মানুষ যথন সেই গুহাহিতকে, সেই গভীরকে চায়, তথন তিনি গভীর ব'লেই তাঁকে চায়— দেই গভীর আনন্দ আর-কিছুতে মেটাতে পারে না ব'লেই তাঁকে চায়— চোখে-দেখা কানে-শোনার সামগ্রী জগতে যথেষ্ট আছে, তার জ্বন্তে আমাদের বাইরের মানুষটা তো দিনরাত ঘুরে বেড়াচ্ছে কিন্তু আমাদের অন্তরতর গুহাহিত তপস্বী সে সমস্ত-কিছু চায় না ব'লেই একাগ্রমনে তাঁর দিকে চলেছে। তুমি যদি তাঁকে চাও তবে গুহার মধ্যে প্রবেশ করেই তাঁর সাধনা করো— এবং যথন তাঁকে পাবে, তোমার 'গুহাশয়' রূপেই তাঁকে পাবে; অন্ত রূপে যে তাঁকে চায় দে তাঁকেই চায় না; সে কেবল বিষয়কেই অশ্য একটা নাম দিয়ে চাচ্ছে। মাহুষ সকল পাওয়ার চেয়ে বাঁকে চাচ্ছে, তিনি সহজ বলেই তাঁকে চাচ্ছে না— ডিনি ভূমা বলেই তাঁকে চাচ্ছে। যিনি ভূমা, সর্বত্রই তিনি গুহাহিতং, কি সাহিত্যে কি ইতিহাসে, কি শিল্পে কি ধর্মে কি কর্মে।

এই ষিনি সকলের চেয়ে বড়ো, সকলের চেয়ে গভীর, কেবলমাত্র তাঁকে চাওয়ার

মধ্যেই একটা দার্থকতা আছে। সেই ভূমাকে আকাজ্ঞা করাই আত্মার মাহাত্মা—
ভূমৈব স্থাং নাল্লে স্থমন্তি, এই কথাটি-যে মান্ত্য বলতে পেরেছে, এতেই তার
মহা্যত্ব। ছোটোতে তার স্থা নেই, দহজে তার স্থা নেই, এইজন্তেই দে গভীরকে
চায়— তবু যদি তুমি বল, 'আমার হাতের তেলোর মধ্যে দহজকে এনে দাও', তবে
তুমি আর-কিছুকে চাচ্ছ।

বস্তুত, যা সহজ, অর্থাৎ যাকে আমরা অনায়াসে দেখছি, অনায়াসে শুনছি, অনায়াসে বৃষছি, তার মতো কঠিন আবরণ আর নেই। যিনি গভীর তিনি এই অতিপ্রত্যক্ষ-গোচর সহজের দ্বারাই নিজেকে আবৃত করে রেখেছেন। বহুকালের বহু চেষ্টায় এই সহজদেখাশোনার আবরণ ভেদ করেই মাহুষ বিজ্ঞানের সত্যকে, দর্শনের তত্তকে দেখেছে, যা-কিছু পাওয়ার মতো পাওয়া তাকে লাভ করেছে।

শুধু তাই নয়, কর্মক্ষেত্রেও মান্থ্য বছ সাধনায় আপনার সহজ প্রবৃত্তিকে ভেদ ক'রে তবে কর্তবানীতিতে গিয়ে পৌচেছে। মান্থ্য আপনার সহজ ক্ষ্ধাতৃষ্ণাকেই বিনা বিচারে মেনে পশুর মতো সহজ জীবনকে স্বীকার করে নেয় নি; এইজন্তেই শিশুকাল থেকে প্রবৃত্তির উপরে জয়লাভ করবার শিক্ষা নিয়ে তাকে হুংসাধ্য সংগ্রাম করতে হচ্ছে —বারংবার পরাস্ত হয়েও সে পরাভব স্বীকার করতে পারছে না। শুধু চরিত্রে এবং কর্মে নয়, হদয়ভাবের দিকেও মান্থ্য সহজকে অতিক্রম করবার পথে চলেছে; ভালোবাসাকে মান্থ্য নিজের থেকে পরিবারে, পরিবার থেকে দেশে, দেশ থেকে সমস্ত মানবসমাজে প্রসারিত করবার চেষ্টা করছে। এই হুংসাধ্য সাধ্যায় সে যতই অক্ষতকার্য হ'ক, একে সে কোনোমতেই অপ্রদান করতে পারে না; তাকে বলতেই হবে, 'যদিচ স্বার্থ আমার কাছে স্প্রপ্রত্যক্ষ ও সহজ এবং পরার্থ গৃঢ়নিহিত ও হুংসাধ্য, তর্ স্বার্থের চেয়ে পরার্থ ই সত্যতর এবং সেই হুংসাধ্যসাধ্যার দ্বারাই মান্থ্যের শক্তি সার্থকি হয় স্থতরাং সে গভীরতর আনন্দ পায়, অর্থাৎ এই কঠিন ব্রতই আমাদের শুহাহিত মান্থ্যটির যথার্থ জীবন— কেননা, তার পক্ষে নাল্লে স্থ্যমন্তি।'

জ্ঞানে ভাবে কর্মে মাহুষের পক্ষে সর্বত্রই যদি এই কথাটি থাটে, জ্ঞানে ভাবে কর্মে সর্বত্রই যদি মাহুষ সহজ্ঞকে অতিক্রম ক'রে গভীরের দিকে যাত্রা করার দ্বারাই সমস্ত শ্রেম্ব লাভ করে থাকে, তবে কেবল কি পরমাত্মার সম্বন্ধেই মাহুষ দীনভাবে সহজ্ঞকে প্রার্থনা ক'রে আপনার মহুয়ত্তকে বার্থ করবে ? মাহুষ যখন টাকা চায় তখন সে এ-কথা বলে না, 'টাকাকে ঢেলা করে দাও, আমার পক্ষে পাওয়া সহজ্ঞ হবে।'— টাকা হর্লভ বলেই প্রার্থনীয়; টাকা ঢেলার মতো স্থলভ হলেই মাহুষ তাকে চাইবে না। তবে দিখরের সম্বন্ধেই কেন আমরা উলটা কথা বলতে যাব। কেন বলব, 'তাঁকে আমরা সহজ্ঞ করে অর্থাৎ সন্তা করে পেতে চাই।' কেন বলব, 'আমরা তাঁর সমন্ত অসীম মূল্য অপহরণ ক'রে তাঁকে হাতে হাতে চোখে চোখে ফিরিয়ে বেড়াব।'

না, কখনো তা আমরা চাই নে। তিনি আমাদের চিরজীবনের সাধনার ধন, সেই আমাদের আনন। শেষ নেই, শেষ নেই, জীবন শেষ হয়ে আসে তবু শেষ নেই। শিশুকাল থেকে আজ পর্যন্ত কত নব নব জ্ঞানে ও রসে তাঁকে পেতে পেতে এসেছি, না জেনেও তাঁর আভাস পেয়েছি, জেনে তাঁর আম্বাদ পেয়েছি, এমনি করে সেই অনস্ত গোপনের মধ্যে নৃতন নৃতন বিশ্বয়ের আঘাতে আমাদের চিত্তের পাপড়ি একটি একটি করে একটু একটু করে বিকশিত হয়ে উঠছে। হে গৃঢ়, তুমি গৃঢ়তম বলেই তোমার টান প্রতিদিন মামুষের জ্ঞানকে প্রেমকে কর্মকে গভীর হতে গভীরতরে আকর্ষণ করে নিয়ে যাচ্ছে। তোমার এই অনস্ত রহস্তময় গোপনতাই মামুষের সকলের চেয়ে প্রিয়; এই অতল গভীরতাই মামুষের বিষয়াসক্তি ভোলাচ্ছে, তার বন্ধন আলগা করে দিচ্ছে, তার জীবনমরণের তুচ্ছতা দুর করছে; তোমার এই পরম গোপনতা থেকেই তোমার বাঁশির মধুরতম গভীরতম স্থর আমাদের প্রাণের মধ্যে প্রবাহিত হয়ে আসছে; মহত্ত্বের উচ্চতা, প্রেমের গাঢ়তা, সৌন্দর্যের চরমোৎকর্ষ, সমস্ত তোমার ওই অনির্বচনীয় গভীরতার দিকে টেনে নিয়ে আমাদের স্থধায় ডুবিয়ে দিচ্ছে। মানবচিত্তের এই আকাজ্যার আবেগ, এই আনন্দের বেদনাকে তুমি এমনি করে চিরকাল জাগিয়ে রেথে চিরকাল তৃপ্ত করে চলেছ। হে গুহাহিত, তোমার গোপনতার শেষ নেই বলেই জগতের যত প্রেমিক যত সাধক যত মহাপুরুষ তোমার গভীর আহ্বানে আপনাকে এমন নিংশেষে ত্যাগ করতে পেরেছিলেন; এমন মধুর করে তাঁরা তৃঃথকে অলংকার করে পরেছেন, মৃত্যুকে মাথায় করে বরণ করেছেন। তোমার সেই স্থধাময় অতলস্পর্শ গভীরতাকে যারা নিজের মৃঢ়তার দ্বারা আচ্ছন্ন ও সীমাবদ্ধ করেছে, তারাই পৃথিবীতে ত্র্গতির পদ্ধকুণ্ডে লুটচ্ছে— তারা বল তেজ সম্পদ সমস্ত হারিয়েছে— তাদের চেষ্টা ও চিস্তা কেবলি ছোটো ও জগতে তাদের সমস্ত অধিকার কেবলি সংকীর্ণ হয়ে এসেছে। নিজেকে তুর্বল কল্পনা করে তোমাকে যারা স্থলভ করতে চেয়েছে, তারা মহুয়াত্বের সর্বোচ্চ গৌরবকে ধুলায় লুন্ঠিত করে দিয়েছে।

হে গুহাহিত, আমার মধ্যে যে গোপন পুরুষ, যে নিভূতবাসী তপস্বীটি রয়েছে, তুমি তারি চিরন্তন বন্ধু; প্রগাঢ় গভীরতার মধ্যেই তোমরা ছজনে পাশাপাশি গায়ে গংলয় হয়ে রয়েছ— সেই ছায়াগজীর নিবিড় নিস্তন্ধতার মধ্যেই তোমরা ছা স্থাণা সযুজা সখায়া। তোমাদের সেই চিরকালের পরমাশ্চর্য গভীর সখ্যকে আমরা ঘেন আমাদের কোনো ক্ষুতার হারা ছোটো করে না দেখি। তোমাদের ওই পরম

সখ্যকে মাহ্ন্য দিনে দিনে যতই উপলব্ধি করছে, ততই তার কাব্য সংগীত ললিতকলা অনির্বচনীয় রসের আভাসে রহস্তময় হয়ে উঠছে, ততই তার জ্ঞান সংস্কারের দৃঢ় বন্ধনকৈ ছিন্ন করছে, তার কর্ম স্বার্থের হ্র্লজ্ঞ্য সীমা অতিক্রম করছে, তার জীবনের সকল ক্ষেত্রেই অনস্তের ব্যঞ্জনা প্রকাশ পেয়ে উঠছে।

তোমার সেই চিরস্তন পরম গোপনতার অভিমূথে আনন্দে যাত্রা করে চলব,—
আমার সমস্ত যাত্রাসংগীত সেই নিগ্ঢ়তার নিবিড় গৌন্দর্যকেই যেন চিরদিন ঘোষণা
করে,— পথের মাঝখানে কোনো ক্লত্রিমকে, কোনো ছোটোকে, কোনো সহজকে নিয়ে
যেন ভূলে না থাকে,— আমার আনন্দের আবেগধারা সমৃদ্রে চিরকাল বহমান হবার
সংকল্প ত্যাগ ক'রে যেন মন্ধবাল্কার ছিদ্রপথে আপনাকে পথিমধ্যে পরিসমাপ্ত করে না
দেয়।

२० टेहळ ३७३७

पूर्लि ङ

ঈশ্বরের মধ্যে মনকে প্রতিষ্ঠিত করতে পারি নে, মন বিক্ষিপ্ত হয়ে যায়, এই কথা অনেকের মুখে শোনা যায়।

'পারি নে' যথন বলি তার অর্থ এই, সহজে পারি নে; যেমন করে নিশ্বাস গ্রহণ করছি, কোনো সাধনার প্রয়োজন হচ্ছে না, ঈশ্বরকে তেমন করে আমাদের চেতনার মধ্যে গ্রহণ করতে পারি নে।

কিন্তু গোড়া থেকেই মাহুষের পক্ষে কিছুই সহজ নয়; ইন্দ্রিয়বোধ থেকে আরম্ভ করে ধর্মবৃদ্ধি পর্যন্ত সমস্তই মাহুষকে এত স্থান্ত নিয়ে যেতে হয় যে মাহুষ হয়ে ওঠা সকল দিকেই তার পক্ষে কঠিন সাধনার বিষয়। যেথানে সে বলবে 'আমি পারি নে' সেইখানেই তার মহুয়ুজের ভিত্তি ক্ষয় হয়ে যাবে, তার তুর্গতি আরম্ভ হবে; সমস্তই তাকে পারতেই হবে।

পশুশাবককে দাঁড়াতে এবং চলতে শিখতে হয় নি। মাহুষকে অনেকদিন ধরে বারবার উঠে পড়ে তবে চলা অভ্যাস করতে হয়েছে; 'আমি পারি নে' বলে সে নিছুতি পায় নি। মাঝে-মাঝে এমন ঘটনা শোনা গেছে, পশুমাতা মানবশিশুকে হরণ করে বনে নিয়ে গিয়ে পালন করেছে। সেই-সব মাহুষ জন্তদের মতো হাতে পায়ে হাঁটে। বস্তুত তেমন করে হাঁটা সহজ। সেইজয় শিশুদের পক্ষে হামাগুড়ি দেওয়া কঠিন নয়।

কিছ মাহ্মকে উপরের দিকে মাথা তুলে থাড়া হয়ে দাঁড়াতে হবে। এই খাড়া

হয়ে দাঁড়ানো থেকেই মাহুষের উন্নতির আরম্ভ। এই উপায়ে যথনি সে আপনার ত্ই হাতকে মৃক্তিদান করতে পেরেছে তথনি পৃথিবীর উপরে সে কর্ত্তির অধিকার লাভ করেছে। কিন্তু শরীরটাকে সরল রেখায় খাড়া রেখে ত্ই পায়ের উপর চলা সহজ নয়। তবু জীবনযাত্রার আরম্ভেই এই কঠিন কাজকেই তার সহজ করে নিতে হয়েছে; যে মাধ্যাকর্ষণ তার সমস্ত শরীরের ভারকে নীচের দিকে টানছে, তার কাছে পরাভব স্বীকার না করবার শিক্ষাই তার প্রথম কঠিন শিক্ষা।

বহু চেষ্টায় এই সোজা হয়ে চলা যথন তার পক্ষে সহজ হয়ে দাঁড়াল, যথন সে আকাশের আলোকের মধ্যে অনায়াসে মাথা তুলতে পারল, তথন জ্যোতিষ্কবিরাজিত বুহৎ বিশ্বজগতের সঙ্গে সে আপনার সম্বন্ধ উপলব্ধি করে আনন্দ ও গৌরব লাভ করলে।

এই যেমন জগতের মধ্যে চলা মান্থকে কট করে শিখতে হয়েছে, সমাজের মধ্যে চলাও তাকে বহু কটে শিখতে হয়েছে। থাওয়া পরা, শোওয়া বসা, চলা বলা, এমন কিছুই নেই যা তাকে বিশেষ যত্নে অভ্যাস না করতে হয়েছে। কত রীতিনীতি নিয়ম-সংযম মানলে তবে চারদিকের মান্থষের সঙ্গে তার আদানপ্রদান, তার প্রয়োজন ও আনন্দের সম্বন্ধ সম্পূর্ণ ও সহজ হতে পারে। যতদিন তা না হয় ততদিন তাকে পদে পদে হৃংথ ও অপমান স্বীকার করতে হয়— ততদিন তার যা দেবার ও তার যা নেবার উভয়ই বাধাগ্রস্ত হয়।

জ্ঞানরাজ্যে অধিকারলাভের চেষ্টাতেও মান্থ্যকে অল্প ক্লেশ পেতে হয় না। যা চোথে দেখছি, কানে শুনছি, তাকেই আরামে স্বীকার করে গেলেই মান্থ্যের চলে না। এইজন্তেই বিতালয় বলে কত বড়ো একটা প্রকাণ্ড বোঝা মান্থ্যের সমাজকে বহন করে বেড়াতে হয়— তার কত আয়োজন, কত ব্যবস্থা! জীবনের প্রথম কুঁড়িপাঁচিশ বছর মান্থ্যকে কেবল শিক্ষা সমাধা করতেই কাটিয়ে দিতে হয় এবং যাদের জ্ঞানলাভের আকাজ্ঞা প্রবল, সমস্ত জীবনেও তাদের শিক্ষা শেষ হয় না।

এমনি সকল দিকেই দেখতে পাই, মাহুষ মহুশ্যবলাভের সাধনায় তপস্থা করছে। আহারের জ্বন্তে রৌদ্রবৃষ্টি মাথায় করে নিয়ে চাষ করাও তার তপস্থা, আর নক্ষত্রলোকের রহস্থ ভেদ করবার জ্বন্থে আকাশে দ্রবীন তুলে জ্বেগে থাকাও তার তপস্থা।

এমনি প্রাণের রাজ্যেই বল, জ্ঞানের রাজ্যেই বল, সামাজিকতার রাজ্যেই বল, সর্বত্রই আপনার পূর্ণ অধিকার লাভ করবার জন্মে মাহ্মুষকে প্রাণপণ করতে হয়েছে। ধারা বলেছে 'পারি নে', তারাই নেবে গিয়েছে। ধা সহজ্ব না, তারি মধ্যে মাহ্মুষকে সহজ্ব হতে হবে— সহজ্বের প্রকাণ্ড মাধ্যাকর্ষণকে কাটিয়ে তাকে সর্বত্রই উপরে মাধা তুলে দাঁড়াতে হবে।

প্রথম থেকেই সহজের বিরুদ্ধে লড়াই করতে করতে এই প্রবৃত্তি মান্তবের পক্ষে এমনি স্বাভাবিক হয়ে গেছে যে, অনাবশুক তৃ:সাধ্যসাধনও ভাকে আনন্দ দেয়। আর-কোনো প্রাণীর মধ্যেই এই অন্তুত জিনিসটা নেই। যেটা সহজ, যেটা আরামের, তার ব্যতিক্রম দেখলে অন্ত কোনো প্রাণী স্থখ বোধ করতে পারে না। অন্ত প্রাণীরা যে লড়াই করে, সে কেবল প্রয়োজনসাধনের জন্তে, আত্মরক্ষার জন্তে, অর্থাৎ দায়ে পড়ে; সে লড়াই গায়ে পড়ে তৃ:সাধ্যসাধনের জন্তে নয়। কিন্তু মান্তবেই কেবলমাত্র কঠিন কাজকে সম্পন্ন করাতেই বিশেষ আনন্দ পায়।

এইজন্তেই যে-ব্যায়ামকৌশলে কোনো প্রয়োজনই নেই, সেটা দেখা মাহ্মষের একটা আমোদের অঙ্গ। যথন শুনতে পাই বারংবার পরাস্ত হয়েও মাত্মষ উত্তরমেকর তুষার মক্ষেত্রের কেন্দ্রস্থলে আপনার জয়পতাকা পুঁতে এসেছে, তখন এই কার্যের লাভ সম্বন্ধে কোনো হিসাব না করেও আমাদের ভিতরকার তপস্বী মহ্মাত্ম পুলক অন্তব্য করে। মাহ্মষের প্রায় প্রত্যেক খেলার মধ্যেই শরীর বা মনের একটা-কিছু কষ্টের হেতু আছে— এমন একটা কিছু আছে যা সহজ্ঞ নয় বলেই মাহ্মষের পক্ষে স্থাকর।

যথন কোনো ক্ষেত্রেই মান্ন্যকে 'পারি নে' এ-কথাটা বলতে দেওয়া হয় নি, তথন ব্রহ্মের মধ্যে মান্ন্য সহজ হবে, সত্য হবে, এ সম্বন্ধেও 'পারি নে' বলা তার চলবে না। সকল শ্রেষ্ঠতাতেই চেষ্টা করে তাকে সফল হতে হয়েছে, আর যেটা সকলের চেয়ে পরম শ্রেষ্ঠতা সেইথানেই সে নিতান্ত সামান্ত চেষ্টা করেই যদি ফল না পায়, তবেই এ-কথা বলা তার সাজবে না যে, 'আমার দারা একেবারে সাধ্য নয়'।

যতই সহজ্ঞ ও যতই আরামের হ'ক, তবু আমরা কেবল মাটির দিকেই মাথা করে পশুর মতো চলে বেড়াব না, মান্থবের ভিতর এই একটি তাগিদ ছিল বলেই মান্থব যেমন বহু চেষ্টায় আকাশে মাথা তুলেছে— এবং সেই আকাশে মাথা তুলেছে ব'লে পৃথিবীর অধিকার থেকে সে বঞ্চিত হয় নি, বরঞ্চ পশুর থেকে তার অধিকার অনেক রহুংভাবে ব্যাপ্ত হয়েছে, তেমনই আমাদের মনের অন্তরতম দেশে আর-একটি গভীরতম উত্তেজনা আছে, আমরা কেবলই সংসারের দিকে মাথা রেখে সমস্ত জীবন ঘোর বিষয়ীর মতো ঘুলা জাণ করে করেই বেড়াতে পারব না— অনস্তের মধ্যে, অভয়ের মধ্যে, অশোকের মধ্যে মাথা তুলে আমরা সরল হয়ে উন্নত হয়ে সঞ্চরণ করব। যদি তাই করি, তবে সংসার থেকে আমরা ভ্রষ্ট হব না বরঞ্চ সংসারে আমাদের অধিকার বৃহৎ হবে, সত্য হবে, সার্থক হবে। তথন মৃক্তভাবে আমরা সংসারে বিচরণ করতে পারব বলেই সংসারে আমাদের যথার্থ কর্তৃত্ব প্রশন্ত হবে।

জন্ধ যেমন চার পায়ে চলে ব'লে হাতের ব্যবহার পায় না, তেমনি বিষয়ীলোক সংসারে চার পায়ে চলে ব'লে কেবল চলে মাত্র, সে ভালো করে কিছুই দিতে পারে না এবং নিতে পারে না। কিন্তু বাঁরা সাধনার জোরে ব্রহ্মের দিকে মাথা তুলে চলতে শিথেছেন, তাঁদের হাত পা উভয়ই মাটিতে বন্ধ নয়— তাঁদের তুই হাত মুক্ত হয়েছে— তাঁদের নেবার শক্তি এবং দেবার শক্তি পুর্নতালাভ করেছে— তাঁরা কেবলমাত্র চলেন তা নয়, তাঁরা কর্তা, তাঁরা স্প্রকর্তা।

ষে স্পষ্টকর্তা সে আপনাকে সর্জন করে; আপনাকে ত্যাগ করেই সে স্পৃষ্ট করে।
এই ত্যাগের শক্তিই হচ্ছে সকলের চেয়ে বড়ো শক্তি। এই ত্যাগের শক্তির দ্বারাই
মাম্ব বড়ো হয়ে উঠেছে। যে-পরিমাণেই সে আপনাকে ত্যাগ করতে পেরেছে সেই
পরিমাণেই সে লাভ করেছে। এই ত্যাগের শক্তিই স্পৃষ্টিশক্তি। এই স্পৃষ্টিশক্তিই
ক্রিমানেই টেনি বন্ধনহীন বলেই আনন্দে আপনাকে নিত্যকাল ত্যাগ করেন।
এই ত্যাগই তাঁর স্পৃষ্ট। আমাদের চিন্ত যে-পরিমাণে স্বার্থবর্জিত হয়ে মৃক্ত আনন্দে
তাঁর সঙ্গে যোগ দেয়, সেই পরিমাণে সেও স্পৃষ্ট করে, সেই পরিমাণেই তার চিন্তা, তার
কর্ম সৃষ্টি হয়ে ওঠে।

যাঁরা সংসার থেকে উচ্চ হয়ে উঠে ব্রন্ধের মধ্যে মাথা তুলে সঞ্চরণ করতে শিথেছেন, তাঁদের এই ত্যাগের শক্তিই মৃক্তিলাভ করেছে। এই আসক্তিবন্ধনহীন আত্মতাগের অব্যাহত শক্তি দ্বারাই আধ্যাত্মিকলোকে তাঁরা শ্রেষ্ঠ অধিকার লাভ করেন। এই অধিকারের জোরে সর্বত্রই তাঁরা রাজা। এই অধিকারই মান্ত্রের পরম অধিকার। এই অধিকারের মধ্যেই মান্ত্রের চরম স্থিতি। এইথানে মান্ত্র্যকে 'পারি নে' বললে চলবে না;— চিরজীবন সাধনা করেও এই চরম গতি তাকে লাভ করতে হবে, নইলে সে যদি সমস্ত পৃথিবীরও সম্রাট হয় তবু তার মহতী বিনষ্টিং।

যে-ব্রেক্ষর শক্তি আমার অন্তরে বাহিরে সর্বত্রই নিজেকে উৎসর্জন করছে, যিনি 'আত্মদা', আমি জলে-হলে-আকাশে স্থপে-তৃঃথে সর্বত্র সকল অবস্থায় তাঁর মধ্যেই আছি, এই চেতনাকে প্রতিদিনের চেষ্টায় সহজ্ঞ করে তুলতে হবে। এই সাধনার ধ্যানই হচ্ছে গায়ত্রী। এই সাধনাই হচ্ছে তাঁর মধ্যে দাঁড়াতে এবং চলতে শেখা। অনেকবার টলতে হবে, বারবার পড়তে হবে, কিন্তু তাই বলে ভয় করলে হবে না 'তবে বৃঝি পারব না'। পারবই, নিশ্চয়ই পারব। কেননা অন্তরের মধ্যে এই দিকেই মান্ত্রের একটা প্রেরণা আছে,— এইজন্মে মান্ত্র তৃঃসাধ্যতাকে ভয় করে না, তাকে বরণ করে নেয়,— এইজন্মেই মান্ত্র্য একটা আশ্চর্য কথা ব'লে জগতের অন্য-সকল প্রাণীর চেয়ে বড়ো হয়ে উঠেছে, ভূমৈব স্থখং, নাজ্যে স্থমনন্তি।

জঝোৎসব

বস্তার জন্মদিনে বোলপুর ব্রহ্মবিভালয়ের বালকদিসের নিকট কবিত

আজ আমার জন্মদিনে তোমরা উৎসব করে আমাকে আহ্বান করেছ,— এতে আমার অনেকদিনের শ্বতিকে জাগিয়ে তুলেছে।

জন্মদিনে বিশেষভাবে নিজের জীবনের প্রতি দৃষ্টি করবার কথা অনেকদিন আমার মনে জাগে নি। কত ২৫শে বৈশাথ চলে গিয়েছে, তারা অহ্য তারিথের চেয়ে নিজেকে কিছুমাত্র বড়ো করে আমার কাছে প্রকাশ করে নি।

বস্তুত, নিজের জন্মদিন বৎসরের অন্য ৩৬৪ দিনের চেয়ে নিজের কাছে কিছুমাত্র বড়ো নয়। যদি অন্যের কাছে তার মূল্য থাকে তবেই তার মূল্য।

যে দিন আমরা এই পৃথিবীতে জন্মগ্রহণ করেছিলুম, সেদিন নৃতন অতিথিকে নিয়ে যে উৎসব হয়েছিল, সে আমাদের নিজের উৎসব নয়। অজ্ঞাত গোপনতার মধ্য থেকে আমাদের সন্থ আবির্ভাবকে থারা একটি পরমলাভ বলে মনে করেছিলেন, উৎসব তাঁদেরি। আনন্দলোক থেকে একটি আনন্দ-উপহার পেয়ে তাঁরা আত্মার আত্মীয়তার ক্ষেত্রকে বড়ো করে উপলব্ধি করেছিলেন, তাই তাঁদের উৎসব।

এই উপলব্ধি চিরকাল সকলের কাছে সমান নবীন থাকে না। অতিথি ক্রমে প্রাতন হয়ে আসে,— সংসারে তার আবির্ভাব-যে পরমরহস্থাময় এবং সে-যে চিরদিন এথানে থাকবে না, সে-কথা ভূলে থেতে হয়। বংসরের পর বংসর সমভাবেই প্রায় চলে থেতে থাকে— মনে হয়, তার ক্ষতিও নেই বৃদ্ধিও নেই, সে আছে তো আছেই—তার মধ্যে অস্তরের প্রকাশ আর আমরা দেখতে পাই নে। তথন যদি আমরা উৎসব করি, সে বাঁধা প্রথার উৎসব— সে এক-রকম দায়ে পড়ে করা।

যতক্ষণ মাস্থ্যের মধ্যে নব নব সম্ভাবনার পথ খোলা থাকে, ততক্ষণ তাকে আমরা নৃতন করেই দেখি; তার সম্বন্ধে ততক্ষণ আমাদের আশার অস্ত থাকে না, সে আমাদের উৎস্করকে সমান জাগিয়ে রেখে দেয়।

জীবনে একটা বয়স আসে যখন মাহুষের সম্বন্ধে আর নৃতন প্রত্যাশা করবার কিছুই থাকে না; তথন সে যেন, আমাদের কাছে এক-রকম ফুরিয়ে আসে। সে-রকম অবস্থায় তাকে দিয়ে আমাদের প্রতিদিনের ব্যবহার চলতে পারে কিন্তু উৎসব চলতে পারে না; কারণ, উৎসব জিনিসটাই হচ্ছে নবীনতার উপলব্ধি— তা আমাদের প্রতিদিনের অতীত। উৎসব হচ্ছে জীবনের কবিন্ধ, যেখানে রস সেইখানেই তার প্রকাশ।

আজ আমি উনপঞ্চাশ বংসর সম্পূর্ণ করে পঞ্চাশে পড়েছি। কিন্তু আমার সেই দিনের কথা মনে পড়ছে যখন আমার জন্মদিন নবীনতার উজ্জ্বলতায় উৎসবের উপযুক্ত ছিল।

তথন আমার তরুণ বয়দ। প্রভাত হতে না হতে প্রিয়জনেরা আমাকে কত আনন্দে শারণ করিয়ে দিয়েছে যে 'আজ তোমার জন্মদিন'। আজ তোমরা দেমন ফুল তুলেছ, ঘর সাজিয়েছ, সেই-রকম আয়োজনই তথন হয়েছে। আত্মীয়দের সেই আনন্দ-উৎসাহের মধ্যে মহুয়জন্মের একটি বিশেষ মূল্য সেদিন অমুভব করতুম। যেদিকে সংসারে আমি অসংখ্য বহুর মধ্যে একজনমাত্র, সেদিক থেকে আমার দৃষ্টি ফিরে গিয়ে যেখানে আমি আমিই, যেখানে আমি বিশেষভাবে একমাত্র, সেথানেই আমার দৃষ্টি পড়ত— নিজের গৌরবে সেদিন প্রাত্তকালে হয়য় বিকশিত হয়ে উঠত।

এমনি করে আত্মীয়দের স্বেহদৃষ্টির পথ বেয়ে নিজের জীবনের দিকে যথন তাকাতৃম, তথন আমার জীবনের দ্রবিস্থৃত ভবিশ্বৎ তার অনাবিস্থৃত রহস্থালোক থেকে এমন একটি বাঁশি বাজাত যাতে আমার সমস্ত চিত্ত ত্লে উঠত। বস্তুত, জীবন তথন আমার সামনেই— পিছনে তার অতি অল্পই। জীবনে যেটুকু গোচর ছিল, তার চেয়ে অগোচরই ছিল অনেক বেশি। আমার তরুণ বয়দের অল্প কয়েকটি অতীত বংসরকে গানের ধুয়াটির মতো অবলম্বন করে সমস্ত অনাগত ভবিশ্বৎ তার উপরে অনির্বচনীয়ের তান লাগাতে থাকত।

পথ তথন নির্দিষ্ট হয় নি। নানা দিকে তার শাখাপ্রশাখা। কোন্ দিক দিয়ে কোথায় যাব এবং কোথায় গেলে কী পাব, তার অধিকাংশই কল্পনার মধ্যে ছিল। এইজন্য প্রতিবংদর জন্মদিনে জীবনের দেই অনির্দেশ্য অসীম প্রত্যাশায় চিত্ত বিশেষ-ভাবে জাগ্রত হয়ে উঠত।

ঝরনা যথন প্রথম জেগে ওঠে, নদী যথন প্রথম চলতে আরম্ভ করে, তথন নিজের স্থার পথ বের করতে তাকে নানা দিকে নানা গতিপরিবর্তন করতে হয়। অবশেষে বাধার দ্বারা সীমাবদ্ধ হয়ে যথন তার পথ স্থনিদিষ্ট হয়, তথন নৃতন পথের সন্ধান তার বন্ধ হয়ে যায়। তথন নিজের থনিত পথকে অতিক্রম করাই তার পক্ষে ত্ঃসাধ্য হয়ে ওঠে।

আমারো জীবনের ধারা যথন ঘাতপ্রতিঘাতের মাঝখান দিয়ে আপনার পথটি তৈরি করে নিলে, তখন বর্ধার বক্সার বেগও সেই পথেই স্ফীত হয়ে বইতে লাগল এবং গ্রীম্মের রিক্ততাও সেই পথেই সংকৃচিত হয়ে চলতে থাকল। তখন নিজের জীবনকে বারম্বার আর নৃতন করে আলোচনা করবার দরকার রইল না। এইজন্যে তখন থেকে জনদিন আর-কোনো নৃতন আশার স্থরে বাজতে থাকল না। সেইজন্যে জন্মদিনের সংগীতটি যখন নিজের ও অন্তের কাছে বন্ধ হয়ে এল, তখন আন্তে আন্তে উৎসবের প্রদীপটিও নিবে এল। আমার বা আর্রি-কারো কাছে এর আর-কোনো প্রয়োজনই ছিল না।

এমনসময় আজ তোমরা যখন আমাকে এই জন্মোৎসবের সভা সাজিয়ে তার মধ্যে আহ্বান করলে, তখন প্রথমটা আমার মনের মধ্যে সংকোচ উপস্থিত হয়েছিল। আমার মনে হল, জন্ম তো আমার অর্ধ শতাব্দীর প্রান্থে কোথায় পড়ে রয়েছে, সে-যে কবেকার প্রানো কথা তার আর ঠিক নেই— মৃত্যুদিনের মৃতি তার চেয়ে অনেক বেশি কাছে এসেছে— এই জীর্ণ জন্মদিনকে নিয়ে উৎসব করবার বয়স কি আমার।

এমনসময় একটি কথা আমার মনে উদয় হল, এবং সেই কথাটাই তোমাদের সামনে আমি বলতে ইচ্ছা করি।

পূর্বেই আভাস দিয়েছি, জন্মোৎসবের ভিতরকার সার্থকতাটা কিসে। জগতে আমরা অনেক জিনিসকে চোথের দেখা করে দেখি, কানের শোনা করে শুনি, ব্যবহারের পাওয়া করে পাই; কিন্তু অতি অল্প জিনিসকেই আপন করে পাই। আপন করে পাওয়াতেই আমাদের আনন্দ— তাতেই আমরা আপনাকে বহুগুণ করে পাই। পৃথিবীতে অসংখ্য লোক; তারা আমাদের চারিদিকেই আছে কিন্তু তাদের আমরা পাই নি, তারা আমাদের আপন নয়, তাই তাদের মধ্যে আমাদের আনন্দ নেই।

তাই বলছিলুম, আপন করে পাওয়াই হচ্ছে একমাত্র লাভ, তার জন্মেই মামুষের যত-কিছু সাধনা। শিশু ঘরে জন্মগ্রহণ করবামাত্রই তার মা বাপ এবং ঘরের লোক এক মূহুর্তেই আপনার লোককে পায়,— পরিচয়ের আরম্ভকাল থেকেই সে যেন চিরস্তন। অল্পকাল পূর্বেই সে একেবারে কেউ ছিল না— না-জানার অনাদি অন্ধকার থেকে বাহির হয়েই সে আপন-করে-জানার মধ্যে অতি অনায়াসেই প্রবেশ করলে; এজন্মে পরস্পরের মধ্যে কোনো সাধনার, কোনো দেখাসাক্ষাৎ আনাগোনার কোনো প্রয়োজন হয় নি।

ষেখানেই এই আপন করে পাওয়া আছে সেইথানেই উৎসব। ঘর সাজিয়ে বাঁশি বাজিয়ে সেই পাওয়াটকৈ মান্ন্য স্থলর করে তুলে প্রকাশ করতে চায়। বিবাহেও পরকে যখন চিরদিনের মতো আপন করে পাওয়া যায়, তখনো এই সাজসজ্জা, এই গীতবাছা। 'তুমি আমার আপন' এই কথাটি মান্ন্য প্রতিদিনের স্থরে বলতে পারে না— এতে সৌলর্ধের স্বর ঢেলে দিতে হয়। শিশুর প্রথম জন্মে ধেদিন তার আত্মীয়েরা আনন্দধ্বনিতে বলেছিল 'তোমাকে আমরা পেয়েছি'— সেইদিনে ফিরে ফিরে বংসরে বংসরে তারা ওই একই কথা আওড়াতে চায় যে, 'তোমাকে আমরা পেয়েছি। তোমাকে পাওয়ায় আমাদের সোভাগ্য, তোমাকে পাওয়ায় আমাদের আনন্দ, কেননা তুমি-যে আমাদের আপন, তোমাকে পাওয়াত আমরা আপনাকে অধিক করে পেয়েছি।'

আজ আমার জন্মদিনে তোমরা যে-উৎসব করছ, তার মধ্যে যদি সেই কথাটি থাকে, তোমরা যদি আমাকে আপন করে পেয়ে থাক, আজ প্রভাতে সেই পাওয়ার আনন্দকেই যদি তোমাদের প্রকাশ করবার ইচ্ছা হয়ে থাকে, তা হলেই এই উৎসব সার্থক। তোমাদের জীবনের সঙ্গে আমার জীবন যদি বিশেষভাবে মিলে থাকে, আমাদের পরস্পরের মধ্যে যদি কোনো গভীরতর সম্বন্ধ স্থাপিত হয়ে থাকে, তবেই যথার্থভাবে এই উৎসবের প্রয়োজন আছে, তার মূল্য আছে।

এই জীবনে মাহুষের যে কেবল একবার জন্ম হয়, তা বলতে পারি নে। বীজকে মরে অঙ্কুর হতে হয়, অঙ্কুরকে মরে গাছ হতে হয়— তেমনি মাহুষকে বারবার মরে নৃতন জীবনে প্রবেশ করতে হয়।

একদিন আমি আমার পিতামাতার ঘরে জন্ম নিয়েছিল্ম— কোন্ রহস্থাম থেকে প্রকাশ পেয়েছিল্ম, কে জানে। কিন্তু জীবনের পালা, প্রকাশের লীলা সেই ঘরের মধ্যেই সমাপ্ত হয়ে চুকে যায় নি।

দেখানকার স্থগত্থে ও স্বেহপ্রেমের পরিবেষ্টন থেকে আজ জীবনের নৃতন ক্ষেত্রে জন্মলাভ করেছি। বাপমায়ের ঘরে যথন জন্মেছিল্ম তথন অকন্মাৎ কত নৃতন লোক চিরদিনের মতো আমার আপনার হয়ে গিয়েছিল। আজ ঘরের বাইরে আর-একটি ঘরে আমার জীবন যে জন্মলাভ করেছে এখানেও একত্র কত লোকের সঙ্গে আমার সম্বন্ধ বেঁধে গেছে। সেইজন্মেই আজকের এই আনন্দ।

আমার প্রথম বয়দে, সেই পূর্বজীবনের মধ্যে আজকের এই নবজন্মের সম্ভাবনা এতই সম্পূর্ণ গোপনে ছিল যে, তা কল্পনারও গোচর হতে পারত না। এই লোক আমার কাছে অজ্ঞাতলোক ছিল।

সেইজন্মে আমার এই পঞ্চাশ বংসর বয়সেও আমাকে তোমরা নৃতন করে পেয়েছ; আমার সঙ্গে তোমাদের সন্ধন্ধের মধ্যে জরাজীর্ণতার লেশমাত্র লক্ষণ নেই। তাই আজ সকালে তোমাদের আনন্দ-উৎসবের মাঝখানে বসে আমার এই নবজন্মের নবীনতা অন্তরে বাহিরে উপলব্ধি করছি।

এই ষেথানে তোমাদের সকলের সঙ্গে আমি আপন হয়ে বসেছি, এ আমার

সংসারলোক নয়, এ মকললোক। এখানে দৈহিক জন্মের সমন্ধ নয়, এখানে অহেতুক কল্যাণের সমন্ধ।

মান্থবের মধ্যে বিজ্ঞত্ব আছে; মান্থব একবার জন্মান্ন গর্ভের মধ্যে, আবার জন্মান্ন মৃক্ত পৃথিবীতে। তেমনি আর-একদিক দিয়ে মান্থবের এক জন্ম আপনাকে নিয়ে, আর-এক জন্ম সকলকে নিয়ে।

পৃথিবীতে ভূমিষ্ঠ হয়ে তবে মান্থবের জন্মের সমাপ্তি, তেমনি স্বার্থের আবরণ থেকে মৃক্ত হয়ে মঙ্গলের মধ্যে উত্তীর্ণ হওয়া মন্থ্যুত্বের সমাপ্তি। জঠরের মধ্যে জনই হচ্ছে কেন্দ্রবর্তী, সমস্ত জঠর তাকেই ধারণ করে এবং পোষণ করে, কিন্তু পৃথিবীতে জন্মমাত্র তার সেই নিজের একমাত্র কেন্দ্রস্থ ঘূচে যায়— এখানে সে অনেকের অন্তর্বর্তী। স্বার্থলোকেও আমিই হচ্ছি কেন্দ্র, অন্ত-সমস্ত তার পরিধি,— মঙ্গললোকে আমিই কেন্দ্র নই, আমি সমগ্রের অন্তর্বর্তী; স্থতরাং এই সমগ্রের প্রাণেই সেই আমির প্রাণ, সমগ্রের ভালোমন্দেই তার ভালোমন্দ।

পৃথিবীতে আমাদের দৈহিক জীবন একেবারেই পাকা হয় না। যদিও মুক্ত আকাশে আমরা জন্মগ্রহণ করি বটে, তবু শক্তির অভাবে আমরা মুক্তভাবে সঞ্চরণ করতে পারি নে; মায়ের কোলেই, ঘরের দীমার মধ্যেই আবদ্ধ হয়ে থাকি। তার পরে ক্রমশই পরিপুষ্টি ও সাধনা থেকে পৃথিবীলোকে আমাদের মুক্ত অধিকার বিস্তৃত হতে থাকে।

বাইরের দিক থেকে এ যেমন, অস্তরের দিক থেকেও আমাদের দ্বিতীয় জন্মের সেই-রকমের একটি ক্রমবিকাশ আছে। ঈশ্বর যথন স্বার্থের জীবন থেকে আমাদের মঙ্গলের জীবনে এনে উপস্থিত করেন, তখন আমরা একেবারেই পূর্ণ শক্তিতে সেই জীবনের অধিকার লাভ করতে পারি নে। ক্রণত্বের জড়তা আমরা একেবারেই কাটিয়ে উঠি নে। তখন আমরা চলতে চাই, কারণ চারিদিকে চলার ক্ষেত্র অবাধ-বিস্তৃত — কিন্ধ চলতে পারি নে, কেননা আমাদের শক্তি অপরিণত। এই হচ্ছে দ্বন্ধের অবস্থা। শিশুর মতো চলতে গিয়ে বারবার পড়তে হয় এবং আঘাত পেতে হয়; যতটা চলি তার চেয়ে পড়ি অনেক বেশি। তবুও ওঠা ও পড়ার এই স্কর্কোর বিরোধের মধ্য দিয়েই মঙ্গললোকে আমাদের ম্ক্তির অধিকার ক্রমণ প্রশন্ত হতে থাকে।

কিন্ত শিশু যথন মায়ের কোলে প্রায় অহোরাত্র শুয়ে-ঘ্মিয়েই কাটাচ্ছে তথনো যেমন জানা যায়, দে এই চলা-ফেরা-জাগরণের পৃথিবীতেই জন্মগ্রহণ করেছে এবং তার দক্ষে বয়স্কদের সাংসারিক সমন্ধ অহুভব করতে কোনো সংশয়মাত্র থাকে না, তেমনি যখন আমরা স্বার্থলোক থেকে মন্তলাকে প্রথম ভূমিষ্ঠ হই তথন পদে পদে আমাদের জড়ত্ব ও অক্কতার্থতা সত্ত্বেও আমাদের জীবনের ক্ষেত্রপরিবর্তন হয়েছে, সে কথা এক-রকম করে ব্যুতে পারা যায়। এমন কি, জড়তার সঙ্গে নবলন্ধ চেতনার বহুতরো বিরোধের দ্বারাই সেই খবরটি স্পষ্ট হয়ে ওঠে।

বস্তুত, স্বার্থের জঠরের মধ্যে মাহ্ন্য যথন শয়ান থাকে, তথন সে বিধাহীন আরামের মধ্যেই কাল্যাপন করে। এর থেকে যথন প্রথম মৃক্তিলাভ করে, তথন অনেক তৃ:ধস্বীকার করতে হয়, তথন নিজের সঙ্গে অনেক সংগ্রাম করতে হয়।

তথন ত্যাগ তার পক্ষে সহজ হয় না কিন্তু তবু তাকে ত্যাগ করতেই হয়, কারণ এ লোকের জীবনই হচ্ছে ত্যাগ। তথন তার সমস্ত চেষ্টার মধ্যে সম্পূর্ণ আনন্দ থাকে না, তবু তাকে চেষ্টা করতেই হয়। তথন তার মন যা বলে, তার আচরণ তার প্রতিবাদ করে; তার অন্তরাত্মা যে-ডালকে আশ্রয় করে, তার ইন্দ্রিয় তাকেই কুঠারাঘাত করতে থাকে; যে-শ্রেয়কে আশ্রয় ক'রে সে অহংকারের হাত থেকে নিষ্কৃতি পাবে, অহংকার গোপনে সেই শ্রেয়কেই আশ্রয় ক'রে গভীরতররূপে আপনাকে পোষণ করতে থাকে। এমনি ক'রে প্রথম অবস্থায় বিরোধ-অসামগ্রস্তের বিষম ধন্দের মধ্যে পড়ে তার আর তৃঃথের অন্ত থাকে না।

আমি আজ ভোমাদের মধ্যে যেখানে এসেছি, এখানে আমার পূর্বজীবনের অমুবৃত্তি নেই। বস্তুত, সে জীবনকে ভেদ করেই এখানে আমাকে ভূমিষ্ঠ হতে হয়েছে। এই-জন্মেই আমার জীবনের উৎসব সেখানে বিলুপ্ত হয়ে এখানেই প্রকাশ পেয়েছে। দেশালাইয়ের কাঠির মুখে যে-আলো একটুখানি দেখা দিয়েছিল, সেই আলো আজ প্রদীপের বাতির মুখে গ্রুবতর হয়ে জলে উঠেছে।

কিন্তু এ-কথা তোমাদের কাছে নিঃসন্দেহই অগোচর নেই ষে, এই নৃতন জীবনকে আমি শিশুর মতো আশ্রয় করেছি মাত্র, বয়স্কের মতো একে আমি অধিকার করতে পারি নি। তবু আমার সমস্ত বন্দ্র এবং অপূর্ণতার বিচিত্র অসংগতির ভিতরেও আমি তোমাদের কাছে এসেছি, সেটা তোমরা উপলব্ধি করেছ— একটি মঙ্গললোকের সম্বন্ধে তোমাদের সঙ্গে যুক্ত হয়ে আমি তোমাদের আপন হয়েছি, সেইটে তোমরা হাদয়ে জ্যেনছ— এবং সেইজক্তেই আজ তোমরা আমাকে নিয়ে এই উৎসবের আয়োজন করেছ, এ-কথা যদি সত্য হয়, তবেই আমি আপনাকে ধয়্য বলে মনে করব; তোমাদের সকলের আনন্দের মধ্যে আমার নৃতন জীবনকে সার্থক বলে জানব।

এইসঙ্গে একটি কথা তোমাদের মনে করতে হবে, যে-লোকের সিংহদ্বারে তোমরা সকলে আত্মীয় বলে আমাকে আজ অভ্যর্থনা করতে এসেছ, এ লোকে তোমাদের জীবনও প্রতিষ্ঠালাভ করেছে, নইলে আমাকে তোমরা আপনার বলে জানতে পারতে না। এই আশ্রমটি তোমাদের দ্বিজত্বের জন্মস্থান। ধরনাগুলি ষেমন পরস্পরের অপরিচিত নানা স্বদ্র শিথর থেকে নি:স্ত হয়ে, একটি বৃহৎ ধারায় সম্মিলিত হয়ে নদী-জন্ম লাভ করে— তোমাদের ছোটো ছোটো জীবনের ধারাগুলি তেমনি কত দ্রদ্রাম্ভর গৃহ থেকে বেরিয়ে এসেছে— তারা এই আশ্রমের মধ্যে এসে বিচ্ছিন্নতা পরিহার ক'রে একটি সম্মিলিত প্রশস্ত মঙ্গলের গতি প্রাপ্ত হয়েছে। ঘরের মধ্যে তোমরা কেবল ঘরের ছেলেটি বলে আপনাদের জানতে— সেই জানার সংকীর্ণতা ছিন্ন করে এখানে ভোমরা সকলের মধ্যে নিজেকে দেখতে পাচ্ছ— এমনি করে নিজের মহত্তর সত্তাকে এখানে উপলন্ধি করতে আরম্ভ করেছ, এই হচ্ছে তোমাদের নবজন্মের পরিচয়। এই নবজন্মে বংশগৌরব নেই, আত্মাভিমান নেই, রক্তসম্বন্ধের গণ্ডি নেই, আত্মপরের কোনো সংকীর্ণ ব্যবধান নেই; এথানে তিনিই পিতা হয়ে, প্রভূ হয়ে আছেন— য এক:, যিনি এক,— অবর্ণঃ, যার জাতি নেই,— বর্ণান্ অনেকান্ নিহিতার্থো দধাতি, যিনি অনেক বর্ণের অনেক নিগৃঢ়নিহিত প্রয়োজনসকল বিধান করছেন,— বিচৈতি চাস্তে বিশ্বমাদৌ, বিশ্বের সমস্ত আরক্তেও যিনি পরিণামেও যিনি,— স দেবঃ, সেই দেবতা। স নো বৃদ্ধ্যা ভভয়া সংযুনক্ত্র। তিনি আমাদের সকলকে মঙ্গলবৃদ্ধির দ্বারা সংযুক্ত করুন। এই यक्रनालां व वार्यवृक्षि नय, विषय्वृक्षि नय, এथान आभारानत अत्रस्थातत य-र्याणमध्य সে কেবলমাত্র সেই একের বোধে অমুপ্রাণিত মঙ্গলবৃদ্ধির দারাই সম্ভব।

२६ देवणांथ ३७३१

শ্রাবণ সন্ধ্যা

আব্দ প্রাবণের অপ্রাস্ত ধারাবর্ষণে জগতে আর-যত-কিছু কথা আছে, সমস্তকেই ডুবিয়ে ভাসিয়ে দিয়েছে। মাঠের মধ্যে অন্ধকার আব্দ নিবিড়— এবং যে কথনো একটি কথা কইতে জানে না, সেই মৃক আব্দ কথায় ভরে উঠেছে।

অন্ধকারকে ঠিকমতো তার উপযুক্ত ভাষায় যদি কেউ কথা কওয়াতে পারে, তবে দে এই প্রাবণের ধারাপতনধ্বনি। অন্ধকারের নিঃশব্দতার উপরে এই ঝর্ ঝর্ কলশব্দ যেন পর্দার উপরে পর্দা টেনে দেয়, তাকে আরো গভীর করে ঘনিয়ে তোলে, বিশ্বজগতের নিদ্রাকে নিবিড় করে আনে। রৃষ্টিপতনের এই অবিরাম শব্দ, এ যেন শব্দের অন্ধকার।

. আজ এই কর্মহীন সন্ধ্যাবেলাকার অন্ধকার তার সেই জপের মন্ত্রটিকে খুঁজে

পেয়েছে। বারবার তাকে ধ্বনিত করে তুলছে— শিশু তার নৃতনশেখা কথাটিকে নিয়ে বেমন অকারণে অপ্রয়োজনে ফিরে ফিরে উচ্চারণ করতে থাকে সেই-রকম— তার খ্রান্তি নেই, শেষ নেই, তার আর বৈচিত্র্য নেই।

আন্ধ বোবা সন্ধ্যাপ্রকৃতির এই-যে হঠাৎ কণ্ঠ থুলে গিয়েছে এবং আশ্চর্য হয়ে ন্তন্ধ হয়ে ন্তন্ধ হয়ে বেদ যেন ক্রমাগত নিজের কথা নিজের কানেই শুনছে, আমাদের মনেও এর একটা দাড়া জেগে উঠেছে— দেও কিছু-একটা বলতে চাছে।— ওই-রকম থুব বড়ো করেই বলতে চায়, ওই-রকম জল হল আকাশ একেবারে ভরে দিয়েই বলতে চায়,— কিছু সেতো কথা দিয়ে হবার জ্যো নেই, তাই দে একটা স্থরকে খুঁজছে। জলের কল্লোলে, বনের মর্মরে, বসস্থের উচ্ছাদে, শরতের আলোকে, বিশাল প্রকৃতির যা-কিছু কথা সে তো স্পষ্ট কথায় নয়— দে কেবল আভাদে ইঙ্গিতে, কেবল ছবিতে গানে। এইজন্মে প্রকৃতি যথন আলাপ করতে থাকে, তখন দে আমাদের মুথের কথাকে নিরস্ত করে দেয়, আমাদের প্রাণের ভিতরে অনির্বচনীয়ের আভাদে ভরা গানকেই জাগিয়ে তোলে।

কথা জিনিসটা মান্নষেরই, আর গানটা প্রকৃতির। কথা স্থাপ্ট এবং বিশেষ প্রয়োজনের দ্বারা সীমাবদ্ধ, আর গান অপ্পষ্ট এবং সীমাহীনের ব্যাকুলতায় উৎকৃতিত। সেইজন্মে কথায় মান্নষ মন্নুখলোকের এবং গানে মান্নুষ বিশ্বপ্রকৃতির সঙ্গে মেলে। এইজন্মে কথার সঙ্গে মান্নুষ যথন স্থাকে জুড়ে দেয়, তথন সেই কথা আপনার অর্থকে আপনি ছাড়িয়ে গিয়ে ব্যাপ্ত হয়ে যায়— সেই স্থরে মান্নুষের স্থাত্ঃথকে সমস্ত আকাশের জিনিস করে তোলে, তার বেদনা প্রভাতসন্ধ্যার দিগন্তে আপনার রঙ মিলিয়ে দেয়, জগতের বিরাট অব্যক্তের সঙ্গে যুক্ত হয়ে একটি বৃহৎ অপরপতা লাভ করে, মান্নুষের সংসারের প্রাত্যহিক স্থারিচিত সংকীর্ণতার সঙ্গে তার ঐকান্তিক ঐক্য আর থাকে না।

তাই নিজের প্রতিদিনের ভাষার দক্ষে প্রকৃতির চিরদিনের ভাষাকে মিলিয়ে নেবার জন্যে মান্থবের মন প্রথম থেকেই চেষ্টা করছে। প্রকৃতি হতে রঙ এবং রেখা নিয়ে নিজের চিন্তাকে মান্থব ছবি করে তুলছে, প্রকৃতি হতে স্থর এবং ছন্দ নিয়ে নিজের ভাবকে মান্থব কাব্য করে তুলছে। এই উপায়ে চিন্তা অচিন্তনীয়ের দিকে ধাবিত হয়, ভাব অভাবনীয়ের মধ্যে এসে প্রবেশ করে। এই উপায়ে মান্থবের মনের জিনিসগুলি বিশেব প্রয়োজনের সংকোচ এবং নিত্যব্যবহারের মলিনতা ঘুচিয়ে দিয়ে চিরস্তনের সক্ষে যুক্ত হয়ে এমন সরস নবীন এবং মহৎ মৃতিতে দেখা দেয়।

আৰু এই ঘনবর্ধার সন্ধ্যায় প্রক্বতির শ্রাবণ-অন্ধকারের ভাষা আমাদের ভাষার সঙ্গে মিলতে চাচ্ছে। অব্যক্ত আৰু ব্যক্তের সঙ্গে লীলা করবে বলে আমাদের ছারে এসে আঘাত করছে। আজ যুক্তি তর্ক ব্যাখ্যা বিশ্লেষণ খাটবে না। আজ গান ছাড়া আর কোনো কথা নেই।

তাই আমি বলছি, আমার কথা আজ থাক্। সংসারের কাজকর্মের সীমাকে, মহুশুলোকালয়ের বেড়াকে একটুথানি সরিয়ে দাও, আজ এই আকাশভরা শ্রাবণের ধারাবর্ধণকে অবারিত অস্তরের মধ্যে আহ্বান করে নেও।

প্রকৃতির দক্ষে মাহুষের অন্তরের সম্বন্ধটি বড়ো বিচিত্র। বাহিরে তার কর্মক্ষেত্রে প্রকৃতি এক-রকমের, আবার আমাদের অন্তরের মধ্যে তার আর-এক মূর্তি।

একটা দৃষ্টাস্ক দেখো— গাছের ফুল। তাকে দেখতে যতই শৌথন হ'ক, সে নিতান্তই কাজের দায়ে এদেছে। তার দাজসজ্জা সমস্তই আপিদের দাজ। যেমন করে হ'ক, তাকে ফল ফলাতেই হবে, নইলে তরুবংশ পৃথিবীতে টি কবে না, সমস্ত মরুভূমি হয়ে যাবে। এইজন্তেই তার রঙ্ক, এইজন্তেই তার গদ্ধ। মৌমাছির পদরেণুপাতে যেমনি তার পুশজর সফলতালাভের উপক্রম করে, অমনি দে আপনার রঙিন পাতা খদিয়ে ফেলে, আপনার মধ্গদ্ধ নির্মাভাবে বিদর্জন দেয়; তার শৌথনতার সময়মাত্র নেই, দে অত্যন্ত বাস্ত। প্রকৃতির বাহিরবাড়িতে কাজের কথা ছাড়া আর অন্ত কথা নেই। সেখানে কুঁড়ি ফুলের দিকে, ফুল ফলের দিকে, ফল বীজের দিকে, বীজ গাছের দিকে হন্হন্ করে ছুটে চলেছে,— যেখানে একটু বাধা পায় সেখানে আর মাপ নেই, সেখানে কোনো কৈফিয়ং কেউ গ্রাহ্ম করে না, দেখানেই তার কপালে ছাপ পড়ে যায় 'নামগ্র্র', তথনি বিনা বিলম্বে খদে ঝরে শুকিয়ে দরে পড়তে হয়। প্রকৃতির প্রকাণ্ড আপিদে অগণ্য বিভাগ, অসংখ্য কাজ। স্থকুমার গুই ফুলটিকে যে দেখছ, অত্যন্ত বার্র মতো গায়ে গদ্ধ মেথে রঙিন পোশাক পরে এনেছে, দেও সেখানে রৌজে জলে মজ্বি করবার জন্তে এনেছে, তাকে তার প্রতি মৃহুর্তের হিদাব দিতে হয়, বিনা কারণে গায়ে হাওয়া লাগিয়ে যে একটু দোলা খাবে এমন এক পলকও তার সময় নেই।

কিন্তু এই ফুলটিই মামুষের অন্তরের মধ্যে যখন প্রবেশ করে, তখন তার কিছুমাত্র তাড়া নেই, তখন দে পরিপূর্ণ অবকাশ মুর্তিমান। এই একই জ্বিনিদ বাইরে প্রকৃতির মধ্যে কাজের অবতার, মামুষের অন্তরের মধ্যে শান্তি ও সৌন্দর্যের পূর্ণ প্রকাশ।

তখন বিজ্ঞান আমাদের বলে, 'তুমি ভুল ব্যছ— বিশ্ববন্ধাণ্ডে ফুলের একমাত্র উদ্দেশ্য কাজ করা; তার দঙ্গে দৌন্দর্যমাধুর্যের যে-অহেতুক দম্বদ্ধ তুমি পাতিয়ে বদেছ, সে তোমার নিজের পাতানো।'

আমাদের হৃদয় উত্তর করে, 'কিছুমাত্র ভূল বৃঝি নি। ওই ফুলটি কাজের পরিচয়পত্র নিয়ে প্রকৃতির মধ্যে প্রবেশ করে, আর সৌন্দর্যের পরিচয়পত্র নিয়ে আমার দ্বারে এসে আঘাত করে—একদিকে আদে বন্দীর মতো, আর-একদিকে আদে মৃক্তস্বরূপে— এর একটা পরিচয়ই যে সত্য আর অন্যটা সত্য নয়, এ-কথা কেমন করে মানব। ওই ফুলটি গাছপালার মধ্যে অনবচ্ছিন্ন কার্যকারণস্ত্রে ফুটে উঠেছে, এ-কথাটাও সত্য কিছ দে তো বাহিরের সত্য,— আর অন্তরের সত্য হচ্ছে, আনন্দান্ধ্যেব থবিমানি ভূতানি জায়ন্তে।

ফুল মধুকরকে বলে, 'তোমার ও আমার প্রয়োজনের ক্ষেত্রে তোমাকে আহ্বান করে আনব বলে আমা তোমার জন্মেই সেজেছি'— আবার মাহুষের মনকে বলে, 'আনন্দের ক্ষেত্রে তোমাকে আহ্বান করে আনব বলে আমি তোমার জন্মেই সেজেছি।' মধুকর ফুলের কথা সম্পূর্ণ বিশ্বাস ক'রে কিছুমাত্র ঠকে নি, আর মাহুষের মনও যথন বিশ্বাস ক'রে তাকে ধরা দেয় তথন দেখতে পায় ফুল তাকে মিথ্যা বলে নি।

ফুল-যে কেবল বনের মধ্যেই কাজ করছে তা নয়— মামুষের মনের মধ্যেও তার ষেটুকু কাজ, তা সে বরাবর করে আসছে।

আমাদের কাছে তার কাজটা কী। প্রকৃতির দরজায় যে-ফুলকে যথাঋতুতে যথা-সময়ে মজুরের মতো হাজরি দিতে হয়, আমাদের হৃদয়ের দ্বারে সে রাজদ্তের মতো উপস্থিত হয়ে থাকে।

দীতা যখন রাবণের ঘরে একা বদে কাঁদছিলেন তখন একদিন যে-দৃত তাঁর কাছে এদে উপস্থিত হয়েছিল, দে রামচন্দ্রের আংটি দশে করে এনেছিল; এই আংটি দেখেই দীতা তখনি ব্যতে পেরেছিলেন, এই দৃতই তাঁর প্রিয়তমের কাছ থেকে এসেছে,—তখনি তিনি ব্যলেন, রামচন্দ্র তাঁকে ভোলেন নি, তাঁকে উদ্ধার করে নেবেন বলেই তাঁর কাছে এসেছেন।

ফুলও আমাদের কাছে দেই প্রিয়তমের দৃত হয়ে আদে। সংসারের সোনার লক্ষায় রাজভোগের মধ্যে আমরা নির্বাসিত হয়ে আছি, রাক্ষস আমাদের কেবলি বলছে, 'আমিই তোমার পতি, আমাকেই ভজনা করো।'

কিন্তু সংসারের পারের খবর নিয়ে আসে ওই ফুল। সে চুপিচুপি আমাদের কানে কানে এসে বলে, 'আমি এসেছি, আমাকে তিনি পাঠিয়েছেন। আমি সেই স্থন্দরের দৃত, আমি সেই আনন্দময়ের খবর নিয়ে এসেছি। এই বিচ্ছিন্নতার দ্বীপের সঙ্গে বাঁধা হয়ে গেছে, তিনি তোমাকে একম্হুর্তের জন্মে ভোলেন নি, তিনি তোমাকে উদ্ধার করবেন। তিনি তোমাকে টেনে নিয়ে আপন করে নেবেন। মোহ তোমাকে এমন করে চিরদিন বেঁধে রাখতে পারবে না।'

ষদি তখন আমরা জেগে থাকি তো তাকে বলি, 'তুমি যে তাঁর দৃত তা আমরা

জানব কী করে।' সে বলে, 'এই দেখো আমি সেই স্থলরের আংটি নিয়ে এসেছি। এর কেমন রঙ, এর কেমন শোভা।'

তাই তো বটে। এ-যে তাঁরি আংটি, মিলনের আংটি। আর-সমস্ত ভূলিয়ে তথনি সেই আনন্দময়ের আনন্দম্পর্শ আমাদের চিত্তকে ব্যাকুল করে তোলে। তথনি আমরা ব্ঝিতে পারি, এই সোনার লক্ষাপ্রীই আমার সব নয়— এর বাইরে আমার মৃক্তি আছে— সেইথানে আমার প্রেমের সাফল্য, আমার জীবনের চরিতার্থতা।

প্রকৃতির মধ্যে মধুকরের কাছে যা কেবলমাত্র রঙ, কেবলমাত্র গন্ধ, কেবলমাত্র ক্ষুধানিবৃত্তির পথ চেনবার উপায়চিহ্ন, মাহুষের হৃদয়ের কাছে তাই সৌন্দর্য, তাই বিনা-প্রয়োজনের আনন্দ। মাহুষের মনের মধ্যে সে রঙিন কালিতে লেখা প্রেমের চিঠি নিয়ে আসে।

তাই বলছিলুম, বাইরে প্রকৃতি ষতই ভয়ানক ব্যস্ত, যতই একান্ত কেজাে হ'ক-না, আমাদের হৃদয়ের মধ্যে তার একটি বিনা কাজের যাতায়াত আছে। সেথানে তার কামারশালার আগুন আমাদের উৎসবের দীপমালা হয়ে দেখা দেয়, তার কারখানাঘরের কলশন্দ সংগীত হয়ে ধ্বনিত হয়। বাইরে প্রকৃতির কার্যকারণের লোহার শৃত্যল ঝম্ ঝম্ করে, অস্তরে তার আনন্দের অহেতুকতা সোনার তারে বীণাধ্বনি বাজিয়ে তোলে।

আমার কাছে এইটেই বড়ো আশ্চর্য ঠেকে — একই কালে প্রকৃতির এই তুই চেহারা, বন্ধনের এবং মৃক্তির — একই রূপ-রস-শব্দ-গন্ধের মধ্যে এই তুই স্থর, প্রয়োজনের এবং আনন্দের— বাহিরের দিকে তার চঞ্চলতা, অন্তরের দিকে তার শান্তি— একই সময়ে একদিকে তার কর্ম, আর-একদিকে তার ছুটি; বাইরের দিকে তার তট, অন্তরের দিকে তার সমৃদ্র।

এই-যে এই মৃহুর্তেই প্রাবণের ধারাপতনে সন্ধ্যার আকাশ মৃথরিত হয়ে উঠেছে, এ আমাদের কাছে তার দমন্ত কাজের কথা গোপন করে গেছে। প্রত্যেক ঘাসটির এবং গাছের প্রত্যেক পাতাটির অরপানের ব্যবস্থা করে দেবার জন্ম সে যে অত্যন্ত ব্যন্ত হয়ে আছে, এই অন্ধকারসভায় আমাদের কাছে এ-কথাটির কোনো আভাসমাত্র সে দিছে না। আমাদের অন্তরের সন্ধ্যাকাশেও এই প্রাবণ অত্যন্ত ঘন হয়ে নেমেছে কিন্তু সেখানে তার আপিদের বেশ নেই, সেখানে কেবল গানের আসর জমাতে, কেবল লীলার আয়োজন করতে তার আগমন। সেখানে সে কবির দরবারে উপস্থিত। তাই ক্ষণে ক্ষণে মেঘমল্লারের স্করে কেবলি ক্ষণ গান ক্ষেগে উঠছে—

শান্তিনিকেডন

ভিমির দিগভরি যোর যামিনী, অধির বিজুরিক পাঁডিয়া। বিভাপতি কহে, কৈনে গোঙায়বি হরি বিনে দিনরাতিয়া।

প্রহরের পর প্রহর ধরে এই বার্তাই সে জানাচ্ছে, 'ওরে, তুই-যে বিরহিণী— তুই বেঁচে আছিস কী করে, তোর দিনরাত্রি কেমন করে কাটছে।'

সেই চিরদিনরাত্রির হরিকেই চাই, নইলে দিনরাত্রি অনাথ। সমস্ত আকাশকে কাঁদিয়ে তুলে এই কথাটা আজ আর নিঃশেষ হতে চাচ্ছে না।

আমরা যে তাঁরি বিরহে এমন করে কাটাচ্ছি, এ খবরটা আমাদের নিতান্তই জানা চাই। কেননা বিরহ মিলনেরই অঙ্গ। ধেঁায়া যেমন আগুন জ্বলার আরম্ভ, বিরহও তেমনি মিলনের আরম্ভ-উচ্ছাস।

খবর আমাদের দেয় কে। ওই-যে তোমার বিজ্ঞান যাদের মনে করছে, তারা প্রকৃতির কারাগারের কয়েদী, তারা পায়ে শিকল দিয়ে একজনের সঙ্গে আর-একজন বাঁধা থেকে দিনরাত্রি কেবল বোবার মতো কাজ করে যাচ্ছে— তারাই। যেই তাদের শিকলের শব্দ আমাদের হৃদয়ের ভিতরে গিয়ে প্রবেশ করে অমনি দেখতে পাই, এ-যে বিরহের বেদনাগান, এ-যে মিলনের আহ্বানসংগীত। যে-সব খবরকে কোনো ভাষা দিয়ে বলা যায় না, সে-সব খবরকে এরাই তো চুপি চুপি বলে যায়— এবং মাহুষ কবি সেই-সব খবরকেই গানের মধ্যে কতকটা কথায়, কতকটা স্থরে, বেঁধে গাইতে থাকে:

ভরা বাদর, মাহ ভাদর,

শৃন্থ মন্দির মোর !

আজ কেবলি মনে হচ্ছে এই-যে বর্ষা, এ তো এক সন্ধ্যার বর্ষা নয়, এ যেন আমার সমস্ত জীবনের অবিরল প্রাবণধারা। যতদ্র চেয়ে দেখি, আমার সমস্ত জীবনের উপরে সিদিহীন বিরহসন্ধ্যার নিবিড় অন্ধকার— তারি দিগ্দিগস্তরকে ঘিরে অপ্রাস্ত প্রাবণের বর্ষণে প্রহরের পর প্রহর কেটে যাচ্ছে; আমার সমস্ত আকাশ ঝর্ ঝর্ করে বলছে, 'কৈসে গোঙায়বি হরি বিনে দিনরাতিয়া।' কিন্তু তবু এই বেদনা, এই রোদন, এই বিরহ একেবারে শৃত্য নয়;— এই অন্ধকারের, এই প্রাবণের বুকের মধ্যে একটি নিবিড় রস অত্যন্ত গোপনে ভরা রয়েছে; একটি কোন্ বিকশিত বনের সজল গন্ধ আসছে, এমন একটি অনির্বচনীয় মাধুর্য— যা যথনি প্রাণকে ব্যথায় কাঁদিয়ে তুলছে, তথনি সেই বিদীর্ণ ব্যথার ভিতর থেকে অপ্রাসন্তি আনন্দকে টেনে বের করে নিয়ে আসছে।

বিরহদদ্যার অন্ধকারকে যদি শুধু এই বলে কাঁদতে হত যে, 'কেমন করে তোর দিনরাত্রি কাটবে', তা হলে সমস্ত রস শুকিয়ে যেত এবং আশার অঙ্কর পর্যন্ত বা;— কিন্তু শুধু কেমন করে কাটবে নয় তো, কেমন করে কাটবে হরি বিলে দিনরাতিয়া— সেইজন্তে ঐ 'হরি বিনে' কথাটাকে ঘিরে ঘিরে এত অবিরল অজ্ঞ বর্ষণ। চিরদিনরাত্রি যাকে নিয়ে কেটে যাবে, এমন একটি চিরজীবনের ধন কেউ আছে—তাকে না পেয়েছি নাই পেয়েছি, তবু দে আছে, সে আছে— বিরহের সমস্ত বক্ষ ভরে দিয়ে সে আছে— সেই হরি বিলে কৈসে গোঙায়বি দিনরাতিয়া। এই জীবনব্যাপী বিরহের যেথানে আরম্ভ সেথানে যিনি, যেথানে অবসান সেখানে যিনি, এবং তারি মাঝখানে গভীরভাবে প্রভল্ল থেকে যিনি কক্ষণ স্থরের বাঁশি বাজাচ্ছেন, সেই হরি বিলে কৈসে গোঙায়বি দিনরাতিয়া।

দ্বিধা

ত্ইকে নিয়ে মাহুষের কারবার। সে প্রকৃতির, আবার সে প্রকৃতির উপরের। একদিকে সে কায়া দিয়ে বেষ্টিত, আর-একদিকে সে কায়ার চেয়ে অনেক বেশি।

মামুষকে একই সঙ্গে ছটি ক্ষেত্রে বিচরণ করতে হয়। সেই ছটির মধ্যে এমন বৈপরীত্য আছে দে, তারি সামঞ্জন্ত নির্দ্ধনের ছ্রুহ সাধনায় মানুষকে চিরজীবন নিযুক্ত থাকতে হয়। সমাজনীতি, রাষ্ট্রনীতি, ধর্মনীতির ভিতর দিয়ে মানুষের উন্নতির ইতিহাস হচ্ছে এই সামঞ্জনাধনেরই ইতিহাস। যত-কিছু অমুষ্ঠানপ্রতিষ্ঠান শিক্ষা-দীক্ষা সাহিত্যশিল্প সমস্তই হচ্ছে মানুষের দ্বন্দমন্বয়চেষ্টার বিচিত্র ফল।

ষন্দের মধ্যেই যত তৃংখ, এবং এই তৃংখই হচ্ছে উন্নতির মূলে। জন্ধদের ভাগ্যে পাকস্থলীর দক্ষে তার খাবার জিনিসের বিচ্ছেদ ঘটে গেছে— এই তৃটোকে এক করবার
জন্মে বহু তৃংখে তার ৰুদ্ধিকে শক্তিকে দর্বদাই জাগিয়ে রেখেছে; গাছ নিজের খাবারের
মধ্যেই দাঁড়িয়ে থাকে— ক্ষ্ধার দক্ষে আহারের দামজন্মদাধনের জন্মে তাকে নিরন্তর
তৃংখ পেতে হয় না। জন্ধদের মধ্যে স্ত্রী ও পুরুষের বিচ্ছেদ ঘটে গেছে— এই বিচ্ছেদের
দামজন্মদাধনের তৃংখ থেকে কত বীরত্ব ও কত দৌল্দর্যের স্বাষ্ট হচ্ছে তার আর দীমা
নেই; উদ্ভিদরাজ্যে ধেখানে স্ত্রীপুরুষের ভেদ নেই অথবা যেখানে তার মিলনদাধনের জন্মে বাইরের উপায় কাজ করে, সেখানে কোনো তৃংখ নেই, দমস্ত দহজা।

মহয়ত্বের মূলে আর-একটি প্রকাণ্ড হন্দ আছে; তাকে বলা যেতে পারে প্রকৃতি

এবং আত্মার বন্ধ। স্বার্থের দিক এবং পরমার্থের দিক, বন্ধনের দিক এবং মৃক্তির দিক, সীমার দিক এবং অনস্তের দিক— এই হুইকে মিলিয়ে চলতে হবে মামুষকে।

যতদিন ভালো করে মেলাতে না পারা যায় ততদিনকার যে চেষ্টার হংথ, উত্থানপতনের হংথ, সে বড়ো বিষম হংথ। বে-ধর্মের মধ্যে মান্নবের এই ঘল্বের সামঞ্জ্য
ঘটতে পারে, সেই ধর্মের পথ মান্নবের পক্ষে কত কঠিন পথ। এই ক্রধারশাণিত
হর্গম পথেই মান্নবের যাত্রা;— এ-কথা তার বলবার জ্বো নেই যে, 'এই হংথ আমি
এড়িয়ে চলব।' এই হংথকে যে স্বীকার না করে তাকে হুর্গতির মধ্যে নেমে যেতে
হয়;— সেই হুর্গতি যে কী নিদারুল, পশুরা তা কল্পনাত্ত করতে পারে না। কেননা,
পশুদের মধ্যে এই ছল্বের হুংথ নেই— তারা কেবলমাত্র পশু। তারা কেবলমাত্র শরীরধারণ এবং বংশবৃদ্ধি করে চলবে, এতে তাদের কোনো ধিকার নেই। তাই তাদের
পশুজন্ম একৈবারে নিংসংকোচ।

মানবজনার মধ্যে পদে পদে সংকোচ। শিশুকাল থেকেই মানুষকে কত লজ্জা, কত পরিতাপ, কত আবরণ-আড়ালের মধ্যে দিয়েই চলতে হয়— তার আহার বিহার তার নিজের মধ্যেই কত বাধাগ্রন্ত— নিতান্ত স্বাভাবিক প্রবৃত্তিগুলিকেও সম্পূর্ণ স্বীকার করা তার পক্ষে কত কঠিন, এমন কি, নিজের নিত্যসহচর শরীরকেও মানুষ লজ্জায় আচ্ছন্ন করে রাথে।

কারণ, মান্থ্য-যে পশু এবং মান্থ্য তুইই। একদিকে দে আপনার, আর-একদিকে সে বিশ্বের। একদিকে তার স্থা, আর-একদিকে তার মঙ্গল। স্থভোগের মধ্যে মান্থ্যের সম্পূর্ণ অর্থ পাওয়া যায় না। গর্ভের মধ্যে জ্রণ আরামে থাকে এবং সেথানে তার কোনো অভাব থাকে না কিন্তু সেথানে তার সম্পূর্ণ তাংপর্য পাওয়া যায় না। সেথানে তার হাত পা চোথ কান মুখ সমন্তই নির্থক। যদি জানতে পারি যে এই জ্রণ একদিন ভূমিষ্ঠ হবে, তা হলেই ব্রতে পারি, এ-সমন্ত ইন্দ্রিয় ও অঙ্গপ্রতাঙ্গ তার কেন আছে। এই-সকল আপাত-অনর্থক অঙ্গ হতেই অন্থমান করা যায়, অন্ধকারবাসই এর চরম নয়, আলোকেই এর সমাপ্তি,— বন্ধন এর পক্ষে জণকালীন এবং মৃক্তিই এর পরিণাম। তেমনি মন্থাছের মধ্যে এমন কতকগুলি লক্ষণ আছে কেবলমাত্র স্বার্থের মধ্যে, স্থভোগের মধ্যে যার পরিপূর্ণ অর্থ ই পাওয়া যায় না— উন্মৃক্ত মঙ্গললোকেই যদি তার পরিণাম না হয়, তবে সেই সমন্ত স্বার্থবিরোধী প্রবৃত্তির কোনো অর্থ ই থাকে না। যে-সমন্ত প্রবৃত্তি মান্থ্যকে নিজের দিক থেকে ছনিবারবেণে অন্তের দিকে নিয়ে যায়, সংগ্রহের দিক থেকে ত্যাগের দিকে নিয়ে যায়, এমন-কি, জীবনে আসক্তির দিক থেকে মৃত্যুকে বরণের দিকে নিয়ে যায়, এমন-কি, জীবনে আসক্তির দিক থেকে মৃত্যুকে বরণের দিকে নিয়ে যায়, এমন-কি, জীবনে আসক্তির দিক থেকে মৃত্যুকে বরণের দিকে নিয়ে যায়, এমন-কি, জীবনে আসক্তির

জ্ঞান ও মহন্তর চেষ্টার দিকে অর্থাৎ ভূমার দিকে আকর্ষণ করে, যা মাহ্ন্যকে বিনা কারণেই স্বতঃপ্রবৃত্ত হয়ে তৃঃথকে স্বীকার করতে, স্থথকে বিসর্জন করতে প্রবৃত্ত করে —তাতেই কেবল জানিয়ে- দিতে থাকে, স্থথে স্বার্থে মাহ্ন্যের স্থিতি নেই— তার থেকে নিজ্ঞান্ত হবার জন্মে মাহ্ন্যকে বন্ধনের পর বন্ধন ছেদন করতে হবে— মন্দলের সম্বন্ধে বিশ্বের সঙ্গে যোগযুক্ত হয়ে মাহ্ন্যুকে মুক্তিলাভ করতে হবে।

এই স্বার্থের আবরণ থেকে নিজ্ঞান্ত হওয়াই হচ্ছে স্বার্থ ও পরমার্থের সামঞ্জন্তসাধন। কারণ, স্বার্থের মধ্যে আঁবৃত থাকলেই তাকে সত্যরূপে পাওয়া যায় না। স্বার্থ থেকে যথন আমরা বহির্গত হই, তথনি আমরা পরিপূর্ণরূপে স্বার্থকে লাভ করি। তথনি আমরা আপনাকে পাই বলেই অন্ত-সমন্তকেই পাই। গর্ভের শিশু নিজেকে জানে না বলেই তার মাকে জানে না— যখনি মাতার মধ্য হতে মৃক্ত হয়ে সে নিজেকে জানে. তথনি সে মাকে জানে।

সেইজন্মে যতক্ষণ স্বার্থের নাড়ীর বন্ধন ছিন্ন করে মানুষ এই মঙ্গললোকের মধ্যে জ্বনাভ না করে, ততক্ষণ তার বেদনার অন্ত নেই। কারণ, যেথানে তার চরম স্থিতি নয়, যেথানে দে অসম্পূর্ণ, সেথানেই চিরদিন স্থিতির চেষ্টা করতে গেলেই তাকে কেবলি টানাটানির মধ্যে থাকতে হবে। সেথানে দে যা গড়ে তুলবে তা ভেঙে পড়বে, যা সংগ্রহ করবে তা হারাবে এবং যাকে সে সকলের চেয়ে লোভনীয় বলে কামনা করবে তাই তাকে আবদ্ধ করে ফেলবে।

তথন কেবল আঘাত, কেবল আঘাত। তথন পিতার কাছে আমাদের কামনা এই— মা মা হিংদীঃ— আমাকে আঘাত কোরো না, আমাকে আর আঘাত কোরো না। আমি এমন করে কেবলি দ্বিধার মধ্যে আর বাঁচি নে।

কিন্তু এ পিতারই হাতের আঘাত— এ মঙ্গললাকের আকর্ষণেরই বেদনা।
নইলে পাপে তৃংথ থাকত না— পাপ বলেই কোনো পদার্থ থাকত না, মান্তুষ পশুদের
মতো অপাপ হয়ে থাকত। কিন্তু, মান্ত্র্যকে মান্ত্র্য হতে হবে বলেই এই দ্বন্ধ, এই
বিদ্রোহ, বিরোধ, এই পাপ, এই পাপের বেদনা।

তাই-জন্তে মাহ্ব ছাড়া এ প্রার্থনা কেউ কোনোদিন করতে পারে না— বিশ্বানি দেব সবিতবৃত্রিতানি পরাস্থব— হে দেব, হে পিতা, আমার সমস্ত পাপ দ্র করে দাও। এ ক্ষ্ধামোচনের প্রার্থনা নয়, এ প্রয়োজনসাধনের প্রার্থনা নয়— মাহ্যুষের প্রার্থনা হচ্ছে, 'আমাকে পাপ হতে মৃক্ত করো। তা না করলে আমার দ্বিধা ঘূচবে না— পূর্ণতার মধ্যে আমি ভূমিষ্ঠ হতে পারছি নে— হে অপাপবিদ্ধ নির্মল পুরুষ, তুমিই যে আমার পিতা, এই বোধ আমার সম্পূর্ণ হতে পারছে না— তোমাকে সত্যভাবে নমস্কার করতে পারছি নে।' ষদ্ভবং তর আহব— যা ভালো তাই আমাদের দাও। মাহুষের পক্ষে এ প্রার্থনা অত্যন্ত কঠিন প্রার্থনা। কেননা মাহুষ যে ছন্দের জীব— ভালো যে মাহুষের পক্ষে দহজ নয়। তাই, ষদ্ভবং তর আহ্বব, এ আমাদের ত্যাগের প্রার্থনা, হৃংথের প্রার্থনা— নাড়ীছেদনের প্রার্থনা। পিতার কাছে এই কঠোর প্রার্থনা মাহুষ ছাড়া আর-কেউ করতে পারে না।

পিতানোহিদি, পিতা নো বোধি, নমস্তেহস্ত — যজুর্বেদের এই মন্ত্রটি নমস্কারের প্রার্থনা। তুমি আমাদের পিতা, তোমাকে আমাদের পিতা ব'লে যেন বৃঝি এবং তোমাতে আমাদের নমস্কার যেন সত্য হয়।

অর্থাৎ আমার দিকেই সমস্ত টানবার যে একটা প্রবৃত্তি আছে, সেটাকে নিরস্ত করে দিয়ে তোমার দিকেই সমস্ত যেন নত করে সমর্পণ করে দিতে পারি। তা হলেই যে ছন্দের অবসান হয়ে যায়— আমার যেথানে সার্থকতা সেইথানেই পৌছতে পারি। সেখানে যে পৌচেছি সে কেবল তোমাকে নমস্কারের ছারাই চেনা যায়;— সেখানে কোনো অহংকার টিকতেই পারে না— ধনী সেখানে দরিজের সঙ্গে তোমার পায়ের কাছে এসে মেলে, তত্ত্জানী সেখানে মৃঢ়ের সঙ্গেই তোমার পায়ের কাছে এসে নত হয়;— মাহুষের ছন্দের যেথানে অবসান সেখানে তোমাকে পরিপূর্ণ নমস্কার, অহংকারের একান্ত বিসর্জন।

এই নমস্বারটি কেমন নমস্বার ?—

নমঃ শস্করায় চ ময়োভবায় চ, নমঃ শস্করায় চ ময়স্করায় চ, নমঃ শিবায় চ শিবভরায় চ।

যিনি স্থকর তাঁকেও নমস্বার, যিনি মঙ্গলকর তাঁকেও নমস্বার; যিনি স্থের আকর তাঁকেও নমস্বার, যিনি মঙ্গলের আকর তাঁকেও নমস্বার; যিনি মঙ্গল তাঁকে নমস্বার, যিনি চরমমঙ্গল তাঁকে নমস্বার।

সংসারে পিতা ও মাতার ভেদ আছে কিন্ধ বেদের মন্ত্রে বাঁকে পিতা ব'লে নমস্কার করছে, তাঁর মধ্যে পিতা ও মাতা হুইই এক হয়ে আছে। তাই তাঁকে কেবল পিতা বলেছে। সংস্কৃতসাহিত্যে দেখা গেছে, পিতরৌ বলতে পিতা ও মাতা উভয়কেই একত্রে ব্রিয়েছে।

মাতা পুত্রকে একান্ত করে দেখেন— তাঁর পুত্র তাঁর কাছে আর-সমস্তকে অতিক্রম করে থাকে। এইজন্মে তাকে দেখাশোনা, তাকে খাওয়ানো পরানো সাজানো নাচানো, তাকে স্থা করানোতেই মা মুখ্যভাবে নিযুক্ত থাকেন। গর্ভে সে যেমন তাঁর নিজের মধ্যে একমাত্ররূপে পরিবেষ্টিত হয়ে ছিল, বাইরেও তিনি যেন তার জ্ঞান্ত একটি বৃহত্তর গর্ভবাস তৈরি করে তুলে পুত্রের পুষ্টি ও তুষ্টির জন্মে সর্বপ্রকার আয়োজন করে থাকেন। মাতার এই একান্ত ক্ষেহে পুত্র স্বতন্তভাবে নিজের একটি বিশেষ মূল্য যেন অমুভব করে।

কিছ পিতা পুত্রকে কেবলমাত্র তাঁর ঘরের ছেলে করে তাকে একটি সংকীর্ণ পরিধির কেন্দ্রস্থলে একমাত্র করে গড়ে তোলেন না। তাকে তিনি সকলের সামগ্রী, তাকে সমাজের মান্থ্য করে তোলবার জন্মেই চেষ্টা করেন। এইজন্মে তাকে স্থা করে তিনি দ্বির থাকেন না, তাকে তুঃখ দিতে হয়। সে যদি একমাত্র হত, নিজেতেই নিজে সম্পূর্ণ হত, তা হলে সে যা চায় তাই তাকে দিলে ক্ষতি হত না; কিছু তাকে সকলের সঙ্গে মিলনের যোগ্য করতে হলে তাকে তার অনেক কামনার দামগ্রী থেকে বঞ্চিত করতে হয়— তাকে অনেক কাদাতে হয়। ছোটো হয়ে না থেকে বড়ো হয়ে ওঠবার যে-তুঃখ তা তাকে না দিলে চলে না। বড়ো হয়ে সকলের সঙ্গে যুক্ত হয়ে তবেই সে-যে সত্য হবে— তার সমন্ত শরীর ও মন, জ্ঞান, ভাব ও শক্তি সমগ্রভাবে সার্থক হবে এবং সেই সার্থকতাতেই সে যথার্থ মৃক্তিলাভ করবে— এই কথা বুঝে কঠোর শিক্ষার ভিতর দিয়ে পুত্রকে মাত্র্য করে তোলাই পিতার কর্তব্য হয়ে ওঠে।

ঈশবের মধ্যে এই মাতা পিতা এক হয়ে আছে। তাই দেখতে পাই, আমি স্থাী হব বলে জগতে আয়োজনের অন্ত নেই। আকাশের নীলিমা এবং পৃথিবীর শ্রামলতায় আমাদের চোথ জুড়িয়ে যায়— যদি নাও যেত তবু এই জগতে আমাদের বাস অসম্ভব হত না। ফলে শশু আমাদের রসনার হৃপ্তি হয়— যদি নাও হত তবু প্রাণের দায়ে আমাদের পেট ভরাতেই হত। জীবনধারণে কেবল-যে আমাদের বা প্রকৃতির প্রয়োজন তা নয়, তাতে আমাদের আনন্দ; শরীরচালনা করতে আমাদের আনন্দ, চিস্তা করতে আমাদের আনন্দ, কাজ করতে আমাদের আনন্দ, প্রকাশ করতে আমাদের আনন্দ, প্রানন্দ। আমাদের সমস্ত প্রয়োজনের সঙ্গে সঙ্গে সৌন্দর্য এবং রসের যোগ আছে।

তাই দেখতে পাই, বিশ্বচেষ্টার বিচিত্র ব্যাপারের মধ্যে এ চেষ্টাও নিয়ত রয়েছে যে, জ্বগৎ চলবে, জীবন চলবে এবং সেইদঙ্গে আমি পদে পদে খুশী হতে থাকব। নক্ষত্রলাকের যে-সমস্ত প্রয়োজন তা যতই প্রকাণ্ড প্রভূত ও আমার জীবনের পক্ষে যতই স্থাপ্রবর্তী হ'ক-না কেন, তবুও নিশীথের আকাশে আমার কাছে মনোহর হয়ে ওঠাও তার একটা কাজ। সেইজন্ম অতবড়ো অচিন্তনীয় বিরাট কাণ্ডও প্রয়োজন-বিহীন গৃহসজ্জার মতো হয়ে উঠে আমাদের ক্ষ্ত্র সীমাবদ্ধ আকাশমণ্ডপটিকে চুমকির কাজে থচিত করে তুলেছে।

এমনি পদে পদে দেখতে পাচ্ছি, জগতের রাজা আমাকে খুশী করবার জন্ম তাঁর বহুলক যোজনান্তরেরও অনুচরপরিচরদের হুকুম দিয়ে রেখেছেন; তাদের সকল কাজের মধ্যে এটাও তারা ভূলতে পারে না। এ জগতে আমার মূল্য সামান্য নয়।

কিন্তু হথের আয়োজনের মধ্যেই যথন নিঃশেষে প্রবেশ করতে চাই, তথন আবার কে আমাদের হাত চেপে ধরে, বলে যে, 'তোমাকে বদ্ধ হতে দেব না। এই-সমস্ত হথের সামগ্রীর মধ্যে ত্যাগী হয়ে, মৃক্ত হয়ে তোমাকে থাকতে হবে, তবেই এই আয়োজন সার্থক হবে। শিশু যেমন গর্ভ থেকে মৃক্ত হয়ে তবেই যথার্থভাবে সম্পূর্ণভাবে সচেতনভাবে তার মাকে পায়, তেমনি এই-সমস্ত হথের বন্ধন থেকে বিচ্ছিন্ন হয়ে যথন মঙ্গললোকে মৃক্তিলোকে ভূমিষ্ঠ হবে, তথনি সমস্তকে পরিপুর্ণরূপে পাবে। যথনি আসক্তির পথে যাবে তথনি সমগ্রকে হারাবার পথেই যাবে— বল্পকে যথনি চোথের উপরে টেনে আনবে, তথনি তাকে আর দেখতে পাবে না, তথনি চোথ অন্ধ হয়ে যাবে।

আমাদের পিতা স্থথের মধ্যে আমাদের বদ্ধ হতে দেন না, কেননা সমগ্রের সঙ্গে আমাকে যুক্ত হতে হবে— এবং সেই যোগের মধ্য দিয়েই তাঁর সঙ্গে আমার সত্য যোগ।

এই সমগ্রের সঙ্গে যাতে আমাদের যোগসাধন করে তাকেই বলে মঙ্গল। এই মঙ্গলবোধই মাত্র্যকে কিছুতেই স্থথের মধ্যে স্থির থাকতে দিচ্ছে না— এই মঙ্গলবোধই পাপের বেদনায় মাত্র্যকে এই কালা কাঁদাচ্ছে— মা মা হিংসীঃ, বিশ্বানি দেব সবিতর্ত্রতানি পরাস্থব, যদ্ভদ্রং তল্প আস্থব। সমস্ত থাওয়াপরার কালা ছাড়িয়ে এই কালা উঠেছে, 'আমাকে দদ্বের মধ্যে রেথে আর আঘাত কোরো না, আমাকে পাপ থেকে মৃক্ত করো; আমাকে সম্পূর্ণ তোমার মধ্যে আনন্দে নত করে দাও।'

তাই মান্ত্য এই বলে নমস্কারের দাধনা করছে, নমঃ শন্তবায় চ ময়োভবায় চ— দেই স্থকর যে তাঁকেও নমস্কার, আর দেই কল্যাণকর যে তাঁকেও নমস্কার— একবার মাতারূপে তাঁকে নমস্কার, একবার পিতারূপে তাঁকে নমস্কার। মানবন্ধীবনের ছন্দ্রের দোলার মধ্যে চড়ে যেদিকেই হেলি সেইদিকে তাঁকেই নমস্কার করতে শিখতে হবে। তাই বলি, নমঃ শন্তরায় চ ময়স্করায় চ— স্থথের আকর যিনি তাঁকেও নমস্কার, মন্ধলের আকর যিনি তাঁকেও নমস্কার— মাতা যিনি সীমার মধ্যে বেঁধে ধারণ করছেন, পালন করছেন, তাঁকেও নমস্কার, আর পিতা যিনি বন্ধন ছেদন করে অসীমের মধ্যে আমাদের পদে পদে অগ্রসর করছেন, তাঁকেও নমস্কার। অবশেষে দ্বিধা অবসান হয় যথন সব নমস্কার একে এসে মেলে— তথন নমঃ শিবায় চ শিবতরায় চ— তথন স্থথে মন্ধলে আর ভেদ

নেই, বিরোধ নেই— তখন শিব, শিব, শিব, তখন শিব এবং শিবতর— তখন পিতা এবং মাতা একই— তখন একমাত্র পিতা;—এবং দিধাবিহীন নিশুক প্রশাস্ত মানবজীবনের একটিমাত্র চরম নমস্কার—

নমঃ শিবায় চ শিবতরায় চ।

নিবাত নিক্ষপ দীপশিখার মতো উর্ধেগামী একাগ্র এই নমস্বার, অমুত্তরঙ্গ মহা-সমুদ্রের মতো দশদিগন্তব্যাপী বিপুল এই নমস্বার—

নমঃ শিবার চ শিবতরার চ।

পূৰ্

আমাদের এই আশ্রমবাসী আমার একজন তরুণ বন্ধু এসে বললেন, 'আজ আমার জন্মদিন; আজ আমি আঠারো পেরিয়ে উনিশ বছরে পড়েছি।'

তাঁর সেই যৌবনকালের আরম্ভ, আর আমার এই প্রৌত্বয়সের প্রান্ত— এই ছই সীমার মাঝখানকার কালটিকে কত দীর্ঘ বলেই মনে হয়। আমি আজ ষেখানে দাঁড়িয়ে তাঁর এই উনিশ বছরকে দেখছি, গণনা ও পরিমাপ করতে গেলে সে কত দূরে। তাঁর এবং আমার বয়সের মাঝখানে কত আবাদ, কত ফসল ফলা, কত ফসল কাটা, কত ফসল নষ্ট হওয়া, কত স্থভিক্ষ এবং কত ত্তিক্ষ প্রতীক্ষা করে রয়েছে তার ঠিকানা নেই।

যে-ছাত্র তার কলেজ-শিক্ষার প্রায় শেষ সীমায় এসে পৌচেছে, সে যথন শিশুশিক্ষা এবং ধারাপাত হাতে কোনো ছেলেকে পার্ঠশালায় যেতে দেখে, তথন তাকে মনে-মনে কুপাপাত্রই বলে জ্ঞান করে। কেননা কলেজের ছাত্র এ-কথা নিশ্চয় জানে যে, গুইছেলে শিক্ষার যে আরম্ভভাগে আছে সেথানে পূর্ণতার এতই অভাব যে, সেই শিশুশিক্ষাধারাপাতের মধ্যে সে রসের লেশমাত্র পায় না— অনেক হৃঃথ ক্লেশ তাড়নার কাঁটাপথ ভেঙে তবে সে এমন জায়গায় এসে পৌছবে যেথানে তার জ্ঞান নিজের জ্ঞাতব্য বিষয়ের মধ্যে আপনাকে আপনি উপলব্ধি করতে করতে আনন্দিত হতে থাকবে।

কিন্তু মাত্মধের জীবন ব'লে যে-শিক্ষালয়টি আছে তার আশ্চর্য রহস্থ এই যে, এখানকার পাঠশালার ছোটো ছেলেকেও এখানকার এম. এ. ক্লাদের প্রবীণ ছাত্র কুপাপাত্র বলে মনে করতে পারে না।

তাই আমার পরিণত বয়দের সমস্ত অভিজ্ঞতা ও চিত্তবিস্তার সত্ত্বেও আমি আমার উনিশ বছরের বন্ধুটিকে তাঁর তারুণ্য নিয়ে অবজ্ঞা করতে পারি নে। বস্তুত তাঁর এই বয়দে যত অভাব ও অপরিণতি আছে, তারাই সব চেয়ে বড়ো হয়ে আমার চোখে পড়ছে না; এই বয়দের মধ্যে যে একটি সম্পূর্ণতা ও সৌন্দর্য আছে, সেইটেই আমার কাছে আজ্ঞ উজ্জ্বল হয়ে দেখা দিচ্ছে।

মাহ্নবের কাজের সঙ্গে ঈশবের কাজের এইখানে একটি প্রভেদ আছে। মাহ্নবের ভারাবাধা অসমাপ্ত ইমারত সমাপ্ত ইমারতের কাছে লজ্জিত হয়ে থাকে। কিন্তু ঈশবের চারাগাছটি প্রবীণ বনম্পতির কাছেও দৈক্য প্রকাশ করে না। সেও সম্পূর্ণ, শেশু স্থানর। সে যদি চারা অবস্থাতেই মারা যায়, তবু তার কোথাও অসমাপ্তি ধরা পড়ে না। ঈশবের কাজে কেবল যে অন্তেই সম্পূর্ণতা তা নয়, তার সোপানে সোপানেই সম্পূর্ণতা।

একদিন তো শিশু ছিলুম, সেদিনের কথা তো ভূলি নি। তথন জীবনের আয়োজন জতি ধংসামান্ত ছিল। তথন শরীরের শক্তি, বৃদ্ধি ও কল্পনা যেমন অল্প ছিল, তেমনি জীবনের ক্ষেত্র এবং উপকরণও নিতান্ত সংকীর্ণ ছিল। ঘরের মধ্যে ষে-অংশ অধিকার করেছিলুম তা ব্যাপক নয়, এবং ধুলার ঘর আর মাটির পুতুলই দিন কাটাবার পক্ষে যথেষ্ট ছিল।

অথচ আমার সেই বাল্যের জীবন আমার সেই বালক আমির কাছে একেবারে পরিপূর্ণ ছিল। সে-যে কোনো অংশেই অসমাপ্ত, তা আমার মনেই হতে পারত না। তার আশাভরসা হাসিকানা লাভক্ষতি নিজের বাল্যগণ্ডির মধ্যেই পর্যাপ্ত হয়ে ছিল।

তথন যদি বড়োবয়সের কথা কল্পনা করতে যেতুম, তবে তাকে বৃহত্তর বাল্যজীবন বলেই মনে হত— অর্থাৎ রূপকথা থেলনা এবং লজ্জুসের পরিমাণকে বড়ো করে তোলা ছাড়া আর-কোনো বড়োকে স্বীকার করার কোনো প্রয়োজন বোধ করতুম না।

এ যেন ছবির তাদে ক থ শেখার মতো। কয়ে কাক, থয়ে থঞ্জন, গয়ে গাধা, ঘয়ে ঘোড়া। শুদ্ধমাত্র ক থ শেখার মতো অসম্পূর্ণ শেখা আর-কিছু হতেই পারে না। অক্ষরগুলোকে যোজনা করে যথন শব্দকে ও বাক্যকে পাওয়া যাবে, তথনি ক থ শেখার সার্থকতা হবে; কিন্তু ইতিমধ্যে ক থ অক্ষর সেই কাকের ও থঞ্জনের ছবির মধ্যে সম্পূর্ণতা লাভ ক'রে শিশুর পক্ষে আনন্দকর হয়ে উঠে— সে ক থ অক্ষরের দৈন্য অমুভব করতেই পারে না।

তেমনি শিশুর জীবনে ঈশ্বর তাঁর জগতের পুঁথিতে ষে-সমস্ত রঙচঙ-করা কথয়ের ছবির পাতা খুলে রাখেন, তাই বারবার উলটে-পালটে তার আর দিনরাত্রির জ্ঞান থাকে না। কোনো অর্থ, কোনো ব্যাখ্যা, কোনো বিজ্ঞান, কোনো তত্বজ্ঞান তার দরকারই হয় না— সে ছবি দেখেই খুশী হয়ে থাকে; মনে করে, এই ছবি দেখাই জীবনের চরম সার্থকতা।

তার পরে আঠারো বংসর পেরিয়ে ষেদিন উনিশে পা দিলুম, সেদিন খেলনা লক্ষঞ্জুস ও রূপকথা একেবারে তুচ্ছ হয়ে গেল। সেদিন যে-ভাবরাজ্যের সিংহদ্বারের সমূথে এসে দাড়ালুম, সে একেবারে সোনার আভায় ঝল্মল্ করছে এবং ভিতর থেকে যে-একটি নহবতের আওয়াক্ত আসছে, তাতে প্রাণ উদাস করে দিচ্ছে। এতদিন ছিলুম বাইরে, কিন্তু সাহিত্যের নিমন্ত্রণচিঠি পেয়ে মাহুষের মানসলোকের রসভাগ্রারে প্রবেশ করা গেল। মনে হল, এই যথেষ্ট, আর-কিছুরই প্রয়োজন নেই।

এমনি করে মধ্যযৌবনে যখন পৌছনো গেল তখন বাইরের দিকে আর-একটা দরজা খুলে গেল। তখন এই মানসলোকের বাহিরবাড়িতে ডাক পড়ল। মাহ্র্য যেখানে বদে ভেবেছে, আলাপ করেছে, গান গেয়েছে, ছবি এঁকেছে সেখানে নয়—ভাব যেখানে কাজের মধ্যে প্রকাশ পেয়েছে, দেই মন্ত খোলা জায়গায়। মাহ্র্য যেখানে লড়াই করেছে, প্রাণ দিয়েছে, যেখানে অসাধ্যসাধনের জয়পতাকা হাতে অশ্বমেধের ঘোড়া নিয়ে নদী পর্বত সমৃদ্র উত্তীর্ণ হতে চলেছে সেইখানে। সেখানে সমাক্র আহ্বান করেছে, সেখানে দেশ হাত বাড়িয়ে আছে,— সেখানে উন্নতিতীর্থের তুর্গম শিখর মেঘের মধ্যে প্রচ্ছন্ন থেকে স্থমহৎ ভবিশ্বতের দিকে তর্জনী তুলে রয়েছে। এই-বা কী বিরাট ক্ষেত্র। এই যেখানে যুগে যুগে সমস্ত মহাপুরুষ প্রাণ দিয়ে এসেছেন, এখানে প্রাণ আপনাকে নিংশেষ করে দিতে পারলেই নিজেকে সার্থক বলে মনে করে।

কিন্তু এইখানে এসেই যে সমস্ত ফুরোয়, তা নয়। এর থেকেও বেরোবার দরজা আছে। সেই দরজা যথন খুলে যায় তথন দেখি আরো আছে, এবং তার মধ্যে শৈশব যৌবন বার্ধক্য সমস্তই অপূর্বভাবে সম্মিলিত। জীবন যথন ঝরনার মতো ঝরছিল তথন সে ঝরনারপেই স্থানর, যথন নদী হয়ে বেরোল তথন সে নদীরূপেই সার্থক, যথন তার সঙ্গে চারদিক থেকে নানা উপনদী ও জলধার। এসে মিলে তাকে শাখাপ্রশাখায় ব্যাপ্ত করে দিলে তথন মহানদরপেই তার মহত্ব— তার পরে সমৃদ্রে এসে যথন সে সংগত হল তথন সেই সাগরসংগমেও তার মহিমা।

বাল্যজীবন যখন ইন্দ্রিয়বোধের বাইরের ক্ষেত্র ছিল তথনো সে স্থনর, যৌবন যখন ভাববোধের মানসক্ষেত্রে গেল তথনো সে স্থানর, প্রোঢ় যখন বাহির ও অস্তরের সন্মিলনক্ষেত্রে গেল তথনো সে স্থানর এবং বৃদ্ধ যখন বাহির ও অস্তরের অতীত ক্ষেত্রে গেল তথনো সে স্থানর।

আমার তরুণ বন্ধুর জন্মদিনে এই কথাই আমি চিস্তা করছি। আমি দেখছি, তিনি একটি বয়ঃসন্ধিতে দাঁড়িয়েছেন— তাঁর সামনে একটি অভাবনীয় তাঁকে নব নব প্রত্যাশার পথে আহ্বান করছে।

কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, পঞ্চাশে পদার্পণ করে আমার সামনেও সেই অভাবনীয়কেই দেখছি। নৃতন আর কিছুই নেই, শক্তির পাথেয় শেষ হয়ে গেছে, পথের সীমায় এসে ঠেকেছি, এ-কথা কোনোমতেই বলতে পারছি নে। আমি তো দেখছি, আমিও একটি বিপুল বয়:সন্ধিতে দাঁড়িয়েছি। বালোর জ্বপৎ, যৌবনের জ্বগৎ,

ষা পার হয়ে এসেছি বলে মনে করেছিলুম, এখন দেখছি, তার শেষ হয় নি— তাকেই আবার আর-এক আলোকে আর-এক অর্থে আর-এক স্থরে লাভ করতে হবে, মনের মধ্যে সেই একটি সংবাদ এসেছে।

এর মধ্যে অন্তুত ব্যাপারটা এই যে, যেখানে ছিলুম সেইখানেই আছি অথচ চলেওছি। শিশুকালের যে-পৃথিবী, যে-চক্রস্থতারা, এখনো তাই— স্থানপরিবর্তন করতে হয় নি, অথচ সমস্তই বেড়ে উঠেছে। দাশুরায়ের পাঁচালি যে পড়বে তাকে যদি কোনোদিন কালিদাসের কাব্য পড়তে হয়, তবে তাকে স্বতন্ত্র পুঁথি খুলতে হয়। কিছু এ জগতে একই পুঁথি খোলা রয়েছে— সেই পুঁথিকে শিশু পড়ছে ছড়ার মতো, যুবা পড়ছে কাব্যের মতো এবং বৃদ্ধ তাতেই পড়ছে ভাগবত। কাউকে আর নড়ে বসতে হয় নি— কাউকে এমন কথা বলতে হয় নি যে, 'এ জগতে আমার চলবে না, আমি একে ছাড়িয়ে গেছি— আমার জন্তো নৃতন জগতের দরকার।'

কিছুই দরকার হয় না এইজন্তে যে, যিনি এ পুঁথি পড়াচ্ছেন তিনি অনস্ত নৃতন— তিনি আমাদের সঙ্গে-সঙ্গেই সমস্ত পাঠকে নৃতন করে নিয়ে চলেছেন— মনে হচ্ছে না যে, কোনো পড়া সাক্ষ হয়ে গেছে।

এইজ্বন্থেই পড়ার প্রত্যেক অংশেই আমরা সম্পূর্ণতাকে দেখতে পাচ্ছি— মনে হচ্ছে, এই যথেষ্ট,— মনে হচ্ছে, আর দরকার নেই। ফুল যথন ফুটছে তথন সে এমনি করে ফুটছে যেন সেই চরম; তার মধ্যে ফলের আকাজ্জা দৈক্তরূপে যেন নেই। তার কারণ হচ্ছে, পরিণত ফলের মধ্যে বাঁর আনন্দ, অপরিণত ফুলের মধ্যেও তাঁর আনন্দের অভাব নেই।

শৈশবে ধথন ধুলোবালি নিয়ে, ধথন ছড়ি শাম্ক ঝিয়ক ঢেলা নিয়ে থেলা করেছি, তথন বিশ্বস্থাণ্ডের অনাদিকালের ভগবান শিশুভগবান হয়ে আমাদের সঙ্গে থেলা করেছেন। তিনি যদি আমাদের সঙ্গে শিশু না হতেন এবং তাঁর সমস্ত জগংকে শিশুর থেলাঘর করে না তুলতেন, তা হলে তুচ্ছ ধুলোমাটি আমাদের কাছে এমন আনন্দময় হয়ে উঠত না। তিনি আমাদের সঙ্গে থেকে আমাদের মতো হয়ে আমাদের আনন্দ দিয়ে এসেছেন, এইজন্মে শিশুর জীবনে সেই পরিপূর্ণস্বরূপের লীলাই এমন স্থান্দর হয়ে দেখা দেয়; কেউ তাকে ছোটো ব'লে, মৃঢ় ব'লে, অক্ষম ব'লে অবজ্ঞা করতে পারে না— অনস্ত শিশু তার সথা হয়ে তাকে এমনি গৌরবান্থিত করে তুলেছেন যে, জগতের আদরের সিংহাসন সে অভি অনায়াসেই অধিকার করে বসেছে, কেউ তাকে বাধা দিতে সাহস করে না।

আবার দেইজন্মেই আমার উনিশ বংশরের যুবাবন্ধুর তারুণ্যকে আমি অবজ্ঞা

করতে পারি নে। যিনি চিরযুবা তিনি তাকে যৌবনে মণ্ডিত জগতের মাঝখানে হাতে ধরে দাঁড় করিয়ে দিয়েছেন। চিরকাল ধরে কত যুবাকেই যে তিনি যৌবরাজ্যে অভিষিক্ত করে এসেছেন, তার আর সীমা নেই। তাই যৌবনের মধ্যে চরমের আস্বাদ পেয়ে চিরদিন যুবারা যৌবনকে চরমরূপে পাবার আকাজ্ঞা করেছে।

প্রবীণরা তাই দেখে হেসেছে। মনে করেছে যুবারা এই-সমন্ত নিয়ে ভূলে আছে কেমন করে। ত্যাগের মধ্যে রিক্তভার মধ্যে যে বাধাহীন পরিপূর্ণতা, সেই অমৃতের স্বাদ এরা পায় নি। তিনি চিরপুরাতন যিনি পরমানন্দে আপনাকে নিয়তই ত্যাগ করছেন, যিনি কিছুই চান না; তিনিই রুদ্ধের বন্ধু হয়ে পুর্ণতার দ্বারম্বরূপ যেত্যাগ, অমৃতের দ্বারম্বরূপ যে-মৃত্যু, তারি অভিমূখে আপনি হাতে ধরে নিয়ে চলেছেন।

এমনি করে অনস্ত যদি পদে পদেই আমাদের কাছে না ধরা দিতেন, তবে অনস্তকে আমরা কোনো কালেই ধরতে পারতুম না। তবে তিনি আমাদের কাছে 'না' হয়েই থাকতেন। কিন্তু পদে পদে তিনিই আমাদের 'হা'। বাল্যের মধ্যে যে হাঁ সে তিনিই, সেইখানেই বাল্যের সৌন্দর্য; যৌবনের মধ্যে যে হাঁ সেও তিনিই, সেইখানেই যৌবনের শক্তি সামর্থ্য; বার্ধক্যের মধ্যে যে হাঁ সেও তিনিই, সেইখানেই বার্ধক্যের চরিতার্থতা। থেলার মধ্যেও পূর্ণরূপে তিনি, সংগ্রহের মধ্যেও পূর্ণরূপে তিনি এবং ত্যাগের মধ্যেও পূর্ণরূপে তিনি।

এইজন্তেই পথপু আমাদের কাছে এমন রমণীয়, এইজন্তে সংসারকে আমরা ত্যাগ করতে চাই নে। তিনি-যে পথে আমাদের সঙ্গে সঙ্গে চলেছেন। পথের উপর আমাদের এই-যে ভালোবাসা, এ তাঁরি উপর ভালোবাসা। মরতে আমরা যে এত অনিচ্ছা করি, এর মধ্যে আমাদের মনের এই কথাটি আছে যে, 'হে প্রিয়, জীবনকে তুমি আমাদের কাছে প্রিয় করে রেখেছ।'— ভুলে যাই, যিনি প্রিয় করেছেন, মরণেও তিনিই আমাদের সঙ্গে চলেছেন।

আমাদের বলবার কথা এ নয় যে, এটা অপূর্ণ ওটা অপূর্ণ, অতএব এ সমস্তকে আমরা পরিত্যাগ করব। আমাদের বলবার কথা হচ্ছে এই যে, এরি মধ্যে যিনি পূর্ণ তাঁকে আমরা দেখব। ক্ষেত্রকে বড়ো করেই যে আমরা পূর্ণকে দেখি তা নয়, পূর্ণকে দেখলেই আমাদের ক্ষেত্র বড়ো হয়ে যায়। আমরা যেখানেই আছি, যে-অবস্থায় আছি, সকলের মধ্যেই যদি তাঁকে দেখবার অবকাশ না থাকত, তা হলে কেউ কোনো কালেই তাঁকে দেখবার আশা করতে পারত্বম না। কারণ, আমরা যে যতদ্রই অগ্রসর হই-না, অনস্ক যদি ধরা না দেন তবে কোনো কৌশলে কারো তাঁকে নাগাল পাবার সম্ভাবনা কিছুমাত্র থাকে না।

কিন্তু তিনি অনস্ত বলেই সর্বত্তই ধরা দিয়েই আছেন— এইজন্মে তাঁর আনন্দর্গপের অমৃতর্পপের প্রকাশ সকল দেশে, সকল কালে। তাঁর সেই প্রকাশ যদি আমাদের মানবজীবনের মধ্যে দেখে থাকি তবে মৃত্যুর পরেও তাঁকে নৃতন করে দেখতে পাব, এই আশা আমাদের মধ্যে উজ্জ্বল হয়ে ওঠে। মানবজীবনে সে স্থযোগ যদি না ঘটে থাকে, অর্থাৎ যদি না জেনে থাকি যে, যা কিছু প্রকাশ পাছের সে তাঁরি আনন্দ, তবে মৃত্যুর পরে যে আরো-কিছু বিশেষ স্থযোগ আছে, এ-কথা কল্পনা করবার কোনো হেতু দেখি নে।

অনস্ত চিরদিনই দকল দেশে সকল কালে দকল অবস্থাতেই নিজেকে আমাদের কাছে প্রকাশ করবেন, এই তাঁর আনন্দের লীলা। কিন্তু তাঁর যে অন্ত নেই, এ-কথা তিনি আমাদের কেমন করে জানান? নেতি নেতি করে জানান না, ইতি ইতি করেই জানান। অন্তহীন ইতি। সেই ইতিকে কোথাও স্থম্পষ্ট উপলব্ধি করতে পারলেই একথা জানতে পারি, সর্বত্রই ইতি— সর্বত্রই সেই একং। জীবনেও সেই একং, জীবনের পরেও সেই একং।— কিন্তু তিনি নাকি অন্তহীন, সেইজন্মে তিনি কোথাও কোনোদিন প্রাতন নন,— চিরদিনই তাঁকে নৃতন করেই জানব, নৃতন করেই পাব, তাঁতে নৃতন করেই আনন্দলাভ করতে থাকব। একেবারেই সমস্ত পাওয়াকে মিটিয়ে দিয়ে চিরকালের মতো একভাবেই যদি তাঁকে পেতুম, তা হলে অনন্তকে পাওয়া হত না। অন্ত সমস্ত পাওয়াকে শেষ করে দিয়ে তবে তাঁকে পাব, এ কথনো হতেই পারে না। কিন্তু সমস্ত পাওয়ার মধ্যেই কেবল নব নবতর রূপে তাঁকেই পেতে থাকব, সেই অন্তহীন এককে অন্তহীন বিচিত্রের মধ্যে চিরকাল ভোগ করে চলব, এই যদি না হয় তবে দেশকালের কোনো অর্থই নেই,— তবে বিশ্বরচনা উন্মন্ত প্রলাপ এবং আমাদের জন্ম-মৃত্যুর প্রবাহ মায়ামরীচিকামাত্র।

মাতৃশ্ৰাদ্ধ

আমি কোনো ইংরেজী বইয়ে পড়েছি যে, ঈশ্বরকে যে পিতা বলা হয়ে থাকে, দে একটা রূপকমাত্র। অর্থাৎ পৃথিবীতে পিতার সঙ্গে সন্তানের যে রক্ষণপালনের সম্বন্ধ, ঈশবের সঙ্গে জীবের সেই সম্বন্ধ আছে বলেই এই সাদৃশ্য অবলম্বনে তাঁকে পিতা বলা হয়।

কিন্তু এ-কথা আমরা মানি নে। আমরা তাঁকে রূপকের ভাষায় পিতা বলি নে। আমরা বলি, পিতামাতার মধ্যে তিনিই সত্য পিতা মাতা। তিনিই আমাদের অনস্ত পিতামাতা, সেইজ্বােই মান্থৰ তার পৃথিবীর পিতামাতাকে চিরকাল পেয়ে আসছে।
মান্থৰ যে পিতৃহীন হয়ে মাতৃহীন হয়ে পৃথিবীতে আসে না তার একমাত্র কারণ, বিশ্বের
অনস্ত পিতামাতা চিরদিন মান্থ্যের পিতামাতার মধ্যে আপনাকে প্রকাশ করে
আসছেন। পিতার মধ্যে পিতারূপে যে-সত্য সে তিনি, মাতার মধ্যে মাতারূপে
যে-সত্য সে তিনি।

পিতামাতাকে যদি প্রাকৃতিক দিক থেকে দেখাই সত্য দেখা হত, অর্থাৎ আমাদের মর্ত্যজীবনের প্রাকৃতিক কারণমাত্র যদি তাঁরা হতেন, তা হলে এই পিতামাতা সন্তাধণকে আমরা ভূলেও অনস্তের সঙ্গে জড়িত করতুম না। কিন্তু মাসুষ পিতামাতার মধ্যে প্রাকৃতিক কারণের চেয়ে চের বড়ো জিনিসকে অন্তভব করেছে— পিতামাতার মধ্যে এমন একটি পদার্থের পরিচয় পেয়েছে যা অন্তহীন, যা চিরন্তন, যা বিশেষ পিতামাতার সমস্ত ব্যক্তিগত সীমাকে ছাড়িয়ে গেছে; পিতামাতার মধ্যে এমন একটা-কিছু পেয়েছে যাতে দাঁড়িয়ে উঠে চক্রস্থগ্রহতারাকে যিনি অনাদি-অনস্তকাল নিয়মিত করছেন, সেই পরম শক্তিকে সম্বোধন করে বলে উঠেছে, 'পিতা নোহসি— তুমি আমাদের পিতা।' এ-কথা যে নিতান্তই হাস্তকর প্রলাপবাক্য এবং স্পর্ধার কথা হত যদি এ কেবলমাত্রই রূপক হত। কিন্তু মানুষ এক জায়গায় পিতামাতাকে বিশেষভাবে অনস্তের মধ্যে দেখেছে এবং অনস্তকে বিশেষভাবে পিতামাতার মধ্যে দেখেছে, দেইজন্তেই এমন দৃঢ়কণ্ঠে এতবড়ো অভিমানের সঙ্গে বলতে পেরেছে 'পিতা নোহসি'।

মানুষ পিতামাতার মধ্য থেকে যে-অমৃতের ধারা লাভ করেছে সেইটেকে অন্নসরণ করতে গিয়ে দেখেছে কোথাও তার সীমা নেই, দেখেছে যেখান থেকে সূর্যনক্ষত্র তাদের নিংশেষহীন আলোক পাচ্ছে, জীবজন্ত যেখান থেকে অবসানহীন প্রাণের স্রোতে ভেসে চ'লে আজ পর্যন্ত কোনো শেষে গিয়ে পৌছল না, সেই জগতের অনাদি আদিপ্রস্তবণহতেই ওই অমৃতধারা প্রবাহিত হয়ে আসছে; অনস্ত ওইখানে আমাদের কাছে যেমনি ধরা পড়ে গেছেন, অমনি আমরা সেই দিকেই মৃথ তুলে বলে উঠেছি 'পিতা নোহসি'—বলেছি, 'যাকেই পিতা বলে ডাকি-না কেন, তুমিই আমাদের পিতা।'

'তুমি যে আমাদেরি' অনস্তকে এমন কথা বলতে শিথলুম এইখান থেকেই। 'তোমার বিশ্বব্রদাণ্ডে অসংখ্য কারবার নিয়ে তুমি আছ, সে কথা ভাবতে গেলেও ভয়ে মরি— কিন্তু ধরা পড়ে গেছ এইখানেই— দেখেছি তোমাকে পিতার মধ্যে, দেখেছি তোমাকে মাতার মধ্যে— তাই তুমি যত বড়োই হও-না কেন, পৃথিবীর এই এক কোণে দাঁড়িয়ে বলেছি, তুমি আমাদের পিতা— পিতা নোহিদি। আমাদের তুমি আমাদের, আমার তুমি আমার।' এমন করে যদি তাঁকে না পেতুম তবে তাঁকে খুঁজতে যেতুম কোন্ রান্তায় ? সের রান্তার অন্ত পেতুম কবে এবং কোন্থানে ? যত দ্রেই যেতুম তিনি দ্রেই থেকে যেতেন। কেবল তাঁকে অনির্বচনীয় বলতুম, অগম্য অপার বলতুম।

কিন্ধ সেই অনির্বচনীয় অগম্য অপার তিনিই আমার পিতা, আমার মাতা, তিনিই আমার— মাহুষকে এই একটি অন্তুত কথা তিনি বলিয়েছেন। অন্ধিগম্য, এক মৃহুর্তে এত আশ্চর্য সহজ হয়েছেন।

একবারে আমাদের মানবজনার প্রথম মৃহুর্তেই। মার কোলে মান্থবের জন্ম, এইটেই মান্থবের মন্ত কথা এবং প্রথম কথা। জীবনের প্রথম মৃহুর্তেই তার অধিকারের আর অন্ত নেই; তার জন্মে প্রাণ দিতে পারে এতবড়ো স্নেহ তার জন্মে অপেক্ষা করে আছে, জগতে এত তার মূল্য। এ মূল্য তাকে উপার্জন করতে হয় নি, এ মূল্য সে একবারেই পেয়েছে।

মাতাই শিশুকে জানিয়ে দিলে, বিশাল বিশ্বজ্ঞগৎ তার আগ্রীয়, নইলে মাতা তার আপন হত না। মাতাই তাকে জানিয়ে দিলে, নিথিলের ভিতর দিয়ে যে যোগের স্ত্র তাকে বেঁধেছে, সেটি কেবল প্রাকৃতিক কার্যকারণের স্ত্র নয়, সে একটি আগ্রীয়তার স্ত্র। সেই চিরস্তন আগ্রীয়তা পিতামাতার মধ্যে রূপগ্রহণ ক'রে জীবনের আরম্ভেই শিশুকে এই জগতে প্রথম অভ্যর্থনা করে নিলে। একেবারেই যে অপরিচিত, এক নিমেষেই তাকে স্থপরিচিত বলে গ্রহণ করলে— সে কে। এমনটা পারে কে। এ শক্তি আছে কার। সেই অনম্ভ প্রেম, যিনি সকলকেই চেনেন, এবং সকলকেই চিনিয়ে দেন।

এইজন্মে প্রেম যথন চিনিয়ে দেন, তথন জানাশুনা চেনাপরিচয়ের দীর্ঘ ভূমিকার কোনো দরকার হয় না, তথন রূপগুণ শক্তিসামর্থ্যের আসবাব-আয়োজনও বাহুল্য হয়ে ওঠে, তথন জ্ঞানের মতো খুঁটিয়ে খুঁটিয়ে ওজন করে হিসেব করে চিনতে হয় না। চিরকাল তাঁর যে চেনাই রয়েছে সেইজন্মে তাঁর আলো যেখানে পড়ে সেখানে কেউ কাউকে প্রশ্ন জিজ্ঞাসা করে না।

শিশু মা-বাপের কোলেই জগংকে যথন প্রথম দেখলে, তথন কেউ তাকে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করলে না— বিশ্বব্রহ্মাণ্ডের থেকে একটি ধ্বনি এল, 'এসো, এসো।' সেই ধ্বনি মা-বাপের কণ্ঠের ভিতর দিয়ে এল কিছে সে কি মা-বাপেরই কথা। সেটি বার কথা তাঁকেই মানুষ বলেছে 'পিতা নোহসি'।

শিশু জন্মাল আনন্দের মধ্যে, কেবল কার্যকারণের মধ্যে নয়। তাকে নিয়ে মা-বাপের খুশি, মা-বাপকে নিয়ে তার খুশি। এই আনন্দের ভিতর দিয়ে জগতের সঞ্চে তার সমন্ধ আরম্ভ হল। এই-যে আনন্দ, এ আনন্দ ছিল কোথায়, এ আনন্দ আদে কোথা থেকে। যে-পিতামাতার ভিতর দিয়ে শিশু একে পেয়েছে, সেই পিতামাতা একে পাবে কোথায়। এ কি তাদের নিজের সম্পত্তি। এই আনন্দ জীবনের প্রথম মৃহুর্তেই যেখান থেকে এসে পৌছল, সেইখানে মান্তবের চিন্ত গিয়ে যখন উদ্ভীর্ণ হয় তথনি এতবড়ো কথা সে অতি সহজেই বলে, 'পিতা নোহসি— তুমিই আমার পিতা, আমার মাতা।'

আমাদের এই মন্দিরের একজন উপাসক আমাকে জানিয়েছেন, আজ তাঁর মাতার শ্রাদ্ধদিন। আমি তাঁকে বলছি, আজ তাঁর মাতাকে খুব বড়ো করে দেখবার দিন, বিশ্বমাতার সঙ্গে তাঁকে মিলিয়ে দেখবার দিন।

মা যথন ইন্দ্রিয়বোধের কাছে প্রত্যক্ষ ছিলেন, তথন তাঁকে এতবড়ো করে দেখবার অবকাশ ছিল না। তথন তিনি সংসারে আচ্ছন্ন হয়ে দেখা দিতেন। আজ তাঁর সমস্ত আবরণ ঘুচে গিয়েছে— যেখানে তিনি পরিপূর্ণ সত্য, সেইখানেই আজ তাঁকে দেখে নিতে হবে। যিনি জন্মদান করে নিজের মাতৃত্বের মধ্য দিয়ে বিশ্বমাতার পরিচয়সাধন করিয়েছেন, আজ তিনি মৃত্যুর পর্দা সরিয়ে দিয়ে সংসারের আচ্ছাদন ছিন্ন করে সেই বিশ্বজননীর মধ্যে নিজের মাতৃত্বের চিরন্তন মূর্তিটি সন্তানের চক্ষে প্রকাশ করে দিন।

শ্রাদ্ধদিনের ভিতরকার কথাটি— শ্রদ্ধা। শ্রদ্ধা শব্দের অর্থ হচ্চে বিশ্বাস।

আমাদের মধ্যে একটি মৃঢ্তা আছে; আমরা চোথে-দেখা কানে-শোনাকেই সব চেয়ে বেশি বিশ্বাস করি। যা আমাদের ইন্দ্রিয়বোধের আড়ালে পড়ে য়ায়, মনে করি, সে বৃঝি একেবারেই গেল। ইন্দ্রিয়ের বাইরে শ্রন্ধাকে আমরা জাগিয়ে রাথতে পারিনে।

আমার চোখে-দেখা কানে-শোনা দিয়েই তো আমি জ্বগৎকে সৃষ্টি করি নি যে,
আমার দেখাশোনার বাইরে যা পড়বে তাই বিলুপ্ত হয়ে যাবে। যাকে চোখে দেখছি,
যাকে সমস্ত ইন্দ্রিয় দিয়ে জানছি, সে বার মধ্যে আছে, যখন তাকে চোখে দেখি নে,
ইন্দ্রিয় দিয়ে জানি নে, তখনো তাঁরি মধ্যে আছে। আমার জানা আর তাঁর জানা
তো ঠিক এক সীমায় সীমাবদ্ধ নয়। আমার যেখানে জানার শেষ সেখানে তিনি
ফ্রিয়ে যান নি। আমি যাকে দেখছি নে, তিনি তাকে দেখছেন— আর তাঁর সেই
দেখায় নিমেষ পড়ছে না।

সেই অনিমেষ জাগ্রত পুরুষের দেখার মধ্যেই আজ মাকে দেখতে হবে। আজ এই শ্রদ্ধাটিকে হৃদয়ে জাগ্রত করে তুলতে হবে যে, মা আছেন, মা সভ্যের মধ্যে আছেন, শোকানলের আলোকেই এই শ্রদ্ধাকে উজ্জ্বল করে তুলতে হবে যে, মা আছেন, তিনি কখনোই হারাতে পারেন না। সত্যের মধ্যে মা চিরকাল ছিলেন বলেই তাঁকে একদিন পেয়েছি— নইলে একদিনো পেতৃম না— এবং সত্যের মধ্যেই মা আছেন বলেই আজা তাঁর অবসান নেই।

দত্যের মধ্যেই, অমৃতের মধ্যেই সমস্ত আছে, এ-কথা আমরা পরমাত্মীয়ের মৃত্যুতেই যথার্থত উপলব্ধি করি। যাদের দলে আমাদের স্বেহপ্রেমের, আমাদের জীবনের গভীর যোগ নেই, তারা আছে কি নেই তাতে আমাদের কিছুই আসে যায় না— স্কুতরাং মৃত্যুতে তারা আমাদের কাছে একেবারেই বিলুপ্ত হয়ে যায়। এইখানেই মৃত্যুকে আমরা বিনাশ বলেই জানি।

কিন্তু এ মৃত্যুর অর্থ কী ভেবে দেখো। যে-মাসুষকে আনন্দের মধ্যে দেখি নি, তাকে অমৃতের মধ্যেই দেখি নি— আমার পক্ষে সে কেবলমাত্র চোখে-দেখা কানে-শোনার অনিত্য লোকেই এতদিন ছিল;— যেখানে তাকে সত্যরূপে বৃহৎরূপে অমররূপে দেখতে পেতৃম, সেখানে সে আমাকে দেখা দেয় নি।

যেখানে আমার প্রেম দেইখানেই আমি নিত্যের স্বাদ পাই, অমৃতের পরিচয় পেরে থাকি। সেথানে মাহুষের উপর থেকে তুচ্ছতার আবরণ চলে যায়, মাহুষের মূল্যের সীমা থাকে না। সেই প্রেমের মধ্যে যে-মাহুষকে দেখেছি, তাকেই আমি অমৃতের মধ্যে দেখেছি। সমস্ত সীমাকে অতিক্রম ক'রে তার মধ্যে অসীমকে দেখতে পাই এবং মৃত্যুতেও সে আমার কাছে মরে না।

যাকে আমরা ভালোবাদি মৃত্যুতে সে যে থাকবে না, এই কথাটা আমাদের সমস্ত চিত্ত অস্বীকার করে;— প্রেম যে তাকে নিত্য বলেই জানে, স্থতরাং মৃত্যু যথন তার প্রতিবাদ করে, তথন সেই প্রতিবাদকে মেনে নেওয়া তার পক্ষে এতই কঠিন হয়ে ওঠে। যে-মাস্থককে আমরা অমৃতলোকের মধ্যে দেখেছি, তাকে মৃত্যুর মধ্যে দেখব কেমন করে।

মনের ভিতরে তখন একটি কথা এই ওঠে— প্রেম কি কেবল আমারি। কোনো বিশ্বব্যাপী প্রেমের যোগে কি আমার প্রেম সত্য নয়। য়ে-শক্তিকে অবলম্বন করে আমি ভালোবাসছি, আনন্দ পাচ্ছি, সেই শক্তিই কি সমস্ত বিশ্বে সকলের প্রতিই আনন্দিত হয়ে আছেন না। আমার প্রেমের মধ্যে এমন যে একটি অমৃত আছে, যে-অমৃতে আমার প্রেমাম্পদ আমার কাছে এমন চিরস্তন সত্য— সেই অমৃত কি সেই অনস্ত প্রেমের মধ্যে নেই। তাঁর সেই অনস্ত প্রেমের স্থায় আমরা কি অমর হয়ে উঠিন। যেখানে তাঁর আনন্দ সেইখানেই কি অমৃত নেই।

প্রিয়জনের মৃত্যুর পরে প্রেমের আলোকে আমরা এই অনস্ত অমৃতলোককে আবিদার করে থাকি। সেই তো আমাদের শ্রদ্ধার দিন— সত্যের প্রতি শ্রদ্ধা, অমৃতের প্রতি শ্রদ্ধা। শ্রাদ্ধের দিনে আমরা মৃত্যুর সন্মুথে দাঁড়িয়ে অমৃতের প্রতি সেই শ্রদ্ধা নিবেদন করি; আমরা বলি, মাকে দেখছি নে কিছু মা আছেন। চোথে দেখে, হাতে ছুঁয়ে যথন বলি 'মা আছেন', তথন সে তো শ্রদ্ধা নয়— আমার সমস্ত ইন্দ্রিয় যেথানে শ্র্যুতার সান্দ্য দিচ্ছে সেথানে যথন বলি 'মা আছেন', তথন তাকেই যথার্থ বলে শ্রদ্ধা। নিজে যতক্ষণ পাহারা দিচ্ছি ততক্ষণ যাকে বিশ্বাস করি, তাকে কি শ্রদ্ধা করি। গোচরে এবং অগোচরেও যার উপর আমার বিশ্বাস অটল, তারি উপর আমার শ্রদ্ধা। মৃত্যুর অন্ধকারময় অন্তরালেও যাকে আমার সমস্ত চিত্ত সত্য বলে উপলব্ধি করছে, তাকেই তো যথার্থ আমি সত্য বলে শ্রদ্ধা করি।

সেই প্রদাই প্রকাশ করার দিন প্রান্ধের দিন। মাতার জীবিতকালে যথন বলেছি, 'মা তুমি আছ'— তার চেয়ে ঢের পরিপূর্ণ করে বলা, আজকের বলা যে, 'মা তুমি আছ।' তার মধ্যে আর-একটি গভীরতর প্রদার কথা আছে— 'পিতা নোহিদি। হে আমার অনন্ত পিতামাতা, তুমি আছ, তাই আমার মাকে কোনো দিন হারাবার জো নেই।'

যেদিন বিশ্বব্যাপী অমৃতের প্রতি এই শ্রদ্ধা সমৃজ্জ্বল হয়ে ওঠবার দিন, সেই-দিনকারই আনন্দমন্ত্র হচ্ছে—

মধু বাতা শ্বতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ
মাধবীর্নঃ স'স্থাষধীঃ।
মধু নক্তম্ উতোষসঃ মধুমৎ পার্থিবং রক্তঃ
মধু গোরস্ত নঃ পিতা।
মধুমান্নো বনস্পতিঃ মধুমান্ অন্ত সুর্যঃ
মাধবীর্গাবো ভবস্ত নঃ।

এই আনন্দমন্ত্রের দারা পৃথিবীর ধূলি থেকে আকাশের সূর্য পর্যন্ত সমন্তকে অমৃতে অভিষিক্ত করে মধুময় করে দেখবার দিন এই শ্রাদ্ধের দিন। সত্যম্— তিনি সত্য, অতএব সমস্ত তাঁর মধ্যে সত্য, এই শ্রদ্ধা যেদিন পুর্ণভাবে বিকশিত হয়ে ওঠে, সেই দিনই আমরা বলতে পারি আনন্দম্— তিনি আনন্দ এবং তাঁর মধ্যেই সমস্ত আনন্দে পরিপূর্ণ।

শেষ .

গানে সম আছে, ছন্দে যতি আছে এবং এই যে লেখা চলছে, এই লেখার অশ্ব-সকল অংশের চেয়ে দাঁড়ির প্রভুত্ব কিছুমাত্র কম নয়। এই দাঁড়িগুলোই লেখার হাল ধরে রয়েছে— একে একটানা নিরুদ্দেশের মধ্যে ছ ছ করে ভেসে যেতে দিচ্ছে না।

বস্তুত কবিতা যথন শেষ হয়ে যায়, তথন সেই শেষ হয়ে যাওয়াটাও কবিতার একটা বৃহৎ অঙ্গ। কেননা কোনো ভালো কবিতাই একেবারে শৃ্ন্তের মধ্যে শেষ হয় না— যেথানে শেষ হয় সেথানেও সে কথা বলে— এই নি:শব্দে কথাগুলি বলবার অবকাশ তাকে দেওয়া চাই।

যেখানে কবিতা থেমে গেল সেখানেই যদি তার সমস্ত স্থর সমস্ত কথা একেবারেই ফুরিয়ে যায়, তা হলে সে নিজের দীনতার জন্মে লজ্জিত হয়। কোনো-একটা বিশেষ উপলক্ষে প্রাণপণে ধুমধাম করে যে-ব্যক্তি একেবারে দেউলে হয়ে যায়, সেই ধুমধামের দ্বারা তার ঐশ্বর্য প্রকাশ পায় না, তার দারিক্রাই সমুজ্জল হয়ে ওঠে।

নদী যেখানে থামে দেখানে একটি সমূদ্র আছে বলেই থামে— তাই থেমে তার কোনো ক্ষতি নেই। বস্তুত এ কেবল এক দিক থেকে থামা, অন্ত দিক থেকে থামা নয়।

মান্থবের জীবনের মধ্যেও এই-রকম অনেক থামা আছে। কিন্তু প্রায় দেখা যায়, মান্থব থামতে লজ্জা বোধ করে। সেইজন্তেই আমরা ইংরেজের মৃথে প্রায় শুনতে পাই যে, জিন্লাগাম-পরা অবস্থায় দৌড়তে দৌড়তে মৃথ থ্বড়ে মরাই গৌরবের মরণ। আমরাও এই কথাটা আজকাল ব্যবহার করতে অভ্যাস করছি।

কোনো-একটা জায়গায় পূর্ণতা আছে, এ-কথা মাহ্নষ যথন অস্বীকার করে তথন চলাটাকেই মাহ্নষ একমাত্র গৌরবের জিনিস ব'লে মনে করে। ভোগ বা দান যে জানে না, সঞ্চয়কেই সে একান্ত করে জানে।

কিন্তু ভোগের বা দানের মধ্যে সঞ্চয় যথন আপনাকৈ ক্ষয় করতে থাকে তথন এক আকারে সঞ্চয়ের অবসান হয় বটে, কিন্তু আর-এক আকারে তারি সার্থকতা হতে থাকে। যেথানে সঞ্চয়ের এই সার্থক অবসান নেই সেথানে লজ্জাজনক রূপণতা।

জীবনকে যারা এই-রকম রূপণের মতো দেখে, তারা কোথাও কোনোমতেই থামতে চায় না, তারা কেবলি বলে, 'চলো, চলো, চলো।' থামার হারা তাদের চলা সম্পূর্ণ ও গভীর হয়ে ওঠে না; তারা চাবুক এবং লাগামকেই স্বীকার করে, বৃহৎ এবং স্থন্দর শেষকে তারা মানে না।

তারা যৌবনকে যৌবন পেরিয়েও টানাটানি করে নিয়ে চলে; সেই হুংসাধ্য ব্যাপারে কাঠ থড় এবং চেষ্টার আর অবধি থাকে না— তা ছাড়া কত লজ্জা, কত ভাবনা, কত ভয়।

ফল যথন পাকে তথন শাখা ছেড়ে যাওয়াই তার গৌরব। কিন্তু শাখা ত্যাগ করাকে যদি দীনতা ব'লে মনে করে, তবে তার মতো কুপাপাত্র আর কে আছে।

নিজের স্থানকৈ অধিকার করার সঙ্গে সঙ্গে এই কথাটি মনের মধ্যে রাখতে হবে যে, এই অধিকারকে সম্পূর্ণ করে তুলে এ'কে ত্যাগ করে যাব; এই অধিকারকে যেমন করে পারি শেষ পর্যন্ত টানাহেঁচড়া করে রক্ষা করতেই হবে— তাতেই আমার সম্মান, আমার ক্বতিত্ব, এই শিক্ষাই যারা শিশুকাল থেকে শিথে এসেছে, অপঘাত যতক্ষণ তাদের পেয়াদার মতো এসে জোর করে টেনে নিয়ে না যায় ততক্ষণ তারা তুই হাতে আসন আঁকড়ে পড়ে থাকে।

আমাদের দেশে অবদানকৈ স্বীকার করে, এইজন্মে তার মধ্যে অগৌরব দেখতে পায় না। এইজন্মে ত্যাগ করা তার পক্ষে ভক্ষ দেওয়া নয়।

কেননা সেই ত্যাগ বলতে তো রিক্কতা বোঝায় না। পাকা ফলের তাল ছেড়ে মাটিতে পড়াকে তো ব্যর্থতা বলতে পারি নে। মাটিতে তার চেষ্টার আকার এবং ক্ষেত্র -পরিবর্তন হয়— সেখানে সে নিশ্চেষ্টতার মধ্যে পলায়ন করে না। সেখানে বৃহত্তর জ্বয়ের উত্যোগপর্ব, সেখানে অজ্ঞাতবাসের পালা। সেখানে বাহির হতে ভিতরে প্রবেশ।

আমাদের দেশে বলে, পঞ্চাশোর্ধং বনং ব্রজেং।

কিন্ত সে বন তো আলস্থের বন নয়, সে-যে তপোবন। সেখানে মান্থবের এতকালের সঞ্জয়ের চেষ্টা, দানের চেষ্টার ক্ষেত্রে প্রবেশ করে।

করার আদর্শ মাহ্নবের একমাত্র আদর্শ নয়, হওয়ার আদর্শ ই খুব বড়ো জ্বিনিস। ধানের গাছ যখন রৌদ্রবৃষ্টির সঙ্গে সংগ্রাম করতে করতে বাড়ছিল সে খুব স্থলর, কিন্তু ফদল ফ'লে যখন তার মাঠের দিন শেষ হয়ে ঘরের দিন আরম্ভ হয় তখন সেও স্থলর। সেই ফদলের মধ্যে ধানখেতের সমস্ত রৌদ্রবৃষ্টির ইতিহাস নিবিড়ভাবে নিস্তন্ধ হয়ে আছে ব'লে কি তার কোনো অগৌরব আছে ?

মাস্থবের জীবনকেও কেবল তার খেতের মধ্যেই দেখব, তার ফদলের মধ্যে দেখব না, এমন পণ করলে দে জীবনকে নষ্টই করা হয়। তাই বলছি, মাস্থবের জীবনে এমন একটি সময় আসে যখন তার থামার সময়। মানুষের কাজের সময়ে আমরা মানুষের কাছ থেকে যে-জিনিসটা আদায় করি, তার থামার সময়েও আমরা যদি সেই জিনিসটাই দাবি করি, তা হলে কেবল যে অন্তায় করা হয় তা নয়, নিজেকে বঞ্চিত করাই হয়।

থামার সময় মাহ্নবের কাছে আমরা থেটা দাবি করতে পারি, সেটা করার আদর্শ নয়— সেটা হওয়ার আদর্শ। যখন সমস্তই কেবল চলছে, কেবলই ভাঙাগড়া এবং ওঠাপড়া, তথন সেই হওয়ার আদর্শটিকে সম্পূর্ণভাবে স্থিরভাবে আমরা দেখতে পাই নে— যখন চলা শেষ হয় তথন হওয়াকে আমরা দেখতে পাই। মাহ্নবের এই সমাপ্ত ভাবটি, এই স্থিররূপটি দেখারও প্রয়োজন আছে। খেতের চারা এবং গোলার ধান আমাদের তুইই চাই।

কেন্দো লোকেরা কাজকেই একমাত্র লাভ বলে মনে করে— এইজন্য মাহুষের কাছ থেকে তার অন্তিমকাল পর্যন্ত কেবল কাজ আদায় করবারই চেষ্টা করে।

যে-সমাজে যে-রকম দাবি সেই দাবি অনুসারেই মান্নুষের মূল্য। যেখানে সমাজ যুদ্ধ দাবি করে সেখানে যোদ্ধারই মূল্য বেশি, স্থতরাং সকলেই আর-সমস্ত চেষ্টাকে সংহরণ ক'রে যোদ্ধা হবার জন্মেই প্রাণপণে চেষ্টা করে।

যেখানে কাজের দাবি অতিমাত্র, সেখানে অন্তিম মৃহূর্ত পর্যন্ত কেজে। ভাবেই আপনাকে প্রচার করার দিকে মাহুষের একান্ত প্রয়াস। সেখানে মাহুষের দাঁড়ি নেই বলনেই হয়, সেখানে কেবলই অসমাপিকা ক্রিয়া। সেখানে মাহুষ যে-জায়গায় থামে সে-জায়গায় কিছুই পায় না, কেবল লজ্জা পায়; সেখানে কাজ একটা মদের মতো, ফুরোলেই অবসাদ; সেখানে স্তব্ধতার মধ্যে মাহুষের কোনো বৃহৎ ব্যঞ্জনা নেই; সেখানে মৃত্যুর রূপ অতান্তই শৃত্য এবং বিভীষিকাময় এবং জীবন সেখানে নিরন্তর মথিত, ক্র্রু, পীড়িত ও শতসহত্র কলের ক্রত্রিম তাড়নায় গতিপ্রাপ্ত।

সামঞ্জস্থ

এই বিশ্বচরাচরে আমরা বিশ্বকবির ষে-লীলা চারিদিকেই দেখতে পাচ্ছি সে হচ্ছে দামগ্রন্থের লীলা। স্থর, সে যত কঠিন স্থরই হ'ক, কোথাও ভ্রষ্ট হচ্ছে না; তাল, সে যত ত্রুহ তালই হ'ক, কোনো জায়গায় তার স্থলনমাত্র নেই। চারিদিকেই গতি এবং ফুর্তি, স্পন্দন এবং নর্তন, অথচ দর্বত্রই অপ্রমন্ততা। পৃথিবী প্রতি মৃহুর্তে প্রবলবেগে স্থাকে প্রদক্ষিণ করছে, স্থ প্রতি মৃহুর্তে প্রবলবেগে কোনো-এক অপরিজ্ঞাত লক্ষ্যের অভিমুখে ছুটে চলেছে, কিন্তু আমাদের মনে ভাবনামাত্র নেই— আমরা সকাল-বেলায় নির্ভয়ে জেগে উঠে দিবসের তুচ্ছতম কাজটুকুও সম্পন্ন করবার জন্মে মনোযোগ করি এবং রাত্রে এ-কথা নিশ্চয় জেনে শুতে যাই যে, দিবসের আয়োজনটি ষেখানে যেমনভাবে আজ ছিল, সমস্ত রাত্রির অন্ধকার ও অচেতনতার পরেও ঠিক তাকে সেই জায়গাতেই তেমনি করেই কাল পাওয়া যাবে। কেননা সর্বত্র সামঞ্জন্ম আছে; এই অতি-প্রকাণ্ড অপরিচিত জগৎকে আমরা এই বিশ্বাসেই প্রতি মৃহুর্তে বিশ্বাস করি।

অথচ এই সামঞ্জস্ত তো সহজ সামঞ্জস্ত নয়— এ তো মেষে ছাগে সামঞ্জস্ত নয়, এ ষেন বাঘে গোঞ্চতে এক ঘাটে জল থাওয়ানো। এই জগৎক্ষেত্রে যে সব শক্তির লীলা, তাদের যেমন প্রচণ্ডতা তেমনি তাদের বিরুদ্ধতা— কেউ-বা পিছনের দিকে টানে, কেউ-বা সামনের দিকে ঠেলে, কেউ-বা গুটিয়ে আনে কেউ-বা ছড়িয়ে কেলে, কেউ-বা বজ্রমৃষ্টিতে সমস্তকে তাল পাকিয়ে নিরেট করে ফেলবার জন্তে চাপ দিছে, কেউ-বা তার চক্রযন্তের প্রবল আবর্তে সমস্তকে গুঁড়িয়ে দিয়ে দিয়িদিকে উড়িয়ে ফেলবার জন্তে ঘুরে ঘুরে বেড়াছে। এই-সমস্ত শক্তি অসংখ্যবেশে এবং অসংখ্যতালে ক্রমাগতই আকাশময় ছুটে চলেছে— তার বেগ, তার বল, তার লক্ষ্য, তার বিচিত্রতা আমাদের ধারণাশক্তির অতীত; কিছ্ক এই-সমস্ত প্রবলতা, বিরুদ্ধতা, বিচিত্রতার উপরে অধিষ্ঠিত অবিচলিত অথগু সামঞ্জস্ত। আমরা যখন জগংকে কেবল তার কোনো একটামাত্র দিক থেকে দেখি তথন গতি এবং আঘাত এবং বিনাশ দেখি, কিছ্ক সমগ্রকে যথন দেখি তথন দেখতে পাই নিস্তক্ক সামঞ্জস্ত। এই সামঞ্জস্তই হচ্ছে তাঁর স্বরূপ যিনি শান্তংশিবমহৈতম্। জগতের মধ্যে দামঞ্জস্ত তিনি শান্তম্, সমাজের মধ্যে দামঞ্জস্ত তিনি শিবম, আত্মার মধ্যে সামঞ্জস্ত তিনি অবৈত্রম্।

আমাদের আত্মার যে-সত্যদাধনা তার লক্ষও এই দিকে, এই পরিপূর্ণতার দিকে— এই শাস্ত শিব অদৈতের দিকে, কখনোই প্রমন্ততার দিকে নয়। আমাদের যিনি ভগবান তিনি কখনোই প্রমন্ত নন; নিরবচ্ছিন্ন স্প্রীপরস্পরার ভিতর দিয়ে অনস্ত দেশ ও অনস্ত কাল এই কথারই কেবল সাক্ষ্য দিচ্ছে। এষ সেতুর্বিধরণো লোকানামসন্তেদায়।

এই অপ্রমন্ত পরিপূর্ণ শাস্তিকে লাভ করবার অভিপ্রায় একদিন এই ভারতবর্ষের সাধনার মধ্যে ছিল। উপনিষদে ভগবদ্গীতায় আমরা এর পরিচয় যথেষ্ট পেয়েছি।

মাঝথানে ভারতবর্ষে বৌদ্ধযুগের যখন আধিপত্য হল, তখন আমাদের সেই সনাতন পরিপূর্ণতার সাধনা নির্বাণের সাধনার আকার ধারণ করলে। স্বয়ং বৃদ্ধের মনে এই নির্বাণ শক্ষটির অর্থ যে কী ছিল, তা এথানে আলোচনা করে কোনো ফল নেই, কিছ হংখের হাত থেকে নিস্তার পাবার জন্মে শৃক্ততার মধ্যে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করাই ধে চরম সিদ্ধি, এই ধারণা বৌদ্ধযুগের পর হতে নানা আকারে ন্যুনাধিক পরিমাণে সমস্ত ভারতবর্ষে ছড়িয়ে গিয়েছে।

এমনি করে পূর্ণভার শান্তি একদিন শৃগুভার শান্তি আকারে ভারতবর্ষের সাধনাক্লেত্রে দেখা দিয়েছিল। সমস্ত বাসনাকে নিরস্ত ক'রে সমস্ত প্রবৃত্তির মূলোচ্ছেদ করে
দিয়ে তবেই পরম শ্রেয়কে লাভ করা যায়, এই মত যেদিন থেকে ভারতবর্ষে তার সহস্র
মূল বিস্তার করে দাঁড়ালো, সেইদিন থেকে ভারতবর্ষের সাধনায় সামগ্রস্থের স্থলে রিক্ততা
এসে দাঁড়ালো,— সেইদিন থেকে প্রাচীন তাপসাশ্রমের স্থলে আধুনিক কালের সন্ন্যাসাশ্রম
প্রবল হয়ে উঠল এবং উপনিষদের পূর্ণস্বরূপ ব্রন্ধ শক্ররাচার্যের শৃগুস্বরূপ ব্রন্ধরণে প্রচ্ছন্ন
বৌদ্ধবাদে পরিণত হলেন।

কেবলমাত্র কঠোর চিন্তার জোরে মান্ন্র নিজের বাদনা ও প্রবৃত্তিকে মৃছে ফেলে জগদ্বল্লাগুকে বাদ দিয়ে শরীরের প্রাণক্রিয়াকে অবরুদ্ধ ক'রে একটি গুণলেশহীন অবচ্ছিন্ন (abstract) সন্তার ধ্যানে নিযুক্ত থাকতেও পারে, কিন্তু দেহমনহৃদয়বিশিষ্ট সমগ্র মান্থবের পক্ষে এ-রকম অবস্থায় অবস্থিতি করা অসম্ভব এবং সে তার পক্ষে কথনোই প্রার্থনীয় হতে পারে না। এই কারণেই তথনকার জ্ঞানীরা যাকে মান্থবের চরম শ্রেয় বলে মনে করতেন, তাকে সকল মান্থবের সাধ্য বলে গণ্যই করতেন না। এই কারণে এই শ্রেয়ের পথে তাঁরা বিশ্বসাধারণকে আহ্বান করতেই পারতেন না— বরঞ্চ অধিকাংশকেই অনধিকারী বলে ঠেকিয়ে রাখতেন এবং এই সাধারণ লোকেরা মৃঢ্ভাবে যে-কোনো বিশ্বাস ও সংস্থারকে আশ্রয় করত, তাকে তাঁরা সকরুণ অবজ্ঞাভরে প্রশ্রয় দিতেন। যেখানে যেটা যেমনভাবে আছে ও চলছে তাই নিয়েই সাধারণ মান্ত্র্য সন্ত্রই থাকুক এই তাঁদের কথা ছিল— কারণ, সত্য মান্থবের পক্ষে এতই স্থান্ব, এতই ছ্রধিগম্য এবং সত্যকে পেতে গেলে নিজের স্বভাবকে মান্থবের এমনি সম্পূর্ণ বিপর্যন্ত করে দিতে হয়!

দেশের জ্ঞান এবং দেশের অজ্ঞানের মধ্যে, দেশের সাধনা এবং দেশের সংসারযাতার মধ্যে, এতবড়ো একটা বিচ্ছেদ কথনোই স্থন্থভাবে স্থায়ী হতে পারে না। বিচ্ছেদ যেখানে একস্তি প্রবল, সেথানে বিপ্লব না এসে তার সমন্ত্র হয় না— কি রাষ্ট্রতন্ত্রে, কি সমাজতন্ত্রে, কি ধর্মতন্ত্রে।

আমাদের দেশেও তাই হল। মাহুষের সাধনাক্ষেত্র থেকে জ্ঞানী যে-হাদয়পদার্থকে অত্যস্ত জ্ঞার করে একেবারে সম্পূর্ণ নির্বাসিত করে দিয়েছিল সেই হাদয় অত্যস্ত জ্ঞােরের সক্ষেই অধিকার-অনধিকারের বেড়া চুরমার করে ভেঙে বক্যার বেগে দেখতে দেখতে একেবারে চতুর্দিক প্লাবিত করে দিলে; অনেকদিন পরে সাধনার ক্ষেত্রে মাহুষের দক্ষে মাহুষের মিলন খুব ভরপুর হয়ে উঠল।

এখন আবার সকলে একেবারে উলটো স্থর এই ধরলে যে, হাদয়বৃত্তির চরিতার্থতাই মাহুষের সিন্ধির চরম পরিচয়। হাদয়বৃত্তির অত্যস্ত উত্তেজনার যে-সমস্ত দৈহিক ও মানসিক লক্ষণ আছে, সাধনায় সেইগুলির প্রকাশই মাহুষের কাছে একাস্ত শ্রন্ধালাভ করতে লাগল।

এই অবস্থায় স্বভাবত মাহ্নষ আপনার ভগবানকেও প্রমন্ত আকারে দেখতে লাগল। তাঁর আর-সমন্তকেই থর্ব করে কেবলমাত্র তাঁকে হৃদয়াবেগচাঞ্চল্যের মধ্যেই একান্ত করে উপলব্ধি করতে লাগল এবং সেই-রকম উপলব্ধি থেকে যে একটি নিরতিশয় ভাব-বিহলতা জন্মায়, সেইটেকেই উপাসনার পরাকান্ত। বলে গণ্য করে নিলে।

কিছ ভগবানকে এই-রকম করে দেখাও তাঁর সমগ্রতা থেকে তাঁকে অবচ্ছিন্ন করে দেখা। কারণ মাহ্রষ কেবলমাত্র হৃদয়পুঞ্জ নয়, এবং নানাপ্রকার উপায়ে শরীরমনের সমস্ত শক্তিকে কেবলমাত্র হৃদয়াবেগের ধারায় প্রবাহিত করতে থাকলে কখনোই সর্বান্ধীণ মহায়ত্বের যোগে ঈররের সঙ্গে ষোগসাধন হতে পারে না।

হৃদয়াবেগকেই চরমরূপে যখন প্রাধান্ত দেওয়া হয়, তখনি মান্থ্য এমন কথা অনায়াসে বলতে পারে যে, ভক্তিপূর্বক মান্থ্য যাকেই পূজা করুক-না কেন, তাতেই তার সফলতা। অর্থাৎ, যেন পূজার বিষয়টি ভক্তিকে জাগিয়ে তোলবার একটা উপায়মাত্র; যার একটা উপায়ে ভক্তি না জন্মে, তাকে অন্ত যা-হয় একটা উপায় জুগিয়ে দেওয়ায় যেন কোনো বাধা নেই। এই অবস্থায় উপলক্ষটা যাই হ'ক, ভক্তির প্রবলতা দেখলেই আমাদের মনে শ্রনার উদয় হয়— কারণ, প্রমত্ততাকেই আমরা সিদ্ধি বলে মনে করি।

এই-রকম হাদ্যাবেগের প্রমন্ততাকেই আমরা অসামান্ত আধ্যাত্মিক শক্তির লক্ষণ বলে মনে করি, তার কারণ আছে। যেখানে সামগ্রন্থ নষ্ট হয়, সেখানে শক্তিপুঞ্জ একদিকে কাত হয়ে পড়ে বলেই তার প্রবলতা চোখে পড়ে। কিছু সে তো একদিক থেকে চুরি করে অন্তাদিককে ফীত করা। যেদিক থেকে চুরি হয় দেদিক থেকে নালিশ ওঠে; তার শোধ দিতেই হয় এবং তার শান্তি না পেয়ে নিছতি হয় না। সমস্ত চিত্তবৃত্তিকে কেবলমাত্র হৃদ্যাবেগের মধ্যে প্রতিসংহরণের চর্চায় মান্ত্র্য কথনোই মন্ত্র্যুত্তলাভ করে না এবং মন্ত্র্যুত্তের যিনি চরম লক্ষ্য তাঁকেও লাভ করতে পারে না।

নিজের মনের ভক্তির চরিতার্থতাই যখন মাছুষের প্রধান লক্ষ্য হয়ে উঠল, বস্তুত দেবতা যখন উপলক্ষ হয়ে উঠলেন এবং ভক্তিকে ভক্তি করাই যখন নেশার মতো ক্রমশই উগ্র হয়ে উঠতে লাগল, মানুষ যখন পুজা করবার আবেগটাকেই প্রার্থনা করলে, কাকে পুজা করতে হবে সেদিকে চিস্তামাত্র প্রয়োগ করলে না এবং এই কারণেই যখন ভার পুজার সামগ্রী ক্রতবেগে যেখানে-সেধানে যেমন-তেমন ভাবে নানা আকার ও নানা নাম ধরে অজল্র অপরিমিত বেড়ে উঠল, এবং সেইগুলিকে অবলম্বন করে নানা সংস্কার নানা কাহিনী নানা আচারবিচার জড়িত বিজ্ঞড়িত হয়ে উঠতে লাগল; — জগদ্ব্যাপারের সর্বত্রই একটা জ্ঞানের স্থায়ের নিয়মের অমোঘ ব্যবস্থা আছে এই ধারণা যথন চতুর্দিকে ধ্লিসাং হতে চলল, তথন সেই অবস্থায় আমাদের দেশে সত্যের সঙ্গে রসের, জ্ঞানের সঙ্গের একান্ত বিচ্ছেদ্ ঘটে গেল।

একদা বৈদিক যুগে কর্মকাণ্ড ধথন প্রবল হয়ে উঠেছিল, তথন নিরর্থক কর্মই মাহ্য্যকে চরমন্ধপে অধিকার করেছিল; কেবল নানা জটিল নিয়মে বেদি দাজিয়ে, কেবল মন্ত্র প'ড়ে, কেবল আছতি ও বলি দিয়ে মাহ্য্য দিছিলাভ করতে পারে, এই ধারণাই একান্ত হয়ে উঠেছিল; তথন মন্ত্র এবং অহুষ্ঠানই, দেবতা এবং মাহ্যুয়ের হদয়ের চেয়ে বড়ো হয়ে দাঁড়ালো। তার পরে জ্ঞানের দাধনার যথন প্রাহুর্ভাব হল, তথন মাহ্যুয়ের পক্ষে জ্ঞানই একমাত্র চরম হয়ে উঠল— কারণ, বার দয়লে জ্ঞান তিনি নিগুণ নিক্রিয়, স্কুতরাং তাঁর সঙ্গে আমাদের কোনোপ্রকার সম্বন্ধ হতেই পারে না; এ অবস্থায় ব্রক্ষজ্ঞান-নামক পদার্থ টাতে জ্ঞানই দমন্ত, বন্ধ কিছুই নয় বললেই হয়। একদিন নিরর্থক কর্মই চূড়ান্ত ছিল; জ্ঞান ও হুদ্রেত্তিকে সে লক্ষ্যই করে নি, তার পরে যথন জ্ঞান বড়ো হয়ে উঠল তথন সে আপনার অধিকার থেকে হয়ম্য ও কর্ম উভয়কে নির্বাদিত করে দিয়ে নিরতিশয় বিশুদ্ধ হয়ে থাকবার চেটা করলে। তার পরে ভক্তি যথন মাথা তুলে দাঁড়ালো তথন সে জ্ঞানকে পায়ের তলায় চেপে ও কর্মকে রসের স্থোতে ভাসিয়ে দিয়ে একমাত্র নিজেই মাহুষের পরম স্থানটি সম্পূর্ণ জুড়ে বসল, দেবতাকেও সে আপনার চেয়ে ছোটো করে দিলে, এমন-কি, ভাবের আবেগকে মথিত করে তোলবার জন্মে বাহ্নির কৃত্রিম উত্তেজনার বাহ্নিক উপকরণগুলিকেও আধ্যান্ত্রিক সাধনার অঙ্গ করে নিলে।

এইরূপ গুরুতর আত্মবিচ্ছেদের উচ্চুন্দলতার মধ্যে মানুষ চিরদিন বাদ করতে পারে না। এই অবস্থায় মানুষ কেবল কিছুকাল পর্যন্ত নিজের প্রকৃতির একাংশের ভৃপ্তিদাধনের নেশায় বিহ্বল হয়ে থাকতে পারে, কিন্তু তার দর্বাংশের ক্ষ্ণা একদিন না জেগে
উঠে থাকতে পারে না।

সেই পূর্ণ মহয়ত্বের সর্বাঞ্চীণ আকাজ্ঞাকে বহন করে এ দেশে রামমোহন রায়ের আবির্ভাব হয়েছিল। ভারতবর্ষে তিনি-যে কোনো নৃতন ধর্মের স্বষ্ট করেছিলেন তা নয়; ভারতবর্ষে যেখানে ধর্মের মধ্যে পরিপূর্ণতার রূপ চিরদিনই ছিল, যেখানে বৃহৎ সামঞ্জন্স, যেখানে শাস্তং শিবমহৈত্বম্, সেইখানকার সিংহ্ছার তিনি সর্বসাধারণের কাছে উদ্যাটিত করে দিয়েছিলেন।

সত্যের এই পরিপূর্ণতাকে, এই সামঞ্জতকে পাবার ক্ষ্ণা যে কি-রকম প্রবল, এবং তাকে আপনার মধ্যে কি-রকম করে গ্রহণ ও ব্যক্ত করতে হয়, মহর্ষি দেবেন্দ্রনাথের সমস্ত জীবনে সেইটেই প্রকাশ হয়েছে।

তাঁর স্নেহময়ী দিদিমার মৃত্যুশোকের আঘাতে মহর্ষির ধর্মজীবন প্রথম জাগ্রত হয়ে উঠেই যে-ক্ষার কালা কেঁদেছে, তার মধ্যে একটি বিশায়কর বিশেষত্ব আছে।

শিশু যথন থেলবার জন্মে কাঁদে তথন হাতের কাছে যে-কোনো একটা থেলনা পাওয়া যায় তাই দিয়েই তাকে ভূলিয়ে রাথা সহজ, কিন্তু সে যথন মাতৃস্তন্তের জন্মে কাঁদে তথন তাকে আর-কিছু দিয়েই ভোলাবার উপায় নেই। যে-লোক নিজের বিশেষ একটা হৃদয়াবেগকে কোনো-একটা কিছুতে প্রয়োগ করবার ক্ষেত্রমাত্র চায়, তাকে থামিয়ে রাথবার জিনিস জগতে অনেক আছে— কিন্তু কেবলমাত্র ভাবসন্তোগ যার লক্ষ্য নয়, যে সত্য চায়, সে তো ভূলতে চায় না, সে পেতে চায়। কাজেই, সত্য কোথায় পাওয়া যাবে এই সন্ধানে তাকে সাধনার পথে বেরোতেই হবে— তাতে বাধা আছে, তৃঃথ আছে, তাতে বিলম্ব ঘটে, তাতে আত্মীয়েরা বিরোধী হয়, সমাজের কাছ থেকে আ্বাত বর্ষিত হতে থাকে— কিন্তু উপায় নেই, তাকে সমস্তই স্বীকার করতে হয়।

এই-যে সত্যকে পাবার ইচ্ছা এ কেবল জিজ্ঞাসামাত্র নয়, কেবল জ্ঞানে পাবার ইচ্ছা নয়, এর মধ্যে য়দয়ের ত্ঃসহ ব্যাকুলতা আছে— তাঁর ছিল সত্যকে কেবল জ্ঞানরপে নয়, আনন্দরপে পাবার বেদনা। এইখানে তাঁর প্রকৃতি স্বভাবতই একটি সম্পূর্ণ সামঞ্জল্পকে চাচ্ছিল। আমাদের দেশে এক সময়ে বলেছিল ব্রহ্মসাধনার ক্ষেত্রে ভক্তির স্থান নেই এবং ভক্তিসাধনার ক্ষেত্রে ব্রহ্মের স্থান নেই, কিন্তু মহর্ষি ব্রহ্মকে চেয়েছিলেন জ্ঞানে এবং ভক্তিতে, অর্থাৎ সমন্ত প্রকৃতি দিয়ে সম্পূর্ণ করে তাঁকে চেয়েছিলেন— এইজন্মে ক্রমাগত নানা কট্ট নানা গ্রহণবর্জনের মধ্যে দিয়ে থেতে যেতে যতক্ষণ তাঁর চিত্ত তাঁর অমৃত্যয় ব্রহ্মে, তাঁর আনন্দের ব্রহ্মে গিয়ে না ঠেকেছিল ততক্ষণ একমূহুর্ত তিনি থামতে পারেন নি।

এই কারণে তাঁর জীবনে ব্রহ্মজ্ঞান একটি বিশেষত্ব লাভ করেছিল এই যে, সে জ্ঞানকে সর্বসাধারণের কাছে না ধরে তিনি কাস্ত হন নি।

জ্ঞানীর ব্রহ্মজ্ঞান কেবল জ্ঞানীর গণ্ডির মধ্যেই বন্ধ থাকে। সেইজফ্রেই এ দেশের লোকে অনেক সময়েই বলে থাকে, ব্রহ্মজ্ঞানের আবার প্রচার কী।

কিন্তু ব্ৰহ্মকে যিনি হৃদয়ের দ্বারা উপলব্ধি করেছেন তিনি এ-কথা ৰুঝেছেন— ব্ৰহ্মকে

পাওয়া যায়, হদয়ের মধ্যে প্রত্যক্ষ পাওয়া যায়— ভুধু জ্ঞানে জানা যায় তা নয়, রসে পাওয়া যায়, কেননা সমস্ত রসের সার তিনি— রসো বৈ স:। যিনি হৃদয় দিয়ে ব্রহ্মকে পেয়েছেন, তিনি উপনিষদের এই মহাবাক্যের অর্থ ব্ঝেছেন—

যতো বাচো নিবৰ্তন্তে অপ্ৰাপা মনগা সহ আনন্দং ব্ৰহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতল্চন।

জ্ঞান যথন তাঁকে পেতে চায় এবং বাক্য প্রকাশ করতে চায় তথন বারবার ফিরে ফিরে আদে, কিন্তু আনন্দ দিয়ে যখন সেই আনন্দের যোগ হয় তথন সেই প্রত্যক্ষ যোগে সমস্ত ভয় সমস্ত সংশয় দূর হয়ে যায়।

আনন্দের মধ্যে সমস্ত বোধের পরিপূর্ণতা— মন ও হৃদয়ের, জ্ঞান ও ভক্তির অথগু যোগ।

আনন্দ যথন জাগে তথন সকলকে সে আহ্বান করে; সে গণ্ডির মধ্যে আপনাকে নিয়ে আপনি রুদ্ধ হয়ে বসে থাকতে পারে না। সে এ-কথা কাউকে বলে না যে 'তুমি চুর্বল, তোমার সাধ্য নেই', কেননা আনন্দের কাছে কোনো কঠিনতাই কঠিন নয়—আনন্দ সেই আনন্দের ধনকে এতই একান্ত ক'রে এতই নিবিড় ক'রে দেখে যে, সে তাঁকে চুম্পাপ্য ব'লে কোনো লোককেই বঞ্চিত করতে চায় না— পথ যত দীর্ঘ যত চুর্গম হ'ক-না, এই পরমলাভের কাছে সে কিছুই নয়।

এই কারণে পৃথিবীতে এ-পর্যন্ত যে-কোনো মহাত্মা আনন্দ দিয়ে তাঁকে লাভ করেছেন, তাঁরা অমৃতভাগুরের দার বিশ্বজনের কাছে খুলে দেবার জন্মেই দাঁড়িয়েছেন—আর বাঁরা কেবলমাত্র জ্ঞান বা কেবলমাত্র আচারের মধ্যে নিবিষ্ট, তাঁরাই পদে পদে ভেদবিভেদের দ্বারা মাহুষের পরস্পর মিলনের উদার ক্ষেত্রকে একেবারে কণ্টকাকীর্ণ করে দেন। তাঁরা কেবল না-এর দিক থেকে সমস্ত দেখেন, হা-এর দিক থেকে নয়—এই জন্মে তাঁদের ভরসা নেই, মাহুষের প্রতি শ্রন্ধা নেই এবং ব্রন্ধকেও তাঁরা নিরতিশয় শৃত্যতার মধ্যে নির্বাদিত করে রেখে দেন।

মহর্ষি দেবেজ্রনাথের চিত্তে যথন ধর্মের ব্যাকুলত। প্রবল হল তথন তিনি-যে অনস্ত নেতি নেতিকে নিয়ে পরিতৃপ্ত হতে পারেন নি সেটা আশ্চর্যের বিষয় নয়, কিছ তিনি-যে সেই ব্যাকুলতার বেগে সমাজের পরিবারের চিরসংস্কারগত অভ্যস্ত পথে তার ব্যথিত হৃদয়কে সমর্পণ করে দিয়ে কোনোমতে তার কায়াকে থামিয়ে রাখতে চেষ্টা করেন নি এইটেই বিশয়ের বিষয়। তিনি কাকে চাচ্ছেন তা ভালো করে জানবার পুর্বেই তাঁকেই চেয়েছিলেন— জ্ঞান বাঁকে চিরকালই জানতে চায় এবং প্রেম বাঁকে চিরকালই পেতে থাকে।

এইজন্ম জীবনের মধ্যে তিনি সেই ব্রহ্মকে গ্রহণ করলেন — পরিমিত পদার্থের মতো করে বাঁকে পাওয়া যায় না এবং দ্য়পদার্থের মতো বাঁকে না-পাওয়া যায় না — বাঁকে পেতে গেলে একদিকে জ্ঞানকে থর্ব করতে হয় না, অন্তদিকে প্রেমকে উপবাসী করে মারতে হয় না — বিনি বস্তবিশেষের হারা নির্দিষ্ট নন অথবা বস্তুশ্মতার হারা অনির্দিষ্ট নন অথবা বস্তুশ্মতার হারা অনির্দিষ্ট নন আরম জানি সেও তাঁকে জানে না, যে বলে আমি জানি নে সেও তাঁকে জানে। এক কথায় বাঁর সাধনা হচ্ছে পরিপূর্ণ সামগ্রস্থের সাধনা।

যারা মহর্ষির জীবনী পড়েছেন তাঁরা সকলেই দেখেছেন, ভগবং পিপাসা যথন তাঁর প্রথম জাগ্রত হয়ে উঠেছিল তথন কি-রকম ত্ঃসহ বেদনার মধ্যে তাঁর হৃদয়কে তরঙ্গিত করে তুলেছিল। অথচ তিনি যথন ব্রহ্মানন্দের রসাম্বাদ করতে লাগলেন তথন তাঁকে উদ্দাম ভাবোয়াদে আগ্রবিশ্বত করে দেয় নি। কারণ, তিনি যাঁকে জীবনে প্রতিষ্ঠিত করেছিলেন তিনি শাস্তম্ শিবম্ অহৈতম্— তাঁর মধ্যে সমস্ত শক্তি, সমস্ত জ্ঞান, সমস্ত প্রেম অতলম্পর্ণ পরিপূর্ণতায় পর্যাপ্ত হয়ে আছে। তাঁর মধ্যে বিশ্বচরাচর শক্তিতে ও সৌন্দর্যে নিত্যকাল তরঙ্গিত হচ্ছে— সে তরঙ্গ সম্প্রকে ছাড়িয়ে চলে যায় না, এবং সম্প্র সেই তরঙ্গের ছারা আপনাকে উদ্বেল করে তোলে না। তাঁর মধ্যে অনন্ত শক্তি বলেই শক্তির সংযম এমন অটল, অনন্ত রস বলেই রসের গান্তীর্য এমন অপরিমেয়।

এই শক্তির সংঘ্যে এই রদের গাস্তীর্ঘে মহর্ষি চিরদিন আপনাকে ধারণ করে রেথেছিলেন, কারণ, ভূমার মধ্যেই আত্মাকে উপলব্ধি করবার সাধনা তাঁর ছিল। বাঁরা আধ্যাত্মিক অসংঘ্যকেই আধ্যাত্মিক শক্তির পরিচয় বলে মনে করেন তাঁরা এই অবিচলিত শাস্তির অবস্থাকেই দারিল্য বলে কল্পনা করেন, তাঁরা প্রমন্ততার মধ্যে বিপর্যন্ত হয়ে পড়াকেই ভক্তির চরম অবস্থা বলে জানেন। কিন্তু বাঁরা মহর্ষিকে কাছে থেকে দেখেছেন, বস্তুত বাঁরা কিছুমাত্র তাঁর পরিচয় পেয়েছেন, তাঁরা জানেন যে তাঁর প্রবল সংঘ্যাও প্রশাস্ত গাস্তীর্ঘ ভক্তিরদের দীনতাজনিত নয়। প্রাচীন ভারতের তপোবনের ঋষিরা ঘেমন তাঁর গুরু ছিলেন, তেমনি পারস্থের সৌন্ধর্গন্তের বুলবুল হাফেজ তাঁর বন্ধু ছিলেন। তাঁর জীবনের আনন্দপ্রভাতে উপনিষ্টের ক্লোকগুলি ছিল প্রভাতের আলোক এবং হাফেজের কবিতাগুলি ছিল প্রভাতের গান। হাফেজের কবিতার মধ্যে ঘিনি আপনার রসোচ্ছাসের সাড়া পেতেন, তিনি যে তাঁর জীবনেশ্বকে কি-রকম নিবিড় রস্বেদনাপুর্ণ মাধুর্ঘ্যন প্রেমের সঙ্গে অস্তরে বাহিরে দেখেছিলেন, সেক্থা অধিক করে বলাই বাছল্য।

ক্রান্তিক জ্ঞানের সাধনা যেমন শুক্ষ বৈরাগ্য আনে, ঐকান্তিক রসের সাধনাও তেমনি ভাববিহ্বলতার বৈরাগ্য নিয়ে আসে। সে অবস্থায় কেবলই রসের নেশায় আবিষ্ট হয়ে থাকতে ইল্ছা করে, আর-সমন্তের প্রতি একান্ত বিতৃষ্ণা জ্বয়ে এবং কর্মের বন্ধনমাত্রকে অসহ্য বলে বোধ হয়। অর্থাৎ মন্ত্রমান্তের কেবল একটিমাত্র দিক অত্যন্ত প্রবল হয়ে ওঠাতে অন্য সমস্ত দিক একেবারে রিক্ত হয়ে যায়, তথন আমরা ভগবানের উপাসনাকে কেবলই একটিমাত্র অংশে অত্যন্ত করে তুলি, এবং অন্য-সকল দিক থেকেই তাকে শৃত্য করে রাখি।

ভগবংলাভের জন্ম একান্ত ব্যাকুলতা সত্ত্বেও এই-রকম সামঞ্জস্মচ্যুত বৈরাগ্য মহ্যির চিন্তকে কোনোদিন অধিকার করে নি। তিনি সংসারকে ত্যাগ করেন নি, সংসারের স্থরকে ভগবানের ভক্তিতে বেঁধে তুলেছিলেন। ঈথরের দারা সমন্তকেই আচ্ছন্ন করে দেখবে, উপনিষদের এই উপদেশবাক্য অহুদারে তিনি তাঁর দংসারের বিচিত্র সমন্ধ ও বিচিত্র কর্মকে ঈশ্বরের দারাই পরিব্যাপ্ত করে দেখবার তপস্থা করেছিলেন। কেবল নিজের পরিবার নয়, জনসমাজের মধ্যেও ব্রহ্মকে উপলব্ধি করবার সমস্ত বিল্ল দূর করতে তিনি চিরজীবন চেষ্টা করেছেন। এইজন্ম এই শান্তিনিকেতনের বিশাল প্রান্তরের মধ্যেই হ'ক আর হিমালয়ের নিভূত গিরিশিখরেই হ'ক, নির্জন সাধনায় তাঁকে বেঁধে রাথতে পারে নি। তাঁর ব্রহ্ম একলার ব্রহ্ম নয়— তাঁর ব্রহ্ম শুধু জ্ঞানীর ব্রহ্ম নয়, শুধু ভক্তের ব্রহ্মণ্ড নয়, তাঁর ব্রহ্ম নিখিলের ব্রহ্ম ; নির্জনে তাঁর ধ্যান, সজনে তাঁর দেবা; অন্তরে তাঁর স্মরণ, বাহিরে তাঁর অমুসরণ; জ্ঞানের দ্বারা তাঁর তত্ত্ব-উপলব্ধি, হৃদয়ের দারা তাঁর প্রতি প্রেম, চরিত্রের দারা তাঁর প্রতি নিষ্ঠা এবং কর্মের দারা তাঁর প্রতি আত্মনিবেদন। এই যে পরিপূর্ণস্বরূপ ব্রহ্ম, সর্বাঙ্গীণ মহয়ত্বের পরিপূর্ণ উৎকর্ষের দারাই আমরা ধার দকে যুক্ত হতে পারি— তাঁর যথার্থ সাধনাই হচ্ছে তাঁর যোগে সকলের সঙ্গে যুক্ত হওয়া এবং সকলের যোগে তাঁরই সঙ্গে যুক্ত হওয়া— দেহ মন হৃদয়ের সমস্ত শক্তি দ্বারাই তাঁকে উপলব্ধি করা এবং তাঁর উপলব্ধির দ্বারা দেহমন-হৃদয়ের সমস্ত শক্তিকে বলশালী করা— অর্থাৎ পরিপূর্ণ সামঞ্জস্মের পথকে গ্রহণ করা। মহর্ষি তাঁর ব্যাকুলতার দারা এই সম্পূর্ণতাকেই চেয়েছিলেন এবং তাঁর জীবনের দারা अरक्ट निर्मि करति हिल्लन।

ব্রন্দের উপাদনা কাকে বলে দে দম্বন্ধে তিনি বলেছেন, তন্মিন্ প্রীতিন্তস্ত প্রিয়কার্ঘসাধনক্ষ তত্পাদনমেব— তাঁতে প্রীতি করা এবং তাঁর প্রিয়কার্য সাধন করাই তাঁর
উপাদনা। এ-কথা মনে রাখতে হবে, আমাদের দেশে ইতিপুর্বে তাঁর প্রতি প্রীতি
এবং তাঁর প্রিয়কার্য-সাধন, এই উভয়ের মধ্যে বিচ্ছেদ্ ঘটে গিয়েছিল। অস্তত্ত

প্রিয়কার্য শব্দের অর্থকে আমরা অত্যন্ত সংকীর্ণ করে এনেছিলুম; ব্যক্তিগত শুচিতা এবং কতকগুলি আচার পালনকেই আমরা ঈশ্বরের প্রিয়কার্য বলে স্থির করে द्रिर्थि छिनूम। कर्म रयथारन क्रमाधा, रयथारन कर्छात्र, कर्रम रयथारन यथार्थ वीर्यत প্রয়োজন, যেথানে বাধার সঙ্গে সংগ্রাম করতে হবে, যেথানে কণ্টকতক্ষকে রক্তাক্ত হল্ডে সমূলে উৎপাটন করতে হবে, যেখানে অপমান নিন্দা নির্যাতন স্বীকার ক'রে প্রাচীন অভ্যাদের স্থূল জড়ত্বকে কঠিন ছঃথে ভেদ ক'রে জনসমাজের মধ্যে কল্যাণের প্রতিষ্ঠা করতে হবে, সেইদিকে আমরা দেবতার উপাদনাকে স্বীকার করি নি। তুর্বলতাবশতই এই পূর্ণ উপাদনায় আমাদের অনাস্থা ছিল এবং অনাস্থা ছিল বলেই আমাদের তুর্বলতা এ-পর্যস্ত কেবলই বেড়ে এসেছে। ভগবানের প্রতি প্রীতি ও তাঁর প্রিয়কার্যসাধনের মাঝখানে আমাদের চরিত্তের মজ্জাগত তুর্বলতা যে-বিচ্ছেদ্ ঘটিয়ে দিয়েছিল সেই বিচ্ছেদ্ মিটিয়ে দেবার পথে একদিন মহর্ষি একলা দাঁড়িয়েছিলেন— তথন তাঁর মাথার উপরে বৈষয়িক বিপ্লবের প্রবল ঝড় বইতেছিল এবং চতুর্দিকে বিচ্ছিন্ন পরিবার ও বিরুদ্ধ সমাজের সর্বপ্রকার আঘাত এসে পড়ছিল, তারই মাঝথানে অবিচলিত শক্তিতে একাকী দাঁড়িয়ে তিনি তাঁর বাক্যে ও ব্যবহারে এই মন্ত্র ঘোষণা করেছিলেন— তন্মিন্ প্রীতিস্তস্ত প্রিয়কার্যসাধনঞ্চ তহুপাদনমেব।

ভারতবর্ষ তার ঘূর্গতিদ্র্গের যে রুদ্ধ দ্বারে শতান্ধীর পর শতান্ধী যাপন করেছে—
আপনার ধর্মকে সমাজকে, আপনার আচারব্যবহারকে কেবলমাত্র আপনার রুত্রিম
গণ্ডির মধ্যে বেষ্টিত করে বদে রয়েছে, দেই দ্বার বাইরের পৃথিবীর প্রবল আঘাতে
আজ ভেঙে গেছে; আজ আমরা সকলের কাছে প্রকাশিত হয়ে পড়েছি, সকলের সঙ্গে
আজ আমাদের নানাপ্রকার ব্যবহারে আসতে হয়েছে! আজ আমাদের যেখানে
চরিত্রের দীনতা, জ্ঞানের সংকীর্ণতা, হদয়ের সংকোচ, যেখানে যুক্তিহীন আচারের দ্বারা
আমাদের শক্তিপ্রয়োগের পথ পদে পদে বাধাগ্রন্ত হয়ে উঠছে, যেখানেই লোকব্যবহারে
ও দেবতার উপাসনায় মায়্র্যের সক্তে মায়্র্যের তুর্ভেত ব্যবধানে আমাদের শতথও করে
দিছে, সেইখানেই আমাদের আঘাতের পর আঘাত, লজ্জার পর লজ্জা পেতে হছে,—
দেইখানেই প্রকলবেগে চলনশীল মানবস্রোতের অভিঘাত দহু করতে না পেরে আমরা
মৃছিত হয়ে পড়ে যাচ্ছি— এই-রক্ম সময়েই যে-সকল মহাপ্রুষ্য আমাদের দেশে
মন্ত্রের জয়্মবজা বহন করে আবির্ভূত হবেন তাঁদের ব্রতই হবে জীবনের সাধনার ও
দিদ্ধির মধ্যে সত্যের সেই বৃহৎ সামঞ্জ্যতেক সমুজ্জল করে তোলা যাতে ক'রে এখানকার

জনসমাজের সেই সাংঘাতিক বিশ্লিষ্টতা দূর হবে— ষে-বিশ্লিষ্টতা এ দেশে অন্তরের সঙ্গে বাহিরের, আচারের সঙ্গে ধর্মের, জ্ঞানের সঙ্গে ভক্তির, বিচারশক্তির সঙ্গে বিশ্বাসের, মাহুষের সঙ্গে মাহুষের প্রবল বিচ্ছেদ ঘটিয়ে আমাদের মহুয়াত্বকে শতজ্ঞীর্ণ করে ফেলছে।

ধনীগৃহের প্রচুর বিলাসের আয়োজনের মধ্যে জন্মগ্রহণ ক'রে এবং আচারনিষ্ঠ সমাজের কুলক্রমাগত প্রথার মধ্যে পরিবেষ্টিত হয়ে মহর্ষি নিজের বিচ্ছেদকাতর আত্মার মধ্যে এই সামঞ্জ-অমৃতের জন্ম ব্যাকুল হয়ে উঠেছিলেন; নিজের জীবনে চিরদিন সমস্ত লাভক্ষতি সমস্ত স্থত্ঃথের মধ্যে এই সামঞ্জন্মের সাধনাকে গ্রহণ করেছিলেন এবং বাহিরে সমস্ত বাধাবিরোধের মধ্যে 'শাস্তংশিবমধৈতম্' এই সামঞ্জস্তের মন্ত্রটি অকুষ্ঠিত কণ্ঠে প্রচার করেছিলেন। তাঁর জীবনের অবসান পর্যন্ত এই দেখা গেছে যে তাঁর চিত্ত কোনো বিষয়েই নিশ্চেষ্ট ছিল না— ঘরে বাইরে, শয়নে আসনে, আহারে ব্যবহারে, আচারে অমুষ্ঠানে, কিছুতেই তাঁর লেশমাত্র শৈথিল্য বা অমনোযোগ ছিল না। কি গৃহকর্মে কি বিষয়কর্মে, কি সামাজিক ব্যাপারে কি ধর্মানুষ্ঠানে, স্থানিয়মিত ব্যবস্থার স্থালন তিনি কোনো কারণেই অল্পমাত্রও স্বীকার করতেন না; সমস্ত ব্যাপারকেই তিনি ধাানের মধ্যে সমগ্রভাবে দেখতেন এবং একেবারে সর্বান্ধীণভাবে সম্পন্ন করতেন— তুচ্ছ থেকে বৃহৎ পর্যন্ত যা-কিছুর দক্ষে তাঁর যোগ ছিল তার কোনো অংশেই তিনি নিয়মের ব্যভিচার ও সৌন্দর্যের বিক্বতি সহ্য করতে পারতেন না। ভাষায় বা ভাবে বা ব্যবহারে কিছুমাত্র ওজন নষ্ট হলে তৎক্ষণাৎ তাঁকে আঘাত করত। তাঁর মধ্যে যে-দৃষ্টি, যে-ইচ্ছা, যে আধ্যাত্মিক শক্তি ছিল তা ছোটোবড়ো এবং আস্তরিক বাহ্যিক কিছুকেই বাদ দিত না, সমন্তকেই ভাবের মধ্যে মিলিয়ে নিয়মের মধ্যে বেঁধে কাজের মধ্যে সম্পন্ন ক'রে তুলে তবে স্থির হতে পারত। তাঁর জীবনের অবসান-পর্যন্ত দেখা গেছে, তাঁর ব্রহ্মদাধনা প্রাকৃতিক ও মানবিক কোনো বিষয়কেই অবজ্ঞা করে নি— সর্বত্রই তাঁর ঔৎস্কা অন্ধুন্ন ছিল। বাল্যকালে আমি যথন তাঁর সঙ্গে ভাগলহৌদি পর্বতে একবার গিয়েছিলুম তথন দেখেছিলুম একদিকে যেমন তিনি অন্ধকার রাত্রে শয্যাত্যাগ করে পার্বত্য গৃহের বারানায় একাকী উপাদনার আদনে বদতেন, ক্ষণে ক্ষণে উপনিষং ও ক্ষণে ক্ষণে হাফেজের গান গেয়ে উঠতেন, দিনের মধ্যে থেকে থেকে ধ্যানে নিমগ্ন হতেন, সন্ধ্যাকালে আমার বালককণ্ঠের ব্রহ্মসংগীত শ্রবণ করতেন— তেমনি আবার জ্ঞান-আলোচনার সহায়স্বরূপ তাঁর সঙ্গে প্রক্টরের তিন্থানি জ্যোতিঙ্ক সম্বন্ধীয় বই, কাণ্টের দর্শন ও গিবনের 'রোমের ইতিহাদ' ছিল— তা ছাড়া এদেশের ও ইংলণ্ডের সাপ্তাহিক ও মাসিক পত্র হতে তিনি জ্ঞানে ও কর্মে বিশ্বপৃথিবীতে মামুষের ধা-কিছু পরিণতি ঘটছে, সমস্তই মনে-মনে পর্যবেক্ষণ করতেন। তাঁর চিত্তের এই সর্বব্যাপী সামঞ্জতবোধ তাঁকে তাঁর সংসার্যাত্রায় ও ধর্মকর্মে সর্বপ্রকার সীমালজ্যন হতে নিয়ত রক্ষা করেছে;— গুরুবাদ ও অবতারবাদের উচ্ছুব্দলতা হতে তাঁকে নিবুত্ত করেছে এবং এই সামঞ্জস্তবোধ চিরস্তন সঙ্গীরূপে তাঁকে একাস্ত দৈতবাদের মধ্যে পথভ্ৰষ্ট বা একান্ত অধৈতবাদের কুহেলিকারাজ্যে নিরুদ্দেশ হতে দেয় নি। এই সীমালজ্যনের আশক্ষা তাঁর মনে সর্বদা কি-রকম জাগ্রত ছিল, তার একটি উদাহরণ দিয়ে আমি শেষ করব। তথন তিনি অহম্ব শরীরে পার্ক খ্রীটে বাস করতেন— একদিন মধ্যাহ্নে আমাদের জ্বোড়াসাঁকোর বাটি থেকে তিনি আমাকে পার্ক খ্রীটে ডাকিয়ে নিয়ে বললেন, "দেখো, আমার মৃত্যুর পরে আমার চিতাভশ্ম নিয়ে শান্তিনিকেতনে সমাধি স্থাপনের একটি প্রস্তাব আমি শুনেছি; কিন্তু তোমার কাছে আমি বিশেষ করে বলে ষাচ্ছি, কদাচ দেখানে আমার সমাধিরচনা করতে দেবে না।"— আমি বেশ বুঝতে পারলুম, শান্তিনিকেতন আশ্রমের যে-ধ্যানমূতি তাঁর মনের মধ্যে বিরাজ করছিল, সেখানে তিনি যে শাস্ত শিব অদ্বৈতের আবিভাবকে পরিপূর্ণ আনন্দরূপে দেখতে পাচ্ছিলেন, তার মধ্যে তাঁর নিজের সমাধিস্তান্তের কল্পনা সমগ্রের পবিত্রতা ও সৌন্দর্যকে স্চিবিদ্ধ করছিল— সেথানে তাঁর নিজের কোনো স্মরণচিহ্ন আশ্রমদেবতার মর্যাদাকে কোনোদিন পাছে লেশমাত্র অতিক্রম করে, সেদিন মধ্যাহ্নে এই আশস্কা তাঁকে স্থির থাকতে দেয় নি।

এই সাধক যে অসীম শান্তিকে আশ্রয় ক'রে আপনার প্রশান্ত গভীরতার মধ্যে অমৃত্তরন্ধ সমৃদ্রের হ্যায় জীবনান্তকাল পর্যন্ত প্রতিষ্ঠিত ছিলেন, সেই শান্তি তুমি, হে শান্ত, হে শিব। ভক্তের জীবনের মধ্য হতে তোমার সেই শান্তিই সমন্ত ভ্বনের প্রতিষ্ঠা, সকল বলের আধার। অসংখ্য বহুধা শক্তি তোমার এই নিস্তব্ধ শান্তি হতে উচ্ছুসিত হয়ে অসীম আকাশে অনাদি অনন্ত কালে বিকীর্ণ পরিকীর্ণ হয়ে পড়ছে এবং এই অসংখ্যবহুধা শক্তি সীমাহীন দেশকালের মধ্য দিয়ে তোমার এই নিস্তব্ধ শান্তির মধ্যে এসে নিঃশব্দে প্রবেশ লাভ করছে। সকল শক্তি সকল কর্ম সকল প্রকাশের আধার তোমার এই প্রবেশ বিপ্রিল শান্তি আমাদের এই নানা ক্ষুত্তায় চঞ্চল, বিরোধে বিচ্ছিন্ন, বিভীষিকায় ব্যাকুল দেশের উপরে নব নব ভক্তের বাণী ও সাধকের জীবনের ভিতর দিয়ে প্রত্যক্ষরণে অবতীর্ণ হ'ক। কৃষক যেখানে অলস এবং হুর্বল, যেখানে শে পূর্ণ উছ্যমে তার ক্ষেত্র কর্মণ করে না, সেইখানেই শক্তের পরিবর্জে আগাছায় দেখতে দেখতে চারিদিক ভরে যায়— সেইখানেই বেড়া ঠিক থাকে না, আল নষ্ট হয়ে যায়, সেইখানেই ঋণের বোঝা

ক্রমশই বেড়ে উঠে বিনাশের দিন ক্রতবেগে এগিয়ে আসতে থাকে ;— আমাদের দেশেও তেমনি করে ত্র্বলতার সমস্ত লক্ষণ ধর্মসাধনায় ও কর্মসাধনায় পরিকৃট হয়ে উঠেছে— উচ্চুঙ্খল কাল্পনিকতা ও যুক্তিবিচারহীন আচারের দ্বারা আমাদের জ্ঞানের ও কর্মের ক্ষেত্র, আমাদের মন্সলের পথ, সর্বত্রই একাস্ত বাধাগ্রস্ত হয়ে উঠেছে; সকল প্রকার অন্তুত অমূলক অসংগত বিশ্বাস অতি সহজেই আমাদের চিত্তকে জড়িয়ে জড়িয়ে ফেলছে; নিজের চুর্বল বুদ্ধি ও চুর্বল চেষ্টায় আমরা নিজে যেমন ঘরে বাহিরে সকল-প্রকার অমুষ্ঠানে প্রতিষ্ঠানে পদে পদেই নিয়মের খলন ও অব্যবস্থার বীভৎসতাকে জাগিয়ে তুলি তেমনি তোমার এই বিশাল বিশ্বব্যাপারেও আমরা সর্বত্রই নিয়মহীন অদ্ভুত যথেচ্ছাচারিতা কল্পনা করি— অসম্ভব বিভীষিকা স্জন করি— সেইজন্মই কোনোপ্রকার অন্ধ সংস্থারে আমাদের কোথাও বাধা নেই— তোমার চরিতে ও অমুশাসনে আমরা উন্মত্তম বৃদ্ধিভ্রষ্টতার আরোপ করতে সংকোচমাত্র বোধ করি নে এবং আমাদের সর্বপ্রকার চিরপ্রচলিত আচারবিচারে মূঢ়তার এমন কোনো দীমা নেই যার থেকে কোনো যুক্তি-তর্কে কোনো শুভবৃদ্ধি দ্বারা আমাদের নিবৃত্ত করতে পারে। সেইজন্মে আমরা তুর্গতির ভয়সংকুল স্থদীর্ঘ অমাবস্থার রাত্রিতে তৃঃখদারিদ্র্য-অপমানের ভিতর দিয়ে পথভ্রষ্ট হয়ে কেবলই নিজের অন্ধতার চারিদিকে ঘূরে ঘূরে বেড়াচ্ছি। হে শাস্ত, হে মঙ্গল, আজ আমাদের পূর্বাকাশে তোমার অরুণরাগ দেখা দিয়েছে, আলোকবিকাশের পূর্বেই ছটি-একটি ক'রে ভক্তবিহন্ধ জাগ্রত হয়ে স্থানিশ্চিত পঞ্চমম্বরে আনন্দবার্তা ঘোষণা করছে, আজ আমরা দেশের নব উদ্বোধনের এই ব্রাহ্মমৃহূর্তে মঙ্গল পরিণামের প্রতি দৃঢ় বিশ্বাসকে শিরোধার্য করে নিয়ে তোমার জ্যোতির্ময় কল্যাণসূর্যের অভ্যুদয়ের অভিমূখে নবীন প্রাণে নবীন আশায় তোমাকে আনন্দময় অভিবাদনে নমস্কার করি।

मका। १ त्भीव २०२१

জাগরণ

প্রতিদিন আমাদের ষে-আশ্রমদেবতা আমাদের নানা কাজের আড়ালেই গোপনে থেকে যান, তাঁকে স্পষ্ট করে দেখা ষায় না, তিনি আজ এই পুণ্যদিনের প্রথম ভোরের আলোতে উৎসবদেবতার উজ্জন বেশ প'রে আমাদের সকলের সামনে এসে দাঁড়িয়েছেন—জাগো, আজ আশ্রমবাসী সকলে জাগো।

যথন আমাদের চোথে-দেখার দক্ষে বিখের আলোকের যোগ হয়, যথন আমাদের কানে-শোনার দক্ষে বিশের গানের মিলন ঘটে, যথন আমাদের স্পর্শসায়ুর তম্ভতে তম্ভতে বিশ্বের কত হাজাররকম আঘাতের ঢেউ আমাদের চেতনার উপরে ঢেউ খেলিয়ে উঠতে থাকে, তথনি আমাদের জাগা— আমাদের শক্তির সঙ্গে যথন বিশ্বের শক্তির যোগ ত্ই দিক থেকেই সম্পূর্ণ হয়ে ওঠে তথনি জাগা।

অতিথি যেমন নিদ্রিত ঘরের দ্বারে ঘা মারে, সমস্ত জ্বগৎ অহরহ তেমনি করে আমাদের জীবনের দ্বারে ঘা মারছে, বলছে 'জাগো'। প্রত্যেক শক্তির উপরে বিরাট শক্তির স্পর্শ আসছে, বলছে 'জাগো'। যেথানে সেই বড়োর আহ্বানে আমাদের ছোটোটি তথনি সাড়া দিচ্ছে সেইথানেই প্রাণ, সেইথানেই বল, সেইথানেই আনন্দ। আমাদের হাজার তারের বীণার প্রত্যেক তারেই ওন্তাদের আঙুল পড়ছে, প্রত্যেক তারটিকেই বলছে 'জাগো'। যে তারটি জাগছে সেই তারেই হ্বর, সেই তারেই সংগীত। যে-তার শিথিল, যে-তার জাগছে না, সেই তারে আনন্দ নেই, সেই তারটিকে সেরে-তোলা বেঁধে-তোলার অনেক তৃঃথের ভিতর দিয়ে তবে সেই সংগীতের সার্থকতার মধ্যে গিয়ে পৌছতে হয়।

এই-রকম আঘাতের পর আঘাত লেগে আমরা যে কত শত জাগার মধ্যে দিয়ে জাগতে জাগতে এসেছি, তা কি আমরা জানি। প্রত্যেক জাগার সমূথে কত নব নব অপূর্ব আনন্দ উদ্যাটিত হয়েছে, তা কি আমাদের অরণ আছে। জড় থেকে চৈতন্ত, চৈতন্ত থেকে আনন্দের মাঝখানে স্তরে স্তরে কত ঘুমের পর্দা একটি একটি করে খুলে গিয়েছে, তা অতীত যুগ্যুগান্তরের পাতায় পাতায় লেখা রয়েছে— মহাকালের দপ্তরের সেই বই কে আজ খুলে পড়তে পারবে। অনস্তের মধ্যে আমাদের এই-যে জাগরণ, এই-যে নানাদিকের জাগরণ— গভীর থেকে গভীরে, উদার থেকে উদারে জাগরণ, এই জাগরণের পালা তো এখনো শেষ হয় নি। সেই চিরজাগ্রত পুরুষ যিনি কালে কালে আমাদের চিরদিন জাগিয়ে এসেছেন— তিনি তাঁর হাজারমহল বিশ্বভবনের মধ্যে আজ এই মমুন্তরের সিংহ্বারটা খুলে আমাদের ডাক দিয়েছেন— এই মমুন্তরের মৃক্ত দ্বারে আনস্তের সঙ্বে মিলনের জাগরণ আমাদের জন্মে অপেক্ষা করছে— সেই জাগরণে এবার যার সম্পূর্ণ জাগা হল না, ঘুমের সকল আবরণগুলি খুলে যেতে-না-যেতে মানবজন্মের অবকাশ যার ফুরিয়ে গেল, স ক্বপণঃ, সে ক্বপাপাত।

মহয়ত্বের এই-যে জাগা, এও কি একটিমাত্র জাগরণ। গোড়াতেই তো আমাদের দেহশক্তির জাগা আছে— সেই জাগাটাই সম্পূর্ণ হওয়া কি কম কথা। আমাদের চোথকান আমাদের হাতপা তার সম্পূর্ণ শক্তিকে লাভ ক'রে সজাগভাবে শক্তির ক্ষেত্রে এসে দাঁড়িয়েছে, আমাদের মধ্যে এমন কয়জন আছে ? তার পর মনের জাগা আছে, হদয়ের জাগা আছে, আ্রার জাগা আছে— বৃদ্ধিতে জাগা, প্রেমেতে জাগা, ভূমানন্দে জাগা

আছে— এই বিচিত্র জাগায় মান্ত্যকে ভাক পড়েছে— বেখানে সাড়া দিচ্ছে না সেইখানেই সে বঞ্চিত হচ্ছে— যেখানে সাড়া দিছেে সেইখানেই ভূমার মধ্যে ভার আত্ম-উপলব্ধি সম্পূর্ণ হচ্ছে, সেইখানেই ভার চারিদিকে শ্রী সৌন্দর্য ঐশ্বর্য আনন্দ পরিপূর্ণ হয়ে উঠছে। মাহ্যমের ইতিহাসে কোন্ শ্ররণাভীত কাল থেকে জাতির পর জাতির উথানপতনের বজ্বনির্ঘোষে মহ্যাত্বের প্রত্যেক হারে-বাভায়নে এই মহা-উদ্বোধনের আহ্বানবাণী ধ্বনিত হয়ে এসেছে— বলছে, 'ভূমার মধ্যে জাগ্রত হও, আপনাকে বড়ো করে জানো।' বলছে, 'নিজের ক্রত্রিম আচারের, কাল্পনিক বিশ্বাসের, অন্ধ সংস্থারের তমিশ্র-আবরণে নিজেকে সমাচ্ছন্ন করে রেখো না— উজ্জ্বল সত্যের উন্মৃক্ত আলোকের মধ্যে জাগ্রত হও— আত্মানং বিদ্ধি।'

এই-যে জাগরণ, যে-জাগরণে আমরা আপনাকে সত্যের মধ্যে দেখি, জ্যোতির মধ্যে দেখি, অমতের মধ্যে দেখি— যে-জাগরণে আমরা প্রতিদিনের স্বরচিত তুচ্ছতার সংকোচ বিদীর্ণ ক'রে আপনাকে পূর্ণতার মধ্যে বিকশিত করে দেখি, দেই জাগরণেই আমাদের উৎসব। তাই আমাদের উৎসবদেবতা প্রতিদিনের নিদ্রা থেকে আজ এই উৎসবের দিনে আমাদের জাগিয়ে তোলবার জন্যে হারে এসে তাঁর ভৈরবরাগিণীর প্রভাতী গান ধরেছেন— আজ আমাদের উৎসব সার্থক হ'ক।

আমরা প্রত্যেকেই একদিকে অত্যন্ত ছোটো আর-একদিকে অত্যন্ত বড়ো। যেদিকটাতে আমি কেবলমাত্রই আমি— দকল কথাতেই ঘুরে ফিরে কেবলই আমি—
কেবল আমার স্থা হৃংথ, আমার আরাম, আমার আয়োজন, আমার প্রয়োজন, আমার
ইচ্ছা — যেদিকটাতে আমি সবাইকে বাদ দিয়ে আপনাকে একান্ত করে দেখতে চাই,
সেদিকটাতে আমি তো একটি বিন্মাত্র, সেদিকটাতে আমার মতো ছোটো আর কে
আছে। আর যেদিকে আমার দকে সমস্তের যোগ, আমাকে নিয়ে বিশ্বরন্ধাণ্ডের
পরিপূর্ণতা, যেদিকে সমস্ত জগং আমাকে প্রার্থনা করে, আমার সেবা করে, তার
শতসংত্র তেজ ও আলোকের নাড়ীর স্ত্রে আমার সঙ্গে বিচিত্র দম্ম হাপন করে,—
আমার দিকে তাকিয়ে তার সমস্ত লোকলোকান্তর পরম আদরে এই কথা বলে যে, 'তুমি
আমার যেমন এমনটি কোথাও আর-কেউ নেই, অনন্তের মধ্যে তুমিই কেবল তুমি',
সেইখানে আমার চেয়ে বড়ো আর কে আছে। এই বড়োর দিকে যথন আমি জাগ্রত
হই, সেই দিকে আমার যেমন শক্তি, যেমন প্রমণ্, এমন ছোটোর দিকে কখনোই নয়।
সকল স্বার্থের সকল অহংকারের অতীত সেই আমার বড়ো-আমিকে সকলের চেয়েবড়ো-আমির মধ্যে ধরে দেখবার দিনই হচ্ছে আমাদের বড়ো দিন।

জগতে আমাদের প্রত্যেকেরই একটি বিশেষ স্থান আছে। আমরা প্রত্যেকেই একটি বিশেষ আমি। সেই বিশেষত্ব একেবারে অটল অট্ট; অনস্ক কালে অনস্ক বিশেষ আমি যা আর-কেউ তা নয়।

তা হলে দেখা যাছে এই-যে আমিত্ব ব'লে একটি জ্বিনিস, এর ন্বারাই জগতের অশ্ব সমন্ত-কিছু হতেই আমি স্বভন্ত। আমি জানছি যে আমি আছি, এই জানাটি যেখানে জাগছে সেধানে অন্তিত্বের সীমাহীন জনতার মধ্যে আমি একেবারে একমাত্র। আমিই হচ্ছি আমি, এই জানাটুকুর অতি তীক্ষ খজ্গের দ্বারা এই কণামাত্র আমি অবশিষ্ট ব্রহ্মাণ্ডকে নিজের থেকে একেবারে চিরবিচ্ছিন্ন করে নিয়েছে, নিখিল-চরাচরকে আমি এবং আমি-না এই তুই ভাগে বিভক্ত করে ফেলেছে।

কিন্তু এই-যে ঘর ভাঙাবার মূল আমি, মিলিয়ে দেবার মূলও হচ্ছেন উনি। পৃথক না হলে মিলনও হয় না; তাই দেখতে পাচ্ছি সমস্ত জগং জুড়ে বিচ্ছেদের শক্তি আর মিলনের শক্তি, বিকর্ষণ এবং আকর্ষণ, প্রত্যেক অণুপরমাণুর মধ্যে কেবলই পরস্পর বোঝাপড়া করছে। আমার আমির মধ্যেও সেই বিশ্বব্যাপী প্রকাণ্ড হই শক্তির খেলা;— তার এক শক্তি প্রবল হাত দিয়ে ঠেলে ফেলছে, আর-এক শক্তি প্রবল হাত দিয়ে টেনে নিচ্ছে। এমনি করে আমি এবং আমি-না'র মধ্যে কেবলই আনাগোনার জোয়ারভাঁটা চলেছে। এমনি করে আমি আমাকে জানছি বলেই তার প্রতিঘাতে সকলকে জানছি এবং সকলকে জানছি বলেই তার প্রতিঘাতে আমাকে জানছি। বিশ্ব-আমির সঙ্গে আমার আমির এই নিত্যকালের ঢেউ-থেলাখেলি।

এই এক আমিকে অবলম্বন করে বিচ্ছেদ ও মিলন উভয় তর্বই আছে ব'লে আমিটুকুর মধ্যে অনস্ত দল। যেদিকে সে পৃথক সেইদিকে তার চিরদিনের ছংখ, যেদিকে সে মিলিত সেইদিকে তার চিরকালের আনন্দ; যেদিকে সে পৃথক সেইদিকে তার স্বার্থ, সেইদিকে তার পাপ, ষেদিকে সে মিলিত সেইদিকে তার ত্যাগ, সেদিকে তার পূণ্য; যেদিকে তার পথক সেইদিকেই তার কঠোর অহংকার, যেদিকে সে মিলিত সেইদিকেই তার দকল মাধুর্যের দার প্রেম। মাহুষের এই আমির একদিকে ভেদ এবং আর-একদিকে অভেদ আছে বলেই মাহুষের দকল প্রার্থনার দার প্রার্থনা হচ্ছে দক্ষমাধানের প্রার্থনা;— অসতো মা সদগ্যময়, তমদো মা জ্যোতির্গময়, মৃত্যোমামৃতং গ্রময়।

সাধক কবি কবীর চ্টিমাত্র ছত্তে আমি-রহস্তের এই তত্তটি প্রকাশ করেছেন—

যব হম রহল রহা নহি কোই,

হমরে মাহ রহল সব কোই।

অর্থাৎ, আমির মধ্যে কিছুই নেই কিন্তু আমার মধ্যে সমস্তই আছে। অর্থাৎ, এই আমি একদিকে সমস্ত হতে পৃথক হয়ে অক্যদিকে সমস্তকেই আমার করে নিচ্ছে।

এই আমার দ্বনিকেতন আমিকে আমার ভগবান নিজের মধ্যে লোপ করে ফেলতে চান না, একে নিজের মধ্যে গ্রহণ করতে চান। এই আমি তাঁর প্রেমের সামগ্রী; একে তিনি অসীম বিচ্ছেদের দ্বারা চিরকাল পর করে অসীম প্রেমের দ্বারা চিরকাল আপন করে নিচ্ছেন।

এমন কত কোটি কোটি অন্তহীন আমির মধ্যে সেই এক পরম-আমির অনস্ত আনন্দ নিরন্তর ধ্বনিত তর্দ্ধিত হয়ে উঠছে। অথচ এই অন্তহীন আমি-মণ্ডলীর প্রত্যেক আমির মধ্যেই তাঁর এমন একটি বিশেষ রস বিশেষ প্রকাশ যা জগতে আর কোনোথানেই নেই। সেইজন্তে আমি যত ক্ষুদ্রই হই, আমার মতো তাঁর আর দিতীয় কিছুই নেই; আমি যদি হারাই তবে লোকলোকাস্তরের সমস্ত হিসাব গরমিল হয়ে যাবে। সেইজন্তেই বিশ্ববন্ধাণ্ডের আমাকে নইলে নয়, সেইজন্তেই সমস্ত জগতের ভগবান বিশেষরূপেই আমার ভগবান, সেইজন্তেই আমি আছি এবং অনস্ত প্রেমের বাঁধনে চিরকালই থাকব।

আমির এই চরম গৌরবের কথাটি প্রতিদিন আমাদের মনে থাকে না। তাই প্রতিদিন আমরা ছোটো হয়ে, সংসারী হয়ে, সম্প্রদায়বদ্ধ হয়ে থাকি।

কিন্তুলি যত বেশি, যত খাঁটি, যত বড়ো, আমাদের জীবনের মূল্য তত বেশি, আমাদের জীবনে সংসারের শোভা তত বেড়ে ওঠে।

তাই বলছিল্ম, আজ আমাদের উৎসবের প্রাতে বিশ্বব্রদ্ধাণ্ডের দিকে আশ্রমের বার উদ্যাটিত হয়ে গেছে; আজ নিখিল মানবের সঙ্গে আমাদের যে-যোগ, সেই যোগটি ঘোষণা করবার রোশনচৌকি এই প্রান্তরের আকাশ পূর্ণ করে বাজছে, কেবলই বাজছে, ভোর থেকে বাজছে। আজ আমাদের এই আশ্রমের ক্ষেত্র সকলেরই আনন্দক্ষেত্র। কেন। কেননা, আমাদের প্রত্যেকের জীবনের সাধনায় সমস্ত মাহুষের সাধনা চলছে। এখানকার তপস্থায় সমস্ত পৃথিবীর লোকের ভাগ আছে। আশ্রমের

সেই বড়ো কথাটিকে আজ আমাদের হৃদয়মনের মধ্যে আমাদের জীবনের সমস্ত সংকল্পের মধ্যে পরিপূর্ণ করে নেব।

সকলের দক্ষে আমাদের এই যোগের সংগীতটি আব্দু কে বাজাবেন। সেই মহাযোগী, জগতের অসংখ্য বীণাতন্ত্রী যাঁর কোলের উপরে অনস্তকাল ধরে স্পাদিত হচ্ছে। তিনিই একের দক্ষে অক্সের, অস্তরের দক্ষে বাহিরের, জীবনের দক্ষে মৃত্যুর, আলোর দক্ষে অন্ধকারের, যুগের দক্ষে যুগান্তরের, বিচ্ছেদ ঘটিয়ে ঘটিয়ে মিলন ঘটিয়ে তুলছেন; তাঁরই হাতের সেই বিচ্ছেদমিলনের ঝংকারে বৈচিত্র্যের শত শত তান কেবলই উৎসারিত হয়ে আকাশ পরিপূর্ণ করে ছড়িয়ে ছড়িয়ে পড়ছে; একই ধুয়ো থেকে তানের পর তান ছুটে বেরিয়ে যাচ্ছে, এবং একই ধুয়োতে তানের পর তান এসে পরিসমাপ্ত হচ্ছে।

বীণার তারগুলো যথন বাজে না তথন তারা পাশাপাশি পড়ে থাকে, তর্পু তাদের মিলন হয় না, তথনো তারা কেউ কাউকে আপন বলে জানে না। যেই বেজে ওঠে অমনি স্থরে স্থরে তানে তানে তাদের মিলিয়ে দেয়— তাদের সমস্ত ফাঁকগুলো রাগরাগিণীর মাধুর্যে ভরে ভরে ওঠে। তথন তারা স্বতন্ত্র তব্ এক,— কেউ-বা লোহার কেউ-বা পিতলের, তর্ এক,— কেউ-বা সক্ষ স্থরের কেউ-বা মোটা স্থরের, তর্ এক—তথন তারা কেউ কাউকে আর ছাড়তে পারে না। তাদের প্রত্যেকের ভিতরের সত্য বাণীটি যেই প্রকাশ হয়ে পড়ে অমনি সত্যের সঙ্গের সংস্ক সত্যের, প্রকাশের সঙ্গের অস্তরতর মিলটি সৌন্দর্যের উচ্ছাবে ধরা পড়ে যায়— দেখা যায় আপনার মধ্যে স্থর ষ্তই স্বতন্ত্র হ'ক, গানের মধ্যে তারা এক।

আমাদের জীবনের বীণাতে, সংসারের বীণাতে প্রতিদিন তার বাঁধা চলছে, স্থর বাঁধা এগোচ্ছে। সেই বাঁধবার মৃথে কত কঠিন আঘাত, কত তীত্র বেস্থর। তথন চেষ্টার মৃতি, কষ্টের মৃতিটাই বারবার করে দেখা যায়। সেই বেস্থরকে সমগ্রের স্থরে মিলিয়ে তুলতে এত টান পড়ে যে, এক একসময় মনে হয় যেন তার আর সইতে পারল না, গেল বুঝি ছি ছে।

এমনি করে চেয়ে দেখতে দেখতে শেষকালে মনে হয়, তবে বৃঝি সার্থকতা কোথাও নেই— কেবলই বৃঝি এই টানাটানি বাঁধাবাঁধি, দিনের পর দিন কেবলই থেটে মরা, কেবলই ওঠা পড়া, কেবলই অহংযন্ত্রটার অচল থোঁটার মধ্যে বাঁধা থেকে মোচড় খাওয়া—কোনো অর্থ নেই, কোনো পরিণাম নেই— কেবলই দিন্যাপন মাত্র।

কিন্তু যিনি আমাদের বাজিয়ে, তিনি কেবলই কি কঠিন হাতে নিয়মের খোঁটায় চড়িয়ে পাক দিয়ে দিয়ে আমাদের স্থরই বাঁধছেন। তা তো নয়। সঙ্গে-সঙ্গে মৃহুর্তে মৃহুর্তে ঝংকারও দিছেন। কেবলই নিয়ম? তা তো নয়। তার সঙ্গে-সঙ্গেই আনন্দ। প্রতিদিন থেতে হচ্ছে বটে পেটের দায়ের অত্যন্ত কঠোর নিয়মে, কিন্তু তার সঙ্গে-সঙ্গেই মধুর স্বাদটুকুর রাগিণী রসনায় রসিত হয়ে উঠছে। আত্মরক্ষার বিষম চেষ্টায় প্রত্যেক মৃহুর্তেই বিশ্বজগতের শতসহস্র নিয়মকে প্রাণপণে মানতে হচ্ছে বটে, কিন্তু সেই মেনে চলবার চেষ্টাতেই আমাদের শক্তির মধ্যে আনন্দের টেউ খেলিয়ে উঠছে। দায়ও যেমন কঠোর, খুশিও তেমনি প্রবল।

সেই আমাদের ওন্তাদের হাতে বাজবার স্থবিধেই হচ্ছে ওই। তিনি সব স্থরের রাগিণীই জানেন। যে-ক'টি তার বাঁধা হচ্ছে, তাতে ষে-ক'টি স্থর বাজে, কেবলমাত্র সেই ক'টি নিয়েই তিনি রাগিণী ফলিয়ে তুলতে পারেন। পাপী হ'ক, মৃঢ় হ'ক; স্বার্থপর হ'ক, বিষয়ী হ'ক, যে হ'ক-না, বিশ্বের আনন্দের একটা স্থরও বাজে না এমন চিত্ত কোথায়। তা হলেই হল; সেই স্থোগটুকু পেলেই তিনি আর ছাড়েন না। আমাদের অসাড়তমেরও হৃদয়ে প্রবল ঝন্ঝনার মাঝখানে হঠাৎ এমন একটা-কিছু হুর বেজে ওঠে যার যোগে ক্ষণকালের জত্যে নিজের চারদিককে ছাড়িয়ে গিয়ে চিরস্তনের সঙ্গে মিলে যাই। এমন একটা-কোনো স্থর, নিজের প্রয়োজনের সঙ্গে অহংকারের সঙ্গে যার মিল নেই— যার মিল আছে আকাশের নীলিমার সঙ্গে, প্রভাতের আলোর দকে; যার মিল আছে ত্যাগীর ত্যাগের দকে, বীরের অভয়ের দকে, সাধুর প্রসন্মতার দকে; সেই স্থরটি যথন বাজে তথন মায়ের কোলের অতিক্ষুদ্র শিশুটিও আমাদের সকল স্বার্থের উপরে চেপে বদে; সেই স্থরেই আমরা ভাইকে চিনি, বন্ধুকে টানি, দেশের কাব্দে প্রাণ দিই; সেই স্থরে সত্য আমাদের ত্রংসাধ্য সাধনের তুর্গম পথে অনায়াসে আহ্বান করে; সেই স্থর যথন বেজে ওঠে তখন আমরা জনাদরিদ্রের এই চিরাভ্যন্ত কথাটা মুহূর্তেই ভূলে ষাই যে, আমরা ক্ষাতৃষ্ণার জীব, আমরা জন্মমরণের অধীন, আমরা স্তুতিনিন্দায় আন্দোলিত; সেই স্থরের স্পন্দনে আমাদের সমস্ত ক্ষু সীমা স্পন্দিত হয়ে উঠে আপনাকে লুকিয়ে অসীমকেই প্রকাশ করতে থাকে। সে স্থর যথন বাজে না তথন আমরা ধূলির ধূলি, আমরা প্রকৃতির অতিভীষণ প্রকাণ্ড যন্ত্রটার মধ্যে আবন্ধ একটা অত্যন্ত কৃত্র চাকা, কার্যকারণের শৃন্ধলে আষ্ট্রপৃষ্ঠে জড়িত। তথন বিশ্বজগতের কল্পনাতীত বৃহত্তের কাছে আমাদের ক্ষুদ্র আয়তন লজ্জিত, বিশ্বশক্তির অপরিমেয় প্রবলতার কাছে আমাদের ক্ষুদ্র শক্তি কুষ্ঠিত। তথন আমরা মাথা হৈট করে ঘুই হাত জ্বোড় করে অহোরাত্র ভয়ে ভয়ে বাতাসকে আলোকে সুর্যকে চন্দ্রকে পর্বতকে নদীকে নিজের চেয়ে বড়ো ব'লে দেবতা ব'লে ষথন-তথন যেখানে-সেথানে প্রণাম করে করে বেড়াই। তথন আমাদের সংকল্প সংকীর্ণ, আমাদের আশা ছোটো,

আকাজ্ঞা ছোটো, বিশ্বাস ছোটো, আমাদের আরাধ্য দেবতাও ছোটো। তথন কেবল 'থাও— পরো— স্থথে থাকো— হেসে থেলে দিন কাটাও' এইটেই আমাদের জীবনের মন্ত্র। কিন্তু সেই ভূমার স্থর যথনি বৃহৎ আনন্দের রাগিণীতে আমাদের আত্মার মধ্যে মন্ত্রিত হয়ে ওঠে, তথনি কার্যকারণের শৃদ্ধলে বাঁধা থেকেও আমরা তার থেকে মৃক্ত হই, তথন আমরা প্রকৃতির অধীন থেকেও অধীন নই, প্রকৃতির অংশ হয়েও তার চেয়ে বড়ো; তথন আমরা জগৎদৌন্দর্যের দর্শক, জগৎশ্রম্বর্যের অধিকারী, জগৎপতির আনন্দভাগ্রারের অংশী— তথন আমরা প্রকৃতির বিচারক, প্রকৃতির স্বামী।

আজ বাজুক ভূমানন্দের সেই মেঘমন্দ্র স্থানর ভীষণ সংগীত যাতে আমরা নিজেকে নিজে অভিক্রম করে অমৃতলোকে জাগ্রত হই। আজ আপনার অধিকারকে বিশ্বক্ষেত্রে প্রশস্ত করে দেখি, শক্তিকে বিশ্বশক্তির সহযোগী করে দেখি, মর্ভজীবনকে অনস্ত-জীবনের মধ্যে বিশ্বভরূপে ধ্যান করি।

বাজে বাজে জীবনবীণা বাজে! কেবল আমার একলার বীণা নয়— লোকে লোকে জীবনবীণা বাজে। কত জীব, তার কত রূপ, তার কত ভাষা, তার কত স্থর, কত দেশে, কত কালে — সব মিলে অনস্ত আকাশে বাজে বাজে জীবনবীণা বাজে। রূপ-রস-শব্দ-গন্ধের নিরস্তর আন্দোলনে, স্থগত্ঃথের জন্মমৃত্যুর আলোক-অন্ধকারের নিরবচ্ছিন্ন আঘাত-অভিঘাতে, বাজে বাজে জীবনবীণা বাজে। ধন্য আমার প্রাণ যে, সেই অনস্ত আনন্দসংগীতের মধ্যে আমারও স্থরটুকু জড়িত হয়ে আছে; এই আমিটুকুর তান সকল-আমির গানে স্থরের পর স্থর জুগিয়ে মিড়ের পর মিড় টেনে চলেছে। এই আমিটুকুর তান কত স্থার্র আলোয় বাজছে, কত লোকে লোকে জন্মমরণের পর্যায়ের মধ্য দিয়ে বিস্তীর্ণ হচ্ছে, কত নব নব নিবিড় বেদনার মধ্য দিয়ে অভাবনীয় রূপে বিচিত্র হয়ে উঠছে; সকল-আমির বিশ্বব্যাপী বিরাট্বীণায় এই আমি এবং আমার মতো এমন কত আমির তার আকাশে আকাশে ঝংকত হয়ে উঠছে। কী স্থন্মর আমি! কী মহৎ আমি! কী সার্থক আমি!

আজ আমাদের সাধংসরিক উৎসবের দিনে আমাদের সমস্ত মনপ্রাণকে বিশ্বলোকের মাঝখানে উন্মৃথ করে তুলে ধ'রে এই কথাটি স্বীকার করতে হবে ষে, আমাদের আশ্রমের প্রতিদিনের সাধনার লক্ষ্যটি এই ষে, বিশ্বের সকল স্পর্শে আমাদের জীবনের সকল তার বাজতে থাকবে অনন্তের আনন্দগানে। সংকোচ নেই; কোথাও সংকোচ নেই, কোথাও কিছুমাত্র সংকোচ নেই;— স্বার্থের সংকোচ, ক্ষুদ্র সংস্কারের সংকোচ, দ্বাবিদ্বেষের সংকোচ— কিছুমাত্র না। সমস্ত অত্যন্ত সহজ, অত্যন্ত পরিষার, অত্যন্ত থোলা, সমস্তই আলোতে ঝল্মল্ করছে— তার উপর বিশ্বপতির

আঙুল যথন যেমনি এসে পড়ছে, অকুষ্ঠিত হুর তৎক্ষণাৎ ঠিকটি বেজে উঠছে। জড় পৃথিবীর জলস্থলের সঙ্গেও তার আনন্দ সাড়া দিচ্ছে, তরুলতার সঙ্গেও তার আনন্দ মর্মরিত হয়ে উঠছে, পশুপক্ষীর সঙ্গেও তার আনন্দর হুর মিলছে, মানুষের মধ্যেও তার আনন্দ কোনো জায়গায় প্রতিহত হচ্ছে না; সকল জাতির মধ্যে, সকলের সেবার মধ্যে, সকল জানে, সকল ধর্মে তার উদার আত্মবিশ্বত আনন্দ স্থর্মের সহস্র কিরণের মতো অনায়াসে পরিব্যাপ্ত হয়ে পড়ছে। সর্বত্রই সে জাগ্রত, সে সচেতন, সে উন্মৃক্ত; প্রস্তুত তার দেহ মন, উন্মৃক্ত তার দার বাতায়ন, উচ্ছুদিত তার আহ্বানধ্বনি। সে সকলের, এবং সেই বিশ্বরাজ্পথ দিয়েই সে তাঁর যিনি সকলেরই।

হে অমৃত আনন্দময়, আমার এই কুদ্র আমিটুকুর মধ্যে তোমার অনস্ত অমৃত আনন্দর্রপ দেখবার জত্যে অপেক্ষা করে আছি। কতকাল ধরে যে, তা আমি নিজেও জানি নে, কিন্তু অপেক্ষা করে আছি। যতদিন নিজেকে ক্ষুদ্র বলে জানছি, ছোটো চিস্তায় ছোটো বাসনায় মৃত্যুর বেষ্টনের মধ্যে আবদ্ধ হয়ে আছি, ততদিন তোমার অমৃতরূপ আমার মধ্যে প্রত্যক্ষ হচ্ছে না। ততদিন আমার দেহে দীপ্তি নেই, মনে নিষ্ঠা নেই, কর্মে ব্যবস্থা নেই, চরিত্রে শক্তি নেই, চারি দিকে শ্রী নেই; ততদিন তোমার अगन्तां भी निग्रयंत्र मक्, मृद्धलांत मक, तोन्तर्यंत्र मक व्यापांत पिल इत्कः ना। যতদিন আমার এই আমিটুকুর মধ্যে তোমার অনস্ত অমৃতরূপ আনন্দরূপ না উপলব্ধি করছি, ততদিন আমার ভয়ের অস্ত নেই, শোকের অবসান নেই,— ততদিন মৃত্যুকেই চরম ভয় বলে মনে করি, ক্ষতিকেই চরম বিপদ ব'লে গণ্য করি,— ততদিন সত্যের জন্মে সংগ্রাম করতে পারি নে, মঙ্গলের জন্মে প্রাণ দিতে কুষ্টিত হই,— ততদিন আত্মাকে ক্ষুদ্র মনে করি বলেই ক্নপণের মতো আপনাকে কেবলই পায়ে পায়ে বাঁচিয়ে বাঁচিয়ে চলতে চাই; শ্রম বাঁচিয়ে চলি, কষ্ট বাঁচিয়ে চলি, নিন্দা বাঁচিয়ে চলি, কিন্তু সত্য বাঁচিয়ে চলি নে, ধর্ম বাঁচিয়ে চলি নে, আত্মার সম্মান বাঁচিয়ে চলি নে। যতদিন আমার এই আমিটুকুর মধ্যে তোমার অনস্ত অমৃতরূপ আনন্দরূপ না দেখি ততদিন চারিদিকের অনিয়ম, অস্বাস্থ্য, অজ্ঞান, অপুর্ণতা, অদৌন্দর্য, অপমান আমার জড়চিত্তকে আঘাতমাত্র করে না— চতুর্দিকের প্রতি আমার স্থগভীর আলস্থবিজড়িত অনাদর দূর হয় না, নিখিলের প্রতি আমার আত্মা পরিপূর্ণ শক্তিতে প্রসারিত হতে পারে না; ততদিন পাপকে বিমুগ্ধ বিহ্বলভাবে অন্তরের মধ্যে দিনের পর দিন কেবল লালন করেই চলি এবং পাপকে উদাসীন তুর্বলভাবে বাহিরে দিনের পর দিন কেবল প্রশ্রেয় দিতেই থাকি— কঠিন এবং প্রবল সংকল্প নিয়ে অকল্যাণের সঙ্গে সংগ্রাম করবার জন্মে বদ্ধপরিকর হয়ে দাঁড়াতে পারি নে;— কি অব্যবস্থাকে কি অম্ভায়কে আঘাত করার জন্মে

প্রস্তুত হই নে, পাছে তার লেশমাত্র প্রতিঘাত নিজের উপরে এসে পড়ে। তোমার অনস্ত অমৃতরূপ আনন্দরূপ আমার এই আমিটুকুর মধ্যে বোধ করতে পারি নে বলেই ভীক্ষতার অধম ভীক্ষতা এবং দীনতার অধম দীনতার মধ্যে দিনে দিনে তলিয়ে যেতে থাকি, দেহে-মনে গৃহে-গ্রামে সমাজে-স্বদেশে সর্বত্রই নিদাক্ষণ নৈক্ষল্য মঙ্গলকে পুনঃ পুনঃ বাধা দিতে থাকে, এবং অতি বীভৎস অচল জড়ত্ব ব্যাধিরূপে তৃতিক্ষরূপে, অনাচার ও অদ্ধ সংস্থাররূপে, শতসহস্র কাল্পনিক বিভীষিকার্মপে, অকল্যাণ ও শ্রীহীনতাকে চারিদিকে স্থপাকার করে তোলে।

হে ভূমা, আজকের এই উৎসবের দিন আমাদের জাগরণের দিন হ'ক— আজ তোমার এই আকাশে আলোকে বাতাদে উদ্বোধনের বিপুল বাণী উদ্গীত হতে থাক্, আমরা অতি দীর্ঘ দীনতার নিশাবসানে নেত্র উন্মীলন করে জ্যোতির্ময় লোকে নিজেকে অমৃতস্থ পুত্রাঃ বলে অমুভব করি; আনন্দসংগীতের তালে তালে নির্ভয়ে যাত্রা করি সত্যের পথে, আলোকের পথে, অমৃতের পথে; আমাদের এই যাত্রার পথে আমাদের মুখে চক্ষে, আমাদের বাক্যে মনে, আমাদের সমস্ত কর্মচেষ্টায়, হে ক্তম, তোমার প্রসন্নম্থের জ্যোতি উদ্রাসিত হয়ে উঠুক। আমরা এথানে সকলে যাত্রীর দল— তোমার আশীর্বাদ লাভের জন্ম দাঁড়িয়েছি; সমুখে আমাদের পথ, আকাশে নবীন সূর্যের আলোক, 'সত্যং জ্ঞানমনস্তং ব্রহ্ম' আমাদের মন্ত্র; অন্তরে আমাদের আশার অন্ত নেই,— আমরা মানব না পরাভব, আমরা জানব না অবসাদ, আমরা করব না আত্মার অবমাননা, চলব দৃঢ়পদে অসংকুচিত চিত্তে— চলব সমস্ত স্থত্ঃথের উপর দিয়ে, সমস্ত স্বার্থ এবং দৈশ্য এবং জড়তাকে দলিত ক'রে— তোমার বিশ্বলোকে অনাহত তুরীতে জয়বান্ত বাজতে থাকবে, চারিদিক থেকে আহ্বান আসতে থাকবে 'এসো, এসো, এসো'— আমাদের দৃষ্টির সম্মুথে খুলে যাবে চির জীবনের সিংহদ্বার— কল্যাণ, কল্যাণ— অস্তরে বাহিরে কল্যাণ— আনন্দম্ আনন্দম, পরিপুর্ণমানন্দম্।

গ্রন্থপরিচয়

রচনাবলীর বর্তমান থণ্ডে মৃদ্রিত গ্রন্থগুলির প্রথম প্রকাশের তারিথ ও গ্রন্থসংক্রান্ত অক্যান্ত জ্ঞাতব্য তথ্য গ্রন্থপরিচয়ে সংকলিত হইল। এই থণ্ডে মৃদ্রিত কোনো কোনো রচনা সম্বন্ধে কবির নিজের মন্তব্যও এই বিভাগে মৃদ্রিত হইল। পূর্ণতর তথ্যসংগ্রহ সর্বশেষ থণ্ডে একটি পঞ্চীতে প্রকাশিত হইবে।

মহুয়া

মহুয়া ১৩৩৬ সালের আশ্বিন মাসে প্রকাশিত হয়।

বিশ্বভারতী রবীক্সভবনে রক্ষিত পাণ্ডুলিপির সাহায্যে মহুয়ার বর্তমান সংস্করণে অনেক কবিতার রচনাস্থান নির্দিষ্ট হইল, এবং রচনাতারিথ ও পাঠ পরিবর্তিত ও সংশোধিত হইল।

নিঝ রিণী, শুকতারা, অচেনা, পথের বাঁধন, বাসরঘর, বিদায়, প্রণতি, নৈবেন্ত, অঞ্চ, অন্তর্ধান— এই দশটি কবিতা শেষের কবিতা উপক্যাদের জন্ম লিখিত হইলেও 'ভাবামুষঙ্গবশত মহুয়াতেও মৃদ্রিত হইয়াছে'। রচনাবলী-সংস্করণে মহুয়ার সেই রূপ অপরিবর্তিত রাখা হইল।

মহুয়ার প্রথম সংস্করণের পাঠপরিচয়ে পাদটীকায় জানানো হইয়াছে যে, 'বিচ্ছেদ' ও 'বিশ্বহ' শেষের কবিতার জন্ম নিথিত হইলেও ওই উপন্যাসে ব্যবহৃত হয় নাই। পাঙুলিপিতে প্রাপ্ত কয়েকটি কবিতার মূল বা স্বতন্ত্র পাঠ নিম্নে মৃদ্রিত হইল:

- ত শুধায়ো না মোর গান কারে করেছিত্ব দান পথধূলা-'পরে আছে তারি তরে যার কাছে পাবে মান।
- যে সেই ধুলার ফুলে
 হার গেঁথে লয় তুলে,
 হেলার সে-ধন হয়-য়ে ভৃষণ
 তাহারি মাথার চুলে।

> अहेवा : त्रवीख-त्रव्यावनी त्रथम ४७।

১ ফুল ছিঁড়ে লয় হাওয়া, সে পাওয়া মিথ্যে পাওয়া— আনমনে তার পুম্পের ভার ধুলায় ছড়িয়ে যাওয়া।

[>><4]

উৎসর্গ-কবিতাটির পাণ্ড্লিপিতে প্রাপ্ত বর্জনচিহ্নিত প্রথম পাঠ ; পরে পার্শ্ববর্তী সংখ্যামুযায়ী লোকগুলির ক্রম পরিবর্তিত হইরাছিল।

उड्डी वन

ভশ্ম-অপমানশযা ছাড়ো, পুশ্পধস্থ,
ক্ষদ্র অগ্নি হতে লহো জলদটি তন্তু।
যাহা মরণীয় যাক ম'রে,
জাগো চিরম্মরণীয় ধ্যানমূর্তি ধ'রে।
যাহা স্থল, যাহা ক্লান্ত তব,
অক্স সাথে দগ্ধ হ'ক, হও নিতানব।
মৃত্যু হতে জাগো, পুশ্পধন্থ,
হে অতন্থ, বীরের তন্ত্রতে লহো তন্তু।

বন্ধু তব দৈত্যজয়ী দেব বজ্ঞপাণি,
পুশ্পচ্ছলে তাঁরি অগ্নি দাও তুমি আনি।
সেই দিব্য দীপ্যমান দাহ
অস্তরে করুক ক্ষ্ম হু:থের প্রবাহ।
মিলনেরে করুক প্রথর,
বিচ্ছেদেরে ক'রে দিক হু:সহ স্থনর।
মৃত্যু হতে ওঠো, পুশ্পধন্থ,
হে অতম্ব, বীরের তম্বতে লহো তম্ব।

সংকটবন্ধুর তব দীর্ঘ রাজ্বপথ— সে-তুর্গমে চলুক প্রেমের জন্মরথ।

গ্রন্থপরিচয়

তিমিরতোরণ রজনীর
স্পন্দিবে আহ্বানে মোর নির্ঘোষগম্ভীর।

যাক দূরে দ্বিধা লক্ষা ত্রাস—
আয় বক্ষে সর্বনাশা প্রচণ্ড উল্লাস।

মৃত্যু হতে ওঠো, পুস্পধন্ত,

হে অতন্ত, বীরের তন্ততে লহো তন্তু।

তপতী নাটকের প্রথম সংস্করণে মৃদ্রিত (পৃ. ৫২-৫৪) অনেকাংশে-পৃথক পাঠ।

उक्ती वन

উত্তীর্ণ হয়েছ তুমি ধৃর্জটির ক্রোধবহিনিথা হে মন্মথ, মনসিজ, হে মনের মায়ামরীচিকা,— তৃষ্ণামক্ষবিহারে বিলাদ,— পুরাও পুরাও অভিলাষ।

দহনে দিগুণ দীপ্তি লভিল দাহনশক্তি তব, পুরাতনে ভশ্ম করি বাহির হয়েছ নিত্যনব— হুংখে তব হুর্জয় বিকাশ— পুরাও পুরাও অভিলাষ।

পুষ্পের প্রচ্ছর তলে ইন্দ্রের যে বজ্র কর চুরি
মিলন করুক তীব্র, বিরহের হঃসহ মাধুরী
শাস্তি মোর করুক বিনাশ—
পুরাও পুরাও অভিলাষ।

নিন্দাকটকিত পথে জয়যাত্রা অতদ্র অধীর আনন্দে সার্থক করো— দাও মোরে বিশ্ববিশ্বতির সর্বনাশা প্রচণ্ড উল্লাস— পুরাও পুরাও অভিলাষ।

'তপতা'র পাণ্টাপিতে প্রাপ্ত সম্পূর্ণ-ৰতন্ত্র পাঠ। অসম্পূর্ণ ?

বরণডালা

আজি এই মম সকল ব্যাকুল অঙ্গ-মাঝে ওহে নিৰুপম, তোমার স্তবের ছন্দ বাজে।

এই বদস্তে লতায় লতায়
পাতায় ফুলে
বাণীহিল্পোল মিলিছে তোমার
চরণমূলে।
আমার দেহের বাণীতে সে দোল
উঠিছে হলে।
দিহু পূজা মম, নাহি যদি লও
মরিব লাজে।
ওহে নিরুপম, তোমার স্তবের
ছন্দ বাজে।

তক্ষ হতে ফুল আনি নাই আমি
আনি নি ফল।
দেশ দেশ হতে আনি নি ভরিয়া
তীর্থজন।
আমার আপন তহুতে উছলে
অধরা ধারা,
অধীরতা তার তোমারি মাঝারে
হ'ক-না সারা।
ঘনযামিনীর আধারে যেমন
ঝলিছে তারা
দেহ ঘেরি মম প্রাণের চমক
তেমনি রাজে।

গ্রন্থপরিচয়

ওহে নিরুপম, তোমার স্তবের ছন্দ বাব্দে।

देवणांच ३७००

সম্ভবতঃ ইহা পূর্বপাঠ। কবির 'বৈকালী' গ্রন্থে (৪২ পৃ.) প্রাপ্ত। নটীর পূজা নাটকের 'আমায় ক্ষমো হে ক্ষমো' গানটির সহিত সাধৃগু লক্ষ্ণীয়।

বরণ

পুরাণে কাহিনী শুনিয়াছি
দময়ন্তী নিয়েছিল বাছি
মানবেরে, ছদ্মবেশী দেবতার মাঝে।
অর্য্যহারা দেবতারা চলে গেল লাজে।
রাজকন্তা চিনেছে সেদিন
দেবম্তি, সে যে ছায়াহীন।

তাই শুনে একা বদে বদে
ভেবেছিমু বালিকাবয়দে—
আমি লব স্বয়ম্বরে বরি দেবতারে,
সর্বমানবের মাঝে চিনিব তাহারে;
তারি লাগি মোর দেহে মনে
বরমাল্য গাঁথিব যতনে।

বৃষ্ধি নি, কঠিন মোর পণ কেমনে যে করিব সাধন। কত-না মান্ত্য ফেরে দেবতার বেশে লয়ে পুজারির দল দেশ হতে দেশে। হেথা হোথা দিনে দিনে তাই দ্বিধা লয়ে ফিরেছি সদাই।

> থরতর রৌদ্রের বেলায় জনতার মুথর মেলায়

দাঁড়ালেম একদিন রাজপথ-পাশে, চেয়ে চেয়ে দেখিলাম যারা যায় আসে। দেখিলাম যতটুকু কায়া তার চেয়ে দীর্ঘতর ছায়া।

স্পর্ধাতীক্ষ কত কণ্ঠস্বর
শুনিলাম ভেদিছে অম্বর।
দেখিমু দীনের মৃতি উজ্জ্বল সজ্জায়,
ধনসমারোহে তারে ঢাকিল লজ্জায়;
যতই ছুটায় অশ্বরথ
সক্ষে ওড়ে ধূলির পর্বত।

সেদিন সবার ঠেলাঠেলি
নানা শব্দে উঠিল উদ্বেলি।
তুমি পথপ্রান্তে একা ছিলে হাস্তম্থে
নিঃশব্দে দেখিতেছিলে নিস্তন্ধ কৌতুকে;
হৃদয় আছিল জনম্রোতে,
মন ছিল দূরে সবা হতে।

বহে গেল জনতার ঢেউ।
তোমা-পানে চাহে নাই কেউ।
কেবল একেলা আমি দেপেছি তোমারে,
তুমিই ফেল নি ছায়া ছায়ার মাঝারে।
মালা হাতে কাছে গেন্থ ধেয়ে,
হাসিলে আমার মুখে চেয়ে।

২৫ অগস্ট ্১৯২৮ চৌরঞ্জি

গ্রন্থপরিচয়

মহয়া

রে মছয়া, নামথানি গ্রামা তোর, লঘু ধ্বনি তার,
প্রাণ তোর উচ্চশির রহে রাজকুলবনিতার
মর্যাদা বহিয়া। হেরিয়াছি তোরে শালবীথিকায়
বনম্পতিসভা-মাঝে, সজ্জা তোর প্রচুর ছায়ায়
ল্টিত তৃণের 'পরে; বিপুল পল্লবঘন শুরে
আগস্কক বিহঙ্গমে সংগীতগুণীর সমাদরে
ডেকে নিস উদার আশ্রয়ে। উঠে যবে হহুংকার
কুদ্ধ কালবৈশাখীর, গর্ব জাগে শাখাপ্রশাখার,
তর্জনে গর্জিয়া উঠে দৃপ্তবলে রাথে আশ্রিতেরে।
অনার্টিশীর্ণ দিনে বনের প্রান্ধণ হতে ফেরে
বৃভুক্ষ্ অতিথি যবে, বন্ধ নারী আসে তোর পথে,
চ্ভিক্ষের ভিক্ষাঞ্জলি পূর্ণ করি দিস সদাবতে।
যে-বধ্রে ভাবি মনে, কানে-কানে কহি আমি তোরে—
যদি তার দেখা পাই ডাকিব মহয়া নাম ধ'রে।

২ সেপ্টেম্বর ১৯২৮

পাতৃলিপিতে-প্রাপ্ত বর্জনচিহ্নান্ধিত প্রথম পাঠ।

বিরহ ও অন্তর্ধান

শক্ষিত আলোক নিম্নে দিগন্তে উদিল শীর্ণ শশী, অরণ্যে শিরীষশাথে অকস্মাৎ উঠিল উচ্ছুদি বসন্তের হাওয়ার থেয়াল,— ব্যথায় নিবিড় হল শেষ কথা কহিবার কাল।

গোধূলির গীতিশৃত্য স্তম্ভিত প্রহরথানি বেয়ে
গোলে তুমি দূর পথে, নির্নিমেষ রহিলাম চেয়ে।
ধীরে ধীরে বনাস্তে মিলালো
প্রাস্তরের প্রাস্ততটে অস্তদেষ ক্ষীণ পাংশু আলো।

তব অস্তর্ধানে তব হেরিলাম রূপ চিরস্তন, অস্তরে অলক্ষ্যলোকে তোমার পরম আগমন। লভিলাম চিরস্পর্শমিণি; তোমার শৃহ্যতা তুমি পরিপূর্ণ করেছ আপনি।

যে-দার খুলিয়া গেলে রুদ্ধ সে হবে না কোনোমতে, কান পাতি রহে তব ফিরিবার প্রত্যাশার পথে— তোমার অমুর্ত আসাযাওয়া যে পথে চঞ্চল করে দিগ্বালার অঞ্লের হাওয়া।

বদন্তে মাঘের অন্তে আদ্রবনে মৃকুলমন্ততা
মধুপগুল্পনে মিশি আনে কোন্ কানে-কানে কথা।

মোর নাম তব কঠে ডাকা
কান্ত আজি তাপক্লান্ত দিনান্তের মৌন দিয়ে ঢাকা।

বিরহের সঙ্গহীন শুরুতার গভীর নিভূতে বাক্যহারা চিত্তে মোর এতদিনে পাইন্থ শুনিতে তুমি কবে মর্ম-মাঝে পশি দিলে অনির্বচনীয় ধ্যানমন্ত্রবাণী মহীয়সী।

অস্তরের অন্ধকারে এতদিনে পাইমু সন্ধান
সন্ধ্যার দেউলদীপ চিত্তে মোর তোমারি সে দান।
বিচ্ছেদের হোমবহ্নি হতে
পুজামূর্তি ধরি প্রেম দেখা দিল তৃঃথের আলোতে।

२७ व्यामाह ३७०६

'বিরহ' ও 'অস্তধ'নি' কবিতাছটির পাঙ্গিপিতে প্রাপ্ত একীকৃত আকারের প্রাথমিক পাঠ।

'দায়মোচন' কবিতাটির প্রথম শ্লোকের পরে পাণ্ড্লিপিতে নিয়োদ্ধত একটি সম্পূর্ণ নৃতন শ্লোক আছে:

> প্রাবণের বর্ষণে যা দিয়েছে ঢালি, দান সেই অল্প তো নয়।

ফান্ধনে ধরণীর যৌবনভালি
ভরে সেই রসসঞ্চয়।
তার পরে আখিনে মেঘ উদাসীন
খৃত্য গগনতলে সম্বলহীন;—
স্বন্ধ প্রভাতে ধরা চাহে তার পানে,
বিদায়শ্বতুরে নাহি ভরে।
আলোতে শিশিরে আর সৌরভে প্রাণে
গৌরবে বিচ্ছেদ ভরে।

'সাগরিকা' কবিতাটির মহুয়ায় প্রচলিত পাঠে নিম্নুদ্রিত একটি সম্পূর্ণ স্তবক বর্জিত হইয়াছে। পাণ্টুলিপি ও মাসিক পত্তে (প্রবাসী, ১৩৩৪ পৌষ) প্রাপ্ত এই স্তবকটির স্থান বর্তমান পাঠের চতুর্থ স্তবকের পরে:

পরের দিনে তরুণ উষা বেণুবনের আগে
জাগিল যবে নব অরুণরাগে,—
নীরবে আসি দাঁড়ায় তব আঙন-বাহিরেতে,
ভানিয় কান পেতে,
গভীর স্বরে জপিছ কোন্খানে
উদ্বোধনমন্ত্র যাহা নিয়েছ তব কানে,
একদা দোঁহে পড়েছি যেই মোহমোচন বাণী
মহাযোগীর চরণ শ্বরি' যুগল করি' পাণি।

'বিদায়সম্বল' কবিতাটির প্রচলিত পাঠে বর্জিত শেষ শ্লোকটি পাণ্ডুলিপি ও বিচিত্রা (১৩৩৪ কার্ডিক) হইতে নিম্নে সংকলিত হইল:

যাবার দিকের পথিক যখন
শেষ কাঁদা শেষ হাসা
মিটায়ে চলিছে, থাক্-না তথন
মিছে ওইটুকু আশা।
বিদায়ের আগে সজল আঁথিতে
উঠুক ঘনিয়া ক্ষণিকের গীতে
'ভূলিব না কভু' এই কথাটিতে
অস্তিম ভালোবাসা।

মহুয়ার কয়েকটি কবিতার পরিবর্তিত সংগীতরূপ প্রথম সংস্করণ গীতবিতানের তৃতীয় থণ্ডেই (প্রাবণ ১৩১৯) পাওয়া যায়।

কবিত <u>া</u>	গানের প্রথম পংক্তি	नी. वि. शृष्ठी
विषयी -	বিরস দিন, বিরল কাজ	8 ० च
मकान -	আমার নয়ন তোমার নয়নতলে	966
मृक्टि -	চপল তব নবীন আঁখি ঘৃটি	922
উদ্ঘাত -	জানি তোমার অজানা নাহি গো	928
निद्यम्न -	কাহার গলায় পরাবি গানের	৮৩৩
গুপ্তধন -	আরো একটু বোসো তুমি	৮२१
পুরাতন -	অনেকদিনের আমার যে-গান	৭৬৬

প্রত্যাশা, সন্ধান, বরণতালা, নিবেদন, নির্ভয়, গুপ্তধন, অবশেষ — মহুয়ার এই সাতটি কবিতাতেও রবীক্রনাথ স্থর দিয়াছিলেন; দ্বিতীয় সংস্করণ গীতবিতানের দ্বিতীয় থণ্ড দ্রষ্টব্য i

১৩৩৬ সালে গ্রন্থপ্রকাশের অব্যবহিত পুর্বে মহুয়া সম্বন্ধে রবীক্রনাথ যে-পত্র লিথিয়াছিলেন নিমে তাহা মুক্রিত হইল:

লেখার বিষয়ট। ছিল সংকল্প করা— প্রধানত প্রজাপতির উদ্দেশে— আর তাঁরই দালালি করেন যে-দেবতা তাঁকেও মনে রাখতে হয়েছিল। অতএব 'মহুয়া'র কবিতাকে ঠিক আমার হালের কবিতা বলে শ্রেণীবদ্ধ করা চলে না। তেবে দেখতে গেলে এটা কোনো কালবিশেষের নয়, এটা আকম্মিক। আমার সত্যিকার আধুনিক কবিতার দক্ষে যদি এদের এক পংক্তিতে বসাও তা হলে তাদের বর্ণতেদ অত্যন্ত পরিস্টুট হয়ে উঠবে। কিন্তু আমার সদ্দেহ হচ্ছে কিছু যেন অত্যুক্তি করা হল। ফরমাশ ব্যাপারটা মোটরগাড়ির স্টার্টারের মতো। চালনাটা শুরু করে দেয় কিন্তু তার পরে মোটরটা চলে আপন মোটরিক প্রস্কৃতির তাপে। প্রথম ধান্ধাটা একেবারেই ভূলে যায়। মহুয়ার কবিতাগুলিও লেখবার বেগে ফরমাশের ধান্ধা নিঃসন্দেহই সম্পূর্ণ ভূলেছে— কল্পনার আন্তরিক তড়িৎ-শক্তি আপন চিরন্তনী প্রেরণায় তাদের চালিয়ে নিয়ে গেছে। প্রথম হাতল ঘোরানো হতেও পারে বাইরের থেকে, কিন্তু সচলতা শুরু হ্বামাত্রই লেখবার আনন্দই সার্থি হয়ে বনে। এইজ্লু আমার বিশ্বাস, তোমরা এই লেখার মধ্যে নতুন কিছু পারে, আকারে এবং প্রকারে। নতুন ক্রেণায় ঝেন চিন্তের মধ্যে এনে

পড়ে তখন তারা পুর্বদলের পুরানো পরিত্যক্ত বাসায় আশ্রয় নিতে চায় না; নতুন বাসা না বাঁধতে পারলে তাদের মানায় না, কুলোয় না। ক্ষণিকার বাসা আর বলাকার বাসা এক নয়।

আমি নিজে মহুয়ার কবিতার মধ্যে চুটো দল দেখতে পাই। একটি হচ্ছে নিছক গীতিকাব্য, ছন্দ ও ভাষার ভঙ্গীতেই তার লীলা। তাতে প্রণয়ের প্রসাধনকলা মৃখ্য। আর-একটিতে ভাবের আবেগ প্রধান স্থান নিয়েছে, তাতে প্রণয়ের সাধনবেগই প্রবল।

মহুয়ার 'মায়া' নামক কবিতায় প্রণয়ের এই তুই ধারার পরিচয় দেওয়া হয়েছে। প্রেমের মধ্যে স্টেশক্তির ক্রিয়া প্রবল। প্রেম সাধারণ মাস্থ্যকে অসাধারণ ক'রে রচনা করে— নিজের ভিতরকার বর্ণে রদে রপে। তার সঙ্গে যোগ দেয় বাইরের প্রকৃতি থেকে নানা গান গন্ধ, নানা আভাস। এমনি ক'রে অস্তর-বাহিরের মিলনে চিত্তের নিভৃত লোকে প্রেমের অপরূপ প্রসাধন নির্মিত হতে থাকে— সেথানে ভাবে ভঙ্গীতে সাজে সজ্জায় নৃতন নৃতন প্রকাশের জন্ম ব্যাকুলতা, সেথানে অনির্বচনীয়ের নানা ছন্দ, নানা ব্যঞ্জনা। একদিকে এই প্রসাধনের বৈচিত্র্যা, আর-একদিকে এই উপলব্ধির নিবিভৃতা ও বিশেষত্ব। মহুয়ার কবিতা চিত্তের দেই মায়ালোকের কাব্যা, তার কোনো অংশে ছন্দে ভাষায় ভঙ্গীতে এই প্রসাধনের আয়োজন, কোনো অংশে উপলব্ধির প্রকাশ।

এই তুয়ের মধ্যে নৃতনের বাসন্তিক স্পর্শ নিশ্চয় আছে— নইলে লিথতে আমার উৎসাহ থাকত না। তুমি তো জানই কত অল্প সময়ের মধ্যে এগুলি সমাধা করেছি। তার কারণ প্রবর্তনার বেগ মনে সতেজ ছিল। তাই অগ্রমনস্ক-ভাবে এই পত্রের পুর্বাংশে তোমাকে যা লিথেছি অপরাংশে তার প্রতিবাদ করতে হল। বলেছিল্ম এ লেথাগুলি আকম্মিক। ভূলেছিল্ম সব কবিতাই যথনি লেথা যায় তথনি আকম্মিক। সব কবিতা বললে হয়তো বেশি বলা হয়। এক-একটা সময়ে এক-একটা নতুন ঝাঁকের কবিতা। বারো মাসে পৃথিবীর ছয় ঋতু বাঁধা, তাদের পুনরাবর্তন ঘটে। কিছু আমার বিশ্বাস, একবার আমার মন থেকে যে-ঋতু যায়, সে আর-এক অপরিচিত ঋতুর জন্মে জায়গা ক'রে বিদায় গ্রহণ করে। পূর্বকালের সঙ্গে কিছু মেলে না, এ হতেই পারে না, কিছু সে যেন শরতের সঙ্গে শীতের মিলনের মতো। মনের যে-ঋতুতে মছয়া লেখা সে আক্মিক ঋতুই, কর্মাসের ধান্ধায় আকম্মিক নয়, স্বভাবতই আকম্মিক। এগুলি যথন লিথছিল্ম অপুর্বক্মারণ প্রায় রোজ এসে শুনে যেত, সে যে-উত্তেজনা প্রকাশ করত সেটা

श्रीक्पृर्वक्षांत्र हम्म

অপূর্বতারই উত্তেজনা। রূপের দিকে বা ভাবের দিকে একটা-কিছু নতুন পাচ্ছে বলেই তার আগ্রহ— তথন স্থীন্দ্র দন্তও ছিল তার সঙ্গী। তার থেকে আমার বিশ্বাস আপনার এই সমর্থন পেত যে, মনের মধ্যে রচনার একটি বিশেষ ঋতুর সমাগম হয়েছে— তাকে পুরবীর ঋতু বা বলাকার ঋতু বললে চলবে না।

পুরবী ও মহয়ার মাঝখানে আর-একদল কবিতা আছে— দেগুলি অক্স জাতের।
তাদের মধ্যে নটরাজ ও ঋতুরঙ্গই প্রধান। নৃত্যাভিনয়ের উপলক্ষ নিয়ে এগুলি রচিত
হয়েছিল কিন্তু এরাও স্বভাবতই উপলক্ষকে অতিক্রম করেছে। আর কোনোথানেই শান্তিনিকেতনের মতো ঋতুর লীলারঙ্গ দেথি নি— তারই সঙ্গে মানবভাষায়
উত্তর প্রত্যুত্তর কিছুকাল থেকে আমার চলছে। তার রীতিমত শুরু হয়েছে
শারদোৎসবে— তার পরে ঋতুগীতির প্রবাহ বেয়ে এসে পড়েছিল ঋতুরঙ্গে। বিষয় এক
তর্ প্রভেদ য়থেই। সেই প্রভেদ য়ি না থাকত তা হলে লেথবার উৎসাহই থাকত না।
মহুয়ার কবিতা যথন পড়বে তথন আমার স্বভাবের এই কথাটা মনে রেখো। এই
বইয়ের প্রথমে ও সব-শেষে বে-গুটিকয়েক কবিতা আছে সেগুলি মহুয়া পর্যায়ের নয়।
সেগুলি ঋতু-উৎসব পর্যায়ের। দোলপুর্ণিমায় আবৃত্তির জন্মেই এদের রচনা করা
হয়েছিল। কিন্তু নববসন্তের আবির্ভাবই মহুয়া কবিতার উপযুক্ত ভূমিকা ব'লে
নকিবের কাজে ওদের এই গ্রন্থে আহ্বান করা হয়েছে।

মহয়া নামটা নিয়ে তোমার মনে একটা দিধা হয়েছিল জানি। কাব্যের বা কাব্যমংকলন-গ্রন্থের নামটাকে ব্যাখ্যামূলক করতে আমার প্রবৃত্তি হয় না। নামের দারা আগেভাগে কবিতার পরিচয়কে সম্পূর্ণ বেঁধে দেওয়াকে আমি অত্যাচার মনে করি। কবিতার অতিনির্দিষ্ট সংজ্ঞা প্রায়ই দেওয়া চলে না। আমি ইচ্ছা করেই মহয়া নামটি দিয়েছি, নাম পাছে ভায়রপে কর্তৃত্ব করে এই ভয়ে। অথচ কবিতাগুলির সক্ষো নামের একটুখানি সংগতি আছে— মহয়া বসস্তেরই অহচর, আর ওর রসের মধ্যে প্রচ্ছয় আছে উন্মাদনা। যাই হ'ক, অর্থের অত্যন্ত বেশি হৃসংগতি নেই বলেই কাব্যগ্রন্থের পক্ষে এ নামটি উপযুক্ত বলে আমি বিশ্বাস করি।"

কবির স্বহস্তান্ধিত নামপত্র এবং উৎসর্গকবিতাটি প্রচলিত সংস্করণের মতো রচনাবলী-সংস্করণ মহুয়াতেও মুদ্রিত হইল।

वनवागी

বনবাণী ১৩৩৮ সালের আখিন মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। রচনাবলী-সংস্করণে গ্রন্থটির 'বনবাণী' এবং 'রুক্ষরোপণ উৎসব' কেবল এই চুইটি কবিতা-অংশ মুদ্রিত হইল। রবীন্দ্রভবনে রক্ষিত পাঞ্জিপির সাহায্যে অনেক কবিতার রচনাকাল ও পাঠ সংশোধিত এবং রচনাস্থান নির্দিষ্ট হইল।

বনবাণীর ভূমিকাটি শ্রীতেজেশচন্দ্র সেনকে লিখিত রবীন্দ্রনাথের একটি পত্তের পরিমার্জিত রপ। 'কুটিরবাসী' কবিতার ভূমিকায় ইনিই 'তরুবিলাসী তরুণবন্ধু' বলিয়া উল্লিখিত হইয়াছেন।

পাণ্ডুলিপিতে উক্ত কবিতাটির আরম্ভে নিম্মুদ্রিত তিনটি অতিরিক্ত শ্লোক আছে:

বাসাটি বেঁধে আছ

মুক্তদ্বারে

বটের ছায়াটিতে

পথের ধারে।

সম্থ দিয়ে যাই; মনেতে ভাবি তোমার ঘরে ছিল আমারো দাবি,

হারায়ে ফেলেছি সে

ঘূর্ণিকায়ে

অনেক কাজে আর

অনেক দায়ে।

এখানে পথে-চলা

পথিক জনা

আপনি এদে বদে

অগ্রমনা।

তাহার বসা সেও চলারই তালে, তাহার আনাগোনা সহজ চালে,

আসন লঘু তার

অল্প বোঝা,

मांका সে চলে আসে,

যায় সে সোজা।

আমি ধৈ ফাঁদি ভিত বিরাম ভূলি',

১ জইবা: 'গাছপালার প্রতি ভালোবাসা'— প্রবাসী, ১৩৩৪ বৈশাখ।

চুড়ার 'পরে চূড়া
আকাশে তুলি।
আমি যে ভাবনার জটিল জালে
বাঁধিয়া নিতে চাই স্থদ্র কালে,
সে-জালে আপনারে

সে-জালে আপনারে জড়াই ঠেসে.

পথের অধিকার

হারাই শেষে।

'শাল' কবিতার ভূমিকায় 'কিশোর কবিবন্ধু' বলিয়া খাঁহার উল্লেখ আছে, তিনি পরলোকগত কবি সতীশচন্দ্র রায় (১২৮৮-১৩১০) ।

বৃক্ষরোপণ-উৎসব শাস্তিনিকেতনে প্রথম অমুষ্ঠিত হয় ৩০ আষাঢ় ১৩৩৫ সালে (১৪ জুলাই ১৯২৮)। শ্রীপ্রতিমা ঠাকুরকে একটি পত্রে (৯ শ্রাবণ ১৩৩৫) ববীদ্রনাথ প্রথমবারের উৎসবের সংক্ষিপ্ত বিবরণ দিয়াছেন:

অথানে হল বৃক্ষরোপণ, শ্রীনিকেতনে হল হলচালন। তোমার টবের বক্লগাছটাকে নিয়ে বৃক্ষরোপণ অন্তর্ছানটা হল। পৃথিবীতে কোন গাছের এমন সোভাগ্য কল্পনা করতে পার না। স্থলরী বালিকারা স্থপরিচ্ছন্ন হয়ে শাঁথ বাজাতে বাজাতে গান গাইতে গাইতে গাছের সক্ষে সক্ষে যজ্ঞক্ষেত্রে এল— শাস্ত্রীমশায় সংস্কৃত শ্লোক আওড়ালেন— আমি একে একে ছটা কবিতা পড়লুম— মালা দিয়ে চন্দন দিয়ে ধ্পধুনো জালিয়ে তার অভ্যর্থনা হল। তার পরে বর্ষামন্সল গান হল— আমি এই উপলক্ষ্যে ছোটো একটি গল্প লিখেছিলুম, সেটা পড়লুম। আমার বেশভ্ষা দেখলে নিশ্চয় খুশী হতে। একটা কালো রেশমের ধুতি, গায়ে লাল আঙিয়া, মাথায় কালো টুপি, কাঁথে জরিদেওয়া কালো পাড়ের কোঁচানো লম্বা চাদর।

...

পরিশেষ

পরিশেষ ১৩৩৯ সালের ভাদ্র মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। থেলনার মৃক্তি, পত্রলেখা, খ্যাতি, বাঁশি, উন্নতি, ভীক্ —পরিশেষের এই ছয়টি কবিতা পুনশ্চ গ্রন্থের দ্বিতীয় সংস্করণে গৃহীত হইয়াছে বলিয়া পরিশেষের বর্তমান সংস্করণে বর্জিত হইল। কবিতাগুলি রচনাবলী-সংস্করণে 'পুনশ্চ' গ্রন্থের অস্তর্ভুক্ত হইবে।

১ এক্টবা : বিচিত্ৰ প্ৰবন্ধ গ্ৰন্থে 'বন্ধুশ্বৃতি'। ২ এক্টবা : চিঠিপত্ৰ, তৃতীয় থগু, পত্ৰ নং ২৮।

🗣 বলাই : গরগুন্ছ, ভূতীয় খণ্ড।

রবীক্সভবনে রক্ষিত পাণ্ডুলিপি হইতে অনেক কবিতার রচনাস্থান নির্দিষ্ট হইয়াছে, এবং তারিথ ও পাঠ সংশোধিত বা পরিবর্তিত হইয়াছে। 'বিচিত্রা' কবিতাটির একটি অপ্রকাশিত স্বতন্ত্র পাঠ নিম্নে মৃক্রিত হইল:

বিচিত্ৰা

চুরি করে নিয়ে গেলে মোর মন কোন্ শিশুকালে,
হে বিচিত্রা, বাঁধি মায়াজালে—
বস্তুর আড়ালে যেথা দিনরাত্রি সাজাইছ তুমি
তোমার রঙের রক্তৃমি।
আকাশে ছড়ায়ে কেশ বাঁশি বাজায়েছ চুপে চুপে,—
সেই স্থরে মোর চক্ষে কত স্বপ্ন অপরূপ রূপে
করেছে বিচিত্র লীলা ধরণীর ধূলির সীমায়,
দিগস্তের দূর নীলিমায়।

নারিকেলপল্লবের আকম্পিত ইন্ধিতমর্মরে
বৈশাথের থরস্থকরে
আকাশ নিশ্বসি উঠি মধ্যাহ্নের আতক্র আলসে
ভরিয়াছে রহস্তের রসে।
তৃণাগ্রে শিশিরবিন্দু শরতের শুল্রতার বাণী
বাতাস ঝলকি' দিত, ম্ক্তির আনন্দ দিত আনি,
কাঁপিত প্রভাত আলো বালকের পুলকিত বুকে
হে বিচিত্রা, চাহি তব মুখে।

চৈত্রে স্বচ্ছ পূর্ণিমায় যত্ত্ব-গাঁথা মল্লিকার মালা
ভরে যবে রাত্রির নিরালা
মিলন-আশ্বাসগন্ধ, প্রান্তিহীন পাপিয়ার গানে,
অনিদ্রা নিবিড় করি আনে,—
যৌবনের সেই রাত্রে, বিচিত্রা, কাহার কালো চোথে
সোহিনীর মিড়খানি মিলাইতে চাঁদের আলোকে,
মধুর সংশয়ে-ছোঁওয়া শরমের কুহেলিকা আনি
হাসির উপরে দিতে চানি।

লোকালয়ে ফিরায়েছ স্থপত্থে নিজে হাত ধরি
পথে পথে দিবসশর্বরী।
প্রাণের বীণার তন্ত্রে মৃত্যুস্থরে তুলেছ স্পন্দন,
বাঁধিয়াছ, ছি ড়েছ বন্ধন।
মর্মের বেদনা মোর তোমার আপন রসধারে
পেয়েছে স্থতীত্র বর্ণ, দিয়েছ গভীর অর্থ তারে,
মোর নৌকা থেয়া দিতে বারে বারে ঝঞ্চাবায় তুলে
নিয়ে গেছ অপূর্বের কুলে।
মনে হয় সম্ভবতঃ ইছাই প্রথম পাঠ।

কয়েকটি কবিতার পরিশেষ-গ্রন্থে-বর্জিত অমুচ্ছেদ পাণ্ডুলিপি বা সাময়িক পত্র হইতে নিম্নে উদ্ধৃত হইল:

> সহসা জ্যৈষ্ঠের শেষরাতে গুরু গর্জনের সাথে পুর্বনান্তের শাখে মর্মরিয়া জাগে বায়ুবেগ, घननील स्थिष দিগস্তের তটে আনে বর্ষণের নিবিড় আশ্বাস— তৃষিত মাটির বক্ষে দৈক্তজীর্ণ ঘাস উল্লাদে তথনি করিয়া অশ্রুত জয়ধ্বনি थद्र थद्र ছোটো ছোটো অক্সরে অক্সরে আকাশের স্তবগান ফুটাইয়া তুলে তিনীল তিনাল ফুলে ফুলে।— দে-পুলক নেব মোর সর্বদেহ ভরি' व्रक्ति नर्वी উঠিবে উচ্ছলি। বসস্ভে কুঞ্জের গলি স্গন্ধিচ্ছায়ায়,

> > 'জন্মদিন' কৰিতার পাণ্ডুলিপিতে বর্জনচিচ্ছিত রচনাংশ—

वर्षभान ब्राम्नावनीय २७१ शृष्टीय क्षष्ट्रेय छ नवम शश्क्रिय मध्या ।

কবি আমি কারো শুরু নই। জানি না কী আছে হোথা কৈবল্যের পারে বৈকুঠের ধারে।

'পাস্থ' কবিতার প্রথম পংক্তির পরে পাঞ্জিশিতে প্রাপ্ত রচনাংশ।

তোমার প্রথম জন্মদিন

এনেছে মর্ক্যের ঘাটে যে-প্রাণ নবীন,

চিরস্তন মানবের মহাসত্তা-মাঝে

এল কোন্ কাজে ?

এক আমি-কেন্দ্র ঘিরে

ফিরে ফিরে

মৃহুর্তের দল অগণন

স্প্তির নিগৃঢ় শক্তি করিয়া বহন

দিনরাতি

কী গাঁথনি তুলিতেছে গাঁথি

আলোয় ছায়ায়,

বিচিত্র বেদনাঘাতে ঝংকুত কায়ায়,

রূপে রসে বর্ণে নৃত্যে গন্ধে গানে বেষ্টিত মায়ায়।

'অপূর্ণ' কবিতার বন্ধিত প্রথম অমুজ্জেদ'।

শুধু প্রাণরক্ষা আর বংশরক্ষা কাজে
তোমার চিত্তের শক্তি সাক্ষ হয় নাই আত্ম-মাঝে,
যা রহিল বাকি
ধূলি তারে ফাঁকি দিবে নাকি।
সে চিত্ত অসীম-পানে বাতায়ন দিয়েছিল থূলি,
প্রত্যহের আপনারে ভূলি'
নিত্যের নৈবেল্পধালে
আপনার শ্রেষ্ঠ দান ভরি দিয়াছিল কালে কালে।

> अहेवा : ध्ववांनी, ১७७৮ श्लीव- 'सम्मिनिन' ।

ववीख-वहनावनी

অসীম প্রাণের বার্তা যবে এসেছিল কানে

মরপ্রাণ তুচ্ছ করেছিলে আত্মদানে,

অর্থ তার কোথাও কি হবে না সমাধা,

মৃত্যু তারে দিবে বাধা,

ধুলায় কি হবে ধূলি

মহাক্ষণগুলি।

জন্মদিন এই বাণী

দিক তব চিত্তে আনি,—

মর্ত্যের জরায়

আপনাতে বন্ধ করি লুপ্ত করিবে না তব আয়ু,—

অসম্পূর্ণ ক্লিষ্ট প্রাণ—

এ গর্ভবন্ধনে তার হলে অবসান,—

আরবার নবজন্ম লবে

পুর্ণের উৎসবে।

'অপূর্ণ' কবিতার শেষছটি বর্জিত অমুচ্ছেদ।

আঁধার তিথিতে তারকাবীথিতে তব্রাজড়িত চক্র।

যুথীকলিগুলি দিতেছে আকুলি হিমগদগদ গদ।

ক্ষীণ জ্যোৎসায়, ঘন কুয়াশায়,

ঘুমে জাগরণে, কায়ায় মায়ায়,

তোমায় আমায় আলোয় ছায়ায়

যুগলে ঘটল হন্দ।

জন্মমরণ-অতীত বেলায় শ্বরণের পরপারে
তব ভাবনায় মোর চেতনায় এক হল একেবারে।

'ডুমি' কবিতার বর্জিত প্রথম লোক। স্রাষ্ট্রবা: প্রবাদী, ১৩৪৮ চৈত্র— 'প্রাণ্টাশ্রী'।

আমি বেসেছিলেম ভালো

সকল দেহে মনে
এই ধরণীর ছায়া আলো

আমার এ জীবনে।
সেই যে আমার ভালোবাসা
লয়ে আকুল অকুল আশা
ছড়িয়ে দিল আপন ভাষা
আকাশনীলিমাতে।
রইল গভীর স্থথ তথে,
রইল সে-যে কুঁড়ির বুকে
ফুল-ফোটানোর মুথে মুথে
ফাগুনচৈত্ররাতে।
রইল তারি রাখি বাঁধা
ভাবীকালের হাতে।

'দিনাবসান' কবিতার তৃতীয় অমুচ্ছেদের পরবর্তী বর্জিত অমুচ্ছেদ।

দ্রস্তব্য প্রবাসী, ১৩৩৩ জ্যৈন্ত 'জন্মোৎসবের দিনে'।

পরিশেষের কয়েকটি কবিতা সাময়িক পত্রে গগুভূমিকা-সংবলিত আকারে প্রকাশিত হইয়াছিল। নিমে গগুংশগুলি মুদ্রিত হইল।

অবুঝ মন

জাহাজ চলছে, সমৃদ্রের জল কেবলই ছল্ছল্ করে, আর লাফিয়ে লাফিয়ে ওঠে।
একটি ছোটো শিশু; আমরা আছি আপন আপন কোণে একটিমাত্র কেদারা নিয়ে,
কিন্তু সে আছে সমস্ত ডেক জুড়ে। তার অবুঝ মনখানি অসংলগ্ন অহৈতুক আগ্রহে
ফ্যাল্ফেলে চোথের ভিতর দিয়ে বিশ্বের পরিচয় নিচ্ছে। আয়ার অন্ধবিহারী সেই
আটদশমাসের শিশুটির খেলা দেখে আমার অনেকটা সময় কাটে।

এটা ব্যতে পারছি যে, ওরই ওই মনটি আদিমকালের বহু পুরাতন। আমার যে-মন ওকে দেখছে আর ভাবছে, সেই হল নৃতন; অনেক চেষ্টায় অনেক শিক্ষায় ও সাধনায় এই বিচারবৃদ্ধিমান মন গড়ে উঠছে, এখনো সে অসমাপ্ত। ওরই অবচেতন মনটির সঙ্গে মেলে গাছপালার মধ্যে যে নির্বোধ মন জলের দিকে তার শিক্ত চালাচ্ছে, সুর্বের দিকে যার আকৃতি, যা স্বপ্নচালিতের মতো আপন ফুলের ভিতর দিয়ে আপন ফলের উদেশ সাধন করে। আমার নতুন মন গাছপালার মধ্যে ওই পুরাতন সহজ্ব মন দেখে গভীর শান্তি পায়, আনন্দিত হয়। শিশুর মধ্যেও সেই আদিম মনটি দেখতে তার এত ভালো লাগে। মেয়েদের প্রকৃতিতেও মনের এই আদিমতার প্রাধান্ত, তাদের সহজ্ব বোধ সহজ্ব প্রবৃত্তি বিচারবৃদ্ধির চেয়ে অনেক প্রবল। আমরা অনেক-দিন থেকে ওদের সরলা অবলা বলে আসছি, সে কথার মানেই ওই— যে-তর্কে বিধা আনে ওদের স্বভাবে ভালো করে সেই তর্কবৃদ্ধি দখল পায় নি। নতুন-বৃদ্ধি-ওয়ালা পুরুষের মনের কাছে এই সহজ্ব মনের সংস্পর্শ আরামের। নতুনবৃদ্ধিওয়ালা মনটা ক্লান্ত করে, বিভ্রান্ত করে, সংশয়ে আন্দোলিত করে; এইজন্তে মামুষ অনেক-সময় মদ খায়, এই উদগ্রবৃদ্ধিমান মনটাকে বিহ্বল করে দিয়ে সেই আপন আদিম অবোধ মনের মধ্যে ছুটি নিতে চায় যেখানে অরাজকতা।

শিশুর মধ্যে যাকে দেখছি, দেই আদিম মনটাকে আর-এক জায়গায় দেখছি যেথানে গণসংঘ। সেই গণেশের হাতির মৃগু, তার যুথবৃদ্ধির মাথা, সে বশ মানতেও যেমন মেতে উঠতেও তেমনি। তার প্রকাণ্ড শক্তির দঙ্গে তার নীরব বশ্যতার মিল পাই নে, তেমনি তার অকমাং হুর্দামতারও হিদেব পাওয়া যায় না। সেই অবুঝ মনটার সংস্কারগুলো, তার সমস্ত অন্ধ প্রবর্তনা গণসম্প্রদায়কে ঠেলে নিয়ে চলে। তারাই হল বাহন। নতুন মনটা সার্থিগিরি করতে চেষ্টা করে, কিন্তু ঘোড়া প্রায়ই চার পা তুলে ছোটে। নইলে যুরোপে সেদিন যে যুদ্ধকাণ্ড হয়ে গেল, তা হতে পারত না। আদিম মনটা যথন বৃদ্ধিওয়ালা মনটাকে একেবারেই মানতে চায় না, তথন মায়্র্য যাকে সভ্যতা বলে তার ঘটে হুর্গতি। প্রাচীন গ্রীদ তার অদামান্ত বৃদ্ধি সত্বেও যদি মরে থাকে, তার কারণটা ছিল অবচেতন মনের মধ্যে, যেখানে তার গুহাচর প্রবৃত্তির, তার গর্তবাদী সংস্কারের বাদা। আজকের দিনে যুরোপ কোনোমতেই স্থামী শান্তির কোনো ব্যবস্থা করতে পারছে না, তার কারণ সংস্কারগুলো লাগাম দাঁতে চেপে ধ'রে ছুটতে চায়।

সভ্যতা এর উলটো কারণেও মরে। নতুন মন ধখন সনাতন সহজ্ঞ মনের শক্তিকে আপন জটিল কর্মজালে সম্পূর্ণ চাপা দিতে চায়, আপন রথের চাকার তলায় তাকে থণ্ড থণ্ড করে, তখন তার শক্তির আদিম আশ্রয় জীর্ণ হয়ে যায়। আকাশগামী চূড়াটা ধুলোর আশ্রয় ছাড়িয়ে উঠতে চায়; ক্ষতি নেই, কিন্তু যখন সামগ্রস্তের সীমা অতিক্রম করে তখনি ফিরে তাকে সেই ধুলোয় এসে পড়তে হয়। আদিম অবুঝ মনের সঙ্গে নতুনবৃদ্ধিমান মনের পদে পদে রফা-নিম্পত্তি করে চলাই পাকাচালে চলা। এই তো গেল আমার চিস্তার কথা। কিন্তু শিশুর ম্থের দিকে ধখন তাকিয়ে দেখতুম তখন যে-আনন্দ বোধ করতুম সেটা চিম্ভার আনন্দ নয়; তখন আমি বিশ্বব্যাপী আদিম

প্রাণের বৃহৎ রন্ধলীলা শিশুর ছটি চোথের বৃদ্ধিবিহীন চঞ্চল ঔৎস্থক্যের মধ্যে দেখতে পেতৃম। শিশুর মধ্যে সেই বিশ্বশিশুকে দেখার আনন্দেই এই কবিতাটি লিখেছি।
— বিচিত্রা, ১৩৩৪ অগ্রহায়ণ

व्याद्यक मिन

যখন বছর ত্য়েক হল দক্ষিণ আমেরিকায় যাত্রা করেছিলুম তথন মনের মধ্যে কোনো ভার ছিল না। বাঁরা আমাকে নিমন্ত্রণ করেছিলেন তাঁরা আমাকে ভরসা দিয়েছিলেন যে, তাঁরা আমার কাছ থেকে বক্তৃতা চান না, আমাকেই চান। দেশের দিক থেকেও কোনো অহুরোধ নিয়ে আসি নি, কেবল জাহাজে ওঠবার আগে একটি वांक्रांनी त्यरप्रत्र ि ठि लिखि हिन्य, तम देख्ह क्रानिखि हिन व्यापि यन जापाति निथि। তার পরে ভেদে পড়লুম সমৃদ্রে। মন অনেকদিন এমন মৃক্তি পায় নি। সামনে পিছনে কর্তব্যের তাগিদ নেই, আশেপাশেও তথৈবচ। বহুকাল পুর্বে, তথন বয়স অল্প, ঘরে কিম্বা বাইরে থাতির করবার লোক নেই,— লেখা আরম্ভ করেছি কিছ সে লেখা দূরে পৌছয় নি। আমার কাছে দেশের লোকের বা বিদেশের লোকের কোনো প্রত্যাশা ছিল না। পাঠক জমতে আরম্ভ করে নি তা বলা যায় না, কিন্তু পাঠকমণ্ডলী-নামক প্রকাণ্ড একটি শনিগ্রহ আমার জীবনকে তার উপগ্রহদলে ভরতি করবার জন্মে টান মারে নি। তথন মাসিকপত্র হটি-চারটি, তার মধ্যে যার। প্রবলকণ্ঠশালী তারা ছিল আমার নিয়ত প্রতিকুল। সাপ্তাহিক যে-কয়টি ছিল তারা কেউ আমার প্রতি প্রসন্ন ছিল না। তাই আমার দায়িত্ব ছিল প্রধানত আমার নিজের কাছেই। তথন না ছিলেম অখ্যাত, না ছিলেম বিখ্যাত, ছিলেম প্রত্যাখ্যাত। তথন বাংলাদেশের নির্জন নদীর চরে ছিল আমার যাওয়া-আসা। সম্পূর্ণ নিজের মনেই লিখে যেতুম, শোনবার লোক কেউ ছিল না ত। নয়, ছিল ঘটি-চারিটি। আমার মন ছিল পাথি; তার না ছিল থাঁচা, না ছিল পায়ে শিকল,— না ছিল তার 'পরে শৌখিনের দাবি, না ছিল তার জ্বন্যে প্রশংসার বাঁধা খোরাক। তার পর চল্লিশ বছর হয়ে গেল। এবার চলল সমুদ্রযাত্রা স্থদীর্ঘ; পরিচিত সঙ্গী কেবলমাত্র একজন, এল্ম্হর্স্ট, বাংলাভাষায় ভার কান ছিল না। ডাঙার কোলাহল বহুদ্রে। তার উপর শরীর হল অস্থ র, তাতে ক'রেও সংসারের দায়িত্ব আরো অনেক দূরে দিলে সরিয়ে। বছবৎসর পরে তাই ছুটি পাওয়া গেল, অল্পবয়সের হালকা জীবনের ছুটি। অমনি কলম আপনি ছুটল কবিতার চেনা রান্তায়। ক্যাবিনে বসেও কবিতা লেখা চলে, এইবারে তার প্রথম আবিষ্কার। ক্যাবিনের খাঁচা বাইরের খাঁচা, সেটা ভূলতে বেশিক্ষণ লাগে না যদি মনের মধ্যে পর্দা উঠে যায়, যদি ছুটির আকাশ থেকে হছ করে হাওয়া ছুটে আনে। সেদিন শুধু কাব্য লিখি নি, গগুও লিখেছি; সেই কবিতা আর গগু ছিল ভাইবোন, সংগাতা।

এইবারে সেই ছুটি ঠিক মিলল না। মন ডানা নড়াতে গিয়ে দেখে ডানার উপরে কর্তব্যের ফরমাশ গট হয়ে চেপে ব'সে; মনের আপন থেয়ালের জায়গা খুব সংকীণ। দূর হ'কগে— বোঝাটাকে নিয়ে দেশদেশান্তরে আর বয়ে বেড়াতে পারি নে। কাল ডেকের উপর কেদারায় বসে মনে-মনে বলল্ম, বিশ্বের কাছে আমার দায়িত্ব আছে, অন্তত কিছুক্ষণের জন্মে এই কথাটা ভূলব। তাই একটা ছোটো কালো থাতা নিয়ে ঝুঁকে পড়া গেল, গৌড়জনকে নিরবধি মধু থাওয়াব সংকল্প করে নয়, অদৃষ্টের কাছে আজা ছুটির পাওনা দাবি করতে পারি এইটি প্রমাণ করবার জন্মে।

তার পরে সন্ধে হয়ে এল। দূরে দেখা যায় তটরেখা, নীল পাহাড় ঝাপসা হয়ে এসেছে। হাওয়া উঠেছে, সমৃদ্রে দিয়েছে ঢেউ। ডেকের উপর আলো জ্ঞলল। আবার একবার কলম হাতে খাতা খুললুম।

—বিচিত্রা, ১৩৩৪ মাঘ

তে হি নো দিবসাঃ

অপরাহ্নে আর-একটা কবিতা লিখে বদেছি। কর্তব্য হাতে না থাকলে অকাজের প্রাত্র্ভাব কি-রক্ষ প্রবল হয় তারই এটা প্রমাণ। ওয়ার্ডস্ওয়ার্থ্যখন কর্তব্য সম্বন্ধে ওড্লিখেছিলেন তথন তাঁকে যদি মূলোর চাষ করতে হত, তা-হলে অতবড়ো তুর্ঘটনা ঘটত না। পোড়ো বাড়িতেই ভূতে বাসা করে।

—বিচিত্রা, ১৩৩৪ ফাল্কন

প্রসঙ্গতঃ ইহা উল্লেখযোগ্য যে, পরিশেষের 'হুয়ার' কবিতাটির শ্লোকচারিট বিশ্ব-ভারতী বিভাভবনে চারিটি দ্বারের উদ্দেশে রচিত হইয়া দ্বারগুলির শীর্ষফলকে অন্ধিত হইয়াছে।

সংযোজন

পরিশেষ প্রকাশের বংসরে (১৩০৯) ও তংপুর্বে রচিত রবীন্দ্রনাথের যে-সকল কবিতা বনবাণী বা পরিশেষে সংকলিত হইতে পারিত অথচ কোনো কবিতাগ্রন্থে প্রকাশিত হয় নাই, তাহাদের কতকগুলি পঞ্চদশথত রচনাবলীর সংযোজন-বিভাগে মুক্তিত হইয়াছে। পরিশেষ গ্রন্থের কবিতাগুলির ভাবান্থ্যক বিচারে অব্যবহিত পরবর্তী কালের কয়েকটি রচনাও এই অংশে সংকলিত হইয়াছে। একই কারণে

'পশ্চিমযাত্রীর ডায়ারি' হইতে 'লক্ষ্যশৃত্য' এবং 'জাভাযাত্রীর পত্র' হইতে 'ন্তন কাল' কবিতাহটিও মৃক্রিত হইল।

সাময়িক পত্র হইতে সংকলিত কবিতার তালিকা পত্রিকার নাম ও প্রকাশকাল সহ নিমে মৃত্রিত হইল:

> প্রাচী প্রাচী, ১৩৩০ আষাঢ় আশীর্বাদ (পৃ. ২৯১) প্রবাসী, ১৩৪৮ প্রাবণ षानीर्वाम (পृ. २२२) বিচিত্রা, ১৩৩৫ শ্রাবণ প্ৰবাদী ' প্রবাদী, ১৩৩৩ বৈশাখ প্রবাসী, ১৩৩৪ বৈশাখ বুদ্ধজন্মোৎসব প্রবাদী, ১৩৩৪ জৈছি, পৃ. ১৫৭ প্রথম পাতায়ত करल्लान, ১००६ देवनाथ নৃতন শুক্সারী উত্তরা, ১৩৩৮ আশ্বিন বিচিত্রা, ১৩৩৫ আষাঢ় স্বসময় পরিণয়মঙ্গল वििंखा, ১००८ टेंग्ब বঙ্গলক্ষী, ১৩৩৪ বৈশাখ **गृ**श्लची রঙিন বিচিত্রা, ১৩৩৮ বৈশাথ আশীর্বাদী উপাসনা, ১৩৩৮ আশ্বিন বিচিত্রা, ১৩৩৯ বৈশাখ বসস্ত-উৎসব প্রবাদী, ১৩৩৯ অগ্রহায়ণ আশীর্বাদ (পৃ. ৩০৮) -আশীর্বাদ (পৃ. ৩০৯) -বিচিত্রা, ১৩৩৯ মাঘ উত্তিষ্ঠত নিবোধত -প্রবাসী, ১৩৪৮ মাঘ বিচিত্রা, ১৩৪০ ভাস্ত প্রার্থনা উত্তরা, ১৩৪১ আখিন অতুলপ্রসাদ সেন

'জীবনমরণ' কবিতাটি পাণ্ডুলিপি হইতে গৃহীত হইয়াছে; ১৩৪৮, আশ্বিনের মেঘনা পত্রিকায় কবিতাটি 'বদন্ত' নামে প্রকাশিত হয়, দেখানে উহার তারিথ— দোলপুর্ণিমা ১৩৩৪। 'জীবনমরণ'ও 'স্থসময়' কবিতাছটির পাণ্ডুলিপিতে প্রাপ্ত পূর্ব পাঠ নিমে মুদ্রিত হইল:

को वनभग्र १

জীবনের মরণের বাজায়ে মন্দির। বসস্ত নাচিয়া চলে চরণ চঞ্চল। মাটির বন্দিনী ধরা তাই তো অধীরা সাথে চলে যেতে চায় ছি ডিয়া শৃঞ্জল।

- ১ প্রবাদী পত্রিকার পঁচিশবংসর-পূর্তি উপলক্ষে আশীর্বাণী।
- ২ জ্রন্টব্য : বিভীন্ন সংস্করণ নটীর পূজা, পৃ. ৫৬।
- ত 'ছোটো একটি মেরেকে লেখা' করেকটি পত্রের সহিত প্রকাশিত।

আজি হেরো করে কোলাকুলি

এক দোলে দোঁহে দোলাত্তলি

জীর্ণ পাতা কিশলয় কচি,

আজি হেরো শিরীষের বনে

নৃতনের সাথে পুরাতনে

উৎসবের ডালি দেয় রচি।

বিদায় টেনেছে মিড় মিলনের তারে,
আনন্দের স্থরে লাগে মৃষ্টিত মূর্চনা।

যুগল কপোতকঠে করুণা সঞ্চারে

ছায়াতলে বনলন্দ্রী উৎস্থক উন্মনা।

মোর প্রাণে যাওয়া আর আদা

একস্থরে থোঁজে দোহে ভাষা,

একতালে দোলে কার্নাহাসি।

যে আছে যে নাই দোহে মিলি

মোর ভাবনায় নিরিবিলি

বাজাইছে ফাল্কনের বাঁশি।

७ स्वा ३७७४

কুসময়

'দাও লেখা দাও' দেয় কত জন তাড়া, চারদিকে চাই, না পাই বাণীর সাড়া। চায় ষবে কেউ অমনি ধরাই পড়ে নই তো সে-জন লেখন যে-জন গড়ে— লক্ষীছাড়ার মিথ্যে ত্য়ার নাড়া।

চাবার মাত্রুষ চায় না যখন কেহ
'তীখন কথার লিখন ভিক্ষা দেহো',
হাটের পথিক নাই ষবে কেউ বাকি,
একলা শাখায় বউ-কথা-কও পাখি,
হরিণশিশুর নাই মনে সন্দেহ,—

ক্লান্ত সমীর শান্ত কোমল শ্বাদে
অক্ট স্থর জাগার যথন ঘাদে,—
তথন হঠাৎ আলগা হয়ার খোলা,—
স্থানমগন-নয়ন, আপন-ভোলা
লেখক যে-জন বাহির-ভূবনে আনে।

ষধন-তথন লুকিয়ে তাহার আসা, প্রদোধ-আলোয় পথহারা তার বাসা। বক্ষে তাহার যে-পুষ্পহার দোলে নাই জানা নাই কোথায় সে-ফুল তোলে,— চক্ষে তাহার কোন্ ইশারার ভাষা।

বৈশাখী ঝড় যতই আঘাত হানে
সন্ধ্যাসোনার ভাগুারন্বার-পানে,
মেঘের উপর যতই দারুণ দাবি,
কুষ্ঠিত মেঘ হারায় সোনার চাবি,
গগন আপন অবগুঠন টানে।

তার পরে যেই শিউলিফুলের বাসে
শরৎলক্ষী শুভ্র আলোয় ভাসে,
নদীর ধারায় নাই মিছে মন্ততা,
কুন্দকলির স্নিশ্ধ শীতল কথা,
আকাশ সে কোন্ স্বপন-আভায় হাসে,—

শিশির যথন বেণুর পাতার আগে
রবির প্রসাদ নীরব চাওয়ায় মাগে,
সবুজ খেতের নবীন ধানের শিষে
তেউ খেলে যায় আলোক ছায়ায় মিশে,
গগনসীমায় কাশের কাঁপন লাগে—

হঠাৎ তথন স্থ-ডোবার কালে
দীপ্তি জাগায় দিক্ললনার ভালে।
মেঘ হেঁড়ে তার পর্দা আঁধার কালো,
কোথায় দে পায় স্বর্গলোকের আলো,
পরম আশার চরম প্রদীপ জালে।

३৮ टेब्सार्घ ३७७८

পুর্বোদ্ধত 'স্থসময়' কবিতার প্রথম চারটি শ্লোকের পরিবর্তিত স্বতন্ত্ররূপ পাণ্ডুলিপির অম্মত্র স্বাধীন কবিতার আকারে পাওয়া গিয়াছে, নিমে মৃদ্রিত হইল:

'লিখন দেহাে, লিখন দেহাে' ডাকে,

খুঁজে না পাই বাণী কোথায় থাকে।

চায় কেহ যেই তথন ধরা পড়ে

নই আমি সেই লেখা যে-জন গড়ে,
লেখনী মােহ্ৰ নাইকাে যখন কেহ,
বলে না কেউ 'লিখন দেহাে দেহাে',

তখন দেখি মনের হয়ার খোলা,
স্থান-লাগা নয়ন ভাবে ভোলা
লেখক আসে অভয় অসন্দেহ।
হঠাং তাহার গোপন যাওয়া আসা,—
কোন্ গভীরে অজানা তার বাসা।

বক্ষে তাহার ফেন্ ব্লারার ভাষা।

'লক্ষ্যশৃত্য' ও 'ন্তনকাল' কবিতাত্টির স্থচনাম্বরূপ রবীন্দ্রনাথ যাহা লিখিয়াছেন, 'যাত্রী'' গ্রন্থ হইতে তাহা যথাক্রমে অংশতঃ উদ্ধৃত হইল। পরপৃষ্ঠা দ্রষ্টব্য।

'ঘাত্রী' গ্রন্থের অঙ্গীভূত 'পশ্চিম-বাত্রীর ডায়ারি' ও 'জান্ডা-ঘাত্রীর পত্র'— রবীক্রশতবর্ষপূর্তি উপলক্ষে 'বিদ্যাত্রী রবীক্রনার্থ' গ্রন্থমালার স্বভন্ত চুইটি গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছে।

গ্রন্থপরিচয়

नका गुरु

সিদ্ধি, যাকে ইংব্লেজিতে বলে সাক্সেস, তার বাহন যত দৌড়ে চলে ততই ফল পায়। যুরোপের দেশে দেশে রাষ্ট্রনীতির যুদ্ধনীতির বাণিজ্ঞ্যনীতির তুম্ল ঘোড়দৌড় চলছে ব্দলে স্থলে আকাশে। সেথানে বাহ্ন প্রয়োজনের গরজ অত্যন্ত বেশি হয়ে উঠল, তাই মহ্মগ্রবের ডাক শুনে কেউ সৰ্র করতে পারছে না। বীভৎস সর্বভূক পেটুকতার উভোগে পলিটিক্স্ নিয়ত ব্যন্ত। তার গাঁঠকাটা ব্যবসায়ের পরিধি পৃথিবীময় ছড়িয়ে পুর্বকালে যুদ্ধবিগ্রহের পদ্ধতিতে ধর্মবৃদ্ধি যেথানে মাঝে-মাঝে বাধা খাড়া করে রেখেছিল, ডিপ্লমাদি দেখানে আজ লাফমারা hurdle race খেলে চলেছে। সব্র সম না যে। বিষবায়্বাণ যুদ্ধের অন্তর্রূপে যথন এক পক্ষ ব্যবহার করলে তথন অক্স পক্ষ ধর্মবৃদ্ধির দোহাই পাড়লে। আজ সকল পক্ষই বিষের সন্ধানে উঠে পড়ে লেগেছে। যুদ্ধকালে নিরন্ত্র পুরবাসীদের প্রতি আকাশ থেকে অগ্নিবাণবর্ষণ নিয়ে প্রথমে শোনা গেল ধর্মবৃদ্ধির নিন্দাবাণী। আজ দেখি ধার্মিকেরা স্বয়ং সামান্ত কারণে পল্লিবাসীদের প্রতি কথায়-কথায় পাপবজ্ঞ সন্ধান করছে। গত যুদ্ধের সময় শত্রুর সম্বন্ধে নানা উপায়ে সজ্ঞানে সচেষ্টভাবে সত্যগোপন ও মিথ্যাপ্রচারের শয়তানী অস্ত্র ব্যবহার প্রকাণ্ডভাবে চলল। যুদ্ধ থেমেছে কিন্তু সেই শয়তানি আজও থামে নি। এমন-কি, অক্ষম ভারতবর্ধকেও প্রবলের প্রপাগাণ্ডা রেয়াত করে না। এই-সব নীতি হচ্ছে সৰ্র-না-করা নীতি- এরা হল পাপের ক্রত চাল, — এরা প্রতি পদেই বাহিরে জিতছে বটে কিন্তু সে জিত অন্তরের মাতুষকে হারিয়ে দিয়ে। মাতুষ আজ নিজের মাথা থেকে জয়মাল্য খুলে নিয়ে কলের গলায় পরিয়ে দিলে। রসাতল থেকে দানব বলছে 'বাহবা'। —পশ্চিম্যাত্রীর ভায়ারি। ৭ ফেব্রুয়ারি ১৯২৫

নৃতন কাল

 হচ্ছে নিজের শক্তি সম্বন্ধে বৈরাগ্য, নিজের 'পরে দাবি যতদ্র সম্ভব কমিয়ে দেওয়া।
দাবি স্বীকার করায় হৃঃথ আছে, বিপদ আছে, অতএব— বৈরাগ্যমেবাভয়ং, অর্থাৎ
বৈনাশ্যমেবাভয়ং।

অথানে অন্ত্যেষ্টি ক্রিয়ায় এত অসম্ভব-রক্ষ ব্যয় হয় যে স্থার্ঘকাল লাগে তার

আয়োজনে— যম আপন কাজ সংক্ষেপে ও সন্তায় সারেন কিন্তু নিয়ম চলে অতি

লম্বা ও ত্র্ন্ল্য চালে। এখানে অতীতকালের অন্ত্যেষ্টি ক্রিয়া চলেছে বছকাল ধ'রে,

বর্তমানকালকে আপন সর্বস্থ দিতে হচ্ছে তার ব্যয় বহন করবার জন্মে।

এখানে এসে বারবার আমার এই কথা মনে হয়েছে যে, অতীতকাল যত বড়ো কালই হ'ক নিজের সম্বন্ধে বর্তমান কালের একটা স্পর্ধা থাকা উচিত, মনে থাকা উচিত তার মধ্যে জয় করবার শক্তি আছে। এই ভাবটাকে আমি একটি ছোটো কবিতায় লিথেছি…

—জাভাযাত্রীর পত্র। ৩০ অগস্১৯২৭

'উত্তিষ্ঠত নিবোধত' কবিতাটির ব্যাখ্যাম্বরূপ রবীন্দ্রনাথ শ্রীমতী রমা দেবীকে নিয়-মৃক্রিত পত্রটি (১৫ জ্যৈষ্ঠ ১৩৪০) লিথিয়াছিলেন:

ষে-আশীর্বাদ তোমাকে পাঠালুম এথনি তার সম্পূর্ণ অর্থ ব্রুতে পারবে না, তাতে ক্ষতি নেই, রইল তোমার কাছে। এর মধ্যে যে-কথাটি আছে সংক্ষেপে তার অর্থ এই, ঈশ্বরের কাছ থেকে দানরূপে পেয়েছি আমাদের এই জীবন, একে যদি হেলা করে নষ্ট না করি, নিজের চেষ্টায় একে যদি ভালো করতে পারি, স্থানর করতে পারি, তা হলেই এই দান সার্থক হবে— নইলে এত বড়ো ঐশ্বর্য পেয়েও হারানো হবে। 'উত্তিষ্ঠত নিবোধত' এই মন্ত্রের অর্থ এই— 'ওঠো, জাগো'। জীবনকে সত্য করে তুলতে হলে সচেতন থেকে তার সাধনা করতে হয়।

'প্রবাসী' কবিতাটিকে ভাঙিয়া পরবর্তীকালে রবীক্রনাথ স্বতন্ত্র হুটি গান রচনা করিয়াছিলেন; প্রথম সংস্করণ গীতবিতানের তৃতীয় থতে 'পরবাসী চলে এসো ঘরে' (পৃ. ৭৯০) এবং 'এসো এসো প্রাণের উৎসবে' (পৃ. ৮৪৪) গানহটি ফ্রষ্টব্য।

'ন্তন' কবিতাটিরও একটি পরিবর্তিত সংগীতরূপ প্রথম সংস্করণ গীতবিতানে (পৃ. ৮৪৪) পাওয়া যায়। গানটির প্রথম ছত্র— 'দূর রক্ষনীর স্বপন লাগে'। উল্লিখিত গানগুলি অধুনাপ্রচলিত গীতবিতানের বিভিন্ন সংশে পাওয়া যাইবে।

বসস্ত

বসস্ত ১৩২৯ সালের (১৯২৩) ফান্ধন মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। পরে উহা 'ঋতু-উৎসব' গ্রন্থে (১৩৩৩) সংকলিত হইয়াছে।

'গানগুলি মোর শৈবালেরি দল' গানটি ঋতু-উৎসবের পাঠে বজিত হইয়া থাকিলেও ১৩২৯ সালের পাঠ অনুযায়ী রচনাবলী-সংস্করণ বদস্ত গ্রন্থে যথাস্থানে মৃত্রিত হইল। বলাকার ৮৫ সংখ্যক কবিতার সহিত গানটি তুলনীয়।

त्रक्रकत्रवी

রক্তকরবী ১৩৩৩ সালে [১৯২৬ ডিসেম্বর] গ্রন্থাকারে প্রকাশিত হয়। ১৩৩০ সালের গ্রীম্মাবকাশে শিলঙ-বাসকালে রবীদ্রনাথ নাটকটি 'ঘক্ষপুরী' নামে প্রথম রচনা করেন। পাণ্ডুলিপি আকারেই পরে ইহার নাম দিয়াছিলেন 'নন্দিনী'। ১৩৩১ সালের আম্বিন মাসের প্রবাসীতে সংশোধিত বর্তমান আকারে নাটকটি 'রক্তকরবী' নামে সম্পূর্ণ মৃদ্রিত হইয়াছিল। কালামুক্তম অমুসারে রচনাবলীতে রক্তকরবী বসস্তের পরেই মৃদ্রিত হইল।

বর্তমান সংস্করণের 'নাট্যপরিচয়' অংশ রবীক্সভবনে রক্ষিত রক্তকরবীর পাণ্ড্লিপি হইতে গৃহীত হইয়াছে। প্রচলিত সংস্করণ রক্তকরবীর 'প্রস্তাবনা' ১৩৩১ সালে লিখিত কবির একটি 'অভিভাষণ'। শিমে উহা মৃদ্রিত হইল:

"আজ আপনাদের বারোয়ারি-সভায় আমার 'নিদিনী'র পালা অভিনয়। প্রায় কখনো ডাক পড়ে না, এবারে কৌতৃহল হয়েছে। ভয় হচ্ছে, পালা সাক্ষ হলে ভিথ মিলবে না, কুন্তা লেলিয়ে দেবেন। তারা পালাটাকে ছিঁড়ে কুটিকুটি করবার চেষ্টা করবে। এক ভরসা, কোথাও দস্তক্ত করতে পারবে না।

আপনারা প্রবীণ। চশমা বাগিয়ে পালাটার ভিতর থেকে একটা গৃঢ় অর্থ খুঁটিয়ে বের করবার চেষ্টা করবেন। আমার নিবেদন, যেটা গৃঢ় তাকে প্রকাশ্য করলেই তার সার্থকতা চলে যায়। হৃৎপিগুটা পাঁজরের আড়ালে থেকেই কাজ করে। তাকে

- अहेवा : त्रवीख-त्रह्मावनी, बापन थेक शृ ७८।
- २ अष्टेवा: धारामी, ১७७२ देवनाथ- 'ब्रक्टक्तवी'।

বের ক'রে তার কার্যপ্রণালী তদারক করতে গেলে কাজ বন্ধ হয়ে যাবে। দশম্ও বিশহাতওয়ালা রাবণের স্বর্ণলন্ধায় সামান্ত একটা বন্ত বানর লেজে ক'রে আগুন লাগায়, এই কাহিনীটি যদি কবিগুরু আজ আপনাদের এই সভায় উপস্থিত করতেন তা হলে তার গৃঢ় অর্থ নিয়ে আপনাদের চন্তীমগুপে একটা কলরব উঠত। সন্দেহ করতেন কোনো-একটা স্প্রতিষ্ঠিত বিধিব্যবস্থাকে বৃঝি বিদ্রেপ করা হচ্ছে। অথচ শত বছর ধরে স্বভাবদন্ধি লোকেরাও রামায়ণের প্রকাশ্তে যে-রস আছে তাই ভোগ করে এলেন— গোপনে যে-অর্থ আছে তার ঝুঁটি ধরে টানাটানি করলেন না।

আমার পালায় একটি রাজা আছে। আধুনিক যুগে তার একটার বেশি মৃগু ও তুটোর বেশি হাত দিতে দাহদ হল না। আদিকবির মতো ভরদা থাকলে দিতেম। বৈজ্ঞানিক শক্তিতে মাহুষের হাত পা মৃগু অদৃশুভাবে বেড়ে গেছে। আমার পালার রাজা যে দেই শক্তিবাছলাের যােগেই গ্রহণ করেন, গ্রাদ করেন, নাটকে এমন আভাদ আছে। ত্রেতাযুগের বহুদংগ্রহী বছগ্রাদী রাবণ বিহাৎবক্সধারী দেবতাদের আপন প্রাদাদধারে শৃশ্বলিত ক'রে তাদের ঘারা কাজ আদায় করত। তার প্রতাপ চিরদিনই অক্ষ্ম থাকতে পারত। কিছু তার দেবলােহী দমৃদ্ধির মাঝখানে হঠাৎ একটি মানবক্সা এদে দাঁড়ালেন, অম্নি ধর্ম জেগে উঠলেন। মৃঢ় নিরস্ত্র বানরকে দিয়ে তিনি রাক্ষদকে পরাস্ত করলেন। আমার নাটকে ঠিক এমনটি ঘটে নি কিছু এর মধ্যেও মানবক্সার আবির্ভাব আছে। তা ছাড়া কলিযুগের রাক্ষদের সকে কলিযুগের বানরের যুদ্ধ ঘটবে, এমনও একটা স্থচনা আছে।

আদিকবির সাতকাণ্ডে স্থানাভাব ছিল না, এই কারণে লক্ষাপুরীতে তিনি রাবণ ও বিভীষণকে স্বতন্ত্র স্থান দিয়েছিলেন। কিন্তু আভাস দিয়েছিলেন যে তারা একই, তারা সহোদর ভাই। একই নীড়ে পাপ ও সেই পাপের মৃত্যুবাণ লালিত হয়েছে। আমার স্থায়তন নাটকে রাবণের বর্তমান প্রতিনিধিটি এক দেহেই রাবণ ও বিভীষণ; সে আপনাকেই আপনি পরাস্ত করে।

বাল্মীকির রামায়ণকে ভক্ত পাঠকেরা সত্যমূলক ব'লে স্বীকার করেন। আমার পালাটিকে থারা শ্রন্ধা ক'রে শুনবেন তাঁরা জানবেন এটিও সত্যমূলক। ঐতিহাসিকের উপরে প্রমাণের ভার দিলে ঠকবেন। এইটুকু বললেই যথেষ্ট হবে যে, কবির জ্ঞান-বিশ্বাস-মতে এটি সত্য।

ঘটনাস্থানটির প্রকৃত নাম নিয়ে ভৌগোলিকদের কাছে মতের ঐক্য প্রত্যাশা করা মিছে। স্বর্ণলঙ্কা-যে সিংহলে তা নিয়েও আজ্ঞ কত কথাই উঠেছে। বস্তুত পৃথিবীর নানা স্থানে নানা স্তরেই স্বর্ণলঙ্কার চিষ্ণ পাওয়া যায়। কবিগুরু যে সেই অনির্দিষ্ট অথচ হুপরিনির্দিষ্ট স্বর্ণলন্ধার সংবাদ পেয়েছিলেন তাতে সন্দেহ নেই। কারণ সে-স্বর্ণলন্ধা যদি থনিজ সোনাতেই বিশেষ একটা স্থানে প্রতিষ্ঠিত থাকত, তা হলে লেজের আগুনে ভন্ম না হয়ে আরও উচ্ছল হয়ে উঠত।

স্বর্ণলন্ধার মতোই আমার পালার ঘটনান্থলের একটি ডাকনাম আছে। তাকে কবি যক্ষপুরী ব'লে জানে। তার কারণ এ নয় যে সেখানে পৌরাণিক কুবেরের স্বর্ণিনিংহাসন। যক্ষের ধন মাটির নীচে পোঁতা আছে। এখানকার রাজা পাঁতালে স্কুড় খোদাই করে সে ধন-হরণে নিযুক্ত। তাই আদর করে এই পুরীকে সমঝদার লোকেরা যক্ষপুরী বলে। লক্ষীপুরী কেন বলে না ? কারণ লক্ষীর ভাগুার বৈকুঠে, যক্ষের ভাগুার পাতালে।

রামায়ণের গল্পের ধারার সব্দে এর যে-একটা মিল দেখছি, তার কারণ এ নয় যে, রামায়ণ থেকে গল্পটি আহরণ করা। আসল কারণ, কবিগুরুই আমার গল্পটিকে ধ্যানযোগে আগে থাকতে হরণ করেছেন। যদি বল প্রমাণ কী, প্রমাণ এই যে, স্বর্ণলন্ধা তাঁর কালে এমন উচ্চ চূড়া নিয়ে প্রকাশমান ছিল, কেউ তা মানবে না। এটা-যে বর্তমান কালেরই, হাজার জায়গায় তার হাজার প্রমাণ প্রত্যক্ষ হয়ে আছে।

ধ্যানের সিঁধ কেটে মহাকবি ভাবীকালের সামগ্রীতে কিরকম কৌশলে হস্তক্ষেপ করতেন তার আর-একটি প্রমাণ দেব।

কর্ষণজীবী এবং আকর্ষণজীবী এই ত্ই-জাতীয় সভ্যতার মধ্যে একটা বিষম দশ্ব আছে, এ সম্বন্ধে বন্ধুমহলে আমি প্রায়ই আলাপ করে থাকি। কৃষিকাজ থেকে হরণের কাজে মাস্থ্যকে টেনে নিয়ে কলিযুগ কৃষিপল্লীকে কেবলই উজাড় করে দিচ্ছে। তাছাড়া শোষণজীবী সভ্যতার ক্ষ্ধাতৃষ্ণা স্বেষহিংসা বিলাসবিভ্রম স্থাশক্ষিত রাক্ষসেরই মতো। আমার ম্থের এই বচনটি কবি তাঁর রূপকের ঝুলিতে ল্কিয়ে আত্মসাৎ করেছেন, সেটা প্রণিধান করলেই বোঝা যায়। নবদ্বাদলখ্যাম রামচন্দ্রের বক্ষসংলগ্ন সীতাকে স্বর্ণপুরীর অধীশ্বর দশানন হরণ করে নিয়েছিল সেটা কি সেকালের কথা, না একালের ? সেটা কি ত্রেতাযুগের ঋষির কথা, না আমার মতো কলিযুগের কবির কথা ? তথনো কি সোনার বনির মালেকরা নবদ্বাদলবিলাসী কৃষকদের ঝুঁটি ধ'রে টান দিয়েছিল ?

আরও একটা কথা মনে রাপতে হবে। ক্নয়ী-যে দানবীয় লোভের টানেই আত্মবিশ্বত হচ্ছে, ত্রেতাযুগে তারই বৃত্তাস্কটি গা-ঢাকা দিয়ে বলবার জক্তেই সোনার মায়াযুগের বর্ণনা আছে। আজকের দিনের রাক্ষসের মায়াযুগের লোভেই তো আজকের দিনের দীতা তার হাতে ধরা পড়ছে; নইলে গ্রামের পঞ্চবটচ্ছায়াশীতল কুটির ছেড়ে চাষীরা টিটাগড়ের চটকলে মরতে আসবে কেন? বাল্মীকির পক্ষে এ-সমস্তই পরবর্তী কালের, অর্থাৎ পরস্থ।

বারোয়ারির প্রবীণমগুলীর কাছে এ-কথা বলে ভালো করলেম না। সীতাচরিত প্রভৃতি পুণ্যকথাসম্বন্ধে তাঁরা আমাকে অপ্রন্ধাবান বলেই সন্দেহ করেন। এটা আমার দোষ নয়, তাঁদেরও দোষ বলতে পারি নে, বিধাতা তাঁদের এই-রকমই বৃদ্ধি দিয়েছেন। বোধ করি সেটা আমার সঙ্গে বারে বারে কৌতৃক করবার জন্মেই। পুণ্যশ্লোক বাল্মীকির প্রতি কলম্ব আরোপ করল্ম বলে পুনর্বার হয়তো তাঁরা আমাকে একঘরে করবার চেষ্টা করবেন। ভরসার কথা আমার দলের লোক আছেন, কৃত্তিবাস নামে আর-এক বাঙালী কবি।

এই প্রসঙ্গে একটা কথা মনে উঠল। আধুনিক সমস্থা বলে কোনো পদার্থ নেই, মাহ্মধের সব গুরুতর সমস্থাই চিরকালের। রত্বাকরের গল্পটার মধ্যে তারই প্রমাণ পাই। রত্বাকর গোড়ায় ছিলেন দস্ত্য, তার পরে দস্ত্যবৃত্তি ছেড়ে ভক্ত হলেন রামের। অর্থাৎ ধর্ষণবিন্থার প্রভাব এড়িয়ে কর্ষণবিন্থায় যখন দীক্ষা নিলেন তখনি স্থানরের আশীর্বাদে তাঁর বীণা বাজ্জল। এই তর্টা তখনকার দিনেও লোকের মনে জেগেছে। এককালে যিনি দস্য ছিলেন তিনিই যখন কবি হলেন, তখনি আরণ্যকদের হাতে স্বর্ণকল্বার পরাভবের বাণী তাঁর কঠে এমন জোরের সঙ্গে বেজেছিল।

হঠাৎ মনে হতে পারে রামায়ণটা রূপক কথা। বিশেষত যথন দেখি রাম রাবণ হই নামের হই বিপরীত অর্থ। রাম হল আরাম, শাস্তি; রাবণ হল চীৎকার, অশাস্তি। একটিতে নবাস্ক্রের মাধুর্য, পল্লবের মর্মর, আর-একটিতে শানবাঁধানো রান্তার উপর দিয়ে দৈতারথের বীভৎদ শৃক্ষধনি। কিন্তু তৎসত্ত্বেও রামায়ণ রূপক নয়, আমার রক্তকরবীর পালাটিও রূপকনাটা নয়। রামায়ণ মৃথ্যত মায়্রের ত্ব্যহুংথ বিরহ্মিলন ভালোমন্দ নিয়ে বিরোধের কথা; মানবের মহিমা উজ্জ্বল করে ধর্বার জন্মেই চিত্রপটে দানবের পটভূমিকা। এই বিরোধ এক দিকে ব্যক্তিগত মায়্র্রের, আরেক দিকে শ্রেণীগত মায়্র্রের; রাম ও রাবণ একদিকে হুই মায়্র্রের ব্যক্তিগত রূপ, আরেক দিকে মায়্র্রের হুই শ্রেণীগত রূপ। আমার নাটকও একই কালে ব্যক্তিগত মায়্র্রের আর মায়্র্রের হুই শ্রেণীগত রূপ। আমার নাটকও একই কালে ব্যক্তিগত মায়্র্রের আর মায়্র্রেগত শ্রেণীর। শ্রোতারা যদি কবির পরামর্শ নিতে অবজ্ঞা না করেন তা হলে আমি বলি শ্রেণীর কথাটা ভূলে বান। এইটি মনে রাখুন, রক্তকরবীর দমন্ত পালাটি নিন্দ্রনী ব'লে একটি মানবীর ছবি। চারিদ্রিকের পীড়নের ভিতর দিয়ে তার আত্মন্তকাশ। ফোয়ারা যেমন সংকীর্ণতার পীড়নে হাসিতে অঞ্জতে কলধ্রনিতে উর্ধে উচ্ছুদিত হয়ে ওঠে, তেমনি। সেই ছবির দিকেই যদি সম্পূর্ণ ক'রে তাকিয়ে

দেখেন তা হলে হয়তো কিছু রস পেতে পারেন। নয়তো রক্তকরবীর পাপড়ির আড়ালে অর্থ খুঁজতে গিয়ে যদি অনর্থ ঘটে তা হলে তার দায় কবির নয়। নাটকের মধ্যেই কবি আভাস দিয়েছে যে, মাটি খুঁড়ে যে-পাতালে খনিজ ধন খোঁজা হয় নন্দিনী সেথানকার নয়,— মাটির উপরিতলে যেখানে প্রাণের যেখানে রূপের নৃত্য, ষেখানে প্রেমের লীলা, নন্দিনী সেই সহজ হথের, সেই সহজ সৌন্দর্যের।"

যাত্রী গ্রন্থে 'পশ্চিমযাত্রীর ডায়ারি' অংশে ২৮ সেপ্টেম্বর ১৯২৪ তারিখে রবীন্দ্রনাথ প্রসঙ্গত রক্তকরবী সম্বন্ধে যাহা আলোচনা করিয়াছেন নিম্নে উদ্ধৃত হইল:

"নারীর ভিতর দিয়ে বিচিত্র রসময় প্রাণের প্রবর্তনা যদি পুরুষের উভমের মধ্যে সঞ্চারিত হবার বাধা পায়, তা হলেই তার স্ষ্টিতে যন্ত্রের প্রাধান্ত ঘটে। তথন মামুষ আপনার স্ষ্ট যন্ত্রের আঘাতে কেবলই পীড়া দেয়, পীড়িত হয়।

এই ভাবটা আমার রক্তকরবী নাটকের মধ্যে প্রকাশ পেয়েছে। ষক্ষপুরে পূরুষের প্রবল শক্তি মাটির তলা থেকে সোনার সম্পদ ছিন্ন করে করে আনছে। নিষ্ঠুর সংগ্রহের লুদ্ধ চেষ্টার তাড়নায় প্রাণের মাধুর্য সেখান থেকে নির্বাসিত। সেখানে জটিলতার জালে আপনাকে আপনি জড়িত করে মাস্থ্য বিশ্ব থেকে বিচ্ছিন্ন। তাই সে ভূলেছে, সোনার চেয়ে আনন্দের দাম বেশি; ভূলেছে, প্রতাপের মধ্যে পূর্ণতা নেই, প্রেমের মধ্যেই পূর্ণতা। সেখানে মাস্থ্যকে দাস করে রাখবার প্রকাণ্ড আয়োজনে মান্থ্য নিজেকেই নিজে বন্দী করেছে।

এমন সময়ে সেখানে নারী এল, নন্দিনী এল; প্রাণের বেগ এসে পড়ল যন্ত্রের উপর, প্রেমের আবেগ আঘাত করতে লাগল লুক ছেশ্চেষ্টার বন্ধনজালকে। তথন সেই নারীশক্তির নিগৃঢ় প্রবর্তনায় কী করে পুরুষ নিজের রচিত কারাগারকে ভেঙে ফেলে প্রাণের প্রবাহকে বাধাম্ক্ত করবার চেষ্টায় প্রবৃত্ত হল, এই নাটকে তাই বর্ণিত আছে।"

গল্প গ্রহ

গলগুচ্ছ মজুমদার এজেন্দি হইতে গ্রন্থাকারে তুই খণ্ডে প্রথম প্রকাশিত হয়। প্রথম খণ্ডের প্রকাশকাল ১ আখিন ২৩০৭; দ্বিতীয় খণ্ড প্রকাশিত হয় ১৯০১ খ্রীষ্টাব্দে।

বর্তমান থগু রচনাবলীতে প্রকাশিত 'গিন্নি' গল্পটি অক্সান্ত কয়েকটি গল্পের সহিত প্রথম গল্পগ্রেছে বাদ পড়ে, যদিও রবীক্রনাথের প্রথম গল্পসংগ্রহ 'ছোট গল্প' (১৫ ফান্ধন ১৩০০) বইটিতে উহা ইতিপুর্বেই মুক্তিত হইয়াছিল। ১৯০৮-১৯০৯ গ্রীষ্টাবেদ পাঁচ ভাগে প্রকাশিত ইপ্তিয়ান প্রেসের গল্পগুচ্ছেও উহা বর্জিত ছিল। বিশ্বভারতী সংস্করণ গল্পগুচ্ছের (প্রাবণ ১৩৩৩) প্রথম খণ্ডে গল্পটি পুনরায় সন্নিবিষ্ট হয়।

১৩১৭ সালের ২৮ ভাত্র তারিখে পদ্মিনীমোহন নিয়োগীকে একটি পত্তে ' রবীক্রনাথ লিথিয়াছেন :

"সাধনা বাহির হইবার পূর্বেই হিতবাদী কাগজের জন্ম হয়।' · · · দেই পত্তে প্রতি সপ্তাহেই আমি ছোটো গল্প, সমালোচনা ও সাহিত্যপ্রবন্ধ লিখিতাম। আমার ছোটো গল্প লেখার স্ত্রেপাত ওইখানেই। ছয় সপ্তাহকাল লিখিয়াছিলাম।"

বর্তমান খণ্ড রচনাবলীতে মৃদ্রিত গল্প ছয়টি হিতবাদীতে সম্ভবতঃ প্রথম ছয় সপ্তাহে বাহির হয়।

পোস্টমাস্টার গল্পটি সম্পর্কে সাজাদপুর হইতে ২৯ জুন ১৮৯২ তারিখে লেখা একটি পত্র 'ছিন্নপত্র' হইতে অংশতঃ উদ্ধৃত হইল:

"কালকের চিঠিতে লিথেছিলুম আজ অপরাহ্ন সাতটার সময় কবি কালিদাসের সঙ্গে একটা এন্গেজ্মেন্ট্ করা যাবে। বাতিটি জালিয়ে টেবিলের কাছে কেদারাটি টেনে বইপানি হাতে যথন বেশ প্রস্তুত হয়ে বসেছি হেনকালে কবি কালিদাসের পরিবর্তে এথানকার পোর্টমাস্টার এনে উপস্থিত। এই লোকটির সঙ্গে আমার একটু বিশেষ যোগ আছে। যথন আমাদের এই কুঠিবাড়ির একতলাতেই পোর্ট অপিসছিল এবং আমি একদিন ছপুরবেলায় এই দোতলায় বসে সেই পোর্টমাস্টারের গল্পটি লিথেছিলুম এবং সে গল্লটি যথন হিতবাদীতে বেরোল, তথন আমাদের পোর্টমাস্টারবার তার উল্লেখ ক'রে বিন্তর লক্ষামিশ্রিত হাস্ত বিন্তার করেছিলেন। যাই হ'ক, এই লোকটিকে আমার বেশ লাগে। বেশ নানা-রকম গল্প করে যান, আমি চুপ করে বসে গুনি। ওরই মধ্যে ওঁর আবার বেশ-একটু হাস্তরসও আছে।"

এই প্রদক্ষে ছিন্নপত্তের সাজাদপুর হইতে লেখা ফেব্রুয়ারি ১৮৯১ তারিখের চিঠিটিও দ্রষ্টব্য।

১ जहेग: धनामी ১७৪৮ कार्जिक।

২ ১৮৯১ খ্রীষ্টান্দের মে মাসের শেষ হইতে কৃষ্ণক্ষল ভট্টাচার্ষের সম্পাদনার 'হিতবাদী'-নামক সাপ্তাহিক পত্তের প্রকাশ স্থায়ন্ত হয়।

'গিম্নি' গল্পের শিবনাথ পণ্ডিভের সহিত 'জীবনশ্বতি'তে বর্ণিত 'নর্মাল স্কুল'এর জানৈক শিক্ষকের নিম্নোদ্ধত চিত্রটি তুলনীয়:

"ক্রমশ নর্মাল স্থ্লের স্থৃতিটা যেথানে ঝাপদা অবস্থা পার হইয়া ক্ট্তর হইয়া উঠিয়াছে দেখানে কোনো অংশেই তাহা লেশমাত্র মধ্র নহে। । । শিক্ষকদের মধ্যে একজনের কথা আমার মনে আছে, তিনি এমন কুৎদিত ভাষা ব্যবহার করিতেন যে, তাঁহার প্রতি অপ্রক্ষাবশত তাঁহার কোনো প্রশ্নেরই উত্তর করিতাম না। সম্বংসর তাঁহার ক্লাদে আমি সকল ছাত্রের শেষে নীরবে বিদয়া থাকিতাম। যথন পড়া চলিত তথন সেই অবকাশে পৃথিবীর অনেক ত্রুহ সমস্থার মীমাংসাচেষ্টা করিতাম। একটা সমস্থার কথা মনে আছে। অস্ত্রহীন হইয়াও শক্রকে কী করিলে যুদ্ধে হারানো যাইতে পারে, সেটা আমার গভীর চিস্তার বিষয় ছিল। ওই ক্লাদের পড়ান্ডনার গুঞ্জনধ্বনির মধ্যে বিষয়া ওই কথাটা মনে-মনে আলোচনা করিতাম, তাহা আজও আমার মনে আছে।"

হিতবাদী পত্রিকার তৃষ্পাপ্যতা-বশতঃ রচনাবলীর বর্তমান থণ্ডে মৃদ্রিত গল্পগুলির পাঠ প্রথম গল্পসংগ্রহ 'ছোট গল্প' ও গল্পগুচ্ছের পূর্বসংস্করণগুলির সাহায্যে সংশোধিত হইয়াছে।

শান্তিনিকেতন

শান্তিনিকেতন ১৯০৯ হইতে ১৯১৬ সালের মধ্যে বিভিন্ন সময়ে ছোটো ছোটো ছোটো পুতিকার আকারে সতেরো খণ্ডে প্রকাশিত হয়। ১৩১৫ সালের অগ্রহায়ণ হইতে ১৩২১ সালের মাঘ পর্যন্ত শান্তিনিকেতনের মন্দিরে ও অক্তত্র নানা অমুষ্ঠানে রবীন্দ্রনাথ যে-সকল উপদেশ দিয়াছিলেন, তাহার অধিকাংশই এই সতেরো খণ্ডে সংগৃহীত হইয়াছিল।

রবীন্দ্রনাথ কর্তত 'সংশোধিত ও নির্বাচিত' যে বিশ্বভারতীসংস্করণ শাস্তিনিকেতন ১৩৪১-৪২ সালে ত্ই থণ্ডে প্রকাশিত হয়, তাহাতে অক্যান্ত থণ্ডের কয়েকটি উপদেশের সহিত একাদশ ও দ্বাদশ থণ্ডের 'ত্র্লভ', 'মাতৃপ্রাদ্ধ', 'সামঞ্জন্ত'—এই তিনটি সম্পূর্ণ ব্যাখ্যান এবং 'জাগরণ'-এর শেষার্ধ বর্জিত হইয়াছে।

রবীক্র-রচনাবলীর বর্তমান খণ্ডে একাদশ [অক্টোবর ১৯১০] ও দাদশ [জাত্ময়ারি ১৯১১] খণ্ড শাস্তিনিকেতন প্রথম সংস্করণ অন্মুসারে যথাক্রমে মুদ্রিত হইল।

त्रवौख-त्रव्यावनी

नः वाजन : अञ्**लित्र**हत्र, लक्ष्म्भ वश्

মহুয়ার প্রথম সংস্করণে 'দবলা' কবিতাটির চতুর্থ ছত্রটি বাদ পড়িয়াছিল। পরবর্তী কালে শ্বতি হইতে সংশোধন করিবার সময় রবীন্দ্রনাথ শ্রীপুলিনবিহারী সেনকে ২৭ অক্টোবর ১৯৩৯ তারিখের একটি পত্রে সম্পূর্ণ এক নৃতন পংক্তি লিখিয়া পাঠান:

মহুয়াতে 'দবলা' বলে যে কবিতাটি আছে, তাতে একটা লাইন ছুট হয়েছে—

নারীকে আপন ভাগ্য জয় করিবার

কেন নাহি দিবে অধিকার

হে বিধাতঃ,

সংকোচের দৈয়জাল কেন তুমি পাতো—

এই শেষের লাইনটা পড়ে গিয়েছে— এই লাইনটাকে উদ্ধার কোরো। পরের লাইনে আছে—

পথপ্রান্তে কেন র'ব জাগি—

পথপ্রান্তে শব্দের পর সেমিকোলন দেওয়া চলে কিনা ভেবে দেখো— তা হলে মানে হবে সংকোচের জালটা পাতা হচ্ছে চলবার পথে।

বর্ণা হুক্রমিক সূচী

অগোচর	•••	•••	580
অগ্রদ্ত	•••	•••	\$\$8
अरम्	•••	• • •	७२
অজানা ধনির নৃতন মণির	***	•••	95
অজানা জীবন বাহিমু	•••	•••	२५
অতুলপ্রসাদ সেন	•••	. • •	७५२
অ্নতধান	•••	***	> 8
অম্বৰ্হিতা	• • •	• • •	२२१
অন্ধ ভূমিগৰ্ভ হতে শুনেছিলে	• • •	• • •	>>¢
অপ্	* * h	• • •	>৫२
অপরাজিত	•••	• • •	७७
অপূর্ণ		• • •	८७८
অবশেষ	•••	* * *	704
অবাধ	***	•••	585
অব্বা মন	• • •	* * *	२०১
অৰুঝ শিশুর আবছায়া এই	•••	* * *	502
অভাগা যথন বেঁধেছিল তার বাসা	•••		७०৮
. अर्घा		* * *	>0
অর্থ কিছু বৃঝি নাই, কুড়ায়ে পেয়েছি	***	• • •	262
অঞ	•••	•••	> 8
অসমাপ্ত	b # 6		२३
আকাশ, তোমার সহাস উদার দৃষ্টি	• • •		>60
আঁখি চাহে তব মুখ-পানে	• • •	• • •	२७
আগস্কুক	• • •	• • •	२०७
আঘাত	• • •		२७२
আচ্ছাদন হতে	•••	•••	28
আছি	•••	4 * 4	>99
আৰু খেলাভাঙার খেলা খেলবি আয়	• •		७७५

আজ দখিনাবাতাসে	• • •	•••	998
আজ ভাবি মনে-মনে তাহারে কি জানি	• • •	•••	>92
আজি এই মম সকল ব্যাকুল	• • •	• • •	e २ °
আজি এ নিরালা কুঞ্জে, আমার	• • •	• • •	२७
আজি তব জন্মদিনে এই কথা করাব স্মরণ	• • •	• • •	620
অ্বাত্তম্	• • •	• • •	२७७
আপনার কাছ হতে বহুদূরে	• • •	***	268
আবার জাগিমু আমি	* * *	• • •	282
আমরা থেলা থেলেছিলেম	• • •	* 4 *	२३१
আমরা তো আজ্র পুরাতনের কোঠায়	•••	• • •	vo k
আমরা তুজনা স্বর্গ-থেলনা	* * *	• •	90
আমরা বাস্তছাড়ার দল	***	• • •	७२२
আমার ঘরের সম্থেই	• • •	•••	२७०
আমার তরে পথের 'পরে কোথায় তুমি থাক		• • •	78-8
আমার নয়ন তব নয়নের		• • •	78
আমারে সাহস দাও, দাও শক্তি	•••	• • •	78-10
আমি	• • •	• • •	५१२
আমি জানি পুরাতন এই বইখানি		•••	₹8•
আমি যেন গোধুলিগগন		• • •	59
<u>খাম</u> বন	• • •	• • •	>55
আয় আমাদের অঙ্গনে	***	* * *	262
আরেক দিন	***	• • •	२०५
আরো কিছুখন না হয় বসিয়ো পাশে	•••	• • •	20
আলেখ্য	• • •	. • •	, २७৮
আশীর্বাদ	४७, ३३२, २ १	३५, २३२, ४	Dob, 003
व्यानीर्वामः পরিশেষ	•••	• • •	>69
व्यानीर्वामी	• • •	• • •	४२२, ७०६
আশ্রমবালিকা	•••	• • •	/ २२५
আশ্রমস্থা হে শাল, বনস্পতি	• • •	• • •	७•७
আশ্রমের হে বালিকা	* * . *	* * *	, sir

আহ্বান	. 4 .	•••	14, 168
ইরান, তোমার যত ব্লব্ল	• • •	• • •	२४७
ইরাবতীর মোহানামূখে	• •	•••	720
উচ্চ প্রাচীরে কন্ধ তোমার		•••	255
উজ্জীবন	***	a, a:	ob, e32
উত্তরে হুয়ারক্ষ হিমানীর কারাত্র্গতলে		4 • •	005
উত্তিষ্ঠত নিবোধত	• • •	•••	5.
উত্তীর্ণ হয়েছ তুমি ধূর্জটির ক্রোধবহ্নিশিখা		***	675
উৎসর্গ: মহুয়া ···	***	• • •	•
উদ্ঘাত		•••	२४
উপহার	***	•••	55
উষদী	***	• • •	96
এই অজানা সাগরজলে	4 4 0		२०३
এই বিদেশের রাস্ডা দিয়ে	• • •	• • •	२०৫
একদা বিজ্ঞনে যুগল তরুর মূলে		• • •	49
একাকী ''		• • •	be
এখন আমার সময় হল	• • •	* • •	७७७
এনেছে কবে বিদেশী স্থা	* * *		280
এবার বিদায়বেলার স্থর ধরো ধরো	* * *	• • •	७७৮
এবেলা ডাক পড়েছে কোন্খানে	• • •	• • •	90€
এসেছি স্থদ্র কাল থেকে	* * *	• • •	२१७
ও আমার চাঁদের আলো	***	***	990
ওই নামে একদিন ধশা হল দেশেদেশান্তরে	• • •	• • •	२५७
ওগো বসন্ত, হে ভুবনজয়ী	•••	• • •	>•
ও চাঁদ, চোথের জলের লাগল জোয়ার	•••	* * •	७७१
ওরে পথিক, ওরে প্রেমিক	* * *	•••	·80-600
কটিকারি ·	• • •	• • •	२०७
কত ধৈৰ্য ধরি	•••	• • •	> <
कक् नी	• • •	• 4 4	96
কলছন্দে পূর্ণ তার প্রাণ	• • •	• • •	*9

ees.

রবীক্স-রচনাবলী

काकना		• • •	69
কাজনী	•••	•••	68
কামনায় কামনায় দেশে দেশে যুগে যুগান্তরে	•••	• • •	030
কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও	•••		22
কাহারে পরাব রাখী	***	• • •	69
কুটিরবাসী	•••	***	288
কুরচি	***	•••	529
কুরচি, তোমার লাগি পদ্মেরে ভূলেছে অক্তমনা		• • •	, > २ 9
কে দেবে চাঁদ, তোমায় দোলা	• • •	* + •	७७५
কোণা আছ ? ডাকি আমি	• • •	• • •	46
কোন্ সে স্থদ্র মৈত্রী	* * *	* * *	२५२
ক্ষিতি	• • •	***	>&8
থেয়ালি	• • •	• • •	৬৬
গানগুলি মোর শৈবালেরি দল		• • •	७७७
গিমি	• • •	• • •	839
গুপ্তধন	**	•••	७६
গুহাহিত	•••	• • •	842
शृश्वाची	•••	* • •	७०७
গোধূলি-অন্ধকারে পুরীর প্রান্তে	***	***	२२०
ह क्मी थन त्य		• • •	99
চন্দ্রমা আকাশতলে পরম একাকী	* * *	• • •	be
চলেছে উজান ঠেলি তরণী তোমার	7 · ·	***	6
চামেলি-বিভান		• • •	४७४
চাহনি তাহার, সব কোলাহল হ'লে সারা	•••	4 • •	৬৮
চিত্তকোণে ছন্দে তব		• • •	२०
চিরকাল রবে মোর প্রেমের কাঙাল	0 + 5 ,	• • •	8 •
চিরস্তন	• • •	• • •	₹ • €
চুরি করে নিয়ে গেলে মোর মন	•••	• • •	¢05
ছोग्ना	• • •	• • •	26
हांग्रांलाक	• • •		br e

ছিন্ত আমি বিষাদে মগনা ছিল চিত্রকল্পনায়, এতকাল ছিল গানে গানে ছিলাম নিদ্রাগত ছিলাম যবে মায়ের কোলে		6.6 2	\ m .A
ছিলাম নিদ্রাগত		* * *	99
			2 • 8
ভিল্পার মধ্য বাধ্যার কোলে		. • •	285
। १९ मा १८५ मा ८ सा ८	•••	• • •	200
ছিলে-যে পথের সাধী	• • •	• • •	२२७
ছোটো প্রাণ	₽, ♦ ♦	•••	286
जग नी गठन	• • •	• • •	775
জনতার মাঝে দেখিতে পাই নে তারে	•••	4 4 4.	46
<u>जन्म </u> िन	• • •	e/ # · #	300
ঞ্দ্মেশংস্ব	• • •	• • •	842
জয়তী	• • •		95
ব্দরতী	• • •	•••	200
জলপাত্র	•••	•••	२७8
জাগরণ	• • •	• • •	606
ৰাগে হে প্ৰাচীন প্ৰাচী		• • •	२५३
জীবনমরণ	• • •	• • •	७०२,৫७३
জীবনমরণের বাজায়ে খঞ্জনি	• • •	•••	७०२
জীবনের মরণের বাজায়ে মন্দিরা		• • •	603
জ্ঞালিল অরুণরশ্মি	* * *	* * *	50
ৰাৰ্না, তোমার ফটিকজলের	* * *		22
कांगजी		ø ø ø,	93
তথ্য বয়স সাত	•••	• • •	200
ত্ত্বন বর্ষণহীন অপরাহ্রমেঘে	* * *	• • •	৩৮
তপোমগ্ন হিমাজির ব্রহ্মরন্ত্র ভেদ করি চুপে	• • •		>>
তৰ অন্তধীনপটে হেরি তব রূপ চিরন্তন	•••	4 + 4	> 6
তৰ পথচ্ছায়া কাহি বাঁশরিতে যে বাজাল আজি	•••	* * *	>2
ভক্ষতা যে-ভাষায় কয় কথা	• • •	•••	91
তাকিয়ে দেখি পিছে	* * 5	***	२७
ভারাপ্রসন্নের কীতি	4 4 0	• • •	80
ভূমি	• • •		391

त्रवीख-त्रव्यावनी

তুমি বনের পুব পবনের সাথী		• • •	३२
তুমি যে তারে দেখনি চেমে	• • •	• • •	२२१
তেক	• • •	• • •	>60
তে হি নো দিবসাঃ		• • •	२०३
তোমায় আমায় মিল হয়েছে কোন্ যুগে এইখানে	• • •	• • •	298
তোমায় গান শোনাব তাই তো আমায়	* * *	* * *	৩৬৫
তোমার কুটিরের সম্থবাটে	• • •	• • •	28¢
তোমার প্রণাম এ যে তারি আভরণ	• • •		२५३
তোমার প্রত্যাশা লয়ে আছি প্রিয়তমে	* * *	• • •	80
তোমার বাস কোথা-যে পথিক গুগো		• • •	৩৩৩
তোমার মুখর দিন হে দিনেন্দ্র	4	• • •	৩০৯
তোমার স্বপ্নের দ্বারে আমি আছি বদে	•••	• • •	२ऽ७
তোমারে আপন কোণে	• • •		৫৩
তোমারে ছাড়িয়া যেতে হবে	* * *	• • •	नह
তোমারে জননী ধরা		* * *	222
তোমারে দিই নি স্থ		• • •	500
তোমারে দিব না দোষ	4 0 0	• • •	२৫२
তোমারে সম্পূর্ণ জানি	• • •	• • •	65
তোর প্রাণের রস তো শুকিয়ে গেল ওরে	•••	• • •	७६৮
তোরে আমি রচিয়াছি রেখায় রেখায়	• • •	* • •	२७४
ত্রিশরণ মহামন্ত্র যবে	* * 4	• • •	२ १ व
দ্থিনহাওয়া, জাগো জাগো	• • •	• • •	७२ १-७२৮
मर्श्व	• • •	• • •	68
দর্পণ লইয়া তারে কী প্রশ্ন শুধাও		• •	b 8
'দাও লেখা দাও' দেয় কতজন তাড়া	• • •	•••	(80
मात्रामा	•••	• • •	8 •
मिनोट्छ	**1	•••	> 9
मिनावमान		• • •	228
मिग्ना नी	• • •	•••	46
मीना	• • •	•••	65

বৰ্ণামুক্ৰমিক	সূচী		699
मीशिवा	•••	•••	522
দীপিকা	•••	***	366
ত্যার	• • •	•••	364
प्रिंग्टि	•••	•••	844
ছুৰ্বোগ আসি টানে যবে ফাঁসি	• • •	•••	8 < <
হুৰ্গভ	• • •	• • •	866
দূত	• • •	•••	७१
मृत यन्मिदत्र निक्क्किनोदत	• • •	•••	62
দুর হতে ভেবেছিম্ মনে	* * *	• • •	२8৮
দ্রে গিয়েছিলে চলি	* * *		86
দেনাপাওনা	• • •	•••	8 • 4
(मर्गाक	***	•••	>20
चिधा	***	•••	898
বৈত	•••	• • •	59
ধর্মমোহ	•••	•••	২৮৪
ধর্মের বেশে মোহ এসে যারে ধরে	•••	•••	২৮৪
ধাৰমান	•••	•••	२७६
धीदा धीदा वेख	•••	•••	७२१-७२৮
নন্দগোপাল বুক ফুলিয়ে এসে	•••		٥٠)
निमनी	•••	•••	96
নবজাগরণ-লগনে-গগনে	•••	•••	७०७
নববধৃ	•••		৮৮
নাগরী	***	•••	८७
নাট্যপরিচয়: রক্তকরবী	6 4 6	• • •	৩৪৩
নামী	•••	•••	<i>७</i> ७-৮०
না, যেয়ো না, যেয়ো নাকো	• • •	• • •	900
নারিকেল	•••	• • •	200
নারীকে আপন ভাগ্য জয় করিবার	•••	•••	8 \$
নিবেদন	•••	•••	৩১
নিমে সরোবর ন্তব্ধ হিমাজির উপত্যকাতলে	•••	•••	\$95

W60	ज्ञवीख-ज़रुवांयसी
860	न्नाच । स

নিরায়ত	• • •	•••	289
मिर्स ितिगी	•••	•••	22
নিৰ্বাক্	•••	•••	234
নি ৰ্ভ য়	•••	•••	100
निमी(थरत नष्का मिन जन्नकारत त्रवित वन्मन	♦ ♦ ₩ ₽	lata e	843
নী লমণিলতা	•••	•••	>28
নৃতন	•••	•••	2309
নৃতন কাল	• • •	e- e- e-	0.5
নৃত্য শ্ৰোতা	•••	- 19 '#	366
নৈবেগ্য		•••	360
পথবতী	• • •		·#2
পথ বেঁধে দিল বন্ধনহীন গ্ৰন্থি	•••	• • •	-05
পথসঙ্গী		•••	२२७
পথের বাঁধন	* * *	* * *	99
প্রন দিগন্তের ত্য়ার নাড়ে	• • •	•••	32
शन्तरम नी	***	' 	780
शब्दांभी हल असा घरत	•••	•••	२३७
পরিচয়	• • •	90%	'0 b
শ রিণয়	•••	e ^t ern	४२, २० 8
পরিণয়মঞ্জ	•••	•••	v •5
প াস্থ	***	• • •	366
পারত্যে জন্মদিনে	•••	•••	300
পিয়ালী		***	40
পুরাণে কাহিনী শুনিয়াছি	***	• * •	423
পুরাণে বলেছে	• • •	•••	(Q to
প্রাতন	•••	•••	340
পুরানো বই	•••	•••	280
अं ब	• • •	6 6 %	86.2
পোস্টমাস্টার	•••	•••	£ 6'8'
পৌষ তোদের ডাক দিয়েছে	• • ••	-640	10 to 2 - 10 to 3
	•		

বৰ্ণামুক্ৰমিক শ	् ष्ठी		662
প্রকাশ	•••	•••	২ 8
व्यष्ट्रम मोक्निन्मखादा	•••	•••	७8
প্রেচ্ছর	•••	• • •	४ २
প্রণতি	•••	• • •	>02
প্রণাম	***	•••	५७५, २५३
প্রতিমা	•••	•••	99
প্রতি সন্ধ্যায় নব অধ্যায়	***		36-6
প্রতীক্ষা	•••	•••	80, 236
প্রত্যাগত		• • •	≥8
প্রত্যাশা	• • •	•••	>8
প্রত্যাশী হয়ে ছিম্ব এতকাল ধরি	•••	•••	300
প্রথম পঞ্চাশ বর্ষ রচি দিক		•••	۵۰۵
প্রথম পাতায়	***	•••	२२७
প্রথম মিলনদিন, সে কি হবে নিবিড় আষাঢ়ে	•••	•••	8¢
প্রথম স্প্রীর ছন্দথানি	•••	•••	96
প্রবাসী	•••		२३७
প্রভূ, তুমি পুজনীয়। আমার কী জাত	•••	•••	२७8
প্র শ	•••	•••	७६८
প্রাঙ্গণে মোর শিরীষশাথায়	• • •	***	>8
প্রাচী	•••	•••	२४३
প্রাণ	•••	•••	269
প্রোণের পাথেয় তব পুর্ণ হ'ক	***	€ • •	>48
প্রার্থনা	•••		9 50
ফল ফলাবার আশা আমি	•••	•••	७२৫
কান্তনমাধুরী তার চরণের মঞ্জীরে মঞ্জীরে	•••	***	>>8
ফিরাবে তুমি মুখ	•••	•••	99
वस्कत धन ए धत्री, धत्रा	•••	•••	>42
বক্সাত্বৰ্গন্থ বন্দীদের প্রতি	•••	•••	758
বন্দের দিগন্ত ছেয়ে বাণীর বাদল	•••	•••	>69
রটের জটায় বাঁধা ছায়াতলে	* * *	* * *	२५५
क			

वर्ष्	• •	•••	२७५
र रुमिनी	* 6 *	•••	24
বন্ধু, তুমি বন্ধুতার অজ্ঞ অমৃতে	• • •	***	950
रहा दूर रहा पर प्राचन कर	• • •	• • •	40, 425
বরণডালা	• • •	•••	२७, १२०
বর্ষাত্রা	• • •	•••	52
বৰ্ষশেষ	• • •	• • •	26.0
বস্ স্ত	• • •		> •
বসন্ত-উৎসব ·			৩০৬
বসন্তবায় সম্মাদী হায়	•••	•••	503
বসন্তের জয়রবে	***	• • •	১৩
বহুলক্ষ বর্ষ ধরে জ্বলে তারা	• • •	•••	249
বাকি আমি রাথব না কিছুই		•••	७२8
বাপী	•••	•••	49
বালক	• • •	•••	592
বালক বয়স ছিল যথন		•••	592
ধীশি যথন থামবে ঘরে	***	4 6 6	228
বাসরঘর	•••	***	76
বাহির পথে বিবাগী হিয়া	***	•••	> o b-
বাহিরে তুমি নিলে না মোরে		• • •	> 9
বাহিরে তোমার যা পেয়েছি দেবা	• • •	• • •	२२१
বাহিরে ধখন ক্ষুদ্ধ দক্ষিণের মদির পবন	•••	•••	200
বাহিরে দে ত্রস্ত আবেগে	• • •	•••	95
বিচার	* * •	• • •	२७৮
বিচার করিয়ো না	•••	•••	२७৮
বিচিত্রা	* * *	•••	500, e05
বিচ্ছেদ	•••	•••	46
বিশ্বয়ী	•••	•••	30
বিদায়	***	•••	44
বিদায় যথন চাইবে তুমি	***	• • •	404

বৰ্ণাত্মক্ৰমি	ক সূচী		৫৬৩
বিদায়সম্বল	•••	•••	500
विरमरण औ সৌধणिथत-'পরে	4 • •	• • •	৮২
বিদ্রপবাণ উত্তত করি	•••	•••	२७७
বিবশ দিন, বিরস কাজ	1 • •	•••	20
বিরক্ত আমার মন	• • •	***	43
বিরহ	•••	• • •	> e
বিরহ ও অন্তর্ধান	• • •	• • •	650
বিশ্বপানে বাহিন্ন হবে		* * •	रहर
বিশায়	•••	•••	282
ৰুদ্ধজন্মোৎসব	•••	***	250
ৰুদ্ধদেবের প্রতি	•••	•••	२४७
वृक्कवन्तन	***	•••	>>¢
ৰুক্ষরোপণ উৎসব	• • •		\$@\$-\$ @ 8
বৈশাৰী ঝড় যতই আঘাত হানে	• • •	•••	٠.٠
বৈশাখেতে তপ্ত বাতাস মাতে	• • •	• • •	399
বোধন	***	• • •	9
বোবার বাণী	• • •	• • •	२७•
বোরোব্ছর		•••	२१९
বোলো তারে, বোলো		4 * *	२ ३
ব্যক্ত্রনিপুণা, শ্লেষবাণসন্ধানদারুণা	•••	* * *	ゆる
बार्यान		***	8२७
ব্যোম	***	•••	260
ভগবান, তুমি যুগে যুগে দৃত পাঠায়েছ	• • •	•••	७ ६८
ভয় করব না বে বিদায়বেদনারে	• • •	•••	७७५
ভন্ম-অপমানশয্যা ছাড়ো, পুষ্পধন্ম	***	•••	e, esb
ভাঙল হাসির বাঁধ	••	•••	990
ভাবিছ যে-ভাবনা একা-একা	• • •	•••	b-8
ভাবিনী	• • •	• • •	b-8
'ভালোবাদি ভালোবাদি'	•••	•••	৩৭০-৩৭৪
ভিন্	, ,	•••	996

त्रवौद्ध-त्रहमांवशी

ভিড় করেছে রঙমশালীর দলে	• • •	•••	908
ভীক	• • •	•••	२७१
ভূমিকা: বনবাণী	•••	•••	330
ভোরের আগে যে-প্রহরে	•••	**4	96
ভোরের পাথি নবীন আঁথি হুটি	• • •	• • •	२ 9
মণিমালা হাতে নিয়ে	•••	. • •	55
मध्यश्र ती	•••	• • •	500
মধ্যকৈ বিজন বাতায়নে	• • •	•••	৬৬
মনে তো ছিল তোমারে বলি কিছু	***	•••	२১१
ময়্র, কর নি মোরে ভয়	•••	•••	८७८
মকৎ	•••		>40
মঙ্গবিজ্ঞয়ের কেতন উড়াও শৃত্যে	•••		>6>
मल्या	• • •	••• (a, e२७
মাঘের সূর্য উত্তরায়ণে পার হয়ে এল চলি	•••	•••	9
মাঙ্গ লিক		• • •	> @ 8
মাতৃশ্ৰাদ্ধ	***	•••	86-6
মাধবী	•••	•••	30
यांनी	* * *	***	577
মান্তবের ইতিহাসে ফেনোচ্ছল উদ্বেল উত্তম	• • •		२७১
মায়া	•••	•••	२०
मांनिनी	***	• • •	90
মিলন	4 + 4	20, 21	०२, २৫२
মুক্তরপ	* * *	• • •	હ
মৃক্তি	• • •	•••	29
मूकि>, २	* * *	•• >t	ro, 3 6 8
ম্রতি	•••	•••	90
मृ ञ्रू अग्र	* * *	***	284
মোর স্বপনতরীর কে তুই নেয়ে	• • •	•••	७१७
মোহানা	•••	•••	720
যদি তারে নাই চিনি গো	4 9 A	•••	७२७

বৰ্ণাসূক্ৰবিষক স্ফী			tot
ষবনিকা-অন্তরালে মর্ত্য পৃথিবীতে	****	ngha a	289
যাত্রা হয়ে আলে সারা	•••	•••	500
মাত্রী	•••	•••	£\$\$\$
খাবার দিকের পথিকের 'পরে	*• • •	g-g-s	7.00
যারে সে বেসেছে ভালো	•••	•••	***
ষুণে যুগে ৰুঝি আমায় চেয়েছিল দে	•••	•••	WAR
ষে-কাল হরিয়া লয় ধন	•••	• • •	203
যে-কুধা চকের মাঝে	•••	****	दस्र
ষে-গান গাহিয়াছিত্ব	•••	•••	छद
ষেপায় তুমি গুণী জ্ঞানী	•••	400	'bro
যেদিন ধরণী ছিল ব্যথাহীন মক	•••	•••	224
ক্ষেত্র তক্ষ্-মাঝে	•••	•••	45
ষে বোবা হৃঃথের ভার	•••	.444	₹88
'যেয়ো না, যেয়ো না' বলি কারে ডাকে	•••	• • •	२०४
যে-শক্তির নিত্যলীলা নানা বর্ণে আঁকা	****	•••	910
যে-সন্ধ্যায় প্রসন্ন লগনে	•••	e ^z g t e	73
ব ঙিন	•••	•••	10 a B
রথীরে কহিল গৃহী উৎকণ্ঠায়	•••	• • •	८ कर
রবিপ্রদক্ষিণপথে জন্মদিবসের আবর্তন	•••	•••	366
রদের ধর্ম	•••	***	8.80
রা,থিপুর্ণিমা	***	•••	.6.9.
রাজপুত্র	•••	400	2.20
রাত্রি যবে সাঙ্গ হল	•••	•••	'ম৮
রামকানাইয়ের নিব্জিতা	•••	•••	883
ৰূপকথা-স্বপ্নলোকবাসী	***	•••	250
রে অচেনা, মোর মৃষ্টি ছাড়াবি কী ক'রে	41.	•••	७ २
রে মহুয়া, নাম্থানি গ্রাম্য তোর	•••	•••	৫২ ৩
লক্ষ্য .	•••	700	२क्र
লশ্ম	•••	•••	84
বিশ্বতে যথন বল আমায়	•	49-0 0	474

666

রবীন্দ্র-রচনাবলী

'লিখন দেহো, লিখন দেহো' ডাকে	•••	•••	¢8 2
লেখা	•••	•••	>
শক্ত হল রোগ	•••	•••	২৩৩
শক্বিত আলোক নিয়ে দিগন্তে উদিল শীৰ্ণ শশী	•••	•••	५००, ०२७
শাস্ত	•••	···	<i>২৬৩</i>
শামनी .	•••	•••	৬৩
र्भाव	•••	•••	200
শিলত্তে এক গিরির খোপে	•••	•••	२०७
ভকতারা	•••	•••	২৩
শুকনো পাতা কে যে ছড়ায় ওই দূরে	•••	•••	৩৩২
শুক বলে, গিরিরাব্দের জগতে প্রাধান্ত	•••	•••	२२२
শুক্সারী	•••	•••	२३३
শুধায়ো না, কবে কোন্ গান	•••	•••	৩
শুধায়ো না মোর গান	•••		678
শুধায়ো না মোরে তুমি মৃক্তি কোথা	•••	•••	200
শুভখন আদে সহসা আলোক জেলে	***		६४
শুভযোগ	•••	•••	75
শৃভাঘর	***	•••	२२०
শেষ	•••	•••	१०२
শেষ ফলনের ফদল এবার	•••	•••	७५५
শেষ মধু	•••	•••	る。く
শেষ-লেখাটার খাতা	•••	•••	766
শ্ৰাবণসন্ধ্যা	•••	***	864
<u> এ</u> বিজয়লন্দ্রী	•••	•••	२ १ १
শ্লথপ্রাণ ত্র্বলের স্পর্ধা আমি	•••	•••	4 4
সকালের আলো এই বাদলবাতাসে	•••	• • •	२ 9 ०
সন্ধান	•••	•••	. 74
সব দিবি কে, সব দিবি পায়	•••	•••	৩২৪
স্বলা	•••	•••	8 2
দৰ লেখা লুগু হয়		•••	> ৮9

বৰ্ণামূক্ৰমিক শ	र्ही		৫৬৭
সমুদ্রের কুল হতে বছদ্রে শব্দহীন মাঠে	***	•••	\$00
সরে যা, ছেড়ে দে পথ	•••	•••	₹85
সহসা ডালপালা তোর উতলা-যে	•••	• • •	৩২৮
সাগরজ্ঞলে সিনান করি সজল এলোচুলে	•••	•••	8 9
<u> সাগরিকা</u>	•••	•••	8 9
<u>সাগরী</u>		•••	, 93
সাথী	***	•••	200
<u> শাস্ত্রনা</u>	***	٠٠٠ ۽	88, २१
সাম ঞ্জস্ম	***	•••	888
সিয়াম: প্রথম দর্শনে	•••	•••	297
मिय्राभ : विमायकाटन	•••	•••	২৮২
স্থলর, তুমি চক্ষ্ ভরিয়া	•••	•••	> 6
স্থন্য ভক্তির ফুল অলক্যো নিভৃত	•••	• • • •	२०३
স্পরী তুমি শুকতারা	•••	•••	20
স্পময়	•••	··· v	oo, (8
স্থ্ম্থীর বর্ণে বসন লই রাঙায়ে	•••	•••	50
স্ৰ্য যথন উড়াল কেতন	•••	•••	399
স্ষ্টির প্রথম বাণী তুমি হে আলোক	•••	•••	200
স্ষ্টির প্রাঙ্গণে দেখি বসস্তে অরণ্যে ফুলে ফুলে	•••	•••	ે લ
স্ষ্টির রহস্ত আমি তোমাতে করেছি অহুভব	•••	•••	৬২
স্ষ্টিরহস্য	•••	•••	৬২
দে কি ভাবে গোপন র'বে	•••	•••	७२३
দেদিন উষার নববীণাঝংকারে	•••	•••	२७२
দেদিন প্রভাতে স্থ্ এইমতো উঠেছে অম্বরে	•••	•••	२११
সে যেন খসিয়া-পড়া ভারা	•••	•••	92
সে যেন গ্রামের নদী	•••	•••	৬৩
সোঁদালের ভালের ভগায়	•••	•••	२७२
স্পর্যা	•••	•••	c c
স্পষ্ট মনে জাগে	•••	•••	२०৮
ম্পাই	•••	•••	২৩৩

क्रमेख क्रमानकी

হাটের ক্লিড়ের দিকে চেয়ে দেখি	• • •	** •.	₹8⁄8
হার বে ভিক্, হায় রে	•••	***	33.9
হাসিম্থ নিয়ে যায় ঘরে ঘরে	•••	***	7,0
হাসির পাথেয়	***	***	387
হিংসায় উন্মন্ত পৃথী	•••	•••	220
হিমালয়-গিরিপথে চলেছিত্ব কবে বাল্যকালে	•••	***	282
হে ব্রতী, অন্তরে আমার	•••	•••	200
হে হয়ার, তুমি আছ মৃক্ত অফুকণ	•••	•••	350
হে পথিক, তুমি একা	•••	•••	578
ছে প্রন, কর নাই গৌণ		6 · • • · · · ·	>60
হে মেঘ, ইন্দ্রের ভেরী বাজাও গম্ভীর	•••	•••	> ७२
হেঁয়ালী	• • •	•••	60
হে স্বা, হে শিখা মহতী	•••	•••	₹ \$\$